Kashikhandam
Sri Pyarimohan Goswami
1901

স্মরাঙ্গজরজঃপুঞ্জ পূজিতাবয়বোজ্জ্বলং।
বিচিত্রগাত্রবিধ্বতমহাব্যালবিভূষণং ॥ ৩৪।
মহোক্ষস্যন্দনগমং বিধ্বতাজগবায়ুধং।
গজাজিনোত্তরাসঙ্গং দশার্দ্ধবদনং শুভং ॥ ৩৫।
উত্ত্রাসিতমহামৃত্যুং মহাবলগণাবৃতং।
শরণার্থিকৃতত্রাণং নতনির্ব্বাণকারণং ॥ ৩৬।
মনোরথপথাতীতং বরদানপরায়ণং।
তস্য তত্তৎস্বরূপস্য রূপাতীতস্য ভো দ্বিজ।
পরাবরে রুদ্ররূপে* সর্ব্বং ব্যাপ্যাবতিষ্ঠতঃ ॥ ৩৭।
নিরাকারোপি সাকারঃ শিব এব হি কারণং।
ভুক্তয়ে মুক্তয়ে বাপি ন শিবান্মোক্ষদোঽপরঃ ॥ ৩৮

ঙ্গের সংসর্গে সদাবিধৌত ॥ ৩৩ ॥ অত্যুজ্জ্বল সর্ব্বাবয়ব ভস্মীভূত কন্দর্পের দেহরজঃপুঞ্জে সুশোভিত, সর্ব্বগাত্র মহাসর্পসমূহের অলঙ্কারে অলঙ্কৃত ॥ ৩৪ ॥ সেই পঞ্চাননের মহাবৃষই রথ, অজগবই ধনুঃ, গজাসুরের চর্ম্মই উত্তরীয় ॥ ৩৫ ॥ মহাবল-পরাক্রান্ত গণসমূহে আবৃত তাঁহাকে দেখিয়া ভয়ানক যমও অতিমাত্র ভীত হয়। তিনি শরণাগতের পরিত্রাতা, প্রণত ভক্তগণের নির্ব্বাণ ও আশাতীত বরদাতা ॥ ৩৬ ॥ হে দ্বিজোত্তম! তিনি রূপাতীত হইলেও পূর্ব্বোক্ত সমস্তই তাঁহার রূপ। সগুণ ও নির্গুণ রুদ্ররূপে সমস্তই অবস্থিতি করিতেছে, সুতরাং তিনি নিরাকার হইয়াও সাকার। মহাদেব ব্যতীত কেহই মোক্ষ দান করিতে পারেন না। যেহেতু ভোগ ও মোক্ষ দানে মহাদেবই পরম কারণ

*সর্ব্বং ব্যাপ্যাবতিষ্টতেইতি ক্বচিৎ।

যথা তেনাখিলং হ্যেতৎ পার্ব্বতীপতিসাৎকৃতং ।
ইদং চরাচরং সর্ব্বং দৃশ্যাদৃশ্যমরূপিণা ॥ ৩৯ ।
তথা মৃড়ানীকান্তেন বিষ্ণুসাদখিলং জগৎ ।
বিধায় ক্রীড়্যতে বিপ্র নিত্যং স্বচ্ছন্দলীলয়া ॥ ৪০ ।
যথা শিব স্তথাবিষ্ণু র্যথা বিষ্ণুস্তথা শিবঃ ।
অন্তরং শিববিষ্ণ্বোশ্চ মনাগপি ন বিদ্যতে ॥ ৪১ ।
আহূয় পূর্ব্বং ব্রহ্মাদীন্ সমস্তান্ দেবতাগণান্ ।
বিদ্যাধরোরগাদীংশ্চ সিদ্ধগন্ধর্ব্বচারণান্ ॥ ৪২ ।
নিজসিংহাসনসমং কৃত্বা সিংহাসনং শুভং ।
উপবেশ্য হরিং তত্র ছত্রং কৃত্বা মনোহরং ॥ ৪৩ ।
শ্লক্ষ্ণং কোটিশলাকঞ্চ বিশ্বকর্ম্মবিনির্ম্মিতং ।
পাণ্ডুরং রত্নদণ্ডঞ্চ স্থূলমুক্তাবলম্বিতং ॥ ৪৪ ।
কলশেন বিচিত্রেণ হ্যুপরিষ্টাদ্বিরাজিতং ।
সহস্রযোজনায়ামং সর্ব্বরত্নময়ং শুভং ॥ ৪৫ ।

॥ ৩৭ ॥ ৩৮ ॥ ভগবান বিষ্ণু এই দৃশ্যাদৃশ্য চরাচর বিশ্ব যেমন পার্ব্বতী-পতি মহাদেবকে সমর্পণ করিয়াছিলেন তেমনি মৃড়ানীপতি মহাদেবও এই অখিল জগৎ বিষ্ণুকে সমর্পণ পূর্ব্বক সচ্ছন্দলীলাপরতন্ত্র হইয়া নিয়ত ক্রীড়া করিতেছেন ॥ ৩৯ ॥ ৪০ । যিনি শিব, তিনিই বিষ্ণু, এবং যিনি বিষ্ণু, তিনিই শিব। শিব ও বিষ্ণুতে কিছুমাত্র ভেদ নাই ৪১

পুরাকালে একদা ভগবান্ মহেশ্বর ব্রহ্মাদি সমস্ত দেবতাগণ, বিদ্যাধর উরগাদি এবং সিদ্ধ গন্ধর্ব্ব ও চারণদিগকে আহ্বান করিয়া নিজ সিংহাসন সদৃশ শুভ সিংহাসন নির্ম্মাণ করত তাহাতে হরিকে উপবেশন করাইলেন। তদুপরি বিশ্বকর্ম্ম-বিনির্ম্মিত, কোটিশলাকাবিশিষ্ট, রত্ন-দণ্ডময়, স্থূলমুক্তাবলম্বিত, পাণ্ডুবর্ণ, মনোহর ছত্র বিধৃত হইল ॥ ৪২ ॥ ৪৩ । ৪৪ ॥ ঐ ছত্র সহস্রযোজন-বিস্তারশালী সর্ব্বরত্নময় এবং উপরি-

পট্টসূত্রময়ৈ রম্যৈ শ্চামরৈশ্চ পরিষ্কৃতং।
রাজাভিষেকযোগ্যৈশ্চ দ্রব্যৈঃ সর্ব্বৌষধ্যাদিভিঃ॥ ৪৬।
প্রক্ষাল্য তীর্থপাথোভিঃ পঞ্চকুম্ভৈর্মনোহরৈঃ।
সিদ্ধার্থাক্ষতদূর্বাভির্মন্ত্রৈঃ স্বয়মুপস্থিতৈঃ॥ ৪৭।
দেবানাঞ্চ তথর্ষীণাং সিদ্ধানাং ফণিনামপি।
আনীয় মঙ্গলকরাঃ কন্যাঃ ষোড়শ ষোড়শ॥ ৪৮।
বীণামৃদঙ্গাব্জভেরী-মরুডিণ্ডিমঝর্ঝরৈঃ।
আনকৈঃ কাংস্যতালাদ্যৈ র্বাদ্যৈর্ললিতগায়নৈঃ॥ ৪৯।
ব্রহ্মঘোষমহারাবৈ-রাপূরিতনভোঽঙ্গণে।
শুভে তিথৌ শুভে লগ্নে তারাচন্দ্রবলান্বিতে॥ ৫০।
আবদ্ধমুকুটং রম্যং কৃতকৌতুকমঙ্গলং।
মৃড়ানীকৃতশৃঙ্গারং সুশ্রিয়া স্বশ্রিয়া যুতং॥ ৫১।
অভিষিচ্য মহেশেন স্বয়ং ব্রহ্মাণ্ডমণ্ডপে।
দত্তং সমস্তমৈশ্বর্য্যং যন্নিজং নান্যগামি চ॥ ৫২।

ভাগে বিচিত্র কলসে সুশোভিত॥ ৪৫॥ উহার পার্শ্বে পট্টসূত্রময় রমণীয় চামর সকল শোভা পাইতে লাগিল। অনন্তর সর্ব্বৌষধাদি রাজাভিষেকযোগ্য দ্রব্য, প্রত্যক্ষতীর্থজলে পূর্ণ মনোহর পঞ্চ কলস, শ্বেতসর্ষপ, অক্ষত ও দূর্ব্বা আয়োজিত হইল, মন্ত্র সকল স্বয়ংই উপস্থিত হইলেন॥ ৪৬। ৪৭॥ দেবতা ঋষি তথা সিদ্ধ ও নাগগণের মঙ্গলকারিণী ষোড়শটী ষোড়শটী কন্যা আনীত হইল॥ ৪৮॥ বীণা, মৃদঙ্গ, শঙ্খ, ভেরী, ডমরু, ডিণ্ডিম, ঝর্ঝর, পটহ ও কাংস্যতালাদি বাদ্যে, গায়কের ললিত স্বরে ও মহান্ বেদধ্বনিতে গগনাঙ্গণ আপূরিত হইল। চন্দ্রতারাবলান্বিত শুভলগ্ন ও শুভ তিথিতে আবদ্ধমুকুট, কৃত-কৌতুকমঙ্গল, ভবানীরচিত বেশ-ভূষিত, লক্ষ্মীসহিত ভগবান্ বিষ্ণুকে ব্রহ্মাণ্ডমণ্ডপমধ্যে স্বয়ং অভি-

ততস্তুষ্টাব দেবেশঃ প্রমথৈঃ সহ শার্ঙ্গিণং।
ব্রহ্মাণং লোককর্ত্তার-মুবাচ চ বচস্ত্বিদং॥ ৫৩।
মম বন্দ্যস্ত্বয়ং বিষ্ণুঃ প্রণম ত্বমমুং হরিং।
ইত্যুক্ত্বাথ স্বয়ং রুদ্রো ননাম গরুড়ধ্বজং॥ ৫৪।
ততো গণেশ্বরৈঃ সর্ব্বৈর্ব্রহ্মণা চ মরুদ্গণৈঃ।
যোগিভিঃ সনকাদ্যৈশ্চ সিদ্ধৈর্দেবর্ষিভিস্তথা॥ ৫৫।
বিদ্যাধরৈঃ সগন্ধর্ব্বৈ র্যক্ষরক্ষোপ্সরোগণৈঃ।
গুহ্যকৈ শ্চারণৈ র্ভূতৈঃ শেষবাসুকিতক্ষকৈঃ॥ ৫৬
পতত্রিভিঃ কিন্নরৈশ্চ সর্ব্বৈঃ স্থাবরজঙ্গমৈঃ।
ততোজয়জয়েত্যুক্ত্বা নমোঽস্ত্বিতি নমোঽস্ত্বিতি ৫৭।
ততোহরির্মহেশেন সংসদি হ্যসদাং তদা।
এভৈর্মহারবৈ রম্যৈশ্চানর্চ্চি পরমার্চ্চিষা॥ ৫৮।
ত্বং কর্ত্তা সর্ব্বভূতানাং পাতা হর্ত্তা ত্বমেব চ।
ত্বমেব জগতাং পূজ্যস্ত্বমেব জগদীশ্বরঃ॥ ৫৯।

ষিক্ত করিয়া দেবদেব মহেশ্বর অনন্যগামী স্বকীয় সমস্ত ঐশ্বর্য্য তাঁহাকে সমর্পণ করিলেন॥ ৪৯। ৫০। ৫১। ৫২॥ অনন্তর দেবদেব প্রমথগণের সহ মিলিত হইয়া শার্ঙ্গধারী বিষ্ণুকে স্তব করিলেন এবং লোককর্ত্তা ব্রহ্মাকে এই কথা বলিলেন॥ ৫৩॥ এই বিষ্ণু আমার বন্দনীয়, অতএব তুমি ইহাঁকে প্রণাম কর, এই বলিয়া স্বয়ং রুদ্র সেই গরুড়ধ্বজকে প্রণাম করিলেন॥ ৫৪॥ অনন্তর সকল গণেশ্বর, ব্রহ্মা, দেবগণ, সনকাদি যোগিগণ সিদ্ধ ও দেবর্ষিগণ, বিদ্যাধর ও গন্ধর্ব্ব; যক্ষ, রক্ষঃ ও অপ্সরোগণ, গুহ্যক, চারণ, ভুত, শেষ, বাসুকি, তক্ষক, বিহঙ্গ, কিন্নর এবং সকল স্থাবর ও জঙ্গম জয় জয় শব্দোচ্চারণ পূর্ব্বক পুনঃ পুনঃ নমস্কার করিতে লাগিল॥ ৫৫। ৫৬। ৫৭॥ তখন মহেশ্বরও দেবসভায় সেই পরম জ্যোতির্ম্ময় হরিকে মহারবে এই প্রকারে অর্চ্চনা করিতে লাগিলেন॥ ৫৮॥ তুমি

দাতা ধর্ম্মার্থকামানাং শাস্তা দুর্ণয়কারিণাং।
অজেয়স্ত্বঞ্চ সংগ্রামে মমাপি হি ভবিষ্যসি ॥ ৬০।
ইচ্ছাশক্তিঃ ক্রিয়াশক্তি র্জ্ঞানশক্তিস্তথোত্তমা।
শক্তিত্রয়মিদং বিষ্ণো গৃহাণ প্রাপিতং ময়া ॥ ৬১।
ত্বদ্দ্বেষ্টারো হরে নূনংময়া শাস্যাঃ প্রযত্নতঃ।
ত্বদ্ভক্তানাং ময়া বিষ্ণো দেয়ং নির্ব্বাণমুত্তমং ॥ ৬২।
মায়াঞ্চাপি গৃহাণেমাং দুষ্প্রণোদ্যাং সুরাসুরৈঃ।
যয়া সম্মোহিতং বিশ্বমকিঞ্চিজ্জ্ঞং ভবিষ্যতি ॥ ৬৩।
বামবাহুর্ম্মদীয়স্ত্বং দক্ষিণোঽসৌ পিতামহঃ।
অস্যাপি হি বিধেঃ পাতা জনিতাপি ভবিষ্যসি ॥ ৬৪।
বৈকুণ্ঠৈশ্বর্য্যমাসাদ্য হরেরিত্থং হরঃ স্বয়ং।
কৈলাসে প্রমথৈঃ সার্দ্ধং স্বৈরং ক্রীড়ত্যুমাপতিঃ ॥ ৬৫।

সর্ব্বভূতের সৃষ্টি, পালন ও সংহার কর্ত্তা, তুমি এই জগতের ঈশ্বর এবং তুমিই এই জগৎ সমূহের একমাত্র পূজ্য ॥ ৫৯ ॥ তুমি ধর্ম্ম, অর্থ, কামের দাতা, দুর্নয়কারীদিগের শাসনকর্ত্তা এবং তুমিই সংগ্রামক্ষেত্রে আমার অপরাজেয় ॥ ৬০ ॥ হে বিষ্ণো ইচ্ছাশক্তি, ক্রিয়াশক্তি এবং সর্ব্বোত্তম জ্ঞানশক্তি, এই শক্তিত্রয়ই আমি তোমাকে অর্পণ করিতেছি, তুমি গ্রহণ কর ॥ ৬১ ॥ হে হরে! যাহারা তোমাকে দ্বেষ করে আমি নিশ্চয়ই যত্নপূর্ব্বক তাহাদিগকে শাসন করিব এবং যাহারা তোমাতে ভক্তিমান্, তাহাদিগকে নির্ব্বাণপদ প্রদান করিব ॥ ৬২ ॥ আর এই মায়া, যাহা সুরাসুরগণেরও দুরপনেয় এবং এই বিশ্বমণ্ডল যৎকর্ত্তৃক সংমোহিত হইয়া কোন তত্ত্বই জানিতে সমর্থ হইবে না, তাহা তুমি গ্রহণ কর ॥ ৬৩ ॥ তুমি আমার বাম বাহু এবং এই পিতামহ আমার দক্ষিণ বাহু, কিন্তু তুমি এই পিতামহেরও পাতা ও জনয়িতা হইবে ॥ ৬৪ ॥ এইরূপে উমাপতি

তদাপ্রভৃতি দেবোসৌ শাঙ্গ´-ধন্বা গদাধরঃ।
ত্রৈলোক্যমখিলং শাস্তি দানবান্তকরো হরিঃ ॥ ৬৬ ।
ইতি তে কথিতা বিপ্র লোকানাঞ্চ পরিস্থিতিঃ।
ইদানীং কথয়িষ্যাবস্তব নির্ব্বাণকারণং ॥ ৬৭ ।
ইদন্তু পরমাখ্যানং শৃণুয়াদ্যঃ সমাহিতঃ।
স্বর্লোকমভিগম্যাথ কাশ্যাং নির্ব্বাণমাপ্নুয়াৎ ॥ ৬৮ ।
যজ্ঞোৎসববিবাহে চ মঙ্গলেষখিলেষপি ।
রাজ্যাভিষেকসময়ে দেবস্থাপনকর্ম্মণি ॥ ৬৯ ।
সর্ব্বাধিকারদানেষু নববেশ্মপ্রবেশনে।
পঠিতব্যং প্রযত্নেন তৎকার্য্যপরিসিদ্ধয়ে ॥ ৭০ ।
অপুত্রো লভতে পুত্রমধনো ধনবান্ ভবেৎ।
ব্যাধিতো মুচ্যতে রোগী বদ্ধো মুচ্যেত বন্ধনাৎ ॥ ৭১

বিষ্ণুর বৈকুণ্ঠৈশ্বর্য্য প্রাপ্ত হইয়া কৈলাসে প্রমথগণের সহিত সচ্ছন্দে ক্রীড়া করিতেছেন ॥ ৬৫ ॥ এবং দানবান্তকারী শাঙ্গ´পাণি ভগবান্ গদাধরও তদবধি এই অখিল ত্রৈলোক্য শাসন করিতেছেন ॥ ৬৬ ॥ হে বিপ্র! এই তোমাকে লোকসমূহের পরিস্থিতি সবিশেষ বলিলাম, এক্ষণে তোমার নির্ব্বাণকারণ ব্যক্ত করিব ॥ ৬৭ ॥ যে ব্যক্তি সমাহিত হইয়া এই পরমাখ্যান শ্রবণ করে, সে স্বর্গলোক প্রাপ্ত ও তদনন্তর কাশীক্ষেত্রে নির্ব্বাণপদ প্রাপ্ত হয় ॥ ৬৮ ॥ যজ্ঞ, উৎসব, বিবাহে, অখিল মঙ্গলকর্ম্মে, রাজ্যাভিষেক সময়ে ও দেবতা-স্থাপন-কর্ম্মে এবং সর্ব্বাধিকার দান ও নবগৃহপ্রবেশে তত্তৎকার্য্যের পরিসিদ্ধির নিমিত্ত ইহা যত্নপূর্ব্বক পাঠ করিবে ॥ ৬৯। ৭০ ॥ ইহাতে অপুত্র ব্যক্তি পুত্রলাভ করে, নির্দ্ধন ধন প্রাপ্ত হয়, এবং পীড়িত ব্যক্তি পীড়া হইতে ও বদ্ধ বন্ধন হইতে মুক্তি লাভ করে ॥ ৭১ ॥

জপ্যমেতৎ প্রযত্নেন সততং মঙ্গলার্থিনা।
অমঙ্গলানাং শমনং হরনারায়ণপ্রিয়ং॥ ৭২।

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে চতুর্ভুজাভিষেকো
নাম ত্রয়োবিংশতিতমোঽধ্যায়ঃ।

ইহা অমঙ্গলের নিবারক ও নারায়ণের প্রিয়, অতএব যিনি মঙ্গলার্থী তিনি যত্নসহকারে সতত ইহা জপ করিবেন॥ ৭২॥

ইতি শ্রীস্কন্দপুরাণান্তর্গত কাশীখণ্ডে চতুর্ভুজাভিষেক নামক
ত্রয়োবিংশতিতম অধ্যায়।

চতুর্বিংশতিতমোঽধ্যায়ঃ।

গণাবূচতুঃ—

শিবশর্ম্মন্নুদর্কং তে কথয়াবো নিশাময়।
ত্বমত্র বৈষ্ণবে লোকে ভুক্ত্বা ভোগান্ সুপুষ্কলান্ ॥ ১।
ব্রহ্মণোবৎসরং পূর্ণং রমমাণোঽপ্সরোগণৈঃ।
সুতীর্থমরণোপাত্ত-পুণ্যশেষেণ বৈ পুনঃ ॥ ২।
ভবিষ্যসি মহীপালো নগরে নন্দিবর্দ্ধনে।
রাজ্যং প্রাপ্যাসপত্নঞ্চ সমৃদ্ধবলবাহনং ॥ ৩।
কৃষ্টিভি * হৃষ্টপুষ্টৈশ্চ রম্যহাটকভূষণৈঃ।
সংজুষ্টমিষ্টাপূর্ত্তানাং ধর্ম্মাণাং নিত্যকর্ত্তৃভিঃ ॥ ৪।
সদাসম্পন্নশস্যঞ্চ সুর্ব্বরক্ষেত্রসঙ্কুলং।
সুদেশং সুপ্রজং সুস্থং সুতৃণং বহুগোধনং ॥ ৫।

চতুর্বিংশতিতম অধ্যায়।

গণদ্বয় কহিলেন, শিবশর্ম্মন্! আমরা তোমার উত্তরকালভাবী পুণ্যফল কীর্ত্তন করিতেছি শ্রবণ কর। তুমি এই বিষ্ণুলোকে ব্রহ্মার পূর্ণ একবৎসর কাল ব্যাপিয়া প্রচুর ভোগ্য পদার্থ উপভোগ পূর্ব্বক অপ্সরোগণের সহিত বিহার করত সুতীর্থমরণজন্য পুণ্যরাশির শেষ হইলে পুনর্ব্বার নন্দিবর্দ্ধন নগরে মহীপতি হইবে। তোমার রাজ্য নিষ্কণ্টক সমৃদ্ধ-সৈন্যবাহনান্বিত ও সদাসন্তোষশীল, স্বর্ণালঙ্কার-ভুষিত, ইষ্টাপূর্ত্তাদি ধর্ম্মকর্ম্মপরায়ণ পণ্ডিত সমূহের আশ্রয় স্থান হইবে॥ ১।২।৩।৪॥ সেই রাজ্যে ভূমি সকল উর্ব্বরা, সতত শস্যসম্পন্ন ও তৃণ-বহুল এবং প্রজাগণ সুস্থ ও বহু-

*কৃষি ভিরিতি বা।

দেবতায়তনানাঞ্চ রাজিভিঃ পরিরাজিতং।
সুযূপা যত্র বৈ গ্রামাঃ সুবিত্তর্দ্ধিবিরাজিতাঃ॥ ৬।
সুপুষ্পকৃত্রিমোদ্যানাঃ সদাসফলপাদপাঃ।
সপদ্মিনীককাসারা যত্র রাজন্তি ভূময়ঃ॥ ৭।
সদন্তা নিম্নগারাজি-র্ন যত্র জনতা ক্বচিৎ।
কুলান্যেব কুলীনানি নচান্যায়ধনানি চ॥ ৮।
বিভ্রমো যত্র নারীষু ন বিদ্বৎসু চ কর্হিচিৎ।
নদ্যঃ কুটিলগামিন্যো ন যত্র বিষয়ে প্রজাঃ॥ ৯।
তমোযুক্তাঃ ক্ষপা যত্র বহুলেষু ন মানবাঃ।
রজোযুজঃ স্ত্রিয়ো যত্র ন ধর্ম্মবহুলা নরাঃ॥ ১০।
ধনৈরনন্ধো যত্রাস্তি জনো নৈব চ ভোজনং।
অনয়ঃ স্যন্দনং যত্র ন চ বৈ রাজপূরুষঃ॥ ১১।

গোধনান্বিত হইবে।॥ ৫॥ গ্রাম-সমূহ শ্রেণীভূত দেবগৃহে শোভিত, যূপদণ্ডে অলঙ্কৃত ও সুসমৃদ্ধ হইবে।॥ ৬॥

ভূমিতল পুষ্পময় উদ্যান-সমূহে, নিত্য ফলশালী পাদপসমূহে ও পদ্মিনীপূর্ণ সরোবর-সমূহে সজ্জিত হইয়া অপূর্ব্ব শোভা প্রাপ্ত হইবে॥ ৭॥ যথায় নদী সকল সদন্ত (সুন্দর অন্তঃ অর্থাৎ জল আছে যাতে) কিন্তু জনসমূহ সদন্ত নহে, এবং বংশ সকলই কুলীন কিন্তু অন্যায়ার্জ্জিত ধনরাশি কুলীন (কু অর্থাৎ পৃথিবীতে লীন) নহে॥ ৮॥ যথায় নারীকুলেই বিভ্রম (শৃঙ্গারভাব-বিশেষ) আছে, পণ্ডিতগণে বিভ্রম (বিশিষ্ট ভ্রম) নাই এবং কুটিল-গামিতা নদী-সমূহেই বর্ত্তমান, প্রজা-সমূহে নহে॥ ৯॥ যথায় রাত্রিসকলই কৃষ্ণপক্ষে তমোযুক্ত (অন্ধকার ময়), মনুষ্যগণ তমোযুক্ত (তমোগুণ-বিশিষ্ট) নহে এবং স্ত্রীগণই রজোযুক্ত (ঋতুমতী), ধার্ম্মিকেরা রজোযুক্ত (রজোগুণ-শালী) নহে॥ ১০॥ লোকগণ যথায় ধনরাশিতে অনন্ধ (ধন মদে অন্ধ

দণ্ডঃ পরশুকুদ্দাল-বালব্যজনরাজিষু ।
আতপত্রেষু নান্যত্র ক্বচিৎ ক্রোধাপরাধজঃ ॥ ১২ ।
অন্যত্রাক্ষিকবৃন্দেভ্যঃ ক্বচিন্ন পরিদেবনং ।
আক্ষিকা এব দৃশ্যন্তে যত্র পাশকপাণয়ঃ ॥ ১৩ ।
জাড্যবার্ত্তা জলেষ্বেব স্ত্রীমধ্যা এব দুর্বলাঃ ।
কঠোরহৃদয়া যত্র সীমন্তিন্যো ন মানবাঃ ॥ ১৪ ।
ঔষধেষ্বেব যত্রাস্তি কুষ্ঠযোগো ন মানবে ।
বেধোঽপ্যস্তঃ * সুরত্নেষু শূলং মূর্ত্তিকরেষু বৈ ॥ ১৫ ।
কম্পঃ সাত্ত্বিকভাবোত্থো ন ভয়াৎ ক্বাপি কস্যচিৎ ।
সংজ্বরঃ কামজো যত্র দারিদ্র্যং কলুষস্য চ ॥ ১৬ ।

নহে) কিন্তু ভোজন ক্রিয়ায় অনন্ধ (অন্ধ অর্থাৎ অন্ন, তৎরহিত) নহে এবং রথ সকলই অনয় (অয় লৌহ, তৎশূন্য অর্থাৎ স্বর্ণাদিময়) কিন্তু রাজপুরুষেরা অনয় (নীতিশূন্য) নহে ॥ ১১ ॥ পরশু, কুদ্দাল, চামর ছত্র প্রভৃতিতেই দণ্ড আছে, নতুবা কোপ ও অপরাধাদি জন্য দণ্ড অন্যত্র কোথাও নাই এবং পরিদেবন (দ্যূতক্রীড়া) আক্ষিক-সমূহেই আছে, অন্যত্র পরিদেবন (বিলাপ) নাই, আর ঐ আক্ষিক-সমূহই (যাহারা অক্ষক্রীড়া করে) পাশহস্ত (পাশা হস্তে আছে যাহাদের), অন্যেরা পাশহস্ত (রজ্জু বদ্ধহস্ত) নহে ॥ ১২ ॥ ১৩ ॥ যথায় জল রাশিতেই জাড্য (শৈত্য), অন্যত্র জাড্য (জড়তা, মূর্খতা) নাই, স্ত্রীর মধ্যদেশই দুর্ব্বল, অন্যত্র দুর্ব্বলতা নাই, নারী জাতিই কঠোর-হৃদয়, অন্য কেহ কঠোরহৃদয় নহে ॥ ১৪ ॥ ঔষধেই যথায় কুষ্ঠের (কুড়্‌-কাষ্ঠের) সংযোগ আছে, মানবে কুষ্ঠের (কুষ্ঠ রোগের সংযোগ নাই, শ্রেষ্ঠরত্নসমূহের মধ্যেই বেধ (ছিদ্র) আছে, অন্যত্র বেধ (তাড়ন) নাই এবং বিশ্বেশ্বরাদি প্রতিমূর্ত্তির হস্তেই শূল আছে, অন্যত্র কুত্রাপি শূল (রোগবিশেষ) নাই ॥ ১৫ ॥ যথায় কম্প

* বেধোঽপ্যস্তঃ সুরত্নেষ্বিত্যত্র বেধোপ্যনঃসু । বেধস্তিথিষু নক্ষত্রে শূলং রোগেষু তেষু বৈ ইতি চ পাঠান্তরং ।

দুর্লভত্বং * সদাকস্য সুকৃতের্ন চ বস্তুতঃ।
ইভা এব প্রমত্তা বৈ যুদ্ধং বীচ্যোর্জলাশয়ে॥ ১৭।
দানহানির্গজেষ্বেব দ্রুমেষ্বেব হি কণ্টকঃ।
জনেষ্বেব বিহারা হি ন কস্যচিদুরঃস্থলী॥ ১৮।
বাণেষু গুণবিশ্লেষো বন্ধোক্তিঃ পুস্তকে দৃঢ়া।
স্নেহত্যাগঃ সদৈবাস্তি যত্র পাশুপতে জনে॥ ১৯।
দণ্ডবার্ত্তা সদা যত্র কৃতসন্ন্যাসকর্ম্মণাং।
মার্গণাশ্চাপকেষ্বেব ভিক্ষুকা ব্রহ্মচারিণঃ॥ ২০।

সাত্ত্বিকভাব হইতেই জন্মে, ভয়াদি হইতে কখনও জন্মে না, কামজন্যই সংজ্বর (কামজনিত প্রক্ষোভ) উৎপন্ন হয়, ধনাদি জন্য সংজ্বর (সন্তাপ) উদ্ভূত হয় না এবং পাপেরই দরিদ্রতা (অভাব) আছে, অন্য প্রকার দরিদ্রতা নাই॥ ১৬॥ যথায় দুষ্কৃতই দুর্লভ, সুকৃতির দুর্লভতা নাই, প্রমত্ততা হস্তীতে এবং যুদ্ধ সরোবরের তরঙ্গ-সমূহেই দৃষ্ট হয় অন্যত্র নহে॥ ১৭॥ দানহানি (মদজলত্যাগ) কেবল কুঞ্জর সমূহে, মনুষ্যে দানহানি (দানের অভাব) নাই, কন্টক কেবল বৃক্ষসমূহে, অন্যত্র কন্টক (শত্রু) নাই, মানবে বিহার (ক্রীড়া) আছে, কিন্তু তাহাদের বক্ষঃস্থল বিহার (হারশূন্য) নহে॥ ১৮॥ গুণের সংযোগ-পরিত্যাগ বাণ সমূহে আছে, মনুষ্যে নাই, দৃঢ়বন্ধোক্তি (দৃঢ় করিয়া বাঁধ এই উক্তি) পুস্তকেই আছে, অন্যত্র বন্ধোক্তি (এই ব্যক্তিকে দৃঢ় করিয়া বাঁধহ এই প্রকার উক্তি) নাই এবং স্নেহত্যাগ (তৈলাভ্যঙ্গাদিত্যাগ) শিবভক্ত সন্ন্যাসি জনেই আছে, অন্য জনে স্নেহত্যাগ নাই॥ ১৯॥ যে স্থানে সংন্যাসাশ্রমীদিগের মধ্যেই দণ্ডবার্ত্তা (দণ্ডধারণের কথা) শ্রুত হয়, অন্যত্র দণ্ডবার্ত্তা (রাজদণ্ড কথা) শ্রুত হয় না, ধনুতেই মার্গণ (বাণ) দৃষ্ট হয়, অন্যত্র মার্গণ (যাচক) দৃষ্ট হয় না এবং ভিক্ষুক বলিলে সন্ন্যাসী

* সদৈকস্যেতি বা।

যত্র ক্ষপণকা এব দৃশ্যন্তে মলধারিণঃ
প্রায়ো মধুব্রতা এব যত্র চঞ্চলবৃত্তয়ঃ ॥ ২১ ।
ইত্যাদিগুণবদ্দেশে ত্বয়ি রাজ্যং প্রশাসতি ।
ধর্ম্মেণ রাজধর্ম্মজ্ঞ শৌণ্ডীর্য্যগুণশালিনি ॥ ২২ ।
সৌভাগ্যভাজি রূপাঢ্যে শৌর্য্যৌদার্য্যগুণান্বিতে ।
সীমন্তিনীনাং রম্যাণাং লাবণ্যার্জ্জিতসুশ্রিয়াং ॥ ২৩ ।
রাজ্ঞীনামযুতং ভাবি কুমারাণাং শতত্রয়ং ।
বৃদ্ধকাল ইতি খ্যাত উগ্রঃ পরপুরঞ্জয়ঃ ॥ ২৪ ।
বিজিতানেকসমরঃ শ্রীসন্তর্পিতমার্গণঃ ।
অনেকগুণসম্পূর্ণঃ পূর্ণচন্দ্রনিভদ্যুতিঃ ॥ ২৫ ।
সন্ততাবভৃথক্লিন্ন-মূর্দ্ধজঃ ক্ষিতিপর্ষভঃ।
প্রজাপালনসম্পন্নঃ কোষপ্রীণিতভূসুরঃ ॥ ২৬ ।
পদারবিন্দং গোবিন্দং হৃদি ধ্যায়ন্নতন্দ্রিতঃ ।
বাসুদেবকথালাপ-পরিক্ষিপ্তদিনক্ষপঃ ॥ ২৭ ।

ব্রহ্মচারীই বুঝায়, অন্য ভিক্ষোপজীবী বুঝায় না ।। ২০ ।। যথায় অবধূতগণই মলধারী (গাত্রমলযুক্ত) এবং ভ্রমরকুলই চঞ্চলবৃত্তি, অন্যত্র মল বা চঞ্চলবৃত্তিতা নাই ।। ২১ ।। হে রাজধর্ম্মজ্ঞ! তুমি এই প্রকার অনন্তগুণশালী রাজ্যে রাজা হইয়া শৌর্য্য, সৌন্দর্য্য, সৌভাগ্য, দক্ষতা, উদারতাদি গুণলাভ করত ধর্ম্মানুসারে শাসনকার্য্য নির্ব্বাহ করিবে, পরম রূপ লাবণ্যবতী দশ সহস্র সীমন্তিনী তোমার রাজ্ঞী হইবে এবং তাহাতে তুমি শত কুমার লাভ করিবে। বৃদ্ধকাল এই নামে খ্যাত হইয়া শত্রুপুরী জয় ও বহুসমর বিজয়পূর্ব্বক ধনসম্পত্তিবিতরণে যাচকদিগকে পরিতৃপ্ত করিয়া অনন্তগুণযোগে পূর্ণচন্দ্রের ন্যায় অপূর্ব্বকান্তি ধারণ করিবে ।। ২২ ।। ২৩ ।। ২৪ ।। ২৫ ।। কেশকলাপ যজ্ঞসমাপ্তিস্নান জন্য নিরন্তর সলিলার্দ্র থাকিবে, প্রজাপুঞ্জ যথানিয়মে পালিত ও ন্যায়ার্জিত অর্থরাশিতে

কদাচিদুপবিষ্টঃ সন্ মধ্যেরাজসভং দ্বিজ।
দূরাৎ কার্পটিকৈর্দৃষ্টো বারাণস্যাঃ সমাগতৈঃ॥ ২৮।
ত্বৎকর্ম্মভাবিসদৃশৈ স্তদা ত্বমভিনন্দিতঃ।
তৈঃ সর্ব্বৈ রাজশার্দূল স্বাশীর্ব্বাদৈরনেকশঃ॥ ২৯।
শ্রীমদ্বিশ্বেশ্বরো দেবো বিশ্বেষাং জগতাং গুরুঃ।
কাশীনাথস্তু তে কুর্য্যাৎ কুমতেরপবর্জ্জনং॥ ৩০।
নৈঃশ্রেয়সীঞ্চ সম্পত্তিং যো দেয়াৎ স্মরণাদপি।
কাশীনাথঃ স তে দিশ্যাজ্জ্ঞানং মলবিবর্জ্জিতং॥ ৩১।
যেন পুণ্যেন তে প্রাপ্তং রাজ্যং প্রাজ্যমকণ্টকং।
তৎপুণ্যশেষতো ভূয়াদ্বিশ্বনাথে মতিস্তব॥ ৩২।
যস্য প্রসাদাৎ সুলভ মায়ুঃ পুত্রা বরাঙ্গনাঃ।
সমৃদ্ধয়ঃ স্বর্গমোক্ষৌ স বিশ্বেশঃ প্রসীদতু॥ ৩৩।
নামশ্রবণমাত্রেণ যস্য বিশ্বেশিতুর্বিভোঃ।
মহাপাতকবিচ্ছেদঃ স বিশ্বেশোঽস্তু তে হৃদি॥ ৩৪।

ব্রাহ্মণমণ্ডলী সন্তর্পিত হইবে এবং হৃদয়মধ্যে নিয়ত গোবিন্দচরণারবিন্দ চিন্তনে ও বাসুদেবকথালাপে তোমার দিনযামিনী পরিযাপিত হইবে॥ ২৬॥ ২৭॥ কদাচিৎ রক্তবস্ত্রধারী তপস্বিগণ সুদূর কাশীক্ষেত্র হইতে আগমনপূর্ব্বক তোমাকে রাজসভাগত দেখিয়া ত্বদীয় নিজসৎকর্ম্মসঞ্চিত পুণ্যরাশির অনুরূপ আশীর্ব্বাদপ্রয়োগে তোমাকে পুনঃ পুনঃ অভিনন্দিত করিবেন॥ ২৮॥ ২৯॥ নিখিলজগতের গুরু, কাশীপতি শ্রীমান্ বিশ্বেশ্বর, যিনি স্মরণমাত্রেই কৈবল্যসম্পদ্ প্রদান করেন, তিনি তোমার কুমতি বিনাশ করিয়া নির্ম্মলজ্ঞান প্রদান করুন॥ ৩০॥ ৩১॥ যে পুণ্যবলে তুমি কন্টকশূন্য সুবিস্তীর্ণ রাজ্য প্রাপ্ত হইয়াছ, সেই পুণ্যের অবসানে তোমার বিশ্বনাথে মতি হউক॥ ৩২॥ যাঁহার প্রসাদে পরমায়ু, উত্তমাঙ্গনা, পুত্র, সম্পত্তি, স্বর্গ, মোক্ষ সকলই সুলভ, সেই বিশ্বেশ্বর তোমার প্রতি প্রসন্ন হউন॥ ৩৩॥ যে বিভুর নামশ্রবণমাত্র মহাপাতকের সংক্ষয়

ত্বং বৃদ্ধকালো ভূপালঃ শ্রুত্বেত্যাশীঃ পরম্পরাং।
স্মরিষ্যসীদং, বৃত্তান্তং পুলকাঙ্কবপুস্তদা ॥ ৩৫।
আকারগোপনং কৃত্বা তেভ্যো দত্ত্বা ধনং বহু।
সুমুহূর্ত্তমনুপ্রাপ্য সুতে রাজ্যং বিধায় চ ॥ ৩৬।
অনঙ্গলেখয়া রাজ্ঞ্যা ততঃ কাশীং গমিষ্যসি।
দত্ত্বা দানানি ভূরীণি প্রীণয়িত্বার্থিনো জনান্ ॥ ৩৭।
স্বনাম্না তত্র সংস্থাপ্য লিঙ্গং নির্ব্বাণকারণং।
প্রাসাদং তত্র কৃত্বোচ্চৈ স্তদগ্রে কূপমুত্তমং ॥ ৩৮।
বিধায় বিধিবত্তত্র কলশারোপণাদিকং।
মণিমাণিক্যচাম্পেয়-দুকূলেভাশ্বগোধনং ॥ ৩৯।
মহাধ্বজপতাকাশ্চ ছত্রচামরদর্পণং।
দেবোপকরণং ভূরি বিশ্রাণ্য শ্রমবর্জ্জিতঃ ॥ ৪০।
ব্রতোপবাসনিয়মৈঃ পরিক্ষীণকলেবরঃ।
মধ্যাহ্নে নির্জ্জনে তত্র দ্রক্ষ্যস্যেকং তপোধনং ॥ ৪১।

হয়, তিনি তোমার হৃদয়ে অধিষ্ঠান করুন ।। ৩৪ ।। তুমি বৃদ্ধকালভূপাল রূপে আমাদিগের উক্ত আশীর্ব্বাদপরম্পরা শ্রবণ ও এই বৃত্তান্ত স্মরণ করিয়া পুলকাঙ্কিতশরীর হইবে এবং অভিপ্রায়গোপনপূর্ব্বক সৎপাত্রে বহুধন অর্পণ ও শুভলগ্নে পুত্রে রাজ্য সমর্পণ করিয়া অনঙ্গলেখার সহিত কাশী গমন করিবে। তথায় বহুধনব্যয়ে যাচকদিগের প্রার্থনাপূরণকরত স্বনামে মোক্ষকারণ এক শিবলিঙ্গ প্রতিষ্ঠা ও তদর্থে এক উচ্চ প্রাসাদ এবং তাহার সম্মুখভাগে একটী উৎকৃষ্ট কূপনির্ম্মাণ করাইবে ।। ৩৫ ।। ৩৬ ।। ৩৭ ।। ৩৮ ।। ঐ স্থানে কলসারোপণাদি বিধান করিয়া, মণি-মাণিক্য, হস্তী অশ্ব গোধন, ধ্বজ পতাকা, ছত্র চামর ও দর্পণাদি দেবোপ-করণ বাহুল্যরূপে প্রদান করিবে ।। ৩৯ ।। ৪০ ।। ক্রমে ব্রত, উপবাস, নিয়মাদির অনুষ্ঠানে কলেবর পরিক্ষীণ হইবে। অনন্তর একদা নির্জ্জন

অতীব-জীর্ণবপুষং পরিপিঙ্গ * জটার্চ্চিতং। -
মূর্ত্তিমন্তমিবপ্রাংশুং ধর্ম্মং জনমনোহরং॥ ৪২।
ভারং শরীরযষ্টেশ্চ দৃঢ়যষ্ট্যাং সমর্প্য চ।
গর্ভাগারাদ্বিনিষ্ক্রম্যা-ভ্যায়ান্তং রঙ্গমণ্ডপে॥ ৪৩।
উপবিশ্য সমীপে তে প্রক্ষ্যত্যেবমনুক্রমাৎ।
কোঽসি ত্বং কিমিহাসি ত্বং দ্বিতীয়ইব কস্ত্বয়ং॥ ৪৪।
প্রাসাদঃ কারিতঃ কেন জানাস্যেষ ততো বদ।
অস্য লিঙ্গস্য কিং নাম প্রায়ো জানে ন বার্দ্ধকাৎ॥ ৪৫।
পৃষ্টস্ত্বমিতি তেনাথ তদা বৃদ্ধতপস্বিনা।
কথয়িষ্যস্যহং রাজা বৃদ্ধকালইতিশ্রুতঃ॥ ৪৬।
দাক্ষিণাত্যইহপ্রাপ্ত-স্ত্বেতয়া সহ কান্তয়া।
ধ্যায়ামি লিঙ্গমেতচ্চ প্রার্থয়ামি ন কিঞ্চন॥ ৪৭।
প্রাসাদস্যাস্য জটিল স্বয়ং কারয়িতা শিবঃ।
বিশেষতোঽস্য লিঙ্গস্য নামং নো বেদ্মি নিশ্চিতং॥ ৪৮।

মধ্যাহ্নকালে দেখিতে পাইবে, পিঙ্গলবর্ণ জটাভারধারী অতিজীর্ণশরীর এক তপোধন মূর্ত্তিমান্ মহান্ ধর্ম্মের ন্যায় শরীরযষ্টির ভার দৃঢ়যষ্টিতে সমর্পণপূর্ব্বক শিবালয় হইতে বহির্গত হইয়া রঙ্গমণ্ডপে আসিতেছেন॥ ৪১॥ ৪২॥ ৪৩॥ ঐ তপোধন অগ্রসর হইয়া তোমার সমীপে আগমন ও উপবেশনপূর্ব্বক তোমাকে এই প্রকার প্রশ্ন করিবেন, তুমি কে, এই দ্বিতীয় ব্যক্তিই বা কে এবং কি নিমিত্ত এখানে আসিয়াছ? ৪৪॥ এই প্রাসাদ কাহার নির্ম্মিত, এই লিঙ্গেরই বা কি নাম, আমি বার্দ্ধক্যবশতঃ বিশেষ জানি না, যদি তুমি জ্ঞাত থাক তো বল॥ ৪৫॥ বৃদ্ধতাপস এইরূপ জিজ্ঞাসা করিলে তুমি উত্তর করিবে, আমি দক্ষিণদেশীয় বৃদ্ধকালনামক নৃপতি, এই ভার্য্যার সহিত এই স্থানে আগত হইয়া লিঙ্গার্চ্চনা করিয়া থাকি, আমার অন্য প্রার্থনা কিছুই নাই॥ ৪৬॥ ৪৭॥ হে জটাধর ভগবান

* জটান্বিতমিতি বা।

ইতিশ্রুত্বা নরপতের্বাক্যং প্রাহ জটাধরঃ।
সত্যমুক্তং ত্বয়ৈকং হি লিঙ্গং নাম ন বেৎসি যৎ॥ ৪৯।
পশ্যেহং ত্বামহং নিত্য মুপবিষ্টং সুনিশ্চলং।
শ্রুতো ভবিষ্যতি তব প্রাসাদো যেন কারিতঃ॥ ৫০।
মমাগ্রে তৎ সমাচক্ষ্ব যদি জানাসি তত্ত্বতঃ।
আকর্ণ্যেতি বচস্তস্য পুনঃ প্রাহ ভবানিতি॥ ৫১।
কর্ত্তা কারয়িতা শম্ভুঃ কিমতথ্যং ব্রবীম্যহং।
অথবা চিন্তয়া কিং মে তপস্বিন্ননয়া বিভো॥ ৫২।
ইতি ত্বয়ি স্থিতে জোষং স পুনর্বৃদ্ধতাপসঃ।
পিপাসুরস্মি পানীয়-মানীয়াশু প্রযচ্ছ মে॥ ৫৩।
ইতি তেন চ নুন্নস্ত্বং বার্য্যানীয় চ কূপতঃ।
পায়য়িষ্যসি তং বৃদ্ধং তাপসং তৎক্ষণাচ্চ সঃ॥ ৫৪।

মহাদেবই স্বয়ং এই প্রসাদের কারয়িতা, এই লিঙ্গের আর বিশেষ নাম অবগত নহি॥ ৪৮॥ নরপতির এই বাক্য শুনিয়া জটাধর বৃদ্ধ কহিলেন, তুমি এই লিঙ্গের বিষয় বিশেষ অবগত নহ যে বলিতেছ, এ কথা যথার্থ, কিন্তু তোমাকে প্রত্যহই এই স্থানে স্থিরভাবে উপবিষ্ট দেখিতে পাই, অতএব এই প্রাসাদ কাহার নির্ম্মিত, অবশ্য তুমি শ্রুত হইয়া থাকিবে॥ ৪৯॥ ৫০॥ যদি যথার্থতঃ অবগত থাক, তবে আমার সমীপে ইহা ব্যক্ত কর। এই কথা শুনিয়া তুমি পুনর্ব্বার বলিবে, হে তপস্বিন্! ভগবান শম্ভুই এই দেবভবনের কর্ত্তা ও কারয়িতা, আমি কেন মিথ্যাবাক্য কহিব? অথবা এ চিন্তাতেই বা আমার প্রয়োজন কি? ৫১॥ ৫২॥ তুমি এই বলিয়া মৌনাবলম্বন করিলে বৃদ্ধ তাপস পুনর্ব্বার বলিবেন, আমি তৃষ্ণার্ত্ত হইয়াছি শীঘ্র জল আনিয়া দেও॥ ৫৩॥ এই কথায় তুমি কূপ হইতে জল আনয়ন করিয়া তাঁহাকে পান করাইবে, পানমাত্র তিনিনির্ম্মোক-

তদম্বুপানতো ভূয়াৎ সুপার্ব্বণশশিপ্রভঃ।
তরুণো রূপসম্পন্নঃ কোষোন্মুক্তোরগো যথা॥ ৫৫।
জাতাশ্চর্য্যেণ ভবতা পুনরেবাভ্যভাষি সঃ।
কঃ প্রভাবো হি ভগবন্নেষ যেন ভবান্ পুনঃ॥ ৫৬।
পরিত্যজ্যাত্র জরসং নবো ভ্রাজসি সাম্প্রতং।
অস্তি চেদবকাশস্তে ততো ব্রূহি তপোধন॥ ৫৭।

তপোধন উবাচ।

বৃদ্ধকাল ক্ষিতিপতে জানে ত্বাং সুমহামতে।
ইমামপি চ জানেহহং তব পত্নীং পতিব্রতাং॥ ৫৮।
জন্মনোঽস্মাদিয়ং রাজন্নাসীদ্বিপ্রস্য কন্যকা।
তুর্ব্বসোর্বেদবপুষঃ শুভাচারা শুভাননা॥ ৫৯।
তেন দত্তা বিবাহার্থং নৈধ্রুবায় মহাত্মনে।
সচ কালবশং প্রাপ্তো নৈধ্রুবোঽপ্রাপ্তয়ৌবনঃ॥ ৬০।
বৈধব্যং পালয়ন্ত্যেষা মৃতাবন্ত্যাং শুভব্রতা।
তেন পুণ্যেন সংজাতা পাণ্ড্যস্য নৃপতেঃ সুতা॥ ৬১।

মুক্ত ভুজঙ্গের ন্যায় তরুণ ও পূর্ণিমাচন্দ্রের ন্যায় রূপসম্পন্ন হইবেন॥ ৫৪॥ ৫৫॥ তুমি বিস্ময়ান্বিত হইয়া জিজ্ঞাসা করিবে, ভগবন্! আপনার এ কি প্রকার তপস্যার প্রভাব, আপনি ক্ষণমাত্রেই জরা পরিত্যাগ করিয়া নবযৌবনকান্তি ধারণ করিলেন! যদি অবকাশ থাকে, তবে এই বৃত্তান্ত আমাকে বলুন॥ ৫৬॥ ৫৭॥ তপোধন কহিবেন, হে বৃদ্ধকালনৃপতে! তুমি অতি সুমতি, আমি তোমাকে অবগত আছি এবং এই যে তোমার পত্নী, পতিব্রতা, ইহাঁকেও অবগত আছি॥ ৫৮॥ এই শুভাচারপরায়ণা সুমুখী পূর্ব্বজন্মে বেদবেত্তা তুর্ব্বসুনামক বিপ্রের কন্যা ছিলেন॥ ৫৯॥ তুর্ব্বসু মহাত্মা নৈধ্রুবকে এই কন্যা দান করেন। নৈধ্রুব অপ্রাপ্ত-যৌবনদশাতেই কালবশতা প্রাপ্ত হওয়ায় কন্যা বহুকাল বৈধব্যব্রত পালন

পরিণীতা ত্বয়া রাজন্ পতিব্রতরতা সদা।
ত্বয়া সহেহ সম্প্রাপ্তা মুক্তিং প্রাপ্স্যত্যনুত্তমাং॥ ৬২।
অযোধ্যায়ামথাবন্ত্যাং মথুরায়ামথাপি বা।
দ্বারবত্যাঞ্চ কাঞ্চ্যাং বা মায়াপুর্য্যামথো নৃপ॥ ৬৩।
অপি পাতকিনো যে চ কালেন নিধনং গতাঃ।
তে হি স্বর্গাদিহাগত্য কাশ্যাং মোক্ষমবাপ্নুয়ুঃ॥ ৬৪।
অবৈমি ত্বামপি নৃপ দ্বিজোঽভূঃ পূর্ব্বজন্মনি।
মাথুরঃ শিবশর্ম্মাখ্যো মায়াপুর্য্যাং ভবান্ মৃতঃ॥ ৬৫।
তৎ পুণ্যাৎ প্রাপ্য বৈকুণ্ঠং ভুক্ত্বা ভোগান্ মনোরমান্
তৎপুণ্যশেষাৎ ক্ষিতিপো জাতস্ত্বং নন্দিবর্দ্ধনে॥ ৬৬।
বৃদ্ধকালাবনীপাল তেনৈব সুকৃতেন চ।
মোক্ষক্ষেত্রমিদং প্রাপ্তো মুক্তিং প্রাপ্স্যস্যনুত্তমাং॥ ৬৭।

করিয়া অবন্তীনগরে দেহত্যাগ করেন এবং সেই পুণ্যবলে পাণ্ড্যনৃপতির কন্যারূপে জন্মগ্রহণ করিয়াছেন॥ ৬০॥ ৬১॥ হে রাজন! তুমি সেই এই নৃপকন্যাকে বিবাহ করিয়াছ, এই পতিব্রতা তোমার সহিত এই স্থান প্রাপ্ত হইয়া অতঃপর সর্ব্বোৎকৃষ্ট মুক্তিপদ প্রাপ্ত হইবেন॥ ৬২॥ যে সকল ব্যক্তি অতিপাতকী, তাহারাও অযোধ্যা, অবন্তী, মথুরা, মায়া, দ্বারবতী, কাঞ্চী বা মায়াপুরী, এই সকল পুরীর কোন স্থানে দেহত্যাগ করিলে স্বর্গপ্রাপ্ত হয় এবং তৎপরে কাশীতে আসিয়া মোক্ষলাভ করে॥ ৬৩॥ ৬৪॥ হে রাজন্! তোমারও পূর্ব্ববৃত্তান্ত জ্ঞাত আছি। তুমি পূর্ব্বজন্মে মথুরানগরে শিবশর্ম্মা নামে ব্রাহ্মণ ছিলে এবং মায়াপুরীতে তোমার দেহাবসান হয়॥ ৬৫॥ সেই পুণ্যফলে বৈকুণ্ঠলোক প্রাপ্ত হইয়া রমণীয় বিষয় সমস্ত উপভোগপূর্ব্বক সেই পুণ্য ক্ষয় হওয়ায় নন্দিবর্দ্ধন নগরে অধীশ্বর হইয়াছ এবং সেই সুকৃতবলেই এই মোক্ষক্ষেত্র প্রাপ্ত হইয়াছ ও

অন্যচ্চ শৃণু রাজেন্দ্র ত্বয়া যৎ সমুদীরিতং।
কর্ত্তা কারয়িতা শম্ভুঃ প্রাসাদস্যেতি তৎ স্ফুটং ॥ ৬৮ ।
সুকৃতং * নৈব সতত মাখ্যাতব্যং কদাচন।
কৃতং ময়েতিকথনাৎ পুণ্যং ক্ষয়তি তৎক্ষণাৎ ॥ ৬৯ ।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন গোপনীয়ং নিধানবৎ।
সুকৃতং কীর্ত্তনাদ্ব্যর্থং ভবেদ্ভস্মহুতং যথা ॥ ৭০ ।
নিশ্চিতং বিশ্বনাথেন প্রেরিতেন ত্বয়ানঘ।
কৃতং হি কৃতকৃত্যেন প্রাসাদাদীহ বেদ্ম্যহং ॥ ৭১ ।
বৃদ্ধকালেশ্বরং নাম লিঙ্গমেতন্মহীপতে।
জানীহ্যনাদিসংসিদ্ধং নিমিত্তং কিন্তু বৈ ভবান্ ॥ ৭২ ।
দর্শনাৎ স্পর্শনাত্তস্য পূজনাৎ † শ্রবণান্নতেঃ।
বৃদ্ধকালেশলিঙ্গস্য সর্ব্বং প্রাপ্নোতি বাঞ্ছিতং ॥ ৭৩ ।

অন্তে সর্ব্বোত্তম মুক্তি প্রাপ্ত হইবে ॥ ৬৬ ॥ ৬৭ ॥ অপিচ, হে রাজেন্দ্র! তুমি যে কহিলে, ভগবান্ শম্ভুই এই প্রাসাদের কর্ত্তা বা কারয়িতা, ইহা যুক্তই বলিয়াছ ॥ ৬৮ ॥ স্বকৃত পুণ্যকার্য্য সকল কখন ব্যক্ত করিতে নাই। আমি অমুক সৎকার্য্য করিয়াছি, এ কথা বলিলে তৎক্ষণাৎ সেই সৎকার্য্য জন্য পুণ্য ক্ষয়প্রাপ্ত হয় ॥ ৬৯ ॥ অতএব, সুকৃত সমস্ত বহুমূল্য নিধির ন্যায় সর্ব্বপ্রযত্নে গোপন করিবে, উহা কীর্ত্তন করিলে ভস্মহুত ঘৃতের ন্যায় একেবারে বৃথা হইয়া যায় ॥ ৭০ ॥ হে অনঘ! নিশ্চয়ই তুমি বিশ্বনাথ কর্তৃক প্রেরিত হইয়া এই স্থানে এই প্রাসাদ নির্ম্মাণ পূর্ব্বক কৃতার্থ হইয়াছ, ইহা আমি জানিতেছি ॥ ৭১ ॥ এই বৃদ্ধকালেশ্বর নামক লিঙ্গ অনাদিসিদ্ধ, তুমি ইহার নিমিত্ত মাত্র ॥ ৭২ ॥ হে রাজন্! এই

---

* স্বকৃতমিতি বা।

† পূজনাৎ স্মরণান্নুতে ইতি বা।

কূপঃ * কালোদকো নাম জরাব্যাধিনিঘাতকৃৎ ।
যদীয়জলপানেন ন মাতুঃ স্তন্যপানবান্ ॥ ৭৪ ।
কৃতকূপোদকস্নানঃ কৃততল্লিঙ্গপূজনঃ ।
বর্ষেণ সিদ্ধিমাপ্নোতি মনোঽভিলষিতাং নরঃ ॥ ৭৫ ।
ন কুষ্ঠং নচ বিস্ফোটা ন রজ্বা ন বিচর্চ্চিকা ।
পীতাৎ স্পৃষ্টাৎ প্রতিষ্ঠন্তি কফঃ কালদমোদকাৎ ॥ ৭৬।
নাগ্নিমান্দ্যং নৈব শূলং ন মেহো ন প্রবাহিকা ।
ন মূত্রকৃচ্ছ্রং নো পামা পানীয়স্যাস্য সেবনাৎ ॥ ৭৭ ।
ভূতজ্বরাশ্চ যে কেচিদ্ যে কেচিদ্বিষমজ্বরাঃ ।
তে ক্ষিপ্রমুপশাম্যন্তি হ্যেতৎকূপোদসেবনাৎ ॥ ৭৮ ।
তবাগ্রতো মম জরা পলিতঞ্চ যথাবিধি ।
এতৎকূপোদপানেন ক্ষণান্নষ্টং নবোঽভবং ॥ ৭৯ ।

লিঙ্গের দর্শন, স্পর্শন, পূজন, প্রণতি ও মাহাত্ম্যশ্রবণে সর্ব্বপ্রকার অভীষ্ট প্রাপ্তি হইয়া থাকে ॥ ৭৩ ॥ এই কূপের নাম কালোদক, ইহা জরাব্যাধি-বিনাশন, ইহার জল পান করিলে আর মাতার স্তন্য দুগ্ধ পান করিতে হয় না ॥ ৭৪ ॥ প্রতিদিন এই কূপোদকে স্নানপূর্ব্বক এই লিঙ্গের অর্চ্চনা করিলে এক বর্ষেই সমস্ত মনোঽভিলাষ সংসিদ্ধ হয় ॥ ৭৫ ॥ এই কাল নিবারক কূপের উদক পান কি স্পর্শ করিলে কুষ্ঠ, বিস্ফোট, রজ্বা, বিচর্চ্চিকা, কি কফ কিছুই শরীরে স্থানলাভ করিতে পারে না ॥ ৭৬ ॥ অগ্নিমান্দ্য, শূল, মেহ, গৃহিনী, মূত্রকৃচ্ছ্র, পামা প্রভৃতি রোগ এই জল পান মাত্রেই দূর হইয়া যায় ॥ ৭৭ ॥ অধিক কি, যে কোন প্রকার ভূতজ্বর কি বিষমজ্বর হউক, এই কূপোদকসেবন করিলে সকলেরই আশু উপশম হইয়া থাকে ॥ ৭৮ ॥ এই দেখ তোমার সম্মুখেই আমি এই কূপোদক পান

* কূপঃ কালদমো নাম ইতি বা ।

বৃদ্ধকালেশ্বরে লিঙ্গে সেবিতে ন দরিদ্রতা।
নোপসর্গা ন বা রোগা ন পাপং নাঘজং ফলং। ৮০।
উত্তরে কৃত্তিবাসস্য বারাণস্যাং প্রযত্নতঃ।
বৃদ্ধকালেশ্বরং লিঙ্গং দ্রষ্টব্যং সিদ্ধিকামুকৈঃ ॥ ৮১।
ইত্যুক্ত্বা তং মহীপালং হস্তে ধৃত্বা তপোধনঃ।
সানঙ্গলেখারাজ্ঞীকং তস্মিল্লিঙ্গে লয়ং যযৌ ॥ ৮২।
মহাকাল মহাকাল মহাকালেতিকীর্ত্তনাৎ।
শতধা মুচ্যতে পাপৈর্নাত্র কার্য্যা বিচারণা ॥ ৮৩।
ইত্থং ভবিত্রী তে মুক্তিঃ কৈটভারাতিদর্শনাৎ।
ভোগান্ ভুক্ত্বা বহুবিধান্ বৈকুণ্ঠনগরে শুভে ॥ ৮৪।

ইতিসংহৃষ্টতনূরুহঃ স বিপ্রো
ভগবত্তদ্গণবক্ত্রতো নিশম্য।
স্বমুদর্কমথার্ককোটিরম্যং
হরিলোকং পরিলোকয়াঞ্চকার ॥ ৮৫।

করিয়া ক্ষণমধ্যেই জরা ও পলিত হইতে মুক্ত ও নবযৌবন প্রাপ্ত হইলাম। ৭৯॥ এই বৃদ্ধকালেশ্বর লিঙ্গ সেবা করিলে দরিদ্রতা, উপসর্গ, পীড়া, পাপ, কি পাপজন্য শাস্তি কিছুই ভোগ করিতে হয় না॥ ৮০॥ উত্তরকালে সিদ্ধিকাম ব্যক্তিগণ বারাণসী ক্ষেত্রে বিশ্বেশ্বরের এই বৃদ্ধকালেশ্বর নামক লিঙ্গ প্রযত্নসহকারে দর্শন করিবেন॥ ৮১॥

এই বাক্যাবসানে তপোধন রাজ্ঞী অনঙ্গলেখার সহিত উক্ত নৃপতিকে হস্তে ধারণপূর্ব্বক সেই লিঙ্গমধ্যে লয়প্রাপ্ত হইবেন॥ ৮২॥ মহাকাল, মহাকাল এই নাম কীর্ত্তন করিলে মনুষ্য শতপ্রকার পাপ হইতে মুক্ত হয়, তাহাতে আর সন্দেহ নাই॥ ৮৩॥ হে দ্বিজ! শুভ বৈকুণ্ঠনগরে বহুবিধ ভোগ উপভোগান্তে কৈটভারি ভগবান্ বিষ্ণুর দর্শন হেতু এই প্রকারে তোমার মুক্তিলাভ হইবে॥ ৮৪॥ ভগবান্ বিশ্বেশ্বরের সেই গণদ্বয়ের মুখে

মৈত্রাবরুণিরুবাচ ।

লোপামুদ্রে স বিপ্রেন্দ্রো ভোগান্ ভুক্ত্বা মনোরমান্ ।
মায়াপুরীকৃতপ্রাণ-ত্যাগপুণ্যবলেন চ ৮৬ ।
বৈকুণ্ঠলোকাদাগত্য পত্তনে নন্দিবর্দ্ধনে ।
ভৌমানি ভুক্ত্বা সৌখ্যানি পুত্রানুৎপাদ্য সুন্দরান্ ৮৭॥
তেষু রাজ্যং বিনিক্ষিপ্য প্রাপ্য বারাণসীংপুরীং ।
বিশ্বেশ্বরং সমারাধ্য নির্ব্বাণপদমীয়িবান্ ॥ ৮৮* ।
এবং পুণ্যতমাখ্যানং বিপ্রস্য শিবশর্ম্মণঃ ।
শ্রুত্বা পাপবিনির্মুক্তো জ্ঞানং পরমমৃচ্ছতি ॥ ৮৯ ।

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে শিবশর্ম্মনির্ব্বাণপ্রাপণং
নাম চতুর্বিংশতিতমোধ্যায়ঃ ।

এই কথা শ্রবণ করিয়া শিবশর্ম্মা পুলকাঞ্চিতকলেবরে আত্মপুণ্যরাশির ভাবি ফলস্বরূপ, সূর্য্যকোটিরমণীয় বিষ্ণুলোকের প্রতি দৃষ্টিপাত করিতে লাগিলেন ॥ ৮৫ ॥ অগস্ত্য কহিলেন, অয়ি লোপামুদ্রে ! সেই ব্রাহ্মণ মায়াপুরীতে দেহত্যাগজনিতপুণ্যবলে বৈকুণ্ঠলোকে অতিরমণীয় অশেষ ভোগ উপভোগান্তে নন্দিবর্দ্ধন নগরে আসিয়া তথায় পার্থিব সুখরাশি সম্ভোগ ও সুসন্তান উৎপাদন করত সেই পুত্রে রাজ্যভার সমর্পণপূর্ব্বক বারাণসীপুরীতে আগমন করেন এবং তথায় বিশ্বেশ্বরের আরাধনা করত এইরূপে নির্ব্বাণপদ প্রাপ্ত হয়েন ॥ ৮৬ ॥ ৮৭ ॥ ৮৮ ॥ যিনি বিপ্র শিবশর্ম্মার এই পবিত্র উপাখ্যান শ্রবণ করেন, তাঁহার সর্ব্বপাপবিমোচন ও অন্তে পরম জ্ঞানলাভ হয় ॥ ৮৯ ॥

ইতি শ্রীস্কন্দপুরাণান্তর্গত কাশীখণ্ডে শিবশর্ম্মার
নির্ব্বাণপ্রাপ্তিনামক চতুর্বিংশ অধ্যায় ॥

---

* ইত্থং মোক্ষস্তু নির্ণীতঃ প্রিয়েহ্যানন্দ কাননে । অতঃ স্মরামি তাং কাশীং হেলয়া মুক্তিদায়িনী মিত্যধিক শ্লোকো বঙ্গীয় পুস্তকেষু ।

মহর্ষি বেদব্যাস প্রণীত

স্কন্দপুরাণ।

চতুর্থ অংশ।

সটীক

কাশীখণ্ড।

[শ্রীযুক্ত অজিতনাথ ন্যায়রত্ন কৃত
বাঙ্গালা অনুবাদ সমেত]।

পূর্ব্বার্দ্ধ॥

৩নং

শ্রীকালীকৃষ্ণ মণ্ডল কর্ত্তৃক প্রকাশিত।

শ্রীঅমৃতলাল মান্না ফেণ্ড এবং কোম্পানির

কাশীখণ্ড যন্ত্রে মুদ্রিত।

কালীঘাটের দক্ষিণ টালিগঞ্জ ২২ নং ভবন।

এই ৩নং টাইটেলপাতা পঞ্চবিংশত্তিতম অধ্যায়ের প্রথমে যোগ হইবে।

পঞ্চবিংশতিতমোঽধ্যায়ঃ ।

ব্যাসউবাচ—

শৃণু সূত প্রবক্ষ্যামি কথাং কলশজন্মনঃ ।
যামাকর্ণ্য নরো ভূয়াদ্বিরজা জ্ঞানভাজনং ॥ ১ ।
গিরিং প্রদক্ষিণীকৃত্য শ্রীসঙ্গং কলশোদ্ভবঃ ।
সপত্নীকো দদর্শাথ রম্যং স্কন্দবনং মহৎ ॥ ২ ।
সর্ব্বর্ত্তুকুসুমাঢ্যঞ্চ রসবৎফলপাদপং ।
সুসেব্যকন্দমূলাঢ্যং সুবল্কলমহীরুহং ॥ ৩ ।
বিনীতশ্বাপদগণং * সসরিৎপল্বলাবৃতং ।
স্বচ্ছগম্ভীরকাসারং সারং সর্ব্বভুবঃ পরং ॥ ৪ ।
নানাপতত্রিসংঘুষ্টং নানামুনিজনোষিতং ।
তপঃসঙ্কেতনিলয় মিবৈকং সম্পদাং পদং ॥ ৫ ।

পঞ্চবিংশতিতম অধ্যায় ।

ব্যাস কহিলেন, হে সূত! আমি কলসজন্মা মহর্ষি অগস্ত্যের কথা কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর। মনুষ্যগণ এই বৃত্তান্ত শ্রবণে রজোরহিত ও পরমজ্ঞানভাজন হয়। ১। শ্রীসংজ্ঞক পর্ব্বত প্রদক্ষিণান্তে মহর্ষি অগস্ত্য সপত্নীক ভ্রমণ করিতে করিতে অতিরমণীয় বিশাল স্কন্দবন দেখিতে পাইলেন ॥ ২ ॥ ঐ বন সর্ব্বঋতুর কুসুমে শোভিত, সুবল্কলধারী ও মধুরফলশালী পাদপসমূহে পরিপূর্ণ এবং সুসেব্য কন্দমূলবিশিষ্ট ॥ ৩ ॥ উহার অভ্যন্তর প্রশান্ত শ্বাপদগণে সঞ্চরিত ও স্বচ্ছসলিল সুগভীর সরিৎ, পল্বল ও সরোবরে আবৃত হওয়ায় ঐ স্থান সমস্ত পৃথিবীর সার বলিয়া বোধ হয়

* সুসরিৎপল্বলাবৃতমিতি বা।

লোহিতো নাম তত্রাস্তি গিরিঃ স্বর্ণগিরিপ্রভঃ ।
সুকন্দরপ্রস্রবণঃ সুসানুশিখরঃ শুভঃ ॥ ৬ ।
কৈলাসস্যৈকশকলং কর্ম্মভূমাবিহাগতং ।
তপস্তপ্তুমিব প্রোচ্চৈ র্নানাশ্চর্য্যসমন্বিতং ॥ ৭ ।
তত্রাদ্রাক্ষীন্মুনিশ্রেষ্ঠোঽগস্ত্যঃ সাক্ষাৎ ষড়াননং ।
প্রণম্য দণ্ডবদ্ভূমৌ সপত্নীকো মহাতপাঃ ॥ ৮ ।
তুষ্টাব গিরিজাসূনুং সূক্তৈঃ শ্রুতিসমুদ্ভবৈঃ ।
তথা স্বকৃতয়া স্তুত্যা প্রবদ্ধকরসংপুটঃ ॥ ৯ ।

অগস্তিরুবাচ—

নমোঽস্তু বৃন্দারকবৃন্দবন্দ্য-
পাদারবিন্দায় সুধাকরায় ।
ষড়াননায়ামিতবিক্রমায়
গৌরীহৃদানন্দসমুদ্ভবায় ॥ ১০ ।

এবং ইতস্ততঃ বিবিধ বিহঙ্গমের মধুর নাদে নিনাদিত ও নানা মুনিজনে অধ্যুষিত হওয়ায় উহা তপস্যার একটী মহৎ গোপনীয় নিকেতন ও পরম সম্পদের আস্পদ বলিয়া প্রতীয়মান হয় ॥ ৪ ॥ ৫ ॥ ঐ কাননের অভ্যন্তরে লোহিত নামে সুমেরুসদৃশ এক পর্ব্বত আছে। উহা অতিরমণীয় কন্দর, প্রস্রবণ, প্রস্থ ও শৃঙ্গসমূহে অলঙ্কৃত ॥ ৬ ॥ ঐ বিচিত্র পর্ব্বতটী অবলোকন করিলে বোধ হয়, যেন কৈলাসশৈলেরই একদেশ অতিগাঢ় তপঃসাধনার্থ এই কর্ম্মভূমিতে আগমন করিয়াছে ॥ ৭ ॥ মুনিবর অগস্ত্য ঐ স্থানে সহসা সাক্ষাৎ কার্ত্তিকেয়কে প্রত্যক্ষ করিলেন এবং পত্নীর সহিত ভূমিতলে দণ্ডবৎ প্রণত হইয়া কৃতাঞ্জলিপুটে বেদসমুদ্ভূত সূক্ত ও স্বকৃতস্তোত্রে সেই পার্ব্বতীপুত্রকে স্তব করিতে লাগিলেন ॥ ৮ ॥ ৯ ॥ অগস্ত্য কহিলেন, হে সুরবৃন্দ-বন্দিত-চরণকমল! হে সুধাসিন্ধো! হে গৌরীহৃদয়ানন্দকর, অমিতবিক্রম, ষড়ানন! তোমাকে নমস্কার ॥ ১০ ॥

নমোঽস্তু তুভ্যং প্রণতার্ত্তিহন্ত্রে
কর্ত্রে সমস্তস্য মনোরথানাং।
দাত্রে রথানাং পরতারকস্য
হন্ত্রে প্রচণ্ডাসুরতারকস্য॥১১।
অমূর্ত্তমূর্ত্তায় সহস্রমূর্ত্তয়ে
গুণায় গুণ্যায় পরাৎপরায়।
অপারপারায় পরাপরায়
নমোঽস্তু তুভ্যং শিখিবাহনায়॥১২
নমোঽস্তু তে ব্রহ্মবিদাং বরায়
দিগম্বরায়াম্বরসংস্থিতায়।
হিরণ্যবর্ণায় হিরণ্যবাহবে নমো
হিরণ্ময় হিরণ্যরেতসে॥ ১৩।
তপঃস্বরূপায় তপোধনায় তপঃ
ফলানাং প্রতিপাদকায়।
সদা কুমারায় হি মারমারিণে
তৃণীকৃতৈশ্বর্য্যবিরাগিণে নমঃ॥ ১৪।

তুমি প্রণতজনের রথোচ্ছেদক ও প্রচণ্ড তারকাসুরের নিহন্তা, তোমাকে নমস্কার॥ ১১॥ হে ময়ূরবাহন! তুমি অমূর্ত্ত বায়ু ও আকাশ এবং মূর্ত্ত পৃথিবী, সলিল ও তেজঃস্বরূপ, তুমি সহস্রমূর্ত্তিধারী, গুণময় অথচ ত্রিগুণরহিত, তুমি শ্রেষ্ঠ হইতেও শ্রেষ্ঠ, অপারের পার এবং কার্য্যকারণ উভয়াত্মক, তোমাকে নমস্কার করি॥ ১২॥ তুমি বেদবিদ্‌গণের আদি-গুরু, দিগম্বর ও আকাশসংস্থিত; তুমি হিরণ্যরেতা, হিরণ্যবর্ণ ও শুদ্ধহিরণ্য স্বরূপ: তোমাকে নমস্কার॥ ১৩॥ তুমি তপোধনদিগের তপঃ-ফলপ্রদ ও স্বয়ং তপঃস্বরূপ; সতত কুমাররূপে কন্দর্পবিজয়কারী ও তৃণের ন্যায় জগদৈশ্বর্য্যে বিরাগী; তোমাকে নমস্কার॥ ১৪॥

নমোঽস্তু তুভ্যং শরজন্মনে বিভো
প্রভাতসূর্য্যারুণদন্তপংক্তয়ে ।
বালায় চাবালপরাক্রমায়
ষাণ্মাতুরায়ালমনাতুরায় ॥ ১৫ ।
মীঢ়ুষ্টমায়োত্তরমীঢ়ুষে নমো
নমো গণানাং পতয়ে গণায় ।
নমোঽস্তু তে জন্মজরাতিগায় নমো
বিশাখায় সুশক্তিপাণয়ে ॥ ১৬ ।
সর্ব্বস্য নাথস্য কুমারকায়
ক্রৌঞ্চারয়ে তারকমারকায় ।
স্বাহেয় গাঙ্গেয় চ কার্ত্তিকেয়
শৈবেয় তুভ্যং সততং নমোঽস্তু ॥ ১৭ ।
ইত্থং পরিষ্টুত্য স কার্ত্তিকেয়ং
নমোনমোঽস্ত্বিত্যভিভাষমাণঃ ।
দ্বিস্ত্রিঃ পরিক্রম্য পুরো বিবেশ
স্থিতো মুনীশোপবিশেতি চোক্তঃ ॥ ১৮ ।

হে বিভো ! তুমি শরজন্মা ও ষণ্মাতার অপত্য, তোমার দন্তপংক্তি প্রভাতসূর্য্যের ন্যায় অরুণবর্ণ, তুমি বালক হইয়াও অবালপরাক্রম ও সর্ব্বকর্ম্মদক্ষ, তোমাকে নমস্কার করি ॥ ১৫ ॥ হে বিশাখ ! তুমি দেবসেনাগণের অধিপতি, ভাবিফলদাতা ও ফলদাতৃগণের শ্রেষ্ঠ ; তুমি শক্তিধর এবং জন্ম, জরা সমস্ত অতিক্রম করিয়াছ, তোমাকে নমস্কার করি ॥ ১৬ ॥ তুমি নিখিলনাথ মহেশ্বরের পুত্র, তারকরিপু ও ক্রৌঞ্চবিদারণ ; স্বাহা, গঙ্গা ও কৃত্তিকার হৃদয়নন্দন, তোমাকে প্রণাম করি ॥ ১৭ ॥ মুনীশ্বর অগস্ত্য এইরূপে পুনঃ পুনঃ নমঃশব্দ উচ্চারণপূর্ব্বক স্তুতি ও পঞ্চবার প্রদক্ষিণ করিয়া অগ্রে দণ্ডায়মান হইলে কুমার তাঁহাকে উপবেশন করিতে

কার্ত্তিকেয় উবাচ—

ক্ষেমোঽস্তি কুম্ভজ মুনে ত্রিদশৈকসহায়কৃৎ।
জানে ত্বামিহ সংপ্রাপ্তং তথা বিন্ধ্যাচলোন্নতিং॥ ১৯।
অবিমুক্তে মহাক্ষেত্রে ক্ষেমং ত্র্যক্ষেণ রক্ষিতে।
যত্র ক্ষীণায়ুষাং সাক্ষাদ্বিরূপাক্ষোঽস্তি মোক্ষদঃ॥ ২০।
ভূর্ভুবঃস্বস্তলে বাপি ন পাতালতলেঽমলং।
নোর্দ্ধলোকে ময়া দৃষ্টং তাদৃক্ ক্ষেত্রং ক্বচিন্মুনে॥ ২১।
অহমেকচরোপ্যত্র তৎক্ষেত্রপ্রাপ্তয়ে মুনে।
তপ্যে তপাংসি নাদ্যাপি ফলেয়ুর্মে মনোরথাঃ॥ ২২।
ন তৎপুণ্যৈর্ন তদ্দানৈর্ন তপোভির্ন তজ্জপৈঃ।
ন লভ্যং বিবিধৈর্যজ্ঞৈর্লভ্যমৈশাদনুগ্রহাৎ॥ ২৩।
ঈশ্বরানুগ্রহাদেব কাশীবাসঃ সুদুর্লভঃ।
সুলভঃ স্যান্মুনে নূনং নবৈ সুকৃতকোটিভিঃ॥ ২৪।

বলিলেন ॥ ১৮ ॥ অনন্তর মুনি উপবিষ্ট হইলে কার্ত্তিকেয় কহিতে লাগিলেন, হে ত্রিদশৈকসহায়, কুম্ভজন্মন্! তোমার মঙ্গল? বিন্ধ্যাচলের উন্নতিবৃত্তান্ত ও তোমার অত্র আগমনবৃত্তান্ত আমি অবগত হইয়াছি ॥ ১৯ অবিমুক্ত মহাক্ষেত্র বারাণসীর কুশলবৃত্তান্ত জিজ্ঞাসা করা বাহুল্যমাত্র, কারণ, তাহা ত্রিলোচন কর্ত্তৃক পরিরক্ষিত, তথায় গতায়ুদিগকে সাক্ষাৎ বিশ্বেশ্বর স্বয়ং মোক্ষদান করেন ॥ ২০ ॥ হে মুনে! ভূলোক, ভুবলোক, স্বর্লোক কি পাতালতল অথবা ঊর্দ্ধলোক, কুত্রাপি এতাদৃশ নির্ম্মলস্থান আমি নয়নগোচর করি নাই ॥ ২১ ॥ আমি সেই অবিমুক্ত ক্ষেত্রপ্রাপ্তি নিমিত্ত একাকী এই স্থানে তপস্যা করিতেছি, কিন্তু অদ্যাপি আমার মনোরথ সফল হয় নাই ॥ ২২ ॥ কি পুণ্য, কি দান, কি তপস্যা, কি জপ, কি বিবিধ যজ্ঞ, ঈশ্বরানুগ্রহ ব্যতিরেকে কিছুতেই সেই স্থান লাভ করা যায় না ॥ ২৩ ॥ সেই দেবদেব বিশ্বেশ্বর কৃপা করিলেই সুদুর্লভ

অন্যৈব কাচিৎ সা সৃষ্টির্বিধাতুর্যাঽতিরেকিণী।
ন তৎক্ষেত্রগুণান্ বক্তুমীশ্বরোঽপীশ্বরো যতঃ॥ ২৫॥
অহো মতেঃ সুদৌর্বল্যমহো ভাগ্যস্য দৌর্বিধম্।
অহো মোহস্য মাহাত্ম্যং যৎকাশীহ ন সেব্যতে॥ ২৬।
শরীরং জীর্য্যতে নিত্যং সংজীর্যন্তীন্দ্রিয়াণ্যপি।
আয়ুর্ম্মৃগো মৃগয়ুনা কৃতলক্ষ্যো হি মৃত্যুনা॥ ২৭।
সাপদং সম্পদং জ্ঞাত্বা সাপায়ং কায়মুচ্চকৈঃ।
চপলাচপলঞ্চায়ুর্ম্মত্বা কাশীং সমাশ্রয়েৎ॥ ২৮।
যাবন্নেত্যায়ুষশ্চান্তস্তাবৎ কাশী ন মুচ্যতে।
কালঃ কলালবস্যাপি সংখ্যাতুং নৈব বিস্মরেৎ॥ ২৯।
জরানিকটনিক্ষিপ্তা বাধন্তে ব্যাধয়ো ভৃশম্।
তথাপি দেহো নানেহো নাহো কাশীং সমীহতে॥ ৩০।

কাশীবাস সুলভ হয়, অন্যথা কোটি কোটি সুকৃতও কোন কার্য্যকর নহে ॥ ২৪॥ সেই কাশী বিধাতার সৃষ্টির অতিরিক্ত অপর কোন সৃষ্টি, যে হেতু স্বয়ং মহেশ্বরও ঐ ক্ষেত্রের সমস্ত গুণ বর্ণনে সমর্থ নহেন॥ ২৫॥ হায় বুদ্ধির কি দুর্ব্বলতা, ভাগ্যের কি অপকৃষ্টতা এবং মোহের কি প্রবলতা যে তাবৎ লোক এতাদৃশী কাশীপুরী সেবনে প্রবৃত্ত নহে॥ ২৬॥

এই শরীর ও ইন্দ্রিয়গণ অনুদিন জীর্ণ হইতেছে এবং কৃতান্ত-রূপ ব্যাধ নিরন্তরই আয়ুরূপ মৃগের উপরি লক্ষ্য স্থির করিয়া রহিয়াছে॥ ২৭॥ অতএব সম্পদ্ সকল বিপৎসঙ্কুল, এই কায় একান্ত অপায়বিশিষ্ট ও আয়ু চপলার ন্যায় চঞ্চল জানিয়া কাশীকেই আশ্রয় করিবে॥ ২৮॥ যাবৎ আয়ুর অবসান না হয়, তাবৎকাল কাশী পরিত্যাগ করা বিধেয় নহে, কৃতান্ত অতি অণুমাত্র কালও গণনা করিতে বিস্মৃত হয় না॥ ২৯॥ জরা সমাগত হইতে ব্যাধি সকল সন্নিহিত হইয়া প্রগাঢ়রূপে যন্ত্রণা দিতে আরম্ভ করে। তখনও শরীর নানা ব্যাপারে নিয়ত আসক্ত থাকে, কিন্তু

তীর্থস্নানেন জপ্যেন পরোপকরণোক্তিভিঃ।
বিনার্থং লভ্যতে ধর্ম্মো ধর্ম্মাদর্থঃ স্বয়ং ভবেৎ ॥ ৩১ ।
বিনৈবার্থার্জনোপায়ং ধর্মাদর্থো ভবেদ্ধ্রুবম্।
অতোঽর্থচিন্তামুৎসৃজ্য ধর্ম্মমেকং সমাশ্রয়েৎ ॥ ৩২ ॥
ধর্মাদর্থোঽর্থতঃ কামঃ কামাৎ সর্বসুখোদয়ঃ।
স্বর্গোপি সুলভোধর্ম্মাৎ কাশ্যেকা দুর্লভা পরম্ ॥ ৩৩
উপায়ত্রয়মেবাত্র স্থাণুর্নির্বাণকারণম্।
সর্ব্বাণ্যগ্রে বভাণাদ্ধা পরিনির্ণীয় সর্বতঃ ॥ ৩৪ ।
পূর্ব্বং পাশুপতো যোগস্ততস্তীর্থং সিতাসিতম্ ॥
ততোঽপ্যেকমনায়াসমবিমুক্তং বিমুক্তিদম্ ॥ ৩৫ ।
শ্রীশৈলহিমশৈলাদ্যা নানান্যায়তনানিচ।
ত্রিদণ্ডধারণং চাপি সংন্যাসঃ সর্বকর্ম্মণাম্ ॥ ৩৬ ।

কাশী গমনে উদ্‌যুক্ত হয় না ॥ ৩০ ॥ তীর্থস্নান, জপ, পরহিতোক্তি দ্বারা অর্থ ব্যতিরেকেই ধর্ম্মলাভ হয় ও তাহাহইলে অর্থ আপনিই আসিয়া উপস্থিত হয় ॥ ৩১ ॥ অর্থার্জ্জনের উপায় না থাকিলেও কেবল ধর্ম্ম দ্বারা অর্থলাভ হইয়া থাকে, অতএব অর্থচিন্তা পরিত্যাগ করিয়া এক ধর্ম্মকেই আশ্রয় করা উচিত ॥ ৩২ ॥ ধর্ম্ম হইতে অর্থ, অর্থ হইতে কাম, কাম হইতে সর্ব্বসুখোৎপত্তি হয়। ধর্ম্ম হইতে স্বর্গও সুলভ, কেবল কাশী দুর্লভ ॥ ৩৩ ॥ ভগবান্ শম্ভু সর্ব্বশাস্ত্রার্থ নির্ণয় করিয়া পার্ব্বতীর সমীপে উপায়ত্রয়কেই সাক্ষাৎ নির্ব্বাণ-কারণ বলিয়া নির্দ্দেশ করিয়াছেন ॥ ৩৪ ॥ সে উপায়ত্রয় এই, প্রথমতঃ পাশুপত যোগ, দ্বিতীয় প্রয়াগ তীর্থ, তৃতীয় আয়াসশূন্য অবিমুক্ত ক্ষেত্র, এতত্ত্রয়ই মুক্তিপ্রদ ॥ ৩৫ ॥ শ্রীশৈল হিমশৈলাদিতীর্থ, পুরুষোত্তমাদি নানা আয়তন, ত্রিদণ্ডধারণ, সর্ব্বকর্ম্মসংন্যাস, নানারূপ তপস্যা, যম, নিয়ম, ব্রতাদি, সিন্ধুসঙ্গম, নৈমিষাদি অরণ্য, ধৃতি প্রভৃতি মানসকার্য্য, ধারাতীর্থাদি পার্থিবতীর্থ, নব উষর, পীঠসমস্ত,

তপাংসি নানারূপাণি ব্রতানি নিয়মা যমাঃ।
সিন্ধূনামপি সম্ভেদা অরণ্যানি বহূন্যপি॥ ৩৭।
মানসান্যপি ভৌমানি ধারাতীর্থাদিকানি চ।
উষরাশ্চাপি পীঠানি হ্যচ্ছিন্নাম্নায়পাঠনম্॥ ৩৮।
জপশ্চাপি মন্ত্রনাঞ্চ তথাগ্নিহবনানি চ।
দানানি নানাক্রতবো দেবতোপাসনানি চ॥ ৩৯।
ত্রিরাত্রং পঞ্চরাত্রাণি সাংখ্যযোগাদয়স্তথা।
বিষ্ণোরারাধনং শ্রেষ্ঠং মুক্তয়েঽভিহিতং কিল॥ ৪০।
পুর্য্যশ্চাপি সমাখ্যাতা মৃতজন্তুবিমুক্তিদাঃ।
কৈবল্যসাধনানীহ ভবন্ত্যেব বিনিশ্চিতম্॥ ৪১।
এতানি যানি প্রোক্তানি কাশীপ্রাপ্তিকরাণি চ।
প্রাপ্য কাশীং ভবেন্মুক্তো জন্তুর্নান্যত্র কুত্রচিৎ॥ ৪২।
অতএব হি তৎ ক্ষেত্রং পবিত্রমতিচিত্রকৃৎ।
বিশ্বেশিতুঃ প্রিয়ং নিত্যং বিশ্বগ্‌ব্রহ্মাণ্ডমণ্ডলে॥ ৪৩।
ইদমেব হি তৎ ক্ষেত্রং কুশলপ্রশ্নকারণং।
এহ্যেহি দেহি মে স্পর্শং নিজগাত্রস্য সুব্রত॥ ৪৪।

ছেদাদিদোষরহিত বেদ পাঠ, মন্ত্রজপ, হুতাশনে আহুতিদান, নানা দান বিবিধ যজ্ঞ ও উপাসনা, ত্রিরাত্র ও পঞ্চরাত্র উপবাস, সাঙ্খ্যযোগাদি ও বিষ্ণুর আরাধনা এ সকলই মুক্তির সাধন বলিয়া উক্ত হইয়াছে। ৩৬। ৩৭।৩৮।৩৯।৪০ অযোধ্যাদি পুরীও মুক্তিপ্রদ, তাহাতে সন্দেহ নাই। ৪১। এই যে সকল মুক্তিসাধন বলিয়া উল্লিখিত হইল, এতৎ সমস্তই কাশী প্রাপ্তির কারণ এবং কাশী প্রাপ্ত হইয়াই জন্তু মুক্তি প্রাপ্ত হয়, অন্য কোন স্থানেই হয় না ॥৪২॥ এই জন্যই কাশীক্ষেত্র অতিপবিত্র ও বিচিত্র, এই জন্যই নিখিলব্রহ্মাণ্ডমণ্ডলমধ্যে এই শাশ্বত স্থান বিশ্বেশ্বরের অতি প্রিয়। ৪৩ ইহাই সেই ক্ষেত্রের কুশল প্রশ্ন জিজ্ঞাসার কারণ।

অপি কাশ্যাঃ সমাগচ্ছৎ * স্পর্শবৎস্পর্শ ইষ্যতে।
ময়াত্র তিষ্ঠতা নিত্যং কিন্তু ত্বং তত আগতঃ ॥ ৪৫ ।
ত্রিরাত্রমপি যে কাশ্যাং বসন্তি নিয়তেন্দ্রিয়াঃ।
তেষাং পুনন্তি নিয়তং স্পৃষ্টাশ্চরণরেণবঃ ॥ ৪৬।
ত্বন্তু তত্র কৃতাবাসঃ কৃতপুণ্যমহোচ্চয়ঃ।
উত্তরপ্রবহাস্নান-জাতপিঙ্গলমূৰ্দ্ধজঃ ॥ ৪৭।
তব তত্র তু যৎকুণ্ড-মগস্তীশ্বরসন্নিধৌ।
তত্র স্নাত্বা চ পীত্বা চ কৃতসৰ্ব্বোদকক্রিয়ঃ ॥ ৪৮।
পিতৃন্ পিণ্ডৈঃ সমভ্যর্চ্য শ্রদ্ধাশ্রাদ্ধবিধানতঃ।
কৃতকৃত্যো ভবেজ্জন্তু র্বারাণস্যাঃ ফলং লভেৎ ॥ ৪৯।
ইত্যুক্ত্বা সৰ্ব্বগাত্রাণি স্পৃষ্ট্বা কুম্ভোদ্ভবস্য চ।
স্কন্দঃ সুধাসরোবারি বিগাহ্য সুখমাপ্তবান্ ॥ ৫০।

হে সুব্রত! আইস, আমাকে তোমার গাত্রের স্পর্শ প্রদান কর। ৪৪। আমি এই স্থানে থাকিয়া কাশী হইতে সমাগত সমীরণাদিরও স্পর্শ আকাঙ্ক্ষা করিয়া থাকি, তুমি তো সাক্ষাৎ তথা হইতেই আগত হইলে।৪৫। যাহারা সংযতেন্দ্রিয় হইয়া ত্রিরাত্র কাশীবাস করে, তাহাদের চরণরেণু-স্পর্শ হইলে নিশ্চয়ই সকলে পবিত্র হয়। ৪৬। তুমি তো তথায় বসতি করিয়া মহাপুণ্যরাশি সঞ্চয় করিয়াছ, উত্তরপ্রবহস্নানে তোমার কেশসমূহ পিঙ্গলবর্ণ হইয়াছে।৪৭। অগস্তীশ্বরসমীপে তোমার যে কুণ্ড আছে, তথায় স্নান, তজ্জল পান ও তাহাতে তর্পণাদিক্রিয়াপূর্ব্বক যথাবিধানে পিতৃগণের উদ্দেশে পিণ্ডদান ও অর্চ্চনাদি করিলে মনুষ্য কৃতার্থ হয় ও তাহার বারাণসীর ফললাভ হয়। ৪৮। ৪৯। এই বলিয়া কার্ত্তিকেয় কুম্ভযোনি অগস্ত্যের সৰ্ব্বগাত্র স্পর্শ করিয়া সুখাতিশয়ে যেন সুধাময় সরোবর-

* পবনস্পর্শ ইতি ক্বচিৎ।

জয় বিশ্বেশ নেত্রাণি বিনিমীল্য বদন্নপি ।
ততঃ কিঞ্চিৎ ক্ষণং দধ্যৌ গুহঃ স্থাণুরিবনিশ্চলঃ ॥ ৫১ ।
স্কন্দে বিসর্জিতধ্যানে সুপ্রসন্নমনোমুখে ।
প্রতীক্ষ্য বাগবসরং পপ্রচ্ছাথ মুনির্গুহম্ ॥ ৫২ ।

অগস্তিরুবাচ—

স্বামিন্ যথা ভগবতা ভগবত্যৈ পুরাঽকথি ।
বারাণস্যাস্তু মহিমা হিমশৈলভুবে মুদা ॥ ৫৩ ।
ত্বয়া যথা সমাকর্ণি তদুৎসঙ্গনিবাসিনা ।
তথা কথয় ষড্‌বক্ত্র তৎ ক্ষেত্রং মেঽতিরোচতে ॥ ৫৪ ।

স্কন্দ উবাচ—

শৃণুষ্ব মৈত্রাবরুণে যথা ভগবতাঽকথি ।
তৎক্ষেত্রস্যাবিমুক্তস্য মম মাতুঃ পুরঃ পুরা ॥ ৫৫ ।
শ্রুতঞ্চ যত্তদুৎসঙ্গে স্থিতেন স্থিরচেতসা ।
মাহাত্ম্যং তচ্ছৃণু মুনে কথ্যমানং ময়ানঘ ॥ ৫৬ ।

সলিলে অবগাহন করিলেন । ৫০ । অনন্তর নিমীলিত-নেত্রে জয় বিশ্বেশ্বর এই কথা বলিয়া স্থাণুর ন্যায় নিশ্চলভাবে কিয়ৎকাল অবস্থিত রহিলেন । ৫১ । ক্ষণকালপরে প্রসন্ন অন্তঃকরণে ও প্রসন্নবদনে কার্ত্তিকেয় ধ্যান ভঙ্গ করিলে অগস্ত্য বাক্যের অবসর বুঝিয়া তাঁহাকে জিজ্ঞাসা করিলেন । ৫২ । অগস্ত্য কহিলেন, স্বামিন্ ষড়ানন ! পূর্ব্বকালে ভগবান্ মহেশ্বর ভগবতী গিরিরাজপুত্রীর নিকট কাশীপুরীর যে মাহাত্ম্য কীর্ত্তন করিয়াছিলেন, আপনি তাঁহার ক্রোড়দেশে উপবিষ্ট হইয়া যাহা শ্রবণ করিয়াছিলেন, সেই বৃত্তান্ত আমাকে বলুন, ঐ পুরী আমার নিরতিশয় প্রীতিকর । ৫৩ । ৫৪ । স্কন্দ কহিলেন, হে মৈত্রাবরুণে ! ভগবান্ আমার জননীর সন্নিধানে ঐ অবিমুক্ত ক্ষেত্রের যে মাহাত্ম্য কীর্ত্তন করিয়াছিলেন, তাহা বলিতেছি, শ্রবণ কর । ৫৫ । হে অনঘ !

গুহ্যানাং পরমং গুহ্যমবিমুক্তমিহেরিতম্।
তত্র সন্নিহিতা সিদ্ধির্যত্র নিত্যং স্থিতো বিভুঃ ॥ ৫৭।
ভূর্লোকেনৈব সংলগ্নং তৎ ক্ষেত্রং ত্বন্তরীক্ষগম্।
অযোগিনো ন বীক্ষন্তে পশ্যন্ত্যেব চ যোগিনঃ ॥ ৫৮।
যস্তত্র নিবসেদ্বিপ্র সংযতাত্মা সমাহিতঃ।
ত্রিকালমপি ভুঞ্জানো বায়ুভক্ষসমো ভবেৎ ॥ ৫৯।
নিমেষমাত্রমপি যো হ্যবিমুক্তেঽতিভক্তিভাক্।
ব্রহ্মচর্য্যসমাযুক্তং তেন তপ্তং মহত্তপঃ ॥ ৬০।
যস্তু মাসং বসেদ্ধীরো লঘ্বাহারো জিতেন্দ্রিয়ঃ।
সর্ব্বং তেন ব্রতং চীর্ণং দিব্যং পাশুপতং ভবেৎ ॥ ৬১।
সংবৎসরং বসংস্তত্র জিতক্রোধো জিতেন্দ্রিয়ঃ।
অপরস্ববিপুষ্টাঙ্গঃ পরান্নপরিবর্জকঃ ॥ ৬২।

ক্রোড়দেশে অবস্থান করিয়া স্থিরচিত্তে যাহা শুনিয়াছি, তাহাই সবিস্তর কহিতেছি। ৫৬। ঐ অবিমুক্ত ক্ষেত্র গোপনীয়ের মধ্যে পরমগোপনীয় বলিয়া কথিত আছে। সিদ্ধি ঐ স্থানে নিয়ত সন্নিহিত এবং ভগবান্ও ঐ স্থানে নিত্যসংস্থিত। ৫৭। ঐ ক্ষেত্র ভূলোক-সংলগ্ন হইয়াও অন্তরীক্ষ-গত, কিন্তু যোগপরায়ণ ভিন্ন অন্য কাহার তাহা নেত্রগোচর হয় না। ৫৮। হে বিপ্র! যিনি সমাহিত ও সংযতাত্মা হইয়া ঐ পুরীতে বাস করেন, তিনি প্রত্যহ ত্রিকাল ভোজন করিলেও বায়ুভক্ষ যোগীর তুল্য। ৫৯। যিনি মুহূর্ত্তমাত্রও অবিমুক্তক্ষেত্রে অতিভক্তিমান্ হয়েন, ব্রহ্মচর্য্য সহিত মহাতপঃ তাঁহাকর্ত্তৃক আচরিত হয়। ৬০। যে ধীর লঘ্বাহার ও জিতেন্দ্রিয় হইয়া এক মাস ঐ স্থানে বাস করেন, দিব্য পাশুপতব্রত, তাঁহা কর্ত্তৃক কৃত হয়। ৬১। সংবৎসরকাল ঐ স্থানে জিতক্রোধ, জিতেন্দ্রিয়, পরধন ও পরান্নপরিত্যাগী, পরাপবাদরহিত ও ঈষৎ দানপরায়ণ হইয়া বাস করিলে, অন্যত্র সহস্রবৎসর তপস্যা

পরাপবাদরহিতঃ কিঞ্চিদ্দানপরায়ণঃ।
সমাঃ সহস্রমন্যত্র তেন তপ্তং মহত্তপঃ ॥ ৬৩ ।
যাবজ্জীবং বসেদযস্তু ক্ষেত্রমাহাত্ম্যবিন্নরঃ।
জন্মমৃত্যুভয়ং হিত্বা স যাতি পরমাং গতিং ॥ ৬৪ ।
ন যোগৈর্যা গতির্লভ্যা জন্মান্তরশতৈরপি ।
অন্যত্র হেলয়া সাত্র লভ্যেশস্য প্রসাদতঃ ॥ ৬৫।
ব্রহ্মহা যোঽভিগচ্ছেদ্বৈ দৈবাদ্বারাণসীং পুরীম্ ।
তস্য ক্ষেত্রস্য মাহাত্ম্যাদ্ব্রহ্মহত্যা নিবর্ত্ততে ॥ ৬৬ ।
আদেহপতনং যাবৎ অবিমুক্তং ন মুঞ্চতি ।
ন কেবলং ব্রহ্মহত্যা প্রকৃতিশ্চ নিবর্ত্ততে ॥ ৬৭ ।
অনন্যমানসো ভূত্বা তৎ ক্ষেত্রং যো ন মুঞ্চতি ।
স মুঞ্চতি জরামৃত্যুং গর্ভবাসং সুদুঃসহং ॥ ৬৮ ।
অবিমুক্তং নিষেবেত দেবর্ষিগণসেবিতম্ ।
যদীচ্ছেন্মানবো ধীমান্ ন পুনর্জননং ভুবি ॥ ৬৯।

করার ফল হয়। ৬২। ৬৩। আর যে ব্যক্তি ক্ষেত্রমাহাত্ম্য অবগত হইয়া যাবজ্জীবন ঐ স্থানে বাস করে, সে জন্ম-মৃত্যু-ভয়বিবর্জ্জিত হইয়া পরমা গতি প্রাপ্ত হয়। ৬৪। অন্যত্র তপস্যা দ্বারা শত শত জন্মেও যে গতি প্রাপ্ত হওয়া যায় না, ঈশের প্রসাদে এখানে তাহা অবলীলা-ক্রমে লাভ করা যায়। ৬৫। যে ব্যক্তি ব্রহ্মহত্যা করিয়াও দৈবগতিকে বারাণসী গমন করে, ক্ষেত্র-মাহাত্ম্যে তাহার ব্রহ্মবধজনিত মহাপাতকও নিবৃত্ত হয়। ৬৬। যাবৎ দেহপতন না হয়, তাবৎকাল যদি কেহ অবিমুক্তক্ষেত্রপরিত্যাগ না করে, কেবল ব্রহ্মহত্যা কেন, অবিদ্যাও তাহা হইতে নিবৃত্ত হয়। ৬৭। যে ব্যক্তি অনন্যমনা হইয়া এতৎক্ষেত্রত্যাগী না হয়, সে জরা, মৃত্যু এবং সুদুঃসহ গর্ভবাসও পরিত্যাগ করে। ৬৮। যে বুদ্ধিমান্ মানব এই পৃথিবীতে পুনর্ব্বার জন্ম পরিগ্রহ করিতে বাঞ্ছা

অবিমুক্তং ন মুঞ্চেত সংসারভয়মোচনম্।
প্রাপ্য বিশ্বেশ্বরং দেবং ন স ভূয়োঽভিজায়তে॥ ৭০।
কৃত্বা পাপসহস্রাণি পিশাচত্বং বরং ত্বিহ।
নতু ক্রতুশতং প্রাপ্য স্বর্গে কাশীপুরীং বিনা॥ ৭১।
অন্তকালে মনুষ্যাণাং ভিদ্যমানেষু মর্ম্মসু।
বাতেনাভুদ্যমানানাং স্মৃতির্নৈবোপজায়তে॥ ৭২।
তত্রোৎক্রমণকালে তু সাক্ষাদ্বিশ্বেশ্বরঃ স্বয়ম্।
ব্যাচষ্টে তারকং ব্রহ্ম যেনাসৌ তন্ময়োভবেৎ॥ ৭৩।
অশাশ্বতমিদং জ্ঞাত্বা মানুষ্যং বহুকিল্বিষম্।
অবিমুক্তং নিষেবেত সংসারভয়নাশনম্॥ ৭৪।
বিঘ্নৈরালোড্যমানোঽপি যোঽবিমুক্তং ন মুঞ্চতি।
নৈঃশ্রেয়সীং শ্রিয়ং প্রাপ্য দুঃখান্তং সোঽধিগচ্ছতি॥ ৭৫।

না করেন, তিনি দেবতা ও ঋষিগণসেবিত এই অবিমুক্তক্ষেত্র সেবা করিবেন। ৬৯। অবিমুক্তক্ষেত্র পরিত্যাগ না করিলে সংসার ভয় হইতে মুক্ত হয় এবং বিশ্বেশ্বর প্রাপ্তির অনন্তর আর তাহাকে জন্মগ্রহণ করিতে হয় না। ৭০। কাশীতে সহস্রং পাপ করিয়া পিশাচত্বপ্রাপ্তিও বরং ভাল, কিন্তু কাশী পরিত্যাগ করিয়া শত শত যজ্ঞ দ্বারা স্বর্গপ্রাপ্তিও তাদৃশ কার্য্যকারী নহে। ৭১। অন্তিমকালে যখন মনুষ্যগণের মর্ম্মভেদ হয়, তখন বায়ুজনিতপীড়াবশে তাহাদের কিছুই স্মৃতি থাকে না, কিন্তু এই ক্ষেত্রে প্রাণবায়ুর উৎক্রমণকালে সাক্ষাৎ ভগবান বিশ্বেশ্বর তাহাদিগকে তারকব্রহ্মনাম শ্রাবণ করেন, যদ্দ্বারা তাহারা তন্ময়ত্ব প্রাপ্ত হয়। ৭২। ৭৩। এই মনুষ্যলোক অনিত্য ও কলুষপূর্ণ জানিয়া সংসার-ভয়হারী বারাণসীকেই সেবা করিবে। ৭৪। বহু বিঘ্নদ্বারা আলোড্যমান হইয়াও যে ব্যক্তি এই ক্ষেত্র পরিত্যাগ না করে, সে নির্ব্বাণসম্পত্তি লাভ

মহাপাপৌঘশমনীং পুণ্যোপচয়কারিণীম্।
ভুক্তিমুক্তিপ্রদামন্তে কো ন কাশীং সুধীঃ শ্রয়েৎ॥ ৭৬।
এবং জ্ঞাত্বা তু মেধাবী নাবিমুক্তং ত্যজেন্নরঃ।
অবিমুক্তপ্রসাদেন বিমুক্তো জায়তে যতঃ॥ ৭৭।
অবিমুক্তস্য মাহাত্ম্যং ষড়্ভির্ব্বক্তে্রঃ কথং ময়া।
বক্তুং শক্যং ন শক্নোতি সহস্রাস্যোঽপি যৎ পরম্॥ ৭৮।

ইতিশ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে স্কন্দাগস্ত্যদর্শনং
নাম পঞ্চবিংশতিতমোঽধ্যায়ঃ।

করিয়া সমস্ত দুঃখের অবসানপ্রাপ্ত হয়। ৭৫। মহাপাপরাশির উপশমন-কারিণী, পুণ্যরাশির বৃদ্ধিবিধায়িনী ও ভোগ-মোক্ষ-প্রদায়িনী এই কাশী পুরীকে অন্তকালে কোন্ ব্যক্তি আশ্রয় করিতে না চাহিবে? ৭৬। অবিমুক্ত প্রসাদে মুক্তি প্রাপ্তি হয়, ইহা জ্ঞাত হইয়া মেধাবী মনুষ্য কখনও কাশীপুরী পরিত্যাগ করিবেক না। ৭৭। অবিমুক্তক্ষেত্রের মাহাত্ম্য আমি ছয় মুখে কি রূপে কীর্ত্তন করিব, অনন্তদেব সহস্রমুখেও ইহার পরম মাহাত্ম্য বলিয়া শেষ করিতে পারেন না। ৭৮।

ইতি শ্রীস্কন্দপুরাণান্তর্গত কাশীখণ্ডে স্কন্দাগস্ত্যদর্শননামক
পঞ্চবিংশতিতম অধ্যায়।

ষড়্বিংশতিতমোঽধ্যায়ঃ।

অগস্তিরুবাচ—

প্রসন্নোঽসি যদি স্কন্দ ময়ি প্রীতিরনুত্তমা।
তৎ সমাচক্ষ্ব ভগবন্ চিরং যন্মে হৃদি স্থিতম্॥ ১।
অবিমুক্তমিদং ক্ষেত্রং কদারভ্য ভুবস্তলে।
পরাং প্রথিতিমাপন্নং মোক্ষদঞ্চাভবৎকথম্॥ ২।
কথমেষা ত্রিলোকীড্যা গীয়তে মণিকর্ণিকা।
তত্রাসীৎ কিং পুরা স্বামিন্ যদা নাঽমরনিম্নগা॥ ৩।
বারাণসীতি কাশীতি রুদ্রাবাস ইতি প্রভো।
অবাপ নামধেয়ানি কথমেতানি সা পুরী।
আনন্দকাননং রম্য মবিমুক্তমনন্তরম্॥ ৪।

ষড়্বিংশতিতম অধ্যায়।

অগস্ত্য কহিলেন, হে ভগবন্ স্কন্দ! আপনি যদি আমার প্রতি প্রসন্ন হইয়া থাকেন, এবং আমাতে যদি আপনার অনুত্তমা প্রীতি থাকে, তা হইলে আমার হৃদয়স্থিত চিরাভিলষিত, অনুগ্রহ করিয়া প্রকাশ করুন। ১। এই ক্ষেত্র পৃথিবীতলে কতকাল হইতে অতি বিখ্যাত হইয়াছে, কেনই বা ইহা অবিমুক্ত নাম ধারণ করিয়াছে। কি জন্যই বা ইহা মোক্ষদ হইল। ২। হে স্বামিন্! কেনইবা এই মণিকর্ণিকা ত্রিলোক-পূজ্যা হইলেন? সরিৎবরা সুরধুনী গঙ্গাই বা কোন পূর্ব্বকাল হইতে এই স্থানে অবস্থিতি করিতেছেন? ৩। কি কারণে এই পুরী বারাণসী, কাশী, রুদ্রাবাস, রমণীয় আনন্দকানন এবং অবিমুক্ত নাম

মহাশ্মশানইতি চ কথং খ্যাতং শিখিধ্বজ।
এতদিচ্ছাম্যহং শ্রোতুং সন্দেহং মেঽপনোদয় ॥ ৫ ॥

স্কন্দ উবাচ—

প্রশ্নভারোঽয়মতুল স্ত্বয়া যঃ সমুদাহৃতঃ।
কুম্ভযোনেঽমুমেবার্থমপ্রাক্ষীদম্বিকা হরম্ ॥ ৬।
যথা চ দেবদেবেন সর্ব্বজ্ঞেন নিবেদিতম্।
জগন্মাতুঃ পুরস্তাচ্চ তথৈব কথয়ামি তে ॥ ৭।
মহাপ্রলয়কালে চ নষ্টে স্থাবরজঙ্গমে।
আসীত্তমোময়ং সর্ব্ব মনর্কগ্রহতারকম্ ॥ ৮।
অচন্দ্রমনহোরাত্র মনগ্ন্যনিলভূজলম্।
অপ্রধানং বিপচ্ছূন্য মন্যতেজোবিবর্জ্জিতম্ ॥ ৯।
দ্রষ্টৃত্বাদিবিহীনঞ্চ শব্দস্পর্শসমুজ্‌ঝিতম্।
ব্যপেতগন্ধরূপঞ্চ রসত্যক্তমদিঙ্মুখম্ ॥ ১০।

ধারণ করিয়াছে। হে শিখিধ্বজ! কি কারণে ইহা মহাশ্মশান বলিয়া বিখ্যাত হইয়াছে, এই সকল বিষয় শ্রবণ করিবার নিমিত্ত আমার একান্ত ইচ্ছা, অতএব কৃপা করিয়া আমার সংশয় অপনোদন করুন। ৪।৫। স্কন্দ কহিলেন, হে কুম্ভযোনে! তুমি যে উৎকৃষ্ট প্রশ্ন আমার কাছে করিলে, পুরাকালে পার্ব্বতী এই প্রশ্ন মহাদেবের নিকটও করিয়াছিলেন। ৬। পূর্ব্বকালে সর্ব্বজ্ঞ দেবদেব মহাদেব জগন্মাতা পার্ব্বতীর নিকট যাহা কীর্ত্তন করিয়াছিলেন, তোমার নিকট তাহা বলিতেছি তাহা শ্রবণ কর। ৭। মহাপ্রলয় সময়ে স্থাবর জঙ্গম সকল বিনষ্ট হইলে সূর্য্য, চন্দ্র, গ্রহ, নক্ষত্র, অগ্নি, বায়ু ও জল রহিত হইয়া এই জগৎ অন্ধকারময় ছিল এবং স্বতন্ত্রতা-রহিত, আকাশহীন ও অন্যান্য তেজোবিবর্জ্জিত ছিল। দর্শনাদি, রূপ, রস, গন্ধ, স্পর্শ এবং পূর্ব্ব পশ্চিমাদি

ইত্থং সত্যন্ধতমসে সূচীভেদ্যে নিরন্তরে।
তৎসদ্ব্রহ্মেতি যচ্ছ্রুত্যা সদৈকং প্রতিপাদ্যতে॥ ১১।
অমনোগোচরো বাচাং বিষয়ং ন কথঞ্চন।
অনামরূপবর্ণঞ্চ ন স্থূলং নচ যৎ কৃশম্॥ ১২।
অহ্রস্বদীর্ঘমলঘু গুরুত্বপরিবর্জ্জিতম্।
ন যত্রোপচয়ঃ কশ্চিত্তথা চাপচয়োঽপি চ॥ ১৩।
অভিধত্তে সচকিতং যদস্তীতি শ্রুতিঃ পুনঃ।
সত্যং জ্ঞানমনন্তঞ্চ যদানন্দং পরংমহঃ॥ ১৪।
অপ্রমেয়মনাধারমবিকারমনাকৃতি।
নির্গুণং যোগিগম্যঞ্চ সর্ব্বব্যাপ্যেককারণম্॥ ১৫।
নির্বিকল্পং নিরারম্ভং নির্ম্মায়ং নিরুপদ্রবম্।
যস্যেত্থং সংবিকল্প্যন্তে সংজ্ঞাঃ সংজ্ঞোজ্ঝিতস্য বৈ॥ ১৬
তস্যৈকলস্য চরতো দ্বিতীয়েচ্ছাভবৎকিল।
অমূর্ত্তেন স্বমূর্ত্তিশ্চ তেনাকল্পি স্বলীলয়া॥ ১৭।

কোন দিকই ছিল না।৮।৯।১০।এই রূপ ব্রহ্মবিদ্যানাশ্যনিবিড়ান্ধকারময় হইলে, শ্রুতি যাহাকে তৎসৎ ব্রহ্ম বলিয়া প্রতিপন্ন করেন। ১১। যিনি বাক্য মনের অগোচর, যিনি নামরূপ বর্ণ বিবর্জ্জিত, যিনি স্থূলতা কৃশতা-রহিত যিনি হ্রস্ব দীর্ঘ লঘুতা গুরুতা শূন্য যাহার বৃদ্ধি নাই ক্ষয় নাই। শ্রুতি যাঁহাকে অস্তি বলিয়া অভিধান করিতেছেন। যিনি সত্যময়, জ্ঞানময়, আনন্দময়, অনন্ত অর্থাৎ বিবিধ পরিচ্ছদ রহিত, যিনি পরম জ্যোতিঃস্বরূপ যিনি অপ্রেমেয়, অনাধার, অবিকার, অনাকৃতি, অশরীরী, যিনি গুণাতীত এবং যোগিগণের ধ্যেয়, যিনি সর্ব্বব্যাপক এবং সকলের একমাত্র কারণ যিনি নির্ব্বিকল্প, নিরারম্ভ, মায়াবিহীন ও উপদ্রব শূন্য, নাম বিবর্জ্জিত হইয়াও যিনি এই সকল নামে কথিত হইতেছেন। ১২।১৩।১৪।১৫।১৬। এবম্বিধ সেই সর্ব্বশক্তিমান্ মহাদেবের ইচ্ছা নাম্নী দ্বিতীয়া শক্তি হইয়াছিল। অনন্তর সেই অমূর্ত্ত মহাদেব স্বকীয়

সর্ব্বৈশ্বর্য্যগুণোপেতা সর্ব্বজ্ঞানময়ী শুভা।
সর্ব্বগা সর্ব্বরূপা চ সর্ব্বদৃক্ সর্ব্বকারিণী।
সর্ব্বৈকবন্দ্যা সর্ব্বাদ্যা সর্ব্বদা সর্ব্বসঙ্কৃতিঃ ॥ ১৮।
পরিকল্প্যেতি তাং মূর্ত্তিমীশ্বরীং শুদ্ধরূপিণীম্।
অন্তর্দধে পরাখ্যং যদ্ব্রহ্ম সর্ব্বগমব্যয়ম্ ॥ ১৯।
অমূর্ত্তং যৎপরাখ্যং বৈ তস্য মূর্ত্তিরহং প্রিয়ে।
অর্ব্বাচীনপরাচীন মীশ্বরং মাং জগুর্বুধাঃ ॥ ২০।
ততস্তদেকলেনাপি স্বৈরং বিহরতা ময়া।
স্ববিগ্রহাৎ স্বয়ং সৃষ্টা স্বশরীরানপায়িনী ॥ ২১।
প্রধানং প্রকৃতিং ত্বাঞ্চ মায়াং গুণবতীং পরাম্।
বুদ্ধিতত্ত্বস্য জননীমাহুর্বিকৃতিবর্জ্জিতাম্ ॥ ২২।
যুগপচ্চ ত্বয়া শক্ত্যা সাকং কালস্বরূপিণা।
ময়াদ্যপুরুষেণৈতৎ ক্ষেত্রঞ্চাপি বিনির্ম্মিতম্ ॥ ২৩।

মায়াদ্বারা বিবিধ ঐশ্বর্য্য গুণশালিনী, সর্ব্বজ্ঞানময়ী, সর্ব্বত্রগামিনী, সর্ব্বরূপিণী, সর্ব্বকারণকারিণী, সকলের একমাত্র বন্দনীয়া, সকলের আদি, সর্ব্বপ্রদায়িনী এবং জগৎ সৃষ্টিকারিণী স্বীয় মূর্ত্তি সৃষ্টি করিলেন। তদনন্তর সেই অব্যয়, সর্ব্বগ, পরম ব্রহ্ম এবম্বিধা পবিত্রা ঐশ্বরী মূর্ত্তি কল্পনা করিয়া অন্তর্হিত হইলেন। ১৭।১৮।১৯ হে প্রিয়ে! আমি স্বয়ংই সেই পরাখ্য অমূর্ত্ত ব্রহ্মেরই মূর্ত্তি। পণ্ডিতগণ আমাকেই কার্য্যকারণরূপী বলিয়া কীর্ত্তন করিয়া থাকেন। ২০। আমিই একাকী স্বৈরবিহারী হইয়া আত্মশরীরের অব্যভিচারিণী তোমাকে স্বীয় শরীর হইতে সৃষ্টি করিয়াছি। ২১। পণ্ডিতগণ ত্বদীয় মূর্ত্তিকেই প্রধানা প্রকৃতি, মায়া, পরম গুণবতী, বুদ্ধিতত্ত্বজননী, এবং বিকার বর্জ্জিত বলিয়া কীর্ত্তন করিয়া থাকেন। ২২। সেই আদিপুরুষ কালস্বরূপ আমি, শক্তিরূপিণী

স্কন্দ উবাচ—

সা শক্তিঃ প্রকৃতিঃ প্রোক্তা স পুমানীশ্বরঃ পরঃ।
তাভ্যাঞ্চ রমমাণাভ্যাং তস্মিন্ ক্ষেত্রে ঘটোদ্ভব॥ ২৪।
পরমানন্দরূপাভ্যাং পরমানন্দরূপিণি।
পঞ্চক্রোশপরীমাণে স্বপাদতলনির্ম্মিতে॥ ২৫।
মুনে প্রলয়কালেঽপি ন তৎ ক্ষেত্রং কদাচন।
বিমুক্তং হি শিবাভ্যাং যদবিমুক্তং ততো বিদুঃ॥ ২৬।
ন যদা ভূমিবলয়ং ন যদাপাং সমুদ্ভবঃ।
তদা বিহর্ত্তুমীশেন ক্ষেত্রমেতদ্বিনির্ম্মিতম্॥ ২৭।
ইদং রহস্যং ক্ষেত্রস্য বেদ কোঽপি ন কুম্ভজ!
নাস্তিকায় ন বক্তব্যং কদাচিদ্ধর্ম্মচক্ষুষে॥ ২৮।
শ্রদ্ধালবে বিনীতায় ত্রিকালজ্ঞানচক্ষুষে।
শিবভক্তায় শান্তায় বক্তব্যঞ্চ মুমুক্ষবে॥ ২৯।

তোমাকে এবং এই পবিত্রধাম কাশীক্ষেত্রকে এক সময়েই নির্ম্মাণ করিয়াছি। ২৩।

স্কন্দ অগস্ত্যকে সম্বোধন করিয়া কহিলেন, হে কুম্ভযোনে! সেই শক্তিই পরম প্রকৃতি এবং সেই ঈশ্বরই পরম পুরুষ বলিয়া কীর্ত্তিত হইয়া থাকেন। ২৪। স্বীয় পাদতল-বিনির্ম্মিত পঞ্চক্রোশ-পরিমিত সেই আনন্দময় কাশীধামে মহাদেব ও ভগবতী সর্ব্বদাই বিহার করেন। হে মুনে! প্রলয়কালেও তাঁহারা কাশীধাম পরিত্যাগ করেন না এই জন্য পণ্ডিতেরা কাশীধামকে অবিমুক্ত বলিয়া কীর্ত্তন করেন। ২৫।২৬ যে কালে ভূমণ্ডল এবং জলের সৃষ্টি হয় নাই সেই সময়ে মহাদেব, বিহারার্থ এই ক্ষেত্র নির্ম্মাণ করিয়াছেন। ২৭। হে কুম্ভযোনে! এই পরম পবিত্র কাশীধামের অতি গোপনীয় বৃত্তান্ত কেহই অবগত নহেন। এ বৃত্তান্ত ধার্ম্মিক ব্যক্তি ব্যতীত নাস্তিকের নিকট বক্তব্য নহে। ২৮। যিনি বিনীত, শ্রদ্ধালু, ত্রিকালজ্ঞ, শিবভক্ত, শান্তপ্রকৃতি এবং মুমুক্ষু,

অবিমুক্তং তদারভ্য ক্ষেত্রমেতদুদীর্য্যতে ।
পর্য্যঙ্কভূতং শিবয়োর্নিরন্তরসুখাস্পদম্ ॥ ৩০ ।
অভাবঃ কল্প্যতে মূঢ়ৈর্যদা চ শিবয়োস্তয়োঃ ।
ক্ষেত্রস্যাস্য তদাভাবঃ কল্প্যোনির্ব্বাণকারিণঃ ॥ ৩১ ।
অনারাধ্য মহেশান মনবাপ্য চ কাশিকাম্ ।
যোগাদ্যুপায়বিজ্ঞোঽপি ন নির্ব্বাণমবাপ্নুয়াৎ ॥ ৩২ ।
অস্যানন্দবনং নাম পুরাকারি পিনাকিনা ।
ক্ষেত্রস্যানন্দহেতুত্বা দবিমুক্তমনন্তরম্ ॥ ৩৩ ।
আনন্দকন্দবীজানা মঙ্কুরাণি যতস্ততঃ ।
জ্ঞেয়ানি সর্ব্বলিঙ্গানি তস্মিন্নানন্দকাননে ॥ ৩৪ ।
অবিমুক্তমিতি খ্যাতমাসীদিত্থং ঘটোদ্ভব ।
তথাচাখ্যাম্যথ মুনে যথাসীন্মণিকর্ণিকা ॥ ৩৫ ।

তাঁহার নিকটই এ বৃত্তান্ত কীর্ত্তন করা বিধেয় ।২৯। নিত্য সুখাস্পদ এবং মহাদেব ভগবতীর পর্য্যঙ্ক স্বরূপ এই কাশীধাম তদবধি অবিমুক্ত বলিয়া বিখ্যাত হইয়াছে । ৩০ । যে কালে মূঢ় ব্যক্তিরা হরপার্ব্বতীর অভাব কল্পনা করিবে, সেই কালে এই নির্ব্বাণপ্রদ কাশীধামেরও অভাব অর্থাৎ নাশ্য বলিয়া জ্ঞান করিবে। ৩১ । অতএব মহাদেবকে আরাধনা না করিলে, কাশীধামকে প্রাপ্ত না হইলে, যোগাদি বিবিধ উপায়জ্ঞ হইলেও কদাচ নির্ব্বাণ লাভ করিতে সমর্থ হইবে না। । ৩২ । এই ক্ষেত্র আনন্দপ্রদ, একারণ মহাদেব পুরাকালে ইহার আনন্দ-কানন ও অবিমুক্ত নাম রাখিয়াছেন। ৩৩। এই কাশীধামের যে যে স্থানে শিবলিঙ্গ সকল অবস্থিত আছেন, তাঁহাদিগকে আনন্দরূপ মূল কারণের অঙ্কুর স্বরূপ জানিবে। ৩৪। হে কুম্ভযোনে! এই জন্য এই ক্ষেত্র অবিমুক্ত বলিয়া বিখ্যাত, হে মুনে! যে কারণে ইহার মণি-কর্ণিকা নাম হইয়াছে তাহা তোমার নিকট বলিতেছি শ্রবণ কর। ৩৫ ।

প্রাগানন্দবনে তত্র শিবয়ো রমমাণয়োঃ।
ইচ্ছেত্যভূৎ কলশজ! স্রজ্যঃ কোঽপ্যপরঃ কিল ॥ ৩৬।
যস্মিন্ ন্যস্তে মহাভারে আবাং স্বঃ স্বৈরচারিণৌ।
নির্ব্বাণশ্রাণনং কুর্ব্বঃ কেবলং কাশিশায়িনাম্ ৩৭।।
সএব সর্ব্বং কুরুতে সএব পরিপাতি চ।
সএব সংবৃণোত্যন্তে সর্ব্বৈশ্বর্য্যনিধিঃ স চ ॥ ৩৮।
চেতঃ সমুদ্রমাকুঞ্চ্য চিন্তা-কল্লোলদোলিতম্।
সত্ত্বরত্নং তমোগ্রাহং রজোবিদ্রুম-বেল্লিতম্ ॥ ৩৯।
যস্য প্রসাদাত্তিষ্ঠাবঃ সুখমানন্দকাননে।
পরিক্ষিপ্তমনোবৃত্তৌ ক্ব হি চিন্তাতুরে সুখম্ ॥ ৪০।
সংপ্রধার্য্যেতি স বিভুঃ সর্ব্বতশ্চিৎ-স্বরূপয়া।
তয়া সহ জগদ্ধাত্র্যা জগদ্ধাতাথ ধূর্জটিঃ।
সব্যে ব্যাপারয়াঞ্চক্রে দৃশমঙ্গে সুধামুচম্ ॥ ৪১।

হে কলসজ! পুরাকালে এই আনন্দকাননে হরপার্ব্বতী বিহার করিতেন, ইতি মধ্যে উভয়ের মনোমধ্যে ইচ্ছা হইল, যে ইহার পর অপর আর কাহাকে সৃষ্টি করা যায়। ৩৬। এবং কাহার প্রতি এই মহাভার ন্যস্ত করিয়া আমরা সচ্ছন্দ বিহারী হইয়া কাশী বাসীদিগকে নির্ব্বাণ প্রদান করিব। ৩৭। যিনি আমাদিগের কর্ত্তৃক সৃষ্ট হইবেন, তিনিই সমস্ত ঐশ্বর্য্যশালী হইয়া সকলকে প্রতিপালন, সকলকে সংহার এবং অন্যান্য সকল কার্য্যই করিবেন। ৩৮। আমরা তাঁহারই প্রসাদে এই আনন্দময় কাননে সুখে অবস্থিতি করিব। চিন্তাতুর ব্যক্তির চিত্ত সততই উৎকণ্ঠিত থাকে, সুতরাং তাহারা কদাচ সুখানুভব করিতে পারে না। বিভু মহাদেব এই প্রকার স্থির করিয়া সত্ত্বগুণরত্নে বিভুষিত, তমোগুণ জলজন্তুতে সমাকীর্ণ, রজোগুণ প্রবালে ভুষিত, চিন্তাতরঙ্গে তরঙ্গিত এবম্বিধ চিত্তসাগরকে আকুঞ্চিত করিয়া জ্ঞানরূপিণী জগদ্ধাত্রী

ততঃ পুমানাবিরাসীদেকস্ত্রৈলোক্যসুন্দরঃ।
শান্তঃ সত্ত্বগুণোদ্রিক্তো গাম্ভীর্য্যজিতসাগরঃ॥ ৪২।
তথাচ ক্ষময়া যুক্তো মুনেঽলব্ধোপমোঽভবৎ।
ইন্দ্রনীলদ্যুতিঃ শ্রীমান্ পুণ্ডরীকোত্তমেক্ষণঃ॥ ৪৩।
সুবর্ণাকৃতিসুচ্ছায়-দুকূলযুগলাবৃতঃ।
লসৎপ্রচণ্ডদোর্দণ্ড-যুগলদ্বয়রাজিতঃ॥ ৪৪।
উল্লসৎপরমামোদনাভিহ্রদকুশেশয়ঃ।
একঃ সর্ব্বগুণাবাসস্ত্বেকঃ সর্ব্বকলানিধিঃ।
একঃ সর্ব্বোত্তমো যস্মাত্ততো যঃ পুরুষোত্তমঃ॥ ৪৫।
ততো মহান্তং তং বীক্ষ্য মহামহিমভূষণম্।
মহাদেব উবাচেদং মহাবিষ্ণুর্ভবাচ্যুত॥ ৪৬।
তব নিশ্বসিতং বেদাস্তেভ্যঃ সর্ব্বমবৈষ্যসি।
বেদদৃষ্টেন মার্গেণ কুরু সর্ব্বং যথোচিতম্॥ ৪৭।

ভগবতীর সহিত জগদ্ধাতা মহাদেব একবার বাম ভাগে অমৃতস্রাবী কটাক্ষপাত করিলেন। ৩৯। ৪০। ৪১। তাহাতে ত্রিলোক সুন্দর, শান্ত, সত্ত্বগুণসম্পন্ন, সাগরের ন্যায় গাম্ভীর্য্যশালী অপূর্ব্ব এক পুরুষ জন্ম গ্রহণ করিলেন। ৪২। হে মুনিবর! সেই পুরুষ ইন্দ্রনীল-মণির ন্যায় দীপ্তিমান, পুণ্ডরীকলোচন, ক্ষমাশীল, উপমারহিত, সুবর্ণের ন্যায় অতি সুন্দর, পীতাম্বর যুগলে সুশোভিত, দেদীপ্যমান প্রচণ্ডদোর্দ্দণ্ড যুগল বিরাজিত, তদীয় নাভি হ্রদে পরম আমোদময় পঙ্কজ সুশোভিত, তিনিই কেবল সমস্ত গুণের একমাত্র আধার, তিনিই কেবল একমাত্র সমস্ত কলার নিধি, তিনিই কেবল একমাত্র সকলের উত্তম, এই জন্য তাঁহার নাম পুরুষোত্তম হইল। ৪৩।৪৪।৪৫। অনন্তর মহাদেব মহামহিম ভূষণ সেই পুরুষোত্তমকে দর্শন করিয়া কহিলেন, হে অচ্যুত! তুমি মহা-বিষ্ণু হও। ৪৬। বেদ সকল তোমার নিশ্বাস স্বরূপ সেই সমস্ত বেদ

ইত্যুক্ত্বা তং মহেশানো বুদ্ধিতত্ত্বস্বরূপিণম্।
শিবয়া সহিতো রুদ্রোবিবেশানন্দকাননম্॥ ৪৮।
ততঃ স ভগবান্ বিষ্ণুর্মৌলাবাজ্ঞাং নিধায় চ।
ক্ষণং ধ্যানপরোভূত্বা তপস্যেব মনোদধৌ॥ ৪৯।
খনিত্বা তত্র চক্রেণ রম্যাং পুষ্করিণীং হরিঃ।
নিজাঙ্গস্বেদসন্দোহ-সলিলৈস্তামপূরয়ৎ॥ ৫০।
সমাঃ সহস্রং পঞ্চাশত্তপ উগ্রঞ্চচার সঃ।
চক্রপুষ্করিণীতীরে তত্র স্থাণুসমাকৃতিঃ॥ ৫১।
ততঃ স ভগবানীশো মৃড়ান্যা সহিতোমৃডঃ।
দৃষ্ট্বা জ্বলন্তং তপসা নিশ্চলং মীলিতেক্ষণম্॥ ৫২।
তমুবাচ হৃষীকেশং মৌলিমান্দোলয়ন্মুহুঃ।
অহো মহত্ত্বং তপসস্ত্বহো ধৈর্য্যঞ্চ চেতসঃ॥৫৩।

হইতে তুমি সমুদয় জানিবে এবং সেই বেদমার্গানুসারে যথোচিত সমুদয় কার্য্য নির্ব্বাহ করিবে। ৪৭। মহাদেব বুদ্ধিতত্ত্ব স্বরূপ সেই পরমপুরুষকে এই কথা বলিয়া ভগবতীর সহিত আনন্দ কাননে প্রবেশ করিলেন। ৪৮। অনন্তর সেই ভগবান মহাবিষ্ণু মৌলিদেশে অঞ্জলি ন্যস্ত করিয়া ক্ষণকাল ধ্যান পূর্ব্বক তপস্যা করিতে কৃতসংকল্প হইলেন। ৪৯। তৎপরে সেই স্থানে মহা বিষ্ণু চক্রদ্বারা এক রমণীর পুষ্করিণী খনন করিয়া তাহা ঘর্ম্মরূপ সলিল সমূহে পরিপূর্ণ করিলেন। ৫০। এবং তিনি সেই চক্র পুষ্করিণী তটে স্থাণুর ন্যায় নিশ্চলভাবে পঞ্চাশত সহস্র বৎসর পর্য্যন্ত অতি কঠোর তপস্যা করিলেন। ৫১। অনন্তর ভগবতীর সহিত ভগবান মহাদেব, তপঃপ্রভায় দেদীপ্যমান, ও নিশ্চল, নিমীলিত নয়ন সেই হৃষিকেশকে দর্শন করিয়া বারংবার শিরঃকম্পন পূর্ব্বক তাঁহাকে সম্বোধন করিয়া কহিতে লাগিলেন। বিষ্ণো! ত্বদীয় তপস্যার কি আশ্চর্য্য মহত্ত্ব? চিত্তেরইবা কি আশ্চর্য্য ধৈর্য্য? তোমার স্থাপিত

অহো অনিন্ধনোবহ্নির্জ্জ্বলত্যেষ নিরন্তরম্ ।
অলং তপ্ত্বা মহাবিষ্ণো বরংবরয় সত্তম ॥ ৫৪ ।
মৃড়স্যাম্রেড়িতমিদং প্রত্যভিজ্ঞায় ভাষিতম্ ।
উন্মীলিতদৃগম্ভোজঃ সমুত্তস্থৌ চতুর্ভুজঃ ॥ ৫৫ ।

শ্রীবিষ্ণুরুবাচ—

যদি প্রসন্নো দেবেশ দেব দেব মহেশ্বর ।
ভবান্যা সহিতং ত্বাস্তু দ্রষ্টুমিচ্ছামি সর্ব্বদা ॥ ৫৬ ।
সর্ব্ব-কর্ম্মসু সর্ব্বত্র ত্বামেব শশিশেখর ।
পুরশ্চরন্তং পশ্যামি যথা তন্মে বরস্তথা ॥ ৫৭ ।
ত্বদীয়চরণাম্ভোজ-মকরন্দ-মধূৎসুকঃ ।
মচ্চেতোভ্রমরো ভ্রান্তিং বিহায়াস্তু সুনিশ্চলঃ ॥ ৫৮ ।

শ্রীশিব উবাচ—

এবমস্তু হৃষীকেশ যত্ত্বয়োক্তং জনার্দ্দন ।
অন্যং বরং প্রযচ্ছামি তমাকর্ণয় সুব্রত ॥ ৫৯ ।

এই অগ্নি ইন্ধন শূন্য হইয়াও নিরন্তর প্রজ্বলিত হইতেছে, অতএব এক্ষণে আর তপস্যা না করিয়া অভিলষিত বর প্রার্থনা কর। ৫২।৫৩।৫৪। চতুর্ভুজ মহা বিষ্ণু মহাদেবের এই বাক্য শ্রবণ করিয়া নয়ন পদ্ম উন্মীলন পূর্ব্বক উত্থিত হইলেন। ৫৫।

বিষ্ণু কহিলেন, হে দেবেশ দেবদেব মহেশ্বর! আপনি যদি আমার প্রতি প্রসন্ন হইয়া থাকেন, তবে আমি ভবানীর সহিত আপনাকে সর্ব্বদা দেখিবার অভিলাষ করি। ৫৬। হে শশিশেখর! আপনি আমার সকল স্থানে এবং সকল কার্য্যে অগ্রবর্ত্তী থাকিবেন। যেন নিরন্তর আপনাকে দর্শন করিতে পাই, এই বর আমায় প্রদান করুন। ৫৭। আমার চিত্ত ভ্রমর অন্য কোন স্থানে ভ্রমণ না করিয়া কেবল ত্বদীয় পাদপদ্ম মকরন্দ মধুপানে সতত উৎসুক থাকুক। ৫৮। মহাদেব কহিলেন, হে হৃষিকেশ! জনার্দ্দন! তুমি যাহা কহিতেছ

ত্বদীয়স্যাস্য তপসো মহোপচয়দর্শনাৎ।
যন্ময়ান্দোলিতো মৌলিরহি-শ্রবণভূষণঃ॥ ৬০।
তদান্দোলনতঃ কর্ণাৎ পপাত মণিকর্ণিকা।
মণিভিঃ খচিতা রম্যা ততোঽস্তু মণিকর্ণিকা॥ ৬১।
চক্রপুষ্করিণীতীর্থং পুরাখ্যাতমিদং শুভম্।
ত্বয়া চক্রেণ খননাচ্ছঙ্খচক্রগদাধর॥ ৬২।
মম কর্ণাৎ পপাতেয়ং যদা চ মণিকর্ণিকা।
তদাপ্রভৃতি লোকেঽত্র খ্যাতাস্তু মণিকর্ণিকা॥ ৬৩।

শ্রীবিষ্ণুরুবাচ—

মুক্তাকুণ্ডলপাতেন তবাদ্রিতনয়া-প্রিয়।
তীর্থানাং পরমং তীর্থং মুক্তিক্ষেত্র মিহাস্তু বৈ॥ ৬৪।
কাশতেঽত্র যতো জ্যোতিস্তদনাখ্যেয়মীশ্বরঃ।
অতো নামাপরঞ্চাস্তু কাশীতি প্রথিতং বিভো॥ ৬৫।

তাহাই হউক, হে সুব্রত! আমি আরও তোমায় বর প্রদান করিতেছি শ্রবণ কর। ৫৯। ত্বদীয় তপস্যার অতি আশ্চর্য্যতা দর্শন করিয়া আমি অহিভূষিত মৌলীদেশ কম্পিত করিয়াছিলাম। ৬০। সেই কম্পন হেতু আমার কর্ণ হইতে মণি কুণ্ডল নিপতিত হইয়াছিল, একারণ মণি খচিত পরম রমণীয় এই স্থানের নাম মণিকর্ণিকা হইল। ৬১। হে শঙ্খ-চক্র গদাধর! তুমি পূর্ব্বে চক্র দ্বারা এই পুষ্করিণী খনন করিয়াছ এই নিমিত্ত এই পবিত্র তীর্থ চক্র পুষ্করিণী বলিয়া বিখ্যাত। ৬২। যে কালে আমার কর্ণ হইতে মণিকর্ণিকা অর্থাৎ মণিকুণ্ডল নিপতিত হইয়াছিল, সেই কাল হইতে এই জগতে ইহার নাম মণিকর্ণিকা হইয়াছে। ৬৩। বিষ্ণু কহিলেন, হে পার্ব্বতীনাথ! আপনার কর্ণ হইতে মুক্তা কুণ্ডল পতিত হওয়ায় এই তীর্থ, সকল তীর্থ হইতে উৎকৃষ্ট ও মুক্তিক্ষেত্র বলিয়া বিখ্যাত হউক। ৬৪। হে বিভো! এই স্থানে বাক্যাতীত জ্যোতির্ম্ময় ঈশ্বর প্রকা-

অন্যং বরং বরে দেব দেয়ঃ সোঽপ্যবিচারিতম্ ।
স তে পরোপকারার্থং জগদ্রক্ষামণে শিব ॥ ৬৬ ।
আব্রহ্মস্তম্ব-পর্য্যন্তং যৎকিঞ্চিজ্জন্তুসংজ্ঞিতম্ ।
চতুর্ষু ভূত-গ্রামেষু কাশ্যাং তন্মুক্তিমাপ্স্যতু ॥ ৬৭ ।
অস্মিংস্তীর্থবরে শম্ভো মণিশ্রবণভূষণে ।
সন্ধ্যা স্নানং জপং হোমং বেদাধ্যয়ন মুত্তমম্ ॥ ৬৮ ।
তর্পণং পিণ্ডদানঞ্চ দেবতানাঞ্চ পূজনম্ ।
গোভূতিলহিরণ্যাশ্বদীপান্নাম্বরভূষণম্ ॥ ৬৯ ।
কন্যাদানং প্রযত্নেন সপ্তভন্তূনেকশঃ ।
ব্রতোৎসর্গং বৃষোৎসর্গং লিঙ্গাদিস্থাপনং তথা ॥ ৭০ ।
করোতি যো মহাপ্রাজ্ঞো জ্ঞাত্বায়ুঃ ক্ষণগত্বরম্ ।
বিপত্তিং বিপুলাঞ্চাপি সম্পত্তিমতিভঙ্গুরাম্ ।
অক্ষয়া মুক্তিরেকাস্তু বিপাক স্তস্য কর্ম্মণঃ ॥ ৭১ ।

শিত আছেন, একারণ এই ক্ষেত্রের অবান্তর নাম কাশী হইয়াছে। ৬৫। হে দেব! আমি লোকের উপকারার্থ আপনার নিকট আর এক বর প্রার্থনা করিতেছি, হে শিব! হে লোকরক্ষামণে! আপনি মনোমধ্যে কোন তর্ক না করিয়া অনুগ্রহ প্রকাশ পূর্ব্বক তাহা আমায় প্রদান করুন। ৬৬। আব্রহ্ম স্তম্ব পর্য্যন্ত অর্থাৎ ব্রহ্মাবধি তৃণ গুচ্ছ পর্য্যন্ত কি স্বেদজ কি অণ্ডজ কি জরায়ুজ কি উদ্ভিজ্জ যে কোন জীবই হউক না কেন এই কাশীধামে দেহত্যাগ করিলে যেন তাহারা মুক্তিলাভ করে। ৬৭। হে শম্ভো! যে মহাত্মা এই সংসারে জীবিত কালের অস্থায়িত্ব, সংসারে বিপদই বহুল, সম্পত্তি ক্ষণ ভঙ্গুর, এই সকল বিবেচনা করিয়া মণি-শ্রবণ ভূষণ এই মহাতীর্থে সন্ধ্যা, স্নান, জপ, হোম, উত্তমরূপে বেদাধ্যয়ন, তর্পণ, পিণ্ডদান, দেবপূজা, গো, ভূমি, তিল, হিরণ্য, অশ্ব, দীপ, অন্ন, অম্বর, ভুষণ, কন্যা এই সকল দান করেন এবং যত্ন পূর্ব্বক বিবিধ যজ্ঞ ব্রতোৎসর্গ, বৃষোৎসর্গ, এবং লিঙ্গাদি সংস্থাপন এই সকল সৎ-

অন্যচ্চাপি শুভং কর্ম্ম যদত্র শ্রদ্ধয়া যুতম্ ।
বিনাত্মঘাতমীশান ত্যক্ত্বা প্রায়োপবেশনম্ ।
নৈঃশ্রেয়স্যাঃ শ্রিয়োহেতুস্তদস্তু জগদীশ্বর ॥ ৭২ ।
নানুশোচতি নাখ্যাতি কৃত্বা কালান্তরেঽপি যৎ ।
তদিহাক্ষয়তামস্তু তস্যেশ ত্বদনুগ্রহাৎ ॥ ৭৩ ।
তব প্রসাদাত্তস্যেশ সর্ব্বমক্ষয়মস্তু তৎ ।
যদস্তি যদ্ভবিষ্যচ্চ যদ্ভূতঞ্চ সদাশিব ।
তস্মাদেতচ্চ সর্ব্বস্মাৎ ক্ষেত্রমস্তু শুভোদয়ম্ ॥ ৭৪ ।
যথা সদাশিব ত্বত্তো ন কিঞ্চিদধিকংশিবম্ ।
তথানন্দবনাদস্মাৎ কিঞ্চিন্মাস্ত্বধিকং কচিৎ ॥ ৭৫ ।
বিনা সাঙ্খ্যেন যোগেন বিনা স্বাত্মাবলোকনম্ ।
বিনা ব্রত-তপোদানৈঃ শ্রেয়োঽস্তু প্রাণিনামিহ ॥ ৭৬ ।

কার্য্যের অনুষ্ঠান করেন, তাঁহার যেন ঐ সকল সৎকার্য্যের পরিণাম ফল অক্ষয় মুক্তি লাভ হয়। ৬৮। ৬৯। ৭০। ৭১।

হে ঈশান! হে জগদীশ্বর! এই স্থানে প্রায়োপবেশন, আত্মঘাত ব্যতীত শ্রদ্ধা সহকারে যে কোন শুভ কার্য্য করা হয়, তাহা যেন ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষের হেতু হয়। ৭২। হে ঈশ! এই স্থানে কোন দানাদি শুভ কার্য্য করিয়া যদি কালান্তরে তজ্জন্য অনুতাপ ও অন্যের নিকট কীর্ত্তন না করে, তবে তোমার অনুগ্রহে যেন ঐ সকল কার্য্যে অক্ষয়ত্ব লাভ করে। ৭৩। হে সদাশিব! এই কাশীধামে যে কার্য্য হইয়াছে, যাহা হইতেছে, এবং যাহা হইবে, ঐ সকল কার্য্য যেন তোমার প্রসাদাৎ অক্ষয় হয়, এবং এই স্থান যেন সকলের একমাত্র পরম মঙ্গলের কারণ হয়। ৭৪। হে সদাশিব! যেমন তোমা অপেক্ষা এই জগতে অধিক মঙ্গল আর কিছুই নাই, সেইরূপ এই আনন্দ কানন অপেক্ষা আর যেন কোন স্থানে অধিকতর কল্যাণ কারণ কেহই না হউক। ৭৫। এই কাশীধামে সাংখ্যযোগ, আত্মদর্শন, অর্থাৎ জীব ব্রহ্মের ঐক্যানুসন্ধান, ব্রত, তপস্যা, দান ব্যতীত-

শশকা মশকাঃ কীটাঃ পতঙ্গাস্তুরগোরগাঃ ।
পঞ্চক্রোশ্যাং মৃতাঃ কাশ্যাং সন্তু নির্ব্বাণদীক্ষিতাঃ ।
নামাপি গৃহ্নতাং কাশ্যাঃ সদৈবাস্ত্বেনসঃ ক্ষয়ঃ ॥ ৭৭ ।
সদা কৃতযুগঞ্চাস্তু সদা চাস্তূত্তরায়ণম্ ।
সদা মহোদয়শ্চাস্তু কাশ্যাং নিবসতাং সতাম্ ॥ ৭৮ ।
যানি কানি পবিত্রাণি শ্রুত্যুক্তানি সদাশিব ।
তেভ্যোঽধিকতরঞ্চাস্তু ক্ষেত্রমেতত্ত্রিলোচন ॥ ৭৯ ।
চতুর্ণামপি বেদানাং পুণ্যমধ্যয়নাচ্চ যৎ ।
তৎ পুণ্যং জায়তাং কাশ্যাং* গায়ত্রীলক্ষজাপ্যতঃ ॥ ৮০ ।
অষ্টাঙ্গ-যোগাভ্যাসেন যৎ পুণ্যমপি জায়তে ।
তৎ পুণ্যং সাধিকং ভূয়াচ্ছ্রদ্ধাকাশীনিষেবণাৎ ॥ ৮১ ।
কৃচ্ছ্র-চান্দ্রায়ণাদ্যৈশ্চ যচ্ছ্রেয়ঃ সমুপার্জ্যতে ।
তদেকেনোপবাসেন ভবত্বানন্দকাননে ॥ ৮২ ।

ও যেন জীবের মুক্তি লাভ হয় । ৭৬ । শশক, মশক, কীট, পতঙ্গ, তুরঙ্গ, উরগ প্রভৃতি প্রাণীমাত্রই এই পঞ্চক্রোশ পরিমিত কাশীধামে মৃত হইলে যেন তাহারা নির্ব্বাণ পদবীতে দীক্ষিত হয়, এবং কাশীধামের নাম মাত্র গ্রহণ করিলেই যেন তাহাদের সমস্ত পাপরাশি ক্ষয় হয় । ৭৭ । কাশী নিবাসী সাধুগণের পক্ষে সর্ব্বদাই যেন এই স্থানে সত্যযুগ, সর্ব্বদাই যেন উত্তরায়ণ, সর্ব্বদাই যেন মহোদয় থাকে । ৭৮ । হে ত্রিলোচন! হে সদাশিব! বেদোক্ত যে কোন পবিত্র কার্য্য কলাপ আছে, তাহা হইতেও যেন এই ক্ষেত্র অধিকতর পবিত্র হয় । ৭৯ । ঋক্, যজু, সাম, অথর্ব্ব এই চারি বেদ অধ্যয়ন করিলে যে পুণ্য হয়, সেই পুণ্য যেন কাশীতে লক্ষ গায়ত্রী জপ করিলে লাভ হয় । ৮০ । অষ্টাঙ্গ যোগাভ্যাস করিলে যে পুণ্য জন্মে, শ্রদ্ধা সহকারে কাশীতে বাস করিলে যেন তাহা হইতে অধিক পুণ্য লাভ হয় । ৮১ । কৃচ্ছ্র চান্দ্রায়ণাদি ব্রত করিলে, যে পুণ্য সঞ্চিত

* পঞ্চাহোরাত্রসেবনাদিতি বা ।

অন্যত্র যত্তপস্তপ্তা শ্রেয়ঃ স্যাচ্ছরদাং শতম্‌ ।
তদস্তু কাশ্যাং বর্ষেণ ভূমিশয্যাব্রতেন হি ॥ ৮৩ ।
আজন্মমৌনব্রততো যদন্যত্র ফলং স্মৃতম্‌ ।
তদস্তু কাশ্যাং পক্ষাহং সত্যবাক্যবিভাষণাৎ ॥ ৮৪ ।
অন্যত্র দত্ত্বা সর্ব্বস্বং সুকৃতং যৎ সমীরিতম্‌ ।
সহস্র-ভোজনাৎ কাশ্যাং তদ্রূপাদযুতাধিকম্‌ ॥ ৮৫ ।
মুক্তিক্ষেত্রাণি সর্ব্বাণি যৎ সংসেব্যোদিতং ফলম্‌ ।
পঞ্চরাত্রাত্তদত্রাস্তু নিষেব্য মণিকর্ণিকাম্‌ ॥ ৮৬ ।
প্রয়াগস্নানপুণ্যেন যৎ পুণ্যং স্যাচ্ছিব-প্রদম্‌ ।
কাশীদর্শনমাত্রেণ তৎ পুণ্যং শ্রদ্ধয়াস্ত্বিহ ॥ ৮৭ ।
যৎ পুণ্যমশ্বমেধেন যৎ পুণ্যং রাজসূয়তঃ ।
কাশ্যাং তৎ পুণ্যমাপ্নোতু ত্রিরাত্রশয়নাদযমী ॥ ৮৮ ।

হয়, এই আনন্দকাননে একমাত্র উপবাস করিলেই যেন সেই পুণ্য লাভ হয় । ৮২ । অন্য স্থানে একশত বৎসর তপস্যা করিলে যে পুণ্য সঞ্চয় হয়, কাশীধামে এক বৎসর ভূমি শয্যা ব্রত করিলেই যেন সেই পুণ্য হয় । ৮৩ । অন্যত্র আজন্ম মৌন ব্রত করিলে যে ফল লাভ হয়, কাশীতে এক পক্ষ সত্য কথা কহিলে যেন সেই ফল লাভ হয । ৮৪ । অন্য স্থানে সর্ব্বস্ব দানে যে পুণ্য কথিত হইয়াছে, কাশীতে সহস্র ব্রাহ্মণ ভোজন করাইলে যেন তাহা হইতে অযুতাধিক পুণ্য লাভ হয় । ৮৫ । অন্য মুক্তিক্ষেত্র সেবায় যে সকল ফল কথিত হইয়াছে, এই স্থানে পঞ্চরাত্র মণিকর্ণিকা সেবা করিলেই যেন সেই সকল ফল লাভ হয় । ৮৬ । প্রয়াগ তীর্থে স্নান করিলে কল্যাণপ্রদ যে পুণ্য লাভ হয়, শ্রদ্ধা সহকারে কাশী দর্শন মাত্র যেন সেই পুণ্য লাভ হয় । ৮৭ । অশ্বমেধ ও রাজসূয় যজ্ঞ করিলে যে পুণ্য হয়, কাশীতে পবিত্র হইয়া ত্রিরাত্র শয়ন করিলেই যেন

তুলাপুরুষদানেন যৎ পুণ্যং সম্যগাপ্যতে ।
কাশীদর্শনমাত্রেণ তৎ পুণ্যং শ্রদ্ধয়াস্তু বৈ ॥ ৮৯ ।
ইতি বিষ্ণোর্বরং শ্রুত্বা দেবদেবো জগৎপতিঃ ।
উবাচ চ প্রসন্নাত্মা তথাস্তু মধুসূদন ॥ ৯০ ।

শ্রীমহাদেব উবাচ—

শৃণু বিষ্ণো মহাবাহো জগতঃ প্রভবাব্যয় ।
বিধেহি সৃষ্টিং বিবিধাং যথাবত্ত্বং শ্রুতীরিতাম্ ॥ ৯১ ।
পিতেব সর্ব্বভূতানাং ধর্ম্মতঃ পালকোভব ।
বিধ্বংসনীয়া বিবিধা ধর্ম্মধ্বংস-বিধায়িনঃ ॥ ৯২ ।
ধর্ম্মেতরপথস্থানামুপসংহৃতয়ে হরে ।
হেতুমাত্রং ভবান্ যস্মাৎ স্বকর্ম্মনিহতা হি তে ॥ ৯৩ ।
যথা পরিণতং শস্যং পতেৎ প্রসববন্ধনাৎ ।
তে পরীণতপাপ্মানঃ পতিষ্যন্তি তথা স্বয়ম্ ॥ ৯৪ ।

সেই পুণ্য লাভ হয় । ৮৮ । তুলাপুরুষ দানে যে পুণ্য হয়, শ্রদ্ধা সহকারে কাশী দর্শন মাত্রই যেন সেইপুণ্য লাভ হয় । ৮৯ । জগৎপতি দেবদেব মহাদেব বিষ্ণুর প্রার্থিত এই সকল বর শ্রবণ করিয়া প্রসন্ন হওত কহিলেন, হে মধুসূদন ! তুমি যাহা প্রার্থনা করিলে তাহাই হইবে । ৯০ । মহাদেব কহিলেন, হে মহাবাহো ! হে বিষ্ণো ! আমার কথা শ্রবণ কর । তুমি অব্যয় ও জগতের একমাত্র কারণ অতএব এক্ষণে বেদ বিধানে বিবিধ সৃষ্টি কার্য্য সম্পাদন কর । ৯১ । তুমি পিতার ন্যায় ধর্ম্মানুসারে সকল প্রাণীর প্রতিপালক হও এবং ধর্ম্মলোপকারী অধার্ম্মিকদিগকে বিনাশ কর । ৯২ । হে হরে ! অধর্ম্ম পথ নিরত ব্যক্তিরা আপন আপন অধর্ম্ম জনিত কর্ম্ম ফলেই নিহত হইবে, তুমি কেবল তাহাদিগের সংহারের হেতু মাত্র অর্থাৎ সূচক মাত্র হও । ৯৩ । যেমন শস্য পরিপক্ব হইলে আপনিই বৃন্ত হইতে পতিত হয়, সেইরূপ পাপীদিগের পাপ পরিপূর্ণ হইলে

যে চ ত্বামবমন্যন্তে দর্পিতাঃ স্বতপোবলৈঃ ।
তেষাঞ্চৈবোপসংহর্ত্তা প্রভবিষ্যাম্যহং হরে ॥ ৯৫ ।
উপপাতকিনো যেচ মহাপাতকিনশ্চ যে ।
তেঽপি কাশীং সমাসাদ্য ভবিষ্যন্তি গতৈনসঃ ॥ ৯৬ ।
ইদং মম প্রিয়ং ক্ষেত্রং পঞ্চক্রোশপরীমিতম্ ।
মমাজ্ঞাপ্রভবেদত্র নান্যাজ্ঞা প্রভবেদিহ ॥ ৯৭ ।
পুনর্বিষ্ণুর্ময়াপ্রোক্তো মৃড়ানি শুভলোচনে ।
অত্যুগ্রতেজসা তেজো ভ্রমংস্ত্রৈলোক্যবিভ্রমঃ ॥ ৯৮ ।
পাপিনামপি জন্তূনা-মবিমুক্তনিবাসিনাম্ ।
নান্যঃ শাসয়িতা বিষ্ণো তেষাং শাস্তাহমেব হি ॥ ৯৯ ।
যোজনানাং শতস্থোঽপি যোঽবিমুক্তং স্মরেদ্ধৃদি ।
বহুপাতকপূর্ণোঽপি ন স পাপৈঃ প্রবাধ্যতে ॥ ১০০ ।
মম প্রিয়স্য ক্ষেত্রস্য যোঽবিমুক্তস্য সংস্মরেৎ ।
প্রাণপ্রয়াণ-সময়ে দূরগোঽপ্যকবানপি ॥ ১০১ ।

তাহারা স্বয়ংই নিপতিত হইয়া থাকে। ৯৪। হে হরে! যাহারা আপন আপন তপস্যা বলে গর্ব্বিত হইয়া তোমাকে অবমাননা করিবে, সেই সকল পাপাত্মাদিগকে আমিই সংহার করিব। ৯৫। যাহারা উপপাতকী কিম্বা মহাপাতকী তাহারাও কাশীধাম প্রাপ্ত হইয়া নিষ্পাপ হইবে। ৯৬। পঞ্চক্রোশ পরিমিত এই ক্ষেত্র আমার অতিশয় প্রিয়। এই স্থানে আমার আজ্ঞা ব্যতীত অপরের আজ্ঞা বলবতী হইবে না। ৯৭। হে সুলোচনে! হে মৃড়ানি। আমি পুনর্ব্বার সেই অত্যুগ্র তপস্যার তেজ স্বরূপ, ত্রিলোক-সুন্দর বিষ্ণুকে কহিলাম, হে বিষ্ণো! অবিমুক্তবাসী পাপী জীবগণেরও অন্য কেহ শাসন কর্ত্তা হইবে না। আমিই কেবল তাহাদিগকে শাসন করিব। ৯৮। ৯৯। বহু পাপগ্রস্ত ব্যক্তি যদি শত যোজন দূরে থাকিয়াও হৃদয়ে, অবিমুক্ত নাম স্মরণ করে, তবে সে ব্যক্তি

স পাপপূগমুৎসৃজ্য স্বর্গভোগান্ সমশ্নুতে ।
কাশীস্মরণপুণ্যেন স্বর্গাদ্ভ্রষ্টোহি জায়তে ॥ ১০২ ।
পৃথিব্যামেকরাড়্ ভূত্বা ভুক্ত্বা ভোগাননেকশঃ ।
প্রাপ্যাবিমুক্তং তৎ-পুণ্যান্নির্ব্বাণ-পদভাগ্‌ভবেৎ ॥ ১০৩ ।
বহুকালমুষিত্বাত্র নিয়তেন্দ্রিয়মানসঃ ।
যদ্যন্যত্র বিপদ্যেত দৈবযোগাচ্ছুচিস্মিতে ॥ ১০৪ ।
সোঽপি স্বর্গসুখং ভুক্ত্বা ভূত্বা ক্ষিতিপতীশ্বরঃ ।
পুনঃ কাশীমবাপ্যাথ বিন্দেন্নৈঃশ্রেয়সীং শ্রিয়ম্ ॥ ১০৫ ।
বিষ্ণোঽবিমুক্তে সংবাসঃকর্ম্ম-নির্ম্মূলনক্ষমঃ ।
দ্বিত্রাণাং হি পবিত্রাণাং নির্ব্বাণায়েহ জায়তে ॥ ১০৬ ।

শ্রীবিষ্ণুরুবাচ—

দেবেশ ক্ষেত্রমাহাত্ম্যং যো ন জানাতি তত্ত্বতঃ ।
ন শ্রদ্দধাতি ম্রিয়তে মৃতে তস্যেহ কা গতিঃ ॥ ১০৭ ।

কোন পাপের বাধা হয় না। ১০০। যে পাপী ব্যক্তি প্রাণ বিয়োগ সময়ে দূরবর্ত্তী হইয়াও যদি আমার এই প্রিয় ক্ষেত্র অবিমুক্তকে একবার হৃদয়ে স্মরণ করে, তাহা হইলে সে ব্যক্তি পাপরাশি পরিত্যাগ পূর্ব্বক কিয়ৎকাল স্বর্গসুখ অনুভব করে। পুনর্ব্বার যদি সে ব্যক্তি স্বর্গভ্রষ্ট হইয়া ভূমণ্ডলে জন্ম গ্রহণ করে, তাহা হইলেও সে কাশী স্মরণ পুণ্য বলে পৃথিবীতে একাধিপত্য, বিবিধ সুখ ভোগ, পরে অবিমুক্ত লাভ করিয়া পরিশেষে নির্ব্বাণপদ লাভ করিতে সমর্থ হয়। ১০১। ১০২। ১০৩। হে শুচিস্মিতে! যে ব্যক্তি ইন্দ্রিয় ও চিত্ত সংযম পূর্ব্বক বহুকাল এই ক্ষেত্রে বাস করিয়া দৈবায়ত্ত যদি অন্য স্থানে বিপন্ন হয়, তবে সে ব্যক্তি স্বর্গসুখ ভোগানন্তর পুনর্ব্বার পৃথিবীতে ক্ষিতীশ্বর হইয়া কাশী লাভ এবং অবশেষে মুক্তি লাভও করে। ১০৪। ১০৫। হে বিষ্ণো! কর্ম্মনির্ম্মূলন ক্ষম কাশীবাস, দুই তিন জন পবিত্র ব্যক্তিরই নির্ব্বাণের কারণ হয়, । ১০৬। বিষ্ণু কহিলেন, হে দেবেশ! যে ব্যক্তি

শ্রীশিব উবাচ—

অন্যত্র কৃত্বা পাপানি বহূনি সুমহান্তি চ।
অশ্রদ্দধানোঽতত্ত্বজ্ঞো যদ্যত্র চ বিপদ্যতে॥ ১০৮।
মহিমন্যনভিজ্ঞোঽপি ক্ষেত্রস্যাস্য জনার্দ্দন।
তস্য যা গতিরুদ্দিষ্টা তাং নিশাময় সুব্রত॥ ১০৯।
পঞ্চক্রোশীং প্রবিশতস্তস্য পাতকসন্ততিঃ।
বহিরেবপ্রতিষ্ঠেত নান্তর্নির্ব্বিশতে ক্বচিৎ॥ ১১০।
ভয়াদ্বহিঃ-স্থিতায়াঞ্চ তস্য পাতক-সন্ততৌ।
ত্রিশূলপাশপাণীনাং গণানাং সীমচারিণাম্॥ ১১১।
প্রবেশমাত্রাদনঘঃ সর্ব্বৈরেনোভিরুজ্ঝিতঃ।
সংস্নায় মণিকর্ণিক্যাং পুণ্যং প্রাপ্নোত্যনুত্তমম্॥ ১১২।
সর্ব্বতীর্থেষু সংস্নানাদযৎপুণ্যং সমবাপ্যতে।
তৎপুণ্যমাপ্যতে সম্যক্ মণিকর্ণ্যৈকমজ্জনাৎ॥ ১১৩।

ক্ষেত্র মাহাত্ম্য অবগত নহে এবং মুক্তি ক্ষেত্র বলিয়া শ্রদ্ধা করেনা সেই ব্যক্তির এই স্থানে মৃত্যু হইলে, কি গতি হইবে? ॥ ১০৭ ॥ মহাদেব কহিলেন, হে সুব্রত হে জনার্দ্দন! শ্রদ্ধা বিহীন, অতত্ত্বদর্শী ব্যক্তি অন্য-স্থানে বহুবিধ মহাপাপ করিয়া যদি এই কাশীক্ষেত্রে বিপন্ন হয়, তাহা-হইলে ক্ষেত্র মাহাত্ম্য অনভিজ্ঞ সেই ব্যক্তির যে কি গতি হয়, তাহা বলিতেছি শ্রবণ কর॥ ১০৮॥ ১০৯॥

পঞ্চক্রোশ পরিমিত এই কাশীধামে প্রবেশকারী ব্যক্তির পাপ সকল তৎকালে অন্তরে থাকিতে না পারিয়া বহির্ভাগে অবস্থিতি করে॥ ১১০॥ এবং তদীয় পাপরাশি ত্রিশূল পাশপাণী, সীমাচর রুদ্র গণের ভয়ে বহিঃস্থিত হইলে সুতরাং সেব্যক্তি সকল পাপ হইতে পরিমুক্ত ও কাশী প্রবেশমাত্র নিষ্পাপ হয়, তদনন্তর মণিকর্ণিকায় স্নান করিলে উৎকৃষ্ট পুণ্যলাভ করিতে পারে॥ ১১১ ॥ ১১২॥ সমগ্র তীর্থে স্নান করিলে যে

বিধিনা তত্র সংস্নায় মৃদ্গোময়কুশাদিভিঃ ।
স্বশাখাবারুণৈর্ম্মন্ত্রৈর্দূর্ব্বাপামার্গদর্ভকৈঃ ॥ ১১৪ ।
সর্ব্বতীর্থেষু যৎ পুণ্যং সর্ব্বদানেষু যৎ ফলম্ ।
মণিকর্ণ্যাং বিধিস্নাতঃ শ্রদ্ধয়া তদবাপ্নুয়াৎ ॥ ১১৫ ।
অশ্রদ্ধয়াপি যঃ স্নাতো মণিকর্ণ্যাং বিধানতঃ ।
সোঽপি পুণ্যমবাপ্নোতি স্বর্গপ্রাপ্তিকরং পরম্ ॥ ১১৬ ।
শ্রদ্ধয়া বিধিবৎস্নাত্বা কৃত্বা দেবাদিতর্পণম্ ।
তিলবর্হির্যবৈঃ সম্যক্ সর্ব্বযজ্ঞফলং লভেৎ ॥ ১১৭ ।
শ্রদ্দধানো বিধিস্নাতঃ কৃতসর্ব্বোদকক্রিয়ঃ ।
জপন্ দেবান্ সমভ্যর্চ্য সর্ব্বমন্ত্রফলং লভেৎ ॥ ১১৮ ।
স্নাত্বা মৌনেন বিশ্বেশদর্শনান্নিয়তেন্দ্রিয়ঃ ।
সর্ব্বব্রতকৃতং শ্রেয়ো লভেদ্বাচং যযঃ শিবে ॥ ১১৯ ।

পুণ্য হয়, মণিকর্ণিকায় যথাবিধি একবার স্নান করিলেই সেই পুণ্য লাভ হয় ॥ ১১৩ ॥ মৃত্তিকা গোময়, দুর্ব্বা, অপামার্গ, কুশাদি ও স্বীয় শাখোক্ত মন্ত্রদ্বারা শ্রদ্ধাসহকারে মণিকর্ণিকায় যথাবিধি স্নাত ব্যক্তি সকল তীর্থগমন-জনিত পুণ্য ও সর্ব্বস্ব দান জনিত ফল লাভ করেন। ॥ ১১৪ ॥ ১১৫ ॥ যে ব্যক্তি অশ্রদ্ধাপূর্ব্বক মণিকর্ণিকায় স্নান করে সে ব্যক্তিও পরম স্বর্গ প্রাপ্তিকর পুণ্য লাভ করে ॥ ১১৬ ॥ হে শিবে! যে ব্যক্তি শ্রদ্ধাসহকারে মণিকর্ণিকায় যথা বিধি স্নান করিয়া তিল, কুশ, যব দ্বারা দেবাদি তর্পণ করেন, তিনিও সমুদয় যজ্ঞের ফল লাভ করেন ॥ ১১৭ ॥ যিনি শ্রদ্ধা সহকারে যথাবিধি স্নান ও সমগ্র উদক ক্রিয়া জপ এবং দেব পূজা করেন, তিনিও সকল মন্ত্র পাঠের ফল লাভ করেন ॥ ১১৮ ॥ হে শিবে! যে ব্যক্তি ইন্দ্রিয় সংযম ও মৌনাবলম্বন পূর্ব্বক মণিকর্ণিকায় স্নান এবং বিশ্বেশ্বর দর্শন করেন, তিনিও সমগ্র ব্রতানুষ্ঠান জনিত পুণ্য

স্নানে দেবার্চ্চনে জপ্যে মলমূত্রবিসর্জ্জনে।
মৌনং কুর্য্যাৎ প্রযত্নেন দন্তধাবনহোময়োঃ ॥ ১২০ ।
বিশ্বেশ্বরং সমভ্যর্চ্চ্য স্বুপচারৈর্বিধানতঃ।
যাবজ্জীবং শিবার্চ্চায়াঃ ফলমাপ্নোতি বৈ সকৃৎ ॥ ১২১ ।
দত্ত্বাল্পমপি দেবেশি ন্যায়েনোপার্জ্জিতং ধনম্।
অবিমুক্তে মম ক্ষেত্রে ন দরিদ্রো ভবেৎ ক্বচিৎ ॥ ১২২ ।
বিবিধং ধনমাবর্জ্জ্যং যোঽবিমুক্তে ন যচ্ছতি।
সংপ্রাপ্য নিধনং মূঢ়োঽন্যত্র শোচতি সর্ব্বদা ॥ ১২৩ ।
রম্যাণি তানি রত্নানি গোগজাশ্বাম্বরাণ্যপি।
কৃতানি যানি শ্রেয়োঽর্থমবিমুক্তনিবাসিনাম্ ॥ ১২৪ ।
বিশ্বেশপ্রীণনার্থায় ধনং নিধনমেব বা।
ন্যায়েন কাশ্যাং যঃ কুর্য্যাৎ স ধন্যঃ স চ ধর্ম্মবিৎ ॥১২৫

লাভ করেন ॥ ১১৯ ॥ স্নান, দেবার্চ্চনা, জপ সময়ে মল, মূত্র পরিত্যাগ কালে, দন্তধাবন এবং হোম সময়ে যত্ন পূর্ব্বক মৌনাবলম্বন করিবে ॥ ১২০ ॥ যিনি বিধি পূর্ব্বক বিবিধ উপচার দ্বারা বিশ্বেশ্বরকে একবার অর্চ্চনা করেন, তিনি যাবজ্জীবন শিবপূজা করার ফল প্রাপ্ত হন ॥ ১২১ ॥ হে দেবেশি! যিনি ন্যায়োপার্জ্জিত ধন, আমার এই অবিমুক্তে অল্প মাত্রও দান করেন, তিনি কখন দরিদ্রতা লাভ করেন না ॥ ১২২ ॥ যে ব্যক্তি বিবিধ ধন উপার্জ্জন করিয়া অবিমুক্ত ক্ষেত্রে কিঞ্চিন্মাত্র দান করে, সে মূঢ় নিধন প্রাপ্ত হইয়া অন্যস্থানে চিরকালের জন্য শোকাকুলিত হয় ॥ ১২৩ ॥

রমণীয় রত্ন, গো, হস্তী, অশ্ব, অম্বর, প্রভৃতি বস্তু কাশীবাসী দিগকে দান করিলে সে সকল পরম মঙ্গলের কারণ হয় ॥ ১২৪ ॥ যিনি কাশী-ধামে বিশ্বেশ্বরের প্রীত্যর্থ যথা বিধি ধন দান করিয়া শরীর ত্যাগ করেন,

যোঽসৌ বিশ্বেশ্বরোদেবঃ কাশীপুর্য্যামুমে স্থিতঃ।
লিঙ্গরূপধরঃ সাক্ষান্মম শ্রেয়াস্পদং হি তৎ ॥ ১২৬।
অবিমুক্তং মহৎক্ষেত্রং পঞ্চক্রোশপরীমিতম্।
জ্যোতির্লিঙ্গং তদেকং হি জ্ঞেয়ং বিশ্বেশ্বরাভিধম্ ॥ ১২৭
একদেশস্থিতমপি যথা মার্ত্তণ্ডমণ্ডলম্।
দৃশ্যতে সর্ব্বগং সর্ব্বৈঃ কাশ্যাং বিশ্বেশ্বরস্তথা ॥ ১২৮।
নিষ্প্রত্যূহেন যোগেন নানাজন্মার্জ্জিতেন চ।
যৎ ফলং লভ্যতেঽন্যত্র তৎ কাশ্যাং ত্যজতস্তনুম্ ॥ ১২৯
তপ্ত্বা তপাংসি সর্ব্বাণি বহুকালং জিতেন্দ্রিয়ৈঃ।
যৎ ফলং লভ্যতেঽন্যত্র তৎ কাশ্যামেকরাত্রতঃ ॥ ১৩০।
অক্ষেত্রমহিমজ্ঞোঽপি শ্রদ্ধাহীনোঽপি কালতঃ।
কাশীপ্রবেশাদনঘোঽমৃতত্বং লভতে মৃতঃ ॥ ১৩১।

তিনিই ধন্য, তিনিই পরম ধার্ম্মিক ॥ ১২৫ ॥ হে উমে! মদীয় কাশীধামে যে দেব দেব বিশ্বেশ্বর লিঙ্গরূপ ধারণ করিয়া অবস্থিতি করিতেছেন, তিনিই পরম মঙ্গলের আধার জানিবে ॥ ১২৬ ॥ পঞ্চক্রোশ পরিমিত অবিমুক্ত ধাম মহাক্ষেত্র, সেই স্থানে বিশ্বেশ্বর নামক যে এক লিঙ্গ আছেন তাঁহাকেই জ্যোতির্লিঙ্গ বলিয়া অবগত হও ॥ ১২৭ ॥ যেরূপ সূর্য্যদেব এক স্থানে অবস্থিত হইয়াও সর্ব্বগামীরূপে সকলের নিকট পরিদৃশ্যমান হইতেছেন, সেইরূপ কাশীতে একমাত্র বিশ্বেশ্বর সর্ব্ব ব্যাপক রূপে ভক্ত সকলের নিকট পরিদৃশ্যমান আছেন ॥ ১২৮ ॥ জন্ম জন্মান্তরে নির্ব্বিঘ্নে যোগাভ্যাস করিলে, যে ফল লাভ হয়, কাশীতে দেহত্যাগ মাত্রই সেই ফল লাভ হইয়া থাকে ॥ ১২৯ ॥ অন্যস্থানে জিতেন্দ্রিয় হইয়া বহুকাল সকল প্রকার তপস্যা করিলে যে ফল লাভ হয়, কাশীতে একরাত্র বাস করিলেই সেই ফল হয় ॥ ১৩০ ॥ যে ব্যক্তি ক্ষেত্র মাহাত্ম্য অনভিজ্ঞ ও শ্রদ্ধা বিহীন, সে ব্যক্তিও

কৃত্বাপ্যেনাংসি চোগ্রাণি কালাৎ প্রাপ্যাথ কাশিকাম্।
ত্যক্ত্বা তনুং প্রসাদান্মে মামেব প্রতিপদ্যতে॥ ১৩২।
বিনা মম প্রসাদং বৈ কঃ কাশীং প্রতিপদ্যতে।
বিনা ব্রধ্নং বিশালাক্ষি দিনকৃৎকইহোচ্যতে॥ ১৩৩।
অপ্রাপ্য কাশীং কো দেবি নিরন্তরসুখং লভেৎ।
ব্রহ্মাদ্যাঃ প্রাকৃতৈঃ পাশৈর্যতোবদ্ধা নিরন্তরম্॥ ১৩৪।
চতুর্বিংশতিভিঃ পাশৈস্ত্রিগুণৈঃ ক্রিয়য়া দৃঢ়ৈঃ।
কণ্ঠে বদ্ধা বিমুচ্যন্তে কথং কাশীং বিনা জনাঃ॥ ১৩৫।
বহূপসর্গো যোগোঽয়ং কৃচ্ছ্রসাধ্যং তপোহি যৎ।
যোগাদ্ভ্রষ্টস্তপোভ্রষ্টো গর্ভক্লেশসহঃ পুনঃ॥ ১৩৬।

কাশী প্রবেশ মাত্র নিষ্পাপ হয়, এবং দেহাবসানে কাল ক্রমে মুক্তি লাভ করিয়া থাকে॥ ১৩১॥ যে ব্যক্তি মহাপাপ করিয়া কালক্রমে কাশী প্রাপ্ত হওত যদি দেহ ত্যাগ করে, তাহাহইলে সে ব্যক্তি আমার অনুগ্রহে আমা-কেই লাভ করিতে পারে॥ ১৩২॥ হে বিশালাক্ষি! যেরূপ জগতী তলে সূর্য্য ব্যতীত দিন প্রকাশক আর কেহই নাই, সেই রূপ আমার অনুগ্রহ ভিন্ন কাশী প্রাপক আর কেহই নাই॥১৩৩॥ হে দেবেশি! যখন ব্রহ্মাদি দেবগণও প্রাকৃত পাশে নিরন্তর আবদ্ধ আছেন, তখন কাশী ব্যতীত কোন্ ব্যক্তি নিত্য সুখ অর্থাৎ নির্ব্বাণ পদ লাভ করিতে পারে? ১৩৪॥ সত্ত্ব-রজস্তমোগুণময় মহদহঙ্কারাদি চতুর্ব্বিংশতি পাশে দৃঢ়তর বদ্ধকণ্ঠ মনুষ্যেরা কাশী ব্যতীত কদাচ মুক্তি লাভ করিতে পারে না॥ ১৩৫॥ যদিচ যোগ এবং তপস্যা মুক্তির কারণ সত্য, কিন্তু যোগভ্যাসে অনেক উপসর্গ, তপস্যাও বহুকষ্ট সাধ্য, যদি কেহ যোগভ্রষ্ট কিম্বা তপো ভ্রষ্ট হয়, তাহা হইলে তাহাকে পুনর্ব্বার গর্ভ যন্ত্রণা ভোগ করিতে হয়॥ ১৩৬॥

কৃত্বাপি কাশ্যাং পাপানি কাশ্যামেব ম্রিয়েত চেৎ।
ভূত্বা রুদ্রপিশাচোঽপি পুনর্মুক্তিমবাপ্স্যতি ॥ ১৩৭ ।
কাশ্যাং মৃতানাং জন্তূনাং দৈবাৎ পাপকৃতামপি।
ন পাতো নরকে তেষাং তেষাং শাস্তাহমেব যৎ ॥ ১৩৮
কায়ং বিজ্ঞায় সাপায়ং স্মৃত্বা গর্ভস্য বেদনাম্।
ত্যক্ত্বা রাজ্যমপি প্রাজ্যং সেব্যা কাশী নিরন্তরম্ ॥ ১৩৯
অতর্কিতং সমভ্যেত্য যমদূতাঃ সুদারুণাঃ।
বদ্ধা পাশৈর্হনিষ্যন্তি ক্ষিপ্রং কাশীং ততঃ শ্রয়েৎ ॥১৪০।
ন পাপেভ্যো ভয়ং যত্র ন ভয়ং যত্র বৈ যমাৎ।
ন গর্ভবাসভীর্যত্র তাং কাশীং কো ন সংশ্রয়েৎ ॥ ১৪১ ।
অদ্য প্রাতঃ পরশ্বো বা মরণং প্রাপ্যমেব চ।
যাবৎ কালবিলম্বোঽস্তি তাবৎ কাশাং সমাশ্রয়েৎ ॥ ১৪২

কাশীতে পাপ করিয়া যদি কাশীতেই মৃত্যু হয় তাহা হইলে জীবগণ রুদ্র পিশাচ হইয়া পুনর্ব্বার মুক্তি লাভ করিতে পারে ॥ ১৩৭ ॥ পাপগ্রস্ত জীবের যদি কাশীতে মৃত্যুহয়, তাহা হইলে, সেই সকল পাপীদিগের আর নরক যন্ত্রণা ভোগ করিতে হয় না, আমিই কেবল তাহাদিগকে শাসন করিয়া থাকি ॥ ১৩৮ ॥ দেহের অস্থায়িত্ব, নিদারুণ গর্ভ যন্ত্রণা, এই সকল স্মরণ করিয়া প্রচুর রাজ্য পরিত্যাগ পূর্ব্বক নিরন্তর কাশী সেবা করাই বিধেয় ॥ ১৩৯ ॥

কখন ভয়ঙ্কর যম দূতেরা আসিয়া পাশবদ্ধ করত বিনাশ করিবে, একারণ সত্বর কাশী সেবা করাই কর্ত্তব্য ॥ ১৪০ ॥ যে স্থানে পাপের ভয় নাই, যমের ভয় নাই, গর্ভ যন্ত্রণার ভয় নাই, এবম্বিধ সর্ব্বোৎকৃষ্ট কাশী ধামকে কোন, ব্যক্তি সেবা না করিয়া থাকে? ১৪১ ॥ অদ্য, কল্য কিম্বা পরশ্ব, যে কোন সময়েই হউক, অবশ্যই মৃত্যু হইবে, অতএব যে কাল পর্য্যন্ত

প্রাপ্তে তু মরণে পুংসাং পুনর্জন্ম পুনর্মৃতিঃ।
অপুনর্ভবভূমিঞ্চ তস্মাৎ কাশীং শ্রয়েদ্বুধঃ ॥ ১৪৩।
পুত্রক্ষেত্রকলত্রাখ্যাং ত্যক্ত্বা মায়াং হি বৈষ্ণবীম্।
ভবান্তরেঽনেকরূপাং ভবঘ্নীং কাশিকাং শ্রয়েৎ ॥ ১৪৪।

স্কন্দ উবাচ—

দূরং মে মরণং যুবাহমধুনা ধার্য্যং ন চিত্তে স্থিতি
শ্রোতব্যো নিভৃতং কৃতান্তমহিষগ্রৈবেয়ঘণ্টারবঃ।
নৈকট্যাৎ * প্রকটোৎকটঃ শ্রমঘটামপ্রাপ্য হিত্বা দ্রুতং
জীর্ণাং পর্ণকুটীং ততঃ পটুমতির্গচ্ছেৎ পুরীং ধূর্জটেঃ ॥১৪৫।

বিলম্ব থাকে, সেই কাল পর্য্যন্ত কাশী সেবা করাই উচিত ॥ ১৪২ ॥ জীবের একবার মৃত্যু হইলে পুনর্ব্বার আবার মৃত্যু হইয়া থাকে, একারণ পণ্ডিত-গণের অপুনর্ভব ভূমি অর্থাৎ জন্ম মৃত্যু রহিত কাশী ক্ষেত্রকেই আশ্রয় করা সর্ব্বতোভাবে উচিত ॥ ১৪৩ ॥ জন্ম জন্মান্তরে বিবিধ রূপ ধারিণী আত্ম পুত্র কলত্রময়ী বৈষ্ণবী মায়া পরিত্যাগ করিয়া সংসার দুঃখবারিণী বারাণসীপুরী সেবা করাই বিধেয় ॥ ১৪৪ ॥

স্কন্দ কহিলেন, সুবুদ্ধি মনুষ্যগণ মনে এরূপ বিবেচনা না করেন, যে আমি যুবা আমার মরণের অনেক বিলম্ব আছে। এ সিদ্ধান্ত না করিয়া বরং স্থিরচিত্তে কৃতান্তমহিষের গলবদ্ধ ঘন্টারব শ্রবণ করিবেন, অর্থাৎ যম মহিষ যানে আরূঢ় হইয়া আমাকে লইতে আসিতেছে, এইরূপ চিন্তা করিবেন, অনন্তর শীঘ্র তুচ্ছ গৃহবাস পরিত্যাগ পূর্ব্বক কৃতান্তভয়-রহিত বিশ্বেশ্বর-পুরী বারাণসী আশ্রয় করিবেন ॥ ১৪৫ ॥

* প্রকটোৎ কটশ্রান্তিপুটীমিতি বা।

ব্যাস উবাচ—

অগস্ত্যস্য পুরঃ সূত কথয়িত্বা কথামিমাম্।
সর্ব্বপাপপ্রশমনীং পুনঃ স্কন্দউবাচ হ॥ ১৪৬।

ইতিশ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে মণিকর্ণিকাখ্যানং
নাম ষড়্বিংশোঽধ্যায়ঃ।

ব্যাস কহিলেন হে সূত! স্কন্দ অগস্ত্যের নিকট সর্ব্বপাপ-বিনাশিনী এই কথা কীর্ত্তন করিয়া পুনর্ব্বার কহিতে আরম্ভ করিলেন॥ ১৪৬॥

স্কন্দ পুরাণান্তর্গত কাশীখণ্ডে মণিকর্ণিকাখ্যান
নামক ষড়্বিংশ অধ্যায়॥

সপ্তবিংশতিতমোঽধ্যায়ঃ।

স্কন্দ উবাচ—

বারাণসীতি প্রথিতং যথাচানন্দকাননম্‌।
তথা চ কথয়ামীহ দেবদেবেন ভাষিতম্‌॥ ১।

শ্রীঈশ্বর উবাচ—

নিশাময় মহাবাহো বিষ্ণো ত্রৈলোক্যসুন্দর।
প্রাপ্তং বারাণসীত্যাখ্যা-মবিমুক্তং যথা তথা॥ ২।
নির্দ্দগ্ধান্‌ সাগরান্‌ শ্রুত্বা কপিলক্রোধবহ্নিনা।
অশ্বমেধাশ্বসংসক্তান্‌ পূর্ব্বজান্‌ স্বান্‌ ভগীরথঃ॥ ৩।
সূর্য্যবংশে মহাতেজা রাজা পরমধার্ম্মিকঃ।
আরিরাধয়িষুর্গঙ্গাং তপসে কৃতনিশ্চয়ঃ॥ ৪।

সপ্তবিংশতিতম অধ্যায়।

স্কন্দ কহিলেন, হে কুম্ভযোনে! যে কারণে এই আনন্দকাননের নাম বারাণসী হইয়াছে, এবং পুরাকালে মহাদেব কর্ত্তৃক যাহা কথিত হইয়াছে তাহা তোমার নিকট কহিতেছি॥ ১॥ মহাদেব বিষ্ণুকে সম্বোধন করিয়া কহিলেন, হে ত্রিলোক-সুন্দর! হে মহাবাহো! হে মহাবিষ্ণো! যে জন্য এই অবিমুক্তক্ষেত্রের নাম বারাণসী হইয়াছে, তাহা তোমার নিকট কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর॥ ২॥ পুরাকালে সূর্য্যবংশীয় মহাতেজা, পরমধার্ম্মিক ভগীরথ নামে এক রাজা ছিলেন। তিনি একদা অশ্বমেধীয় অশ্ব রক্ষায় নিযুক্ত স্বীয় পূর্ব্বপুরুষ সগর সন্ততি সকলে কপিল মুনির কোপানলে ভস্মীভূত হইয়াছেন শুনিয়া, তাঁহাদিগের উদ্ধার করণাশয়ে, গঙ্গা আরাধনার্থ তপস্যা করিতে কৃত নিশ্চয়

হিমবন্তং নগশ্রেষ্ঠ-মমাত্যন্যস্তরাজ্যধূঃ ।
জগাম যশসাং রাশিরুদ্দিধীর্ষুঃ পিতামহান্ ॥ ৫ ।
ব্রহ্মশাপাগ্নিনির্দ্দগ্ধান্ মহাদুর্গতিগানপি ।
বিনা ত্রিমার্গগাং বিষ্ণো কো জন্তুংস্ত্রিদিবং নয়েৎ ॥ ৬ ।
মমৈব সা পরা মূর্ত্তিস্তোয়রূপা শিবাত্মিকা ।
ব্রহ্মাণ্ডানামনেকানামাধারঃ প্রকৃতিঃ পরা ॥ ৭ ।
শুদ্ধবিদ্যাস্বরূপা চ ত্রিশক্তিঃ করুণাত্মিকা ।
আনন্দামৃতরূপা চ শুদ্ধধর্ম্মস্বরূপিণী ॥ ৮ ।
যামেতাং জগতাং ধাত্রীং ধারয়ামি স্বলীলয়া ।
বিশ্বস্য রক্ষণার্থায় পরব্রহ্মস্বরূপিণীম্ ॥ ৯ ।
ত্রৈলোক্যে যানি তীর্থানি পুণ্যক্ষেত্রাণি যানি চ ।
সর্ব্বত্র সর্ব্বে যে ধর্ম্মাঃ সর্ব্বে যজ্ঞাঃ সদক্ষিণাঃ ॥ ১০ ।
তপাংসি বিষ্ণো সর্ব্বাণি শ্রুতিঃ সাঙ্গা চতুর্ব্বিধা ।
অহঞ্চ ত্বঞ্চ ব্রহ্মাপি দেবতানাং গণাশ্চ যে ॥ ১১ ।

হইলেন। যশোধন ভগীরথ স্বীয় অমাত্য হস্তে রাজ্যভার সমর্পণ করিয়া পিতৃকুল উদ্ধারার্থ নগ-শ্রেষ্ঠ হিমালয়ে তপস্যা করিতে গমন করিলেন ॥ ৩ ॥ ৪ ॥ ৫ ॥ হে বিষ্ণো! ব্রহ্মশাপাগ্নিদগ্ধ, মহানরকস্থ জীবদিগকে, সেই ত্রিপথ-গামিনী গঙ্গা ব্যতীত আর কে উদ্ধার করিতে সমর্থ হয়? ॥ ৬ ॥ সেই মঙ্গলাত্মিকা, জলময়ী গঙ্গা আমারই এক পরমা মূর্ত্তি, তিনিই অনন্ত ব্রহ্মাণ্ডের আধার ও পরম প্রকৃতি ॥ ৭ ॥ তিনিই শুদ্ধ বিদ্যাস্বরূপিণী, শুদ্ধধর্ম্ম স্বরূপিণী, আনন্দ-কৈবল্যরূপিণী, করুণাময়ী, এবং ত্রিশক্তি, অর্থাৎ ইচ্ছা, জ্ঞান, ক্রিয়ারূপিণী ॥ ৮ ॥ আমি জগৎ রক্ষার্থ পরব্রহ্মস্বরূপিণী সেই জগদ্ধাত্রী গঙ্গাকে নিয়ত মস্তকে ধারণ করিতেছি ॥ ৯ হে বিষ্ণো! ত্রিলোক মধ্যে যে সকল তীর্থ, যে সকল পবিত্র ক্ষেত্র, যে সকল ধর্ম্ম, যে সকল সদক্ষিণ যজ্ঞ ও যে সকল তপস্যা

পুরুষার্থাশ্চ সর্ব্বে বৈ শক্তয়ো বিবিধাশ্চ যাঃ।
গঙ্গায়াং সর্ব্বএবৈতে সূক্ষ্মরূপেণ সংস্থিতাঃ ॥ ১২।
স স্নাতঃ সর্ব্বতীর্থেষু সর্ব্বক্রতুষু দীক্ষিতঃ।
চীর্ণসর্ব্বব্রতঃ সোঽপি যস্তু গঙ্গাং নিষেবতে ॥ ১৩।
তপাংসি তেন তপ্তানি সর্ব্বদানপ্রদঃ সচ।
স প্রাপ্তযোগনিয়মো যস্তু গঙ্গাং নিষেবতে ॥ ১৪।
সর্ব্ববর্ণাশ্রমেভ্যশ্চ বেদবিদ্ভ্যশ্চ বৈ তথা।
শাস্ত্রার্থপারগেভ্যশ্চ গঙ্গাস্নায়ী বিশিষ্যতে ॥ ১৫।
মনোবাক্কায়জৈর্দোষৈর্দুষ্টো বহুবিধৈরপি।
বীক্ষ্য গঙ্গাং ভবেৎপূতঃ পুরুষো নাত্র সংশয়ঃ ॥ ১৬।
কৃতে সর্ব্বত্র তীর্থানি ত্রেতায়াং পুষ্করং পরম্।
দ্বাপরে তু কুরুক্ষেত্রং কলৌ গঙ্গৈব কেবলং ॥ ১৭।

আছে, এবং আমি, তুমি, ব্রহ্মা, সমগ্র দেবতাগণ, ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ, বিবিধ শক্তি, ইহারা সূক্ষ্মরূপে এই গঙ্গাতে অবস্থিতি করিতেছেন ॥ ১০ ॥ ১১ ॥ ১২। যে মহাত্মা নিয়ত গঙ্গাকে সেবা করেন, তিনিই সমগ্র-তীর্থস্নাত, তিনিই সর্ব্বযজ্ঞ-দীক্ষিত, এবং তিনিই সমুদয় ব্রতচারী ॥ ১৩ ॥ যিনি গঙ্গাকে সেবা করেন, তিনিই তপস্যা করিয়াছেন, তিনিই সর্ব্ববিধ দান করিয়াছেন, এবং তিনিই সমগ্র যোগ নিয়ম সমাপন করিয়াছেন ॥ ১৪ ॥ সর্ব্ববিধ বর্ণাশ্রম, সকল বেদজ্ঞ, সমুদয় শাস্ত্রার্থপারগ পণ্ডিত হইতেও গঙ্গাস্নাত ব্যক্তি মাননীয় ॥ ১৫ ॥ মনুষ্য, কায়িক বাচিক মানসিক দোষে দূষিত হইয়াও যদি একবার গঙ্গা দর্শন করে, তবে সে ব্যক্তি নিঃসন্দেহ পবিত্রতা লাভ করে ॥ ১৬ ॥

সত্যযুগে সর্ব্বত্রই তীর্থ ছিল, ত্রেতাযুগে পুষ্কর ও দ্বাপরে কুরুক্ষেত্রই পরম তীর্থ ছিল, কলি যুগে কেবল গঙ্গাই একমাত্র পরম তীর্থ ॥ ১৭ ॥

পূর্ব্বজন্মান্তরাভ্যাসবাসনাবশতো হরে ।
গঙ্গাতীরে নিবাসঃ স্যান্মদনুগ্রহতঃ পরাৎ ॥ ১৮ ।
ধ্যানং কৃতে মোক্ষহেতুস্ত্রেতায়াং তচ্চ বৈ তপঃ ।
দ্বাপরে তদ্দ্বয়ং যজ্ঞাঃ কলৌ গঙ্গৈব কেবলম্ ॥ ১৯ ।
যো দেহপতনাদযাবদ্গঙ্গাতীরং ন মুঞ্চতি ।
স হি বেদান্তবিদ্যোগী ব্রহ্মচর্য্যব্রতী সদা ॥ ২০ ।
কলৌ কলুষচিত্তানাং পরদ্রব্যরতাত্মনাম্ ।
বিধিহীনক্রিয়াণাঞ্চ গতির্গঙ্গাং বিনা নহি ॥ ২১ ।
অলক্ষ্মীঃ কালকর্ণী চ দুঃস্বপ্নো দুর্ব্বিচিন্তিতম্ ।
গঙ্গাগঙ্গেতি জপনাত্তানি নোপবিশন্তি হি ॥ ২২ ।
গঙ্গা হি সর্ব্বভূতানামিহামুত্র ফলপ্রদা ।
ভাবানুরূপতো বিষ্ণো সদা সর্ব্বজগদ্ধিতা ॥ ২৩ ।
যজ্ঞদানতপোযোগজপাঃ সনিয়মা যমাঃ ।
গঙ্গাসেবাসহস্রাংশং ন লভন্তে কলৌ হরে ॥ ২৪ ।

হে হরে! পূর্ব্বজন্মের সুকৃত ও মদীয় অনুগ্রহ বলেই জীবের গঙ্গাতীরে বাস ঘটিয়া থাকে ॥ ১৮ ॥ সত্য কালে ধ্যানই মোক্ষের কারণ ছিল, ত্রেতা-যুগে ধ্যান ও তপস্যাই মোক্ষের হেতু ছিল, দ্বাপরে ধ্যান, তপস্যা এবং বিবিধ যজ্ঞই মোক্ষের নিদান ছিল, কলি যুগে গঙ্গাই কেবল একমাত্র মুক্তির কারণ ॥ ১৯ ॥ যিনি দেহ পতনকাল পর্য্যন্ত গঙ্গাতীর পরিত্যাগ না করেন, তিনিই বেদান্তবিৎ, তিনিই যোগী ও তিনিই সর্ব্বদা ব্রতাবলম্বী ॥ ২০ ॥ কলিযুগে কলুষিতচিত্ত পরদ্রব্যাভিলাষী, বিধিবিহীনকার্য্যরত, মানবগণের গঙ্গাব্যতীত আর গতি নাই ॥ ২১ ॥ গঙ্গা গঙ্গা এই জপ করিলে কাল কর্ণী, অলক্ষ্মী, দুঃস্বপ্ন ও দুশ্চিন্তা, এ সকল শরীরে প্রবেশ করিতে পারে না ॥ ২২ ॥ হে বিষ্ণো! কি ইহকাল, কি পরকাল, উভয় কালেই জগন্মঙ্গলকারিণী সেই গঙ্গা, ভক্ত্যনুসারে সকলকে ফল প্রদান করিয়া থাকেন ॥ ২৩ ॥ হে হরে! কলিযুগে যজ্ঞ, দান, তপস্যা, যোগ,

কিমষ্টাঙ্গেন যোগেন কিং তপোভিঃ কিমধ্বরৈঃ।
বাসএব হি গঙ্গায়াং ব্রহ্মজ্ঞানস্য কারণম্ ॥ ২৫।
অপি দূরস্থিতস্যাপি গঙ্গামাহাত্ম্যবেদিনঃ।
অযোগ্যস্যাপি গোবিন্দ ভক্ত্যা গঙ্গা প্রসীদতি ॥ ২৬।
শ্রদ্ধা ধর্ম্মঃ পরঃ সূক্ষ্মঃ শ্রদ্ধা জ্ঞানং পরং তপঃ।
শ্রদ্ধা স্বর্গশ্চ মোক্ষশ্চ শ্রদ্ধয়া সা প্রসীদতি ॥ ২৭।
অজ্ঞানরাগলোভাদ্যৈঃ পুংসাং সংমূঢ়চেতসাম্।
শ্রদ্ধা ন জায়তে ধর্ম্মে গঙ্গায়াঞ্চ বিশেষতঃ ॥ ২৮।
বহিস্থিতং জলং যদ্বন্নারিকেলান্তরে স্থিতম্।
তথা ব্রহ্মাণ্ডবাহ্যস্থং পরব্রহ্মাম্বু জাহ্নবী ॥ ২৯।
গঙ্গালাভাৎ পরো লাভঃ কচিদন্যো ন বিদ্যতে।
তস্মাদ্গঙ্গামুপাসীত গঙ্গৈব পরমঃ পুমান্ ॥ ৩০।

জপ, যম, নিয়ম প্রভৃতি সৎকার্য্য, গঙ্গাসেবার সহস্রাংশের একাংশ লাভেও সমর্থ নহে ॥ ২৪ ॥ কি অষ্টাঙ্গযোগ, কি তপস্যা, কি বিবিধ যজ্ঞ, এ সকল অনুষ্ঠান করার কি আবশ্যক? যেহেতু একমাত্র গঙ্গাতীর বাসই ব্রহ্মজ্ঞানের কারণ ॥ ২৫ ॥ হে গোবিন্দ! অযোগ্য ব্যক্তি দূরস্থিত হইয়াও যদি ভক্তিপূর্ব্বক গঙ্গার মাহাত্ম্য অবগত হয়, তাহা হইলে গঙ্গা তাহার প্রতি প্রসন্না হন ॥ ২৬ ॥ শ্রদ্ধাই পরম সূক্ষ্ম ধর্ম্ম, শ্রদ্ধাই জ্ঞানের হেতু, শ্রদ্ধাই পরম তপস্যা, ও শ্রদ্ধাই স্বর্গ মোক্ষের কারণ ॥ ২৭ ॥ অজ্ঞানতা বিষয়ানুরাগ, লোভাদি দ্বারা মুগ্ধচিত্ত মানবদিগের ধর্ম্ম ও গঙ্গাতে বিশেষ শ্রদ্ধা থাকে না ॥ ২৮ ॥ যেমন নারিকেল ফল স্ফুটিত হইলে তাহাহইতে জল নিঃসৃত হয়, সেইরূপ ব্রহ্মাণ্ডরূপ নারিকেল ফল বিষ্ণুর পাদাঙ্গুষ্ঠ দ্বারা স্ফুটিত হইয়া তাহাহইতে এই জলরূপিণী পরব্রহ্মময়ী গঙ্গা নিঃসৃত হইয়াছেন ॥ ২৯ ॥ গঙ্গা লাভ অপেক্ষা পরমলাভ আর

শক্তস্য পণ্ডিতস্যাপি গুণিনো দানশীলিনঃ।
গঙ্গাস্নানবিহীনস্য হরে জন্ম নিরর্থকম্ ॥ ৩১ ।
বৃথা কুলং বৃথা বিদ্যা বৃথা যজ্ঞা বৃথা তপঃ ।
বৃথা দানানি তস্যেহ কলৌ গঙ্গাং ন যো ভজেৎ ॥ ৩২ ॥
গুণবৎপাত্রপূজায়াং ন স্যাদ্বৈ তাদৃশং ফলম্ ।
যথা গঙ্গাজলস্নানপূজনে বিধিনা ফলম্ ॥ ৩৩ ।
মম তেজোঽগ্নিগর্ভেয়ং মম বীর্য্যাতিসংবৃতা ।
দাহিকা সর্ব্বদোষাণাং সর্ব্বপাপবিনাশিনী ॥ ৩৪ ।
স্মরণাদেব গঙ্গায়াঃ পাপসঙ্ঘাতপঞ্জরম্ ।
শতধা ভেদমায়াতি গিরির্ব্বজ্রহতো যথা ॥ ৩৫ ।
গঙ্গাং গচ্ছতি যস্ত্বেকো যস্তু ভক্ত্যানুমোদয়েৎ ।
তয়োস্তুল্যং ফলং প্রাহুর্ভক্তিরেবাত্র কারণম্ ॥ ৩৬ ।

কিছুই নাই, একারণ জীবের নিয়ত গঙ্গা উপাসনা করাই বিধেয় ॥ ৩০ ॥ হে হরে! পণ্ডিত ব্যক্তি গুণবান্ ও দানশালী, হইলেও যদি সমর্থ হইয়া গঙ্গাস্নানবিহীন হন, তবে তাঁহার জন্ম বিফল ॥ ৩১ ॥ যে ব্যক্তি কলিযুগে গঙ্গাকে ভজনা না করে, তাহার কুল, বিদ্যা, যজ্ঞ, তপস্যা, প্রচুর দান, এ সমস্তই বৃথা হয় ॥ ৩২ ॥

বিধিপূর্ব্বক গঙ্গাজল দ্বারা স্নান ও পূজা করিলে, যাদৃশ ফল হয়, গুণবৎ-পাত্র পূজা করিলে ও তাদৃশ ফল লাভ হয় না। ৩৩। মদীয় তেজোগ্নিগর্ভা মদীয় প্রভাবান্বিতা, এই গঙ্গা সমস্ত দোষের দাহকর্ত্রী ও সমস্ত পাপ বিনাশিনী। ৩৪। যে রূপ বজ্রাহত পর্ব্বত শতধা হইয়া ছিন্ন ভিন্ন হয়, সেই রূপ গঙ্গা স্মরণ মাত্র পর্ব্বত প্রমাণ পাপরাশিও বিনষ্ট হয়। ৩৫। যিনি ভক্তি পূর্ব্বক গঙ্গা স্নানে গমন করেন, ভক্তির সহিত তাহাতে যদি কেহ অনুমোদন করেন এই উভয় ব্যক্তির তুল্য ফল শাস্ত্রে কথিত

গচ্ছংস্তিষ্ঠন্ জপন্ ধ্যায়ন্ ভুঞ্জন্ জাগ্রৎ শ্বসন্ বদন্।
যঃ স্মরেৎ সততং গঙ্গাং স হি মুচ্যেত বন্ধনাৎ॥ ৩৭।
পিতৄনুদ্দিশ্য যো ভক্ত্যা পায়সং মধুসংযুতম্।
গুড়সর্পিস্তিলৈঃ সার্দ্ধং গঙ্গাম্ভসি বিনিক্ষিপেৎ॥ ৩৮।
তৃপ্তা ভবন্তি পিতরস্তস্য বর্ষশতং হরে।
যচ্ছন্তি বিবিধান্ কামান্ পরিতুষ্টাঃ পিতামহাঃ॥ ৩৯।
লিঙ্গে সংপূজিতে সর্ব্বমর্চ্চিতং স্যাজ্জগদ্যথা।
গঙ্গাস্নানেন লভতে সর্ব্বতীর্থফলং তথা॥ ৪০।
গঙ্গায়াস্তু নরঃ স্নাত্বা যো লিঙ্গং নিত্যমর্চ্চতি।
একেন জন্মনা মুক্তিং পরাং প্রাপ্নোতি স ধ্রুবম্॥ ৪১।
অগ্নিহোত্রঞ্চ যজ্ঞাশ্চ ব্রতদানতপাংসি চ।
গঙ্গায়াং লিঙ্গপূজায়াঃ কোট্যংশেনাপি নো সমাঃ॥ ৪২।

হইয়াছে॥ ৩৬॥ যিনি গমনে, ভোজনে, জাগরণে; দণ্ডায়মানে, কথনে, ধ্যান ও জপ কালে, সতত গঙ্গাকে স্মরণ করেন, তিনি অনায়াসে সংসার বন্ধন হইতে মুক্তি লাভ করিতে পারেন॥ ৩৭॥ হে হরে! যিনি পিতৃলোক উদ্দেশে ভক্তি পূর্ব্বক গঙ্গাজলে গুড়, ঘৃত, তিল, মধু-সংযুক্ত-পায়স-পিণ্ড দান করেন, তাহা হইলে তাঁহার পূর্ব্বপুরুষেরা এক শত বৎসর কাল পর্য্যন্ত পরিতৃপ্ত থাকেন এবং ঐ পিতৃলোকেরা পরি-তুষ্ট হইয়া তাঁহাকে বিবিধ কামনা ফল প্রদান করেন॥ ৩৮॥৩৯॥ যেরূপ শিবলিঙ্গ পূজিত হইলে, নিখিল দেবতাগণ পূজিত হন, সেই রূপ ভক্তির সহিত গঙ্গাস্নান করিলে সকল তীর্থ গমনের ফল লাভ হয়॥ ৪০॥ যে ব্যক্তি গঙ্গাস্নান করিয়া গঙ্গাতীরে নিয়ত শিবলিঙ্গ পূজা করেন, তিনি এক জন্মেই নিঃসন্দেহ পরম মুক্তি লাভ করেন॥ ৪১॥ অগ্নিহোত্র, যজ্ঞ, ব্রত, দান, তপস্যা এ সকল সৎকার্য্য, গঙ্গাতীরে শিবলিঙ্গ পূজনের

গঙ্গাং গন্তুং বিনিশ্চিত্য কৃত্বা শ্রাদ্ধাদিকং গৃহে।
স্থিতস্য সম্যক্ সংকল্পাত্তস্য নন্দন্তি পূর্ব্বজাঃ॥ ৪৩।
পাপানি চ রুদন্ত্যাশু হা ক্ক যাস্যাম ইত্যলম্।
লোভমোহাদিভিঃ সার্দ্ধং মন্ত্রয়ন্তি পুনঃ পুনঃ॥ ৪৪।
যথা ন গঙ্গাং যাত্যেষ তথা বিঘ্নং প্রকুর্ম্মহে।
গঙ্গাং গতো যথাচৈষ ন উচ্ছিত্তিং বিধাস্যতি॥ ৪৫।
গৃহাদ্গাঙ্গাবগাহার্থং গচ্ছতস্তু পদে পদে।
নিরাশানি ব্রজন্ত্যেব পাপান্যস্য শরীরতঃ॥ ৪৬।
পূর্ব্বজন্মকৃতৈঃ পুণ্যৈস্ত্যক্ত্বা লোভাদিকং হরে।
ব্যুদস্য সর্ব্ববিঘ্নৌঘান্ গঙ্গাং প্রাপ্নোতি পুণ্যবান্॥ ৪৭।
আনুষঙ্গেণ মৌল্যেন বাণিজ্যেনাপি সেবয়া।
কামাসক্তোঽপি বা মর্ত্ত্যো গঙ্গাস্নাতো দিবং ব্রজেৎ॥৪৮।

কোটি অংশের একাংশও নহে॥ ৪২॥ যিনি পরমতীর্থ গঙ্গা গমনে কৃত নিশ্চয় হইয়া সঙ্কল্প পূর্ব্বক গৃহে শ্রাদ্ধাদি কার্য্য সমাধান করেন, তাহাতে তাঁহার পূর্ব্ব পুরুষেরা অতুল আনন্দ লাভ করিয়া থাকেন॥ ৪৩॥ এবং তদীয় পাপ সকল হায়! আমরা এক্ষণে কোথায় যাইব, এই বলিয়া রোদন ও লোভ মোহাদির সহিত পুনঃ পুনঃ মন্ত্রণা করিতে থাকে॥ ৪৪॥ কহিতে থাকে এ ব্যক্তি যাহাতে গঙ্গায় গমন না করিতে পারে এবং যাহাতে আমাদিগকে উচ্ছেদ না করিতে পারে, এইরূপ বিঘ্ন করিব॥ ৪৫। গঙ্গা-স্নানার্থ গৃহ হইতে নির্গত ব্যক্তির শরীরস্থ পাপ সকল নিরাশ হইয়া দিগ্ দিগন্তে গমন করে॥ ৪৬॥ হে হরে! পুণ্যবান্ ব্যক্তি পূর্ব্বজন্মকৃত পুণ্যবলে লোভাদি ও সমস্ত বিঘ্ন পরিত্যাগ করিয়া গঙ্গাকে লাভ করেন॥ ৪৭॥ কোন মহাত্মার অনুগামী হইয়া অথবা মূল্য ও বাণিজ্য দ্বারা গঙ্গা সেবা করিলে স্বর্গে গমন করিতে পারে। অধিক কি কামাসক্ত ব্যক্তি ও যদি গঙ্গা সেবা করে, তবে অনায়াসে সে স্বর্গে গমন

অনিচ্ছয়াপি সংস্পৃষ্টো দহনো হি যথা দহেৎ।
অনিচ্ছয়াপি সংস্নাতা গঙ্গা পাপং তথা দহেৎ॥ ৪৯।
তাবদ্ভ্রমতি সংসারে যাবদ্গঙ্গাং ন সেবতে।
সংসেব্য গঙ্গাং নো জন্তুর্ভবক্লেশং প্রপশ্যতি॥ ৫০।
যো গঙ্গাম্ভসি নিস্নাতো ভক্ত্যা সংত্যক্তসংশয়ঃ।
মনুষ্যচর্ম্মণা নদ্ধঃ স দেবো নাত্র সংশয়ঃ॥ ৫১।
গঙ্গাস্নানার্থমুদ্যুক্তো মধ্যেমার্গং মৃতো যদি।
গঙ্গাস্নানফলং সোঽপি তদাপ্নোতি ন সংশয়ঃ॥ ৫২।
মাহাত্ম্যং যে চ গঙ্গায়াঃ শৃণ্বন্তি চ পঠন্তি চ।
তেঽপ্যশেষৈর্মহাপাপৈর্মুচ্যন্তে নাত্র সংশয়ঃ॥ ৫৩।
দুর্ব্বুদ্ধয়ো দুরাচারা হৈতুকা বহুসংশয়াঃ।
পশ্যন্তি মোহিতা বিষ্ণো গঙ্গামন্যনদীমিব॥ ৫৪।

করে॥ ৪৮॥ অনিচ্ছা পূর্ব্বক অগ্নি স্পর্শ করিলে অগ্নি যেমন সকলকে দগ্ধ করে, সেইরূপ অনিচ্ছাপূর্ব্বক গঙ্গাস্নাত ব্যক্তির পাপ সকল গঙ্গা দগ্ধ করিয়া থাকেন॥ ৪৯॥ জীবগণ যে কাল পর্য্যন্ত গঙ্গা সেবা না করে, সেই কাল পর্য্যন্তই সংসারচক্রে ভ্রমণ করে, কিন্তু গঙ্গাকে একবার সেবা করিলে আর তাহাদিগকে ভবযন্ত্রণা দর্শন করিতে হয় না॥ ৫০॥
যে মহাত্মা সংশয় পরিত্যাগ করিয়া ভক্তি সহকারে গঙ্গা জলে স্নান করেন, তিনি মনুষ্য চর্ম্মে আবৃত থাকিয়াও জগতীতলে দেবতা স্বরূপ, ইহাতে সন্দেহ নাই॥ ৫১॥ গঙ্গা স্নানে যাত্রা করিয়া যদি পথিমধ্যে কাহার মৃত্যু হয়, তবে সে ব্যক্তি নিঃসন্দেহ গঙ্গাস্নানের ফল লাভ করে॥ ৫২॥ যে সকল ব্যক্তি গঙ্গার মাহাত্ম্য শ্রবণ করেন, কিম্বা পাঠ করেন, তাঁহারাও অশেষ মহা পাপ হইতে মুক্ত হইয়া থাকেন, তাহাতে সন্দেহ নাই॥ ৫৩॥ হে বিষ্ণো! যাহারা দুর্ব্বুদ্ধি, দুরাচার, হেতুবাদী,

জন্মান্তরকৃতৈর্দানৈস্তপোভির্নিয়মৈর্ব্রতৈঃ।
ইহ জন্মনি গঙ্গায়াং নৃণাং ভক্তিঃ প্রজায়তে॥ ৫৫।
গঙ্গাভক্তিমতামর্থে মহেন্দ্রাদিপুরেষু চ।
হর্ম্ম্যাণি রম্যভোগানি নির্ম্মিতানি স্বয়ম্ভুবা॥ ৫৬।
সিদ্ধয়ঃ সিদ্ধিলিঙ্গানি স্পর্শলিঙ্গান্যনেকশঃ।
প্রাসাদা রত্নখচিতাশ্চিন্তামণিগণা অপি॥ ৫৭।
গঙ্গাজলান্তস্তিষ্ঠন্তি কলিকল্মষভীতিতঃ।
অতএব হি সংসেব্যা কলৌ গঙ্গেষ্টসিদ্ধিদা॥ ৫৮।
সূর্য্যোদয়ে তমাংসীব বজ্রপাতভয়ান্নগাঃ।
তার্ক্ষ্যেক্ষণাদ্যথা সর্পা মেঘা বাতাহতা ইব॥ ৫৯।
তত্ত্বজ্ঞানাদ্যথা মোহঃ সিংহং দৃষ্ট্বা যথা মৃগাঃ।
তথা সর্ব্বাণি পাপানি যান্তি গঙ্গেক্ষণাৎ ক্ষয়ম্॥ ৬০।

সন্দিগ্ধচিত্ত, তাহারাই মায়ার মুগ্ধ হইয়া গঙ্গাকে সামান্য নদী বলিয়া জ্ঞান করে॥ ৫৪॥ জন্মান্তরীর কৃতদান, তপস্যা, ব্রত, নিয়ম ইহাদ্বারা ইহজন্মে মনুষ্যদিগের গঙ্গাতে ভক্তি জন্মিয়া থাকে॥ ৫৫॥ যাঁহারা গঙ্গাকে ভক্তি করিয়া থাকেন, তাঁহাদিগের নিমিত্ত ব্রহ্মা, মহেন্দ্রাদি লোকে সুরম্য ভোগোপযোগী অট্টালিকা সকল প্রস্তুত করিয়া রাখেন॥ ৫৬॥ অণিমাদি অষ্টসিদ্ধি বহু সংখ্যক সিদ্ধিপ্রদ লিঙ্গ, ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষপ্রদ স্পর্শলিঙ্গ, রত্নখচিতপ্রাসাদ, চিন্তামণিগণ, ইহাঁরা সকলে কলি কলুষ ভয়ে গঙ্গাজলমধ্যে অবস্থিতি করিতেছেন, অতএব কলিযুগে অভীষ্টদায়িনী গঙ্গাই কেবল একমাত্র সেবনীয়া॥ ৫৭॥ ৫৮॥ যেমন সূর্য্যোদয়ে অন্ধকার, ইন্দ্র-বজ্রভয়ে পর্ব্বতগণ, গরুড় দর্শনে সর্পগণ, বাতাঘাতে মেঘগণ, তত্ত্বজ্ঞানোদয়ে মোহান্ধকার, সিংহ দর্শনে মৃগগণ দূরীভূত হয়, সেই রূপ গঙ্গাদর্শনে সর্ব্ববিধ পাপ দূরীভূত হইয়া

দিব্যৌষধৈর্যথা রোগা লোভেন চ যথা গুণাঃ।
যথা গ্রীষ্মোষ্মসম্পত্তিরগাধহ্রদমজ্জনাৎ ॥ ৬১।
তূলশৈলঃ স্ফুলিঙ্গেন যথা নশ্যতি তৎক্ষণাৎ।
তথা দোষাঃ প্রণশ্যন্তি গঙ্গাম্ভঃ-স্পর্শনাদ্ধ্রুবম্ ॥ ৬২।
ক্রোধেন চ তপো যদ্বৎ কামেন চ যথা মতিঃ।
অনয়েন যথা লক্ষ্মীর্বিদ্যা মানেন বৈ যথা ॥ ৬৩।
দম্ভকৌটিল্যমায়াভির্যথা ধর্ম্মো বিনশ্যতি।
তথা নশ্যন্তি পাপানি গঙ্গায়া দর্শনেন তু ॥ ৬৪।
মানুষ্যং দুর্লভং প্রাপ্য বিদ্যুৎসম্পাতচঞ্চলম্।
গঙ্গাং যঃ সেবতে সোঽত্র বুদ্ধেঃ পারংপরংগতঃ ॥ ৬৫।
বিধূতপাপা যে মর্ত্ত্যাঃ পরংজ্যোতিঃ স্বরূপিণীং।
সহস্রসূর্য্যপ্রতিমাং গঙ্গাংপশ্যন্তি তে ভুবি ॥ ৬৬।
সাধারণাম্ভসা পূর্ণাং সাধারণনদীমিব।
পশ্যন্তি নাস্তিকা গঙ্গাং পাপোপহতলোচনাঃ ॥ ৬৭।

যায় ॥ ৫৯ ॥ ৬০ ॥ যেমন দিব্য ঔষধ দ্বারা রোগ সকল, লোভ দ্বারা গুণ সকল ধ্বংস হয়, যেমন অগাধজল মজ্জনে গ্রীষ্ম-সন্তাপ দূর হয়, অগ্নিকণা স্পর্শে পর্ব্বতাকৃতি তুলারাশি ভস্মীভূত হইয়া যায়, সেই রূপ গঙ্গাজল স্পর্শমাত্র নিঃসন্দেহ সমস্ত পাপ বিনষ্ট হয় ॥ ৬১ ॥ ৬২ ॥ যেমন ক্রোধদ্বারা তপস্যা ও কামদ্বারা বুদ্ধিভ্রষ্ট হয়; যেমন অনীতিদ্বারা লক্ষ্মী, অভিমানদ্বারা বিদ্যা বিনষ্ট হয়, যেমন দম্ভ, কৌটিল্য, প্রবঞ্চনাদি দ্বারা ধর্ম্মবিলোপ হয়, সেই রূপ গঙ্গাদর্শনমাত্র সমস্ত পাপরাশি ধ্বংস হয় ॥ ৬৩ ॥ ৬৪ ॥ যে ব্যক্তি বিদ্যুতের ন্যায় চঞ্চল, দুর্লভ মানব জন্ম লাভ করিয়া গঙ্গাসেবা করেন, তিনিই এই জগতে বুদ্ধির পর পার গামী ॥ ৬৫ ॥ যে সকল মনুষ্য নিষ্পাপী তাঁহারাই গঙ্গাকে সহস্রসূর্য্যপ্রভা, পরমজ্যোতিঃ স্বরূপিণী রূপে দর্শন করেন ॥ ৬৬ ॥ পাপাপহৃত লোচন

সংসারমোচকশ্চাহং জনানামনুকম্পয়া।
গঙ্গাতরঙ্গরূপেণ সোপানং নির্ম্মমে দিবঃ॥ ৬৮।
সর্ব্বএব শুভঃ কালঃ সর্ব্বোদেশস্তথা শুভঃ।
সর্ব্বোজনোদানপাত্রং শ্রীমতীজাহ্নবীতটে॥ ৬৯।
যথাশ্বমেধো যজ্ঞানাং নগানাং হিমবান্ যথা।
ব্রতানাঞ্চ যথা সত্যং দানানামভয়ং যথা॥ ৭০।
প্রাণায়ামশ্চ তপসাং মন্ত্রাণাং প্রণবো যথা।
ধর্ম্মাণামপ্যহিংসা চ কাম্যানাং শ্রীর্যথা বরা॥ ৭১।
যথাত্মবিদ্যা বিদ্যানাং স্ত্রীণাংগৌরী যথোত্তমা।
সর্ব্বদেবগণানাঞ্চ যথা ত্বং পুরুষোত্তম॥ ৭২।
সর্ব্বেষামেব পাত্রাণাং শিবভক্তো যথা বরঃ।
তথা সর্ব্বেষু তীর্থেষু গঙ্গাতীর্থং বিশিষ্যতে॥ ৭৩।
হরে যশ্চাবয়োর্ভেদং ন করোতি মহামতিঃ।
শিবভক্তঃ স বিজ্ঞেয়ো মহাপাশুপতশ্চ সঃ॥ ৭৪।

নাস্তিকেরাই গঙ্গাকে সামান্য জলপূর্ণ সাধারণ নদী বলিয়া দর্শন করে॥ ৬৭॥ হে হরে! আমি, অনুগ্রহ করিয়া জীবগণের সংসার মোচনের নিমিত্ত গঙ্গা তরঙ্গরূপ স্বর্গের সোপান প্রস্তুত করিয়াছি॥ ৬৮॥ শ্রীমতী ভাগীরথীর তীরে সকল কাল ও সকল স্থানই পবিত্র, সকল লোকেই দানের পাত্র॥ ৬৯॥ হে পুরুষোত্তম! যেমন যজ্ঞ মধ্যে অশ্বমেধ, পর্ব্বত মধ্যে হিমালয়, ব্রত মধ্যে সত্য, দানের মধ্যে অভয়, তপস্যার মধ্যে প্রাণায়াম, মন্ত্র মধ্যে প্রণব, ধর্ম্ম মধ্যে অহিংসা, কাম্য মধ্যে লক্ষ্মী, বিদ্যা মধ্যে আত্মবিদ্যা, স্ত্রী জাতির মধ্যে গৌরী, দেবগণের মধ্যে তুমি, পাত্রমধ্যে শিবভক্তই উৎকৃষ্ট, সেই রূপ সকল তীর্থ মধ্যে গঙ্গাই সর্ব্বপ্রধান॥ ৭০॥ ৭১॥ ৭২॥ ৭৩॥ হে হরে! যে মহামতি

পাপপাংশু-মহাবাত্যা পাপক্রমকুঠারিকা।
পাপেন্ধনদবাগ্নিশ্চ গঙ্গেয়ং পুণ্যবাহিনী ॥ ৭৫।
নানারূপাশ্চ পিতরো গাথাং গায়ন্তি সর্ব্বদা।
অপি কশ্চিৎ কুলেঽস্মাকং গঙ্গাস্নায়ী ভবিষ্যতি ॥ ৭৬।
দেবর্ষীন্ পরিসন্তর্প্য দীনানাথাংশ্চ দুঃখিতান্।
শ্রদ্ধয়া বিধিনা স্নাত্বা দাস্যতে সলিলাঞ্জলিম্ ॥ ৭৭।
অপি নঃ স কুলে ভূয়াচ্ছিবে বিষ্ণৌ চ সাম্যদৃক্।
তদালয়করো ভক্ত্যা তস্য সংমার্জ্জনাদিকৃৎ ॥ ৭৮।
অকামো বা সকামো বা তির্য্যগ্‌যোনিগতোপি বা।
গঙ্গায়াং যো মৃতো মর্ত্ত্যো নরকং স ন পশ্যতি ॥ ৭৯।
তীর্থমন্যৎ প্রশংসন্তি গঙ্গাতীরে স্থিতাশ্চ যে।
গঙ্গাং ন বহুমন্যন্তে তে স্যুর্নিরয়গামিনঃ ॥ ৮০।

তোমাতে ও আমাতে ভেদ জ্ঞান না করেন, তিনিই মহা পাশুপত, ও শিবভক্ত বলিয়া জানিবে ॥ ৭৪ ॥ এই পুণ্যবাহিনী গঙ্গা পাপপাংশুর মহাবাত্যা, পাপক্রমের কুঠারিকা, পাপ ইন্ধনের দাবাগ্নিস্বরূপা ॥ ৭৫ ॥ নানারূপধারী পিতৃলোকেরা সর্ব্বদা এই বলিয়া গান করেন, হায়! কবে আমাদিগের বংশে গঙ্গাস্নায়ী ব্যক্তি জন্ম গ্রহণ করিবেন ॥ ৭৬ ॥ এবং তিনি শ্রদ্ধাসহকারে যথাবিধি স্নান করিয়া প্রথমতঃ দেবতা ও ঋষি দিগের তর্পণ, তদনন্তর দীন, দুঃখী, অনাথদিগকে যথাসাধ্য দান করিয়া আমাদিগকে জলাঞ্জলি প্রদান করিবেন ॥ ৭৭ ॥ এবং আমাদের কুলে জন্ম গ্রহণ করিয়া শিব বিষ্ণুকে সমান জ্ঞান ও ভক্তি সহকারে তাঁহাদের মন্দির করদ্বারা মার্জ্জনা করিবেন ॥ ৭৮ ॥ কি অকাম কি সকাম মনুষ্য কি জন্তু সকল, কি তির্য্যগ্‌যোনি, যে কোন জীবই হউক, যদি গঙ্গাতীরে মৃত হয়, তবে সে কখন নরক দর্শন করে না ॥ ৭৯ ॥ যে সকল মনুষ্য গঙ্গা তীরে স্থিত হইয়া মহাতীর্থ-গঙ্গাকে অমান্য ও

মাঞ্চ ত্বাঞ্চৈব যোদ্বেষ্টি গঙ্গাঞ্চ পুরুষাধমঃ।
স্বকীয়ৈঃ পুরুষৈঃ সার্দ্ধং স ঘোরং নরকং ব্রজেৎ ॥ ৮১।
ষষ্টির্গণসহস্রাণি গঙ্গাং রক্ষন্তি সর্ব্বদা।
অভক্তানাঞ্চ পাপানাং বাসে বিঘ্নং প্রকুর্ব্বতে ॥ ৮২।
কামক্রোধমহামোহ-লোভাদিনিশিতৈঃ শরৈঃ।
ঘ্নন্তি তেষাং মনস্তত্র স্থিতিঞ্চাপনয়ন্তি চ ॥ ৮৩।
গঙ্গাং সমাশ্রয়েদ্‌যস্তু স মুনিঃ স চ পণ্ডিতঃ।
কৃতকৃত্যঃ স বিজ্ঞেয়ঃ পুরুষার্থচতুষ্টয়ে ॥ ৮৪।
গঙ্গায়াঞ্চ সকৃৎ স্নাতো হয়মেধফলং লভেৎ।
তর্পয়ংশ্চ পিতৄংস্তত্র তারয়েন্নরকার্ণবাৎ ॥ ৮৫।
নৈরন্তর্য্যেণ গঙ্গায়াং মাসং যঃ স্নাতি পুণ্যবান্।
শক্রলোকে স বসতি যাবচ্ছক্রঃ সপূর্ব্বজঃ ॥ ৮৬।

অন্য তীর্থের প্রশংসা করে, তাহারা নিশ্চয় নিরয়গামী হইয়া থাকে ॥৮০॥ যে নরাধম আমাকে তোমাকে ও গঙ্গাকে দ্বেষ করে, সে স্বকীয় পূর্ব্ব পুরুষের সহিত ঘোর নরকে বাস করে ॥ ৮১ ॥

ষষ্টি সহস্র রুদ্রগণ নিয়ত গঙ্গাকে রক্ষা করিতেছে, তাহারা অভক্ত পাপাত্মাদিগের গঙ্গাবাসের বিঘ্ন করিয়া থাকে ॥ ৮২ ॥ এবং তাহারা কাম, ক্রোধ, লোভ, মোহরূপ শাণিত শর দ্বারা সেই সকল পাপাত্মা-দিগের চিত্ত বিনষ্ট ও গঙ্গাতীর বাস অপনয়ন করে ॥ ৮৩ ॥ যিনি গঙ্গাকে আশ্রয় করেন, তিনিই মুনি, তিনিই পণ্ডিত, এবং তিনিই পুরুষার্থচতুষ্টয়ে অর্থাৎ ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ সাধনে কৃতকার্য্য হন ॥ ৮৪ ॥ যিনি গঙ্গাতে এক বার স্নান, ও তাহাতে পিতৃ-লোকদিগের তর্পণ করেন, তাহা হইলে তিনি অশ্বমেধ যজ্ঞের ফল লাভ এবং পিতৃলোকদিগকে নরকার্ণব হইতে উদ্ধার করেন ॥ ৮৫ ॥ যিনি

অব্দং যঃ স্নাতি গঙ্গায়াং নৈরন্তর্য্যেণ পুণ্যভাক্।
বিষ্ণোর্লোকং সমাসাদ্য স সুখং সং বসেন্নরঃ॥ ৮৭।
গঙ্গায়াং স্নাতি যোমর্ত্ত্যো যাবজ্জীবং দিনে দিনে।
জীবন্মুক্তঃ স বিজ্ঞেয়ো দেহান্তে মুক্তএব সঃ॥ ৮৮।
তিথিনক্ষত্রপর্ব্বাদি নাপেক্ষ্যং জাহ্নবীজলে।
স্নানমাত্রেণ গঙ্গায়াং সঞ্চিতাঘং বিনশ্যতি॥ ৮৯।
পণ্ডিতোঽপি স মূর্খঃ স্যাচ্ছক্তিযুক্তোঽপ্যশক্তিকঃ।
যস্তু ভাগীরথীতীরং সুখসেব্যং ন সংশ্রয়েৎ॥ ৯০।
কিং বায়ুষাপ্যরোগেণ বিকাশিন্যাথ কিং শ্রিয়া।
কিং বা বুদ্ধ্যা বিমলয়া যদি গঙ্গাং ন সেবতে॥ ৯১।
যঃ কারয়েদায়তনং গঙ্গাপ্রতিকৃতের্নরঃ।
ভুক্ত্বা স ভোগান্ প্রেত্যাপি যাতি গঙ্গাসলোকতাম্॥৯২।

অবাধে এক মাস কাল গঙ্গাতে স্নান করেন, তিনি এক ইন্দ্রকাল পর্য্যন্ত পূর্ব্বপুরুষের সহিত ইন্দ্রলোকে বাস করেন॥ ৮৬॥ যিনি এক বৎসর কাল অবাধে গঙ্গায় স্নান করেন, তিনি বিষ্ণুলোকে গমন করিয়া সুখ সচ্ছন্দে দীর্ঘকাল অবস্থিতি করিতে পারেন॥ ৮৭॥ যিনি যাবজ্জীবন প্রত্যহ গঙ্গাতে স্নান করেন, তিনিই জীবন্মুক্ত, ও দেহান্তে নির্ব্বাণ মুক্তি লাভ করিতে পারেন॥ ৮৮॥ গঙ্গাস্নানে তিথি, নক্ষত্র, ও পর্ব্বাদির অপেক্ষা নাই, গঙ্গায় স্নান মাত্রই সঞ্চিত পাপরাশি এককালীন ক্ষয় হইয়া যায়॥ ৮৯॥ যে ব্যক্তি সুখ সেব্য ভাগীরথী তীর আশ্রয় না করে, সে ব্যক্তি পণ্ডিত হইয়াও মূর্খ, শক্তিমান হইয়াও শক্তিহীন॥ ৯০॥ যদি কেহ সুখসেব্য গঙ্গা আরাধনা না করে, তবে তাহার রোগ শূন্য হইয়া জীবন ধারণ, বিপুল ঐশ্বর্য্য, ও নির্ম্মল বুদ্ধিতে কি আবশ্যক? ৯১॥ যে ব্যক্তি গঙ্গার প্রতিমূর্ত্তি নির্ম্মাণ করিয়া

শৃণ্বন্তি মহিমানং যে গঙ্গায়া নিত্যমাদরাৎ ।
গঙ্গাস্নানফলং তেষাং বাচকপ্রীণনাদ্ধনৈঃ ॥ ৯৩ ।
পিতৄনুদ্দিশ্য যো লিঙ্গং স্নপয়েদ্গাঙ্গবারিণা ।
তৃপ্তাঃ স্যুস্তস্য পিতরো মহানিরয়গা অপি ॥ ৯৪ ।
অষ্টকৃত্বো মন্ত্রজপ্তৈ র্বস্ত্রপূতৈঃ সুগন্ধিভিঃ ।
প্রোচুর্গাঙ্গজলৈঃ স্নানং ঘৃতস্নানাধিকং বুধাঃ ॥ ৯৫ ।
অষ্টদ্রব্যবিমিশ্রেণ গঙ্গাতোয়েন যঃ সকৃৎ ।
মাগধ * প্রস্থমাত্রেণ তাম্রপাত্রস্থিতেন চ ॥ ৯৬ ।
ভানবেঽর্ঘং প্রদদ্যাচ্চ স্বকীয়পিতৃভিঃ সহ ।
সোঽতিতেজোবিমানেন সূর্য্যলোকে মহীয়তে ॥ ৯৭ ।
আপঃ ক্ষীরং কুশাগ্রাণি ঘৃতং মধু গবাং দধি ।
রক্তানি করবীরাণি রক্তচন্দনমিত্যপি ॥ ৯৮ ।

তাহা পূজা করেন, তিনি ইহলোকে যথেষ্ট সুখ ভোগ করিয়া পরে গঙ্গালোকে বাস করেন ॥ ৯২ ॥

যে মহাত্মারা আদরপূর্ব্বক গঙ্গার মাহাত্ম্য শ্রবণ করেন এবং ধনাদি-দ্বারা পাঠককে পরিতৃপ্ত করেন, তাঁহাদিগেরও গঙ্গাস্নানের ফল হয় ॥ ৯৩॥ যিনি পিতৃলোক উদ্দেশ করিয়া গঙ্গাজলদ্বারা শিবলিঙ্গ স্নান করান তাঁহার পিতৃলোকেরা নিরয়গামী হইলেও পরিতৃপ্ত হন ॥ ৯৪ ॥ মন্ত্রোচ্চারণপূর্ব্বক সুগন্ধি বস্ত্রপূত গঙ্গাজলদ্বারা অষ্টবার শিবলিঙ্গ স্নান, ঘৃত স্নান অপেক্ষাও অধিক বলিয়া পণ্ডিতেরা কীর্ত্তন করিয়াছেন ॥ ৯৫ ॥ যে মহাত্মা অষ্ট দ্রব্য মিশ্রিত গঙ্গাজল দ্বাদশ পল পরিমিত তাম্র পত্রে রাখিয়া যদি সূর্য্য দেবকে অর্ঘ প্রদান করেন, তাহা হইলে তিনি পিতৃলোকদিগের সহিত অতিতেজঃপুঞ্জ বিমানে আরোহণ করিয়া সূর্য্যলোকে গমন করেন ॥ ৯৬ ॥ ৯৭ ॥ হে বিষ্ণো! জল, গব্যদুগ্ধ, দধি, ঘৃত, মধু, কুশাগ্র রক্তকরবীর-পুষ্প, রক্তচন্দন, একত্রিত এই অষ্ট

* মাধব প্রস্থমাত্রেণেত্যিবঙ্গীয় পাঠঃ ।

অষ্টাঙ্গার্ঘোয়মুদ্দিষ্টস্তুতীব রবিতোষণঃ
গাঙ্গৈর্বার্ভিঃ কোটিগুণো জ্ঞেয়ো বিষ্ণোঽন্যবারিতঃ ॥ ৯৯।
গঙ্গাতীরে স্বশক্ত্যা যঃ কুর্য্যাদ্দেবালয়ং সুধীঃ।
অন্যতীর্থপ্রতিষ্ঠাতো ভবেৎ কোটিগুণং ফলম্ ॥ ১০০।
অশ্বত্থবটচূতাদি বৃক্ষারোপেণ যৎ ফলম্।
কূপবাপীতড়াগাদিপ্রপাসত্রাদিভিস্তথা ॥ ১০১।
অন্যত্র যদ্ভবেৎ পুণ্যং তদ্গাঙ্গাদর্শনাদ্ভবেৎ।
পুষ্পবাট্যাদিভিশ্চাপি গঙ্গাস্পর্শং ততোঽধিকম্ ॥ ১০২।
কন্যাদানেন যৎ পুণ্যং যৎপুণ্যং গোঽন্নদানতঃ।
তৎ পুণ্যং স্যাচ্ছতগুণং গঙ্গাগণ্ডূষপানতঃ ॥ ১০৩।
চান্দ্রায়ণসহস্রেণ যৎ পুণ্যং স্যাজ্জনার্দ্দন।
ততোঽধিকফলং গঙ্গামৃতপানাদবাপ্নুয়াৎ ॥ ১০৪।

দ্রব্যই সূর্য্যদেবের পরম প্রীতিকর। ইহাকেই অষ্টাঙ্গার্ঘ বলিয়া উল্লেখ করে, ইহা গঙ্গাজলে মিশ্রিত হইলে, অন্য জল অপেক্ষা কোটিগুণ ফল প্রদ হয় জানিবে ॥ ৯৮ ॥ ৯৯ ॥ যিনি স্বীয় সামর্থ্যানুসারে গঙ্গাতীরে দেবালয় স্থাপন করেন, তিনি তীর্থান্তরে দেবালয় স্থাপনা অপেক্ষা কোটিগুণ ফল লাভ করেন ॥ ১০০ ॥ অশ্বত্থ, বট, আম্র প্রভৃতি বৃক্ষ রোপণ, কূপ দীর্ঘিকা তড়াগ প্রভৃতি জলাশয়, পাণীয়শাল', সত্র অর্থাৎ অন্ন দান, এই সকল সৎকার্য্য অন্য স্থানে করিলে যে পুণ্য হয়, গঙ্গা দর্শন মাত্র সেই পুণ্য লাভ হয়, দেবোদ্দেশে পুষ্পোদ্যানাদি প্রস্তুত করিলে যে পুণ্য হয়, গঙ্গাস্পর্শ মাত্র তদপেক্ষা অধিক পুণ্য লাভ হয় ॥ ১০১ ॥ ১০২ ॥ কন্যা, গো এবং অন্নদান করিলে যে পুণ্য হয়, গণ্ডূষমাত্র গঙ্গাজল পানে তদপেক্ষা শতগুণ পুণ্য লাভ হয় ॥ ১০৩ ॥ হে জনার্দ্দন! সহস্র চান্দ্রায়ণ করিলে, যে পুণ্য হয়, গঙ্গাজল পানে তদপেক্ষা অধিক

ভক্ত্যা গঙ্গাবগাহস্য কিমন্যৎ ফলমুচ্যতে ।
অক্ষয়ঃ স্বর্গবাসোপি নির্ব্বাণমথ বা হরে ॥ ১০৫ ।
গঙ্গায়াঃ পাদুকাযুগ্মং নিত্যমর্চ্চতি যো নরঃ ।
আয়ুঃ পুণ্যং ধনং পুত্রান্ স্বর্গমোক্ষৌ চ বিন্দতি ॥ ১০৬
নাস্তি গঙ্গাসমং তীর্থং কলিকল্মষনাশনম্ ।
নাস্তি মুক্তিপ্রদং ক্ষেত্রমবিমুক্তসমং হরে ॥ ১০৭ ।
গঙ্গাস্নানরতং মর্ত্ত্যং দৃষ্ট্বৈব যমকিঙ্করাঃ ।
দিশো দশ পলায়ন্তে সিংহং দৃষ্ট্বা যথা মৃগাঃ ॥ ১০৮ ।
গঙ্গাভজনশীলস্য গঙ্গাতটনিবাসিনঃ ।
অর্চ্চাং কৃত্বা যথান্যায়মশ্বমেধফলং লভেৎ ॥ ১০৯ ।
গোভূহিরণ্যদানেন ভক্ত্যা গঙ্গাতটে শুভে ।
নরো ন জায়তে ভূয়ঃ সংসারে দুঃখসঙ্কটে ॥ ১১০ ।

ফল লাভ হয় ॥ ১০৪ ॥ হে হরে! যিনি ভক্তি সহকারে গঙ্গায় অবগাহন করেন, তাঁহার পুণ্যের ফল অধিক আর কি বলিব, অক্ষয় স্বর্গবাস কিম্বা নির্ব্বাণ মুক্তি এই উভয়ের একতর অবশ্যই ঘটে ॥ ১০৫ ॥ যে মনুষ্য স্থণ্ডিলাদিতে চন্দনাদি দ্বারা গঙ্গার পাদুকা যুগল নিয়ত অর্চ্চনা করেন, তিনি আয়ু, পুণ্য, ধন, বহুপুত্র স্বর্গ এবং মোক্ষ লাভ করেন ॥ ১০৬ ॥ হে হরে! যেমন অবিমুক্ত সম মুক্তি প্রদ আর ক্ষেত্র নাই, সেইরূপ কলি-কলুষ বিনাশন গঙ্গার সমান আর তীর্থ নাই ॥ ১০৭ ॥ যেমন মৃগগণ সিংহ দর্শন করিয়া দিগ্ দিগন্তে গমন করে, সেইরূপ গঙ্গাস্নানরত মনুষ্যকে দেখিয়া যমদূতেরা পলায়ন করে ॥ ১০৮ ॥ গঙ্গাতীর নিবাসী এবং গঙ্গাভজনশীল ব্যক্তিকে যথাবিধি পূজা করিলেও অশ্বমেধ যজ্ঞের ফল লাভ হয় ॥ ১০৯ ॥ যিনি গো, ভুমি, হিরণ্য, পবিত্র গঙ্গাতীরে ভক্তি-সহকারে দান করেন, তিনি আর দুঃখাস্পদ এই সংসারে পুনর্ব্বার জন্ম

দীর্ঘায়ুষ্যঞ্চ বাসোভির্জ্জ্ঞানং পুস্তকদানতঃ।
অন্নদানেন সম্পত্তিং কীর্ত্তিং কন্যাপ্রদানতঃ ॥ ১১১।
অন্যত্র যৎ কৃতং কর্ম্ম ব্রতং দানং জপস্তপঃ।
গঙ্গাতটে তু তৎ সর্ব্বং হরে কোটিগুণং ভবেৎ ॥ ১১২।
ধেনুং সবৎসাং যো দদ্যাদ্গঙ্গাতীরে বিধানতঃ।
গোরোমসঙ্খ্যয়া বিষ্ণো যুগান্ সর্ব্বসমৃদ্ধিমান্ ॥ ১১৩।
গোলোকে মম লোকে বা কামধেনুপ্রদানতঃ।
ভুঞ্জানঃ সর্ব্বকামাংস্তু দিব্যান্ নানাবিধান্ বহূন্ ॥ ১১৪।
দেবানামপ্যলভ্যাংশ্চ ভুক্ত্বা তু সহ বান্ধবৈঃ।
পিতৃভিশ্চ সুহৃদ্ভিশ্চ সর্ব্বরত্নবিভূষিতঃ ॥ ১১৫।
জায়তে সৎকুলে পশ্চাদ্ধনধান্যসমাকুলে।
রত্নকাঞ্চনসম্পন্নে শীলবিদ্যাসমন্বিতে ॥ ১১৬।

গ্রহণ করেন না ॥ ১১০ ॥ যিনি গঙ্গাতীরে বস্ত্র, পুস্তক, অন্ন, ও কন্যাদান করেন, তিনি যথাক্রমে দীর্ঘায়ু জ্ঞান, সম্পত্তি, এবং কীর্ত্তি লাভ করেন ॥ ১১১ ॥ হে হরে! অন্য স্থানে ব্রত, দান, জপ, তপস্যা, এই সকল সৎকার্য্য করিলে যে ফল লাভ হয়, গঙ্গাতীরে সেই সকল কার্য্য করিলে তদপেক্ষা কোটিগুণ ফল লাভ হয় ॥ ১১২ ॥ হে বিষ্ণো! যিনি গঙ্গাতীরে বিধিপূর্ব্বক সবৎসা ধেনু দান করেন, তিনি গোরোম সংখ্যক যুগ কাল স্বর্গে বাস করেন ॥ ১১৩ ॥ যিনি গঙ্গাতীরে কামধেনু দান করেন, তিনি সর্ব্বপ্রকার অভীষ্ট ফল ভোগ করত গোলোকে কিম্বা মম লোকে অবস্থিতি করেন ॥ ১১৪ ॥ ধেনুপ্রদ, পূর্ব্বোক্ত মহাত্মা সর্ব্বরত্নে বিভূষিত এবং বন্ধু, বান্ধব, সুহৃদ্ ও পিতৃলোকগণে পরিবৃত হইয়া দেব দুর্লভ ভোগ্য-বস্তু ভোগানন্তর সদ্‌বিদ্যাবিশারদ, সৎস্বভাব, ধনধান্যযুক্ত কোন

ভুক্ত্বা স বিপুলান্ ভোগান্ পুত্রপৌত্রসমন্বিতঃ।
পুনর্গঙ্গাং সমাসাদ্য কাশ্যামুত্তরবাহিনীম্॥ ১১৭।
বিশ্বেশ্বরং সমারাধ্য প্রাগ্‌জন্মবাসনাবশাৎ।
কালাদ্দেহান্তমাসাদ্য ব্রহ্ম সম্পদ্যতে ততঃ॥ ১১৮।
নিবর্ত্তনদ্বয়মপি ভূমের্ভাগীরথীতটে।
নরো দদাতি যো ভক্ত্যা তস্য পুণ্যফলং শৃণু॥ ১১৯।
তত্ত্ভূমিত্রসরেণূনাং সঙ্খ্যয়া যুগমানয়া।
মহেন্দ্রচন্দ্রলোকেষু ভুক্ত্বা ভোগান্ মনঃপ্রিয়ান্॥ ১২০।
সপ্তদ্বীপপতির্ভূত্বা মহাধর্ম্মপরায়ণঃ।
নরকস্থান্ পিতৃন্ সর্ব্বান্ প্রাপয়েত্ত্রিদিবং হরে॥ ১২১।
স্বর্গস্থাংশ্চ পিতৃন্ সর্ব্বান্ মোচয়িত্বা মহাদ্যুতিঃ।
অন্তে জ্ঞানাসিনা ছিত্বা হ্যবিদ্যাং পাঞ্চভৌতিকীম্॥ ১২২।
পরং বৈরাগ্যমাপন্নো যুঞ্জানো যোগমুত্তমম্।
প্রাপ্যাথ রাবিমুক্তঞ্চ পরং ব্রহ্মাধিগচ্ছতি॥ ১২৩।

সদ্বংশে জন্ম গ্রহণ করেন॥ ১১৫॥ ১১৬॥ এবং তিনি ঐ বংশে পুত্র পৌত্রাদিতে পরিবৃত হইয়া বিপুল ঐশ্বর্য্য ভোগানন্তর পুনর্ব্বার কাশীতে উত্তর বাহিনী গঙ্গা প্রাপ্ত হন তদনন্তর জন্মান্তরীয় সংস্কার বশত বিশ্বেশ্বরকে আরাধনা এবং যথাকালে দেহ ত্যাগ করিয়া কৈবল্য লাভ করেন॥ ১১৭॥ ১১৮॥ যিনি ভাগীরথীতীরে ভক্তি সহকারে দ্বিশত চত্বারিংশৎ হস্ত পরিমিত ভূমি দান করেন, তদীয় পুণ্য ফল বলি শ্রবণ কর॥ ১১৯॥ হে হরে! ভূমিস্থিত ত্রসরেণু সংখ্যক যুগ ব্যাপিয়া মহেন্দ্র কিম্বা চন্দ্রলোকে মনোভীষ্ট সুখ ভোগানন্তর পরম ধার্ম্মিক হইয়া সপ্তদ্বীপের অধিপতি ও নরকস্থ পিতৃলোকদিগের স্বর্গ প্রাপ্তির হেতু হন। স্বর্গস্থ পিতৃলোকদিগকে মোচন করিয়া অন্তে জ্ঞান-অসি দ্বারা পাঞ্চভৌতিকী অবিদ্যা ছেদানন্তর পরম বৈরাগ্য ও যোগাবলম্বন পূর্ব্বক কাশীধাম প্রাপ্ত হইয়া

সুবর্ণমাত্রমপি যঃ সুবর্ণং সংপ্রযচ্ছতি।
সুবর্ণায় সুবর্ণঞ্চ হরে ভাগীরথীতটে ॥ ১২৪।
স হেম রত্নখচিতে বিমানে সর্ব্বগে শুভে।
সর্ব্বৈশ্বর্য্যসমাযুক্তঃ সর্ব্বলোকেষু পূজিতঃ ॥ ১২৫।
ব্রহ্মাণ্ডান্তরসংস্থেষু ভুঞ্জন্ ভোগান্ মনোরমান্।
সর্ব্বৈঃ সংপূজিতো বিষ্ণো যাবদাভূতসংপ্লবম্ ॥ ১২৬।
একরাট্‌চ ততো ভূত্বা জম্বুদ্বীপে প্রতাপবান্।
ততোঽবিমুক্তমাসাদ্য পদং নির্ব্বাণমৃচ্ছতি ॥ ১২৭।
জন্মর্ক্ষে তু কৃতে স্নানে গঙ্গায়াং ভক্তিপূর্ব্বকম্।
জন্মপ্রভৃতিপাপৌঘাৎ সঞ্চিতান্মুচ্যতে ক্ষণাৎ ॥ ১২৮।
বৈশাখে কার্ত্তিকে মাঘে গঙ্গাস্নানং সুদুর্লভম্।
দর্শে শতগুণং পুণ্যং সংক্রান্তৌ চ সহস্রকম্ ॥ ১২৯।

সর্ব্বশেষে কৈবল্য লাভ করেন ॥ ১২০ ॥ ১২১ ॥ ১২২ ॥ ১২৩ ॥

হে হরে! যিনি ভাগীরথীতীরে অশীতিরত্তিকা সুবর্ণ ব্রাহ্মণকে দান করেন, তিনি স্বর্ণ ও রত্নখচিত সর্ব্বত্রগামী শুভবিমানে আরোহণ করিয়া ইন্দ্রাদিলোকে অশেষ ঐশ্বর্য্যশালী ও পূজনীয় হন ॥ ১২৪ ॥ ১২৫ ॥ এবং তিনি প্রলয়কাল পর্য্যন্ত এই ব্রহ্মাণ্ডমধ্যে মনোরম ভোগ্য বস্তু ভোগ করিয়া সকলের পূজনীয় হন ॥ ১২৬ ॥ অনন্তর এই জম্বুদ্বীপে মহা প্রতাপশালী মহারাজ চক্রবর্ত্তী হইয়া অবশেষে কাশী ও কৈবল্য লাভ করেন ॥ ১২৭ ॥ যিনি জন্ম নক্ষত্রে ভক্তিপূর্ব্বক গঙ্গাতে স্নান করেন, তিনি ক্ষণকাল মধ্যে আজন্ম সঞ্চিত পাপ হইতে মুক্ত হন ॥ ১২৮ ॥ বৈশাখ, কার্ত্তিক, মাঘ মাসে ও অমাবশ্যায় গঙ্গাস্নান করিলে শতগুণ পুণ্য এবং সংক্রান্তিতে স্নান করিলে সহস্রগুণ সুদুর্লভ পুণ্যলাভ হয় ॥ ১২৯ ॥

চন্দ্রসূর্য্যগ্রহে লক্ষং ব্যতীপাতে ত্বনন্তকম্।
অযুতং বিষুবে চৈব নিযুতং ত্বয়নদ্বয়ে॥ ১৩০।
সোমগ্রহঃ সোমদিনে রবিবারে রবেগ্র্হঃ।
তচ্চূড়ামণিপর্ব্বাখ্যং তত্র স্নানমসঙ্খ্যকম্॥ ১৩১।
স্নানং দানং জপোহোমো যদ্‌য চূড়ামণৌ কৃতম্।
তদক্ষয়ং সর্ব্বমিহ বিষ্ণো ভাগীরথীতটে॥ ১৩২।
শ্রদ্ধয়া ভক্তিযুক্তস্তু গঙ্গাং স্নাত্বা বিধানতঃ।
ব্রহ্মহাপি বিশুদ্ধেত কিং পুনস্ত্বন্যপাতকী॥ ১৩৩।
কৃমিকীট পতঙ্গাদ্যা যে মৃতা জাহ্নবীতটে।
কূলাৎ পতন্তি যে বৃক্ষাস্তেপি যান্তি পরাং গতিম্॥ ১৩৪।
জ্যৈষ্ঠে মাসি সিতে পক্ষে দশাম্যাং হস্তসংযুতে।
গঙ্গাতীরে তু পুরুষো নারী বা ভক্তিভাবতঃ॥ ১৩৫॥

চন্দ্র গ্রহণ কি সূর্য্য গ্রহণে গঙ্গাস্নান করিলে লক্ষগুণ, ব্যতিপাত যোগে অনন্তগুণ, মেষ সংক্রান্তিতে সহস্রগুণ, দক্ষিণায়ণ ও উত্তরায়ণে দশ সহস্র গুণ পুণ্যলাভ হয়॥ ১৩০॥ যদি রবিবারে সূর্য্যগ্রহণ ও সোমবারে চন্দ্রগ্রহণ হয়, তাহা হইলে চূড়ামণি নামক যোগ হয়, ঐ যোগে গঙ্গাস্নান করিলে অনন্ত ফল প্রাপ্ত হয়॥ ১৩১॥ হে বিষ্ণো। চূড়ামণি যোগে গঙ্গাতীরে স্নান, দান, জপ, হোম, এই সমস্ত সংকার্য্য করিলে তাহা অক্ষয় ফলের কারণ হয়॥ ১৩২॥ শ্রদ্ধা ও ভক্তি সহকারে যথাবিধানে গঙ্গাস্নান করিলে অন্য পাতকীর কথা দূরে থাকুক, ব্রহ্মঘ্ন ব্যক্তিও পবিত্র হয়॥ ১৩৩॥ গঙ্গাতীরমৃত কৃমি, কীট, পতঙ্গাদি জীবগণ এবং তীরপতিত বৃক্ষ সকলও পরম গতি লাভ করিয়া থাকে॥ ১৩৪॥ হে হরে? হে গরুড় বাহন? কি পুরুষ, কি স্ত্রী, সকলেই জ্যৈষ্ঠমাসীয় হস্তা নক্ষত্রযুক্ত শুক্লপক্ষের দশমী তিথিতে ভক্তিপূর্ব্বক গঙ্গাতীরে রাত্রি জাগরণ করিয়া সুগন্ধ দশবিধ পুষ্প, দশ নৈবেদ্য, দশবিধ ফল, দশ প্রদীপ, দশাঙ্গ ধূপ, এই সকল

নিশায়াং জাগরং কুর্য্যাদ্গাঙ্গং দশাবিধৈর্হরে।
পুষ্পৈঃ সুগন্ধৈর্নৈবেদ্যৈঃ ফলৈর্দশদশোন্মিতৈঃ ॥ ১৩৬ ॥
প্রদীপৈর্দশভির্ধূপৈর্দশাঙ্গৈর্গরুড়ধ্বজ।
পূজয়েচ্ছ্রদ্ধয়া ধীমান্ দশকৃত্বোবিধানতঃ ॥ ১৩৭ ॥
সাজ্যান্ তিলান্ ক্ষিপেত্তোয়ে গঙ্গায়াঃ প্রসৃতের্দ্দশ।
গুড়শক্তুময়ান্ পিণ্ডান্ দদ্যাচ্চ দশমন্ত্রতঃ ॥১৩৮।
নমঃ শিবায়ৈ প্রথমং নারায়ণ্যৈ পদং ততঃ।
দশহরায়ৈপদমিতি গঙ্গায়ৈ মন্ত্রএষ বৈ ॥ ১৩৯॥
স্বাহান্তঃ প্রণবাদিশ্চ ভবেদ্বিংশাক্ষরোমনুঃ।
পূজা দানং জপোহোমোঽনেনৈব মনুনা স্মৃতঃ ॥ ১৪০ ॥
হেম্না রুপ্যেণ বা শক্ত্যা গঙ্গামূর্ত্তিং বিধায় চ।
বস্ত্রাচ্ছদিতবক্তস্য পূর্ণকুম্ভস্য চোপরি ॥ ১৪১ ॥
প্রতিষ্ঠাপ্যার্চ্চয়েদ্দেবীং পঞ্চামৃতবিশোধিতাম্।
চতুর্ভুজাং ত্রিনেত্রাঞ্চ নদীনদনিষেবিতাম্ ॥ ১৪২।
লাবণ্যামৃতনিষ্যন্দসংশীলদ্গাত্রযষ্টিকাম্।
পূর্ণকুম্ভসিতাম্ভোজবরদাভয়সৎকরাম্ ॥ ১৪৩।

বস্তু দ্বারা শ্রদ্ধাসহকারে গঙ্গায় যথাবিধানে দশবার পূজা করিবে ॥ ১৩৫ ॥ ১৩৬ ॥ ১৩৭ ॥ অনন্তর মন্ত্রোচ্চারণ পূর্ব্বক গঙ্গাজলে সঘৃত দশ প্রসৃত তিল, এবং গুড়শক্তুময় পিণ্ডপ্রদান করিবে ॥ ১৩৮ ॥ পরে নমঃ শিবায়ৈ, নারায়ণ্যৈ, দশহরায়ৈ, গঙ্গায়ৈ, প্রণবাদি স্বাহান্ত এই বিংশাক্ষর মন্ত্রদ্বারা পূজা, দান, জপ, হোম, করিবে ॥ ১৩৯ ॥ ১৪০ ॥ শক্ত্যনুসারে স্বর্ণ বা রজতময়ী গঙ্গা মূর্ত্তি, নির্ম্মাণ করিবে, অনন্তর পঞ্চামৃত বিশোধিত মূর্ত্তি বস্ত্রাচ্ছাদিত পূর্ণ কুম্ভোপরি প্রতিষ্ঠা করিয়া দেবীকে পূজা করিবে। চতুর্ভুজা, ত্রিনেত্রা, নদীনদ নিষেবিতা লাবণ্যা

ততো ধ্যায়েৎ সুসৌম্যাঞ্চ চন্দ্রাযুতসমপ্রভাম্।
চামরৈর্ব্বীজ্যমানাঞ্চ শ্বেতচ্ছত্রোপশোভিতাম্॥ ১৪৪।
সুধাপ্লাবিতভূপৃষ্ঠাং দিব্যগন্ধানুলেপনাম্।
ত্রৈলোক্যপূজিতপদাং দেবর্ষিভিরভিষ্টুতাম্॥ ১৪৫।
ধ্যাত্বা সমর্চ্চ্য মন্ত্রেণ ধূপদীপোপহারতঃ।
মাঞ্চ ত্বাঞ্চ বিধিং ব্রধ্নংহিমবন্তং ভগীরথম্॥ ১৪৬।
প্রতিমাগ্রে সমভ্যর্চ্য চন্দনাক্তনির্ম্মিতান্।
দশপ্রস্থতিলান্ দদ্যাদ্দশবিপ্রেভ্য আদরাৎ॥ ১৪৭।
পলঞ্চ কুড়বঃ প্রস্থ আঢ়কোদ্রোণএব চ।
ধান্যমানেন বোদ্ধব্যাঃ ক্রমশোঽমী চতুর্গুণাঃ॥ ৪৮।
মৎস্যকচ্ছপমণ্ডূকমকরাদিজলেচরান্।
হংসকারণ্ডববকচক্রটিট্টিভসারসান্॥ ৪৯।

মৃত শ্রবণে অঙ্গ যষ্টি অভিষিক্ত, পূর্ণ কুম্ভ, শ্বেতপদ্মহস্তা, বরাভয় করা, সুন্দরী, সহস্র-চন্দ্র-প্রভা, চামর দ্বারা বীজ্যমানা, মস্তকোপরি সুশোভিত শ্বেতছত্র, সুধারসে ভূপৃষ্ঠ প্লাবিত করিতেছেন, দিব্য-গন্ধানুলেপনা, ত্রৈলোক্য যাঁহার পদারবিন্দ পূজা করিতেছে। দেব ও ঋষিগণ যাঁহাকে নিরন্তর স্তব করিতেছেন, এই প্রকার ধ্যান করিয়া ধূপ, দীপাদি নানাবিধ উপহারে পূর্ব্বোক্ত বিংশাক্ষর মন্ত্রে পূজা করিবে, তদনন্তর আমাকে তোমাকে, এবং ব্রহ্মা, সূর্য্য, হিমালয়, ভগীরথ, ইহাঁদিগকে প্রতিমার অগ্রে পূজা করিবে, তৎপরে আদর পূর্ব্বক দশজন ব্রাহ্মণকে চন্দনাক্ত মিশ্রিত দশপ্রস্থ তিল প্রদান করিবে। ৪১—৪৭। পল কুড়ব, প্রস্থ, আঢ়ক দ্রোণ, ইহারা যথাক্রমে চতুর্গুণিত হইয়া ধান্যের পরিমাণেই পরিমাণ হয় জানিবে, অর্থাৎ মুষ্টি পরিমিত ধান্যই পল, চার পলে এক কুড়ব, চার কুড়বে এক প্রস্থ, চার প্রস্থে এক আঢ়ক, চার আঢ়কে

যথাশক্তি স্বর্ণরূপ্য তাম্রপিষ্টবিনির্ম্মিতান্।
অভ্যর্চ্চ্য গন্ধকুসুমৈর্গঙ্গায়াং প্রক্ষিপেদ্‌ব্রতী ॥ ১৫০ ।
এবং কৃত্বা বিধানেন বিত্তশাঠ্যবিবর্জ্জিতঃ।
উপবাসী বক্ষ্যমাণৈর্দশপাপৈঃ প্রমুচ্যতে ॥ ১৫১ ।
অদত্তানামুপাদানং হিংসাচৈবাবিধানতঃ।
পরদারোপসেবা চ কায়িকং ত্রিবিধং স্মৃতম্ ॥ ১৫২ ।
পারুষ্যমনৃতঞ্চৈব পৈশুন্যঞ্চৈব সর্ব্বশঃ।
অসম্বদ্ধপ্রলাপশ্চ বাঙ্ময়ং স্যাচ্চতুর্ব্বিধম্ ॥ ১৫৩ ।
পরদ্রব্যেষ্বভিধ্যানং মনসানিষ্টচিন্তনম্।
বিতথাভিনিবেশশ্চ মানসং ত্রিবিধং স্মৃতম্ ॥ ১৫৪ ।
এতৈর্দশবিধৈঃ পাপৈর্দশজন্মসমুদ্ভবৈঃ।
মুচ্যতে নাত্রসন্দেহঃ সত্যং সত্যং গদাধর ॥ ১৫৫ ।

এক দ্রোণ হয়। মৎস, কচ্ছপ, মণ্ডূক, মকর প্রভৃতি জলচর, ও হংস, কারণ্ডব, বক, চক্রবাক, টিট্টিভ, সারস এই সকল পক্ষিদিগকে শক্ত্যনুসারে স্বর্ণ, রৌপ্য, তাম্র, অথবা পিষ্ট দ্বারা, নির্ম্মাণ করিয়া গন্ধ পুষ্প দ্বারা পূজা করণানন্তর গঙ্গায় নিক্ষেপ করিবে ॥ ১৪৮ ॥ ১৪৯ ॥ ১৫০ ॥ উপবাস পূর্ব্বক বিত্ত শাঠ্য পরিত্যাগ করিয়া যথা বিধানে এইরূপে পূজা করিলে বক্ষ্যমাণ দশবিধ পাপ হইতে মুক্ত হইতে পারে ॥ ১৫১ ॥ অদত্ত দ্রব্যের গ্রহণ, অর্থাৎ চৌর্য্য। অবৈধ হিংসা, পরস্ত্রীগমন, এই ত্রিবিধ পাপ কায়িক ॥ ১৫২ ॥ কটুবাক্য-প্রয়োগ, মিথ্যা-বাক্য-কথন, খলতা, অসম্বদ্ধপ্রলাপ, অর্থাৎ নিষ্প্রয়োজন বাক্য প্রয়োগ এই চতুর্ব্বিধ বাঙ্ময় পাপ ॥ ১৫৩ ॥ পরদ্রব্যে লোভ, পরের অনিষ্টচিন্তা, মিথ্যাকার্য্যে অভিনিবেশ, এই ত্রিবিধ মানসিক পাপ ॥ ১৫৪ ॥ হে গদাধর! আমি সত্য সত্য বলিতেছি দশজন্ম সঞ্চিত এই

* উদ্ধরেন্নরকাদ্ঘোরাদ্দশপূর্ব্বান্ দশাবরান্।
বক্ষ্যমাণমিদং স্তোত্রং গঙ্গাগ্রে শ্রদ্ধয়া জপেৎ ॥ ১৫৬ ॥
ওঁ নমঃ শিবায়ৈ গঙ্গায়ৈ শিবদায়ৈ নমোনমঃ।
নমস্তে বিষ্ণুরূপিণ্যৈ ব্রহ্মমূর্ত্ত্যৈ নমোঽস্তু তে ॥ ১৫৭ ।
নমস্তে রুদ্ররূপিণ্যৈ শাঙ্কর্য্যৈ তে নমোনমঃ।
সর্ব্বদেবস্বরূপিণ্যৈ নমো ভেষজমূর্ত্তয়ে ॥ ১৫৮ ।
সর্ব্বস্য সর্ব্বব্যাধীনাং ভিষক্শ্রেষ্ঠ্যৈ নমোঽস্তু তে।
স্থাস্নুজঙ্গমসম্ভূত বিষহন্ত্র্যৈ নমোঽস্তু তে ॥ ১৫৯ ।
সংসারবিষনাশিন্যৈ জীবনায়ৈ নমোঽস্তু তে।
তাপত্রিতয়সংহন্ত্র্যৈ প্রাণেশ্যৈ তে নমোনমঃ ॥ ১৬০ ।
শান্তিসন্তানকারিণ্যৈ নমস্তে শুদ্ধমূর্ত্তয়ে।
সর্ব্বসংশুদ্ধিকারিণ্যৈ নমঃ পাপারিমূর্ত্তয়ে ॥ ১৬১ ।

দশ বিধ পাপ হইতে নিশ্চয়ই মুক্ত হইতে পারে ॥ ১৫৫ ॥ এবং ঊর্দ্ধতন ও অধস্তন দশ পুরুষকে ঘোর নরক হইতে নিস্তার করিতে পারে, ব্রতাবলম্বী ব্যক্তি পরিশেষে গঙ্গা সমীপে বক্ষ্যমাণ এই স্তব পাঠ করিবে ॥ ১৫৬ ॥ তুমি শিবা, তুমি গঙ্গা, তুমি শিবদায়িনী তোমাকে নমস্কার। তুমি বিষ্ণুরূপিণী ও ব্রহ্মমূর্ত্তি তোমাকে পুনঃ পুনঃ নমস্কার ॥ ১৫৭ ॥ তুমি রুদ্ররূপিণী শাঙ্করী তোমাকে নমস্কার। তুমি সর্ব্বদেব-স্বরূপিণী ও ভেষজমূর্ত্তি তোমাকে নমস্কার ॥ ১৫৮ ॥ তুমি সকলের সর্ব্ববিধ ব্যাধির বৈদ্যরাজরূপিণী তোমাকে নমস্কার। তুমি স্থাবর ও জঙ্গম সম্ভূত বিষবিনাশিনী তোমাকে নমস্কার ॥ ১৫৯ ॥ তুমি জীবনরূপিণী, সংসারবিষবিনাশিনী, তোমাকে নমস্কার। তুমি আধ্যাত্মিক, আধিদৈবিক, আধিভৌতিক, এই তাপত্রয় বিনাশিনী, অন্তর্যামিণী, তোমাকে নমস্কার ॥ ১৬০ ॥ তুমি শান্তিবিস্তারকারিণী, নির্ম্মলমূর্ত্তি তোমাকে নমস্কার, তুমি সমস্ত প্রাণীর একমাত্র পবিত্রকারিণী, পাপের শত্রুমূর্ত্তি তোমাকে নম-

* উদ্ধরেন্নরকাৎ সর্ব্বানিতি বা পাঠঃ।

ভুক্তিমুক্তিপ্রদায়িন্যৈ ভদ্রদায়ৈ নমোনমঃ।
ভোগোপভোগদায়িন্যৈ ভোগবত্যৈ নমোঽস্তু তে ॥ ১৬২।
মন্দাকিন্যৈ নমস্তেঽস্তু স্বর্গদায়ৈ নমোনমঃ।
নমস্ত্রৈলোক্যভূষায়ৈ ত্রিপথায়ৈ নমোনমঃ ॥ ১৬৩।
নমস্ত্রিশুক্লসংস্থায়ৈ ক্ষমাবত্যৈ নমোনমঃ।
ত্রিহুতাশনসংস্থায়ৈ তেজোবত্যৈ নমোনমঃ ॥ ১৬৪।
নন্দায়ৈ লিঙ্গধারিণ্যৈ সুধাধারাত্মনে নমঃ।
নমস্তে বিশ্বমুখ্যায়ৈ রেবত্যৈ তে নমোনমঃ ॥ ১৬৫।
বৃহত্যৈ তে নমস্তেঽস্তু লোকধাত্র্যৈ নমোঽস্তু তে।
নমস্তে বিশ্বমিত্রায়ৈ নন্দিন্যৈ তে নমোনমঃ ॥ ১৬৬।
পৃথ্ব্যৈ শিবামৃতায়ৈ চ সুবৃষায়ৈ নমোনমঃ।
পরাপরশতাঢ্যায়ৈ তারায়ৈ তে নমোনমঃ ॥ ১৬৭।

স্কার ॥ ১৬১ ॥ তুমি ভোগমোক্ষপ্রদায়িনী, কল্যাণদায়িনী, তোমাকে নমস্কার। তুমি ভোগ ও উপভোগদায়িনী, ভোগবতী তোমাকে পুনঃ পুনঃ নমস্কার ॥ ১৬২ ॥ তুমি স্বর্গপ্রদায়িনী, মন্দাকিনী, তোমাকে নমস্কার। তুমি ত্রিলোকের ভূষা, ত্রিপথগামিনী, তোমাকে নমস্কার ॥ ১৬৩॥ তুমি শঙ্খ কুন্দু ইন্দুর ন্যায় ধবল বর্ণা, ক্ষমাবতী তোমাকে নমস্কার। তুমি দক্ষিনাগ্নি, গার্হপত্য হবনীয় এই অগ্নিত্রয়ে বিরাজ করিতেছ বলিয়া তুমি তেজোবতী তোমাকে নমস্কার ॥ ১৬৪ ॥ তুমি অলকানন্দা, শিবলিঙ্গধারিণী, সুধাস্রোতস্বরূপিণী, তোমাকে নমস্কার, ব্রহ্মাণ্ড মধ্যে তুমিই শ্রেষ্ঠা, তুমিই রেবতরাজপুত্রী তোমাকে নমস্কার ॥ ১৬৫ ॥ তুমিই বৃহতী অর্থাৎ পরিপূর্ণা, তুমিই প্রাণী মাত্রের জননী, প্রাণী মাত্রের হিতকারিণী, তুমিই সকলের সর্ব্বসমৃদ্ধিকারিণী তোমাকে নমস্কার ॥ ১৬৬ ॥ তুমিই পৃথ্বীরূপিণী, নির্ম্মলজলময়ী, বিশুদ্ধধর্ম্মরূপিণী, তোমাকে বারম্বার নমস্কার, তুমি নারায়ণী, সতত পরমহংসগণ তোমাকে সেবা করিতেছেন অত-

পাশজালনিকৃন্তিন্যৈ অভিন্নায়ৈ নমোঽস্তু তে।
শান্তায়ৈ চ বরিষ্ঠায়ৈ বরদায়ৈ নমোনমঃ॥ ১৬৮।
উগ্রায়ৈ * সুখজগ্ধ্যৈ চ সঞ্জীবিন্যৈ নমোঽস্তু তে।
ব্রহ্মিষ্ঠায়ৈ ব্রহ্মদায়ৈ দুরিতঘ্ন্যৈ নমোনমঃ॥ ১৬৯।
প্রণতার্ত্তিপ্রভঞ্জিন্যৈ জগন্মাত্রে নমোঽস্তু তে।
সর্ব্বাপৎপ্রতিপক্ষায়ৈ মঙ্গলায়ৈ নমোনমঃ॥ ১৭০।
শরণাগতদীনার্ত্ত পরিত্রাণপরায়ণে।
সর্ব্বস্যার্ত্তিহরে দেবি নারায়ণি নমোঽস্তু তে॥ ১৭১।
নির্লেপায়ৈ দুর্গহন্ত্র্যৈ দক্ষায়ৈ তে নমোনমঃ।
পরাপরপরায়ৈ চ গঙ্গে নির্ব্বাণদায়িনি॥ ১৭২।
গঙ্গে মমাগ্রতো ভূয়া গঙ্গে মে তিষ্ঠ পৃষ্ঠতঃ।
গঙ্গে মে পার্শ্বয়োরেধি গঙ্গে ত্বয্যস্তু মে স্থিতিঃ॥ ১৭৩।

এব তোমাকে পুনঃ পুনঃ নমস্কার॥ ১৬৭॥ তুমি অশেষ পাশনাশিনী, অভিন্নরূপা, তোমাকে নমস্কার, তুমি শান্তা তুমি সর্ব্বশ্রেষ্ঠা, তুমি বরদা, তোমাকে পুনঃ পুনঃ নমস্কার॥ ১৬৮॥ তুমি উগ্রা, তুমি সুখভোক্ত্রী, তুমি সকলের জীবনদায়িনী, তোমাকে নমস্কার। তুমি ব্রহ্মিষ্ঠা, কৈবল্যদায়িনী, দুরিত বিনাশিনী, তোমাকে নমস্কার॥ ১৬৯॥ তুমি প্রণত জনের দুঃখভঞ্জিনী, জগজ্জননী, তুমি সর্ব্বাপদবিনাশিনী ও মঙ্গলময়ী তোমাকে নমস্কার॥ ১৭০॥ হে দেবি! হে নারায়ণি! তুমি শরণাগত দীন ও আর্ত্তজনের পরিত্রাণকারিণী, সর্ব্বদুঃখবিনাশিনী তোমাকে নমস্কার॥ ১৭১॥ হে গঙ্গে। হে নির্ব্বাণদায়িনি। তুমি নির্লেপা, অর্থাৎ অবিদ্যাকার্য্য বিবর্জ্জিত। তুমি দুর্গাসুরবিনাশিনী, অঘটন ঘটনকারিণী, সর্ব্বোত্তমা তোমাকে নমস্কার॥ ১৭২॥ হে গঙ্গে! তুমি আমার অগ্রবর্ত্তিনী হও, তুমি আমার পৃষ্ঠে ও পার্শ্বে অবস্থিতি কর এবং তোমাতে আমার অচলা ভক্তি থাকুক॥ ১৭৩॥

* সুখদাত্র্যৈ চেতি বঙ্গীয় পুস্তকে।

আদৌ ত্বমন্তে মধ্যে চ সর্ব্বং ত্বং গাঙ্গতে শিবে।
ত্বমেব মূলপ্রকৃতি স্ত্বং পুমান্ পরএব হি।
গঙ্গে ত্বং পরমাত্মা চ শিবস্তুভ্যং নমঃ শিবে॥ ১৭৪।
য ইদং পঠতি স্তোত্রং শৃণুয়াচ্ছ্রদ্ধয়াপি যঃ।
দশধা মুচ্যতে পাপৈঃ কায়বাক্‌চিত্ত সম্ভবৈঃ॥ ১৭৫।
রোগস্থো রোগতো মুচ্যেদ্বিপদ্ভ্যশ্চ বিপদযুতঃ।
মুচ্যতে বন্ধনাদ্বদ্ধো ভীতো ভীতেঃ প্রমুচ্যতে॥ ১৭৬।
সর্ব্বান্ কামানবাপ্নোতি প্রেত্য চ ত্রিদিবং ব্রজেৎ।
দিব্যং বিমানমারুহ্য দিব্যস্ত্রীপরিবীজিতঃ *॥ ১৭৭।
গৃহেঽপি লিখিতং যস্য সদা তিষ্ঠতি ধারিতং।
নাগ্নিচৌরভয়ং তস্য ন সর্পাদিভয়ং ক্বচিৎ॥ ১৭৮।
জ্যৈষ্ঠে মাসি সিতে পক্ষে দশমীহস্তসংযুতা।
সংহরেত্রিবিধং পাপং বুধবারেণ সংযুতা॥ ১৭৯।

হেগঙ্গে! হে শিবে! তুমি সৃষ্টির আদি অন্ত ও মধ্যে নিয়ত বিরাজ করিতেছ। তুমিই মূল প্রকৃতি, তুমিই পরম-পুরুষ, তুমিই পরমাত্মা ও শিবস্বরূপ তোমাকে নমস্কার॥ ১৭৪॥

যিনি এই গঙ্গাস্তব পাঠ করেন, অথবা শ্রদ্ধা সহকারে শ্রবণ করেন, তিনি কায়িক বাচিক ও মানসিক দশবিধ পাপ হইতে নিশ্চয়ই মুক্ত হন॥ ১৭৫॥ রোগগ্রস্ত ব্যক্তি রোগ হইতে মুক্তি লাভ করে, বিপদগ্রস্ত ব্যক্তি বিপদ হইতে পরিত্রাণ পায়। বন্ধনগ্রস্ত ব্যক্তি বন্ধন হইতে ও ভীত ব্যক্তি ভয় হইতে মুক্তি লাভ করে॥ ১৭৬॥ ইহ-কালে সর্ব্ববিধ কামনা পরিপূর্ণ হয়, পরকালে দিব্য বিমানে আরোহণ পূর্ব্বক দিব্যাঙ্গনা কর্ত্তৃক পরিবীজিত হইয়া স্বর্গে গমন করেন॥ ১৭৭॥ এই স্তব যিনি লিখিয়া নিয়ত অঙ্গে ধারণ অথবা গৃহে রক্ষা করেন, তাঁহার অগ্নি, চৌর ও সর্পাদির কোন ভয়ই থাকে না॥ ১৭৮॥ জ্যৈষ্ঠ মাসের

* সার্দ্ধহস্তৈশ্চ দেবৈশ্চ পূজিতঃ প্রাপ্নুয়াৎ প্রাপ্তিমিত্যর্দ্ধং ক্বচিৎ

তস্যাং দশম্যামেতচ্চ স্তোত্রং গঙ্গাজলে স্থিতঃ।
যঃ পঠেদ্দশকৃত্বস্তু দরিদ্রো বাপি চাক্ষমঃ॥ ১৮০।
সোঽপি তৎ ফলমাপ্নোতি গঙ্গাং সংপূজ্য যত্নতঃ।
পূর্ব্বোক্তেন বিধানেন যৎ ফলং সংপ্রকীর্ত্তিতং॥ ১৮১।
যথাগৌরী তথা গঙ্গা তস্মাদ্গৌর্য্যাস্তু পূজনে।
যো বিধির্বিহিতঃ সম্যক্ সোঽপি গঙ্গাপ্রপূজনে॥ ১৮২।
যথাহং ত্বং তথা বিষ্ণো যথা ত্বস্তু তথা হ্যুমা।
উমা যথা তথা গঙ্গা চতূরূপং ন ভিদ্যতে॥ ১৮৩।
বিষ্ণুরুদ্রান্তরঞ্চৈব শ্রীগৌর্য্যোরন্তরং তথা।
গঙ্গাগৌর্য্যন্তরঞ্চৈব যো ব্রূতে মূঢ়ধীস্তু সঃ॥ ১৮৪।

ইতি দশহরাস্তোত্রং সমাপ্তং

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে গঙ্গামহিমানাম
সপ্তবিংশতিতমোঽধ্যায়ঃ

শুক্ল পক্ষীয় দশমীতে বুধবার ও হস্তা নক্ষত্র হইলে তাহাতে স্নানাদি করিলে ত্রিবিধ পাপ বিনষ্ট হয়॥ ১৭৯॥ যে ব্যক্তি পূর্ব্বোক্ত বিধানে ঐ দিনে গঙ্গা জলে অবস্থিতি করিয়া যত্ন পূর্ব্বক গঙ্গার পূজা ও দশবার এই স্তব পাঠ করেন, তিনি দরিদ্রও অক্ষম হইলেও পূর্ব্বোক্ত ফল লাভ করেন॥ ১৮০॥ ১৮১॥ গৌরী ও গঙ্গা উভয়ই সমান, সুতরাং গৌরী পূজাতে যে বিধি বিহিত আছে, গঙ্গা পূজাতেও সেই বিধি জানিবে॥ ১৮২॥ হে বিষ্ণো। আমি তুমি ভগবতী এবং গঙ্গা এই চারি মূর্ত্তিই সমান, ইহাতে কিছুমাত্র ভেদ নাই॥ ১৮৩॥ যে ব্যক্তি বিষ্ণু, মহাদেব, লক্ষ্মী, ভগবতী ও গঙ্গা এই কয়েক দেবতার ভেদ জ্ঞান করে, সেই পাপাত্মাই মূঢ়॥ ১৮৪॥

ইতি শ্রীদশহরাস্তোত্র সমাপ্ত।
ইতি শ্রীস্কন্দপুরাণান্তর্গত কাশীখণ্ডে গঙ্গা মাহাত্ম্য বর্ণন নামক
সপ্তবিংশতিতমোঽধ্যায়।

অষ্টাবিংশতিতমোঽধ্যায়ঃ।

উমোবাচ।

কিঞ্চিৎ প্রষ্টুমনা নাথ স্বসন্দেহাপনুত্তয়ে।
বদ খেদো যদি ন তে ত্রিকালজ্ঞানকোবিদ ॥ ১।
তদা ভগীরথোরাজা ক্ক ক্ক ভাগীরথী তদা।
যদা বিষ্ণুস্তপস্তেপে চক্রপুষ্করিণীতটে ॥ ২।

শিব উবাচ।

সন্দেহোঽত্র ন কর্ত্তব্যো বিশালাক্ষি * সদামলে।
শ্রুতৌ স্মৃতৌ পুরাণেষু কালত্রয়মুদীর্য্যতে ॥ ৩।
ভূতং ভাবি ভবচ্চাপি সংশয়ং মাস্থথা ক্কথাঃ।
ইত্যুক্ত্বা পুনরাহেশো গঙ্গামাহাত্ম্যমুত্তম্ ॥ ৪।

অষ্টাবিংশতিতমঅধ্যায়ঃ।

উমা কহিলেন, হে নাথ! তুমি ত্রিকালজ্ঞ। যদি তোমার ক্লেশবোধ না হয়, আমি আত্ম সন্দেহ উচ্ছেদ নিমিত্ত কিছু জিজ্ঞাসা করিতে ইচ্ছা করিতেছি, তুমি তাহার উত্তর কর ॥ ১ ॥ যৎকালে বিষ্ণু চক্রপুষ্করিণী-তটে তপস্যা করিতেছিলেন, তখন রাজা ভগীরথ কোথায় এবং ভাগীরথীই বা কোথায় ছিলেন ॥ ২ ॥ শিব কহিলেন, অয়ি বিশালাক্ষি! তুমি নিত্য পবিত্রময়ী, তোমার এ বিষয়ে সন্দেহ করা কর্ত্তব্য নহে। শ্রুতি স্মৃতি ও পুরাণ সমূহে তিনকাল কথিত হইয়াছে; ভুত, ভবিষ্যৎ ও বর্ত্তমান, ইহাতে কোন সন্দেহ নাই। এই বলিয়া পুনর্ব্বার গঙ্গার পরম মাহাত্ম্য

* শুভাননে ইতি বঙ্গীয় পুস্তকে।

অগস্ত্য উবাচ ।

পার্ব্বতীনন্দন পুনর্ত্ত্মদ্যাঃ পরিতো বদ ।
মহিমোক্তো হরৌ যদ্বদ্দেবদেবেন বৈ তদা ॥ ৫ ॥

স্কন্দ উবাচ ।

মুনেঽত্র মৈত্রাবরুণে যথা দেবেন ভাষিতং ।
শৃণু ত্রিপথগামিন্যা মাহাত্ম্যং পাতকাপহং ॥ ৬ ।
ত্রিস্রোতসং সমাসাদ্য সকৃৎ পিণ্ডান্ দদাতি যঃ ।
উদ্ধৃতাঃ পিতরস্তেন ভবাম্ভোধেস্তিলোদকৈঃ ॥ ৭ ।
যাবন্তশ্চ তিলা মর্ত্ত্যৈর্গৃহীতাঃ পিতৃকর্ম্মণি ।
তাবদ্বর্ষসহস্রাণি পিতরঃ স্বর্গবাসিনঃ ॥ ৮ ।
দেবাঃ সপিতরো যস্মাদ্গাঙ্গায়াং সর্ব্বদা স্থিতাঃ ।
আবাহনং বিসর্গশ্চ তেষাং তত্র ততো ন হি ॥ ৯ ।
পিতৃবংশে মৃতা যেচ মাতৃবংশে তথৈব চ ।
গুরুশ্বশুরবন্ধূনাং যে চান্যে বান্ধবা মৃতাঃ ॥ ১০ ।

কীর্ত্তন করিতে লাগিলেন ॥ ৩ ॥ ৪ ॥ অগস্ত্য কহিলেন, হে পার্ব্বতীনন্দন ! পূর্ব্বে দেবদেব মহেশ্বর যেমন বিষ্ণুবিষয়ক মহিমা বর্ণন করিয়াছিলেন, আপনি সেইরূপ গঙ্গা-বিষয়িনী পবিত্র কথা পুনর্ব্বার আমাকে সবিস্তারে বলুন ॥ ৫ ॥ স্কন্দ কহিলেন, হে মৈত্রাবরুণে ! মহেশ্বর সেই ত্রিপথগামিনীর পাপহারী মাহাত্ম্য যেরূপ কহিয়াছিলেন, আমি তাহা বলিতেছি, শ্রবণ কর ॥ ৬ ॥ যিনি গঙ্গাতীরে গমন করিয়া একবারও তিলোদকসহিত পিণ্ডদান করেন, তাঁহার পিতৃগণ ভবসমুদ্র হইতে উদ্ধার প্রাপ্ত হন ॥ ৭ ॥ ঐ স্থানে তর্পণাদি পিতৃকার্য্যে যতগুলি তিল গৃহীত হয়, পিতৃগণ তাবৎ সহস্র বৎসর ব্যাপিয়া স্বর্গলোকে বাস করেন ॥ ৮ ॥ দেবগণ ও পিতৃগণ সদাকাল গঙ্গায় অবস্থিতি করেন, এ নিমিত্ত গঙ্গাতে উঁহাদিগের আবাহন ও বিসর্জ্জন নাই ॥ ৯ ॥ "পিতৃকুলে ও মাতৃকুলে যাহারা মৃত এবং

অজাতদন্তা যে কেচিদ্যেচ গর্ভে প্রপীড়িতাঃ।
অগ্নিবিদ্যুচ্চৌরহতা ব্যাঘ্রদংষ্ট্রিভিরেব চ॥ ১১।
উদ্বন্ধনমৃতা যেচ পতিতা আত্মঘাতকাঃ।
আত্মবিক্রয়িণশ্চৌরা যে তথাযাজ্যযাজকাঃ॥ ১২।
রসবিক্রয়িণো যেচ যেচান্যে পাপরোগিণঃ।
অগ্নিদা গরদাশ্চৈব গোঘ্নাশ্চৈব স্ববংশজাঃ॥ ১৩।
অসিপত্রবনে যে চ কুম্ভীপাকে চ যেগতাঃ।
রৌরবেপ্যন্ধতামিস্রে কালসূত্রে চ যেগতাঃ॥ ১৪।
জাত্যন্তরসহস্রেষু ভ্রাম্যন্তে যে স্বকর্ম্মভিঃ।
যেতু পক্ষিমৃগাদীনাং কীটবৃক্ষাদিবীরুধাং॥ ১৫।
যোনিং গতাস্ত্বসংখ্যাতাঃ সংখ্যাতা নামশোভনাঃ।
প্রাপিতা যমলোকস্তু সুঘোরৈর্যমকিঙ্করৈঃ॥ ১৬।

গুরু, শ্বশুর ও বন্ধুবর্গের যে সকল বান্ধব মৃত হইয়াছে। অজাতদন্ত অবস্থায় ও গর্ভমধ্যে যাহারা নষ্ট হইয়াছে। অগ্নি, বিদ্যুৎ, চৌর, ব্যাঘ্র ও দংষ্ট্রি-গণ কর্ত্তৃক যাহারা নিহত হইয়াছে; যাহারা উদ্বন্ধনে মৃত, আত্মঘাতী, পতিত, আত্মবিক্রয়ী, চৌর, অযাজ্যযাজক, রসবিক্রয়ী বা পাপরোগগ্রস্ত; যে সকল স্ববংশোদ্ভব অগ্নিদান, বিষদান ও গোহত্যা করিয়াছে। যাহারা অসিপত্রবন, কুম্ভীপাক, রৌরব, অন্ধতামিস্র ও কালসূত্র প্রভৃতি নরক প্রাপ্ত হইয়াছে, স্বকর্ম্মবশে সহস্র জাত্যন্তরে ভ্রমণ করিতেছে; যে সকল অসংখ্য ব্যক্তি পক্ষী, মৃগ, বৃক্ষ, লতাদি যোনি প্রাপ্ত হইয়াছে; যাহারা গণনীয় যক্ষাদি যোনি অপেক্ষাও নিকৃষ্ট যোনি প্রাপ্ত হইয়া করাল যম-কিঙ্করগণ কর্ত্তৃক যমলোক নীত হইয়াছে; যাহাদিগের বান্ধব নাই, যাহারা আমাদিগের বান্ধব, বা অন্যজন্মে বান্ধব ছিল; যাহাদিগের নাম আমরা জ্ঞাত নহি, যে সকল স্বগোত্রজ ব্যক্তি অপুত্র হইয়া মৃত হইয়াছে; যাহারা বিষদ্বারা বা শৃঙ্গী পশু কর্ত্তৃক বিনষ্ট হইয়াছে; যাহারা কৃতঘ্ন, গুরুঘ্ন, মিত্রদ্রোহী, স্ত্রীবালহিংসক, বিশ্বাসঘাতক, অসত্যহিংসানিরত বা সদা-

যেঽবান্ধবা বান্ধবা বা যেন্যজন্মনি বান্ধবাঃ।
যেঽপি চাজ্ঞাতনামানো যেচাপুত্রাঃ স্বগোত্রজাঃ ॥ ১৭।
বিষেণ চ মৃতা বৈ যে যে বৈ শৃঙ্গিভিরাহতাঃ।
কৃতঘ্নাশ্চ গুরুঘ্নাশ্চ যেচ মিত্রদ্রুহস্তথা ॥ ১৮।
স্ত্রীবালঘাতকা যেচ যেচ বিশ্বাসঘাতকাঃ।
অসত্যহিংসানিরতাঃ সদা * পাপরতাশ্চ যে ॥ ১৯।
অশ্ববিক্রয়িণো যেচ পরদ্রব্যহরাশ্চ যে।
অনাথাঃ কৃপণা দীনা মানুষ্যং প্রাপ্তুমক্ষমাঃ ॥ ২০।
তর্পিতা জাহ্নবীতোয়ৈর্নরেণ বিধিনা সকৃৎ।
প্রযান্তি স্বর্গতিং তেঽপি স্বর্গিণো মুক্তিমাপ্নয়ুঃ ॥ ২১।
এতান্ মন্ত্রান্ সমুচ্চার্য্য যঃ কুর্য্যাৎ পিতৃতর্পণং।
শ্রাদ্ধং পিণ্ডপ্রদানঞ্চ স বিধিজ্ঞ ইহোচ্যতে ॥ ২২।
কাম্যপ্রদানি তীর্থানি ত্রৈলোক্যে যানি কানিচিৎ।
তানি সর্ব্বাণি সেবন্তে কাশ্যামুত্তরবাহিনীং ॥ ২৩।
স্বঃসিন্ধুঃ সর্বতঃ পুণ্যা ব্রহ্মহত্যাপহারিণী।
কাশ্যাং বিশেষতো বিষ্ণো যত্র চোত্তরবাহিনী ॥ ২৪।

পাপরত; যে সকল ব্যক্তি অশ্ববিক্রয়ী, পরদ্রব্যাপহারী, অনাথ, কৃপণ বা দীনদশাপন্ন; যাহারা মনুষ্য জন্ম লাভ করিতে অসমর্থ; বারেকমাত্র এই সমস্ত ব্যক্তিকে জাহ্নবী সলিলে যথাবিধি তর্পণ করিলে, ইহারা স্বর্গগামী হইয়া মুক্তিপদ প্রাপ্ত হয়" ॥ ১০ ॥ ১১ ॥ ১২ ॥ ১৩ ॥ ১৪ ॥ ১৫ ॥ ১৬ ॥ ১৭ ॥ ১৮ ॥ ১৯ ॥ ২০ ॥ ২১ ॥ এই কয়েকটী মন্ত্র উচ্চারণপূর্ব্বক যে ব্যক্তি পিতৃ-তর্পণ, শ্রাদ্ধ ও পিণ্ডদান করেন, ইহলোকে তিনি বিধিজ্ঞ বলিয়া কথিত হন ॥ ২২ ॥ ত্রিলোকীতলে কাম্যপ্রদ যাবৎ তীর্থ আছে, সেই সমস্ত তীর্থ কাশীক্ষেত্রস্থ উত্তরবাহিনীকে সেবা করে ॥ ২৩ ॥ স্বর্গসিন্ধু ভাগীরথী

* পরদাররতাশ্চযে ইতি বা।

গায়ন্তি গাথামেতাং বৈ দেবর্ষিপিতরোগণাঃ।
অপি দৃগ্‌গোচরা নঃ স্যাৎ কাশ্যামুত্তরবাহিনী ॥ ২৫।
* যত্রত্যামৃতসংতৃপ্তা স্তাপত্রিতয়বর্জ্জিতাঃ।
স্যাম ত্বমৃতমেবাদ্ধা বিশ্বনাথপ্রসাদতঃ ॥ ২৬।
গঙ্গৈব কেবলা মুক্ত্যৈ নির্ণীতা পরিতো হরে।
অবিমুক্তে বিশেষেণ মমাধিষ্ঠানগৌরবাৎ ॥ ২৭।
জ্ঞাত্বা কলিযুগং ঘোরং গঙ্গাভক্তিঃ সুগোপিতা।
ন বিন্দন্তি জনা গঙ্গাং মুক্তিমার্গৈকদায়িকাং ॥ ২৮।
অনেকজন্মনিযুতং ভ্রাম্যমাণস্তু যোনিষু।
নির্বৃতিং প্রাপ্নুয়াৎ কোঽত্র জাহ্নবীভজনং বিনা ॥ ২৯।
নরাণামল্পবুদ্ধীনামেনোবিক্ষিপ্তচেতসাং।
গঙ্গৈব পরমং বিষ্ণো ভেষজং ভবরোগিণাং ॥ ৩০।

সর্ব্বত্রই পবিত্রা ও ব্রহ্মহত্যাদিমহাপাপনাশিনী, কিন্তু কাশীক্ষেত্রে উত্তর-বাহিনী ভাগীরথী বিশেষরূপে ঐ সমস্তগুণবতী ॥ ২৪ ॥ দেবর্ষিগণ ও পিতৃ-গণ এই গাথা গান করিয়া থাকেন, "কাশীতলবাহিনী উত্তরবাহিনী কি আমাদিগের দৃষ্টিগোচর হইবে ? যথাকার অমৃতধারায় পরিতৃপ্ত ও তাপ-ত্রয়বিবর্জ্জিত হইয়া আমরা বিশ্বনাথ প্রসাদে মুক্তিপদপ্রাপ্ত হইব,, ॥ ২৫ ॥ ২৬ ॥ হে বিষ্ণো ! মুক্তির নিমিত্ত কেবল গঙ্গাই সর্ব্বত্র নির্দ্দিষ্ট হইয়া-ছেন, বিশেষতঃ এই স্থানে আমার অধিষ্ঠানরূপ মাহাত্ম্যবশতঃ অত্রক্ষেত্রে ভাগীরথী সর্ব্বথা মুক্তিদায়িনী ॥ ২৭ ॥ এই কলিযুগ অতি বিষম জানিয়া গঙ্গাভক্তিও সুগোপিত হইয়াছে এবং জনগণও গঙ্গাকে মুক্তিপথপ্রদানের একমাত্রকর্ত্রী বলিয়া জ্ঞাত নহে ॥ ২৮ ॥ বহুনিযুতজন্ম নানাযোনিতে পরিভ্রমণ করিয়া জাহ্নবীসেবা ব্যতিরেকে আর কোথায় নির্ব্বৃতিলাভ হইতে পারে ? ২৯ ॥ হে বিষ্ণো ! এই ভবরোগাক্রান্ত, পাপবিক্ষিপ্তচিত্ত, অল্পবুদ্ধি মানবগণের গঙ্গাই পরমৌষধ ॥ ৩০ ॥

* যত্রার্দ্ধ্যামৃতসংতৃপ্তা ইতি বঙ্গীয়ে।

খণ্ডস্ফুটিতসংস্কারং গঙ্গাতীরে করোতি যঃ ।
যমলোকে চিরং কালং তস্যাক্ষয়সুখং হরে ॥ ৩১ ।
গন্তুমুদ্দিশ্য যো গঙ্গাং পরার্থং স্বার্থমেব বা ।
ন গচ্ছতি পরং মোহাৎ স পতেৎ পিতৃভিঃ সহ ॥ ৩২ ।
সর্ব্বাণি যেষাং গাঙ্গেয়ৈস্তোয়ৈঃ কৃত্যানি দেহিনাং ।
ভূমিষ্ঠা অপি তে মর্ত্ত্যা অমর্ত্ত্যাএব বৈ হরে ॥ ৩৩ ।
চরমেঽপি বয়োভাগে স্বঃসিন্ধুং যো নিষেবতে ।
কৃত্বাপ্যেনাংশি বহুশঃ সোঽপি যায়াচ্ছুভাং গতিং ॥ ৩৪ ।
যাবদস্থি মনুষ্যাণাং গঙ্গাতোয়েষু তিষ্ঠতি ।
তাবদব্দসহস্রাণি স্বর্গলোকে মহীয়তে ॥ ৩৫ ।

শ্রীবিষ্ণুরুবাচ ।

দেবদেব জগন্নাথ জগতাং হিতকৃৎ প্রভো ।
কীকসঞ্চেৎ পতেদ্দৈবা * দ্দুর্ব্বৃত্তস্য দুরাত্মনঃ ॥ ৩৬ ।
জলে হ্যনদ্যা নিষ্পাপে, কথং তস্য পরা গতিঃ ।
অপমৃত্যুবিপন্নস্য তদীশ বিনিবেদ্যতাং ॥ ৩৭ ।

যে ব্যক্তি গঙ্গাতীরস্থিত খণ্ডিতও স্ফুটিত দেবালয়াদির সংস্কার করে, সে মদীয়লোক প্রাপ্ত হইয়া চিরকাল অক্ষয় সুখের ভাজন হয় ॥ ৩১ ॥ আত্মপ্রয়োজনে বা পরপ্রয়োজনেই হউক, যে ব্যক্তি গঙ্গায় গমনে উদ্যম করিয়া মোহবশতঃ গমন না করে, সে পিতৃগণের সহিত পতিত হয় ॥ ৩২ ॥ যাহাদিগের সর্ব্বকার্য্য গঙ্গাজলে নির্ব্বাহিত হয়, তাহারা ভূতলস্থ হইলেও অমরগণের সদৃশ, সন্দেহ নাই ॥ ৩৩ ॥ যে ব্যক্তি বহুপাপানুষ্ঠান করিয়াও চরমবয়সে সুরধুনীর আশ্রয় গ্রহণ করে, তাহারও শুভগতি লাভ হয় ॥ ৩৪ ॥ মৃতব্যক্তির যাবৎ অস্থি গঙ্গাজলে অবস্থিতি করে, তাবৎ সহস্রকাল সে ব্যক্তি স্বর্গবাসী হয় ॥ ৩৫ ॥ বিষ্ণু কহিলেন, হে দেবাধিদেব, বিশ্বহিতকর, বিশ্বনাথ! যদি অপমৃত্যুপ্রাপ্ত কোন দুর্ব্বৃত্ত দুরাত্মার অস্থি পবিত্র গঙ্গা-

* দুর্ব্বলস্যেতি বা ।

মহেশ্বর উবাচ।

অত্রার্থে কথয়িষ্যামি পুরাবৃত্তমধোক্ষজ।
শৃণু ত্বকমনা বিষ্ণো বাহীকস্য দ্বিজন্মনঃ ॥ ৩৮
পুরা কলিঙ্গবিষয়ে দ্বিজো লবণবিক্রয়ী।
সন্ধ্যাস্নানবিহীনশ্চ বেদাক্ষরবিবর্জ্জিতঃ ॥ ৩৯।
বাহীকো নামতো যজ্ঞ-সূত্রমাত্রপরিগ্রহঃ।
পরিগ্রহশ্চ তস্যাসীৎ কৌবিন্দী বিধবা * নবা ॥ ৪০।
দুর্ভিক্ষপীড়িতেনাথ বৃষলীপতিনা বিনা।
প্রাণাধারং তদা তেন দেশাদ্দেশান্তরং যযৌ ॥ ৪১।
মধ্যেঽথ দণ্ডকারণ্যং ক্ষুৎক্ষামঃ সঙ্গবর্জ্জিতঃ।
ব্যাঘ্রেণ ঘাতিতস্তত্র নরমাংসপ্রিয়েণ সঃ ॥ ৪২।
তস্য বামপদং গৃধ্রো গৃহীত্বোদপতত্ততঃ।
মাংসাশিনান্যগৃধ্রেণ তস্য যুদ্ধমভূদ্দিবি ॥ ৪৩।

সলিলে দৈবাৎ নিক্ষিপ্ত হয়, তাহার শুভগতি কি প্রকারে হইবে, তাহা আমাকে বলুন ॥ ৩৬ ॥ ৩৭ ॥ মহেশ্বর কহিলেন, এ বিষয়ে আমি একটী পুরাতন কথা কীর্ত্তন করিতেছি। হে বিষ্ণো! তুমি মনোনিবেশপূর্ব্বক এই বাহীক নামক দ্বিজের বৃত্তান্ত শ্রবণ কর ॥ ৩৮ ॥ পূর্ব্বে কলিঙ্গদেশে সন্ধ্যাস্নানবিহীন, বেদাক্ষরবিবর্জ্জিত, লবণবিক্রয়ী ও যজ্ঞসূত্রমাত্রে ব্রাহ্মণ্যচিহ্নবিশিষ্ট বাহীক নামে এক ব্রাহ্মণ বাস করিত। এক বিধবা তন্তুবায়পত্নী উহার গৃহে পত্নীভাবে অবস্থান করিত ॥ ৩৯ ॥ ৪০ ॥ একদা, দেশে অত্যন্ত দুর্ভিক্ষ হওয়ায় ঐ শূদ্রী প্রাণধারণের উপায়ান্তর না দেখিয়া বাহীকের সহিত তদ্দেশ পরিত্যাগ পূর্ব্বক দেশান্তর গমন করিল ॥ ৪১ ॥ সঙ্গবিহীন হইয়া যাইতে২ দণ্ডকারণ্য মধ্যে ঐ বিপ্র একদা ক্ষুধায় অতি পীড়িত হইয়াছে, সহসা নরমাংসলোলুপ এক ব্যাঘ্র আসিয়া ঐ ব্রাহ্মণকে হত্যা করিল ॥ ৪২ ॥ অনন্তর এক গৃধ্র উপস্থিত হইয়া মৃত বিপ্রের বাম-

* গৃহে ইতি বা।

গৃধ্রয়োরামিষং গৃধ্রোঃ পরস্পরজয়ৈষিণোঃ।
অবাপতৎ পাদগুল্ফং কঙ্কচঞ্চুপুটাত্তদা ॥ ৪৪।
তস্য বাহীকবিপ্রস্য ব্যাঘ্রব্যাপাদিতস্য হ।
মধ্যেগঙ্গং দৈবযোগাদপতদ্দ্বন্দ্বকারিণোঃ ॥ ৪৫।
যদৈব হতবান্ দ্বীপী তং বাহীকমরণ্যগম্।
তস্মিন্নেব ক্ষণে বদ্ধঃ স পাশৈঃ ক্রূরকিঙ্করৈঃ ॥ ৪৬।
কশাভির্ঘাতিতোঽত্যন্তমারাভিঃ পরিতোদিতঃ।
বমন্ রুধিরমাস্যেন নীতস্তৈঃ স যমাগ্রতঃ ॥ ৪৭।
আপৃচ্ছি ধর্ম্মরাজেন * চিত্রগুপ্তোঽথ মাপতে।
ধর্ম্মাধর্ম্মং বিচার্য্যাস্য কথয়াশু দ্বিজন্মনঃ ॥ ৪৮।
বৈবস্বতেন পৃষ্টোঽথ চিত্রগুপ্তো বিচিত্রধীঃ।
সর্ব্বদা সর্ব্বজন্তূনাং বেদিতা সর্ব্বকর্ম্মণাম্ ॥ ৪৯।

পাদ গ্রহণপূর্ব্বক আকাশে উৎপাতিত হইল এবং মাংসাশী অপর একটী গৃধ্রের সহিত তথায় তাহার ঘোরতর যুদ্ধ আরম্ভ হইল ॥ ৪৩ ॥ পরস্পর জয়াভিলাষে যুদ্ধ করিতে করিতে ঐ গৃধ্রদ্বয়ের একের চঞ্চুপুট হইতে ঐ বাম পদের গুল্ফভাগ অধঃপতিত হইল ॥ ৪৪ ॥

দৈব যোগে ঐ গৃধ্রদ্বয় গঙ্গার উপরি ভাগে যুদ্ধ করিতেছিল সুতরাং গঙ্গামধ্যেই ঐ ব্যাঘ্রহত বিপ্রের অঙ্গবিশেষ পতিত হইল। ৪৫। এদিকে অরণ্যমধ্যে যে সময়ে ব্যাঘ্র ঐ বাহীক ব্রাহ্মণকে হত্যা করে, সেই ক্ষণেই ক্রূর যমকিঙ্করগণ উহাকে পাশবদ্ধ করিয়াছিল। ৪৬। উহাদিগের কর্ত্তৃক কশাদ্বারা আহত ও চর্ম্ম ভেদক অস্ত্রে অতিমাত্র পীড়িত হইয়া রুধির বমন করিতে করিতে ব্রাহ্মণ যমরাজের অগ্রে আনীত হইল। ৪৭। হে লক্ষ্মীপতে! তৎপরে যমরাজ চিত্রগুপ্তকে কহিলেন, এই দ্বিজের ধর্ম্ম ও অধর্ম্ম বিচার পূর্ব্বক শীঘ্র আমার নিকট প্রকাশ কর। ৪৮। যমুনাসহোদর

* চিত্রগুপ্তো রমাপতে ইতিবা।

জগাদ যমুনাবন্ধুং বাহীকস্য দ্বিজন্মনঃ।
কর্ম্ম জন্মদিনারভ্য দুর্ব্বৃত্তস্য শুভেতরম্॥ ৫০।

চিত্রগুপ্ত উবাচ।

গর্ভাধানাদিকং কর্ম্ম প্রাক্ কৃতং নাস্য কেনচিৎ।
জাতকর্ম্ম কৃতং নাস্য পিত্রাজ্ঞানবতা হরে॥ ৫১।
গর্ভৈনঃশমনে হেতুঃ সমস্তায়ুঃসুখপ্রদম্।
একাদশেঽহ্নি নামাস্য ন কৃতং বিধিপূর্ব্বকম্॥ ৫২।
খ্যাতঃ স্যাদ্যেন বিধিনা সর্ব্বত্র বিধিপাবনম্।
* নাকার্ষীন্নির্গমং চাস্য চতুর্থে মাসি মন্দধীঃ॥ ৫৩।
জনকঃ শুভতিথ্যাদৌ বিদেশগমনাপহং।
ষষ্ঠেঽন্নপ্রাশনং মাসি ন কৃতং বিধিপূর্ব্বকম্॥ ৫৪।
সর্ব্বদা মিষ্টমশ্নাতি কর্ম্মণা যেন ভাস্করে।
ন চূড়াকরণং চাস্য কৃতমব্দে যথাকুলম্॥ ৫৫।

ধর্ম্মরাজ এইরূপ জিজ্ঞাসা করিলে সর্ব্বপ্রাণীর সতত সর্ব্বকর্ম্ম বেত্তা বিচিত্র বুদ্ধি চিত্রগুপ্ত সেই দুর্ব্বৃত্ত বাহীক ব্রাহ্মণের জন্মদিনাবধি যাবতীয় অমঙ্গল কার্য্য তাঁহার নিকট কীর্ত্তন করিতে আরম্ভ করিলেন। ৪৯। ৫০। চিত্রগুপ্ত কহিলেন, ইহার পিতা জ্ঞানহীন ছিল, তন্নিমিত্ত প্রথমতঃ গর্ভাধানাদি কর্ম্ম ও পরে জাতকর্ম্ম, যাহা বীজগর্ভ সম্ভূত পাপের প্রশমন হেতু ও যাবজ্জীব সুখপ্রদ, তাহা ইহার সম্বন্ধে কিছুই করে নাই। একাদশ দিনে বিধি পূর্ব্বক নাম করণ হয় নাই যদ্দ্বারা সর্ব্বত্র খ্যাত হইবে। মন্দবুদ্ধি পিতা বিদেশযাত্রা নিবারণোদ্দেশে চতুর্থমাসে শুভ তিথিতে ইহার নিষ্ক্রমণ করে নাই। সর্ব্বদা মিষ্টান্ন ভোজন সম্পাদক অন্নপ্রাশনও ষষ্ঠমাসে বিধি পূর্ব্বক কৃত হয় নাই। যদ্দ্বারা কেশকলাপ স্নিগ্ধ ও কুসুম বর্ণী হয়, সেই চূড়াকরণ কুলাচার নির্দ্দিষ্ট বর্ষে সম্পাদিত হয় নাই। কর্ণযুগল যদ্দ্বারা সুবর্ণালঙ্কারধারী ও সুন্দর শ্রবণ গুণ সম্পন্ন হয়, সেই কর্ণ-

* নাকার্ষীন্নিষ্ক্রমং চাস্যেতিবা।

কর্ম্মণা যেন কেশাঃ স্যুঃ স্নিগ্ধাঃ কুসুমবর্ষিণঃ।
নাকারি কর্ণবেধোঽস্য জনিত্রা সময়ে শুভে ॥ ৫৬।
সুবর্ণগ্রাহিণৌ যেন কর্ণৌ স্যাতাঞ্চ সুশ্রুতী।
মৌঞ্জীবন্ধোঽপ্যভূদস্য ব্যতীতেঽব্দেঽষ্টমে হরে।
ব্রহ্মচর্য্যাভিবৃদ্ধ্যৈ যো ব্রহ্মগ্রহণহেতুকঃ ॥ ৫৭।
মৌঞ্জীমোক্ষণবার্ত্তাপি কৃতা নাস্য * জনুঃকৃতা।
গার্হস্থ্যং প্রাপ্যতে যস্মাৎ কর্ম্মণোঽনন্তরং বরম্ ॥ ৫৮।
যথাকথঞ্চিদূঢ়াথ পত্নী ত্যক্তকুলাধ্বগা।
বৃষলীপতিনা তেন পরদারাপহারিণা ॥ ৫৯।
আরভ্য পঞ্চমাদ্বর্ষাৎ পরস্বস্যাপহারকঃ।
অভূদেষ দুরাচারো দুরোদরপরায়ণঃ ॥ ৬০ ॥
রুমায়াং বসতানেন হতা গৌরেকবার্ষিকী।
একদা দৃঢ়দণ্ডেন লিহন্তী লবণং মৃতা ॥ ৬১।
জননীং পাদঘাতেন বহুশোঽসাবতাড়য়ৎ
কদাচিদপি নো বাক্যং পিতুঃ কৃতমনেন বৈ ॥ ৬২।

বেধ কর্ম্মও যথাসময়ে অনুষ্ঠিত হয় নাই। অধিক কি, যাহা ব্রহ্মগ্রহণ হেতু ও ব্রহ্মচর্য্য বৃদ্ধি নিমিত্ত কৃত হয়, সেই মৌঞ্জীবন্ধনও ইহার অষ্টম বর্ষ অতীত হইলে নিষ্পাদিত হইয়াছিল এবং যাহার অনন্তর শ্রেষ্ঠ গার্হস্থ্য ধর্ম্ম লাভ হয়, সেই মৌঞ্জী মোক্ষণের কথাও ইহার পিতা কর্তৃক কৃত হয় নাই। ৫১। ৫২। ৫৩। ৫৪। ৫৫। ৫৬। ৫৭। ৫৮। কুলমার্গপরিত্যাগিনী এক বৃষলীকে এই পরদারাপহারী যথাকথঞ্চিৎ রূপে পরিগ্রহ করিয়াছিল। ৫৯। এই দুরাচার পঞ্চমবর্ষাবধি পরস্বাপহারী ও দ্যূত ক্রীড়াসক্ত ছিল। ৬০। এই ব্যক্তি যখন লবণাকর প্রদেশে বাস করে, তখন একদা একবর্ষবয়স্কা একটী গো লবণখণ্ড লেহন করিতেছিল, ইনি দৃঢ় দণ্ডাঘাতে তাহাকে নিপাত করেন। ৬১। জননীকে পদাঘাতে

* রমাপতে ইতিবা।

বিষং ভক্ষিতবানেষ বহুশঃ কলহপ্রিয়ঃ।
জনোপতাপশীলোঽসৌ কৃতোদরবিদারণঃ॥ ৬৩।
ধুস্তূরকরবীরাদি বহুধোপবিষাণি চ।
ক্রীড়াকলহমাত্রেণাভক্ষয়চ্চৈষ দুর্ম্মতিঃ॥ ৬৪।
দগ্ধোঽসাবাগ্নিনা সৌরে শ্বভিশ্চ কবলীকৃতঃ।
শৃঙ্গিভিঃ পরিতঃ প্রোতো বিষাণাগ্রৈরসৌ বহু॥ ৬৫।
দন্দশূকৈর্ভৃশং দষ্টো দুষ্টঃ শিষ্টৈর্বিগর্হিতঃ।
কাষ্ঠেষ্টলোষ্টৈঃ পাপিষ্ঠঃ কৃতানিষ্টঃ সদাত্মনঃ॥ ৬৬।
আস্ফালিতং শিরোঽনেনাসকৃচ্চাপি দুরাত্মনা।
যদর্চ্চ্যতে সদা সদ্ভিরুত্তমাঙ্গমনেকধা॥ ৬৭।
অসৌ হি ব্রাহ্মণো মন্দো গায়ত্রীমপি বেদ ন।
কামতো মৎস্যমাংসানি জগ্ধান্যেকেন দুর্দ্ধিয়া॥ ৬৮।
আত্মার্থং পায়সমসৌ পর্য্যপাক্ষীদনেকধা।
লাক্ষালবণমাংসানাং সপয়োদধিসর্পিষাম্॥ ৬৯।

বহুবার তাড়না করিয়াছে, পিতৃবাক্য কখনও পালন করে নাই। ৬২। এই সর্ব্বসন্তাপকারী দুর্ম্মতি এরূপ কলহ প্রিয় ছিল, যে উদর বিদারণ ও অনেকবার বিষপান করিয়াছে; ধুস্তূর করবীরাদি বহু প্রকার উপবিষ সকল তো সামান্য ক্রীড়া কলহ মাত্রেই ভক্ষণ করিয়াছে। ৬৩। ৬৪। হে সূর্য্যতনয়! এই পাপিষ্ঠ অগ্নিতে দগ্ধ, কুকুর সমূহ কর্ত্তৃক কবলীকৃত ও বৃষাদি সশৃঙ্গ পশু কর্ত্তৃক শৃঙ্গের অগ্রভাগ দ্বারা বহুবার বিদ্ধ হইয়াছে, সর্পসমূহ কর্ত্তৃক পুনঃ পুনঃ দষ্ট ও কাষ্ঠ, লোষ্ট্র ইষ্টকে দ্বারা সতত আত্ম অনিষ্টকারী হইয়া সাধুগণ কর্ত্তৃক সবিশেষ নিন্দিত হইয়াছে। ৬৫। ৬৬।

পণ্ডিতগণ যাহাকে নিয়ত উত্তমাঙ্গ বলিয়া প্রসংশা করিয়া থাকেন, এই দুরাত্মা সেই মস্তককে বারম্বার আঘাত করিয়াছে। অর্থাৎ শিরঃ কুট্টন করিয়াছে। ৬৭। ৬৮॥ এই ব্রাহ্মণ মাত্র নামধারী হতভাগ্য গায়ত্রী পর্য্যন্ত

বিষলোহায়ুধানাঞ্চ দাসীগোবাজিনামপি।
বিক্রেতাসৌ সদা মূঢ়স্তথা বৈ কেশচর্ম্মণাম্॥ ৭০।
শূদ্রান্নপরিপুষ্টাঙ্গঃ পর্ব্বণ্যহনি মৈথুনী।
পরাঙ্মুখো দৈবপিত্র্যে কর্ম্মণ্যেষ দুরাত্মবান্॥ ৭১।
পক্ষিণো ঘাতিতানেন মৃগাশ্চাপি পরঃশতম্।
অকারণদ্রুমচ্ছেদী সদা নির্দ্দয়মানসঃ॥ ৭২।
উদ্বেগজনকো নিত্যং নিজবন্ধুজনেম্বপি।
অসত্যবাদী সততং সদা হিংসাপরায়ণঃ॥ ৭৩।
অদত্তাদান * পিশুনঃ শিশ্নোদরপরায়ণঃ।
কিং বহূক্তেন রবিজ সাক্ষাৎ পাতকমূর্ত্তিমান্॥ ৭৪।
রৌরবেপ্যন্ধতামিস্রে কুম্ভীপাকেঽতিরৌরবে।
কালসূত্রে কৃমিভুজি পূয়শোণিতকর্দ্দমে॥ ৭৫।

অবগত নহে, দুরাত্মা কেবল যদৃচ্ছাক্রমে আপন উদর পোষাণার্থ মৎস্য, মাংস, পায়স পাক করিয়া অনেক বার ভক্ষণ করিয়াছে এবং লাক্ষা, লবণ, মাংস, দধি, দুগ্ধ, ঘৃত, বিষ, লৌহ, আয়ুধ, দাসী, গো, অশ্ব, কেশ ও চর্ম্ম, এই সমস্ত বস্তু বিক্রয় করিয়াছে॥ ৬৯॥ ৭০॥ দুরাত্মা কেবল শূদ্রান্ন ভক্ষণ ও পর্ব্বদিনে স্ত্রীসঙ্গ করিত এবং দৈব পৈত্র কর্ম্মে পরাঙ্মুখ ছিল। ৭১॥ এই মূঢ় নির্দ্দয় হইয়া সতত শত শত পক্ষী ও মৃগ নিহত করিয়াছে, এবং অকারণ বৃক্ষ সকল ছেদন করিয়াছে। ৭২। এই দুরাত্মা সর্ব্বদা মিথ্যা-বাক্য ও হিংসাপরায়ণ হইয়া আত্ম বন্ধু বান্ধবের উদ্বেগ জন্মাইয়া দিত॥ ৭৩॥ এই খল পরস্বাপহারী হইয়া শিশ্নোদর পরায়ণ ছিল। হে রবি-নন্দন! এই পাপাত্মার বিষয় অধিক আর কি বলিব, এ সাক্ষাৎ মূর্ত্তিমান পাপ জানিবেন॥ ৭৪॥ রৌরব, অন্ধতামিস্র, কুম্ভীপাক, অতিরৌরব,

* অদত্তাদানঃ পিশুনইতিবা।

অসিপত্রবনে ঘোরে যন্ত্রপীড়ে সুদংষ্ট্রকে।
অধোমুখে পূতিগন্ধে বিষ্ঠাগর্ত্তেঽভোজনে॥ ৭৬।
সূচীভেদ্যেঽথ সন্দংশে লালাপে ক্ষুরধারকে।
প্রত্যেকং নরকে ত্বেষ পাত্যতাং কল্পসংখ্যয়া॥ ৭৭।
ধর্ম্মরাজঃ সমাকর্ণ্য চিত্রগুপ্তমুখাদিতি।
নির্ভর্ৎস্য তং দুরাচারং কিঙ্করানাদিদেশ হ॥ ৭৮।
ভ্রূসংজ্ঞয়াথ তৈর্নীতঃ স বধ্বা নিরয়ালয়ম্।
আক্রন্দরাবো যত্রোচ্চৈঃ পাপিনাং রোমহর্ষণঃ॥ ৭৯।

ঈশ্বর উবাচ।

যাতনাস্বতিতীব্রাসু বাহীকে সংস্থিতে তদা।
তৎকালপুণ্যফলদে গাঙ্গেয়াম্ভসি নির্ম্মলে॥ ৮০।
পতিতং তদ্ধি গৃধ্রাস্যাদ্বাহীকস্য দ্বিজন্মনঃ।
হরের্বিমানং তৎকালমাপন্নং সুরসদ্মতঃ॥ ৮১।
ঘণ্টাবলম্বিতং দিব্যং দিব্যস্ত্রীশতসঙ্কুলম্।
আরুহ্য দেবযানং স দিব্যবেশধরো দ্বিজঃ॥ ৮২।

কাল সূত্রে, কৃমি ভোজন, পূয়-শোণিত-কর্দ্দম, ভয়ানক অসিপত্রবন, যন্ত্র-পীড়, সুদ্রংষ্টক, অধোমুখ, পুতিগন্ধ, বিষ্ঠাগর্ত্ত, অভোজন, সূচীভেদ্য, সংদংশ, লালাপ, ক্ষুরধারক, এই সকলের প্রত্যেক নরকে কল্প সংখ্যক কাল ইহাকে পাতিত করিয়া রাখুন॥ ৭৫॥ ৭৬॥ ৭৭॥

ধর্ম্মরাজ চিত্রগুপ্ত মুখে এই কথা শুনিয়া সেই দুরাচারকে ভর্ৎসনা পূর্ব্বক কিঙ্করদিগকে আজ্ঞা করিলেন। ভ্রূসংজ্ঞামাত্রে কিঙ্করেরা তাহাকে বন্ধন করিয়া পাপীদিগের লোমহর্ষণ উচ্চ ক্রন্দনরবেপূর্ণ ঘোর নরকালয়ে লইয়া গেল॥ ৭৮॥ ৭৯॥ ঈশ্বর কহিলেন, হে বিষ্ণো! বাহীক অতিতীব্র যাতনাময় নরকে সংস্থাপিত হইয়াছে, এই সময়ে তৎকাল পুণ্যফলদ সুবিমল গঙ্গাসলিলে তাহার বামপাদের একদেশ গৃধ্রমুখভ্রষ্ট হইয়া

বীজ্যমানোঽপ্সরোবৃন্দৈর্দিব্যগন্ধানুলেপনঃ ।
জগাম স্বর্গভুবনং গঙ্গাস্থিপতনাদ্দ্বিজে ॥ ৮৩ ।

স্কন্দ উবাচ ।

বস্তুশক্তিবিচারোয়মদ্ভুতঃ কোঽপি কুম্ভজ ।
দ্রবরূপেণ কাপ্যেষা * শক্তিঃ সাদাশিবা পরা ॥ ৮৪ ।
করুণামৃতপূর্ণেন দেবদেবেন শম্ভুনা ।
এষা প্রবর্ত্তিতা গঙ্গা জগদুদ্ধরণায় বৈ ॥ ৮৫ ।
যথান্যাঃ সরিতো লোকে বারিপূর্ণা সহস্রশঃ ।
তথৈষা নানুমন্তব্যা সদ্ভিস্ত্রিপথগামিনী ॥ ৮৬ ।
শ্রুত্যক্ষরাণি নিশ্চিত্য কারুণ্যাচ্ছম্ভুনা মুনে ।
নির্ম্মিতা তদ্দ্রবৈরেষা গঙ্গা গঙ্গাধরেণ বৈ ॥ ৮৭ ।
যোগোপনিষদামেতং সারমাকৃষ্য শঙ্করঃ ।
কৃপয়া সর্ব্বজন্তূনাং চকার সরিতাং বরাম্ ॥ ৮৮ ।

নিপতিত হইল, তৎক্ষণাৎ স্বর্গলোক হইতে দিব্যস্ত্রীশতসমাকীর্ণ, ঘণ্টা-বলম্বিত, দিব্য রথ আসিয়া উপস্থিত। সেই অস্থিখণ্ডের গঙ্গায় পতন প্রযুক্ত বাহীকব্রাহ্মণ দিব্যবেশধারী, দিব্যগন্ধানুলিপ্ত ও অপ্সরোবৃন্দ কর্ত্তৃক বীজ্যমান হইয়া দেবযানে আরোহণপূর্ব্বক স্বর্গভুবনে গমন করিল ॥ ৮০ ॥ ৮১ ॥ ৮২ ॥ ৮৩ ॥ স্কন্দ কহিলেন, হে কুম্ভযোনে! এই অদ্ভুত বস্তুশক্তি অতি অনির্ব্বচনীয়, সদাশিবের কোন পরমাশক্তি দ্রব-রূপে অবস্থিতি করিতেছেন ॥ ৮৪ ॥ দেবদেব শম্ভু জগতের উদ্ধারার্থ করুণামৃতপূর্ণহৃদয়ে এই দ্রবময়ী গঙ্গাকে প্রবর্ত্তিত করিয়াছেন ॥ ৮৫ ॥ পৃথিবীতে বারিপূর্ণ যেমন অন্য সহস্র সহস্র নদী আছে, সাধুগণ এই ত্রিপথ-গামিনী গঙ্গাকে কখনও তাদৃশ বিবেচনা করিবেন না ॥ ৮৬ ॥ বেদাক্ষর সকল নিষ্পীড়ন করিয়া করুণাময় শম্ভু সেই দ্রবে এই গঙ্গার সৃষ্টি করিয়াছেন ॥ ৮৭ ॥ যোগোপনিষদের সার আকর্ষণপূর্ব্বক সর্ব্বভূতের প্রতি

* সদাকর্ম্মক্ষয়ঙ্করীতি বা।

অকলানিধয়ো রাত্র্যো বিপুষ্পাশ্চৈব পাদপাঃ।
তথা তথৈব তে দেশা যত্র নাস্ত্যমরাপগা ॥ ৮৯।
অনয়াঃ সম্পদো যদ্বদ্মখাযদ্বদদক্ষিণাঃ।
তদ্বদ্দেশা দিশঃ সর্ব্বা হীনা গঙ্গাম্ভসা হরে ॥ ৯০।
ব্যোমাঙ্গণমনর্কঞ্চ নক্তেহদীপং যথা গৃহম্।
অবেদা ব্রাহ্মণা যদ্বদ্গঙ্গাহীনাস্তথা দিশঃ ॥ ৯১।
চান্দ্রায়ণসহস্রন্তু যঃ কুর্য্যাদ্দেহশোধনম্।
গঙ্গাম্বুতং পিবেদ্যস্তু তয়োর্গঙ্গাম্বুপোধিকঃ ॥ ৯২।
পাদেনৈকেন যস্তিষ্ঠেৎ সহস্রং শরদাং শতম্।
অব্দং গঙ্গাম্বুপো যস্তু তয়োর্গঙ্গাম্বুপোঽধিকঃ ॥ ৯৩।
অবাক্‌শিরাঃ প্রলম্বেদ্যঃ সম্বৎসরশতং নরঃ।
ভীষ্মসূবালুকাতল্প-শয়স্তস্মাদ্বরো হরে ॥ ৯৪।
পাপতাপাভিতপ্তানাং ভূতানামিহজাহ্নবী।
পাপতাপহরাযদ্বদ্গাঙ্গা নান্যত্তথা কলৌ ॥ ৯৫।

অনুগ্রহেচ্ছায় মহেশ্বরকর্ত্তৃক এই সরিদ্বরা নির্ম্মিত হইয়াছে ॥ ৮৮ ॥ যেমন চন্দ্রশূন্য রজনী ও পুষ্পশূন্য পাদপ, গঙ্গাহীন দেশ সকলও সেই রূপ ॥ ৮৯ ॥ নীতিরহিত সম্পদ ও দক্ষিণাবহিত যজ্ঞ যে প্রকার, গঙ্গা-জলপ্রবাহরহিত দেশ ও দিক সকলও তদ্রূপ ॥ ৯০ ॥ সূর্য্যহীন গগনতল, দীপহীনগৃহ ও বেদহীনব্রাহ্মণ যেরূপ শোচনীয় গঙ্গাব্যতিরেকে দশদিকও সেইরূপ ॥ ৯১ ॥ শরীরশোধনার্থ যদি কেহ সহস্রবার চান্দ্রায়ণ ও অপরে গঙ্গাজলমাত্র পান করে, তবে তন্মধ্যে গঙ্গাজলপানকর্ত্তাই বিশেষিত হয় ॥ ৯২ দশ সহস্র বৎসর একপদে দণ্ডায়মান ব্যক্তি অপেক্ষা সংবৎসরকাল গঙ্গা-ম্বুসেবী ব্যক্তি সমধিকফলশালী ॥ ৯৩ ॥ হে বিষ্ণো ! যে ব্যক্তি অধো মস্তকে শতবর্ষকাল প্রলম্বিত থাকে, গঙ্গাতীরে বালুকাশয্যাশায়ী ব্যক্তি তাহা অপেক্ষা শ্রেষ্ঠ ॥ ৯৪ ॥ এই কলিযুগে পাপতাপসন্তপ্তভূতগণের

তার্ক্ষ্যবীক্ষণমাত্রেণ ফণিনো নির্বিষা যথা।
নিষ্প্রভাণি তথৈনাংসি ভাগীরথ্যবলোকনাৎ ॥ ৯৬।
গঙ্গাতটোদ্ভবাং মৃৎস্নাং যো মৌলৌ বিভৃয়ান্নরঃ।
বিভর্ত্তি সোঽর্কবিম্বং বৈ তমোনাশায় নিশ্চিতম্ ॥ ৯৭।
ব্যসনৈরভিভূতস্য ধনহীনস্য পাপিনঃ।
গঙ্গৈব কেবলং তস্য গতিরুক্তা ন চান্যথা ॥ ৯৮।
শ্রুতাভিলষিতা দৃষ্টা স্পৃষ্টা পীতাবগাহিতা।
পুংসাং বংশদ্বয়ং গঙ্গা তারয়েন্নাত্র সংশয়ঃ ॥ ৯৯।
কীর্ত্তনাদ্দর্শনাৎ স্পর্শাদ্গাঙ্গাপানাবগাহনাৎ।
দশোত্তরগুণা জ্ঞেয়া পুণ্যাপুণ্যর্দ্ধি নাশয়োঃ ॥ ১০০।
ন সুতৈর্ন চ বা বিত্তৈর্নান্যেনাপি সুকর্ম্মণা।
তৎফলং প্রাপ্যতে মর্ত্যে গঙ্গামাপ্য যদাপ্যতে ॥ ১০১।

পক্ষে জাহ্নবী যেমন সর্ব্বপাপ ও সন্তাপনাশিনী, এরূপ আর কিছুই নহে ॥ ৯৫ ॥ যেমন গরুড় দর্শনমাত্রে বিষধরগণ নির্ব্বিষ হয়, ভাগীরথীর দর্শনে পাপ সকলও তাদৃশ নিষ্প্রভ হইয়া যায় ॥ ৯৬ ॥ যে ব্যক্তি জাহ্নবী-তীরসম্ভূত মৃত্তিকা শিরোদেশে ধারণ করেন, তিনি তমোরাশির বিনা-শের নিমিত্ত সূর্য্যবিম্বকে ধারণ করেন, সন্দেহ নাই ॥ ৯৭ ॥ যে সকল পাপাত্মা ব্যসনভারে অভিভূত অথচ ধনহীন, একমাত্র গঙ্গাই তাহাদিগের গতি বলিয়া উক্ত হইয়াছেন ॥ ৯৮ ॥ যাহারা গঙ্গার মাহাত্ম্যশ্রবণ বা তথায় গমনকামনা, অথবা তদীয় সলিল দর্শন, স্পর্শন, পান কিম্বা অবগাহন করে, ভাগীরথী নিঃসংশয় তাহাদিগের পিতৃকুল, মাতৃকুল এই উভয় কুল উদ্ধার করেন ॥ ৯৯ ॥ কীর্ত্তন, দর্শন, স্পর্শন, পান ও অবগাহন এই গুলির মধ্যে প্রথম অপেক্ষা পর পর গুলি ক্রমে দশগুণ অধিক পুণ্যবৃদ্ধি ও পাপনাশ করিয়া থাকে ॥ ১০০ ॥ গঙ্গাকে প্রাপ্ত হইয়া যাদৃশ ফললাভ

জাত্যন্ধাঃ পঙ্গবস্তে বৈ জীবন্তোপ্যথ তে মৃতাঃ।
সমর্থা অপি যে গঙ্গাং নস্নায়ুর্মোক্ষগর্ভিণীম্ ॥ ১০২।
শ্রুতিং নিশাময় হরে গঙ্গামাহাত্ম্যভাষিণীম্।
বিনিশ্চিতার্থাং যাং শ্রুত্বা শ্রয়েদ্গঙ্গাং নরোত্তমঃ ॥ ১০৩।
ইরাবতীং মধুমতীং পয়স্বিনীমমৃতরূপামূর্জ্জস্বতীং।
ত্রিদিবপ্রসূতাং * গঙ্গাশ্রিতাসস্ত্রিদিবং ব্রজন্তি ॥ ১০৪।

ঋষিজুষ্টাং বিষ্ণুপদীং পুরাণাং
সুপুণ্যধারাং মনসা হি লোকে।
সর্ব্বাত্মনা জাহ্নবীং যে প্রপন্না
স্তেব্রহ্মণঃ সদনং সম্প্রয়ান্তি ॥ ১০৫।
লোকানিমান্নয়তি যা জননীব পুত্রান্
স্বর্গং সদা সর্ব্বগুণোপপন্না।
স্থানমিষ্টং ব্রাহ্মমভীপ্সমানৈ
র্গঙ্গা সদৈবাত্মবশৈরুপাস্যা ॥ ১০৬।

করা যায়, বহুপুত্র, বিত্ত ও সৎকর্ম্মেও তাদৃশ হয় না ॥ ১০১ ॥ যাহারা সক্ষম হইয়াও মোক্ষদায়িনী গঙ্গায় স্নান না করে, তাহারা জাত্যন্ধ, পঙ্গু ও জীবিত হইয়াও মৃত ॥ ১০২ ॥ হে বিষ্ণো! তুমি গঙ্গামাহাত্ম্যপ্রকাশিকা নিঃসন্দিগ্ধা বেদোক্তি শ্রবণ কর, সাধু মনুষ্যেরা যাহা শুনিয়া গঙ্গাকে আশ্রয় করিবেক ॥ ১০৩ ॥ "ইরাবতী' মধুমতী,পয়স্বিনী, অমৃতরূপা ঊর্জ্জস্বতী এবং স্বর্গোদ্ভবা গঙ্গাকে আশ্রয় করিলে মনুষ্য স্বর্গে গমন করে ॥১০৪॥ যাঁহারা ঋষিগণ সেবিত, পুণ্যপ্রবাহময়ী, বিষ্ণুপদোদ্ভবা, পুরাতনী, জাহ্নবীকে সর্ব্বান্তঃকরণে ও সর্ব্বপ্রযত্নে আশ্রয় করেন, তাঁহারা ব্রহ্মসদনপ্রাপ্ত হন ॥ ৫ ॥ সর্ব্বগুণময়ী জননী সুরধুনী, পুত্রের ন্যায় লোকসমূহকে সর্ব্বদা স্বর্গলোকে প্রেরণ করেন এবং জিতাত্মাসাধুগণও বাঞ্ছিত ব্রহ্মলোকলাভের

* গঙ্গামৃতাসস্ত্রিদিবং ব্রজন্তীতি বা।

উচ্চৈর্জুষ্টামিষতীং বিশ্বরূপাম্
ইরাবতীং জনয়িত্রীং গুহস্য শিষ্টৈঃ।
সেব্যামমৃতাং ব্রহ্মকান্তাং
গঙ্গাং শ্রয়েদাত্মবিশুদ্ধিকামঃ ॥ ১০৭ ।
গঙ্গায়ান্তু নরঃ স্নাত্বা ব্রহ্মচারী সমাহিতঃ ।
বিধূতপাপো ভবতি বাজপেয়ঞ্চ বিন্দতি ॥ ১০৮ ।
অশুভৈঃ কর্ম্মভির্গ্রস্তান্ মজ্জমানান্ মহার্ণবে ।
পততো নিরয়ে গঙ্গা সংশ্রিতানুদ্ধরেৎ সদা ॥ ১০৯।
ব্রহ্মলোকস্তু লাকানাং সর্ব্বেষামুত্তমো যথা ।
সরিতাং সরসাং বাপি বরিষ্ঠা জাহ্নবী তথা ॥ ১১০ ।
অন্যত্র সম্যক্ সঙ্কল্প্য তপঃ কৃত্বা সমাত্রয়ম্ ।
যৎফলং তদ্ভবেদ্ভক্ত্যা গঙ্গায়াং ঘটিকার্দ্ধতঃ ॥ ১১১ ।
স্বর্গস্থস্য ন সা প্রীতি ভুঞ্জতঃ সুখমক্ষয়ম্ ।
যা স্যাদ্গঙ্গাতটে পুংসাং রাত্রৌ চন্দ্রোদয়ে সতি ॥ ১১২ ।

অভিলাষে সতত গঙ্গার উপাসনা করেন ॥ ১০৬ ॥ যাঁহারা আত্ম-শুদ্ধি কামনা করেন, তাঁহারা শান্তপ্রকৃতি মুনিগণ ও সুরগণের সেবনীয়া, কার্ত্তিকেয়জননী, ইচ্ছাবতী, বিশ্বরূপা ও দ্রবময়ী, সাবিত্রীস্বরূপা, সনাতনী গঙ্গাদেবীকে আশ্রয় করিবেন" ॥ ১০৭ ॥ ব্রহ্মচারী সমাহিতচিত্তে গঙ্গায় স্নান করিলে সর্ব্বপাপমুক্ত হন এবং বাজপেয়যজ্ঞের ফললাভ করেন ॥১০৮॥ যাহারা দুষ্কৃতভারে সমাক্রান্ত হইয়া মহাসমুদ্রে নিমগ্ন ও নরকে নিপতিত হইতেছে, তাহারাও আশ্রয় গ্রহণ করিলে গঙ্গা তাহাদিগকে উদ্ধার করেন ॥ ১০৯ ॥ যেমন ব্রহ্মলোক সর্ব্বলোক মধ্যে উত্তম, নদী সরোবর সমূহের মধ্যে গঙ্গাও তাদৃশ শ্রেষ্ঠ ॥ ১১০ ॥ অন্যত্র সম্যক সঙ্কল্প পূর্ব্বক তিন বৎসর তপস্যা করিলে যে ফল হয়, গঙ্গায় ভক্তিপূর্ব্বক অর্দ্ধঘটিকাকাল তপস্যা করিলে সেই ফললাভ হয় ॥ ১১১ ॥ রজনীতে চন্দ্রোদয় হইলে

জরারোগাভিপন্নস্তু কুণপং জাহ্নবীজলে।
ধৈর্য্যেণ তৃণবৎ ত্যক্ত্বা প্রবিশেদমরাবতীম্॥ ১১৩।
বার্য্যোঘৈঃ সততং যস্যাঃ প্লাব্যতে শশিমণ্ডলম্।
ভূয়োঽধিকতরাং শোভাং বিভর্ত্তি তদহঃক্ষয়ে॥ ১১৪।
আপ্লুত্যস্য জলে যস্যাঃ সদ্যো নশ্যতি পাতকম্।
মহতঃ শ্রেয়সঃ প্রাপ্তিস্তৎক্ষণাদেব জায়তে॥ ১১৫।
পিতৃভ্যঃ শ্রদ্ধয়া যত্র দত্তাস্ত্বাপঃ স্ববংশজৈঃ।
প্রযচ্ছন্তি পরাং তৃপ্তিং শরদাং ত্রয়মচ্যুত॥ ১১৬।
তারয়েৎ ক্ষিতিজান্ মর্ত্ত্যানধস্থাংশ্চ সরীসৃপান্।
স্বর্গে স্বর্গসদো বিষ্ণো গঙ্গা ত্রিপথগা ততঃ॥ ১১৭।
তীর্থানামুত্তমং তীর্থং সরিতামুত্তমা সরিৎ।
স্বর্গদা সর্ব্বজন্তূনাং মহাপাতকিনামপি॥ ১১৮।
অধ্যুষ্টাঃ কোটয়ো বিষ্ণো সন্তি তীর্থানি সর্ব্বতঃ।
দিবি ভুব্যন্তরিক্ষে চ জাহ্নব্যাং তানি কৃৎস্নশঃ॥ ১১৯।

সুরধুনীতটে অবস্থান করিয়া মনুষ্য যাদৃশ প্রীতি উপভোগ করে, স্বর্গবাসী স্বর্গে অক্ষয়সুখভোগ করিয়াও তাদৃশ প্রীতিলাভ করিতে পারেন না॥ ১১২॥ জরারোগাক্রান্ত মৃতশরীরকে ধৈর্য্যধারণপূর্ব্বক তৃণের ন্যায় বিসর্জ্জন করিতে পারিলে ইন্দ্রনগরীতে গতি হয়॥ ১১৩॥ চন্দ্রমণ্ডল যাহার জলপ্রবাহে সতত প্লাবিত হয়, এবং দিবাবসানসময়ে সমধিক শোভা ধারণ করে; যাহার জলে অবগাহন করিলে সদ্যঃ পাতকনাশ ও তৎক্ষণেই মহাশ্রেয় প্রাপ্তি হয়; যথায় পিতৃগণ ও স্ববংশীয়গণের উদ্দেশে শ্রদ্ধাসহকারে উদকাঞ্জলি প্রদত্ত হইলে বৎসরত্রয়ব্যাপক পরমা তৃপ্তি লব্ধ হয়; সেই গঙ্গা পৃথিবীজাত মনুষ্যদিগকে, অধঃস্থ সরীসৃপসমূহকে এবং স্বর্গে স্বর্গবাসীদিগকে উদ্ধার করেন বলিয়া ত্রিপথগা-নাম প্রাপ্ত হইয়াছেন তিনি নিখিলতীর্থমধ্যে উত্তম তীর্থ, নদীসমূহমধ্যে উত্তমা নদী এবং মহাপাতকীদিগেরও স্বর্গপ্রদা॥ ১১৪॥ ১১৫॥ ১১৬

জ্ঞাত্বাজ্ঞাত্বা চ গঙ্গায়াং যঃ পঞ্চত্বমবাপ্নুয়াৎ ।
অনাত্মঘাতী স্বর্গীস্যান্নরকান্ স ন পশ্যতি ॥ ১২০ ।
গঙ্গৈব সর্ব্বতীর্থানি গঙ্গৈব চ তপোবনম্ ।
গঙ্গৈব সিদ্ধক্ষেত্রং হি নাত্রকার্য্যা বিচারণা ॥ ১২১ ।
যত্র কামফলা বৃক্ষা মহী যত্র হিরণ্ময়ী ।
জাহ্নবীস্নায়িনস্তত্র নিবসন্তি ঘটোদ্ভব ॥ ১২২ ।
ধেনুং ভাগীরথীতীরে সুশীলাঞ্চ পয়স্বিনীম্ ।
বাসোরত্নৈরলঙ্কৃত্য ব্রাহ্মণায় দদাতি যঃ ॥ ১২৩ ।
যাবন্তি তস্য লোমানি মুনে তৎসন্ততেরপি ।
তাবদ্বর্ষসহস্রাণি স স্বর্গসুখভুগ্ভবেৎ ॥ ১২৪ ।

ইতি শ্রীস্কন্দপুরাণান্তর্গতকাশীখণ্ডে গঙ্গামহিমা-
নামাষ্টবিংশতিতমোঽধ্যায়ঃ ।

॥ ১১৭ ॥ ১১৮ ॥ হে বিষ্ণো! ভূতলে, অন্তরীক্ষে ও স্বর্গে বহুকোটি তীর্থ অধিষ্ঠিত আছে, কিন্তু এক জাহ্নবীতে সেই তীর্থসমূহের সমবায় নিহিত আছে ॥ ১১৯॥ জ্ঞানপূর্ব্বক কি অজ্ঞান পূর্ব্বক যে ব্যক্তি গঙ্গায় পঞ্চত্ব প্রাপ্ত হয়, সে আত্মঘাতী না হইলে নিশ্চয়ই স্বর্গবাসী হয়, কখন নরকদর্শন করিতে হয় না ॥ ১২০ ॥ গঙ্গাই সর্ব্বতীর্থ, গঙ্গাই তপোবন, এবং গঙ্গাই সিদ্ধক্ষেত্র, ইহাতে কিছুমাত্র বিকল্প নাই ॥ ১২১ ॥ হে কুম্ভযোনে! যথায় বৃক্ষ সকল বাঞ্ছানুরূপ ফলপ্রদ, যত্রত্য ভূমিতল সুবর্ণময়, গঙ্গাস্নানশীল পুরুষেরা সেই লোকে বাস করেন ॥ ১২২ ॥ হে মুনিবর! যে ব্যক্তি ভাগীরথীতীরে সুশীলা দুগ্ধবতী ধেনু, বসনভূষণে অলঙ্কৃত করিয়া ব্রাহ্মণকে সম্প্রদান করেন, তিনি সেই ধেনু ও তদীয় বৎসের যতগুলি লোম সংখ্যা, তাবৎসহস্রবৎসরকাল স্বর্গসুখভাগী হয়েন ॥ ১২৩ ॥ ১২৪ ॥

ইতিশ্রীস্কন্দপুরাণান্তর্গত কাশীখণ্ডে গঙ্গামহিমা নামক
অষ্টবিংশতিতম অধ্যায় সমাপ্ত।

একোনত্রিংশোঽধ্যায়ঃ।

অগস্ত্য উবাচ।

বিনা স্নানেন গঙ্গায়াং নৃণাং জন্ম নিরর্থকম্।
উপায়ান্তরমস্ত্যন্যদেযেন স্নানফলং লভেৎ ॥ ১।
অশক্তানাঞ্চ পঙ্গূনামালস্যোপহতাত্মনাম্।
দূরদেশান্তরস্থানাং গঙ্গাস্নানং কথং ভবেৎ ॥ ২।
দানং বাথ ব্রতং বাথ মন্ত্রস্তোত্রং জপোঽথ বা।
তীর্থান্তরাভিষেকো বা দেবতোপাসনন্তু বা ॥ ৩।
যদ্যস্তি কিঞ্চিৎ ষড়্বক্ত্র গঙ্গাস্নানফলপ্রদম্।
বিধানান্তরমত্রেশ তদ্বদ প্রণতায় মে ॥ ৪।
ত্বত্তো ন বেদ স্কন্দান্যো গঙ্গাগর্ভসমুদ্ভব ॥
পরং স্বর্গতরঙ্গিণ্যা মহিমানং মহামতে ॥ ৫।

শ্রীস্কন্দ উবাচ।

সন্তি পুণ্যজলানীহ সরাংসি সরিতো মুনে।
স্থানে স্থানে চ তীর্থানি জিতাত্মাধ্যুষিতানি চ ॥ ৬।

একোনত্রিংশ অধ্যায়।

অগস্ত্য কহিলেন, গঙ্গাস্নানব্যতিরেকে মনুষ্যদিগের জন্ম নিরর্থক, যদ্দ্বারা গঙ্গাস্নানফললাভ হয়, তাদৃশ উপায়ান্তর আছে কি ? ১ ॥ যাহারা অশক্ত, পঙ্গু, আলস্যদোষে উপহতস্বভাব বা দূরদেশান্তরস্থ, তাহাদিগের কিরূপে গঙ্গাস্নান হইবেক ? ২ ॥ হে ষড়ানন ! দান, ব্রত, মন্ত্র, স্তোত্র, জপ বা তীর্থান্তরে স্নান অথবা দেবোপাসনা, যদি কোনও বিধান গঙ্গাস্নানের ফলপ্রদ থাকে, তবে এই প্রণতজনের প্রতি বলিতে আজ্ঞা হউক ॥ ৩ ॥ ৪ ॥ হে স্কন্দ ! তুমি গঙ্গাগর্ভ-সমুদ্ভব ; হে মহামতে ! তুমি ভিন্ন

দৃষ্টপ্রত্যয়কারীণি মহামহিমভাঞ্জ্যপি ।
পরং স্বর্গতরঙ্গিণ্যাঃ কোট্যংশোপি ন তত্র বৈ ॥ ৭ ।
অনেনৈবানুমানেন বুদ্ধস্ব কলশোদ্ভব ।
দধ্রে গঙ্গোত্তমাঙ্গেন দেবদেবেন শম্ভুনা ॥ ৮ ।
স্নানকালেঽন্যতীর্থেষু জপ্যতে জাহ্নবী জনৈঃ ।
বিনা বিষ্ণুপদীং কান্যৎ সমর্থমঘমোচনে ॥ ৯ ।
গঙ্গাস্নানফলং ব্রহ্মন্ গঙ্গায়ামেব লভ্যতে ।
যথা দ্রাক্ষাফলাস্বাদো দ্রাক্ষায়ামেব নান্যতঃ ॥ ১০ ।
অস্ত্যুপায়ইহত্বেকঃ স্যাদ্ যেনাবিকলং ফলম্ ।
স্নানস্য দেবসরিতো মহাগুহ্যতমো মুনে ॥ ১১ ।
শিবভক্তায় শান্তায় বিষ্ণুভক্তিপরায় চ ।
শ্রদ্ধালবে ত্বাস্তিকায় গর্ভবাসমুমুক্ষবে ॥ ১২ ।

আর কেহই স্বর্গতরঙ্গিণী গঙ্গার মহিমা অবগত নহে ॥ ৫ ॥ স্কন্দ কহিলেন, হে মুনিবর! এই পৃথিবীতে বহুল পুণ্যজলানদী ও সরসী এবং স্থানে স্থানে জিতাত্মা সাধুগণে অধ্যুষিত, মহামাহাত্ম্যশালীও প্রত্যক্ষ প্রত্যয়কারী তীর্থসমূহ আছে, কিন্তু সেই সমুদায়ে গঙ্গার কোটি অংশের এক অংশও নাই ॥ ৬ ॥ ৭ ॥ হে কুম্ভযোনে! তুমি এই অনুমানদ্বারাই বিবেচনা করিতে পার, যে দেবদেব শম্ভু গঙ্গাকেই উত্তমাঙ্গে ধারণ করিয়াছেন ॥ ৮ ॥ মনুষ্যেরা অন্যতীর্থে স্নানকালে জাহ্নবীকে জপ করিয়া থাকে ॥ ফলতঃ বিষ্ণুপদোদ্ভবা গঙ্গাব্যতিরেকে আর কে কোথায় পাপমোচনে সমর্থ? ৯ ॥ হে ব্রহ্মন্! গঙ্গাস্নানফল গঙ্গাতেই লাভ হয়, দ্রাক্ষাফলের আস্বাদ দ্রাক্ষাতেই লাভ হইয়া থাকে, অন্যত্র হয় না ॥ ১০ ॥ হে মুনে! কেবল একমাত্র অতিগুহ্যতম উপায় আছে, যদ্দ্বারা গঙ্গাস্নানের অবিকল ফল লাভ হইতে পারে ॥ ১১ ॥ যে ব্যক্তি শ্রদ্ধালু, শান্ত, আস্তিক, শিবভক্ত ও বিষ্ণুভক্তিপরায়ণ এবং পুনর্ব্বার গর্ভবাস হইতে মুক্তি পাইতে

কথনীয়ং নচান্যস্য কস্যচিৎ কেনচিৎ কচিৎ।
ইদং রহস্যং পরমং মহাপাতকনাশনং ॥ ১৩।
মহাশ্রেয়স্করং পুণ্যং মনোরথকরং পরম্।
দ্যুনদীপ্রীতিজনকং শিবসন্তোষসন্ততিঃ ॥ ১৪।
নাম্নাং সহস্রং গঙ্গায়াঃ স্তবরাজেষু শোভনম্।
জপ্যানাং পরমং জপ্যং বেদোপনিষদা সমং ॥ ১৫।
জপনীয়ং প্রযত্নেন মৌনিনা বাচকং বিনা।
শুচিস্থানেষু শুচিনা সুস্পষ্টাক্ষরমেব চ ॥ ১৬।

ইচ্ছুক, তাহারই নিকট ইহা কথনীয়, অন্য কাহারো নিকট কোনপ্রকারে কথনও যেন প্রকাশিত না হয় ॥ ১২ ॥ সেই উপায় গঙ্গার সহস্রনাম স্তোত্র। উহা পরমগোপনীয়, মহাপাতকনাশন, মহাশ্রেয়স্কর, বাঞ্ছাফল-প্রদ, পবিত্র, গঙ্গাপ্রীতিজনক, শিবসন্তোষকর এবং প্রধানস্তবসমূহের মধ্যেও প্রধান। জপ্য সমূহের মধ্যে উহা পরম জপ্য ও বেদান্ত বিদ্যার সদৃশ ॥ ১৩ ॥ ১৪ ॥ ১৫ ॥ ঐ সহস্রনাম পবিত্রস্থানে মৌনব্রত ও প্রযত হইয়া বাচকব্যতিরেকে সুস্পষ্টাক্ষরে ও প্রযত্নসহকারে জপ করিবেক ॥ ১৬॥

শ্রীস্কন্দ উবাচ।

ওঁ নমোগঙ্গাদেব্যৈ ।

ওঁকাররূপিণ্যজরাতুলানন্তামৃতশ্রবা ।
অত্যুদারাভয়াশোকালকনন্দামৃতামলা ॥ ১৭ ।
অনাথবৎসলামোঘাপাংযোনিরমৃতপ্রদা ।
অব্যক্তলক্ষণা'ক্ষোভ্যানবচ্ছিন্নাপরাজিতা ॥ ১৮ ।
অনাথনাথাভীষ্টার্থসিদ্ধিদানঙ্গবর্দ্ধিনী ।
অণিমাদিগুণাধারাগ্রগণ্যালীকহারিণী ॥ ১৯ ।
অচিন্ত্যশক্তিরনঘাদ্ভুতরূপাঘহারিণী ।
অদ্রিরাজসুতাষ্টাঙ্গযোগসিদ্ধিপ্রদাচ্যুতা ॥ ২০ ।
অক্ষুণ্ণশক্তিরসুদানন্ততীর্থামৃতোদকা ।
অনন্তমহিমাপারানন্তসৌখ্যপ্রদান্নদা ॥ ২১ ।
অশেষদেবতামূর্ত্তিরঘোরামৃতরূপিণী ।
অবিদ্যাজালশমনী হ্যপ্রতর্ক্যগতিপ্রদা ॥ ২২ ।

গঙ্গার সহস্রনাম ।

স্কন্দ কহিলেন,, ওঁকাররূপিণী, অজরা, অতুলা, অনন্তা, অমৃতস্রবা, অত্যুদারা, অভয়া, অশোকা, অলকনন্দা, অমৃতা, অমলা ॥ ১৭ ॥ অনাথবৎসলা, অমোঘা, অপাংযোনি, অমৃতপ্রদা, অব্যক্তলক্ষণা, অক্ষোভ্যা, অনবচ্ছিন্না, অপরাজিতা ॥ ১৮ ॥ অনাথনাথা, অভীষ্টার্থসিদ্ধিদা, অনঙ্গ-বর্দ্ধিনী, অণিমাদিগুণা, আধারা, অগ্রগণ্যা, অলীকহারিণী, ॥ ১৯ ॥ অচি-ন্ত্যশক্তি, অনঘা, আশ্চর্য্যরূপা, অঘহারিণী, অদ্রিরাজসুতা, অষ্টাঙ্গযোগ-সিদ্ধিপ্রদা, অচ্যুতা ॥ ২০ ॥ অক্ষুণ্ণশক্তি, অসুদা, অনন্ততীর্থা, অমৃতোদকা, অনন্তমহিমা, অপারা, অনন্তসৌখ্যপ্রদা, অন্নদা ॥ ২১ ॥ অশেষদেবতামূর্ত্তি, অঘোরা, অমৃতরূপিণী, অবিদ্যাজালশমনী, অপ্রতর্ক্যগতিপ্রদা ॥ ২২ ॥

অশেষবিঘ্নসংহর্ত্রী ত্বশেষগুণগুম্ফিতা।
অজ্ঞানতিমিরজ্যোতিরনুগ্রহপরায়ণা ॥ ২৩।
অভিরামানবদ্যাঙ্গ্যনন্তসারাকলঙ্কিনী।
আরোগ্যদানন্দবল্লী ত্বাপন্নার্ত্তিবিনাশিনী॥ ২৪।
আশ্চর্য্যমূর্ত্তিরায়ুষ্যা হ্যাঢ্যাদ্যাপ্রার্য্যসেবিতা।
আপ্যায়িন্যাপ্তবিদ্যাখ্যা ত্বানন্দাশ্বাসদায়িনী॥ ২৫।
আলস্যঘ্ন্যাপদাংহন্ত্রী হ্যানন্দামৃতবর্ষিণী।
ইরাবতীষ্টদাত্রীষ্টা ত্বিষ্টাপূর্ত্তফলপ্রদা॥ ২৬।
ইতিহাসশ্রুতীড্যার্থা ত্বিহামুত্রশুভপ্রদা।
ইজ্যাশীলসমিজ্জ্যেষ্ঠা ত্বিন্দ্রাদিপরিবন্দিতা॥ ২৭।
ইলালঙ্কারমালেদ্ধা ত্বিন্দিরারম্যমন্দিরা।
* ইদিন্দিরাদি সংসেব্যা ত্বীশ্বরীশ্বরবল্লভা॥ ২৮।
ঈতিভীতিহরেড্যাচ ত্বীড়নীয়চরিত্রভৃৎ।
উৎকৃষ্টশক্তিরুৎকৃষ্টোড়ুপমণ্ডলচারিণী॥ ২৯।

অশেষবিঘ্নসংহর্ত্রী, অশেষগুণগুম্ফিতা, অজ্ঞানতিমিরজ্যোতিঃ, অনুগ্রহপরায়ণা॥ ২৩॥ অভিরামা, অনবদ্যাঙ্গী, অনন্তসারা, অকলঙ্কিনী আরোগ্যদা, আনন্দবল্লী, আপন্নার্ত্তিবিনাশিনী॥ ২৪॥ আশ্চর্য্যমূর্ত্তি, আয়ুষ্যা, আঢ্যা, আদ্যা, আপ্রা, আর্য্যসেবিতা, আপ্যায়িনী, আপ্তবিদ্যা, আখ্যা, আনন্দা, আশ্বাসদায়িনী,॥ ২৫॥ আলস্যঘ্নী, আপদাংহন্ত্রী, আনন্দামৃতবর্ষিণী, ইরাবতী, ইষ্টদাত্রী, ইষ্টা, ইষ্টাপূর্ত্তফলপ্রদা॥ ২৬॥ ইতিহাসশ্রুতীড্যার্থা, ইহামুত্রশুভপ্রদা, ইজ্যাশীলশমিজ্জ্যেষ্ঠা, ইন্দ্রাদিপরিবন্দিতা,॥ ২৭॥ ইলালঙ্কারমালা, ইদ্ধা, ইন্দিরারম্যমন্দিরা, ইৎ, ইন্দিরাদিসংসেব্যা, ঈশ্বরী, ঈশ্বরবল্লভা॥ ২৮॥ ঈতিভীতিহরা, ঈড্যা, ঈড়নীয়চরিত্রভৃৎ, উৎকৃষ্টশক্তি,

* ইন্দিন্দিরাদি সংসেব্যেতি বঙ্গীয় পাঠঃ।

উদিতাম্বরমার্গোস্রোরগলোকবিহারিণী।
উক্ষোর্ব্বরোৎপলোৎকুম্ভা উপেন্দ্রচরণদ্রবা॥ ৩০।
উদন্বৎপূর্ত্তিহেতুশ্চোদারোৎসাহপ্রবর্দ্ধিনী।
উদ্বেগঘ্ন্যুষ্ণশমনী উষ্ণরশ্মিসুতাপ্রিয়া॥ ৩১।
উৎপত্তিস্থিতিসংহারকারিণ্যুপরিচারিণী।
ঊর্জ্জং বহন্ত্যূর্জ্জধরোর্জ্জাবতী চোর্ম্মিমালিনী॥ ৩২।
ঊর্দ্ধরেতঃ প্রিয়োর্দ্ধাধ্বা হ্যূর্ম্মিলোর্দ্ধগতিপ্রদা।
ঋষিবৃন্দস্তুতর্দ্ধিশ্চ ঋণত্রয়বিনাশিনী॥ ৩৩।
ঋতম্ভরর্দ্ধিদাত্রী চ ঋক্‌স্বরুপা ঋজুপ্রিয়া।
* ঋক্ষমার্গবহর্ক্ষার্চ্চি র্ঋজুমার্গপ্রদর্শিনী॥ ৩৪।
এধিতাখিলধর্ম্মার্থা ত্বেকৈকামৃতদায়িনী।
এধনীয়স্বভাবৈজ্যা ত্বেজিতাশেষপাতকা॥ ৩৫।
ঐশ্বর্য্যদৈশ্বর্য্যরূপা হ্যৈতিহ্যংহ্যৈন্দবীদ্যুতিঃ।
ওজস্বিন্যোষধীক্ষেত্রমোজোদৌদনদায়িনী॥ ৩৬।

উৎকৃষ্টা, উড়ুপমণ্ডলচারিণী॥ ২৯। উদিতাম্বরমার্গা, উস্রা, উরগলোক-বিহারিণী, উক্ষা, উর্ব্বরা, উৎপলা, উৎকুম্ভা, উপেন্দ্রচরণদ্রবা॥ ৩০॥ উদন্বৎপূর্ত্তিহেতু, উদারা, উৎসাহপ্রবর্দ্ধিনী, উদ্বেগঘ্নী, উষ্ণশমনী, উষ্ণ-রশ্মিসুতাপ্রিয়া॥ ৩১॥ উৎপত্তিস্থিতিসংহার-কারিণী, উপরিচারিণী, ঊর্জ্জংবহন্তী, ঊর্জ্জধরা, ঊর্জ্জাবতী, ঊর্ম্মিমালিনী॥ ৩২॥ ঊর্দ্ধরেতঃপ্রিয়া, ঊর্দ্ধাধ্বা, ঊর্ম্মিলা, ঊর্দ্ধগতিপ্রদা, ঋষিবৃন্দস্তুতা, ঋদ্ধি, ঋণত্রয়বিনাশিনী॥৩৩॥ ঋতম্ভরা, ঋদ্ধিদাত্রী, ঋক্‌স্বরূপা, ঋজুপ্রিয়া, ঋক্ষমার্গবহা, ঋক্ষার্চ্চিঃ, ঋজু-মার্গপ্রদর্শিনী॥ ৩৪॥ এধিতাখিলধর্ম্মার্থা, একা, একামৃতদায়িনী, এধনীয়-স্বভাবা, এজ্যা, এজিতাশেষপাতকা॥ ৩৫॥ ঐশ্বর্য্যদা, ঐশ্বর্য্যরূপা, ঐতিহ্য, ঐন্দবীদ্যুতি, ওজস্বিনী, ওষধিক্ষেত্র, ওজোদা, ওদনদায়িনী॥ ৩৬॥

* ঋতুনক্ষত্ররূপাচেতিবঙ্গীয়পাঠঃ।

ওষ্ঠামৃতৌন্নত্যদাত্রীত্ত্বৌষধং ভবরোগিণাম্ ।
ঔদার্য্যচঞ্চুরৌপেন্দ্রী ত্বৌগ্রীহ্যৌমেয়রূপিণী ॥ ৩৭ ।
অম্বরাধ্ববহাম্বষ্ঠাম্বরমালাম্বুজেক্ষণা ।
অম্বিকাম্বুমহাযোনিরন্ধোদান্ধকহারিণী ॥ ৩৮ ।
অংশুমালা হ্যংশুমতী ত্বঙ্গীকৃতষড়াননা ।
এবং অন্তে দেহশূন্য হয় ॥ ৭৯॥ প্রথমতই এই ক্ষেত্র সুখপ্রদ আনন্দ-কানন, তাহাতে চক্রসরোবর, মণিকর্ণিকা ও সুরধুনী মিলিত হইয়াছেন; বিশেষতঃ ইহা বিশ্বেশ্বরের শ্রেষ্ঠ আস্পদ, অতএব এস্থানে এমন কি আছে যাহা মুক্তির নিমিত্ত নহে? ৮০॥ এই বারাণসী অসি ও বরণানাম্নী নদী-দ্বয়ের অবস্থানে গৌরবময়ী, সম্ভেদদুঃখনাশিনী স্বর্গনদী জাহ্নবীর সংসর্গে পরমশোভাবতী এবং অচলা ও অমলা মোক্ষ লক্ষ্মীর বিশ্রামভূমি; হায়, মূঢ় জন্তুগণ এই স্থান পরিত্যাগ করিয়া কি নিমিত্ত অবসাদ প্রাপ্ত হয়? ৮১॥ হায় তাহারা গর্ভবাসজাত যন্ত্রণা, যমদূতকৃত বন্ধন ও তাড়ন কি বিস্মৃত হয়, যে শম্ভুর অনুগ্রহমাত্রলভ্য, আসন্নমুক্তি কাশীপুরী পরিত্যাগ করিয়া অন্যত্র গমন করে? ৮২॥

অন্যান্যতীর্থে পান, অবগাহন ও দেহবিসর্জন করিলে, সদ্যঃ পাপক্ষয়, বহু শ্রেয়োলাভ ও স্বর্গপ্রাপ্তি হয়, কিন্তু বারাণসী সংসারমূলনাশ করেন ॥

কাশীপুরীপরিসরে মণিকর্ণিকায়াং
ত্যক্ত্বা তনুং তনুভৃতস্তনুমাপ্নুবন্তি।
ভালে বিলোচনবতীং গলনীললক্ষ্মীং
বামার্দ্ধবন্ধুরবধূং বিধুরাবরোধাঃ॥ ৮৪।
জ্ঞাত্বা প্রভাবমতুলং মণিকর্ণিকায়াং
যঃ পুদ্গলং ত্যজতি চাশু বিপূয়গন্ধি।
স্বাত্মাবরোধমহসা সহসা মিলিত্বা
কল্পান্তরেষ্বপি স নৈব পৃথক্‌ত্বমেতি॥ ৮৫।
রাগাদিদোষপরিপূরমনোহৃষীকাঃ
কাশীপুরীমতুলদিব্যমহাপ্রভাবাম্।
যে কল্পয়ন্ত্যপরতীর্থসমাং সমন্তাৎ
তে পাপিনো ন সহ তৈঃ পরিভাষণীয়ম্॥ ৮৬।
বারাণসীং স্মরহরপ্রিয়রাজধানীং
ত্যক্ত্বা কুতো ব্রজসি মূঢ় দিগন্তরেষু।
প্রাপ্যাপ্যজাদ্যসুলভাং শিবমোক্ষলক্ষ্মীং
লক্ষ্মীং স্বভাবচপলাং কিমু কাময়েথাঃ॥ ৮৭।

৮৩॥ বারাণসীর পর্য্যন্তদেশে মণিকর্ণিকায় তনুত্যাগ পূর্ব্বক মনুষ্যেরা অজ্ঞানাবরণ শূন্য হইয়া ললাটে লোচনযুক্ত, গলে নীলিমালঙ্কৃত, বামার্দ্ধে সুন্দররমণীবিরাজিত তনু ধারণ করে॥ ৮৪॥ এই সকল মাহাত্ম্য অবগত হইয়া যিনি মণিকর্ণিকায় এই অপবিত্র পূযগন্ধময় শরীর পরিত্যাগ করেন, তিনি তৎক্ষণাৎ আত্মপ্রকাশ চৈতন্যের সহিত মিলিত হইয়া কল্পান্তরেও তাহা হইতে বিযুক্ত হন না॥ ৮৫॥ যাহাদিগের অন্তঃকরণ ইন্দ্রিয়াদি রাগাদিদোষে পরিপূরিত এবং তজ্জন্য অনুপম দিব্যপ্রভাব-শালিনী কাশীপুরীকে অন্যতীর্থের সদৃশ বলিয়া কল্পনা করে, ঐ পাপাত্মাদিগের সহিত সম্ভাষণও করিতে নাই॥ ৮৬॥ রে মূঢ়গণ!

বিদ্যাধনানি সদনানি গজাশ্বভৃত্যাঃ
স্রক্চন্দনানি বনিতাশ্চ নিতান্তরম্যাঃ।
স্বর্গোপ্যগম্য ইহ নোদ্যমভাজি পুংসি
বারাণসীত্বসুলভা শলভাদিমুক্তিঃ॥ ৮৮।
ধাত্রা ধৃতানি তুলয়া তুলনামবৈতুং
বৈকুণ্ঠমুখ্যভুবনানি চ কাশিকা চ।
তান্যুদযযুর্লঘুতয়ান্যগিয়ং গুরুত্বাৎ
তস্থৌ পুরীহ পুরুষার্থচতুষ্টয়স্য॥ ৮৯।
কাশীপুরীমধিবসন্ হি নরোঽনরোপি-
হ্যারোপ্যমাণইহমান্যইবৈকরুদ্রঃ।
নানোপসর্গজনিসর্গজদুঃখভারৈঃ
কর্ম্মাপনুদ্য স বিশেৎ পরমেশধাম্নি॥ ৯০

তোমরা বিশ্বেশ্বরের প্রিয়রাজধানী বারাণসী পরিত্যাগ করিয়া কোন্ দিগন্তরে ধাবিত হইতেছ। যে স্থিরমোক্ষলক্ষ্মী ব্রহ্মাদিরও দুর্ল্লভ, তাহা প্রাপ্ত হইয়াও স্বভাবচঞ্চলা বিষয়লক্ষ্মীকে কি জন্য কামনা করিতেছ? ৮৭॥ বিদ্যাধন, অট্টালিকা, গজ, অশ্ব, ভৃত্য, মাল্য, চন্দন; অতিরমণীয় বনিতা এবং স্বর্গ, ইহলোকে উদ্যমশালী পুরুষের পক্ষে এসকল অপ্রাপ্য নহে, কিন্তু বারাণসী দুর্ল্লভ, যথায় শলভাদি স্বচ্ছন্দে মুক্তিলাভ করিতে পারে॥ ৮৮॥ বিধাতা বৈকুণ্ঠ প্রভৃতি প্রধান লোক ও কাশী, ইহাদিগের তুলনা করিবার নিমিত্ত তুলাদণ্ডে ধারণ করিয়াছিলেন, তাহাতে অন্যান্য ভুবন লঘুতাপ্রযুক্ত ঊর্দ্ধে উত্থিত হইয়াছিল এবং চতুর্বর্গসাধিনী এই কাশীপুরী গুরুত্ববশতঃ অধোগত হইয়াছিল॥৮৯॥ মনুষ্য অথবা তদিতর পশ্বাদিই বা হউক, ঈশ্বরপ্রসাদে কাশীপুরীতে স্থাপিত হইয়া বসতি করিলে সে রুদ্রের ন্যায় মাননীয় হইবেক এবং

স্থিরাপায়ং কায়ং জননমরণক্লেশনিলয়ং
বিহায়াস্যাং কাশ্যামহহ পরিগৃহ্লীত ন কুতঃ।
বপুস্তেজোরূপং স্থিরতরপরানন্দসদনং
বিমূঢ়োঽসৌ জন্তুঃ স্ফুটিতমিবকাংস্যং বিনিময়ন্॥৯১।
অহো লোকঃ শোকং কিমিহ সহতে হন্ত হতধী
র্বিপদ্ভারৈঃ সারৈর্নিয়তনিধনৈর্ধ্বংসিতধনৈঃ।
ক্ষিতৌ সত্যাং কাশ্যাং কথয়তি শিবো যত্র নিধনে
শ্রুতৌ কিঞ্চিদ্ভূয়ঃ প্রবিশতি ন যেনোদরদরীম্॥৯২।
কাশিবাসিনি জনে বনেচরে
দ্বিত্রিভুজ্যপি সমীরভোজনে।
স্বৈরচারিণি জিতেন্দ্রিয়েপ্যহো-
কাশিবাসিনি জনে বিশিষ্টতা॥ ৯৩।

নানা উপসর্গজনিত ও স্বভাবজনিত ক্লেশ ভারে স্বকর্ম্মরাশি ক্ষয়করত পরমাত্মজ্যোতিতে প্রবেশ করিবেক॥ ৯০॥ হায়! যাহার বিনাশ অবশ্য-ম্ভাবী, যাহা জন্ম মরণক্লেশের নিকেতন সেই অসার দেহ এই কাশী পুরীতে পরিত্যাগ করিয়া স্ফুটিত কাংস্য পাত্রের বিনিময়ে অন্য দৃঢ়তর পাত্র গ্রহণের ন্যায় মূঢ় জন্তুগণ কি নিমিত্ত তেজঃস্বরূপ অখণ্ড পরমানন্দময় শরীর গ্রহণ না করে?॥৯১॥ যথায় দেহাবসান হইলে মহেশ্বর কর্ণবিবরে এরূপ কোন অনির্ব্বচনীয় বস্তু প্রদান করেন যদ্দ্বারা আর পুনর্ব্বার উদরকন্দরে প্রবেশ করিতে হয় না, সেই বারাণসী ক্ষেত্র ভূতলে বিদ্যমান থাকিতেও হতবুদ্ধি মনুষ্যগণ কিজন্য অর্থধ্বংসকর প্রাণা-ন্তিক বিপত্তি সমূহে আক্রান্ত হইয়া শোকভার সহ্য করে?॥ ৯২॥ কাশী-বাসী এবং তপোবনবাসী এই উভয়ের মধ্যে প্রথমোক্ত ব্যক্তি যদি দ্বিকা-লীন ও ত্রিকালীন ভোজী এবং স্বচ্ছন্দাচারী ও দ্বিতীয় ব্যক্তি বায়ু

নাস্তীহ দুষ্কৃতকৃতাং সুকৃতাত্মনাং বা
কাচিদ্বিশেষগতিরস্তকৃতাং হি কাশ্যাম্।
বীজানি কর্ম্মজনিতানি যদূষরায়াং
নাঙ্কুরয়ন্তি হরদৃগ্‌জ্বলিতানি তেষাম্॥ ৯৪।
শশকা মশকা বকাঃ শুকাঃ
কলবিঙ্কাশ্চ বৃকাঃ সজম্বুকাঃ।
তুরগোরগবানরা নরা
গিরিজে কাশিমৃতাঃ পরামৃতম্॥ ৯৫।
অরুদ্ররুদ্রাক্ষফণীন্দ্রভূষণা-
স্ত্রিপুণ্ড্রচন্দ্রার্দ্ধধরা ধরাং গতাঃ।
নিরন্তরং কাশিনিবাসিনো জনা-
গিরীন্দ্রজে পারিষদা মতা মম॥ ৯৬।
যাবন্তএব নিবসন্তি চ জন্তবোঽত্র-
কাশ্যাং জলস্থলচরা ঝষজম্বুকাদ্যাঃ।
তাবন্তএব মদনুগ্রহরুদ্রদেহা-
দেহাবসানমধিগম্য ময়ি প্রবিষ্টাঃ॥ ৯৭।

ভক্ষ্য ও জিতেন্দ্রিয় হয় তবে কাশী বাসী জনই বিশেষিত হয়॥ ৯৩॥ এই কাশীক্ষেত্রে যাহারা প্রাণত্যাগ করে তাহাদিগের মধ্যে দুষ্কৃত কারী ও পুণ্যাত্মা ব্যক্তির কিছুই বিশেষ গতি হয় না, যেহেতু ঊষরক্ষেত্রে বীজের ন্যায় এই স্থানে কর্ম্মবীজ সকল বিশ্বেশ্বরের দৃক্‌পাতে দগ্ধ হইয়া আর অঙ্কুরিত হয় না॥ ৯৪॥

হে গিরিজে! শশক, মশক, বক, শুক, চটক, বৃক, জম্বুক, তুরঙ্গ, ভুজঙ্গ, বানর, নর; ইহারা কাশীতে নিধন প্রাপ্ত হইলেই পরম নির্ব্বাণধন প্রাপ্ত হইবেক॥ ৯৫॥ যাহারা অনুগ্রস্বভাব, রুদ্রাক্ষরূপ ফণিমালায় বিভূষিত ও ত্রিপুণ্ড্ররূপ অর্দ্ধচন্দ্রধারী হইয়া নিরন্তর কাশীক্ষেত্রে বাস করে, তাহারা

যেতুবর্ষেষবোরুদ্রা দিবি দেবি প্রকীর্ত্তিতাঃ।
বাতেষবোঽন্তরিক্ষে যে যে ভুব্যন্নেষবঃ প্রিয়ে ॥ ৯৮ ।
রুদ্রা দশদশ প্রাচ্য-বাচীপ্রত্যগুদক্‌স্থিতাঃ।
ঊর্দ্ধ দিক্‌স্থাশ্চ যে রুদ্রা পঠ্যন্তে বেদবাদিভিঃ ॥ ৯৯ ।
অসংখ্যাতাঃ সহস্রাণি যে রুদ্রা অধিভূতলে।
তৎসর্ব্বেভ্যোঽধিকাঃ কাশ্যাং জন্তবো রুদ্ররূপিণঃ ॥১০০।
রুদ্রাবাসস্ততঃ প্রোক্তমবিমুক্তং ঘটোদ্ভব।
তস্মাৎ সমর্চ্চ্য কাশিস্থান্ বর্ণান্ বর্ণেতরাশ্রমান্।
শ্রদ্ধয়েশ্বরবুদ্ধ্যা চ রুদ্রার্চ্চাফলভাঙ্‌নরঃ ॥ ১০১ ।
শ্মশব্দেন শবঃ প্রোক্তঃ শানং শয়নমুচ্যতে।
নির্ব্বচন্তি শ্মশানার্থং মুনে শব্দার্থকোবিদাঃ ॥ ১০২ ।

ভুমিতলগত আমার পারিষদ ॥ ৯৬ ॥ এইক্ষেত্রে মীন জম্বুকাদি যাবৎ সংখ্যক জলচর ও স্থলচর জন্তু বাস করে সকলেই দেহাবসান হইলে আমার অনুগ্রহে রুদ্রদেহ হইয়া আমাতে প্রবিষ্ট হয় ॥ ৯৭ ॥ হে দেবি! যে সকল রুদ্র স্বর্গে বর্ষেষু নামে প্রকীর্ত্তিত, যে সকল রুদ্র অন্তরীক্ষে বাতেষু নামে ও পৃথিবীতে অন্নেষু নামে প্রসিদ্ধ, পূর্ব্ব, দক্ষিণ, পশ্চিম, উত্তর এবং ঊর্দ্ধ ও অধঃ এই সকল দিকে যে সকল রুদ্র অবস্থিত আছেন বলিয়া বেদবেত্তারা কহিয়া থাকেন ও ভুতল অধিকার করিয়া যে অসংখ্য সহস্র রুদ্র বাস করেন, সেই সকল হইতেও অধিক সংখ্যক রুদ্ররূপী জন্তুগণ কাশীক্ষেত্রে অবস্থিত আছেন ॥ ৯৮ ॥ ৯৯ ॥ ১০০ ॥ হে কুম্ভযোনে! সেই কারণেই এই স্থান রুদ্রাবাস নামে অভিহিত এবং তন্নিমিত্তই কাশীস্থ ব্রাহ্মণাদিবর্ণ ও তদিতর আশ্রমীদিগকে ঈশ্বর বুদ্ধিতে অর্চ্চনা করিলে মনুষ্য রুদ্রার্চ্চনার ফল লাভ করে ॥ ১০১ ॥ শ্মশব্দে শব ও শান শব্দে শয়ন বুঝায়। হে মুনে! শব্দার্থজ্ঞ পণ্ডিতেরা শ্মশান শব্দের

মহান্ত্যপি চ ভূতানি প্রলয়ে সমুপস্থিতে।
শেরতেঽত্র শবা ভূত্বা শ্মশানন্তু ততো মহৎ ॥ ১০৩।

অপ্সু ভূরিহ লয়ে লয়ং ব্রজে-
দাপঔর্ব্ববদনোগ্রকন্দরে।
মাতরিশ্বনি মহাতনূনপাদ্-
ব্যোম্নি সংক্ষয়তি বৈ সদাগতিঃ ॥ ১০৪।
ব্যোম চাপি লয়মেত্যহঙ্কৃতৌ
সাপি ষোড়শবিকারসংযুতা।
লীয়তে মহতি বুদ্ধিসংজ্ঞকে
হা মহান্ প্রকৃতিমধ্যগোভবেৎ ॥ ১০৫।
সা গুণত্রয়ময়ী চ নির্গুণং
তং পুমাং সমবগুহ্য তিষ্ঠতি।
পঞ্চবিংশতিতমঃ পরঃ পুমান্
দেহগেহপতিরেষ জীবকঃ ॥ ১০৬।

এইরূপ অর্থ করিয়া থাকেন ॥ ১০২ ॥ প্রলয় উপস্থিত হইলে মহাভুত সকলও এই স্থানে শব হইয়া শয়ন করে, অর্থাৎ বিলীন হয়, সেই হেতু ইহা মহাশ্মশান ॥ ১০৩ ॥ প্রলয় কালে পৃথিবী জলরাশিতে, জলরাশি ঔর্ব্ব অনলের উগ্র মুখবিবরে, মহানল পবনে, পবন আকাশে, আকাশ অহঙ্কারে এবং সেই ষোড়শ বিকার যুক্ত অহঙ্কার বুদ্ধিসংজ্ঞক মহত্তত্ত্বে, ও মহত্তত্ত্ব প্রকৃতি মধ্যে লয় প্রাপ্ত হয় ॥ ১০৪ ॥ ১০৫ ॥ সেই ত্রিগুণাত্মিকা প্রকৃতি নির্গুণ পুরুষকে অবগূহন করিয়া থাকেন এবং সেই পঞ্চবিংশতির পূরণ পরমপুরুষ দেহরূপ গেহের অধিপতি ও দেহেন্দ্রিয়াদির জীবক ॥ ১০৬ ॥ এই প্রলয়ের নাম প্রাকৃত

প্রাকৃতঃ প্রলয়এষ উচ্যতে
হংসযানহরিরুদ্রবর্জ্জিতঃ।
কালমূর্ত্তিরথ তঞ্চ পূরুষং
হেলয়া কলয়তীশ্বরঃ পরঃ॥ ১০৭।
স বৈ মহাবিষ্ণুরিতীর্য্যতে বুধৈ-
স্তং বৈ মহাদেবমুদাহরন্তি।
সোন্তাদিমধ্যৈঃ পরিবর্জ্জিতঃ শিবঃ
স শ্রীপতিঃ সোপি হি পার্ব্বতীপতিঃ॥ ১০৮।
দৈনন্দিনেথ প্রলয়ে ত্রিশূল
কোটৌসমুৎক্ষিপ্য পুরীং হরঃ স্বাম্।
বিভর্ত্তি সম্বর্ত্তমহাস্থিভূষণ
স্ততোহি কাশী কলিকালবর্জ্জিতা॥ ১০৯।

স্কন্দ উবাচ।

বারাণসীতি কাশীতি রুদ্রাবাসইতি দ্বিজ।
মহাশ্মশানমিত্যেবং প্রোক্তমানন্দকাননম্॥ ১১০।

প্রলয় ইহা ব্রহ্মা বিষ্ণু ও রুদ্র বর্জ্জিত। কাল মূর্ত্তি পরব্রহ্ম সেই পুরুষ-কেও অবলীলাক্রমে সংহার করিয়া থাকেন॥ ১০৭॥ পণ্ডিত গণ তাঁহাকেই মহাবিষ্ণু কহেন, তিনিই মহাদেব বলিয়া উদাহৃত হন; তিনিই আদ্যন্ত মধ্য বিবর্জ্জিত শিব, তিনিই শ্রীপতি এবং তিনিই পার্ব্বতীপতি॥ ১০৮॥ প্রলয় কালীন মহাস্থিবিভুষণ মহেশ্বর দৈনন্দিন প্রলয়কালে ত্রিশূলাগ্র ভাগে স্বকীয় পুরী উৎক্ষিপ্ত করিয়া ধারণ করেন, এনিমিত্ত কাশী কলি-কাল বর্জ্জিত॥ ১০৯॥ স্কন্দ কহিলেন, হে দ্বিজবর! এই আনন্দকানন বারাণসী, কাশী, রুদ্রাবাস এবং মহাশ্মশান এই কয়নামে উক্ত হইয়াছে

ইতিদেবীপুরঃ প্রোক্তং দেবদেবেন শম্ভুনা ।
যথা বিষ্ণোঃ পুরাখ্যাতং তথৈব চ ময়া শ্রুতম্ ।
তচ্চ ত্বদগ্রে কথিতং রহস্যং কাশিজং মহৎ ॥ ১১১ ।
জপ্ত্বাধ্যায়মিমং পুণ্যং মহাপাতকনাশনম্ ।
শ্রাবয়িত্বা দ্বিজান্ সম্যক্ শিবলোকে মহীয়তে ॥ ১১২ ।
অতঃ পরং কলশজ কিং শুশ্রূষসি তদ্বদ ।
কাশীকথা কথ্যমানা মমাপি পরিতোষকৃৎ ॥ ১১৩ ।

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে বারাণসী-
মহিমানামত্রিংশত্তমোঽধ্যায়ঃ ।

॥ ১১০ ॥ দেবদেব শম্ভু পূর্ব্বে বিষ্ণুর সমীপে যেরূপ বলিয়াছিলেন দেবীর সমীপেও ইহা সেইরূপ কীর্ত্তন করেন এবং তৎকালে আমি মাতৃক্রোড়ে উপবিষ্ট হইয়া উক্ত কাশীরহস্য যাহা শুনিয়াছিলাম, তোমার অগ্রে তাহা সবিস্তর কহিলাম ॥ ১১১ ॥ এই মহাপাতকনাশন পবিত্র অধ্যায় স্বয়ং পাঠ বা দ্বিজগণকে সম্যক্ শ্রবণ করাইলে শিবলোকে বাস হয় ॥ ১১২ ॥ হে কুম্ভযোনে ! অতঃপর কি শুনিতে ইচ্ছা কর, বল ; কাশী কথা কীর্ত্তন করিলেও আমার মহা পরিতোষ জন্মে ॥ ১১৩ ॥

ইতি শ্রীস্কন্দপুরাণান্তর্গত কাশীখণ্ডে বারাণসী
মহিমা নামক ত্রিংশ অধ্যায় ।

একত্রিংশোঽধ্যায়ঃ।

শ্রীঅগস্ত্য উবাচ।

সর্ব্বজ্ঞহৃদয়ানন্দ স্কন্দ স্কন্দিততারকঃ।
ন তৃপ্তিমধিগচ্ছামি শৃণ্বন্ বারাণসীকথাম্ ॥ ১।
অনুগ্রহো যদি ময়ি যোগ্যোঽস্মি শ্রবণে যদি।
তদা কথয় মে নাথ কাশ্যাং ভৈরবসংকথাম্ ॥ ২।
কোঽসৌ ভৈরবনামাত্র কাশিপুর্য্যাং ব্যবস্থিতঃ।
কিংরূপমস্য কিংকর্ম্ম কানি নামানি চাস্য বৈ ॥ ৩।
কথমারাধিতশ্চৈব সিদ্ধিদঃ সাধকস্য বৈ।
আরাধিতঃ কুত্র কালে ক্ষিপ্রং সিধ্যতি ভৈরবঃ ॥ ৪।

শ্রীস্কন্দ উবাচ।

বারাণস্যাং মহাভাগ যথা তে প্রেম বর্ত্ততে।
তথা ন কস্যচিন্মন্যে ততো বক্ষ্যাম্যশেষতঃ ॥ ৫।

একত্রিংশ অধ্যায়।

অগস্ত্য কহিলেন, হেসর্ব্বজ্ঞ-হৃদয়ানন্দন! তারকারে স্কন্দ! আমি বারাণসী কথা শ্রবণ করিয়া পরিতৃপ্ত হই নাই ॥ ১ ॥ হে নাথ! যদি আমাতে আপনার বিশেষ অনুগ্রহ থাকে, যদি আমি শ্রবণের যোগ্য হই, তবে অনুগ্রহ করিয়া আমার নিকট কাশীস্থিত ভৈরব বৃত্তান্ত কীর্ত্তন করুন ॥ ২॥ কাশীপুরীতে ভৈরব নামক যিনি অবস্থিতি করিতেছেন, তিনি কে? তাঁহার কিরূপ? কি কার্য্য? এবং তাঁহার অন্যান্য নামই বা আর কি আছে?॥ ৩॥ সেই ভৈরব কি প্রকারে আরাধিত হইলে সাধকগণের সিদ্ধিদান করেন এবং কোন সময় তাঁহাকে আরাধনা করিলে, তিনি প্রসন্ন হন ॥ ৪ ॥

স্কন্দ কহিলেন, হে মহাভাগ! বারাণসীতে তোমার যেরূপ প্রীতি

প্রাদুর্ভাবং ভৈরবস্য মহাপাতকনাশনম্ ।
যচ্ছ্রুত্বা কাশিবাসস্য ফলং নির্ব্বিঘ্নমাপ্নুয়াৎ ॥ ৬ ।
পাণিভ্যাং পরিতঃ প্রপীড্য সুদৃঢ়ং নিশ্চোত্য নিশ্চোত্য চ
ব্রহ্মাণ্ডং সকলং পচেলিমরসালোচ্চৈঃ ফলাভং মুহুঃ ।
পায়ং পায়মপায়তস্ত্রিজগতীমুন্মত্তবত্তেরসৈ
র্নৃত্যংস্তাণ্ডবডম্বরেণ বিধিনা পায়ান্মহাভৈরবঃ ॥ ৭ ।
কুম্ভযোনে ন বেত্ত্যেব মহিমানং মহেশিতুঃ ।
চতুর্ভুজোপি বৈকুণ্ঠশ্চতুর্বক্ত্রোপি বিশ্বকৃৎ ॥ ৮ ।
নচিত্রমত্র ভূদেব ভবমায়া দুরত্যয়া ।
তয়া সম্মোহিতাঃ সর্ব্বে নাবযন্ত্যপি তৎ পরম্ ॥ ৯ ।
বেদয়েদ্যদি চাত্মানং সএব পরমেশ্বরঃ ।
তদা বিন্দতি ব্রহ্মাদ্যাঃ স্বেচ্ছয়ৈব নতং বিদুঃ ॥ ১০ ।

দেখিতেছি, বোধ করি এরূপ প্রীতি আর কাহারও নাই, অতএব তোমার নিকট এই সকল কথা বিস্তাররূপে কীর্ত্তন করিতেছি ॥ ৫ ॥ মহাপাতক নাশন ভৈরবের প্রাদুর্ভাব শ্রবণ করিলে কাশীবাস ফল নির্ব্বিঘ্নে প্রাপ্ত হওয়া যায় ॥ ৬ ॥ যিনি পরিপক্ব রসাল ফলের ন্যায় এই বিশাল ব্রহ্মাণ্ড পাণিদ্বারা পুনঃ পুনঃ দৃঢ়তর রূপে প্রপীড়ন পূর্ব্বক তাহার রস বারম্বার চোষণ ও বারম্বার পান করিতেছেন এবং যিনি সেই রসপানে উন্মত্ত হইয়া মহানন্দে নৃত্য করিতেছেন, সেই মহা ভৈরব এই জগৎকে অশেষ অমঙ্গল হইতে রক্ষা করুন ॥ ৭ ॥ হে কুম্ভযোনে! বৈকুণ্ঠবাসী বিষ্ণু ও বিশ্বস্রষ্টা ব্রহ্মা সেই মহেশ্বরের মহিমা সবিশেষ অবগত নহেন ॥ ৮ ॥ হে ভূদেব! ইহাতে আশ্চর্য্যই বা কি, দেখ, এই সংসার-মায়া অতি দুরত্যয়। সুতরাং সকলেই তাহাতে সম্মোহিত হইয়া, সেই মহাদেবকে পরম বলিয়া কেহই অবগত হইতে পারেন না ॥ ৯ ॥ সেই পরমেশ্বর যদি কৃপা করিয়া আত্মাকে জানাইয়া দেন, তবে ব্রহ্মাদি দেবগণ তাঁহাকে

স সর্ব্বগোপি নেক্ষেত স্বাত্মারামো মহেশ্বরঃ।
দেববন্ধু ধ্যাতে মূঢৈরতীতো যো মনোগিরাম্ ॥ ১১।
পুরা পিতামহং বিপ্র মেরুশৃঙ্গে মহর্ষয়ঃ।
প্রোচুঃ প্রণম্য লোকেশং কিমেকং তত্ত্বমব্যয়ম্ ॥ ১২।
স মায়য়া মহেশস্য মোহিতো লোকসম্ভবঃ।
অবিজ্ঞায় পরং ভাবমাত্মানং প্রাহ বর্ষিণম্ ॥ ১৩।
জগদ্যোনিরহং ধাতা স্বয়ম্ভূরেকঈশ্বরঃ।
অনাদিমদহং ব্রহ্মা মামনর্চ্চ্য ন মুচ্যতে ॥ ১৪।
প্রবর্ত্তকো হি জগতামহমেকো নিবর্ত্তকঃ।
নান্যোমদধিকঃ সত্যং কশ্চিৎ কাপি সুরোত্তমঃ ॥ ১৫।
তস্যৈবং ব্রুবতো ধাতুঃ ক্রতুর্নারায়ণাংশজঃ।
প্রোবাচ প্রহসন্ বাক্যং রোষতাম্রবিলোচনঃ ॥ ১৬।

জানিতে পারেন, নতুবা আত্ম ইচ্ছায় তাঁহাকে কেহই জানিতে পারে না ॥ ১০ ॥ সেই আত্মারাম মহেশ্বর সর্ব্বব্যাপী হইয়াও কেহই তাঁহাকে দর্শন করিতে সমর্থ নহে। অজ্ঞান ব্যক্তিরাই বাক্য মনের অগোচর সেই পরম পুরুষকে সাধারণ দেবতা বলিয়া বিবেচনা করে ॥ ১১ ॥ পুরাকালে মহর্ষিরা সুমেরুর শৃঙ্গে লোকেশ্বর ব্রহ্মাকে প্রণাম করিয়া জিজ্ঞাসা করিয়াছিলেন যে, হে ব্রহ্মন্! সেই অব্যয় অদ্বিতীয় তত্ত্ববস্তু কি প্রকার? ॥ ১২ ॥ লোকনাথ ব্রহ্মা মহেশ্বরের মায়ায় বিমোহিত হইয়া পরম ভাব কিছুই বুঝিতে না পারিয়া আপনাকেই শ্রেষ্ঠ করিয়া কীর্ত্তন করিলেন ॥ ১৩ ॥ বলিলেন, আমিই জগতের কারণ, আমিই জগতের পালয়িতা, আমিই স্বয়ম্ভু আমিই ঈশ্বর, আমার আর দ্বিতীয় নাই, আমি অনাদি ব্রহ্ম, জীব সকল আমাকে আরাধনা না করিলে কথনই মুক্তিলাভ করিতে পারে না ॥ ১৪ ॥ হে দেবগণ! আমিই জগতের প্রবর্ত্তক, আমিই জগতের নিবর্ত্তক, আমাঅপেক্ষা শ্রেষ্ঠ আর কোন স্থানে কেহই নাই

অবিজ্ঞায় পরং তত্ত্বং কিমেতৎ প্রতিপাদ্যতে ।
অজ্ঞানং যোগযুক্তস্য নচৈতদ্ভুচিতং তব ॥ ১৭ ।
অহং কর্ত্তা হি লোকানাং যজ্ঞো নারায়ণঃ পরঃ ।
ন মামনাদৃত্য বিধে জীবনং জগতামজ ॥ ১৮ ।
অহমেব পরং জ্যোতিরহমেব পরা গতিঃ।
মৎপ্রেরিতেন ভবতা সৃষ্টিরেষা বিধীয়তে ॥ ১৯ ।
এবং বিপ্রকৃতৌ মোহাৎ পরস্পরজয়ৈষিণৌ ।
পপ্রচ্ছতুঃ প্রমাণজ্ঞানাগমাংশ্চতুরোপি তৌ ॥ ২০ ।

বিধিক্রতূ ঊচতুঃ ।

বেদাঃ প্রমাণং সর্ব্বত্র প্রতিষ্ঠাং পরমামিতাঃ
যূয়মেব ন সন্দেহঃ কিং তত্ত্বং প্রতিতিষ্ঠত ॥ ২১ ।

শ্রুতয়ঊচুঃ ।

যদি মান্যা বয়ং দেবৌ সৃষ্টিস্থিতিকরৌ বিভূ ।
তদা প্রমাণং বক্ষ্যামো ভবৎসন্দেহভেদকম্ ॥ ২২ ।

নিশ্চয় জানিবে ॥ ১৫ ॥ নারায়ণাংশ যজ্ঞরূপী বিষ্ণু ক্রোধে আরক্ত নয়ন হইয়া হাসিতে হাসিতে কহিলেন ॥ ১৬ ॥ তুমি পরমতত্ত্ব না জানিয়া ইহা কি প্রতিপাদন করিলে ? তুমি যোগী অজ্ঞানের তুল্য এরূপ বাক্য প্রয়োগ করা তোমার উচিত হয় নাই ॥ ১৭ ॥ হে বিধে ! হে অজ ! যজ্ঞরূপী পরম পুরুষ নারায়ণ আমিই জগতের কর্ত্তা, আমাকে অনাদর করিলে কখনই জগতের কুশল হইবে না ॥ ১৮ ॥ আমিই পরম জ্যোতি, আমিই পরমা গতি, তুমি আমা কর্ত্তৃক প্রেরিত হইয়াই জগতের সৃষ্টি কার্য্য সম্পাদন করিতেছ ॥ ১৯ ॥ এইরূপ বিরুদ্ধ বাদী ও মোহ বশতঃ পরস্পর জয়েচ্ছু হইয়া ব্রহ্মা এবং বিষ্ণু, প্রমাণজ্ঞ মূর্ত্তিমন্ত চারিবেদকে জিজ্ঞাসা করিলেন ॥ ২০ ॥ উভয়ে কহিলেন হে বেদগণ ! তোমরা নিঃসন্দেহরূপে সর্ব্বত্রই প্রমাণ বলিয়া প্রতিষ্ঠিত আছ, এক্ষণে জিজ্ঞাসা করি, কাহাকে ব্রহ্ম স্থির করিয়াছ ? ॥ ২১ ॥

শ্রুত্যুক্তমিদমাকর্ণ্য প্রোচতুস্তৌ শ্রুতীঃ প্রতি।
* যুষ্মদুক্তং প্রমাণং নৌ কিং তত্ত্বং সম্যগুচ্যতাম্ ॥ ২৩।

ঋগুবাচ।

যদন্তঃস্থানি ভূতানি যতঃ সর্ব্বং প্রবর্ত্ততে।
যদাহুস্তৎপরং তত্ত্বং স রুদ্রস্ত্বেকএব হি ॥ ২৪।

যজুরুবাচ।

যোযজ্ঞৈরখিলৈরীশো যোগেন চ সমিজ্যতে।
যেন প্রমাণংহি বয়ং স একঃ সর্ব্বদৃক শিবঃ ॥ ২৫।

সামোবাচ।

যেনেদং ভ্রাম্যতে বিশ্বং যোগিভির্যোবিচিন্ত্যতে।
যদ্ভাসা ভাসতে বিশ্বং সএকস্ত্র্যম্বকঃ পরঃ ॥ ২৬।

বেদগণ কহিলেন, হে সৃষ্টিস্থিতিকর দেবদ্বয়! যদি আমরা প্রমাণ বলিয়া মাননীয় হই, তবে আপনাদের সন্দেহ নিবারক প্রমাণ কীর্ত্তন করিব ॥ ২২ ॥ ব্রহ্মা ও বিষ্ণু বেদোক্ত এই কথা শ্রবণ করিয়া তাঁহাদিগকে কহিলেন, তোমরা যাহা কহিবে, তাহাই প্রমাণ, অতএব ব্রহ্ম বস্তু কি তাহা আমাদের নিকট সবিশেষ কীর্ত্তন কর ॥ ২৩ ॥ ঋগ্বেদ কহিলেন, প্রলয়কালে সমস্ত ভূত যাঁহার অন্তস্থিত হয় এবং যাঁহা হইতে সৃষ্টিসময়ে পুনর্ব্বার প্রকটিত হয়, সকলে যাঁহাকে পরম তত্ত্ব বলিয়া কীর্ত্তন করেন তিনিই একমাত্র রুদ্র জানিবেন ॥ ২৪ ॥ যজুর্ব্বেদ কহিলেন, যিনি অখিল যজ্ঞ ও যোগদ্বারা আরাধিত হইতেছেন এবং যাঁহার দ্বারা আমরা প্রমাণ বলিয়া পরিগণিত হইতেছি, সেই সর্ব্বদর্শী অদ্বিতীয় শিবই পরমতত্ত্ব জানিবেন ॥ ২৫ ॥ সামবেদ কহিলেন, যাঁহা কর্ত্তৃক এই বিশ্ব ভ্রাম্য-

* যুক্তযুক্তমিতি কচিৎ।

অথর্ব্বোবাচ।

যং প্রপশ্যন্তি দেবেশং ভক্ত্যানুগ্রহিণো জনাঃ।
তমাহুরেকং কৈবল্যং শঙ্করং * দুঃখতস্করম্‌॥ ২৭।
শ্রুতীরিতং নিশম্যেত্থং তাবতীষ বিমোহিতৌ।
স্মিত্বাহতুঃ ক্রতুবিধী মোহান্ধ্যেনাঙ্কিতৌ মুনে॥ ২৮।
কথং প্রমথনাথোঽসৌ রমমাণো নিরন্তরম্‌।
দিগম্বরঃ পিতৃবনে শিবয়া ধূলিধূষরঃ॥ ২৯।
বিটঙ্কবেশো জটিলো বৃষগো ব্যালভূষণঃ।
পরং ব্রহ্মত্বমাপন্নঃ ক্ব চ তৎসঙ্গবর্জ্জিতম্‌॥ ৩০।
তদুদীরিতমাকর্ণ্য প্রণবাত্মা সনাতনঃ।
অমূর্ত্তো মূর্ত্তিমান্‌ ভূত্বা হসমান উবাচ তৌ॥ ৩১।

মাণ হইতেছে, যোগিগণ যাঁহাকে নিরত চিন্তা করিতেছেন, এই বিশাল জগৎ যাঁহার প্রভাবে প্রভান্বিত হইতেছে, সেই অদ্বিতীয় ত্রিলোচনই পরমতত্ত্ব॥ ২৬॥ অথর্ব্ববেদ কহিলেন, অনুগৃহীত ভক্তজনেরা ভক্তি দ্বারা যে দেবদেবকে নিরন্তর দর্শন করিতেছেন এবং লোকে যাঁহাকে সর্ব্বদুঃখ নাশন, কৈবল্যরূপী শঙ্কর বলিয়া কীর্ত্তন করিতেছে, তিনিই পরমতত্ত্ব জানিবেন॥ ২৭॥ হে মুনে! তখন ব্রহ্মা ও যজ্ঞরূপী বিষ্ণু বেদোক্ত এই কথা শ্রবণ করিয়া ঈষৎ হাস্য পূর্ব্বক মোহজালে আবৃত হইয়া কহিলেন, কিজন্য এই প্রমথনাথ নিরন্তর শ্মশানে দিগম্বর ও ধূলি ধূষর হইয়া উমার সহিত বিহার করেন? কি জন্যইবা বৃষারূঢ়, জটাধারী, সর্প-ভূষণ এই সকল কুৎসিত বেশ ধারণ করিয়া সঙ্গ বর্জ্জিত পরম ব্রহ্মত্ব লাভ করিলেন?॥ ২৮॥ ২৯॥ ৩০॥ তাঁহাদিগের এই কথা শ্রবণানন্তর অমূর্ত্ত সনাতন প্রণব মূর্ত্তিমান হইয়া ঈষৎ হাস্য পূর্ব্বক কহিলেন

* দুঃখতারকমিতি বা।

প্রণবউবাচ।

নহ্যেষ ভগবান্ শক্ত্যা স্বাত্মনো ব্যতিরিক্তয়া।
কদাচিদ্রমতে রুদ্রো লীলারূপধরো হরঃ॥ ৩২।
অসৌ হি ভগবানীশঃ স্বয়ং জ্যোতিঃ সনাতনঃ।
আনন্দরূপা তস্যৈষা শক্তির্নাগন্তুকী শিবা॥ ৩৩।
ইত্যেবমুক্তেপি তদা মখমূর্ত্তেরজস্য হি।
নাজ্ঞানমগমন্নাশং শ্রীকণ্ঠস্যৈব মায়য়া ৩৪।
প্রাদুরাসীত্ততোজ্যোতিরুভয়োরন্তরে মহৎ।
পূরয়ন্নিজয়া ভাসা দ্যাবাভূম্যোর্যদন্তরম্॥ ৩৫।
জ্যোতির্ম্মণ্ডলমধ্যস্থো দদৃশে পুরুষাকৃতিঃ।
প্রজজ্বালাথ কোপেন ব্রহ্মণঃ পঞ্চমং শিরঃ॥ ৩৬।
আবয়োরন্তরে কোঽসৌ বিভৃয়াৎ পুরুষাকৃতিম্।
বিধিঃ সম্ভাবয়েদ্যাবত্তাবৎ সহি বিলোকিতঃ॥ ৩৭।

যে এই লীলারূপ ধারী ভগবান রুদ্র আপনার অভিন্ন শক্তি সেই ভগবতী ব্যতীত কখনই একাকী বিহার করেন না॥ ৩১॥ ৩২॥ এই ভগবান্ রুদ্র সনাতন এবং স্বয়ং জ্যোতিঃ স্বরূপ। তদীয় আনন্দরূপা পরমা শক্তি ভগবতী আগন্তুকী নহেন, অর্থাৎ তিনি নিত্য বস্তু জানিবেন॥ ৩৩। প্রণব এই রূপ কহিলেও মহাদেবের মায়াহেতু বিষ্ণু ও ব্রহ্মার অজ্ঞান দূরীভূত হইল না॥ ৩৪॥ অনন্তর উভয়ের অন্তরে অতি মহৎ জ্যোতিঃ প্রাদুর্ভূত হইল এবং সেই জ্যোতিতে স্বর্গ ও পৃথিবীর যাবতীয় মধ্যভাগ পরিপূর্ণ হইল॥ ৩৫॥ সেই জ্যোতির্মণ্ডল মধ্যে এক অপূর্ব্ব পুরুষাকৃতি দর্শন করিলেন। তাহা দেখিয়া ব্রহ্মার পঞ্চম শির কোপানলে প্রজ্বলিত হইয়া উঠিল॥ ৩৬॥ আমাদিগের উভয়ের মধ্যে পুরুষাকার ধারণ করিল-

স্রষ্টা ক্ষণেন চ মহান্ পুরুষো নীললোহিতঃ ।
ত্রিশূলপাণির্ভালাক্ষো নাগোড়ুপবিভূষণঃ ॥ ৩৮ ।
হিরণ্যগর্ভস্তং প্রাহ জানে ত্বাং চন্দ্রশেখরম্ ।
ভালস্থলান্মম পুরা রুদ্রঃ প্রাদুরভূস্তবান্ ॥ ৩৯ ।
রোদনাদ্রুদ্রনাম্নাপি যোজিতোঽসি ময়া পুরা ।
মামেব শরণং যাহি পুত্র রক্ষাং করোমি তে ॥ ৪০ ।
অথেশ্বরঃ পদ্মযোনেঃ শ্রুত্বা গর্ব্ববতীং গিরম্ ।
স্বকোপতঃ সমুৎপাদ্য পুরুষং ভৈরবাকৃতিম্ ॥ ৪১ ।
প্রাহ পঙ্কজজন্মাসৌ শাস্যস্তে কালভৈরব ।
কালবদ্রাজসে সাক্ষাৎ কালরাজস্ততো ভবান্ ॥ ৪২ ।
বিশ্বং ভর্ত্তুং সমর্থোসি ভরণাদ্ভৈরবঃ স্মৃতঃ ।
ত্বত্তো ভেষ্যতি কালোপি ততস্ত্বং কালভৈরবঃ ॥ ৪৩ ।

এ ব্যক্তি কে ? ব্রহ্মা মনে মনে এইরূপ বিতর্ক করিতেছেন, ইতিমধ্যে নীল লোহিত, ত্রিশূলপাণি ভালনেত্র, শেষ ও শশাঙ্কভূষণ এক মহাপুরুষ দর্শন করিলেন ॥ ৩৭ ॥ ৩৮ ॥ তখন হিরণ্যগর্ভ তাঁহাকে কহিলেন, তুমি চন্দ্রশেখর তোমাকে আমি বিশেষরূপ অবগত আছি । পুরাকালে তুমি আমার ললাটদেশ হইতে রুদ্ররূপে প্রাদুর্ভূত হইয়াছিলে ॥ ৩৯ ॥ জন্ম গ্রহণ মাত্রেই তুমি রোদন করিতে লাগিলে একারণ আমি তোমার নাম রুদ্র রাখিয়াছিলাম, অতএব হে পুত্র ! এক্ষণে তুমি আমার শরণাগত হও, তাহা হইলে তোমাকে রক্ষা করিব ॥ ৪০ ॥ অনন্তর সেই মহাপুরুষ পদ্ম-যোনির এবম্বিধ গর্ব্বিত বাক্য শ্রবণ করিয়া ক্রুদ্ধ হওত ভৈরবাকার এক পুরুষ উৎপাদন করিলেন এবং তাঁহাকে কহিলেন, হে কালভৈরব ! এই পদ্মযোনি ব্রহ্মা তোমার শাস্য হইবে, তুমি সাক্ষাৎ কালের ন্যায় প্রকাশ পাইবে, এই নিমিত্ত তোমার কালরাজ নাম হইবে ॥ ৪১ ॥ ৪২ ॥ তুমি বিশ্বকে ভরণ করিতে সমর্থ হইবে, এই নিমিত্ত তোমার নাম ভৈরব,

আমর্দ্দয়িষ্যতি ভবান্ রুষ্টো দুষ্টাত্মনো যতঃ।
আমর্দ্দক ইতিখ্যাতিং ততঃ সর্ব্বত্র যাস্যতি ॥ ৪৪।
যতঃ পাপানি ভক্তানাং ভক্ষয়িষ্যতি তৎক্ষণাৎ।
পাপভক্ষণ ইত্যেব তব নাম ভবিষ্যতি ॥ ৪৫।
যা মে মুক্তিপুরী কাশী সর্ব্বাভ্যোপি গরীয়সী।
আধিপত্যঞ্চ * তস্যান্তে কালরাজ সদৈব হি ॥ ৪৬।
তত্র যে পাপকর্ত্তারস্তেষাং শাস্তা ত্বমেব হি।
শুভাশুভং ন তৎকর্ম্ম চিত্রগুপ্তো লিখিষ্যতি ॥ ৪৭।
এতান্ বরান্ প্রগৃহ্যাথ তৎক্ষণাৎ কালভৈরবঃ।
বামাঙ্গুলিনখাগ্রেণ চকর্ত্ত চ শিরো বিধেঃ ॥ ৪৮।
যদঙ্গমপরাধ্নোতি কার্য্যং তস্যৈব শাসনম্।
অতো যেন কৃতা নিন্দা তচ্ছিন্নং পঞ্চমং শিরঃ ॥ ৪৯।

এবং তোমা হইতে কালও ভয় পাইবে, একারণ তোমার নাম কালভৈরব হইবে ॥ ৪৩ ॥ তুমি রুষ্ট হইয়া দুরাত্মাদিগকে আমর্দ্দন, অর্থাৎ দমন করিবে, একারণ তোমার আমর্দ্দক নাম হইবে ॥ ৪৪ ॥ তুমি ভক্তদিগের পাপ সকল ভক্ষণ অর্থাৎ নাশ করিবে এই নিমিত্ত তোমার পাপ ভক্ষণ নাম হইবে ॥ ৪৫ ॥ হে কালরাজ! সকল মুক্তি পুরী অপেক্ষা শ্রেষ্ঠ মদীয় মুক্তিপুরী কাশীতে সর্ব্বদাই তোমার আধিপত্য থাকিবে ॥ ৪৬ ॥ কাশী-ধামে যাহারা পাপ করিবে, তাহাদিগকে তুমিই শাসন করিবে, তত্রত্য লোকদিগের শুভাশুভ কার্য্য তুমি ভিন্ন চিত্রগুপ্ত লিখিতে পারিবেন না ॥ ৪৭ ॥ কালভৈরব এই সকল বর গ্রহণ করিয়া তৎক্ষণাৎ বামাঙ্গুলি নখাগ্রদ্বারা ব্রহ্মার পঞ্চম মস্তক ছেদন করিলেন ॥ ৪৮ ॥ কারণ যে অঙ্গ অপরাধ করে, সে অঙ্গের শাসন করাই উচিত, এই নিমিত্ত ব্রহ্মা যাহা

* তস্যাং তে ইতি বা।

যজ্ঞমূর্ত্তিধরো বিষ্ণুস্ততস্তুষ্টাব শঙ্করম্।
ভীতো হিরণ্যগর্ভোপি জজাপ শতরুদ্রিয়ম্॥ ৫০।
আশ্বাস্য তৌ মহাদেবঃ প্রীতঃ প্রণতবৎসলঃ।
প্রাহ স্বাং মূর্ত্তিমপরাং ভৈরবং তং কপর্দ্দিনম্॥ ৫১।
মান্যোঽয়মীশ্বরোঽসৌ ভবতা তথা শতধৃতিস্ত্বয়ম্।
কপালং বৈধসঞ্চাপি নীললোহিত ধারয়॥ ৫২।
ব্রহ্মহত্যাপনোদায় ব্রতং লোকায় দর্শয়ন্।
চর ত্বং সততং ভিক্ষাং কাপালিব্রতমাস্থিতঃ॥ ৫৩।
ইত্যুক্ত্বান্তর্হিতো দেবস্তেজোরূপস্তদাশিবঃ।
উৎপাদ্য কন্যামেকাস্তু ব্রহ্মহত্যেতি বিশ্রুতাম্॥ ৫৪।
রক্তাম্বরধরাং রক্তাং রক্তস্রগ্গন্ধলেপনাম্।
দংষ্ট্রাকরালবদনাং ললজ্জিহ্বাতিভীষণাম্॥ ৫৫।

দ্বারা নিন্দা করিয়াছিলেন, সেই পঞ্চম শির, কালভৈরব ছেদন করিলেন॥ ৪৯॥ যজ্ঞমূর্ত্তিধারী বিষ্ণু, তদ্দর্শনে ভীত হইয়া শঙ্করকে স্তব করিতে লাগিলেন, ব্রহ্মাও শতরুদ্রিয় পাঠ করিতে লাগিলেন॥ ৫০॥ প্রণত-বৎসল মহাদেব প্রীত হইয়া তাঁহাদিগকে আশ্বাস দান পূর্ব্বক স্বকীয় অপরামূর্ত্তি কপর্দ্দী ভৈরবকে কহিলেন হে নীললোহিত! তুমি এক্ষণে বৈধকপাল-ব্রত ধারণ কর এবং অদ্য হইতে এই যজ্ঞমূর্ত্তিধর বিষ্ণু ও ব্রহ্মাকে মান্য কর॥ ৫১॥ ৫২॥ তুমি ব্রহ্মহত্যা পাপ খণ্ডনের নিমিত্ত সকলকে ধৈর্য্যব্রত দেখাইয়া কাপালি-ব্রত অবলম্বন পূর্ব্বক নিয়ত ভিক্ষা কর॥ ৫৩॥ তখন তেজোরূপী সেই মহাদেব এই কথা কহিয়া ব্রহ্মহত্যা-নাম্নী এক কন্যা উৎপাদন করিয়া অন্তর্হিত হইলেন॥ ৫৪॥ রক্তাম্বর-ধরা, রক্তবর্ণা, রক্তমাল্য ও রক্তচন্দনভূষিতা, বিকটদশনা, করালবদনা, লোলজিহ্বা, অতিভীষণা, আকাশমার্গে ঊর্দ্ধীকৃত একপদ, সতত রুধির

অন্তরিক্ষৈকপাদাগ্রাং পিবন্তীং রুধিরং বহু।
কর্ত্রী কর্পরহস্তাগ্রাং স্ফুরৎপিঙ্গোগ্রতারকাম্।
গর্জ্জয়ন্তীং মহাবেগাং ভৈরবস্যাপি ভীষণাম্ ॥ ৫৬।
যাবদ্বারাণসীং দিব্যাং পুরীমেষ গমিষ্যতি।
তাবত্ত্বং ভীষণে কালমনুগচ্ছোগ্ররূপিণি ॥ ৫৭।
সর্ব্বত্র তে প্রবেশোঽস্তি ত্যক্ত্বা বারাণসীং পুরীম্।
নিযোজ্য তামিতিশিবোপ্যন্তর্দ্ধানং গতস্ততঃ ॥ ৫৮।
তৎসান্নিধ্যাদ্ভৈরবোপি কালোঽভূৎ কালকালনঃ।
স দেবদেববাক্যেন বিভ্রৎ কাপালিকং ব্রতং ॥ ৫৯।
কপালপাণির্বিশ্বাত্মা চচার ভুবনত্রয়ম্।
নাত্যাক্ষীচ্চাপি তং দেবং ব্রহ্মহত্যাতিদারুণা ॥ ৬০।
সত্যলোকেপি বৈকুণ্ঠে মহেন্দ্রাদিপুরীষ্যপি।
ত্রিজগৎপতিরুগ্রোপি ব্রতী * ত্রিজগতীশ্বরঃ।
প্রতিতীর্থং ভ্রমন্নাপি বিমুক্তো ব্রহ্মহত্যয়া ॥ ৬১।

অতি ভয়ানক তারকাদ্বয়, অতি বেগবতী, ঘোর-নিনাদিনী, ভৈরব-ভয় দায়িনী, এবম্বিধা ভয়ঙ্করী এক কন্যা সৃষ্টি করিয়া তাহাকে কহিলেন, হে ভীষণে উগ্ররূপিণি! এই মহাকাল, যে কাল পর্য্যন্ত বারাণসী পুরীতে গমন না করেন, সেই কাল পর্য্যন্ত ইহার সঙ্গে সঙ্গে গমন কর, তুমি বারাণসী ভিন্ন সকল স্থানেই গমন করিতে পারিবে। মহাদেব সেই ভীষণা কন্যাকে এই সকল আদেশ করিয়া অন্তর্হিত হইলেন ॥ ৫৫ ॥ ৫৬ ॥ ॥ ৫৭ ॥ ৫৮ ॥ কালভৈরব সেই ভয়ানক কন্যার সন্নিধানে থাকিয়া কালের কাল স্বরূপ হইলেন এবং সেই বিশ্বাত্মা কালভৈরব দেবদেবের বাক্যে কপাল হস্ত ও কাপালিকব্রতাবলম্বন পূর্ব্বক ত্রিভুবনে পরিভ্রমণ করিতে লাগিলেন। তথাপি সেই ব্রহ্মহত্যা তাঁহাকে পরিত্যাগ করিল না ॥ ৫৯ ॥

* ত্রিজগতীচরন্ ইতি বা।

অনেনৈবানুমানেন মহিমাত্ববগম্যতাম্।
ব্রহ্মহত্যাপনোদিন্যাঃ কাশ্যাঃ কলশসম্ভব ॥ ৬২।
সন্তি তীর্থান্যনেকানি বহূন্যায়তনানি চ।
অধিত্রিলোকি নো কাশ্যাঃ কলামর্হন্তি ষোড়শীম্ ॥ ৬৩।
তাবদ্গর্জ্জন্তি পাপানি ব্রহ্মহত্যাদিকান্যলম্।
যাবন্নাম ন শৃণ্বন্তি কাশ্যাঃ পাপাচলাশনেঃ ॥ ৬৪।
প্রমথৈঃ সেব্যমানোয়ং ত্রিলোকীং বিচরন্ হরঃ।
কাপালিকো যযৌ দেবো নারায়ণনিকেতনম্ ॥ ৬৫।
অথায়ান্তং মহাকালং ত্রিনেত্রং সর্পকুণ্ডলম্।
মহাদেবাংশসম্ভূতং ভৈরবং ভীষণাকৃতিম্ ॥ ৬৬।
পপাত দণ্ডবদ্ভূমৌ দৃষ্ট্বা তং গরুড়ধ্বজঃ।
দেবাশ্চ মুনয়শ্চৈব দেবনার্য্যঃ সমন্ততঃ ॥ ৬৭।

॥ ৬০ ॥ ত্রিজগৎপতি, কাপালিকব্রতাবলম্বী সেই কালভৈরব অতি ভয়ানক হইলেও সত্যলোক, বৈকুণ্ঠ, মহেন্দ্রাদিলোক এবং অন্যান্য প্রত্যেক তীর্থ পরিভ্রমণ করিতেছেন, তথাপি ব্রহ্মহত্যা তাঁহাকে পরিত্যাগ করিল না ॥ ৬১ ॥ হে কুম্ভযোনে! তুমি এই অনুমান দ্বারা কাশী মহিমা অবগত হও, দেখ, ব্রহ্মহত্যা সকল স্থানেই গমন করিল কিন্তু কাশীতে প্রবেশ করিতে পারিল না ॥ ৬২ ॥ এই ত্রিলোকীতলে অতি বিস্তৃত অনেকানেক তীর্থ আছে সত্য, কিন্তু তাহারা কাশীর ষোড়শাংশের একাংশও নহে ॥ ৬৩ ॥ ব্রহ্মহত্যাদি পাপ সকল সেই কাল পর্য্যন্ত গর্জ্জন করিয়া থাকে যে কাল পর্য্যন্ত পাপ পর্ব্বতের অশনি স্বরূপ কাশীধামের নাম শ্রবণ না করে ॥ ৬৪ ॥ প্রমথগণ-পরিবৃত সেই কাপালিকব্রতধারী কালভৈরব এইরূপে ত্রিলোক পরিভ্রমণ করিতে করিতে ক্রমে বৈকুণ্ঠধামে গমন করিলেন ॥ ৬৫ ॥ মহাদেবাংশ সম্ভূত, ত্রিনয়ন, সর্পকুণ্ডলী, ভীষণাকার সেই মহাকাল ভৈরবকে বৈকুণ্ঠে সমাগত দেখিয়া ভগবান্ গরুড়-

নিপেতুঃ প্রণিপত্যৈনং প্রণতঃ কমলাপতিঃ।
শিরস্যঞ্জলিমারোপ্য স্তুত্বা বহুবিধৈস্তবৈঃ ॥ ৬৮ ।
ক্ষীরোদমথনোদ্ভূতাং প্রাহ পদ্মালয়াং হরিঃ।
প্রিয়ে পশ্যাব্জনয়নে ধন্যাসি সুভগেঽনঘে।
ধন্যোঽহং দেবিশুশ্রোণি যৎ পশ্যাবো জগৎপতিম্ ॥৬৯।
অয়ং ধাতা বিধাতা চ লোকানাং প্রভুরীশ্বরঃ।
অনাদিঃ শরণঃ শান্তঃ পরঃ ষড়্বিংশসম্মিতঃ ॥ ৭০ ।
সর্ব্বজ্ঞঃ সর্ব্বযোগীশঃ সর্ব্বভূতৈকনায়কঃ।
সর্ব্বভূতান্তরাত্মায়ং সর্ব্বেষাং সর্ব্বদঃ সদা ॥ ৭১ ।
যং বিনিদ্রা বিনিঃশ্বাসাঃ শান্তা ধ্যানপরায়ণাঃ।
ধিয়া পশ্যন্তি হৃদয়ে সোঽয়মদ্য সমীক্ষ্যতাম্ ॥ ৭২ ।
যং বিদুর্ব্বেদতত্ত্বজ্ঞা যোগিনো যতমানসাঃ।
অরূপো রূপবান্ ভূত্বা সোঽয়মায়াতি সর্ব্বগঃ ॥ ৭৩ ।

বাহন, তাঁহাকে দণ্ডবৎ প্রণাম করিলেন। দেবতা, মুনি ও দেবাঙ্গনা সকলও সেই কালভৈরবকে প্রণাম করিলেন, কমলাপতি শ্রীহরি প্রনামানন্তর মস্তকে অঞ্জলিবদ্ধ করিয়া বহুবিধ স্তব করত ক্ষীরোদমথন-সম্ভবা পদ্মালয়াকে সম্বোধন করিয়া কহিলেন, হে অম্বুজনয়নে সুভগে! হে প্রিয়ে! হে সুশ্রোণি! হে দেবি! অদ্য জগৎপতিকে দর্শন করিয়া তুমি ধন্য হইলে, আমিও ধন্য হইলাম ॥ ৬৬ ॥ ৬৭ ॥ ৬৮ ॥ ৬৯ ॥ ইনিই ধাতা, বিধাতা, ত্রিলোকের ঈশ্বর ও প্রভু, ইনিই অনাদি, শরণ্য, শান্ত, পরমাত্মস্বরূপ, সর্ব্বজ্ঞ, সর্ব্বযোগীশ্বর, সর্ব্বভুতের একমাত্র নায়ক, অন্তরাত্মা, সকলের সর্ব্বাভীষ্টপ্রদ ॥ ৭০ ॥ ৭১ ॥ শান্ত ও ধ্যানাবলম্বী যোগিগণ, নিদ্রা ও নিশ্বাস রহিত হইয়া জ্ঞান দ্বারা যাঁহাকে সতত হৃদয়ে দর্শন করিতেছেন, সেই ভগবান্ কালভৈরব, অদ্য আমাদিগের আলয়ে উপস্থিত অতএব দর্শন কর ॥ ৭২ ॥ বেদতত্ত্বজ্ঞ সংযতচিত্ত যোগিগণ যাঁহাকে সতত ধ্যান

অহো বিচিত্রং দেবস্য চেষ্টিতং পরমেষ্ঠিনঃ।
যস্যাখ্যাং ব্রুবতাং নিত্যং ন দেহঃ সোঽপি দেহধৃক্‌॥৭৪।
যং দৃষ্ট্বা ন পুনর্জন্ম লভ্যতে মানবৈর্ভুবি।
সোয়মায়াতি ভগবান্‌ ত্র্যম্বকঃ শশিভূষণঃ॥ ৭৫।
পুণ্ডরীকদলায়া মে ধন্যে মেদ্য বিলোচনে।
যয়োরতিথিতাং নীতো নীলরূপধরো হরঃ॥ ৭৬।
ধিক্‌ ধিক্‌ পদস্তু দেবানাং পরং দৃষ্ট্বাত্র শঙ্করম্‌।
লভ্যতে যন্ন নির্ব্বাণং সর্ব্বদুঃখান্তকৃত্তু যৎ॥ ৭৭।
দেবত্বাদশুভং কিঞ্চিদ্দেবলোকে ন বিদ্যতে।
দৃষ্ট্বাপি সর্ব্বদেবেশং যন্মুক্তিং ন লভামহে॥ ৭৮।
এবমুক্ত্বা হৃষীকেশঃ সংপ্রহৃষ্টতনূরুহঃ।
প্রণিপত্য মহাদেবমিদমাহ বৃষধ্বজম্‌॥ ৭৯।

করেন, সেই সর্ব্বব্যাপী, অরূপ, রূপবান হইয়া আগমন করিয়াছেন॥ ৭৩॥ যাঁহার নাম নিয়ত কীর্ত্তন করিলে জীবের আর দেহ ধারণ করিতে হয়না, অদ্য সেই ঈশ্বর দেহ ধারণ করিয়াছেন অহো! দেবতার কি বিচিত্র ঘটনা, ব্রহ্মারইবা কি আশ্চর্য্য চেষ্টিত॥ ৭৪॥ যাঁহাকে দর্শন করিলে জীবের আর পুনর্জন্ম হয়না, সেই ভগবান, ত্রিলোচন, শশীভূষণ, অদ্য আমার আলয়ে আগমন করিলেন॥ ৭৫॥ নীলরূপধর হরকে দর্শন করায় অদ্য আমার পুণ্ডরীকদলায়ত নয়নদ্বয় ধন্য হইল॥ ৭৬॥ আমি দেবগণের দেবত্বপদকে ধিক্কার দিই, কারণ তাঁহারা পরমেশ্বর শঙ্কর দর্শন করিয়াও সর্ব্বদুঃখান্তকর নির্ব্বান পদলাভে সমর্থ নহেন॥ ৭৭॥ হে দেবি! দেবত্ব অপেক্ষা অধিক অসুখ আর কিছুই নাই, যেহেতু অদ্য আমরা সর্ব্বদেবেশ্বরকে দর্শন করিয়াও মুক্তিলাভে সমর্থ হইলাম না॥ ৭৮॥ পুলকিতাঙ্গ হৃষীকেশ এই সকল কথা বলিয়া বৃষবাহন মহাদেবকে প্রণাম

কিমিদং দেবদেবেন সর্ব্বজ্ঞেন ত্বয়া বিভো।
ক্রিয়তে জগতাং ধাত্রা সর্ব্বপাপহরাব্যয় ॥ ৮০ ।
ক্রীড়েয়ং তব দেবেশ ত্রিলোচন মহামতে।
কিং কারণং বিরূপাক্ষ চেষ্টিতং তে স্মরার্দ্দন ॥ ৮১ ।
কিমর্থং ভগবান্ শম্ভো ভিক্ষাং চরসি শক্তিপ।
সংশয়ো মে জগন্নাথ নতত্রৈলোক্যরাজ্যদ ॥ ৮২ ।
এবমুক্তস্ততঃ শম্ভুর্বিষ্ণুমেতদুদাহরৎ।
ব্রহ্মণস্তু শিরঃ ছিন্নমঙ্গুল্যগ্রনখেন হ।
* তদদ্য প্রতিঘং বিষ্ণো চরাম্যেতদ্ব্রতং শুভম্ ॥ ৮৩ ।
এবমুক্তো মহেশেন পুণ্ডরীকবিলোচনঃ।
স্মিত্বা কিঞ্চিন্নতশিরাঃ পুনরেবং ব্যজিজ্ঞপৎ ॥ ৮৪ ।
যথেচ্ছসি তথা ক্রীড় সর্ব্ববিষ্টপনায়ক।
মায়য়া মাং মহাদেব ন চ্ছাদয়িতুমর্হসি ॥ ৮৫ ।

পূর্ব্বক কহিলেন ॥ ৭৯ ॥ হে বিভো! হে সর্ব্বপাপহর! হে অব্যয়! আপনি দেবদেব, সর্ব্বজ্ঞ ও জগৎপাতা হইয়া এ কি করিতেছেন? ॥ ৮০ ॥ হে মহামতে! দেবেশ! ত্রিলোচন! বিরূপাক্ষ! স্মরহর! আপনার এ কি চেষ্টা কি কারণেইবা এরূপ ভাব অবলম্বন করিলেন? ॥ ৮১ ॥ হে শম্ভো! জগন্নাথ! আপনি ষড়ৈশ্বর্য্যশালী, মায়ার নিয়ন্তা, আপনি ভক্তদিগকে ত্রিলোকের আধিপত্য প্রদান করেন তবে কি নিমিত্ত কুৎসিত ভিক্ষা বৃত্তি অবলম্বন করিলেন ইহাতে আমার অতীব সংশয় হইয়াছে ॥ ৮২ ॥

অনন্তর মহাদেব বিষ্ণুর এই কথা শ্রবণ করিয়া তাঁহাকে কহিলেন, হে বিষ্ণো! আমি অঙ্গুল্যগ্রবর্ত্তী নখ দ্বারা ব্রহ্মার মস্তক ছেদন করিয়াছি। সেই পাপ বিমোচনার্থ এখন আমি এই পবিত্র ব্রত আচরণ করিতেছি ॥ ৮৩ ॥ পুণ্ডরীকলোচন হরি, মহাদেবের এই কথা শুনিয়া অধোবদনে ঈষৎ হাস্য করত পুনর্ব্বার কহিলেন ॥ ৮৪ ॥ হে সকল-ভুবন-স্বামিন্!

* তদঘপ্রতিঘং ইতি বা।

নাভীকমলকোশাত্তু কোটিশঃ কমলাসনান্।
কল্পে কল্পে সৃজামীশ ত্বন্নিয়োগবলাদ্বিভো॥ ৮৬।
ত্যজ মায়ামিমাং দেব দুস্তরামকৃতাত্মভিঃ।
মদাদয়ো মহাদেব মায়য়া তব মোহিতাঃ।
যথাবদবগচ্ছামি চেষ্টিতং তে শিবাপতে॥ ৮৭।
সংহারকালে সংপ্রাপ্তে সদেবানখিলান্মুনীন্।
লোকান্ বর্ণাশ্রমবতো হরিষ্যসি যদা হর॥ ৮৮।
তদা ক্ব হে মহাদেব পাপং ব্রহ্মবধাদিকম্।
পারতন্ত্র্যং ন তে শম্ভো স্বৈরং ক্রীড়েত্ততোভবান্॥৮৯।
অতীতব্রহ্মণামস্থাং স্রক্ কণ্ঠে তব ভাসতে।
তদা তদা ক্ব নু গতা ব্রহ্মহত্যা তবানঘ॥ ৯০।

মহাদেব! আপনার যাহা ইচ্ছা তাহাই করুন, কিন্তু আমাকে মায়াদ্বারা ভুলাইতে পারিবেন না॥ ৮৫॥ হে ঈশ! হে বিভো! আপনার আজ্ঞানুসারে আমি কল্পে কল্পে এইরূপ কোটি কোটি ব্রহ্মা নিজ নাভিকমল হইতে সৃষ্টি করিয়া থাকি॥ ৮৬॥ হে মহাদেব! অস্মদাদি সকলেই আপনার অচিন্তনীয় মহামায়ায় বিমোহিত, অতএব অকৃতাত্মাজনের এই দুরপণেয় মায়া পরিহার করুন। হে শিবাপতে! আপনার যেরূপ চেষ্টিত তাহা আমি বিশেষরূপ অবগত আছি॥ ৮৭॥ হে মহাদেব! হে হর! সংহার কাল উপস্থিত হইলে, যখন আপনি দেবতা মুনি ও নিখিল বর্ণাশ্রমবস্ত লোকদিগকে হরণ করিয়া থাকেন, তখন আপনার ব্রহ্মবধাদি পাপ সকল কোথায় থাকে? অতএব আপনি স্বৈর বিহারী সুতরাং কোন কালেই আপনার পরাধীনতা নাই॥ ৮৮॥ ৮৯॥ হে অনঘ! এক্ষণে অতীত ব্রহ্মের অস্থিমালা তোমার কণ্ঠে শোভা পাইতেছে কিন্তু সংহার কাল উপস্থিত হইলে এই অস্থিমালা ও ব্রহ্মহত্যা কোথায়

কৃত্বাপি সুমহৎ পাপং ত্বাং যঃ স্মরতি ভাবতঃ।
আধারং জগতামীশং তস্য পাপং বিলীয়তে ॥ ৯১।
যথা তমো ন তিষ্ঠেত সন্নিধাবংশুমালিনঃ।
তথা ন তব ভক্তস্য পাপং তস্য ব্রজেৎ ক্ষয়ম্ ॥ ৯২।
যশ্চিন্তয়তি পুণ্যাত্মা তব পাদাম্বুজদ্বয়ম্।
ব্রহ্মহত্যাদিকমপি পাপং তস্য ব্রজেৎ ক্ষয়ম্ ॥ ৯৩।
তব নামানুরক্তা বাক্ যস্য পুংসো জগৎপতে।
অপ্যদ্রিকূটতুলিতং নৈনস্তমনুবাধতে ॥ ৯৪।
রজসা তমসা বিবর্দ্ধিতং ক্ক নু পাপং পরিতাপদায়কম্।
ক্ক চ তে শিবনাম মঙ্গলং জনজীবাতুজগদ্রুজাপহম্ ॥ ৯৫।
যদি জাতুচিদন্ধকদ্বিষস্তব নামৌষ্ঠপুটাদ্বিনিঃসৃতম্।
শিব শঙ্কর চন্দ্রশেখরেত্যসকৃত্তস্য ন সংসৃতিঃ পুনঃ ॥৯৬।

থাকিবে? ॥ ৯০ ॥ যে ব্যক্তি অতি মহাপাতকী, সে যদি ভক্তি পূর্ব্বক জগদীশ্বর জগতের আধার তোমাকে স্মরণ করে, তাহা হইলে তাহার সমস্ত পাপরাশি দূরীভূত হয় ॥ ৯১ ॥ যেরূপ অংশুমালীর সন্নিধানে কখন অন্ধকার থাকিতে পারে না সেইরূপ ত্বদীয় ভক্তজনের নিকট কদাচ পাপ সকল থাকিতে পারে না ॥ ৯২ ॥ যে মহাত্মা আপনার পাদ-পদ্ম যুগল সতত চিন্তা করেন, তাঁহার ব্রহ্মহত্যাদি পাপ সকলও বিনষ্ট হইয়া যায় ॥ ৯৩ ॥ হে জগৎপতে! যে মনুষ্যের বাক্য, আপনার নামে অবিরত অনুরক্ত থাকে, সেই মনুষ্যকে পর্ব্বত শৃঙ্গ প্রমাণ পাপরাশিও আক্রমণ করিতে পারে না ॥ ৯৪ ॥ হে শিব! রজ ও তমোগুণে বিবর্দ্ধিত পরিতাপ-দায়ক পাপইবা কোথায়? আর জগতের পাপ-রোগনাশক পরম মঙ্গল জীবনৌষধস্বরূপ তোমার নামইবা কোথায়? ফলিতার্থ তোমার নামোচ্চারণ করিলে জীবের কোন পাপই থাকে না ॥ ৯৫ ॥ হে অন্ধকরিপো! শিব, শঙ্কর, চন্দ্রশেখর ইত্যাদি ত্বদীয় নাম যদি কখন

পরমাত্মন্ পরংধাম স্বেচ্ছাবিধৃতবিগ্রহ।
কুতূহলং তবেশেদং ক্ক পরাধীনতেশ্বর॥ ৯৭।
অদ্য ধন্যোঽস্মি দেবেশ যং ন পশ্যন্তি যোগিনঃ।
পশ্যামি তং জগন্মূলং পরমেশ্বরমক্ষয়ম্॥ ৯৮।
অদ্য মে পরমো লাভস্ত্বদ্য মে মঙ্গলং পরম্।
ত্বদ্দৃষ্ট্যমৃততৃপ্তস্য * তৃণং স্বর্গাপবর্গদম্॥ ৯৯।
ইত্থং বদতি গোবিন্দে বিমলা পদ্ময়া তয়া।
মনোরথবতী নাম ভিক্ষা পাত্রে সমর্পিতা।
ভিক্ষাটনায় দেবোপি নিরগাৎ পরয়া মুদা॥ ১০০।
দৃষ্টানুযায়িনীং তাস্তু সমাহূয় জনার্দ্দনঃ।
সংপ্রার্থয়দ্ব্রহ্মহত্যাং বিমুঞ্চ ত্বং ত্রিশূলিনম্॥ ১০১।

জীবের ওষ্ঠপুট হইতে বারম্বার নিঃসৃত হয়, তাহা হইলে তাহার আর পুনর্ব্বার সংসারে আসিতে হয় না॥ ৯৬। হে পরমাত্মন্ পরম জ্যোতির্ম্ময় ঈশ্বর! আপনি স্বীয় ইচ্ছায় শরীর ধারণ করেন। আপনার পরাধীনতা কখনই নাই, তবে যে পরাধীন হইয়াছেন এ বড় কৌতুকের বিষয়॥ ৯৭॥ যাঁহাকে যোগিগণ দর্শন করিতে সমর্থ নহেন, সেই জগৎ-কারণ, অক্ষয়, মহেশ্বর আপনাকে দেখিয়া আমি আজ ধন্য হইলাম॥ ৯৮॥ আপনার দর্শনরূপ অমৃতে পরিতৃপ্ত ব্যক্তির স্বর্গ এবং অপবর্গও তৃণের ন্যায় তুচ্ছ বোধ হয়, সুতরাং অদ্য আপনাকে দর্শন করিয়া আমার পরমলাভ ও পরম মঙ্গল হইল॥৯৯॥ ভগবান্ গোবিন্দ এই প্রকার কহিতেছেন, ইতি মধ্যে তদীয় প্রেয়সী লক্ষ্মী মহাদেবের ভিক্ষাপাত্রে অমৃত তুল্য পবিত্র ভিক্ষা প্রদান করিলেন, মহাদেবও ভিক্ষা পাইয়া আনন্দে অন্য স্থানে গমন করিলেন॥ ১০০॥ ভগবান্ জনার্দ্দন, তখন মহাদেবের অনুগামিনী ব্রহ্মহত্যাকে আহ্বান করিয়া, তাঁহার নিকট প্রার্থনা করিলেন,

* পরমিতি বা।

ব্রহ্মহত্যা উবাচ।

অনেনাপি মিষেণাহং সংসেব্যামুং বৃষধ্বজম্।
আত্মানং পাবয়িষ্যামি ক্ব পুনর্ভবদর্শনম্॥ ১০২।
সা তত্যাজ ন তৎপার্শ্বং ব্যাহৃতাপি মুরারিণা।
তমূচেঽথ হরিং শম্ভুঃ স্মেরাস্যো বচনং শুভম্॥ ১০৩।
ত্বদ্বাক্‌পীযূষপানেন তৃপ্তোঽস্মি বহুমানদ।
বরং বৃণীষ্ব গোবিন্দ বরদোঽস্মি তবানঘ॥ ১০৪।
ন মাদ্যন্তি তথা ভৈক্ষৈর্ভিক্ষবোপ্যতিসংস্কৃতৈঃ।
যথা মানসুধাপানৈর্নুন্নভিক্ষাটনজ্বরাঃ॥ ১০৫।

শ্রীমহাবিষ্ণুরুবাচ।

এষ এব বরঃ শ্লাঘ্যো যদহং দেবতাধিপম্।
পশ্যামি ত্বাং দেবদেবং মনোরথপথাতিগম্॥ ১০৬।

হে ব্রহ্মহত্যে! তুমি এক্ষণে শূলপাণিকে পরিত্যাগ কর॥ ১০১॥ ব্রহ্মহত্যা কহিলেন, আমি এই স্থানে বৃষবাহন মহাদেবকে সেবা করিয়া আত্মাকে পবিত্র করিব। এরূপ ঘটনা না হইলে আর মহাদেবের দর্শন কোথায় পাইব॥ ১০২॥ ভগবান্ মুরারি ব্রহ্মহত্যাকে এই কথা কহিলেও সে মহাদেবের পার্শ্ব পরিত্যাগ করিল না। অনন্তর মহাদেব ঈষৎ হাস্য করিয়া হরিকে কহিলেন, হে গোবিন্দ! তুমি আমাকে অনেক সম্মান করিলে, তোমার বাক্যামৃত পান করিয়া আমি যারপরনাই পরিতৃপ্ত হইয়াছি। এক্ষণে তুমি অভিলষিত বর প্রার্থনা কর, আমি তোমাকে বর দান করিব॥ ১০৩॥ ১০৪॥ ভিক্ষুক ব্যক্তিসকল যেমন মানরূপ সুধাপানে ভিক্ষাটন ক্লেশ দূর করিয়া অত্যন্ত পরিতৃপ্ত হয়, সেইরূপ সম্মান শূন্য প্রচুর পবিত্র ভিক্ষালাভেও তৃপ্ত হয় না॥ ১০৫॥ মহাবিষ্ণু কহিলেন, হে দেবদেব! আমায় এই বর প্রদান করুন যেন আমি মনোরথ পথের অতীত,

অনভ্রেয়ং সুধাবৃষ্টিরনায়াসো মহোৎসবঃ।
অযত্নো নিধিলাভো যদ্বীক্ষণং হর তে সতাম্ ॥ ১০৭ ।
অবিযোগোঽস্তু মে দেব ত্বদঙ্ঘ্রিযুগলেন বৈ ।
এষ এব বরঃ শম্ভো নান্যং কঞ্চিদ্বরং বৃণে ॥ ১০৮ ।

শ্রীঈশ্বরউবাচ।

এবং ভবতু তেঽনন্ত যত্ত্বয়োক্তং মহামতে ।
সর্ব্বেষামপি দেবানাং বরদস্ত্বং ভবিষ্যসি ॥ ১০৯ ।
অনুগৃহ্যেতি দৈত্যারিং কেন্দ্রাদিভুবনে চরন্ ।
ভেজে বিমুক্তিজননীং নাম্না বারাণসীং পুরীম্ ॥ ১১০ ।
যত্রস্থিতানাং জন্তূনাং কলাং নার্হন্তি ষোড়শীম্ ।
অপি ব্রহ্মাদিদেবানাং পদানি বিপদাং পদম্ ॥ ১১১ ।
বরং বারাণসীবাসী জটী মুণ্ডী দিগম্বরঃ ।
নান্যত্র ছত্রসংচ্ছন্নবসুধামণ্ডলেশ্বরঃ ॥ ১১২ ।

নিখিল দেবতাধিপতি আপনাকে নিয়ত দর্শন করিতে পাই ॥ ১০৬ ॥ হে হর! তোমার দর্শন সাধুদিগের পক্ষে বিনামেঘে সুধাবৃষ্টির ন্যায় অনায়াসকৃত মহোৎসবের ন্যায় অযত্ন লব্ধ নিধির ন্যায় হইয়া থাকে ॥ ১০৭ ॥ হে শম্ভো! আমি আর অন্য বর প্রর্থনা করিতে চাহি না কেবল এই বর প্রার্থনা করি, যেন ভবদীয় চরণযুগলে কখন বঞ্চিত না হই ॥ ১০৮ ॥ মহাদেব কহিলেন, হে মহামতে! হে অনন্ত! তুমি যাহা কহিতেছ তাহাই হইবে, এবং তুমি সমস্ত দেবগণের বরদাতা হইবে ॥ ১০৯ ॥ কালভৈরব এইরূপে দৈত্যারিকে অনুগ্রহ করিয়া ক্রমে ব্রহ্মেন্দ্রাদিলোকে বিচরণ করিতে করিতে অবশেষে কৈবল্যধাম বারাণসীতে গমন করিলেন ॥ ১১০ ॥ যে কাশীস্থিত জীবগণের ষোড়শাংশের একাংশ তুল্যও ব্রহ্মাদি দেবগণের পদ নহে। কারণ ঐ সকল পদ বিপদের আশ্রয়, অর্থাৎ উহা হইতে পতন হইতে পারে ॥ ১১১ ॥ বারাণসীবাসী হইয়া জটিল, মুণ্ডিত-মস্তক,

বরং বারাণসীভিক্ষা ন লঙ্কাধিপতান্যতঃ।
লঙ্কাধীশো বিশেদ্গার্ভং তদ্ভিক্ষাশী ন গর্ভভাক্ ॥ ১১৩।
ভিক্ষাপি যত্র ভিক্ষুভ্যো দত্তামলকসম্মিতা।
সুমেরুণাপি তুলিতা বারাণস্যাং গুরুর্ভবেৎ ॥ ১১৪।
বর্ষাশনং হি যোদদ্যাৎ কাশ্যাং সীদৎকুটুম্বিনে।
* যাবন্ত্যন্নানি তাবন্তি যুগানি স দিবীজ্যতে ॥ ১১৫।
বারাণস্যাং বর্ষভোজ্যং যো দদ্যান্নিরুপায়িনে।
স কদাচিত্তৃট্ক্ষুধা নো দুঃখং ভুঙ্‌ক্তে নরর্ষভঃ ॥ ১১৬।
বারাণস্যাং নিবসতাং যৎ পুণ্যমুপজায়তে।
তদেব সংবাসয়িতুঃ ফলং হ্যবিকলং ভবেৎ ॥ ১১৭।

দিগম্বর হওয়াও সর্ব্বতোভাবে শ্রেয়, তথাপি অন্যত্র রাজছত্রধারী হইয়া ভূমণ্ডলের আধিপত্য সুখভোগ করাও কিছু নহে ॥ ১১২ ॥ বারাণসীতে ভিক্ষা বৃত্তি অবলম্বন করাও ভাল, তথাপি লঙ্কাধিপতি হওয়াও ভাল নহে, যেহেতু লঙ্কাধিপতির পুনর্ব্বার গর্ভ প্রবেশ আছে, কিন্তু কাশীতে ভিক্ষাশী ব্যক্তির আর গর্ভে প্রবেশ করিতে হয় না ॥ ১১৩ ॥ যে কাশীতে ভিক্ষুকদিগকে আমলক ফলপ্রমাণ ভিক্ষা দান করিলে তাহার ফল সুমেরু পর্ব্বতের ন্যায় গুরুতর হইয়া থাকে ॥ ১১৪ ॥ যে ব্যক্তি কাশী-ধামে স্ত্রী পুত্রাদি রহিত অবসন্ন দীন দুঃখীদিগকে এক বর্ষকাল ব্যাপিয়া অন্ন দান করেন, তিনি সেই অন্ন সংখ্যা পরিমিত কাল যুগ ব্যাপিয়া স্বর্গে বাস করেন ॥ ১১৫ ॥ যে মহাত্মা বারাণসীতে নিরুপায় ব্যক্তিদিগকে ভোজ্য বস্তু দান করেন। তিনি কোন কালেই ক্ষুধা ও তৃষ্ণা জন্য দুঃখ ভোগ করেন না ॥ ১১৬ ॥ বারাণসীবাসী সাধুদিগের যে পুন্য উপার্জ্জন হয়, বারাণসী বাসের প্রযোজক ব্যক্তিরও অবিকল সেই পুণ্য লাভ হইয়া

* যাবন্ত্যন্নানীতি বা।

ব্রহ্মহত্যাদিপাপানি যস্যা নাম্নোপি কীর্ত্তনাৎ ।
ত্যজন্তি পাপিনাং কাশী সা কেনেহোপমীয়তে ॥ ১১৮ ।
ক্ষেত্রে প্রবিষ্টমাত্রেঽথ ভৈরবে ভীষণাকৃতৌ ।
হাহেত্যুক্ত্বা ব্রহ্মহত্যা পাতালতলমাবিশৎ ॥ ১১৯ ।
কপালং ব্রহ্মণো রুদ্রঃ সর্ব্বেষামেব পশ্যতাম্ ।
হস্তাৎ পতিতমালোক্য ননর্ত্ত পরয়া মুদা ॥ ১২০ ।
বিধেঃ কপালং নামুঞ্চৎ করমত্যন্তদুঃসহম্ ।
হরস্য ভ্রমতঃ ক্বাপি তৎ কাশ্যাং ক্ষণতোঽপতৎ ॥ ১২১ ।
শূলিনো ব্রহ্মণো হত্যা নাপৈতিস্ম চ যা ক্বচিৎ ।
সা কাশ্যাং ক্ষণতো নষ্টা কথং কাশী ন দুর্ল্লভা ।
অতঃ প্রদক্ষিণীকার্য্যা পূজনীয়া পুরীত্বিয়ম্ ॥ ১২২ ।
বারাণসীতি কাশীতি মহামন্ত্রমিমং জপন্ ।
যাবজ্জীবং ত্রিসন্ধ্যন্তু জন্তুর্জাতু ন জায়তে ॥ ১২৩ ।

থাকে ॥ ১১৭ ॥ যে কাশীর নাম মাত্র স্মরণে পাপীরা ব্রহ্মহত্যাদি পাপ হইতে মুক্ত হয়, এই জগতে সেই কাশীধাম কাহার সহিত উপমা হইতে পারে ? ॥ ১১৮ ॥

অনন্তর ভীষণকায় কালভৈরব কাশী প্রবেশ মাত্রই তাঁহাব অনুগামিনী ব্রহ্মহত্যা হাহা করিয়া পাতালে প্রবেশ করিল ॥ ১১৯ ॥ সর্ব্বজন সমক্ষে ব্রহ্মার কপাল হস্ত হইতে পতিত হইল দেখিয়া কালভৈরব পরমানন্দে নৃত্য করিতে লাগিলেন ॥ ১২০ ॥ কালভৈরব যে ব্রহ্ম কপাল লইয়া নিখিল লোক পরিভ্রমণ করিয়াছিলেন তথাপি সেই কপাল, তাঁহার দুঃসহ হস্ত পরিত্যাগ করে নাই কিন্তু কাশীতে ক্ষণকাল মধ্যেই তাহা পতিত হইল ॥ ১২১ ॥ কালভৈরবের যে ব্রহ্মহত্যা কোন স্থানেই অপগত হয় নাই। সেই ব্রহ্মহত্যা কাশীতে ক্ষণকালে মধ্যে বিনষ্ট হইল, অতএব এই কাশী কিজন্য দুর্ল্লভ নহে ? সকলেরই এই পুরীর পূজা ও প্রদক্ষিণ করা বিধেয় ॥ ১২২ ॥ যে মহাত্মা যাবজ্জীবন ত্রিকালীন

অবিমুক্তং মহাক্ষেত্রং স্মরন্ প্রাণাংস্তু যস্ত্যজেৎ।
দূরদেশান্তরস্থোপি সোপি জাতু ন জায়তে ॥ ১২৪।
আনন্দকাননং যস্য চিত্তং সংস্মরতে সদা।
তৎ ক্ষেত্রনামস্মরণান্ন স ভূয়োঽভিজায়তে ॥ ১২৫।
রুদ্রাবাসে বসেন্নিত্যং নরো নিয়তমানসঃ।
এনসামপি সম্ভারং কৃত্বা কালাদ্বিমুচ্যতে ॥ ১২৬।
মহাশ্মশানমাসাদ্য যদি দৈবাদ্বিপদ্যতে।
পুনঃ শ্মশানশয়নং ন ক্বাপি লভতে পুমান্ ॥ ১২৭।
কপালমোচনং কাশ্যাং যে স্মরিষ্যন্তি মানবাঃ।
তেষাং * বিনঙ্ক্ষ্যতি ক্ষিপ্রমিহান্যত্রাপি পাতকম্ ॥১২৮।
আগত্য তীর্থপ্রবরে স্নানং কৃত্বা বিধানতঃ।
তর্পয়িত্বা পিতৃন্ দেবান্ মুচ্যতে ব্রহ্মহত্যয়া ॥ ১২৯।

বারাণসী, কাশী এই মহামন্ত্র জপ করেন, তাঁহাকে আর পুনর্ব্বার জন্ম গ্রহণ করিতে হয় না ॥ ১২৩ ॥ যে ব্যক্তি দূরস্থ হইয়া এই মহাক্ষেত্র অবিমুক্তধাম স্মরণ করিয়া প্রাণত্যাগ করেন, তাঁহাকেও আর কখন জন্ম গ্রহণ করিতে হয় না ॥ ১২৪ ॥ যাঁহার চিত্ত নিরন্তর এই আনন্দকানন স্মরণ করে, ক্ষেত্র নাম স্মরণ জন্য তাঁহাকেও আর জন্ম গ্রহণ করিতে হয় না ॥ ১২৫ ॥ যে জীব পাপভারগ্রস্ত হইয়া বারাণসীতে পবিত্র চিত্তে নিয়ত বাস করেন। তিনি যথাকালে মুক্তি লাভ করিতে পারেন ॥ ১২৬॥ যে মনুষ্য মহাশ্মশান প্রাপ্ত হইয়া যদি দৈবাৎ দেহ ত্যাগ করেন, তাহা হইলে তাঁহাকে আর পুনর্ব্বার কোন স্থানে শ্মশান শয্যায় শয়ন করিতে হয় না ॥ ১২৭ ॥ যে সকল মনুষ্য কাশীতে কিম্বা অন্যস্থানে এই কপাল মোচন প্রস্তাব স্মরণ করেন, তাঁহাদিগের অত্রকৃত বা অন্য স্থান কৃত পাপ সকল শীঘ্র বিনষ্ট হয় ॥ ১২৮ ॥ যিনি কপাল মোচন এই প্রধান

* বিনশ্যতীতি বা।

অশাশ্বতমিদং জ্ঞাত্বা বারাণস্যাং বসন্তি যে।
দেহান্তে তৎপরং জ্ঞানং তেষাং দাস্যতি শঙ্করঃ ॥ ১৩০।
ইয়ং কাশীপুরী বিপ্র সাক্ষাদ্রুদ্রতনুঃ পরা।
অনির্বাচ্যা পরানন্দা দুষ্প্রাপ্যেশবিরোধিভিঃ ॥ ১৩১।
অস্যাস্তত্ত্বমহং জানে শিবভক্তিপরোঽপি বা।
মুচ্যন্তে জন্তবোঽত্রৈব যথা যোগেন যোগিনঃ ॥ ১৩২।
পরং পদমিয়ং কাশী পরানন্দ ইয়ং পুরী।
ইয়মেব পরং জ্ঞানং সেব্যাসৌ মোক্ষকাঙ্ক্ষিভিঃ ॥ ১৩৩।
অত্রোষিত্বাপাশভক্তান্ বিরুণদ্ধি তু যঃ কুধীঃ।
পুর্য্যৈ দ্রুহ্যতি বা মূঢ়স্তস্যান্যত্রাত্র নো গতিঃ ॥ ১৩৪।

তীর্থে আগমন করিয়া যথাবিধি স্নানানন্তর পিতৃলোক ও দেবলোকের তর্পণ করেন, তিনি অনায়াসে ব্রহ্মহত্যা হইতে মুক্তি লাভ করিতে পারেন ॥ ১২৯ ॥ যাঁহারা এই সংসার অনিত্য জ্ঞান করিয়া নিয়ত বারাণসীতে বাস করেন, দেহান্তে তাঁহাদিগকে মহাদেব, পরম জ্ঞান প্রদান করিয়া থাকেন ॥ ১৩০ ॥ হে বিপ্র! এই কাশীপুরী সাক্ষাৎ মহাদেবের কলেবর, এ কারণ এই অনির্ব্বচনীয় পরমানন্দময়ী পুরী শিবদ্বেষী পামরদিগের দুষ্প্রাপ্য জানিবে ॥ ১৩১ ॥ যেরূপ যোগিগণ যোগদ্বারা মুক্তি লাভ করেন, সেইরূপ জন্তুগণ এই স্থানে দেহ ত্যাগ মাত্র মুক্তি লাভ করিয়া থাকে। কাশীধামের মহিমা শিবভক্তি পরায়ণ কোন কোন মহাত্মা অবগত আছেন এবং আমিও বিশেষরূপ পরিজ্ঞাত আছি ॥ ১৩২॥ এই কাশী পুরী পরমপদ ও পরমানন্দময়ী, পরমজ্ঞানরূপিণী একারণ মুমুক্ষুজনদিগের এই পুরী সেবা করা সর্ব্বতোভাবে বিধেয় ॥ ১৩৩ ॥ যে মূঢ়মতি এই ক্ষেত্রে বাস করিয়া শিবভক্তদিগের সহিত বিরোধ করে ও যে মূঢ় এই পুরীর বিদ্বেষ করে, তাহাদিগের কি এই স্থানে কি অন্যস্থানে

কপালমোচনং তীর্থং পুরস্কৃত্বা তু ভৈরবঃ।
তত্রৈব তস্থৌ ভক্তানাং ভক্ষয়ন্নঘসন্ততিং ॥ ১৩৫।
পাপভক্ষণমাসাদ্য কৃত্বা পাপশতান্যপি।
কুতো বিভেতি পাপেভ্যঃ কালভৈরবসেবকঃ ॥ ১৩৬।
আমর্দ্দয়তি পাপানি দুষ্টানাঞ্চ মনোরথান্।
আমর্দ্দক ইতিখ্যাতস্ততোঽসৌ কালভৈরবঃ ॥ ১৩৭।
কলিং কালং কলয়তি সদা কাশীনিবাসিনাম্।
অতঃ খ্যাতিং পরাং প্রাপ্তঃ কালভৈরবসংজ্ঞিতাম্ ॥১৩৮।
সদৈব যস্য ভক্তেভ্যো যমদূতাঃ সুদারুণাঃ।
পরমাং ভীরুতাং প্রাপ্তাস্ততোসৌ ভৈরবঃ স্মৃতঃ ॥ ১৩৯।
মার্গশীর্ষাসিতাষ্টম্যাং কালভৈরবসন্নিধৌ।
উপোষ্য জাগরং কুর্ব্বন্ মহাপাপৈঃ প্রমুচ্যতে ॥ ১৪০।
যৎ কিঞ্চিদশুভং কর্ম্ম কৃতং মানুষবুদ্ধিতঃ।
তৎ সর্ব্বং বিলয়ং যাতি কালভৈরবদর্শনাৎ ॥ ১৪১।

কোন স্থানেই গতি হয় না ॥ ১৩৪ ॥ কালভৈরব কপালমোচন তীর্থকে পুরস্কার করিয়া ভক্তদিগের পাপরাশি ধ্বংশ করত সেই স্থানে অবস্থিত হইলেন ॥ ১৩৫ ॥ কালভৈরবের ভক্তগণ শত শত পাপ করিয়াও যদি একবার কালভৈরবকে প্রাপ্ত হন, তবে তাঁহারা কখন পাপ হইতে ভীত হয়েন না ॥ ১৩৬ ॥ কালভৈরব পাপ সকল ও দুষ্টদিগের মনোরথ মর্দ্দন করেন, এই নিমিত্ত আমর্দ্দক নামে বিখ্যাত হইয়াছেন ॥ ১৩৭ ॥ ভগবান কালভৈরব সর্ব্বদা কাশীবাসীদিগের কলি এবং কালকে মর্দ্দন করেন, এই নিমিত্ত কালভৈরব নামে বিখ্যাত হইয়াছেন ॥ ১৩৮ ॥ ভয়ঙ্কর যমদূতেরা যাঁহার ভক্তদিগের নিকট অতিশয় ভীত হয় বলিয়া যিনি ভৈরব নামে বিখ্যাত হইয়াছেন ॥ ১৩৯ ॥ অগ্রহায়ণ মাসের কৃষ্ণপক্ষীয় অষ্টমীতিথিতে কালভৈরবের সন্নিধানে উপবাস করিয়া জাগরণ করিলে মহাপাতক হইতে মুক্ত হওয়া যায় ॥ ১৪০ ॥ মানববুদ্ধিক্রমে যে কিছু

অনেকজন্মনিযুতৈর্যৎ কৃতং জন্তুভিস্ত্বঘম্।
তৎ সর্ব্বং বিলয়ত্যাশু কালভৈরবদর্শনাৎ॥ ১৪২।
কৃত্বা চ বিবিধাং পূজাং মহাসম্ভারবিস্তরৈঃ।
নরো মার্গাসিতাষ্টম্যাং বার্ষিকং বিঘ্নমুৎসৃজেৎ॥ ১৪৩।
অষ্টম্যাঞ্চ চতুর্দ্দশ্যাং রবিভূমিজবাসরে।
যাত্রাঞ্চ ভৈরবীং কৃত্বা কৃতৈঃ পাপৈঃ প্রমুচ্যতে॥ ১৪৪।
কালভৈরবভক্তানাং সদা কাশীনিবাসিনাম্।
বিঘ্নং যঃ কুরুতে মূঢ়ঃ স দুর্গতিমবাপ্নুয়াৎ॥ ১৪৫।
বিশ্বেশ্বরেপি যে ভক্তা নো ভক্তাঃ কালভৈরবে।
কাশ্যাং তে বিঘ্নসঙ্ঘাতং লভন্তে তু পদে পদে॥ ১৪৬।
তীর্থকালোদকে স্নাত্বা কৃত্বা তর্পণমত্বরঃ।
বিলোক্য কালরাজঞ্চ নিরয়াদুদ্ধরেৎ পিতৃন্॥ ১৪৭।

অশুভ কার্য্য করা হয় তৎ সমুদয় কালভৈরব দর্শন মাত্র এক কালীন বিনষ্ট হয়॥ ১৪১॥ জীবগণ জন্মে জন্মে যে সকল পাপ উপার্জ্জন করিয়াছে, সেই সকল পাপ কালভৈরব দর্শন মাত্র ধ্বংশ হয়॥ ১৪২॥ মানবগণ যদি অগ্রহায়ণ মাসের কৃষ্ণঅষ্টমীতে বিবিধ উপহারে কালভৈরবের পূজা করেন, তাহা হইলে তাহাদিগের কি ক্ষেত্রস্থ কি বহিস্থিত সকল বিঘ্নই দুরীভূত হয়॥ ১৪৩॥ অষ্টমী, চতুর্দ্দশী, রবিবার বা মঙ্গলবার এই কএক দিনে কালভৈরবের নিকট যাত্রা করিলে জীব সকল পূর্ব্বকৃত পাপ হইতে মুক্তি লাভ করে॥ ১৪৪॥ যে নরাধম কাশীবাসী কালভৈরবের ভক্তদিগের প্রতি বিঘ্ন আচরণ করে, সে চরমে নরক যন্ত্রণা ভোগ করিয়া থাকে॥ ১৪৫॥ যাঁহারা বিশ্বেশ্বরের ভক্ত হইয়া কালভৈরবকে ভক্তি না করেন, তাঁহারা পদে পদে সমূহ বিঘ্ন প্রাপ্ত হইয়া থাকেন॥ ১৪৬॥ যিনি সুস্থ ভাবে কালোদক তীর্থে স্নান করিয়া তর্পণান্তর কালরাজকে

অষ্টৌ প্রদক্ষিণীকৃত্য প্রত্যহং পাপভক্ষণম্।
নরো ন পাপৈর্লিপ্যেত মনোবাক্কায়সম্ভবৈঃ ॥ ১৪৮ ।
তস্মিন্নামর্দ্দকে পীঠে জপ্ত্বা স্বাভীষ্টদেবতাম্।
ষণ্মাসং সিদ্ধিমাপ্নোতি সাধকো ভৈরবাজ্ঞয়া ॥ ১৪৯ ।
বারাণস্যামুষিত্বা যো ভৈরবং ন ভজেন্নরঃ।
তস্য পাপানি বর্দ্ধন্তে শুক্লপক্ষে যথা শশী ॥ ১৫০ ।
যং যং সঞ্চিন্তয়েৎ কামং পাপভক্ষণসেবয়া।
বলিপূজোপহারৈশ্চ তং তং স সমবাপ্নুয়াৎ ॥ ১৫১ ।
কালরাজং ন যঃ কাশ্যাং প্রতি ভূতাষ্টমীকুজম্।
ভজেত্তস্য ক্ষয়েৎ পুণ্যং কৃষ্ণপক্ষে যথা শশী ॥ ১৫২ ।
শ্রুত্বাধ্যায়মিমং পুণ্যং ব্রহ্মহত্যাপনোদকম্।
ভৈরবোৎপত্তিসংজ্ঞঞ্চ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥ ১৫৩ ।

দর্শন করেন, তিনি পিতৃলোকদিগকে নরক হইতে উদ্ধার করিতে পারেন ॥ ১৪৭ ॥ যে মানব পাপহারক কালভৈরবকে প্রত্যহ অষ্টবার প্রদক্ষিণ করেন, তিনি কায়িক, বাচিক ও মানসিক পাপে কখনই পরিলিপ্ত হন না ॥ ১৪৮ ॥ যে সাধু এই কালভৈরবীয় পীঠে স্বীয় অভীষ্টদেবতাকে জপ করেন, তিনি ভৈরবের আজ্ঞানুসারে ষণ্মাস কালমধ্যে সিদ্ধি লাভ করিতে পারেন ॥ ১৪৯ ॥ যে মনুষ্য বারাণসীতে বাস করিয়া কালভৈরবকে ভজনা না করেন, শুক্ল পক্ষের শশীকলার ন্যায় দিন দিন তাঁহার পাপ সকল পরিবর্দ্ধিত হইতে থাকে ॥ ১৫০ ॥ বলি ও বিবিধ পূজোপহার দ্বারা পাপহারক ভৈরবের সেবা করিয়া যে যে কামনা করা যায় নিশ্চয়ই সেই সেই কামনা পূর্ণ হইয়া থাকে ॥ ১৫১ ॥ যিনি প্রতি চতুর্দ্দশী, প্রতি অষ্টমী, প্রতি মঙ্গলবারে কালভৈরবের সেবা না করেন, কৃষ্ণপক্ষের শশী-কলার ন্যায় দিন দিন তাঁহার পুণ্য সকল ক্ষয় হইতে থাকে ॥ ১৫২ ॥ ব্রহ্মহত্যাপনোদন ভৈরবোৎপত্তি নামক এই পবিত্র অধ্যায় শ্রবণ করিলে

বন্ধনাগারসংস্থোপি প্রাপ্তোপি বিপদং পরাম্।
প্রাদুর্ভাবং ভৈরবস্য শ্রুত্বা মুচ্যেত সঙ্কটাৎ ॥ ১৫৪ ।

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে ভৈরবপ্রাদুর্ভাবো-
নামৈকত্রিংশোঽধ্যায়ঃ।

সর্ব্ববিধ পাপ হইতে মুক্ত হওয়া যায় ॥ ১৫৩ ॥ কারাগারস্থ বা পরম বিপদগ্রস্ত হইয়াও যদি ভৈরবোৎপত্তি কথা শ্রবণ করে তাহা হইলে সকল সঙ্কট হইতে মুক্তি লাভ করিতে পারে ॥ ১৫৪ ॥

ইতি শ্রীস্কন্দপুরাণান্তর্গত কাশীখণ্ডে ভৈরব প্রাদুর্ভাব নামক
একত্রিংশ অধ্যায়।

দ্বাত্রিংশোঽধ্যায়ঃ।

অগস্ত্য উবাচ।

বহির্যানং সমাচক্ষ্ব হরিকেশসমুদ্ভবম্।
কোঽসৌ কস্য সুতঃ শ্রীমান্ কীদৃগস্য তপোমহৎ ॥ ১।
কথঞ্চ দেবদেবস্য প্রিয়ত্বং সমুপেযিবান্।
কাশীবাসিজনেষ্বাসীৎ কথং বা দণ্ডনায়কঃ ॥ ২।
এতদিচ্ছাম্যহং শ্রোতুং প্রসাদং কুরু মে বিভো।
অন্নদত্বঞ্চ সংপ্রাপ্তঃ কথমেষ মহামতিঃ ॥ ৩।
সম্ভ্রমো বিভ্রমশ্চোভৌ কথং তদনুগামিনৌ।
বিভ্রান্তিকারিণৌ ক্ষেত্রবৈরিণাং সর্ব্বদা নৃণাম্ ॥ ৪।

দ্বাত্রিংশ অধ্যায়।

অগস্ত্য স্কন্দকে সম্বোধন করিয়া কহিলেন, হে বিভো! আমি যাহা কর্ত্তৃক কাশী হইতে বহির্নিষ্কাশিত হইয়াছি, সম্প্রতি সেই হরিকেশের জন্ম বৃত্তান্ত কীর্ত্তন করুন। এই মহাত্মা কে? কাহারইবা পুত্র? কি নিমিত্তই বা দেবদেবের অতি প্রিয়পাত্র হইলেন, কাশীবাসীদিগের মধ্যে দণ্ডনায়ক বলিয়া কেনইবা ইনি এত বিখ্যাত হইয়াছেন ॥ ১ ॥ ২ ॥ এই মহামতি কি নিমিত্তইবা সকলের অন্নপ্রদ হইলেন, এবং কি জন্যই বা ক্ষেত্র বৈরী লোক দিগের মোহ কারক সম্ভ্রম ও বিভ্রম এই উভয় তাঁহার অনুগামী হইল, এই সকল শুনিতে একান্ত অভিলাষ করিয়াছি, অতএব

স্কন্দ উবাচ।

সম্যগাপৃচ্ছি ভবতা কাশীবাসি * সমাহিতম্।
কুম্ভসম্ভব বিপ্রর্ষে দণ্ডপাণি † কথানকম্॥ ৫।
যদাকর্ণ্য নরঃ প্রাজ্ঞ কাশীবাসস্য যৎ ফলম্।
নিষ্প্রত্যূহং তদাপ্নোতি বিশ্বভর্তুরনুগ্রহাৎ॥ ৬।
রত্নভদ্রইতিখ্যাতঃ পর্ব্বতে গন্ধমাদনে।
যক্ষঃ সুকৃতলক্ষশ্রীঃ পুরা পরমধার্ম্মিকঃ॥ ৭।
পূর্ণভদ্রং সুতং প্রাপ্য সোঽভূৎ পূর্ণমনোরথঃ।
বয়শ্চরমমাসাদ্য ভুক্ত্বা ভোগাননেকশঃ॥ ৮।
শাম্ভবেনাথ যোগেন দেহমুৎসৃজ্য পার্থিবম্।
আসসাদ শিবং শান্তং ত্যক্তসর্ব্বেন্দ্রিয়ার্থকঃ॥ ৯

অনুগ্রহ করিয়া কীর্ত্তন করুন॥ ৩॥ ৪॥ স্কন্দ কহিলেন, হে কুম্ভসম্ভব বিপ্রর্ষে! তুমি কাশীবাসীর পরম হিতকর যে ভগবান্ দণ্ডপাণীর বিষয় প্রশ্ন করিলে উহা অতি উৎকৃষ্ট হে প্রাজ্ঞ! উহা শ্রবণ করিলে মনুষ্যগণ বিশ্বেশ্বরের অনুগ্রহে নির্ব্বিঘ্নে কাশী বাসের ফল লাভ করিতে পারেন ॥ ৫॥ ৬॥

পুরাকালে গন্ধমাদন পর্ব্বতে পুণ্যশ্রী ধর্ম্মপরায়ণ রত্নভদ্র নামক এক যক্ষ ছিলেন॥ ৭॥ তিনি বিবিধ বিষয় ভোগানন্তর পূর্ণভদ্র নামক এক পুত্র লাভ করিয়া স্বীয় মনোরথ পূর্ণ করিয়া ছিলেন। অনন্তর বৃদ্ধকাল উপস্থিত হইলে সকল ইন্দ্রিয় সুখাভিলাষ পরিহার পূর্ব্বক শাম্ভব যোগাবলম্বনে পার্থিব দেহ পরিত্যাগ করিয়া শান্তাত্মা সেই মহাদেবকে প্রাপ্ত

---

* মহাহিতমিতি বা।

† কথাত্মকমিতি বা।

পিতর্য্যুপরতে সোঽথ পূর্ণভদ্রো মহাযশাঃ।
সুকৃতোপাত্তবিভব-ভবসম্ভোগভুক্তিভাক্ ॥ ১০ ।
সর্ব্বান্ মনোরথাঁল্লেভে বিনা স্বর্গৈকসাধনম্ ।
গার্হস্থ্যাশ্রমনেপথ্যং পথ্যং পৈতামহং মহৎ ॥ ১১ ।
সংসারতাপসন্তপ্তাবয়বামৃতশীকরম্ ।
অপত্যং পততাং পোতং বহুক্লেশমহার্ণবে ॥ ১২ ।
পূর্ণভদ্রোঽথ সংবীক্ষ্য মন্দিরং সর্ব্বসুন্দরম্ ।
তদ্বালকোমলালাপবিকলং ত্যক্তমঙ্গলম্ । ১৩।
শূন্যং দরিদ্রহৃদিব জীর্ণারণ্যমিবাথ বা ।
পান্থবৎ প্রান্তরমিব খিন্নোঽতীবানপত্যবান্ ॥ ১৪ ।
আহূয় গৃহিণীং সোঽথ যক্ষঃ কনককুণ্ডলাম্ ।
উবাচ যক্ষিণীং শ্রেষ্ঠাং পূর্ণভদ্রো ঘটোদ্ভব ॥ ১৫ ।

হইয়াছিলেন ॥ ৮ ॥ ৯ ॥ পিতার মৃত্যুর পর মহাযশা পূর্ণভদ্র ন্যায়োপার্জ্জিত সম্পত্তি দ্বারা সাংসারিক সুখ ভোগ করিতে লাগিলেন ॥ ১০ ॥ কিন্তু গৃহস্থাশ্রমের ভূষণ স্বরূপ, সংসার সন্তপ্ত জনগণের অমৃত কণা স্বরূপ, বহুক্লেশরূপ মহাসমুদ্রে নিপতিত ব্যক্তিদিগের তরণী স্বরূপ, স্বর্গ প্রাপ্তির এক কারণ, পিতৃলোকদিগের পরম হিতকর একমাত্র পুত্র ভিন্ন আর সমস্ত মনোরথই পূর্ণ করিয়াছিলেন ॥ ১১ ॥ ১২ ॥ অনন্তর অপুত্র পূর্ণভদ্র নিজ গৃহ সর্ব্বসুন্দরময় হইলেও সেই স্থানে বালকের কোমল আলাপ না থাকায়, তিনি দরিদ্র হৃদয়ের ন্যায় জীর্ণ অরণ্যের ন্যায় প্রান্তর প্রাপ্ত পথিকের ন্যায় তাহা দেখিয়া অতিশয় দুঃখিত হইয়াছিলেন ॥ ১৩ ॥ ১৪ ॥ হে কুম্ভযোনে! অনন্তর সেই যক্ষবর পূর্ণভদ্র কনককুণ্ডলা নাম্নী তদীয় প্রেয়সীকে সম্বোধন করিয়া কহিলেন, কান্তে! দেখ, দর্পণোদরের ন্যায় অতি সুন্দর সুখপ্রদ এই গৃহ, মুক্তাফল পরিশোভিত এই গবাক্ষ, চন্দ্রকান্ত শিলা খচিত এই অঙ্গণ, প্রবালস্তম্ভ শোভায় শোভিত দেদীপ্যমান স্ফটিক

ন হর্ম্ম্যং সুখদং কান্তে দর্পণোদরসুন্দরম্।
মুক্তাগবাক্ষসুভগং চন্দ্রকান্তশিলাজিরম্ ॥ ১৬।
পদ্মরাগেন্দ্রনীলার্চ্চিরর্চ্চিতাট্টালকং * কণৎ।
বিদ্রুমস্তম্ভশোভাঢ্যং স্ফুরৎস্ফাটিককুড্যবৎ ॥ ১৭।
প্রেঙ্খৎপতাকানিকরং মণিমাণিক্যমালিতম্।
কৃষ্ণাগুরুমহাধূপবহুলামোদমোদিতম্ ॥ ১৮।
অনর্ঘ্যাসনসংযুক্তং চারুপর্য্যঙ্কভূষিতম্।
রম্যার্গলকপাটাঢ্যং দুকূলচ্ছন্নমণ্ডপম্ ॥ ১৯।
সুরম্যরতিশালাঢ্যং বাজিরাজিবিরাজিতম্।
দাসীদাসশতাকীর্ণং কিঙ্কিণীনাদনাদিতম্ ॥ ২০।
নূপুরারাবসোৎকণ্ঠকেকিকেকারবাকুলম্।
কূজৎপারাবতকুলং শুকসারীকথাবরম্ ॥ ২১।
খেলন্মরালযুগলং জীবঞ্জীবককান্তিমৎ।
মাল্যাহৃতদ্বিরেফাণাং মঞ্জুগুঞ্জারবাবৃতম্ ॥ ২২।

মণিময় ভিত্তি, পদ্মরাগ ও ইন্দ্রনীলমণির প্রভায় অত্যুজ্জ্বল ও বেদধ্বনি বিশিষ্ট এই অট্টালিকা সকল, মণি মাণিক্য মালা-সংযুক্ত উড্ডীয়মান পতাকা-নিচয়, কৃষ্ণবর্ণ অগুরু দ্বারা বিনির্ম্মিত মহাধূপ-গন্ধে আমোদিত, মহামূল্য-আসনাকীর্ণ মনোহর পর্য্যঙ্ক, রমণীয় অর্গল ও কপাট, প্রত্যেক গৃহই চন্দ্রাতপে সুশোভিত, সুরম্য রতিশালা, অশ্বশ্রেণী-বিরাজিত, শত শত দাস দাসীতে পরিসমাকীর্ণ, কিঙ্কিণীনাদে নাদিত, কোন স্থানে ময়ূরগণ নূপুর ধ্বনিতে উৎকণ্ঠিত হইয়া কেকা রব করিতেছে। কোন স্থানে পারাবত, কোন স্থানে শুকসারিকা সকল নানাবিধ অব্যক্ত মধুর ধ্বনি করিতেছে। কোন স্থানে মরালযুগল ও চকোর পক্ষী সকল খেলা করি-

* অট্টালিকাঙ্গণমিতি বা।

কর্পূরৈণমদামোদসোদরানিলবীজিতম্।
ক্রীড়ামর্কটদংষ্ট্রাগ্রীকৃতমাণিক্যদাড়িমম্ ॥ ২৩।
দাড়িমীবীজসম্ভ্রান্ত-শুকতুণ্ডাত্তমৌক্তিকম্।
ধনধান্যসমৃদ্ধঞ্চ পদ্মালয়মিবাপরম্ ॥ ২৪।
কমলামোদগর্ভঞ্চ গর্ভরূপং বিনা প্রিয়ে।
গর্ভরূপমুখং প্রেক্ষ্যে কথং কনককুণ্ডলে ॥ ২৫।
যদ্যুপায়োঽস্তি তদ্ব্রূহি ধিগপুত্রস্য জীবিতম্।
সর্ব্বং শূন্যমিবাভাতি গৃহমেতদনঙ্গজম্ ॥ ২৬।
ধিগেতৎ সৌধসৌন্দর্য্যং ধিগেতদ্ধনসঞ্চয়ম্।
বিনাপত্যং প্রিয়তমে জীবিতঞ্চ ধিগাবয়োঃ ॥ ২৭।
প্রলপন্তমিব প্রোচ্চৈঃ প্রিয়ং কনককুণ্ডলা।
বভাষেঽন্তর্বিনিঃশ্বস্য যক্ষিণী সা পতিব্রতা ॥ ২৮ ॥

তেছে। কোন স্থানে দ্বিরেফগণ পুষ্পামোদে আহূত হইয়া মনোহর গুঞ্জরব করিতেছে। কর্পূর মৃগমদবিশিষ্ট বায়ু সকল মন্দ মন্দ সঞ্চরণ করিতেছে। কোন স্থানে ক্রীড়া-মর্কটের দশনাগ্র হইতে কৃত্রিম দাড়িম ফল বিনাস্ত হইয়া শোভিত হইতেছে। কোন স্থানে শুকপক্ষীগণ দাড়িম-বীজ ভ্রমে মুক্তাফল সকল চঞ্চু দ্বারা গ্রহণ করিতেছে। কমলামোদিত দ্বিতীয় কমলাগৃহের ন্যায় ধনধান্য পরিপূর্ণ এই গৃহ, একমাত্র পুত্র ব্যতীত সমস্তই আমার অসার জ্ঞান হইতেছে, হে কনককুণ্ডলে প্রিয়ে! কিরূপে আমি সেই পুত্রের মুখাবলোকন করিব, যদি ইহার কোন উপায় থাকে, তাহা বল। অপুত্র ব্যক্তির জীবনে ধিক্! পুত্র ভিন্ন আমার এই সকল গৃহ শূন্যময় বোধ হইতেছে। এই অট্টালিকার সৌন্দর্য্যে ধিক্! আমার ধনসঞ্চয়ে ধিক্! প্রিয়তমে! পুত্র ব্যতীত আমাদের উভয়ের জীবনেও ধিক্! ॥ ১৪—২৭ ॥

পতিব্রতা কনককুণ্ডলা স্বামীর এইরূপ বাক্য শ্রবণ করিয়া দীর্ঘ-নিশ্বাস পরিত্যাগ পূর্ব্বক পতিকে সম্বোধন করিয়া কহিলেন, কান্ত!

কনককুণ্ডলোবাচ ।

কিমর্থং খিদ্যসে কান্ত জ্ঞানবানসি যদ্ভবান্ ।
অত্রোপায়োঽস্ত্যপত্যাপ্ত্যৈ বিস্রব্ধমবধারয় ॥ ২৯ ।
কিমুদ্যমবতাং পুংসাং দুর্লভং হি চরাচরে ।
ঈশ্বরার্পিতবুদ্ধীনাং স্ফুরন্ত্যগ্রে মনোরথাঃ ॥ ৩০ ।
দৈবং হেতুং বদন্ত্যেবং ভৃশং কাপুরুষাঃ পতে ।
স্বয়ং পুরাকৃতং কর্ম্ম দৈবং তচ্চ নহীতরৎ ॥ ৩১ ।
ততঃ পৌরুষমালম্ব্য তৎকর্ম্মপরিশান্তয়ে ।
ঈশ্বরং শরণং যায়াৎ সর্ব্বকারণকারণম্ ॥ ৩২ ।
অপত্যং দ্রবিণং দারা হারা হর্ম্ম্যং হয়া গজাঃ ।
সুখানি স্বর্গমোক্ষৌ চ ন দূরে শিবভক্তিতঃ ॥ ৩৩ ।
বিধাতুঃ শাম্ভবীং ভক্তিং প্রিয় সর্ব্বে মনোরথাঃ ।
সিদ্ধয়োঽষ্টৌ গৃহদ্বারং সেবন্তে নাত্র সংশয়ঃ ॥ ৩৪

আপনি জ্ঞানবান হইয়া কি জন্য এত দুঃখ করিতেছেন? অপত্য প্রাপ্তির এক উপায় আছে, আপনি বিশ্বস্ত হইয়া শ্রবণ করুন। এই জগতে উদ্যোগশালী পুরুষের কি দুর্লভ থাকে? যাঁহারা ঈশ্বরে চিত্ত সমর্পণ করেন, তাঁহাদিগের মনোরথ অগ্রেই পূর্ণ হইয়া থাকে ॥ ২৮ ॥ ২৯ ॥ ৩০ ॥ হে নাথ! কাপুরুষেরাই দৈবকে হেতু করিয়া কীর্ত্তন করে, কিন্তু সেই দৈব পুরাকৃত কার্য্য ব্যতীত অন্য আর কোন পদার্থ নহে ॥ ৩১ ॥ অতএব সেই পুরাকৃত কর্ম্ম পরিশান্তির নিমিত্ত পৌরুষ অবলম্বন করিয়া সর্ব্বকারণ কারণ ঈশ্বরের শরণাগত হওয়া বিধেয় ॥ ৩২ ॥ স্ত্রী, পুত্র, ধন, অলঙ্কার, সর্ব্ব-বিধ সুখ, স্বর্গ ও মোক্ষ এই সকল শিবভক্ত জনের দুর্লভ নহে ॥ ৩৩ ॥ হে প্রিয়! যিনি মহাদেবে একান্ত ভক্তি করেন, তাঁহার সমুদয় মনোরথ নিঃসন্দেহ পরিপূর্ণ হয়, বলিতে কি, অষ্টসিদ্ধিও তদীয় গৃহদ্বার সেবা

নারায়ণোপি ভগবানন্তরাত্মা জগৎপতিঃ।
চরাচরাণামবিতা জাতঃ শ্রীকণ্ঠসেবয়া ॥ ৩৫।
ব্রহ্মণঃ সৃষ্টিকর্ত্তৃত্বং দত্তং তেনৈব শম্ভুনা।
ইন্দ্রাদয়োলোকপালা জাতাঃ শম্ভোরনুগ্রহাৎ ॥ ৩৬।
মৃত্যুঞ্জয়ং সুতং লেভে শিলাদোপ্যনপত্যবান্।
শ্বেতকেতুরপি প্রাপ জীবিতং কালপাশিতঃ।
ক্ষীরার্ণবাধিপতিতামুপমন্যুরবাপ্তবান্ ॥ ৩৭।
অন্ধকোপ্যভবদ্ভৃঙ্গী গাণপত্যপদোর্জ্জিতঃ।
জিগায় শার্ঙ্গিণং সঙ্খ্যে দধীচিঃ শম্ভুসেবয়া।
প্রাজাপত্যপদং প্রাপ দক্ষঃ সংশীল্য শঙ্করম্ ॥ ৩৮।
মনোরথপথাতীতং যচ্চ বাচামগোচরম্।
গোচরো গোচরীকুর্য্যাৎ তৎপদং ক্ষণতো মৃড়ঃ ॥ ৩৯।

করিতে থাকে ॥ ৩৪ ॥ পুরাকালে অন্তরাত্মা জগৎপতি ভগবান নারায়ণ, মহাদেবের সেবা করিয়া চরাচরে পালনকর্ত্তৃত্ব লাভ করিয়াছেন ॥ ৩৫ ॥ সেই মহাদেবই ব্রহ্মাকে সৃষ্টিকর্ত্তৃত্ব দিয়াছিলেন। মহাদেবের অনুগ্রহেই ইন্দ্রাদি দেবগণ লোকপাল পদে অভিষিক্ত হইয়াছেন ॥ ৩৬ ॥ মহর্ষি শিলাদ, পুত্রহীন হইয়াও মহাদেবের অনুগ্রহে মৃত্যুঞ্জয় পুত্র লাভ করিয়াছিলেন। শ্বেতকেতু কালপাশে নিযন্ত্রিত হইয়াও জীবন লাভ করিয়াছিলেন ॥ উপমন্যু নামক ব্রাহ্মণকুমার ক্ষীরসমুদ্রের আধিপত্য লাভ করিয়াছিলেন ॥ ৩৭ ॥ মহাদেবের সেবা করিয়াই অন্ধকাসুর গাণপত্যপদে অভিষিক্ত হইয়া ভৃঙ্গীনামে খ্যাত হইয়াছিলেন, এবং দধীচিমুনি যুদ্ধে মহাবিষ্ণুকে পরাভব করিয়াছিলেন। দক্ষ প্রজাপতি মহাদেবের আরাধনা করিয়া প্রাজাপত্যপদ লাভ করিয়াছিলেন ॥ ৩৮ ॥ যাহা মনোরথপথের অতীত, যাহা বাক্যের অগোচর, সেই কৈবল্য

অনারাধ্য মহেশানং সর্ব্বদং সর্ব্বদেহিনাম্।
কোপি ক্বাপি কিমপ্যত্র ন লভেতেতি নিশ্চিতম্॥ ৪০।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন শঙ্করং শরণং ব্রজ।
যদিচ্ছসি প্রিয়ং পুত্রং প্রিয় সর্ব্বজনীনকম্॥ ৪১।
ইতি শ্রুত্বা বচঃ পত্ন্যাঃ পূর্ণভদ্রঃ স যক্ষরাট্।
আরাধ্য শ্রীমহাদেবং গীতজ্ঞো গীতবিদ্যয়া॥ ৪২॥
দিনৈঃ কতিপয়ৈরেব পরিপূর্ণমনোরথঃ।
পুত্রকামমবাপোচ্চৈস্তস্যাং পত্ন্যাং দৃঢ়ব্রতঃ॥ ৪৩।
নাদেশ্বরং সমভ্যর্চ্চ্য কৈঃ কৈর্নাপি * স্বচিন্তিতম্।
তস্মাৎ কাশ্যাং প্রযত্নেন সেব্যো নাদেশ্বরো নৃভিঃ॥ ৪৪।
অন্তর্বত্ন্যথকালেন তৎপত্নী সুষুবে সুতম্।
তস্য নাম পিতা চক্রে হরিকেশ ইতি দ্বিজ॥ ৪৫।

পদ একমাত্র মহাদেবই আশু প্রদান করিতে পারেন॥ ৩৯॥ সর্ব্বজীবের সর্ব্বাভীষ্টপ্রদ মহাদেবকে আরাধনা না করিলে এই সংসারে কোন ব্যক্তি কোন স্থানে কিছুই লাভ করিতে সমর্থ হয় না॥ ৪০॥ অতএব হে কান্ত! যদি আপনার সর্ব্বজনহিতকর প্রিয়পুত্র লাভ করিতে বাসনা হয়, তবে সর্ব্বপ্রযত্নে মহাদেবের শরণাগত হও॥ ৪১॥ গীতজ্ঞ যক্ষরাজ পূর্ণভদ্র প্রেয়সীর এই কথা শ্রবণানন্তর দৃঢ়ব্রত হইয়া গীতবিদ্যা দ্বারা মহাদেবের আরাধনা করিয়া তাঁহার নিকট পুত্র কামনা করিয়াছিলেন এবং কতিপয় দিবসের মধ্যেই তাঁহার মনোরথ পূর্ণ হইয়াছিল॥ ৪২॥ ৪৩॥ ওঙ্কারেশ্বরের আরাধনা না করিয়া কোন্ ব্যক্তির অভীষ্ট লাভ হইয়াছে? অতএব যত্ন পূর্ব্বক কাশীধামে ওঙ্কারেশ্বরের সেবা করা বিধেয়॥ ৪৪॥

হে দ্বিজ! অনন্তর তদীয় পত্নী কনককুণ্ডলা গর্ভবতী হইয়া যথাকালে একটী অপূর্ব্ব কুমার প্রসব করিলেন। যক্ষরাজ পূর্ণভদ্র পুত্রমুখ দর্শন

* সুনিশ্চিতমিতি বা।

প্রীতিদায়ং দদৌ চাথ ভূরি পুত্রাননেক্ষণাৎ।
পূর্ণভদ্রস্তথাগস্ত্য হৃষ্টা কনককুণ্ডলা ॥ ৪৬।
বালোঽপি পূর্ণচন্দ্রাভ-বদনোমদনোপমঃ।
বৃদ্ধিং প্রতিক্ষণং প্রাপ শুক্লপক্ষে ইবোডুরাট্ ॥ ৪৭।
যদাষ্টবর্ষদেশীয়ো হরিকেশোঽভবচ্ছিশুঃ।
নিত্যং তদাপ্রভৃত্যেবং শিবমেকমমন্যত ॥ ৪৮।
পাংশুক্রীড়নসক্তোপি কুর্য্যাল্লিঙ্গং রজোময়ম্।
শাদ্বলৈঃ কোমলতৃণৈঃ পূজয়েচ্চ সকৌতুকম্ ॥ ৪৯।
আকারয়তি মিত্রাণি শিবনাম্নাখিলানি সঃ।
চন্দ্রশেখর ভূতেশ মৃত্যুঞ্জয় মৃড়েশ্বর ॥ ৫০।
ধূর্জ্জটে খণ্ডপরশো মৃড়ানীশ ত্রিলোচন।
ভর্গ শম্ভো পশুপতে পিনাকিন্নুগ্র শঙ্কর ॥ ৫১।
শ্রীকণ্ঠ নীলকণ্ঠেশ স্মরারে পার্ব্বতীপতে।
কপালিন্ ভালনয়ন শূলপাণে মহেশ্বর ॥ ৫২।

করিয়া হর্ষে ভূরি ভূরি সুবর্ণালঙ্কারাদি প্রদান করিলেন, এবং ঐ পুত্রের নাম হরিকেশ রাখিলেন। হে অগস্ত্য! কনককুণ্ডলা পুত্রমুখ নিরীক্ষণ করিয়া যার পর নাই প্রীতি লাভ করিলেন ॥ ৪৫ ॥ ৪৬ ॥ দ্বিতীয় কন্দর্পের ন্যায় পূর্ণচন্দ্রানন ঐ বালক শুক্লপক্ষীয় শশিকলার ন্যায় দিন দিন বর্দ্ধিত হইতে লাগিলেন ॥ ৪৭ ॥ বালক হরিকেশ যখন অষ্ট বৎসর বয়ঃপ্রাপ্ত হইলেন, সেই সময় হইতেই তিনি প্রতিনিয়ত মহাদেবকে একান্ত সারজ্ঞান করিতে লাগিলেন ॥ ৪৮ ॥ ধূলিখেলায় আসক্ত হইয়া ধূলিময় শিবলিঙ্গ নির্ম্মাণ করত কৌতুক সহকারে হরিদ্বর্ণ কোমল তৃণ দ্বারা তাহা পূজা করিতেন ॥ ৪৯ ॥ তিনি সমস্ত বন্ধুবান্ধবদিগকে শিবনাম দ্বারা আহ্বান করিতেন। চন্দ্রশেখর, ভূতেশ, মৃত্যুঞ্জয়, মৃড়, ঈশ্বর, ধূর্জ্জটি, খণ্ডপরশু, মৃড়ানীশ, ত্রিলোচন, ভর্গ, শম্ভু, পশুপতি, পিনাকী, উগ্র, শঙ্কর, শ্রীকণ্ঠ,

অজিনাম্বর দিগ্‌বাসঃ * স্বর্ধুনীক্লিন্নমৌলিজ।
বিরূপাক্ষাহিনেপথ্য গৃণন্নামাবলীমিমাম্ ॥ ৫৩।
সবয়স্কানিতি মুহুঃ সমাহ্বয়তি লালয়ন্।
শব্দগ্রহৌ ন গৃহ্লীতস্তস্যান্যাখ্যাং হরাদৃতে ॥ ৫৪।
পদ্ভ্যাং ন পদ্যতে চান্যদৃতে ভূতেশ্বরাজিরাৎ।
দ্রষ্টুং রূপান্তরং তস্য বীক্ষণে ন বিচক্ষণে ॥ ৫৫।
রসয়েত্তস্য রসনা হরনামাক্ষরামৃতম্।
শিবাঙ্ঘ্রিকমলামোদাৎ ঘ্রাণং নৈব † জিঘৃক্ষতি ॥ ৫৬।
করৌ তৎকৌতুককরৌ মনো মনতি নাপরম্।
শিবসাৎকৃত্য পেয়ানি পীয়ন্তে তেন সদ্ধিয়া ॥ ৫৭।

নীলকণ্ঠ, ঈশ, স্মরারি, পার্ব্বতীপতি, কপালী, ভালনয়ন, শূলপাণি, মহেশ্বর, অজিনাম্বর, দিগ্‌বাস, স্বর্ধুনী-ক্লিন্নমৌলিজ, বিরূপাক্ষ, অহি-ভূষণ, এই সকল শিবনাম দ্বারা সমবয়স্ক বালকদিগকে স্নেহ সহকারে আহ্বান করিতেন। তদীয় কর্ণযুগল মহাদেবের নাম ব্যতীত অন্য নাম গ্রহণ করিত না ॥ ৫০—৫৪ ॥ তদীয় পদযুগল মহাদেবের অঙ্গন ব্যতীত অন্য স্থানে যাইত না। নয়নদ্বয় মহাদেবের রূপ ব্যতীত রূপান্তর দর্শন করিত না ॥ ৫৫ ॥ তদীয় রসনা মহাদেবের নামামৃতই কেবল পান করিত। ঘ্রাণেন্দ্রিয় মহাদেবের পাদপদ্ম ভিন্ন অন্য গন্ধ আঘ্রাণ করিত না ॥ ৫৬ ॥ তদীয় কর-যুগল কেবল মহাদেবেরই পরিচর্য্যায় নিযুক্ত ছিল। চিত্ত অপর কোন ধ্যান না করিয়া কেবল মহাদেবকেই ধ্যান করিত। সুবুদ্ধি হরিকেশ, ভক্ষ্য ও পানীয় বস্তু সকল শিবকে নিবেদন করিয়া তবে তাহা ভক্ষণ এবং পান করিতেন। তিনি সকল অবস্থাতেই সকল স্থানে একমাত্র মহাদেব ভিন্ন অপর আর কিছুই দর্শন করিতেন

* স্বর্ধুনীক্লিন্নমূর্দ্ধজেতি বা।

† অন্যদ্ঘ্রাণং ন জিঘ্রতীতি বা।

ভক্ষ্যন্তে সর্ব্বভক্ষ্যাণি ত্র্যক্ষপ্রত্যক্ষগান্যপি।
সর্ব্বাবস্থাসু সর্ব্বত্র ন স পশ্যেচ্ছিবং বিনা॥ ৫৮।
গচ্ছন্ গায়ন্ স্বপন্ তিষ্ঠন্ শয়ানোঽদন্ পিবন্নপি।
পরিতস্ত্র্যক্ষমৈক্ষিষ্ট নান্যং ভাবং চিকেতি সঃ॥ ৫৯।
ক্ষণদাসু প্রসুপ্তোপি ক্ব যাসীতি বদন্মুহুঃ।
ক্ষণং ত্র্যক্ষ প্রতীক্ষস্ব বুধ্যতীতি স বালকঃ॥ ৬০।
স্পষ্টাং চেষ্টাং বিলোক্যেতি হরিকেশস্য তৎপিতা।
অশিক্ষয়ৎ সুতং সোঽথ গৃহকর্ম্মরতোভব॥ ৬১।
এতে তুরঙ্গমা বৎস তবৈতেঽশ্বকিশোরকাঃ।
চিত্রাণীমানি বাসাংসি সুদুকূলান্যমূনি চ॥ ৬২।
রত্নান্যাকরশুদ্ধানি নানাজাতীন্যনেকশঃ।
কুপ্যং বহুবিধং চৈতদ্গোধনানি মহান্তি চ॥ ৬৩।

না॥ ৫৭॥৫৮॥ শয়নে, স্বপনে, উত্থানে, গমনে, গানে, পানে, ভোজনে, এই সকল সময়ই তাঁহার মহাদেবের দর্শনজ্ঞান ব্যতীত অন্য জ্ঞান ছিল না॥ ৫৯॥ বালক হরিকেশ রাত্রিকালে নিদ্রিত হইয়াও স্বপ্নে "হে ত্রিলোচন! তুমি কোথা যাও!" এই কথা পুনঃ পুনঃ বলিতেন, "আর ক্ষণকাল প্রতীক্ষা কর!" এই বলিয়া পুনর্ব্বার জাগরিত হইতেন॥৬০॥

অনন্তর হরিকেশের পিতা পুত্রের এই সমস্ত ব্যাপার দেখিয়া তাঁহাকে এই বলিয়া শিক্ষা দিতে লাগিলেন যে, হে পুত্র! তুমি এক্ষণে গৃহকার্য্যে রত হও॥ ৬১॥ বৎস! এই সমস্ত অশ্ব, অশ্বশিশু, এই সমস্ত বিচিত্র বস্ত্র ও পট্টবস্ত্র, আকর-বিশুদ্ধ নানা জাতীয় রত্ন, বহুবিধ স্ফটিকাদি নির্ম্মিত পাত্র, বিবিধ প্রশস্ত গোধন, মহামূল্য অমত্রসকল, নানাদেশীয় ব্যবহার্য্য রৌপ্য ও কাংস্যময় পাত্র সকল, বিবিধ গন্ধদ্রব্য, বিচিত্র চামর, প্রচুর ধান্যরাশি, এবং অন্যান্য যাহা চতুর্দ্দিকে অবস্থিতি করিতেছে, এ সকলই তোমার। হে পুত্র! এক্ষণে অর্থ উপার্জ্জন ও সমগ্র বিদ্যাশিক্ষা কর॥

অমত্রাণি মহার্হাণি রৌপ্যকাংস্যময়ানি চ।
পণনীয়ানি বস্তূনি নানাদেশোদ্ভবান্যপি ॥ ৬৪।
চামরাণি বিচিত্রাণি গন্ধদ্রব্যাণ্যনেকশঃ।
এতান্যন্যানি বহুশস্ত্বনেকেধান্যরাশয়ঃ ॥ ৬৫।
এতত্ত্বদীয়ং সকলং বস্তুজাতং সমন্ততঃ।
অর্থোপার্জ্জনবিদ্যাশ্চ সর্ব্বাঃ শিক্ষস্বপুত্রক ॥ ৬৬।
চেষ্টাস্ত্যজ দরিদ্রাণাং ধূলিধূসরিণামমূঃ।
অভ্যস্য বিদ্যাঃ সকলা ভোগান্নির্ব্বিশ্য চোত্তমান্ ॥ ৬৭।
তাং দশাং চরমাং প্রাপ্য ভক্তিযোগং ততশ্চর।
অসকৃচ্ছিক্ষিতঃ পিত্রেত্যবমন্য গুরোর্গিরম্ ॥ ৬৮।
রুষ্টদৃষ্টিঞ্চ জনকং কদাচিদবলোক্য সঃ।
নির্জ্জগাম গৃহাদ্ভীতো হরিকেশ উদারধীঃ ॥ ৬৯।
ততশ্চিন্তামবাপোচ্চৈর্দিগ্‌ভ্রান্তিমপিচাপ্তবান্।
অহো বালিশবুদ্ধিত্বাৎ কুতস্ত্যক্তং গৃহং ময়া ॥ ৭০।

৬২ ॥ ৬৩ ॥ ৬৪ ॥ ৬৫ ॥ ৬৬ ॥ সম্প্রতি তুমি ধূলিধূসরিত দারিদ্রবৃত্তি পরিত্যাগ পূর্ব্বক বহুল বিদ্যাভ্যাস করিয়া উত্তমরূপ সুখভোগানন্তর বৃদ্ধ বয়সে ভক্তিযোগ অবলম্বন করিও। পিতা তাঁহাকে পুনঃ পুনঃ এইরূপ শিক্ষা প্রদান করিলেও তিনি পিতার বাক্য সকল অবজ্ঞা করিতে লাগিলেন ॥ ৬৭ ॥ ৬৮ ॥ উদার বুদ্ধি হরিকেশ একদা পিতার ক্রোধ দৃষ্টি দর্শন করিয়া ভীত হওত গৃহ হইতে বহির্গমন করিলেন ॥ ৬৯ ॥ অনন্তর হরিকেশ গৃহ হইতে বহির্গত হইয়া পথিমধ্যে দিগ্‌ভ্রান্ত হইলেন, এবং মনে মনে এইরূপ বিবেচনা করিতে লাগিলেন, হায়! কেন আমি বালক বুদ্ধিতাপ্রযুক্ত গৃহপরিত্যাগ করিলাম ॥ ৭০ ॥

ক যামি ক্ক স্থিতে শম্ভো মম শ্রেয়োভবিষ্যতি।
পিত্রা নির্ব্বাসিতশ্চাহং নচ বেদ্ম্যথ কিঞ্চন ॥ ৭১।
ইতিশ্রুতং ময়া পূর্ব্বং পিতুরুৎসঙ্গবর্ত্তিনা।
গদতস্তাতপুরতঃ কস্যচিদ্বচনং স্ফুটম্ ॥ ৭২।
মাত্রা পিত্রা পরিত্যক্তা যে ত্যক্তা নিজবন্ধুভিঃ।
যেষাং ক্কাপি গতির্নাস্তি তেষাং বারাণসী গতিঃ ॥ ৭৩।
জরয়া পরিভূতা যে যে ব্যাধিবিকলীকৃতাঃ।
যেষাং ক্কাপি গতির্নাস্তি তেষাং বারাণসী গতিঃ ॥ ৭৪।
পদে পদে সমাক্রান্তা যে বিপদ্ভিরহর্নিশম্।
যেষাং ক্কাপি গতির্নাস্তি তেষাং বারাণসী গতিঃ ॥ ৭৫।
পাপরাশিভিরাক্রান্তা যে দারিদ্র্যপরাজিতাঃ।
যেষাং ক্কাপি গতির্নাস্তি তেষাং বারাণসী গতিঃ ॥ ৭৬।
সংসারভয়ভীতা যে যে বদ্ধাঃ কর্ম্মবন্ধনৈঃ।
যেষাং ক্কাপি গতির্নাস্তি তেষাং বারাণসী গতিঃ ॥ ৭৭।

হে শম্ভো! এখন আমি কোথায় যাই, এ সময় কোথায় অবস্থান করিলেই বা আমার মঙ্গল হইবে? আমি পিতাকর্তৃক নির্ব্বাসিত হইয়াছি; সুতরাং কোন বিষয়ই আমি অবগত নহি ॥ ৭১ ॥ তবে আমি ইতিপূর্ব্বে পিতার অঙ্কে উপবিষ্ট থাকিয়া তাঁহার নিকট এই কথা শুনিয়াছিলাম যে, যাহারা পিতামাতা ও বন্ধুগণকর্ত্তৃক পরিত্যক্ত হয়, এবং যাহাদের অন্য কোন স্থানে গতি না হয়, তাহাদের কেবল বারাণসীই গতি ॥ ৭২ ॥ ৭৩ ॥ যাহারা জরা ও ব্যাধিগ্রস্ত, যাহাদের আর কোন স্থানে গতি নাই, তাহাদের কেবল বারাণসীই গতি ॥ ৭৪ ॥ যাহারা পদে পদে দিবানিশি বিপদাপন্ন থাকে, যাহাদের আর কোন গতি নাই, তাহাদের কেবল বারাণসীই গতি ॥ ৭৫ ॥ যাহারা পাপভারাক্রান্ত, যাহারা দারিদ্রকর্ত্তৃক পরাভূত, যাহাদের আর কোন স্থানে গতি নাই, তাহাদের কেবল বারাণসীই গতি ॥ ৭৬ ॥ যাহারা সংসারভয়ে সশঙ্কিত, যাহারা কর্ম্মবন্ধনে নিয়ত আবদ্ধ

শ্রুতিস্মৃতিবিহীনা যে শৌচাচারবিবর্জ্জিতাঃ ।
যেষাং ক্বাপি গতির্নাস্তি তেষাং বারাণসী গতিঃ ॥ ৭৮ ।
যেচ যোগপরিভ্রষ্টাস্তপোদানবিবর্জ্জিতাঃ ।
যেষাং ক্বাপি গতির্নাস্তি তেষাং বারাণসী গতিঃ ॥ ৭৯ ।
মধ্যেবন্ধুজনং যেষামপমানং পদে পদে ।
তেষামানন্দদৈকৈকং শম্ভোরানন্দকাননম্ ॥ ৮০ ।
আনন্দকাননে যেষাং রুচিবৈ বসতাং সতাম্ ।
বিশ্বেশানুগৃহীতানাং তেষামানন্দজোদয়ঃ ॥ ৮১ ।
ভর্জ্যন্তে কর্ম্মবীজানি যত্র বিশ্বেশবহ্নিনা ।
অতোমহাশ্মশানং তদগতীনাং পরা গতিঃ ॥ ৮২ ।
হরিকেশো বিচার্য্যেতি যাতো বারাণসীং পুরীম্ ।
যত্রাবিমুক্তে জন্তূনাং ত্যজতাং পার্থিবং তনুম্ ॥ ৮৩ ।

যাহাদের আর কোন স্থানে গতি নাই, তাহাদের কেবল বারাণসীই গতি ॥ ৭৭ ॥ যাহারা শ্রুতিস্মৃতিবিহীন, শৌচাচারবিবর্জ্জিত, যাহাদের আর কোন স্থানে গতি নাই, কেবল বারাণসীই তাহাদের গতি ॥ ৭৮ ॥ যাহারা যোগপরিভ্রষ্ট, তপস্যা ও দানবর্জ্জিত, যাহাদের আর কোন স্থানে গতি নাই, তাহাদের কেবল বারাণসীই গতি ॥ ৭৯ ॥ বন্ধুবান্ধবের মধ্যে যাহারা পদে পদে অপমানিত হয়, মহাদেবের আনন্দকাননই তাহাদের একমাত্র আনন্দপ্রদ ॥ ৮০ ॥ আনন্দকাননে বাস করিয়া যাহাদের বিশেষ প্রীতি জন্মে, বিশ্বেশ্বরের অনুগ্রহে তাহাদের নিয়তই আনন্দ উদয় হয় ॥ ৮১ ॥ যে স্থানে সমস্ত কর্ম্মবীজ বিশ্বেশ্বররূপ বহ্নিদ্বারা বিদগ্ধ হয়, সেই মহাশ্মশানই অগতি জনের পরমগতি ॥ ৮২ ॥ হরিকেশ মনে মনে এই রূপ বিবেচনা করিয়া বারাণসী গমন করিলেন ! যে অবিমুক্ত ধামে জীবগণ পার্থিব দেহ পরিত্যাগ করিলে মহাদেবের অনুগ্রহে তাহাদের পুনর্ব্বার

পুনর্নো তনুসম্বন্ধস্তনুদ্বেষিপ্রসাদতঃ।
আনন্দবনমাসাদ্য স তপঃশরণং গতঃ ॥ ৮৪ ।
অথ কালান্তরে শম্ভুঃ প্রবিশ্যানন্দকাননম্।
পার্ব্বত্যৈ দর্শয়ামাস নিজমাক্রীড়কাননম্ ॥ ৮৫ ।
অমন্দামোদমন্দারকোবিদারপরিষ্কৃতম্।
চারুচম্পকচূতাঢ্যং প্রোৎফুল্লনবমল্লিকম্ ॥ ৮৬ ।
বিকসন্মালতীজালং করবীরবিরাজিতম্।
প্রস্ফুটিৎকেতকিবনং প্রোদ্যৎকুরবকোর্জ্জিতম্ ॥ ৮৭ ।
জৃম্ভদ্বিচিকিলামোদং লসৎকঙ্কেলিপল্লবম্।
নবমল্লীপরিমলাকৃষ্টষট্পদনাদিতম্ ॥ ৮৮ ।
পুষ্পৎপুন্নাগনিকরং বকুলামোদমোদিতম্।
মেদস্বিপাটলামোদ-সদামোদিতদিঙ্মুখম্ ॥ ৮৯ ।
বহুশো লম্বিরোলম্বমালামালিতভূতলম্।
চলচ্চন্দনশাখাগ্ররমমাণপিকাকুলম্ ॥ ৯০ ।

আর দেহসম্বন্ধ হয় না, সেই স্থানে হরিকেশ গমন করিয়া তপস্যা করিতে লাগিলেন ॥ ৮৩ ॥ ৮৪ ॥

অনন্তর একদা মহাদেব আনন্দকাননে প্রবেশ করিয়া তদীয় প্রেয়সী পার্ব্বতীকে নিজ ক্রীড়াকানন দর্শন করাইতে লাগিলেন ॥ ৮৫ ॥ যে স্থান অতি উৎকৃষ্ট গন্ধযুক্ত মন্দার ও কোবিদার কুসুমে অলঙ্কৃত, যে স্থান মনোহর চম্পক, রসাল বৃক্ষ ও প্রফুল্ল নবমল্লিকায় পরিসমাকীর্ণ, যে কানন বিকসিত মালতী ও করবীর কুসুমে বিরাজিত, বিকচ কেতকী ও কুরুবক প্রসূনে পরিপূর্ণ, যে উদ্যান প্রস্ফুটিত বিচিকিল কুসুমগন্ধে আমোদিত, নবোদিত অশোকপল্লবে পরিশোভিত, যথায় নবমল্লিকার গন্ধে ভ্রমরগণ আকৃষ্ট হইয়া গুন্ গুন্ শব্দ করিতেছে, যে স্থান পুষ্পিত পুন্নাগ বৃক্ষ ও পুষ্পিত বকুল বৃক্ষে আমোদিত, সুস্নিগ্ধ পাটল পুষ্পগন্ধে

গুরুণাঽগুরুণামত্তভদ্রজাতিবিহঙ্গমম্‌ ।
নাগকেশরশাখাস্থশালভঞ্জিবিনোদিতম্‌ ॥ ৯১ ।
মেরুতুঙ্গনমেরুস্থচ্ছায়াক্রীড়িতকিন্নরম্‌ ।
কিন্নরীমিথুনোদ্গীতং গানবচ্ছুককিংশুকম্‌ ॥ ৯২ ।
কদম্বানাং কদম্বেষু গুঞ্জদ্রোলম্বযুগ্মকং ।
জিতসৌবর্ণবর্ণোচ্চ-কর্ণিকারবিরাজিতম্‌ ॥ ৯৩ ।
শালতালতমালালীহিন্তালীলকুচাবৃতম্‌ * ।
লসৎসপ্তচ্ছদামোদং খর্জ্জূরীরাজিরাজিতম্‌ ॥ ৯৪ ।
নারিকেলতরুচ্ছন্নং নারঙ্গীরাগরঞ্জিতং ।
ফলিজম্বীরনিকরং মধূকমধুপাকুলম্‌ ॥ ৯৫ ।
শাল্মলীশীতলচ্ছায়ং পিচুমন্দমহাবনম্‌ ।
মধুরাগোদদমনচ্ছন্নং মরুবনোদিতম্‌ ॥ ৯৬ ।

যে স্থানের দিঙ্মণ্ডল আমোদিত হইতেছে, যে স্থান প্রতি শাখাবিলম্বিত বহুসংখ্যক ভ্রমরমালায় সুশোভিত হইয়া রহিয়াছে, যথায় পিককুল চঞ্চল চন্দনবৃক্ষের শাখায় সুখে বিহার করিতেছে, যে স্থানে সুন্দর সুন্দর বিহগঙ্গমগণ উৎকৃষ্ট অগুরু গন্ধে প্রমোদিত হইয়া প্রমত্তভাবে বিচরণ করিতেছে, যে স্থানে শালভঞ্জিকা সকল নাগকেশর শাখায় সকৌতুকে বিরাজ করিতেছে, যে স্থানে মেরুর ন্যায় উচ্চ উচ্চ রুদ্রাক্ষ বৃক্ষের ছায়ায় কিন্নর সকল ক্রীড়া করিতেছে, যে স্থানে কিন্নরীমিথুন সুস্বরে গান করিতেছে, যে স্থানে পলাশ বৃক্ষে শুকপক্ষীগণ কলরব করিতেছে, যে স্থানে ভ্রমরযুগল কদম্ব পুষ্পে বসিয়া গুন্‌ গুন্‌ শব্দ করিতেছে, যে স্থানে সুবর্ণকান্তি অতি সুন্দর কর্ণিকার কুসুম সকল শোভা পাইতেছে, যে স্থান শাল, তাল, তমাল, হিন্তাল ও লকুচবৃক্ষে আবৃত, যে স্থান সপ্তচ্ছদ কুসুমগন্ধে আমোদিত এবং বহুল খর্জ্জুরবৃক্ষে সুশোভিত, যে স্থান নারিকেল, নাগ-

* বিদীর্ণদাড়িমফলং কদলীদলবীজিতবিতাঙ্কং কচিৎ ।

লবলীলোললীলাভৃন্মন্দমারুতলোলিতম্।
ভিল্লীহল্লীসকপ্রীতিঝিল্লীরাববিরাবিণম্॥ ৯৭॥
ক্বচিৎ সরঃপরিসরক্রীড়ৎক্রোড়কদম্বকম্।
মরালীগলনালীস্থ-বিসাসক্তসিতচ্ছদম্॥ ৯৮॥
বিশোককোকমিথুনক্রীড়াক্রেঙ্কারসুন্দরম্।
বকশাবকসঞ্চারং লক্ষ্মণাসক্তসারসম্॥ ৯৯॥
মত্তবর্হিণসংঘুষ্টং কপিঞ্জলকুলাকুলম্।
জীবঞ্জীবলসজ্জীবং ক্বণৎকারণ্ডবোৎকটম্॥ ১০০॥
দীর্ঘিকাবারিসঞ্চারিশীতমারুতবীজিতম্।
মন্দান্দোলিতকহ্লারপরাগপরিপিঙ্গলম্॥ ১০১॥
উল্লসৎপঙ্কজমুখং নীলেন্দীবরলোচনম্।
তমালকবরীভারং বিলস * দ্দাড়িমীরদম্॥ ১০২॥

রঙ্গ ও ফলবন্ত জম্বীর বৃক্ষে আকীর্ণ, যে স্থানে মধুক পুষ্পে মধুপগণ মধুপানে আকুলিত হইতেছে, যে স্থান সুশীতল শাল্মলী ও নিম্বতরুচ্ছায়ায় সুশোভিত, যে স্থান সুরম্য দমনক মরুবক বৃক্ষে আবৃত, যে স্থানে মন্দ মন্দ মারুতহিল্লোলে লবলীবৃক্ষ সকল আন্দোলিত হওয়ায় বোধ হইতেছে যেন উহারা লীলা করিতেছে, যে স্থানে শবর-সীমন্তিনীদিগের নৃত্যপ্রীতিকর ঝিল্লীরব হইতেছে, যে স্থানে সরোবরের তীরে শূকর সকল ক্রীড়া করিতেছে, সরোবরের কোন স্থানে হংসীগণ মৃণাল ভক্ষণ করিতেছে, হংসেরা তাহাতে লোলুপ হইয়া আসক্ত হইতেছে, যে স্থানে চক্রবাকমিথুন আনন্দিত হইয়া মনোহর রব করত ক্রীড়া করিতেছে, যে স্থানে বকশাবকেরা সঞ্চরণ করিতেছে, যে স্থানে সারসগণ সারসীর প্রতি আসক্ত হইতেছে, যে স্থানে প্রমত্ত ময়ূর ও বহুল কপিঞ্জল-পক্ষীতে সমাকীর্ণ, যে স্থানে জীবঞ্জীবপক্ষী সকল শব্দ করিতেছে, তচ্ছ্রবণে প্রাণীমাত্রই উল্লাসিত হইতেছে, যে স্থানে কারণ্ডবগণ উৎকট শব্দ করিতেছে,

* বিদলদিতিবা।

ভ্রমরালীলসদ্ভ্রূকং শুকনাসাবিরাজিতম্ ।
মহান্ধুশ্রবণং দূর্ব্বাশ্মশ্রুভিঃ পরিশোভিতম্ ॥ ১০৩ ।
কমলামোদনিশ্বাসং বিম্বীফলরদচ্ছদম্ ।
সুপদ্মপত্রবসনং কর্ণিকারবিভূষণম্ ॥ ১০৪ ।
কম্রকম্বুলসৎকণ্ঠং শঙ্করস্কন্ধবন্ধুরম্ ।
গন্ধসারসমাসক্তাহীনদোর্দ্দণ্ডমণ্ডিতম্ ॥ ১০৫ ।
অশোকপল্লবাঙ্গুষ্ঠং কেতকীনখরোজ্জ্বলম্ ।
লসৎকণ্ঠীরবোরস্কং গণ্ডশৈলপৃথূদরম্ ॥ ১০৬ ।
জলাবর্ত্তলসন্নাভি তরুজঙ্ঘাযুগান্বিতম্ ।
স্থলভাক্ পদ্মচরণং মত্তমাতঙ্গগামিনম্ ॥ ১০৭ ।
লসৎকদলিকেদারদলচ্চীনাংশুকাবৃতম্ ।
নানাকুসুমমালাভির্মালিতঞ্চ সমন্ততঃ ॥ ১০৮ ।

যে স্থানে দীর্ঘিকাজল হিল্লোলিত হওয়ায় অতি সুশীতল সমীরণ প্রবাহিত হইতেছে, যে স্থান মন্দ মন্দ আন্দোলিত কহ্লারকুসুমের পরাগে পিঙ্গলবর্ণ হইয়াছে, বিকসিত পঙ্কজপুষ্প যে বনের মুখ, নীল ইন্দীবর যাহার নয়ন, তমালবৃক্ষ সকল যাহার কেশপাশ, বিদীর্ণ দাড়িম্বফল যাহার দন্ত, ভ্রমরশ্রেণী যাহার ভ্রূযুগল, শুকনাসাই যাহার নাসিকা, বৃহৎ বৃহৎ কূপ যাহার কর্ণ, দূর্ব্বা সকলই যাহার শ্মশ্রু, কমলের সুগন্ধই যাহার নিশ্বাসবায়ু, সুপক্ক বিম্বফলই যাহার ওষ্ঠাধর, পদ্মপত্রই যাহার বসন, কর্ণিকারই যাহার অলঙ্কার, কমনীয় কম্বুই যাহার কণ্ঠদেশ, শঙ্করবৃক্ষই যাহার স্কন্ধ, চন্দনবৃক্ষাসক্ত সর্পরাজই যাহার দোর্দ্দণ্ড, অশোকপল্লবই যাহার অঙ্গুষ্ঠ, কেতকীপুষ্পই যাহার উজ্জ্বল নখর, সিংহরাজই যাহার বক্ষঃস্থল, গণ্ডশৈল যাহার বিশাল উদর, জলের আবর্ত্তই যাহার নাভিদেশ, তরুগণই যাহার জঙ্ঘা, স্থলপদ্মই যাহার চরণ, মত্তমাতঙ্গের গতিই যাহার গতি, বদলীক্ষেত্রে নিপতিত কদলীপত্রই যাহার

অকণ্টিততরুচ্ছন্নমহিষশ্বাপদাবৃতম্।
চন্দ্রকান্তশিলাসুপ্তকৃষ্ণহরিতোড়ুপম্॥ ১০৯।
তরুপ্রকীর্ণকুসুমজিতস্বর্লোকতারকম্।
দর্শয়ন্নিত্থমাক্রীড়ং দেব্যৈ দেবোবিশদ্বনম্॥ ১১০।

দেবদেব উবাচ।

যথা প্রিয়তমা দেবি মম ত্বং সর্ব্বসুন্দরি।
তথা প্রিয়তরঞ্চৈতন্মে সদানন্দকাননম্॥ ১১১।
অত্রানন্দবনে দেবি মৃতানাং মদনুগ্রহাৎ।
বপুস্ত্বমৃততাং প্রাপ্তমপুনর্ভবিনস্তু তে॥ ১১২।
ভবিনো যে বিপদ্যন্তে বারাণস্যাং মমাজ্ঞয়া।
তেষাং বীজানি দগ্ধানি শ্মশানজ্বলদগ্নিনা॥ ১১৩।
মহাশ্মশানে যে প্রাপ্তা দীর্ঘনিদ্রাং গিরীন্দ্রজে।
ন পুনর্গর্ভশয়নে তে স্বপন্তি কদাচন॥ ১১৪।

চীনাংশুক, কুসুমমালাই যাহার মালা, যে বন শত শত অকণ্টক তরু ও বন্যমহিষাদি শ্বাপদ সমাকীর্ণ, যে বনে চন্দ্রকান্তশিলাতলে কৃষ্ণসার মৃগ শয়ান থাকায় বোধ হইতেছে যেন চন্দ্র শশাঙ্ক নাম সার্থক করিতেছেন, তরুতলে বিকসিত কুসুম সকল নিপতিত থাকায় যে বন তারকাশোভিত গগনের ন্যায় অপূর্ব্ব শোভা ধারণ করিতেছে, দেবদেব মহাদেব দেবী ভগবতীকে সেই বন দর্শন করাইতে করাইতে ক্রীড়াকাননে প্রবেশ করিলেন॥ ৮৬—১১০॥

মহাদেব কহিলেন, দেবী সর্ব্বসুন্দরি! তুমি যেমন আমার প্রিয়তমা, সেইরূপ এই আনন্দকাননও আমার অতি প্রিয়তম॥ ১১১॥ এই আনন্দকাননে মৃত জীবগণের শরীর আমার প্রসাদে অমৃতত্ব প্রাপ্ত হয়, এবং পুনর্ব্বার আর উহারা সংসারচক্রে নিপতিত হয় না॥ ১১২॥ যে সকল জীব কাশীধামে মৃত হয়, তাহাদিগের সমস্ত কর্ম্মবীজ আমার আজ্ঞাতে কাশীরূপ অগ্নিদ্বারা দগ্ধ হইয়া যায়॥ ১১৩॥ হে নগেন্দ্রনন্দিনি! যাহারা

ব্রহ্মজ্ঞানেন মুচ্যন্তে নান্যথা জন্তবঃ ক্বচিৎ।
ব্রহ্মজ্ঞানময়ে ক্ষেত্রে প্রয়াগে বা তনুত্যজঃ॥ ১১৫।
ব্রহ্মজ্ঞানং তদেবাহং কাশীসংস্থিতিভাগিনাম্।
দিশামি তারকং প্রান্তে মুচ্যন্তে তে তু তৎক্ষণাৎ॥ ১১৬।
গৃহ্নীয়ুঃ পাপকর্ম্মাণি কাশীমৃতবিনিন্দকাঃ।
সুকৃতানি স্তুতিকৃতো মুচ্যন্তে তেঽত্র জন্তবঃ॥ ১১৭।
ব্রহ্মজ্ঞানং কুতো দেবি কলিনোপহতাত্মনাম্।
স্বভাবচঞ্চলাক্ষাণাং তদ্ব্রন্মেহ দিশাম্যহম্॥ ১১৮।
যোগিনো যোগবিভ্রষ্টাঃ পতন্ত্যৈশ্বর্য্যমোহিতাঃ।
কাশ্যাং পতিত্বা ন পুনঃ পতন্ত্যপি মহালয়ে॥ ১১৯।
ব্রহ্মজ্ঞানং ন বিন্দন্তি যোগৈরেকেন জন্মনা।
জন্মনৈকেন মুচ্যন্তে কাশ্যামন্তকৃতো জনাঃ॥ ১২০।

মহা শ্মশানে অর্থাৎ কাশীধামে মহানিদ্রা প্রাপ্ত হয়, তাহারা আর কদাচ গর্ভযন্ত্রণা ভোগ করে না॥ ১১৪॥ ব্রহ্মজ্ঞানময়ী কাশী অথবা প্রয়াগ-ক্ষেত্রে শরীর ত্যাগ করিলে জীব সকল ব্রহ্মজ্ঞান দ্বারা নিশ্চয়ই মুক্তি লাভ করে॥ ১১৫॥ আমি কাশীনিবাসী ব্যক্তিদিগকে অন্তকালে ব্রহ্মজ্ঞানরূপ তারকমন্ত্র উপদেশ করিয়া থাকি, এবং তাহাতেই তাহারা তৎক্ষণাৎ সংসারবন্ধন হইতে বিমুক্ত হয়॥ ১১৬॥ যাহারা কাশীমৃত ব্যক্তিদিগকে নিন্দা করে, সেই সকল মূঢ়েরাই অশেষ পাপভোগী হয়, এবং যাঁহারা উহাদিগকে স্তুতি করেন, তাঁহারাই এই স্থানে মুক্তি লাভ করেন॥ ১১৭॥ হে দেবি! স্বভাবত চপলনয়ন ও কলিকর্তৃক জ্ঞান-ভ্রষ্ট জীবগণের ব্রহ্মজ্ঞান লাভ কোনরূপেই হইতে পারে না, সেই নিমিত্ত আমি এই স্থানে তাহাদিগকে ব্রহ্মজ্ঞান উপদেশ করিয়া থাকি॥ ১১৮॥ ঐশ্বর্য্যমোহিত যোগিগণ যোগ ভ্রষ্ট ও পতিত হইয়া থাকেন, কিন্তু নির্ব্বাণক্ষেত্র কাশীতে পতিত হইলে পুনর্ব্বার তাহাদিগকে সংসারে পতিত হইতে হয় না॥ ১১৯॥ যোগদ্বারা এক জন্মে কখনই ব্রহ্মজ্ঞান

যথেহ মুচ্যতে জন্তুর্গিরিজে মদনুগ্রহাৎ।
অবিমুক্তে মহাক্ষেত্রে ন তথান্যত্র কুত্রচিৎ ॥ ১২১।
বহুজন্মসমভ্যাসাদ্‌যোগী মুচ্যেত বা ন বা।
মৃতমাত্রো বিমুচ্যেত কাশ্যামেকেন জন্মনা ॥ ১২২।
ন সিধ্যতি কলৌ যোগো ন সিধ্যতি কলৌ তপঃ।
ন্যায়ার্জ্জিতধনোৎসর্গঃ সদ্যঃ সিধ্যেৎ কলৌ নরঃ॥ ১২৩।
ন ব্রতং ন তপো নেজ্যা ন জপো ন সুরার্চ্চনম্‌।
দানমেব কলৌ মুক্ত্যৈ কাশীদানৈরবাপ্যতে ॥ ১২৪।
কলৌ বিশ্বেশ্বরো দেবঃ কলৌ বারাণসী পুরী।
কলৌ ভাগীরথী গঙ্গা কলৌ দানং বিশিষ্যতে ॥ ১২৫।
গঙ্গোত্তরবহা কাশ্যাং লিঙ্গং বিশ্বেশ্বরং মম।
উভে বিমুক্তিদে পুংসাং প্রাপ্যে দানবলাৎ কলৌ ॥ ১২৬।

লাভ করিতে সমর্থ হয় না, কিন্তু কাশীমৃত জীবগণ এক জন্মেই ব্রহ্মজ্ঞান আশ্রয় করিয়া অনায়াসে মুক্তিলাভ করিতে পারেন ॥ ১২০ ॥ হে গিরিরাজনন্দিনি! জীবগণ এই মহাক্ষেত্র অবিমুক্ত ধামে যেরূপ মুক্তিলাভ করে, সেইরূপ অন্য কোন স্থানে লাভ করিতে পারে না ॥ ১২১ ॥ যোগীগণ জন্মে জন্মে যোগাভ্যাস করিয়াও মুক্তিলাভ করিতে পারেন কি না সন্দেহ, কিন্তু কাশীধামে জীবগণ মরণ মাত্রেই অনায়াসে মুক্তিলাভ করিয়া থাকে ॥ ১২২ ॥ কলিযুগে যোগ বা তপস্যা সিদ্ধিদায়ক নহে, কিন্তু ন্যায়োপার্জ্জিত ধনদানই কেবল কলিযুগে মনুষ্যদিগের একমাত্র সিদ্ধির কারণ হয়॥ ১২৩॥ কলিতে ব্রত, তপস্যা, জপ ও দেবতার্চ্চন, এ সমস্ত কিছুই মুক্তির কারণ নহে, কেবল কাশীক্ষেত্রে একমাত্র দানই মুক্তির কারণ ॥ ১২৪॥ কলিতে বিশ্বেশ্বরদেব, বারাণসীপুরী, ভাগীরথীগঙ্গা ও ন্যায়ার্জ্জিত ধনদান এই চারিটীই সর্ব্বোৎকৃষ্ট ॥ ১২৫ ॥ কাশীতে উত্তরবাহিনী গঙ্গা ও

পুণ্যবানিতরোবাপি মম ক্ষেত্রস্য সেবয়া।
মুক্তোভবতি দেবেশি নাত্রকার্য্যা বিচারণা॥ ১২৭।
অবিমুক্তস্য মাহাত্ম্যাৎ পুণ্যপাপে ন কর্ম্মণা।
দেবি প্রভবতঃ পুংসামপি জন্মশতার্জ্জিতে॥ ১২৮।
অবিমুক্তং ন মোক্তব্যং তস্মাদ্দেবি মুমুক্ষুণা।
হন্যমানেন বহুধা হ্যুপসর্গশতৈরপি॥ ১২৯।
বিধায় ক্ষেত্রসন্ন্যাসং যে বসন্তীহ মানবাঃ।
জীবন্মুক্তাস্তু তে দেবি তেষাং বিঘ্নং হরাম্যহম্॥ ১৩০।
ন যোগিনাং হৃদাকাশে ন কৈলাসে ন মন্দরে।
তথা বাসরতির্মেঽস্তি যথা কাশ্যাং রতির্মম॥ ১৩১।
কাশীবাসিজনো দেবি মম গর্ভে বসেৎ সদা।
অতস্তং মোচয়াম্যন্তে প্রতিজ্ঞেয়ং যতো মম॥ ১৩২।

মুক্তির কারণ হয়॥ ১২৬॥ হে দেবেশি! কি পুণ্যাত্মা, কি পাপিষ্ঠ, যে কেহই হউক, আমার ক্ষেত্র আশ্রয় করিলে অবশ্যই মুক্তিলাভ করিবে সন্দেহ নাই॥ ১২৭॥ হে দেবি! অশেষ জন্মার্জ্জিত পাপ এবং পুণ্য এই উভয়ই কর্ম্মদ্বারায় জীবগণের প্রতি প্রভুত্ব করিয়া থাকে, কিন্তু এই অবিমুক্ত ধামের মাহাত্ম্যহেতু সেই পাপ ও পুণ্য কখনই কর্ম্মদ্বারায় জীবগণের প্রতি প্রভুত্ব করিতে সক্ষম হয় না॥ ১২৮॥ অতএব হে দেবি! নানাবিধ উপদ্রবে উপদ্রুত হইলেও মুমুক্ষু ব্যক্তির অবিমুক্ত ধাম কদাচ পরিত্যাগ করা কর্ত্তব্য নহে॥ ১২৯॥ হে দেবি! যে সকল জীব সন্ন্যাসধর্ম্ম অবলম্বন করিয়া এই স্থানে বাস করে, তাহারাই জীবন্মুক্ত হয়। এবং তাহাদিগের সকল বিঘ্ন আমি বিনষ্ট করি॥ ১৩০॥ কাশীধামে বাস করিতে আমার যেরূপ প্রীতি হয়, যোগীদিগের হৃদয়াকাশে, কৈলাসে এবং মন্দরপর্ব্বতেও আমার সেরূপ প্রীতি হয় না॥ ১৩১॥ হে দেবি! কাশীস্থ প্রাণী মাত্রই আমার প্রাণ হইতেও প্রিয়, এই জন্যই সেই কাশীবাসীগণকে আমি অন্তকালে মুক্ত করিয়া

তামসীং প্রকৃতিং প্রাপ্য কালো ভূত্বা চরাচরম্।
গ্রসামি লীলয়া দেবি কাশীং রক্ষামি যত্নতঃ ॥ ১৩৩।
প্রেমপাত্রদ্বয়ং দেবি নিতরাং নেতরন্মম।
ত্বং বা তপোধনে গৌরি কাশী বানন্দভূমিকা ॥ ১৩৪।
বিনা কাশীং ন মে স্থানং বিনা কাশীং ন মে রতিঃ।
বিনা কাশীং ন নির্ব্বাণং সত্যং সত্যং বদাম্যহম্ ॥ ১৩৫।
ব্রহ্মাণ্ডগোলকে যদ্বন্মুক্তিঃ কাশ্যাং ব্যবস্থিতা।
অষ্টাঙ্গযোগযুক্ত্যা বা ন তথা হেলয়াঽন্যতঃ ॥ ১৩৬।
ইতিব্রুবাণো দেবেশো হরিকেশমবৈক্ষত।
মধ্যেবনং তপস্যন্তমশোকতরুমূলগং ॥ ১৩৭।
শুষ্কস্নায়ুপিনদ্ধাস্থিসঞ্চয়ং নিশ্চলাকৃতিম্।
বল্মীককীটকাকোটিশোষিতাসৃগসৃগ্ধরম্ ॥ ১৩৮।

থাকি, এই আমার প্রতিজ্ঞা ॥ ১৩২ ॥ হে দেবি! কাশীধাম আমার গর্ভভূতা, সেই হেতু আমি লীলাদ্বারা তামসী প্রকৃতি অবলম্বন পূর্ব্বক কালরূপী হইয়া এই চরাচরকে গ্রাস করি; কিন্তু কাশীধাম আমি যত্নসহকারে রক্ষা করিয়া থাকি ॥ ১৩৩ ॥ হে দেবি! হে তপোধনে! হে গৌরি! আনন্দক্ষেত্র কাশীধাম এবং তুমি, এই উভয়ই আমার প্রেমপাত্র, এতদ্ভিন্ন আর কিছুই আমার প্রিয় নহে ॥ ১৩৪ ॥ হে দেবি! আমি তোমাকে সত্য সত্য কহিতেছি, কাশীভিন্ন আমার স্থান নাই, কাশীব্যতীত আর কোন স্থানে আমার প্রীতি নাই, কাশী বিনা নির্ব্বাণ হইবারও উপায় নাই ॥ ১৩৫ ॥ ব্রহ্মাণ্ডমধ্যে কাশীধামে অনায়াসে যেরূপ মুক্তিলাভ হইয়া থাকে, অন্যত্র অষ্টাঙ্গ যোগাভ্যাসেও সেরূপ মুক্তিলাভ হয় না ॥ ১৩৬ ॥ মহাদেব এইরূপ বলিতে বলিতে বনমধ্যে অশোকতরুমূলাস্থিত তপঃপরায়ণ হরিকেশকে দর্শন করিলেন ॥ ১৩৭ ॥ তাঁহার শরীর নিশ্চল; এবং শত শত বল্মীক কীট তাঁহার শিরার শোণিত সকল পান করায় কেবল শুষ্কস্নায়ু-

নির্ম্মাংসকীকসচয়ং স্ফটিকোপলনিশ্চলম্।
শঙ্খকুন্দেন্দুতুহিনমহাশঙ্খলসচ্ছ্রিয়ম্॥ ১৩৯।
সত্ত্বাবলম্বিতপ্রাণমায়ুঃশেষেণ রক্ষিতম্।
নিশ্বাসোচ্ছ্বাসপবনবৃত্তিসূচিতজীবিতম্॥ ১৪০।
নিমেষোন্মেষসঞ্চার-পিশুনীকৃতজন্তুকম্।
পিঙ্গতারস্ফুরদ্রশ্মি-নেত্রদীপিতদিঙ্মুখম্॥ ১৪১।
তত্তপোঽগ্নিশিখাদাবচুম্বিতং ম্লানকাননম্।
তৎসৌম্যদৃক্সুধাবর্ষং সংসিক্তাখিলভূরুহম্॥ ১৪২।
সাক্ষাত্তপস্যন্তমিব তপো ধৃত্বা নরাকৃতিম্।
নিরাকৃতিং নিরাকাঙ্ক্ষং কৃত্বা ভক্তিঞ্চ কাঞ্চন॥ ১৪৩।
কুরঙ্গশাবৈর্গণশো ভ্রমদ্ভিঃ পরিবারিতম্।
নিতান্তভীষণাস্যৈশ্চ পঞ্চাস্যৈঃ পরিরক্ষিতম্॥ ১৪৪।

দ্বারায় অস্থিমাত্র বদ্ধ রহিয়াছে॥ ১৩৮॥ স্ফটিক মণির ন্যায় নিশ্চল সেই হরিকেশের মাংসহীন অস্থি সকল শঙ্খকুন্দেন্দু-তুষার ও মহাশঙ্খের সদৃশ শোভা ধারণ করিতেছে॥ ১৩৯॥ তাঁহার নিশ্বাসপ্রশ্বাস নির্গত হওয়াতেই তাঁহাকে যেন জীবিত বলিয়া বোধ হয়, এবং তিনি যেন প্রারব্ধ কর্ম্ম ক্ষয় করিবার নিমিত্তই অন্তঃকরণে প্রাণবায়ুকে আশ্রয় দিয়াছেন॥ ১৪০॥ যাঁহার পিঙ্গলবর্ণ তারকযুক্ত নয়নরশ্মিতে দিঙ্মণ্ডল উদ্দীপ্ত হইতেছে, এবং যিনি নিমেষ-উন্মেষ সঞ্চারে অরণ্যস্থিত জন্তুগণের ব্যাধবুদ্ধির কারণ হইতেছেন॥ ১৪১॥ যাঁহার তপস্যারূপ দাবানলে অরণ্য ম্লান হইতেছে, এবং পুনর্ব্বার যাঁহার সৌম্য দর্শনরূপ সুধাবর্ষণে সংসিক্ত হইয়া অরণ্যস্থিত তরুগণ সুস্নিগ্ধতা লাভ করিতেছে॥ ১৪২॥ যিনি নিরাকাঙ্ক্ষ হইয়া নিষ্কাম ভক্তিসহকারে অত্যুগ্র তপস্যা করিতেছেন, তদ্দর্শনে বোধ হইতেছে যেন, সাক্ষাৎ তপস্যাই নরাকার ধারণ করিয়া তপস্যায় নিমগ্ন হইয়াছেন॥ ১৪৩॥ যিনি ভ্রমণশীল শতশত কুরঙ্গশাবক কর্ত্তৃক পরিবেষ্টিত আছেন, এবং যিনি শতশত ভীষণবদন সিংহকর্ত্তৃক

তং তথাভূতমালোক্য দেবী দেবং ব্যজিজ্ঞপৎ।
বরেণ চ্ছন্দয়েশামুং নিজভক্তং তপস্বিনম্॥ ১৪৫।

ত্বদেকচিত্তং ত্বদধীনজীবিতং
ত্বদেককর্ম্মাণমমুং ত্বদাশ্রয়ম্।
তীব্রৈস্তপোভিঃ পরিশুষ্কবিগ্রহং
কুরুষ্ব যক্ষস্য বরৈরনুগ্রহম্॥ ১৪৬।
দেবো বৃষেন্দ্রাদবরুহ্য দেব্যা
শৈলাদিনা দত্তকরাবলম্বঃ।
সমাধিসঙ্কোচিতনেত্রপত্রং
পস্পার্শ হস্তেন দয়াদ্র্চেতাঃ॥ ১৪৭।
ততঃ স যক্ষো বিনিমীল্য চক্ষুষী-
ত্র্যক্ষং পুরোবীক্ষ্য সমক্ষমাত্মনঃ।
উদ্যৎসহস্রাংশুসহস্রতেজসং
জগাদ হর্ষাকুলগদ্গদাক্ষরম্॥ ১৪৮।

পরিরক্ষিত হইতেছেন॥ ১৪৪॥ ভগবতী হরিকেশকে এইরূপ দর্শন করিয়া মহাদেবকে কহিলেন, হে ঈশ! ত্বদীয় ভক্ত এই তপস্বী হরিকেশকে বর প্রদান করিয়া ইহাঁর মনোভিলাষ পূর্ণ করুন॥ ১৪৫॥ এই হরিকেশ তীব্র তপস্যাদ্বারা দেহ শুষ্ক করত আপন মনঃ প্রাণ এবং ক্রিয়াকলাপ সমুদয়ই তোমাতে সমর্পণ করিয়া তোমারই আশ্রয় গ্রহণ করিয়াছে, অতএব বরদান করিয়া এই যক্ষরাজকে অনুগ্রহ করুন॥ ১৪৬॥ মহাদেব ভগবতীর এই কথা শুনিয়া নন্দীর হস্ত ধারণ পূর্ব্বক বৃষ হইতে অবতীর্ণ হইলেন, এবং দয়ার্দ্র চিত্তে সমাধিসঙ্কুচিত-নয়ন হরিকেশকে হস্ত দ্বারা স্পর্শ করিলেন॥ ১৪৭॥

অনন্তর যক্ষরাজ নয়নদ্বয় উন্মীলন করিয়া অগ্রভাগে সেই সহস্রসূর্য্যের ন্যায় তেজঃপুঞ্জ কলেবর মহাদেবকে নিরীক্ষণ করিয়া সহর্ষে গদ্গদস্বরে কহিলেন, হে ঈশ! হে শম্ভো! হে গিরিজেশ! হে শঙ্কর! হে ত্রিশূল-

জয়েশ শম্ভো গিরিজেশ শঙ্কর
ত্রিশূলপাণে শশিখণ্ডশেখর ।
স্পর্শং কৃপালো তব পাণিপঙ্কজং
প্রাপ্যায়মীত্ত্বতনূলতোঽভবম্ ॥ ১৪৯ ।
শ্রুত্বোদিতাং তস্য মহেশ্বরো গিরং
মৃদ্বীকয়া সাম্যমুপেয়ুষীং মৃদু ।
ভক্তস্য ধীরস্য মহাতপোনিধে-
র্দদৌ বরাণাং নিকরং তদা মুদা ॥ ১৫০ ।
ক্ষেত্রস্য যক্ষাস্য মম প্রিয়স্য ভো
ভবাধুনা দণ্ডধরো বরান্মম ।
স্থিরস্ত্বমদ্যাদি দুরাত্মদণ্ডকোঽ-
নুপালকঃ পুণ্যকৃতাঞ্চ মৎপ্রিয়ঃ ॥ ১৫১ ।
ত্বং দণ্ডপাণির্ভব নামতোঽধুনা
সর্ব্বান্ গণান্ শাধি মমাজ্ঞয়োৎকটান্ ।
গণাবিমৌ ত্বামনুযায়িনৌ সদা
নাম্না যথার্থৌ নৃষু সম্ভ্রমোদ্ভ্রমৌ ॥ ১৫২ ।

পাণে ! হে শশিখণ্ডশেখর ! হে কৃপাময় ! আপনি সর্ব্বোৎকৃষ্ট, আপনার করপদ্ম স্পর্শ করিয়া আমার অঙ্গবল্লী অমৃতরসে অভিষিক্ত হইল ॥ ১৪৮ ॥ ১৪৯ ॥ মহাদেব ধীরপ্রকৃতি তপোনিধি সেই ভক্ত হরিকেশের দ্রাক্ষা-রসতুল্য মৃদুবাক্য শ্রবণমাত্র হৃষ্টচিত্ত হইয়া এইপ্রকার বরনিকর প্রদান করিলেন ॥ ১৫০ ॥ হে হরিকেশ ! তুমি এক্ষণে আমার বরে আমার এই প্রিয়ক্ষেত্র কাশীধামে দণ্ডধর হও, এবং অদ্য হইতে তুমি স্থিরভাবে দুরাত্মাদিগের দণ্ডবিধান ও পুণ্যাত্মাদিগের পালন কর ॥ ১৫১ ॥ তুমি এক্ষণে আমার আদেশানুসারে এই উৎকট প্রমথগণকে শাসন কর, এবং যাহারা মনুষ্যদিগের বিশেষ ভ্রম জন্মাইয়া আত্ম নাম সার্থক করে, সেই

ত্বমন্ত্যভূষাং কুরু কাশিবাসিনাং
গলে সুনীলাং ভুজগেন্দ্রকঙ্কণাম্।
ভালে সুনেত্রাং করিকৃত্তিবাসসং
বামেক্ষণালক্ষিতবামভাগাম্ ॥ ১৫৩।
মৌলৌ লসৎপিঙ্গকপর্দ্দভারিণীং
বিভূতিসংক্ষালিতপুণ্যবিগ্রহাম্।
অহো হিমাংশোঃ কলয়া লসচ্ছিয়ং
বৃষেন্দ্রলীলাগতিমন্দগামিনীম্ ॥ ১৫৪।
ত্বমন্নদঃ কাশিনিবাসিনাং সদা
ত্বং প্রাণদো জ্ঞানদ একএবহি।
ত্বং মোক্ষদো মন্মুখসূপদেশত-
স্ত্বং নিশ্চলাং সদ্গতিং বিধাস্যসি ॥ ১৫৫।
ত্বং বিঘ্নপূগৈঃ পরিপীড্য পাপিনঃ
সম্ভ্রান্তিমুৎপাদ্য বিনেষ্যসে বহিঃ।
আনীয় ভক্তান্ ক্ষণতোপি দূরতো
মুক্তিং পরাং দাপয়িতাসি পিঙ্গল ॥ ১৫৬।

সম্ভ্রম ও উদ্ভ্রম নামক গণদ্বয় সর্ব্বদা তোমার অনুগামী হইবে ॥ ১৫২ ॥ তুমি কাশীবাসীদিগের অন্তিম কালে এই সকল আভরণ প্রদান করিও। গলদেশে নীলিমা, হস্তে ভুজগেন্দ্রকঙ্কণ, কপালে লোচন, কটিদেশে গজচর্ম্ম, বামভাগে বামনয়না, মস্তকে পিঙ্গলবর্ণ জটাভার, শরীরে বিভূতি, ললাটে চন্দ্রকলা, এবং বাহনের নিমিত্ত মন্দগতি সুন্দর এক বৃষেন্দ্র ॥ ১৫৩ ॥ ১৫৪ ॥ তুমি কেবল কাশীবাসীদিগের একমাত্র অন্ন ও প্রাণপ্রদ, জ্ঞানদাতা, এবং তুমি আমার উপদেশক্রমে উহাদিগকে সদ্গতি ও মোক্ষ প্রদান করিবে ॥ ১৫৫ ॥ হে হরিকেশ! তুমি পাপাত্মদিগকে বহু বিঘ্ন দ্বারা পরিপীড়ন এবং তাহাদিগের ভ্রান্তি উৎপাদন করিয়া ক্ষেত্র হইতে বহিষ্কৃত করিবে। ভক্তদিগকে দূর হইতে ক্ষণমধ্যে

ত্বৎসাৎকৃতে ক্ষেত্রবরে হি যক্ষরাট্
কস্ত্বামনারাধ্য বিমুক্তিভাজনম্।
সভাজনং পূর্ব্বতএব তে চরেৎ
ততঃ সমর্চ্চাং মম ভক্ত আচরেৎ॥ ১৫৭।
ত্বং গ্রামবাসপ্রদএব মে পুরেহ-
ধ্যক্ষস্ত্বমেধীহ চ দণ্ডনায়ক।
দুষ্টান্ সমুদ্ঘাটয় কাশিবৈরিণঃ
কাশীং পুরীং রক্ষ সদা মুদান্বিতঃ॥ ১৫৮।
পূর্ণভদ্রসুত দণ্ডনায়ক
ত্র্যক্ষযক্ষ হরিকেশ পিঙ্গল।
কাশিবাসবসতাং সদান্নদ
জ্ঞানমোক্ষদ গণাগ্রণীর্ভব॥ ১৫৯।
মদ্ভক্তিযুক্তোপি বিনা ত্বদীয়াং
ভক্তিং ন কাশীবসতিং লভেত।
গণেষু দেবেষু হি মানবেষু
তদগ্রমান্যো ভব দণ্ডপাণে॥ ১৬০।

মুক্তিক্ষেত্রে আনয়ন করিয়া কৈবল্য প্রদান করিবে॥ ১৫৬॥ হে যক্ষরাজ! যখন এই ক্ষেত্র তোমার অধীন হইয়াছে, তখন কোন ব্যক্তি অগ্রে তোমার আরাধনা না করিয়া মুক্তিভাজন হইতে পারিবে না; অতএব আমার ভক্তগণ অগ্রে তোমার পূজা করিয়া পশ্চাৎ আমার পূজা করিবে॥ ১৫৭॥ হে দণ্ডনায়ক! তুমি আমার এই কাশীক্ষেত্রে গ্রামবাসপ্রদ ও অধ্যক্ষ হও। এবং কাশীবৈরী দুরাত্মদিগকে বহিষ্কার করিয়া আনন্দ সহকারে নিয়ত কাশীকে রক্ষা কর॥ ১৫৮॥ হে পূর্ণভদ্রনন্দন! হে যক্ষরাজ! হে দণ্ডনায়ক হে ত্রিলোচন! হে পিঙ্গল! হে হরিকেশ! তুমি সমস্ত গণাগ্রণী হইয়া কাশীবাসীদিগকে নিয়ত অন্ন, জ্ঞান ও মোক্ষ প্রদান কর॥ ১৫৯॥ হে দণ্ড-

জ্ঞানোদতীর্থে বিহিতোদকক্রিয়ো-
যস্ত্বাং সমারাধয়িতা গণেশম্।
সত্রৈব লোকে কৃতকৃত্যতামগাৎ
মমাতুলানুগ্রহতোঽত্র পুণ্যবান্॥ ১৬১।
ত্বং দক্ষিণস্যাং দিশি দণ্ডপাণে
সদৈব মে নেত্রসমক্ষমত্র।
ত্বং দণ্ডয়ন্ প্রাণভৃতো দুরীহান্
ইহাস্ব * নৃন্ স্বানভয়ং দিশন্ বৈ॥ ১৬২।

স্কন্দ উবাচ।

ইতি দত্ত্বা বরান্ বিপ্র গিরীশো দণ্ডপাণয়ে।
বৃষেন্দ্রমধিরুহ্যাথ বিবেশানন্দকাননম্॥ ১৬৩।
কুম্ভোদ্ভব তদারভ্য যক্ষরাড়্ দণ্ডনায়কঃ।
পুরীং বারাণসীং সম্যগনুশাস্তি নিদেশতঃ॥ ১৬৪।

পাণে! মনুষ্যেরা মদীয়ভক্তিমন্ত হইলেও ত্বদীয় ভক্তি ব্যতিরেকে কদাচ কাশীবাস করিতে পারিবে না; অতএব কি গণ, কি দেবতা, কি মনুষ্য, এই সকলের মধ্যে তুমিই অগ্রে মাননীয় হইবে॥ ১৬০॥ হে গণেশ্বর! যে ব্যক্তি জ্ঞানোদতীর্থে উদককার্য্য সমাধা করিয়া তোমার আরাধনা করে, সেই পুণ্যাত্মাই আমার অতুল অনুগ্রহে এই কাশীক্ষেত্রে কৃতার্থতালাভ করিয়া থাকে॥ ১৬১॥ হে দণ্ডপাণে! তুমি এই কাশীধামে দুশ্চেষ্ট প্রাণীদিগের দণ্ড এবং ভক্তগণকে অভয় প্রদান করিয়া আমার দক্ষিণভাগে নয়নসমক্ষে অবস্থিতি কর॥ ১৬২॥

স্কন্দ কহিলেন, হে বিপ্র! মহাদেব, দণ্ডপাণি হরিকেশকে এই সকল বর দিয়া বৃষে আরোহণপূর্ব্বক আনন্দকাননে প্রবেশ করিলেন॥ ১৬৩॥ হে কুম্ভযোনে! তদবধি যক্ষরাজ দণ্ডনায়ক, মহাদেবের আদেশানুসারে এই বারা-

* নিবাসিতি বা।

অহমপ্যত্র বসতিং চক্রে তদনুস্মৃয়য়া।
বসন্নপি ময়া কাশ্যাং স্বতঃ সম্ভাবিতো ন সঃ ॥ ১৬৫।
মুনে ক্ষেত্রং যদত্যাক্ষীস্ত্বমপ্যেবম্বিধো বশী।
শঙ্কে তত্রাহমেবাদ্ধা কামং তস্যৈব বিক্রিয়াম্‌ ॥ ১৬৬।
মনাগ্‌ বিরুদ্ধাচরণং যদি দ্বিজ * বিলক্ষয়েৎ।
হরিকেশস্তদা কাশ্যাং ক স্থিতিঃ ক চ নির্ব্বৃতিঃ ॥ ১৬৭।
দণ্ডপাণিমনারাধ্য কঃ কাশ্যাং সুখমাপ্নুয়াৎ।
প্রবিবিক্ষুরহং কাশীং দূরগোঽপি ভজামি তম্‌ ॥ ১৬৮।
রত্নভদ্রাঙ্গজোদ্ভূত পূর্ণভদ্রেস্বতোত্তম।
নির্ব্বিঘ্নং কুরু মে যক্ষ কাশীবাসং শিবাপ্তয়ে ॥ ১৬৯।
ধন্যো যক্ষঃ পূর্ণভদ্রো ধন্যা কাঞ্চনকুণ্ডলা।
যয়োর্জ্জঠরপাঠৈভূর্দণ্ডপাণে মহামতে ॥ ১৭০।

শসীপুরীস্থ দুরাত্মাদিগকে শাসন করিতেছেন ॥ ১৬৪ ॥ আমি অসূয়াবশত তাঁহাকে বিশেষ ভক্তি করি নাই; সেইজন্য কাশীবাসী হইয়াও আমাকে এই স্থানেঅবস্থিতি করিতে হইতেছে ॥ ১৬৫ ॥ হে মুনিবর! তুমি যখন এরূপ জিতেন্দ্রিয় হইয়াও কাশীপরিত্যাগী হইয়াছ, তখন বোধ হয় যে, সেই দণ্ড-পাণিই তোমার প্রতি প্রতিকূল হইয়া থাকিবেন ॥ ১৬৬ ॥ হে দ্বিজ! সেই হরিকেশ যদি অল্প মাত্রও কাহার বিরুদ্ধাচরণ দেখেন, তাহা হইলে তাহার কাশীধাম ও কৈবল্য লাভ কিছুতেই সম্ভবে না ॥ ১৬৭ ॥ অগ্রে দণ্ডপাণিকে আরাধনা না করিলে কোন ব্যক্তি কাশীতে সুখলাভে সমর্থ হয় না, দেখ দূরস্থিত হইয়াও পুনর্ব্বার কাশী প্রবেশ মানসে তাঁহাকে এই বলিয়া আরাধনা করিতেছি যে, হে রত্নভদ্রাঙ্গজোদ্ভূত! হে পূর্ণভদ্র-সুত! হে যক্ষরাজ! যাহাতে আমার মোক্ষোপায় কাশীবাস নির্ব্বিঘ্নে লাভ হয় আপনি তাহাই করুন। হে মহামতে দণ্ডপাণে! ত্বদীয় পিতা যক্ষরাজ

* সলক্ষয়েদিতিবা।

জয় যক্ষপতে ধীর জয় পিঙ্গললোচন।
জয় পিঙ্গজটাভার জয় দণ্ডমহায়ুধ॥ ১৭১॥
অবিমুক্তমহাক্ষেত্র সূত্রধারোগ্রতাপস।
দণ্ডনায়ক ভীমাস্য জয় বিশ্বেশ্বরপ্রিয়॥ ১৭২।
সৌম্যানাং সৌম্যবদন ভীষণানাং ভয়ানক।
ক্ষেত্রপাপধিয়াং কাল মহাকালমহাপ্রিয়॥ ১৭৩।
জয় প্রাণদ যক্ষেন্দ্র কাশীবাসান্নমোক্ষদ।
মহারত্নস্ফুরদ্রশ্মিচয়চর্চ্চিতবিগ্রহ॥ ১৭৪।
মহাসম্ভ্রান্তিজনক মহোদ্ভ্রান্তিপ্রদায়ক।
অভক্তানাঞ্চ ভক্তানাং সম্ভ্রান্ত্যুদ্ভ্রান্তিনাশক॥ ১৭৫।
প্রান্তনেপথ্যচতুর জয় জ্ঞাননিধিপ্রদ।
জয় গৌরীপদাব্জালে * মোক্ষেক্ষণবিচক্ষণ॥ ১৭৬।

পূর্ণভদ্র ও ত্বদীয় জননী কাঞ্চনকুণ্ডলা উভয়ই ধন্য যে হেতু তুমি তাঁহাদের ঔরসে জন্ম গ্রহণ করিয়াছ। হে যক্ষপতে! হে ধীর! হে পিঙ্গললোচন! হে পিঙ্গলজটাভার! হে দণ্ডমহায়ুধ! তোমার জয়, অর্থাৎ তুমি সর্ব্বোৎকৃষ্ট হইয়া বিরাজ কর। হে দণ্ডনায়ক! তুমি কঙ্কাল-বদন ও উগ্রতাপস হইয়া এই অবিমুক্ত মহাক্ষেত্রের সূত্রধার এবং বিশ্বেশ্বরের প্রিয় হইয়া বিরাজ করিতেছ, অতএব তোমার জয়। হে মহাকালপ্রিয়! সজ্জনেরা তোমাকে সুন্দরবদন, ও ভীষণ ব্যক্তিরা তোমাকে ভয়ানক এবং কাশীস্থিত পাপবুদ্ধি মূঢ়েরা তোমাকে কালস্বরূপ দর্শন করিয়া থাকে। হে যক্ষেন্দ্র তুমি কাশীবা-সীদিগের অন্ন ও প্রাণপ্রদ, এবং তুমি অন্তকালে তাহাদিগকে মোক্ষ প্রদান করিয়া থাক। তোমার অঙ্গস্থিত মহারত্নের প্রভায় স্বীয় শরীরকে কতই অলঙ্কৃত করিয়াছ, অতএব তোমার জয়। তুমি অভক্ত-

* মোক্ষেষণ বিচক্ষণ ইতিবা।

যক্ষরাজাষ্টকং পুণ্যমিদং নিত্যং ত্রিকালতঃ।
জপামি মৈত্রাবরুণে বারাণস্যাপ্তিকারণম্ ॥ ১৭৭ ॥
দণ্ডপাণ্যষ্টকং ধীমান্ জপন্ বিঘ্নৈর্ন জাতুচিৎ।
শ্রদ্ধয়া পরিভূয়েত কাশীবাসফলং লভেৎ ॥ ১৭৮ ॥
প্রাদুর্ভাবং দণ্ডপাণেঃ শৃণ্বন্ স্তোত্রমিদং * গৃণন্।
বিপত্তিমন্যতঃ প্রাপ্য কাশীং জন্মান্তরে লভেৎ ॥ ১৭৯ ॥
শ্রুত্বাধ্যায়মিমং পুণ্যং দণ্ডপাণিসমুদ্ভবম্।
পঠিত্বা পাঠয়িত্বাপি ন বিঘ্নৈরভিভূয়তে ॥ ১৮০ ॥

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে দণ্ডপাণিপ্রাদুর্ভাবো-
নাম দ্বাত্রিংশোঽধ্যায়ঃ।

দিগকে অতিশয় ভ্রান্তি ও উদ্ভ্রান্তি প্রদান করিয়া থাক। হে জ্ঞান-রত্নপ্রদ! তুমি জীবের অন্তকালোচিত ভূষণ রচনায় চতুর ও মোক্ষপ্রদানে সুপণ্ডিত এবং ভগবতীর পাদপদ্মের ভ্রমর স্বরূপ, অতএব তোমার জয়।

হে মৈত্রাবরুণে! আমি বারাণসী প্রাপ্তির নিমিত্ত নিয়ত এই পবিত্র যক্ষরাজাষ্টক ত্রিকালীন পাঠ করিয়া থাকি। যে মহাত্মা শ্রদ্ধাসহকারে এই দণ্ডপাণ্যষ্টক নিয়ত পাঠ করেন, তিনি কখন বিঘ্ন কর্ত্তৃক পরাভূত হন না, প্রত্যুত কাশীবাসের ফল লাভ করেন। যিনি দণ্ডপাণির জন্ম বৃত্তান্ত এই স্তব নিয়ত পাঠ কিম্বা শ্রবণ করেন, তিনি অন্য স্থানে মৃত হইলেও জন্মান্তরে কাশীলাভ করেন। দণ্ডপাণি জন্ম বৃত্তান্ত এই পবিত্র অধ্যায় শ্রবণ কিম্বা পাঠ অথবা অন্য দ্বারা পাঠ করাইলে কোন বিঘ্নে অভিভূত হইতে হয় না ॥ ৬৮—৮০ ॥

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে দণ্ডপাণি সমুদ্ভব
নামক দ্বাত্রিংশ অধ্যায়।

---

* পঠন্নিতিবা।

ত্রয়স্ত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

অগস্ত্য উবাচ।

স্কন্দ জ্ঞানোদতীর্থস্য মাহাত্ম্যং বদ সাম্প্রতম্।
জ্ঞানবাপীং প্রশংসন্তি যতঃ স্বর্গৌকসোঽপ্যলম্ ॥ ১।

স্কন্দ উবাচ।

ঘটোদ্ভব মহাপ্রাজ্ঞ শৃণু * পাপপ্রণোদিনীম্।
জ্ঞানবাপ্যাঃ সমুৎপত্তিং কথ্যমানাং ময়াধুনা ॥ ২।
অনাদিসিদ্ধে সংসারে পুরা দেবযুগে মুনে।
প্রাপ্তঃ কুতশ্চিদীশানশ্চরন্ স্বৈরমিতস্ততঃ ॥ ৩।
ন বর্ষন্তি যদাভ্রাণি ন প্রাবর্তন্ত নিম্নগাঃ।
জলাভিলাষো ন যদা স্নানপানাদিকর্ম্মণি ॥ ৪।

ত্রয়স্ত্রিংশত্তম অধ্যায়।

অগস্ত্য কহিলেন স্কন্দ! সম্প্রতি জ্ঞানোদতীর্থের মাহাত্ম্য কীর্ত্তন কর। যেহেতু দেবগণও ঐ জ্ঞানবাপীর নিরতিশয় প্রশংসা করিয়া থাকেন ॥ ১ ॥

স্কন্দ কহিলেন, হে মহাপ্রাজ্ঞ, কুম্ভ জন্মন্! আমি এক্ষণে পাপনাশিনী জ্ঞানবাপীর উৎপত্তিবৃত্তান্ত কহিতেছি, তুমি শ্রবণ কর ॥ ২ ॥ পুরাকালে সত্যযুগে দেবাদিদেব ভগবান্ ঈশান এই অনাদিসিদ্ধ সংসারে স্বেচ্ছাক্রমে ইতস্ততঃ সঞ্চরণ করিতে করিতে এই আনন্দ কাননে আসিয়া উপস্থিত হইলেন ॥ ৩ ॥ তৎকালে মেঘ সকল বৃষ্টিশূন্য হইয়াছিল, নদী প্রবাহিত ছিল না, স্নান পানাদি কর্ম্মে জল প্রাপ্তির আশা দূরগত হইয়া-

* পাপাপনোদিনীমিতিবা।

ক্ষারস্বাদূদয়োরেব যদাসীজ্জলদর্শনম্।
পৃথিব্যাং ন্নরসঞ্চারে বর্ত্তমানে ক্বচিৎ ক্বচিৎ ॥ ৫।
নির্ব্বাণকমলাক্ষেত্রং শ্রীমদানন্দকাননম্।
মহাশ্মশানং সর্ব্বেষাং বীজানাং * পরমূখরম্ ॥ ৬।
মহাশয়নসুপ্তানাং জন্তূনাং প্রতিবোধকম্।
সংসারসাগরাবর্ত্তপতজ্জন্তুতরণ্ডকম্ ॥ ৭।
যাতায়াতাতিসংখিন্নজন্তুবিশ্রামমণ্ডপম্।
অনেকজন্মগুণিতকর্ম্মসূত্রচ্ছিদাক্ষুরম্ ॥ ৮।
সচ্চিদানন্দনিলয়ং পরব্রহ্মরসায়নম্।
সুখসন্তানজনকং মোক্ষসাধনসিদ্ধিদম্ ॥ ৯।
প্রবিশ্য ক্ষেত্রমেতৎ স ঈশানো জটিলস্তদা।
লসন্ত্রিশূলবিমলরশ্মিজালসমাকুলঃ ॥ ১০।
আলুলোকে মহালিঙ্গং বৈকুণ্ঠপরমেষ্ঠিনোঃ।
মহাহমহমিকায়াং প্রাদুরাস যদাদিতঃ ॥ ১১।

ছিল কেবল জলসমুদ্রও লবণ সমুদ্রেই জল দেখা যাইত এবং পৃথিবীর কোন কোন স্থানে জলসঞ্চার বর্ত্তমানছিল ॥ ৪ ॥ ৫ ॥ ঐ সময়ে বিমলত্রিশূলরশ্মি-রঞ্জিত জটাধর ঈশান, মোক্ষ লক্ষ্মীর নিকেতন, সর্ব্বকর্ম্মবীজের উষরক্ষেত্র, সচ্চিদানন্দের নিলয় যাতায়াতশ্রান্তজন্তুবর্গের বিশ্রামমণ্ডপ স্বরূপ আনন্দ-কাননে প্রবেশ করিলেন। ঐস্থান মহাশ্মশান, মহাশয়নসুপ্ত জন্তুদিগের প্রতিবোধক, পরব্রহ্মরসপ্রাপক, সুখসন্তানজনক, মোক্ষসাধন সিদ্ধিপ্রদ, সংসার সমুদ্রের আবর্ত্তে পতিত জন্তু সমূহের তরণি ও বহুজন্ম গ্রথিত কর্ম্ম-সূত্র ছেদনের ক্ষুরস্বরূপ ॥ ৬ ॥ ৭ ॥ ৮ ॥ ৯ ॥ ১০ ॥ ঐ স্থানে প্রবেশ করি-য়াই তিনি এক মহালিঙ্গ অবলোকন করিলেন, যজ্ঞরূপী বিষ্ণু ও

* পরমূষরমিতি বা।

জ্যোতির্ম্ময়ীভির্ম্মালাভিঃ পরিতঃ পরিবেষ্টিতম্।
বৃন্দৈর্ব্বৃন্দারকর্ষীণাং গণানাঞ্চ নিরন্তরম্॥ ১২।
সিদ্ধানাং যোগিনাং স্তোমৈরর্চ্চ্যমানং নিরন্তরম্।
গীয়মানঞ্চ গন্ধর্ব্বৈঃ স্তূয়মানং চরাচরৈঃ॥ ১৩।
অঙ্গহারৈরপ্সরোভিঃ সেব্যমানমনেকধা।
নীরাজ্যমানং সততং নাগীভির্ম্মণিদীপকৈঃ॥ ১৪।
বিদ্যাধরীকিন্নরীভিস্ত্রিকালং কৃতমণ্ডনম্।
অমরীচমরীরাজিবীজ্যমানমিতস্ততঃ॥ ১৫।
অস্যেশানস্য তল্লিঙ্গং দৃষ্টেচ্ছেত্যভবত্তদা।
স্নাপয়ামি মহল্লিঙ্গং কলশৈঃ শীতলৈর্জ্জলৈঃ॥ ১৬।
চখান চ ত্রিশূলেন দক্ষিণাশোপকণ্ঠতঃ।
কুণ্ডং প্রচণ্ডবেগেন রুদ্রোরুদ্রবপুর্দ্ধরঃ॥ ১৭।
পৃথিব্যাবরণাম্ভাংসি নিষ্ক্রান্তানি তদা মুনে।
ভূপ্রমাণাদ্দশগুণৈর্যৈরিয়ং বসুধাবৃতা॥ ১৮।

পরমেষ্ঠীর পরস্পর স্পর্দ্ধা সময়ে অগ্রে উহা প্রাদুর্ভূত হইয়াছিল॥ ১১॥ ঐ লিঙ্গ চতুর্দ্দিকে জ্যোতির্ম্ময়ী মালায় পরিবেষ্টিত, দেবর্ষি, সিদ্ধ, যোগী ও গণ সমূহে নিরন্তর অর্চ্চ্যমান ও চারণবর্গ কর্ত্তৃক স্তূয়মান। গন্ধর্ব্বগণ উহার সমীপে গান করিতেছে, অপ্সরোগণ নৃত্যাদিজনিত অঙ্গভঙ্গি দ্বারা উহার বহু প্রকার সেবা, নাগ কন্যাগণ মণিময় দীপ দ্বারা উহার নীরাজনা, বিদ্যাধরী ও কিন্নরীগণ ত্রিকাল উহার মণ্ডন এবং অমরীগণ চামর দ্বারা ইতস্ততঃ উহার বীজন করিতেছিল॥ ১২॥ ১৩॥ ১৪॥ ১৫॥ ঈশান, সেই মহালিঙ্গ দেখিয়া শীতল সলিল পূর্ণ কলসে ইহাকে স্নান করাইতে ইচ্ছা করিলেন এবং ঐ লিঙ্গ সমীপে দক্ষিণাংশে প্রচণ্ডবেগে এক কুণ্ড খনন করিলেন॥ ১৬॥ ১৭॥ হে মুনিবর! তখন ভূপরি মান অপেক্ষা দশগুণ পরিমাণ, যদ্দ্বারা এই পৃথিবী আবৃত

তৈর্জ্জলৈঃ স্নাপয়াঞ্চক্রে ত্বস্পৃষ্টৈরন্যদেহিভিঃ ।
তুষারৈর্জ্জাড্যবিধুরৈর্জ্জংজপূকৌঘহারিভিঃ ॥ ১৯ ।
সন্মনোভিরিবাত্যচ্ছৈরনচ্ছৈর্ব্যোমবর্ত্মবৎ ।
জ্যোৎস্নাবদুজ্জ্বলচ্ছায়ৈঃ পাবনৈঃ শম্ভুনামবৎ ॥ ২০ ।
পীযূষবৎস্বাদুতরৈঃ সুখস্পর্শৈর্গবাঙ্গবৎ ।
নিষ্পাপধীবদ্গাম্ভীরৈস্তরলৈঃ পাপিশর্ম্মবৎ ॥ ২১ ।
বিজিতাব্জমহাগন্ধৈঃ পাটলামোদমোদিভিঃ ।
অদৃষ্টপূর্ব্বলোকানাং মনোনয়নহারিভিঃ ॥ ২২ ।
অজ্ঞানতাপসন্তপ্ত-প্রাণিপ্রাণৈকরক্ষিভিঃ ।
পঞ্চামৃতানাং কলশৈঃ স্নপনাতিফলপ্রদৈঃ ॥ ২৩ ।
শ্রদ্ধোপস্পর্শিহৃদয়-লিঙ্গত্রিতয়হেতুভিঃ ।
অজ্ঞানতিমিরার্কাভৈর্জ্ঞানদাননিদানকৈঃ ॥ ২৪ ।

আছে সেই আবরণসলিলরাশি নির্গত হইল ॥ ১৮ ॥ ঐ জলরাশি অন্য দেহীকর্ত্তৃক অস্পৃষ্ট, তুষারের ন্যায় শীতল, জড়তানাশক, পাপধ্বংসকারক সাধুর অন্তঃকরণের ন্যায় অতি নির্ম্মল, আকাশ পথের ন্যায় নীলবর্ণ, জ্যোৎস্নার ন্যায় উজ্জ্বল-কান্তিবিশিষ্ট, শম্ভুনামের ন্যায় পাবন, অমৃতের ন্যায় স্বাদুতর গোশরীরের ন্যায় সুখস্পর্শ, নিষ্পাপ বুদ্ধির ন্যায় গম্ভীর, পাপীর সুখের ন্যায় তরল, ॥ ১৯ ॥ ২০ ॥ ২১ ॥ ঐ সলিলরাশি স্বকীয়গন্ধে পদ্মগন্ধকেও পরাজিত ও পাটলার সুগন্ধকেও আমোদিত এবং যাহারা পূর্ব্বে দর্শন করে নাই, তাহাদের নয়ন ও অন্তঃকরণ অপহৃত করে ॥ ২২ ॥ উহা অজ্ঞানরূপ তাপে সন্তপ্ত প্রাণিগণের অদ্বিতীয় প্রাণরক্ষক, পঞ্চামৃত পূর্ণ কলসদ্বারা স্নপন অপেক্ষাও অধিক ফলপ্রদ শ্রদ্ধাসহকারে আচমন কারী ব্যক্তি গণের হৃদয়ে লিঙ্গত্রিতয়ের জনক, অজ্ঞানান্ধকার নাশের সূর্য্যস্বরূপ জ্ঞানপ্রদানের আদিকারণ, বিশ্বেশ্বরের পার্ব্বতীস্পর্শ সুখ অপেক্ষাও অধি-

বিশ্বভর্ত্তুরুমাস্পর্শ-সুখাতিসুখকারিভিঃ।
মহাবভৃথসুস্নান-মহাশুদ্ধিবিধায়িভিঃ॥ ২৫॥
সহস্রধারৈঃ কলসৈঃ স ঈশানোঘটোদ্ভব।
সহস্রকৃত্বঃ স্নপয়ামাস সংহৃষ্টমানসঃ॥ ২৬॥
ততঃ প্রসন্নোভগবান্ বিশ্বাত্মা বিশ্বলোচনঃ।
তমুবাচ তদেশানং রুদ্রং রুদ্রবপুর্দ্ধরম্॥ ২৭॥
তব প্রসন্নোঽস্মীশান কর্ম্মণানেন সুব্রত।
গুরুণানন্যপূর্ব্বেণ মমাতিপ্রীতিকারিণা॥ ২৮॥
ততস্ত্বং জটিলেশান বরং ব্রূহি তপোধন।
অদেয়ং ন তবাস্ত্যদ্য মহোদ্যমপরায়ণঃ॥ ২৯॥

ঈশ্বর উবাচ।

যদি প্রসন্নো দেবেশ বরযোগ্যোঽস্মহং যদি।
তদেতদতুলং তীর্থং তব নাম্নাস্তু শঙ্কর॥ ৩০॥

কতর সুখপ্রদ এবং মহাগঙ্গাবসানস্নান-জনিত প্রকৃষ্ট-শুদ্ধি-বিধায়ক ॥ ২৩ ॥ ২৪ ॥ ২৫ ॥ হে কুম্ভযোনে! সেই ঈশান হৃষ্টমানসে সহস্রধার কলসসমূহ দ্বারা সহস্রবার ঐ লিঙ্গরূপী মহেশ্বরকে স্নান করাইলেন ॥ ২৬ ॥

অনন্তর বিশ্বাত্মা, বিশ্বলোচন ভগবান্ রুদ্র প্রসন্ন হইয়া ঐ রুদ্রদেহ-ধারী ঈশানকে কহিলেন, হে সুব্রত! তোমার এই অনন্যপূর্ব্ব, অতি প্রীতিকর মহৎকার্য্যে আমি প্রসন্ন হইয়াছি। হে মহোদ্যমশালী জটাধর! তুমি বর প্রার্থনা কর, তোমাকে অদ্য আমার অদেয় কিছুই নাই ॥ ২৭ ॥ ২৮ ॥ ২৯ ॥ ঈশান কহিলেন, হে দেবদেব শঙ্কর! যদি প্রসন্ন হইয়া থাকেন, যদি আমি বরপ্রাপ্তির যোগ্য হই, তবে এই বর দিন,

বিশ্বেশ্বর উবাচ ।

ত্রিলোক্যাং যানি তীর্থানি ভূর্ভুবঃস্বঃস্থিতান্যপি ।
তেভ্যোঽখিলেভ্যস্তীর্থেভ্যঃ শিবতীর্থমিদং পরং ॥ ৩১ ।
শিবং জ্ঞানমিতিব্রূয়ুঃ শিবশব্দার্থচিন্তকাঃ ।
তচ্চ জ্ঞানং দ্রবীভূতমিহ মে মহিমোদয়াৎ ॥ ৩২ ।
অতো জ্ঞানোদনাম্নৈতত্তীর্থং ত্রৈলোক্যবিশ্রুতম্ ।
অস্য * স্পর্শনমাত্রেণ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥ ৩৩ ।
জ্ঞানোদতীর্থসংস্পর্শাদশ্বমেধফলং লভেৎ ।
স্পর্শনাচমনাভ্যাঞ্চ রাজসূয়াশ্বমেধয়োঃ ॥ ৩৪ ।
ফল্গুতীর্থে নরঃ স্নাত্বা সন্তর্প্য চ পিতামহান্ ।
যৎফলং সমবাপ্নোতি তদত্র শ্রাদ্ধকর্ম্মণা ॥ ৩৫ ।
গুরুপুষ্যাসিতাষ্টম্যাং ব্যতীপাতো যদা ভবেৎ ।
তদাত্র শ্রাদ্ধকরণাদ্গয়াকোটিগুণং ভবেৎ ॥ ৩৬ ।

তোমার নামে ইহা অতুলনীয় তীর্থ হউক ॥ ৩০ ॥ বিশ্বেশ্বর কহিলেন, এই ত্রিলোকীতলে ভূলোক, ভুবলোক ও স্বর্লোকে যাবতীয় তীর্থ অবস্থিত আছে, সেই সমস্ত তীর্থ অপেক্ষা এই শিবতীর্থ শ্রেষ্ঠ ॥ ৩১ ॥ চিন্তকেরা শিবশব্দের জ্ঞান অর্থ করিয়া থাকেন, আমার মহিমার অভ্যুদয়বশতঃ সেই জ্ঞান এই স্থানে দ্রবীভূত হইয়াছে, এই নিমিত্ত এই তীর্থ জ্ঞানোদ নামে ত্রৈলোক্যবিশ্রুত, ইহার স্পর্শমাত্রে মনুষ্য সর্ব্বপাপ হইতে মুক্তি লাভ করে॥ ৩২ ॥ ৩৩ ॥ এই জ্ঞানোদতীর্থের সংস্পর্শে অশ্বমেধফল লাভ হয়। স্পর্শন ও আচমন উভয় করিলে রাজসূয় ও অশ্বমেধ এই উভয় যজ্ঞের ফল লাভ হয় ॥ ৩৪ ॥ মনুষ্যেরা গয়ান্তর্গত ফল্গুতীর্থে স্নান ও পিতৃগণের তর্পণ করিয়া যে ফল প্রাপ্ত হয়, এই স্থলে শ্রাদ্ধ করিয়াও সেই ফল লাভ করে ॥ ৩৫ ॥ কৃষ্ণাষ্টমীতে পুষ্যাযুক্তে

* যস্য দর্শনমাত্রেণেতিবা ।

যৎ ফলং সমবাপ্নোতি পিতৄন্ সন্তর্প্য পুষ্করে।
তৎ ফলং কোটিগুণিতং জ্ঞানতীর্থে তিলোদকৈঃ॥ ৩৭।
সন্নিহত্যাং কুরুক্ষেত্রে তমোগ্রস্তে বিবস্বতি।
যৎ ফলং পিণ্ডদানেন তজ্জ্ঞানোদে দিনে দিনে॥ ৩৮।
পিণ্ডনির্বপণং যেষাং জ্ঞানতীর্থে সুতৈঃ কৃতম্।
মোদন্তে শিবলোকে তে যাবদাভূতসংপ্লবম্॥ ৩৯।
অষ্টম্যাঞ্চ চতুর্দ্দশ্যাং উপবাসী নরোত্তমঃ।
প্রাতঃস্নাত্বাথ পীতাম্বুস্ত্বন্তর্লিঙ্গময়ো ভবেৎ॥ ৪০।
একাদশ্যামুপোষ্যাত্র প্রাশ্নাতি চুলুকত্রয়ম্।
হৃদয়ে তস্য জায়ন্তে ত্রীণি লিঙ্গান্যসংশয়ম্॥ ৪১।
ঈশানতীর্থে যঃ স্নাত্বা বিশেষাৎ সোমবাসরে।
সন্তর্প্য দেবর্ষিপিতৄন্ দত্ত্বা দানং স্বশক্তিতঃ॥ ৪২।

শুক্রবারে যখন ব্যতীপাত যোগ হয়, তৎকালে এই স্থানে শ্রাদ্ধ করিলে গয়াশ্রাদ্ধের কোটিগুণ ফল লাভ হয়॥ ৩৬॥ পুষ্করতীর্থে পিতৃগণের তর্পণ করিলে যে ফল, এই জ্ঞানতীর্থে তিলমিশ্রিত উদকে তর্পণ করিলে তাহার কোটিগুণ ফল হয়॥ ৩৭॥ কুরুক্ষেত্রে রামহ্রদে সূর্য্যগ্রহণকালে পিণ্ড-দান করিলে যে ফল হয়, এই জ্ঞানোদতীর্থে প্রত্যেক দিনে পিণ্ডদানেই সেই ফল লাভ করা যায়॥ ৩৮॥ পুত্রেরা এই জ্ঞানোদতীর্থে যাহাদিগের উদ্দেশে পিণ্ডদান করে, তাহারা প্রলয়কাল পর্য্যন্ত শিবলোকবাসী হইয়া পরম সুখী হয়॥ ৩৯॥ উপবাসী হইয়া অষ্টমী ও চতুর্দ্দশী তিথিতে ইহাতে প্রাতঃস্নান ও ইহার জলপান করিলে মনুষ্য অন্তর্লিঙ্গময় হয়॥৪০॥ যে ব্যক্তি একাদশীতে উপবাস করিয়া এই তীর্থে ত্রিগণ্ডূষ জলপান করে, তাহার হৃদয়ে নিশ্চয়ই তিনটী লিঙ্গ সমুদ্ভূত হয়॥ ৪১॥ বিশেষতঃ এই ঈশানতীর্থে সোমবারে স্নান করিয়া যিনি দেব, ঋষি ও পিতৃগণের তর্পণপূর্ব্বক শক্ত্যনুসারে দান করেন, অনন্তর মহাসম্ভারে এই

ততঃ সমর্চ্য শ্রীলিঙ্গং মহাসম্ভারবিস্তরৈঃ।
অত্রাপি দত্ত্বা নানার্থান্ কৃতকৃত্যো ভবেন্নরঃ ॥ ৪৩।
উপাস্য সন্ধ্যাং জ্ঞানোদে যৎ পাপং কাললোপজম্
ক্ষণেন তদপাকৃত্য জ্ঞানবান্ জায়তে দ্বিজঃ ॥ ৪৪।
শিবতীর্থমিদং প্রোক্তং জ্ঞানতীর্থমিদং শুভম্।
তারকাখ্যমিদং তীর্থং মোক্ষতীর্থমিদং ধ্রুবম্ ॥ ৪৫।
স্মরণাদপি পাপৌঘো জ্ঞানোদস্য ক্ষয়েদ্ ধ্রুবম্।
দর্শনাৎ স্পর্শনাৎ স্নানাৎ পানাদ্ধর্ম্মাদিসম্ভবঃ ॥ ৪৬।
ডাকিনীশাকিনীভূত-প্রেতবেতালরাক্ষসাঃ।
গ্রহাঃ কুষ্মাণ্ডঝোটিঙ্গাঃ কালকর্ণীশিশুগ্রহাঃ ॥ ৪৭।
জ্বরাপস্মারবিস্ফোট-দ্বিতীয়কচতুর্থকাঃ।
সর্ব্বে প্রশমমায়ান্তি শিবতীর্থজলেক্ষণাৎ ॥ ৪৮।
জ্ঞানোদতীর্থপানীয়ৈর্লিঙ্গং যঃ স্নাপয়েৎ সুধীঃ।
সর্ব্বতীর্থোদকৈস্তেন ধ্রুবং সংস্নাপিতং ভবেৎ ॥ ৪৯।

লিঙ্গ অর্চ্চনা করিয়া এ স্থানেও নানা অর্থ দান করেন, তিনি সর্ব্বথা কৃতকৃত্য হন ॥ ৪২ ॥ ৪৩ ॥ এই জ্ঞানোদতীর্থে সন্ধ্যোপাসনা করিলে বিহিত কালের লোপজনিত যে পাপ হয়, ক্ষণমধ্যেই তাহা হইতে মুক্ত হইয়া দ্বিজগণ জ্ঞানবান হন ॥ ৪৪ ॥ ইহা শিবতীর্থ বলিয়া কথিত, ইহাই শুভজ্ঞানতীর্থ, ইহারই অপর সংজ্ঞা তারকতীর্থ এবং ইহা নিশ্চয়ই মোক্ষতীর্থ ॥ ৪৫ ॥ জ্ঞানোদতীর্থের স্মরণেও পাপরাশির ক্ষয় হয় এবং দর্শন, স্পর্শন, স্নান ও পানে ধর্ম্মাদির সম্ভব হয়, তাহাতে সন্দেহ নাই ॥ ৪৬ ॥ ডাকিনী, শাকিনী, ভূত, প্রেত, বেতাল, রাক্ষস, গ্রহ, কুষ্মাণ্ড, ঝোটিঙ্গ, কালকর্ণী, শিশুগ্রহ, জ্বর, অপস্মার, বিস্ফোট, দ্ব্যাহিক ও চতুর্থাহিক জ্বর, এতৎ সমস্তই শিবতীর্থজলের অভ্যুক্ষণে উপশম প্রাপ্ত হয় ॥ ৪৭ ॥ ৪৮ ॥ জ্ঞানোদতীর্থসলিলে যে সুবুদ্ধিব্যক্তি শিবলিঙ্গ স্নান

জ্ঞানরূপোঽহমেবাত্র দ্রবমূর্ত্তিং বিধায় চ।
জাড্যবিধ্বংসনং কুর্য্যাং কুর্য্যাং জ্ঞানোপদেশনম্ ॥ ৫০।
ইতি দত্ত্বা বরং শম্ভুস্তত্রৈবান্তরধীয়ত।
কৃতকৃত্যমিবাত্মানং সোপ্যমংস্ত ত্রিশূলভৃৎ ॥ ৫১।
ঈশানো জটিলো রুদ্রস্তৎ প্রাশ্য পরমোদকম্।
অবাপ্তবান্ পরং জ্ঞানং যেন নির্ব্বৃতিমাপ্তবান্ ॥ ৫২।

স্কন্দ উবাচ।

কলসোদ্ভব চিত্রার্থং ইতিহাসং পুরাতনম্।
জ্ঞানবাপ্যাং হি যদ্বৃত্তং তদাখ্যামি নিশাময় ॥ ৫৩।
হরিস্বামীতিবিখ্যাতঃ কাশ্যামাসীদ্দ্বিজঃ পুরা।
তস্যৈকা তনয়া জাতা রূপেণাপ্রতিমা ভুবি ॥ ৫৪।
ন সমা শীলসম্পত্ত্যা তস্যাঃ কাচন ভূতলে।
কলাকলাপকুশলা স্বরেণ জিতকোকিলা ॥ ৫৫।

করান, সর্ব্বতীর্থজলেই তাঁহার উহা স্নান করান হয় ॥ ৪৯ ॥ জ্ঞানরূপ আমি এই স্থলে দ্রবমূর্ত্তি ধারণ করিয়া লোকের জড়তা বিনাশ ও জ্ঞানোপদেশ করি ॥ ৫০ ॥ ভগবান শম্ভু এই প্রকার বর দান করিয়া সেই স্থানেই অন্তর্হিত হইলেন এবং সেই ত্রিশূলধারীও আপনাকে কৃতকৃত্যের ন্যায় বিবেচনা করিলেন ॥ ৫১ ॥

অনন্তর রুদ্রমূর্ত্তিধর, জটাধারী ঈশান সেই পরম সলিল প্রাপ্ত হইলে তাঁহার এরূপ তত্ত্বজ্ঞান লাভ হইল, যাহাতে তিনি নির্ব্বৃতি প্রাপ্ত হই-লেন ॥ ৫২ ॥

স্কন্দ কহিলেন, হে কুম্ভযোনে! পুরাকালে এই জ্ঞানবাপীতে অতি আশ্চর্য্যময় যে এক ঘটনা হইয়াছিল, তাহা কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর ॥ ৫৩ ॥ পূর্ব্বে কাশীপুরীতে হরিস্বামী নামে এক ব্রাহ্মণ ছিলেন। অতুল রূপলাবণ্যবতী তাঁহার এক তনয়া ছিল ॥ ৫৪ ॥ সৎস্বভাব রূপ-

ন নারী তাদৃগস্তীহ নামরী কিন্নরী ন চ।
বিদ্যাধরী ন নো নাগী গন্ধর্ব্বী নাসুরী ন চ॥ ৫৬।
সর্ব্বসৌন্দর্য্যনিলয়া সর্ব্বলক্ষণসংখনিঃ।
অধিশেতে ধ্রুবং ধ্বান্তং তন্মৌলিং ব্রধ্নসাধ্বসাৎ॥ ৫৭।
তদাস্যং শরণং যাতো মন্যে দর্শভয়াচ্ছশী।
দিবাপি ন ত্যজেত্তান্তু ত্রস্তশ্চণ্ডমরীচিতঃ॥ ৫৮।
তদ্ভ্রূর্ভ্রমররাজীব গণ্ডপত্রলতান্তরে।
উদঞ্চন্ন্যঞ্চদুড্ডীনগতেরভ্যাসভাজিনী॥ ৫৯।
তচ্চারুলোচনক্ষেত্রে বিচরন্তৌ চ খঞ্জনৌ।
সদৈব শারদীং প্রীতিং নির্বিশেতে নিজেচ্ছয়া॥ ৬০।
সুদত্যা রদনশ্রেণীচ্ছদেষু বিষমেষুণা।
বিহিতা কাঞ্চনী রেখা কেন্দ্রাবেতাবতী কলা॥ ৬১।

সম্পত্তিতে এই ভূতলে তাঁহার দ্বিতীয় ছিল না। ঐ কন্যা শিল্প, চিত্র, নৃত্য, গীতাদি নিখিল কলায় নিপুণা এবং স্বরমাধুর্য্যে কোকিলগঞ্জিনী ছিলেন॥ ৫৫॥ কি অমরী কি কিন্নরী কি বিদ্যাধরী, কি গন্ধর্ব্বী, কি নাগ-কন্যা, কি অসুরী, কোন জাতীয় স্ত্রীই তাঁহার ন্যায় সর্ব্ব সৌন্দর্য্যের নিকেতন ও সর্ব্ব সুলক্ষণের আকর ছিল না। অন্ধকাররাশি বোধ হয় দিবা-করের ভয়েই যেন সেই কন্যার শিরঃশোভী কেশরাশির মধ্যে অবস্থান করিত ও সুধাকর বোধ হয়, অমাবস্যার ভয়েই তাঁহার মুখমণ্ডলে আশ্রয় লইয়াছিল এবং তীক্ষ্ণরশ্মি সূর্য্যদেবের আশঙ্কায় দিবাভাগেও উহা পরি-ত্যাগ করিত না॥ ৫৬॥ ৫৭॥ ৫৮॥ তাঁহার কৃষ্ণবর্ণ ভ্রূযুগল বিরাজিত থাকায় বোধ হইত যেন, ভ্রমরপংক্তি তদীয় গণ্ডস্থিত পত্রাবলীরূপ লতার অভ্য-ন্তরে ঊর্দ্ধগতি ও নিম্নগতি শিক্ষা করিত॥৫৯॥ খঞ্জনদ্বয় তাঁহার সুচারু নয়ন-ভূমিতে স্বেচ্ছাক্রমে বিচরণ করিয়া যেন সতত শরৎকালীন প্রীতি অনুভব করিত॥ ৬০॥ সেই সুদশনার দশনপংক্তিরূপ পত্রে কন্দর্প যে সুবর্ণময়ী রেখা

প্রায়োম্মদনভূপাল-হর্ম্ম্যরত্নান্তরে শুভে।
জিতপ্রবালসুচ্ছায়ে তস্যা রদনবাসসী ॥ ৬২ ॥
স্বর্গে মর্ত্ত্যে চ পাতালে নৈবা রেখা ক্বচিৎ স্ত্রিয়াম্।
তৎকণ্ঠরেখাত্রিতয়ব্যাজেন শপতে স্মরঃ ॥ ৬৩ ॥
শঙ্কে চিত্তভুবোরাজ্ঞো লসৎপটকুটীদ্বয়ম্।
অনর্ঘ্যরত্নকোষাঢ্যং তস্যা বক্ষোরুহদ্বয়ম্ ॥ ৬৪ ॥
অনঙ্গভূ * নিয়মতোঽদৃশ্যে মধ্যে নতভ্রুবঃ।
রোমালীলক্ষিকামূর্দ্ধামিব যষ্টিং বিধির্ব্যধাৎ ॥ ৬৫ ॥
তস্যা নাভীদরীং প্রাপ্য কন্দর্পোঽনঙ্গতাং গতঃ।
পুনঃ প্রাপ্তুমিবাঙ্গানি তপ্যতে পরমং তপঃ ॥ ৬৬ ॥
গুরুণৈতন্নিতম্বেন মহামন্মথদীক্ষয়া।
ভুবি কে কে যুবানো ন স্বাধীনাঃ প্রাপিতা দৃশাম্ ॥ ৬৭ ॥

বিধান করিয়াছেন, বোধ হয় উহা চন্দ্রের যাবৎ সংখ্যক কলা অপেক্ষাও উজ্জ্বল ॥ ৬১ ॥ তাঁহার প্রবালকান্তি-বিজয়ী ওষ্ঠাধর কন্দর্পরাজ্যের সৌধ-শোভাকর রত্নবিশেষ বলিয়া বোধ হইত ॥ ৬২ ॥ তাঁহার কণ্ঠস্থিত রেখা-ত্রিতয়ের ছলে কন্দর্প যেন এই দিব্য করিতেছেন যে, স্বর্গ, মর্ত্ত্য ও পাতালে কুত্রাপি স্ত্রীজাতিতে এরূপ রেখা নাই ॥ ৬৩ ॥ তাঁহার স্তনদ্বয় দেখিলে বোধ হইত, যেন এ দুটী মদনমহীপতির অমূল্য রত্নরাজিপুরিত উজ্জ্বল পটগৃহ ॥ ৬৪ ॥ ঐ নতভ্রূ বালার অদৃশ্য মধ্যদেশ হইতে ঊর্দ্ধীকৃত রোমা-বলী বিরাজিত থাকায় বোধ হইত যেন বিধাতা অলক্ষ্য অনঙ্গের বাসস্থান নির্দ্দিষ্ট করিবার নিমিত্ত একগাছি যষ্টি নিহিত (বাঁশগাড়ি) করিয়া রাখিয়াছেন ॥ ৬৫ ॥ হরকোপানলে ভস্মীভূত কন্দর্প তাঁহার নাভিকন্দরে প্রবেশ করিয়া পুনর্ব্বার অঙ্গপ্রত্যঙ্গ প্রাপ্তির কামনায় যেন কঠোর তপস্যা করিতেছেন ॥ ৬৬ ॥ তদীয় বিশাল নিতম্ববিম্ব অনিমেষ-

* অনঙ্গভূরিয়মত ইতিপ্রামাণিক: পাঠঃ।

ঊরুস্তম্ভেনচৈতস্যাঃ স্তম্ভবৎ কস্য নো মনঃ ।
তস্তম্ভে ন.মুনের্বাপি সুবৃত্তেন সুবর্ত্তনম্ ॥ ৬৮ ।
পাদাঙ্গুষ্ঠনখজ্যোতিঃপ্রভয়া কস্য ন প্রভা ।
বিবেকজনিতাধ্বংসি মুনে তস্যা মৃগীদৃশঃ ॥ ৬৯ ।
সা প্রত্যহং জ্ঞানবাপ্যাং স্নায়ং স্নায়ং শিবালয়ে ।
সম্মার্জ্জনাদিকর্ম্মাণি কুরুতেঽনন্যমানসা ॥ ৭০ ।
তৎপাদপ্রতিবিম্বেষু রেখাশষ্পাঙ্কুরং চরন্ ।
নান্যদ্বনান্তরং যাতি কাশ্যাং যূনাং মনো মৃগঃ ॥ ৭১ ।
তদাস্যপঙ্কজং হিত্বা যুনাং নেত্রালিমালয়া ।
ন লতান্তরমাসেবি অপ্যামোদপ্রসূনযুক্ ॥ ৭২ ।
সুলোচনাপি সা কন্যা প্রেক্ষেতাস্যং ন কস্যচিৎ ।
সুশ্রবা অপি সা বালা নাদত্তে কস্যচিদ্বচঃ ॥ ৭৩ ।

নয়নে দর্শন করিয়া জগতের কোন্ যুবা কন্দর্পদীক্ষায় দীক্ষিত না হইত ? ॥ ৬৭ ॥ তাঁহার সুবর্ত্তুল ঊরুদ্বয় কোন্ তপস্বীর সদ্বৃত্ত অন্তঃকরণকে স্তম্ভের ন্যায় স্তম্ভিত না করিয়াছিল ? ॥ ৬৮ ॥ হে মুনিবর ! সেই হরিণ-লোচনার পাদাঙ্গুষ্ঠের নখপ্রভা কাহার না বিবেকজনিত প্রভাকে ধ্বংসিত করিয়াছিল ? ॥ ৬৯ ॥ সেই বালা প্রত্যহ জ্ঞানবাপীতে স্নান করিয়া অনন্যমনে শিবালয়ে সম্মার্জ্জনাদি কর্ম্ম করিত ॥ ৭০ ॥ তাঁহার পাদপ্রতিবিম্বের রেখারূপ তৃণাঙ্কুর সেবন করিয়া কাশীবাসী যুবকগণের অন্তঃকরণরূপ মৃগ আর অন্য বনে গমন করিত না ॥ ৭১ ॥ যুবকগণের নেত্ররূপ ভ্রমরমালা সেই বালার মুখপদ্ম পরিত্যাগ করিয়া সুগন্ধি পুষ্পযুক্ত লতান্তর আশ্রয় করিত না ॥ ৭২ ॥ সেই কন্যা সুলোচনা হইলেও কাহারও মুখের প্রতি দৃষ্টিপাত করিতেন না এবং

সুশীলা শীলসম্পন্না রহস্তৈর্বিরহাতুরৈঃ।
প্রার্থিতাপি সুরূপাঢ্যৈর্নাভিলাষং ববন্ধ সা॥ ৭৪।
ধনৈস্তস্যা জনেতাপি যুবভিঃ প্রার্থিতো বহু।
নাশকত্তাং সুশীলাং স দাতুং শীলোর্জ্জিতশ্রিয়ম্॥ ৭৫।
জ্ঞানোদতীর্থভজনাৎ সা সুশীলা কুমারিকা।
বহিরন্তস্তদাঽদ্রাক্ষীৎ সর্ব্বং লিঙ্গময়ং জগৎ॥ ৭৬।
কদাচিদেকদা তাস্তু প্রসুপ্তাং সদনাঙ্গণে।
মোহিতো রূপসম্পত্যা কশ্চিদ্বিদ্যাধরোঽহরৎ॥ ৭৭।
ব্যোমবর্ত্মনি তাং রাত্রৌ যাবন্মলয়পর্ব্বতম্।
স নিনীষতি তাবচ্চ বিদ্যুন্মালী সমাগতঃ॥ ৭৮।
রাক্ষসো ভীষণবপুঃ কপালকৃতকুণ্ডলঃ।
বসারুধিরলিপ্তাঙ্গঃ শ্মশ্রুলঃ পিঙ্গলোচনঃ॥ ৭৯॥

সুশ্রবণা হইলেও কাহারও বাক্য গ্রহণ করিতেন না॥ ৭৩॥ ঐ শীলসম্পন্না কন্যার নাম সুশীলা ছিল। রূপবান্ যুবকগণ তাঁহার প্রাপ্তি অভাবে কাতর হইয়া নির্জনে প্রার্থনা করিলেও ঐ কন্যা তাহাতে অভিলাষ করেন নাই॥ ৭৪॥ তাঁহার পিতাও যুবকগণ কর্ত্তৃক ধনরাশি দ্বারা বহুশঃ প্রার্থিত হইয়াও সেই চারিত্রসম্বর্দ্ধিতকান্তি সুশীলাকে প্রদান করিতে সমর্থ হন নাই॥ ৭৫॥ সুশীলা জ্ঞানোদতীর্থসেবা করিয়া অন্তর্ভাগে ও বহির্ভাগে সর্ব্বত্র জগৎকে লিঙ্গময় দেখিতেন॥ ৭৬॥ একদিন ঐ কুমারী, ভবনপ্রাঙ্গণে নিদ্রিত আছেন, এমত সময়ে কোন বিদ্যাধরকুমার তাঁহার রূপসম্পত্তিতে মোহিত হইয়া তাঁহাকে হরণ করিলেন॥ ৭৭॥ রজনীযোগে বিদ্যাধর আকাশপথে ঐ বালাকে মলয় পর্ব্বতে লইয়া যাইতেছেন, সহসা ভীষণ-শরীর কপালকুণ্ডলধারী, বসারুধিরবিলিপ্তদেহ, পিঙ্গলচক্ষু, শ্মশ্রুল,

রাক্ষস উবাচ ।

মমদৃগ্‌গোচরং যাতো বিদ্যাধরকুমারক ।
অথ ত্বামেতয়া সার্দ্ধং প্রেষয়ামি যমালয়ম্ ॥ ৮০ ।
ইতিশ্রুত্বাথ সা বাক্যং ব্যাঘ্রাঘ্রাতা মৃগী যথা ।
চকম্পেঽতীব সম্ভীতা কদলীদলবন্মুহুঃ ॥ ৮১ ।
নিজঘান ত্রিশূলেন রক্ষো বিদ্যাধরঞ্চ তম্ ।
বিদ্যাধরকুমারোপি নিতরাং মধুরাকৃতিঃ ॥ ৮২ ।
তদ্ভীষণত্রিশূলেন ভিন্নোরস্কো মহাবলঃ ।
জঘান মুষ্টিঘাতেন বজ্রপাতোপমেন তম্ ॥ ৮৩ ।
নরমাংসবসামত্তং বিদ্যুন্মালিনমাহবে ।
চূর্ণিতো মুষ্টিপাতেন সোঽপতদ্বসুধাতলে ॥ ৮৪ ।
রাক্ষসো মৃত্যুবশগো বজ্রেণেব মহীধরঃ ।
বিদ্যাধরোপি তচ্ছূলঘাতেন বিকলীকৃতঃ ॥ ৮৫ ।

বিদ্যুন্মালী নামে এক রাক্ষস উপস্থিত হইল ॥ ৭৮ ॥ ৭৯ ॥ রাক্ষস কহিল রে বিদ্যাধরকুমার! তুই আমার দৃষ্টিপথে পতিত হইয়াছিস্। এই কন্যার সহিত তোকে আমি এখনি যমালয়ে প্রেরণ করিতেছি ॥ ৮০ ॥ এই কথা শুনিয়া কুমারী সুশীলা ব্যাঘ্রাঘ্রাত মৃগীর ন্যায় ভীত ও কদলী-পত্রের ন্যায় মুহুর্মুহু কম্পিত হইতে লাগিলেন ॥ ৮১ ॥ ঐ রাক্ষস ত্রিশূলদ্বারা বিদ্যাধরকে আঘাত করিল এবং নিরতিশয় মধুরমূর্ত্তি মহাবল বিদ্যাধরকুমারও ঐ ত্রিশূলাঘাতে বিদীর্ণবক্ষ হইয়া রাক্ষসের উপরি বজ্রপাতের ন্যায় এক মুষ্টি প্রহার করিলেন ॥ ৮২ ॥ ৮৩ ॥ নরমাংসরসামত্ত বিদ্যুন্মালী যুদ্ধক্ষেত্রে সেই মুষ্ট্যাঘাতে চূর্ণিত ও মৃত্যুপরবশ হইয়া বজ্রাহত গিরির ন্যায় ভূতলে পতিত হইল। বীরবর

উবাচ গদ্গদং বাক্যং বিঘূর্ণিতবিলোচনঃ।
প্রিয়ে মুধা সমানীতা সুশীত্যর্দ্ধোক্তিমুচ্চরন্॥ ৮৬।
জহৌ প্রাণান্ রণে বীরস্তাং প্রিয়াং পরিতঃ স্মরন্।
অনন্যপূর্ব্বসংস্পর্শসুখং সমনুভূয় সা॥ ৮৭।
তমেব চ পতিং মত্বা চক্রে শোকাগ্নিসাত্তনুম্॥ ৮৮।
লিঙ্গত্রয়শরীরিণ্যাস্তস্যাঃ সান্নিধ্যতঃ স হি।
দিব্যং বপুঃ সমাসাদ্য রাক্ষসস্ত্রিদিবং যযৌ॥ ৮৯।
রণে পণীকৃতপ্রাণো বিদ্যাধরসুতোপি সঃ।
অন্তে প্রিয়াং স্মরন্ প্রাপ জন্মর্মলয়কেতুতঃ॥ ৯০।
ধ্যায়ন্তী সাপি তং বালা বিদ্যাধরকুমারকম্।
বিরহাগ্নৌ বিসৃষ্টাসুঃ কর্ণাটে জন্মভাগভূৎ॥ ৯১।
সুতো মলয়কেতোস্তাং কালেন পরিণীতবান্।
মাল্যকেতুরনঙ্গশ্রীঃ পিত্রা দত্তাং কলাবতীম্॥ ৯২।

গদ্ গদ বচনে "প্রিয়ে বৃথা তোমায় আনিলাম, সুশী—" এই অর্দ্ধোক্তি করিয়াই প্রিয়াকে স্মরণ করত রণস্থলে প্রাণ পরিত্যাগ করিলেন। সুশীলা অনন্যপূর্ব্ব স্পর্শসুখ অনুভব করিয়া তাঁহাকেই পতিবোধে ক্রন্দন করিতে লাগিলেন, শোকাগ্নিতে তাঁহার শরীর দগ্ধ হইয়া গেল॥ ৮৪॥ ৮৫॥ ৮৬॥ ৮৭॥ ৮৮॥ সেই লিঙ্গত্রিতয়ময় শরীর-ধারিণীর সান্নিধ্য প্রযুক্ত রাক্ষস দিব্য শরীর প্রাপ্ত হইয়া স্বর্গে গমন করিল ॥ ৮৯॥ বিদ্যাধরকুমার অন্তে প্রিয়া সুশীলাকে স্মরণপূর্ব্বক রণে প্রাণ পরিত্যাগ করিয়াছিলেন, এবং পরে তিনি মলয়কেতুর ঔরসে জন্ম-গ্রহণ করিলেন, এ দিকে সুশীলাও ঐ বিদ্যাধরকুমারকে ধ্যান করত তদীয় বিরহানলে জীবন বিসর্জ্জন পূর্ব্বক কর্ণাটদেশে জন্ম-পরিগ্রহ করিলেন কন্যার নাম কলাবতী হইল॥ ৯০॥ ৯১॥ মলয়-কেতুর পুত্র কন্দর্পের তুল্য সৌন্দর্য্যশালী মাল্যকেতুর সহিত কাল

সাপি প্রাগ্বাসনাযোগাল্লিঙ্গার্চ্চনরতা সতী।
হিত্বা মলয়জক্ষোদং বিভূতিং বহুমংস্ত বৈ ॥ ৯৩।
মুক্তাবৈদূর্য্যমাণিক্যপুষ্পরাগেভ্য এব সা।
মেনে রুদ্রাক্ষনেপথ্যমনর্ঘ্যং গর্ভসুন্দরী ॥ ৯৪।
কলাবতী মাল্যকেতুং পতিং প্রাপ্য পতিব্রতা।
অপত্যত্রিতয়ং লেভে দিব্যভোগসমৃদ্ধিভাক্ ॥ ৯৫।
একদা কশ্চিদৌদীচ্যো মাল্যকেতুং নরেশ্বরম্।
চিত্রকৃচ্চিত্রপটিকাং চিত্রাং দর্শিতবানথ ॥ ৯৬।
তান্তু চিত্রপটীং রাজা কলাবত্যৈ সমর্পয়ৎ।
সাথ চিত্রপটীং রম্যাং সংপ্রহৃষ্টতনূরুহা ॥ ৯৭।
মুহুর্মুহুঃ প্রপশ্যন্তী রহসি প্রাণদেবতাম্।
বিসস্মার স্বমপি চ সমাধিস্থেব যোগিনী ॥ ৯৮।

ক্রমে কলাবতীর বিবাহ হইল ॥ ৯২ ॥ কলাবতী প্রাক্তনবাসনা বশতঃ লিঙ্গার্চ্চনতৎপরা হইলেন ; তিনি চন্দনচূর্ণ পরিত্যাগ করিয়া বিভূতির সমাদর করিতেন, মুক্তা, মাণিক্য, বৈদূর্য্য ও পুষ্পরাগ অপেক্ষা রুদ্রাক্ষের ভূষণ তাঁহার অমূল্য বলিয়া জ্ঞান ছিল ॥ ৯৩ ॥ ৯৪ ॥ স্বভাবসুন্দরী পতিপরায়ণা কলাবতী মাল্যকেতুকে পতি প্রাপ্ত হইয়া দিব্য-ভোগসমৃদ্ধিভাগিনী হইলেন ও ক্রমে তাঁহা হইতে তিনটী সন্তান লাভ করিলেন ॥ ৯৫ ॥ একদা উত্তরদেশীয় কোন চিত্রকর, রাজা মাল্যকেতুকে একখানি আশ্চর্য্য চিত্রপট দর্শন করাইল। রাজা ঐ পটখানি রাজ্ঞী কলাবতীর হস্তে সমর্পণ করিলেন। কলাবতী রমণীয় চিত্রপটদর্শনে পুলকিত হইয়া তাহাতে স্বকীয় প্রাণদেবতা বিশ্বেশ্ব-

ক্ষণমুন্মীল্য নয়নে কৃত্বা নেত্রাতিথিং পটীম্।
তর্জ্জন্যগ্রমথোৎক্ষিপ্য স্বাত্মানং সমবোধয়ৎ ॥ ৯৯ ।
সম্ভেদোয়মসেরম্য উপলোলার্কমগ্রতঃ।
উপশ্রীকেশবপদং বরণৈষা সরিদ্বরা ॥ ১০০ ।
স্বর্গে প্রার্থিতসংস্পর্শা সৈষা স্বর্গতরঙ্গিণী।
উদগ্বহাভিলষ্যন্তি যাং দিবো দ্যুসদঃ সদা ॥ ১০১ ।
অলক্ষ্যা মোক্ষলক্ষ্মীর্যা বেদান্তে পরিপঠ্যতে।
বিমুক্তয়ে সতাং সৈষা শ্রীমতী মণিকর্ণিকা ॥ ১০২ ।
মরণং মঙ্গলং যত্র সফলং যত্র জীবিতম্।
স্বর্গস্তৃণায়তে যত্র সৈষা শ্রীমণিকর্ণিকা ॥ ১০৩ ।
যত্র সম্পত্তিসম্ভারান্ বিশ্রাণ্য নিধনেচ্ছয়া।
যতিব্রতং সমালম্ব্য তিষ্ঠতে মূলকন্দভুক্ ॥ ১০৪ ।

হইলেন ॥ ৯৬ ॥ ৯৭ ॥ ৯৮ ॥ ক্ষণকাল পরে নয়ন উন্মীলন পূর্ব্বক ঐ পট পুনর্ব্বার নয়নগোচর করিয়া তর্জ্জনীর অগ্রভাগ উৎক্ষেপন করত আত্মাকে প্রবোধিত করিলেন ॥ ৯৯ ॥ অগ্রে লোলার্ক সমীপে এই অসিনদীর রমণীয় সঙ্গম-স্থান। শ্রীকেশবের এই সেই নদী শ্রেষ্ঠা বরণা ॥ ১০০ ॥ সুরলোকে দেবগণও যাহার স্পর্শ প্রার্থনা করিয়া থাকেন এই সেই উত্তরবাহিনী স্বর্গতরঙ্গিণী জাহ্নবী ॥ ১০১ ॥ ইন্দ্রিয়ের অলক্ষ্য মোক্ষলক্ষ্মী বলিয়া বেদান্তে যিনি পঠিত হইতেছেন, বিমুক্তিদায়িনী এই সেই শ্রীমণিকর্ণিকা ॥ ১০২ ॥ যথায় মরণ মঙ্গল ও জীবিত সফল এবং স্বর্গও তৃণের ন্যায় তুচ্ছ বোধ হয়, এই সেই মণিকর্ণিকা ॥ ১০৩ ॥ যেস্থানে নিধনপ্রাপ্তির ইচ্ছায় সমস্ত সম্পত্তি বিসর্জ্জন দিয়া লোকে যতিব্রত অবলম্বন পূর্ব্বক কন্দমূলভোজী হইয়া অবস্থিতি করে;

যত্র ত্রিমার্গগাং গঙ্গাং মার্গমাণো মৃতান্ হরঃ।
স্বমৌলিবালচন্দ্রেণ মুক্তিমার্গং প্রদর্শয়ন্ ॥ ১০৫।
সংসারং যত্র দুর্ব্বারং প্রতারয়তি শঙ্করঃ।
মৃতা অপ্যমৃতীয়ন্তে কর্ণধারাদ্যতো নরাঃ। ১০৬।
সংসারসারপদবী যত্র স্যাদদবীয়সী।
কর্ণেজপান্মহেশানাৎ করুণাবরুণালয়াৎ ॥ ১০৭।
অনেকভবসম্ভূতপ্রভূতসুকৃতৈর্নরাঃ।
কর্ণেজপং ভবং যত্র লভন্তে তে ভবাপহম্ ॥ ১০৮
স্বীকৃত্য ক্ষেত্রসন্ন্যাসং যদ্বলেন মহাধিয়ঃ।
তৃণং কৃতান্তং মন্যন্তে সেয়ং শ্রীমণিকর্ণিকা ॥ ১০৯
তৃণীকৃত্য নিজং দেহং যত্র রাজর্ষিসত্তমঃ।
হরিশ্চন্দ্রঃ সপত্নীকো ব্যক্রীণাদ্ভূরিয়ং হি সা ॥ ১:
অভিলষ্যন্তি যত্রত্যমপি বৈকুণ্ঠবাসিনঃ।
সৈকতং মৃদুলং তল্পং সৈষা শ্রীমণিকর্ণিকা ॥ ১১১।

যথায় দেবদেব মহেশ্বর ত্রিপথগামিনী ভাগীরথীর অন্বেষণ করত নিজ-মস্তকস্থিত চন্দ্রকলা-দ্বারা মৃতজন্তুদিগকে মুক্তিমার্গ দেখাইয়া দুর্ব্বার সংসারকে প্রতারিত করেন, যে স্থানে জীবগণ মৃত হইয়াও ভবকর্ণধার মহেশ্বর হইতে অমৃতত্ব লাভ করে। যথায় করুণাসমুদ্র মহেশ্বর কর্ণে তারকমন্ত্র প্রদান করায় জীবের দৃঢ় সংসারমার্গ অতি দূর-বর্ত্তী হয়; যে স্থানে মনুষ্য অনেক জন্মসম্ভূত প্রচুর পুণ্যবলে ভবভয়-হারী কর্ণে মন্ত্রদাতা মহেশ্বরকে প্রাপ্ত হয়; মহাবুদ্ধিশালী ব্যক্তিগণ ক্ষেত্র সন্ন্যাস স্বীকার পূর্ব্বক যাহার প্রভাবে কৃতান্তকেও তৃণের ন্যায় অবজ্ঞা করেন, এই সেই শ্রীমণিকর্ণিকা ॥ ১০৪ ॥ ১০৫ ॥ ১০৬ ॥ ১০৭ ॥ ১০৮ ॥ ১০৯ ॥ সপত্নীক রাজর্ষিসত্তম হরিশ্চন্দ্র যথায় আত্মদেহ তৃণেরন্যায় তুচ্ছজ্ঞানে বিক্রয় করিয়াছিলেন এ সেই স্থান ॥ ১১০ ॥ বৈকুণ্ঠবাসীরাও যথাকার

অনেকজন্মজনিতকর্ম্মসূত্রনিয়ন্ত্রণম্ ।
উন্মুচ্য যত্র মুক্তাঃ স্যুঃ সৈষা শ্রীমণিকর্ণিকা ॥ ১১২ ।
সত্যলোকেঽপি যে লোকাস্তেঽর্থয়ন্তি নিরন্তরম্ ।
যামহো দীর্ঘনিদ্রায়ৈ সেয়ং শ্রীমণিকর্ণিকা ॥ ১১৩ ।
অয়ং হি স কুলস্তম্ভো যত্র শ্রীকালভৈরবঃ ।
ক্ষেত্রপাপকৃতঃ শাস্তি দর্শয়ংস্তীব্রযাতনাম্ ॥ ১১৪ ।
অন্যত্র বিহিতং পাপং নশ্যেৎ কাশীনিরীক্ষণাৎ ।
কাশ্যাং কৃতানাং পাপানাং দারুণেয়ন্তু যাতনা ॥ ১১৫ ।
কপালমোচনং তীর্থমেতত্তদপি পাবনম্ ।
কপালং পতিতং যত্র বিধের্ভৈরবপাণিতঃ ॥ ১১৬ ।
ঋণত্রয়াদ্বিমুচ্যন্তে যত্র স্নাতা নরোত্তমাঃ ।
তীর্থং বিশুদ্ধিজনকং তদেতদৃণমোচনম্ ॥ ১১৭ ।

সুকোমল সৈকতশয্যা আকাঙ্ক্ষা করেন, সেই এই মণিকর্ণিকা ॥ ১১১ ॥ যথায় প্রাণিগণ বহুজন্মসম্ভূত কর্ম্মসূত্রবন্ধন উন্মোচন করিয়া মুক্তিপ্রাপ্ত হয়, এ সেই মণিকর্ণিকা ॥ ১১২ ॥ কি আশ্চর্য্য ! সত্যলোকবাসী লোকগণও দীর্ঘনিদ্রা প্রাপ্তির নিমিত্ত যেস্থানের প্রার্থনা করেন, ইনি সেই মণিকর্ণিকা ॥ ১১৩ ॥

যথায় কালভৈরব ক্ষেত্রপাপীদিগকে "দেখ অন্যত্র-কৃতপাপ সকল কাশীদর্শনমাত্রে বিনষ্ট হয় কিন্তুকাশীকৃত-পাপের এই ভয়ানক যাতনা" এই বলিয়া শাসন করেন সেই এই কুলস্তম্ভ ॥ ১১৪ ॥ ১১৫ ॥ যে স্থানে ভৈরবের হস্ত হইতে বিধির কপাল পতিত হইয়াছিল, এই সেই পবিত্র কপালমোচন নামক তীর্থ ॥ ১১৬ ॥ মনুষ্যগণ যে স্থানে স্নান করিয়া দেব, পিতৃলোক ও ঋষিগণের ঋণ হইতে বিমুক্ত হন এই সেই বিশুদ্ধিজনক ঋণ-

প্রণবাখ্যং পরং ব্রহ্ম যত্র নিত্যং প্রকাশতে ।।
স পঞ্চায়তনোপেত ওঙ্কারেশোয়মদ্ভুতঃ ॥ ১১৮ ।
অশ্চ উশ্চ মকারশ্চ নাদো বিন্দুশ্চ পঞ্চমঃ ।
পঞ্চাত্মকং পরং ব্রহ্ম যত্র নিত্যং প্রকাশতে ॥ ১১৯ ।
এষা মৎস্যোদরী রম্যা যৎস্নাতো মানবোত্তমঃ ।
মাতুর্জাতূদরদরীং নবিশেদেষ নিশ্চয়ঃ ॥ ১২০ ।
ত্রিলোচনোয়ং ভগবান্ কুর্য্যাদেব ত্রিলোচনম্ ।
নিজভক্তং কৃপাযুক্তস্ত্বপি দেশান্তরস্থিতম্ ॥ ১২১ ।
অসৌ কামেশ্বরো দেবো যঃ কামান্ পূরয়েৎ সতাম্ ।
দুর্ব্বাসা অপি যত্রাপ নিজকামমহোদয়ম্ ॥ ১২২ ।
স্বয়ং লীনো মহেশোত্র ভক্তকামসমৃদ্ধয়ে ।
তস্মাৎ স্বর্লীনসংজ্ঞাস্য দেবদেবস্য শূলিনঃ ॥ ১২৩ ।

মোচন তীর্থ ॥ ১১৭ ॥ যথায় প্রণবাখ্য পরব্রহ্ম নিত্য প্রকাশমান আছেন এই সেই পঞ্চায়তনযুক্ত বিচিত্র ওঙ্কারেশ্বর ॥ ১১৮ ॥ এই স্থানে অকার, উকার মকার, বিন্দু এবং নাদ এই পঞ্চাত্মক পরব্রহ্ম নিত্য প্রকাশ পাইতেছেন ॥ ১১৯ ॥ যথায় স্নান করিলে মনুষ্য নিঃসন্দেহ আর কখন জননীর উদররূপ কন্দরে প্রবেশ করে না এই সেই রমণীয় মৎস্যোদরী নদী এবং এই স্থানেই কৃপাময় ভগবান্ ত্রিলোচন, নিজভক্তগণ দেশান্তরস্থ হইলেও তাঁহাদিগকে ত্রিলোচন অর্থাৎ সারূপ্য মুক্তি প্রদান করেন ॥ ১২০ ॥ ১২১ ॥ যিনি সাধুদিগের সকল কামনা পূর্ণ করেন যথায় মহাক্রোধন দুর্ব্বাসাও নিজকামনার অভ্যুদয় প্রাপ্ত হইয়াছিলেন এই সেই কামেশ্বর ॥ ১২২ ॥ ভক্তের অভীষ্ট প্রাপ্তির জন্য স্বয়ং মহেশ্বর এই স্থানে লীন আছেন, এ নিমিত্ত অত্রস্থ এই মহাদেবের স্বর্লীন নাম হইয়াছে ॥ ১২৩ ॥

বারাণস্যাং মহাদেবো যস্ত পুরাণেষু পঠ্যতে।
ক্ষেত্রাভিমানী ভগবাংস্তৎপ্রাসাদোয়মদ্ভুতঃ॥ ১২৪।
অসৌ স্কন্দেশ্বরো দেবঃ শ্রদ্ধয়া যদ্বিলোকনাৎ।
আজন্মব্রহ্মচর্য্যস্য ফলমাপ্নোতি মানবঃ॥ ১২৫।
বিনায়কেশ্বরশ্চায়ং সর্ব্বসিদ্ধিপ্রদায়কঃ।
যৎসেবয়া প্রণশ্যন্তি নৃণাং সর্ব্বে বিনায়কাঃ॥ ১২৬।
ইয়ং বারাণসী দেবী সাক্ষান্মূর্ত্তিময়ী শুভা।
যস্যা বিলোকনাৎ পুংসাং ভূয়ো নো গর্ভসম্ভবঃ॥ ১২৭।
পার্ব্বতীশ্বরলিঙ্গস্য মহদায়তনং ত্বিদম্।
যত্র নিত্যং মহেশানো গৌর্য্যা সহ বিমুক্তিদঃ॥ ১২৮।
এষ ভৃঙ্গীশ্বরঃ শ্রীমান্ মহাপাতকনাশনঃ।
জীবন্মুক্তোঽভবদ্ভৃঙ্গী যস্য লিঙ্গস্য সেবয়া॥ ১২৯।
চতুর্ব্বেদেশ্বরশ্চৈষ চতুর্ব্বেদধরো বিধিঃ।
লভেদ্‌যদ্বীক্ষণাদ্বিপ্রো বেদাধ্যয়নজং ফলম্॥ ১৩০।

যে ক্ষেত্রজ্ঞপুরুষ পুরাণসমূহে বারাণসীক্ষেত্রস্থ মহাদেব বলিয়া পঠিত হন, তাঁহার এই অদ্ভুত মন্দির॥ ১২৪॥ যাঁহাকে শ্রদ্ধা সহকারে দর্শন করিলে মনুষ্য আজন্ম ব্রহ্মচর্য্যের ফল প্রাপ্ত হয় ইনি সেই ভগবান্ স্কন্দেশ্বর॥ ১২৫॥ যাঁহার সেবা করিলে মনুষ্যের নিখিল বিঘ্নরাশি বিনষ্ট হয় ইনি সেই সর্ব্বসিদ্ধি প্রদ বিনায়ক॥ ১২৬॥

যাঁহার দর্শনে মনুষ্যের পুনর্ব্বার জঠরে জন্মগ্রহণ সম্ভাবনা থাকে না এই সেই প্রত্যক্ষমূর্ত্তিময়ী মঙ্গল স্বরূপা দেবী বারাণসী। ১২৭॥ যথায় পার্ব্বতীর সহিত ভগবান্ মহেশ্বর নিত্য বিমুক্তিপ্রদ হইয়া অবস্থান করিতেছেন এই পার্ব্বতীশ্বরলিঙ্গের মহৎ আয়তন॥ ১২৮॥ ইনি মহাপাতকহারী শ্রীমান্ ভৃঙ্গীশ্বর, ভৃঙ্গী এই লিঙ্গের সেবা করিয়া জীবন্মুক্ত হইয়াছিলেন॥ ১২৯॥ যাঁহাকে দর্শন করিলে বিপ্র বেদপাঠের ফল লাভ

যজ্ঞৈঃ সংস্থাপিতঞ্চৈতল্লিঙ্গং যজ্ঞেশ্বরাভিধম্ ।
যদর্চ্চনাল্লভেন্মর্ত্ত্যঃ সর্ব্বযাগফলং মহৎ ॥ ১৩১ ।
পুরাণেশ্বরনাম্নৈতল্লিঙ্গমষ্টাদশাঙ্গুলম্ ।
অষ্টাদশানাং বিদ্যানাং স্যাদাধারো যদীক্ষণাৎ ॥ ১৩২ ।
ধর্ম্মশাস্ত্রেশ্বরশ্চায়ং স্মৃতিভিশ্চ প্রতিষ্ঠিতঃ ।
স্মৃত্যধ্যয়নজং পুণ্যং যদ্বিলোকনতো ভবেৎ ॥ ১৩৩ ।
সারস্বতমিদং লিঙ্গং সর্ব্বজাড্যবিনাশকৃৎ ।
সর্ব্বতীর্থেশ্বরং লিঙ্গমেতৎ সদ্যো বিশুদ্ধিদম্ ॥ ১৩৪ ।
শৈলেশ্বরস্য লিঙ্গস্য মণ্ডপোয়ং মহাদ্ভুতঃ ।
সর্ব্বেষাং রত্নজাতানাং যোবিভর্ত্তি পরাং শ্রিয়ম্ ॥ ১৩৫।
সপ্তসাগরসংজ্ঞং বৈ লিঙ্গমেতন্মনোহরম্ ।
যদ্বীক্ষণাল্লভেন্মর্ত্ত্যঃ সপ্তাব্ধিস্নানজং ফলম্ ॥ ১৩৬ ।
অসৌ মন্ত্রেশ্বরঃ শ্রীমান্ মন্ত্রজাপ্যফলপ্রদঃ ।
সপ্তকোটিমহামন্ত্রৈঃ স্থাপিতো যঃ পুরাযুগে ॥ ১৩৭ ।

করে, এই চতুর্ব্বেদধারী বিধানকর্ত্তা চতুর্ব্বেদেশ্বর ॥ ১৩০ ॥ এই যজ্ঞেশ্বর নামক লিঙ্গ বহু যজ্ঞ দ্বারা সংস্থাপিত হইয়াছেন, ইহাঁর অর্চ্চনা করিলে মনুষ্য সর্ব্বযাগজন্য মহাফল লাভ করিয়া থাকে ॥ ১৩১ ॥ যাঁহাকে দর্শন করিলে অষ্টাদশ বিদ্যার আধার হওয়া যায়, এই সেই অষ্টাদশ-অঙ্গুলিপরিমিত পুরাণেশ্বর নামক লিঙ্গ ॥ ১৩২ ॥ ইনি স্মৃতিশাস্ত্রপ্রতিষ্ঠিত ধর্ম্মশাস্ত্রেশ্বর, ইহাঁর অবলোকনে স্মৃতিপাঠজনিত পুণ্যের উদয় হয় ॥ ১৩৩ ॥ এই নিখিলঅজ্ঞানবিনাশক সারস্বতলিঙ্গ, এই সর্ব্বতীর্থেশ্বর লিঙ্গ ঝটিতি বিশুদ্ধি প্রদান করেন ॥ ১৩৪ ॥ শৈলেশ্বরলিঙ্গের এই অত্যাশ্চর্য্য মণ্ডপ, ইহা যাবতীয় রত্নরাজীর উৎকৃষ্ট কান্তি ধারণ করে ॥ ১৩৫ ॥ এই সপ্তসাগরনামক মনোহরলিঙ্গ, যাঁহার দর্শনে মনুষ্য সপ্তসাগরে স্নানজন্য ফল প্রাপ্ত হয় ॥ ১৩৬ ॥ যে লিঙ্গ সত্যযুগে সপ্ত-

ত্রিপুরেশস্য লিঙ্গস্য পুরঃ কুণ্ডমিদং মহৎ।
ত্রিপুরৈঃ খানিতং পূর্ব্বং ত্রিপুরারিপ্রিয়ং পরম্ ॥ ১৩৮ ॥
ইদং বাণেশ্বরং লিঙ্গং সহস্রভুজপূজিতম্।
দ্বিভুজস্যাপি বাণস্য সহস্রভুজহেতুকম্ ॥ ১৩৯ ॥
বৈরোচনেশ্বরশ্চৈষ পুরঃ প্রহ্লাদকেশবাৎ।
বলিকেশবনামাসাবেষ নারদকেশবঃ ॥ ১৪০ ॥
আদিকেশবপূর্ব্বেণ ত্বয়মাদিত্যকেশবঃ।
ভীষ্মকেশবনামাসৌ দত্তাত্রেয়েশ্বরস্ত্বয়ম্ ॥ ১৪১ ॥
দত্তাত্রেয়েশ্বরাৎ পূর্ব্বমেষ আদিগদাধরঃ।
ভৃগুকেশবনামাসাবেষ বামনকেশবঃ ॥ ১৪২ ॥
নরনারায়ণাবেতৌ যজ্ঞবারাহকেশবঃ।
বিদারনারসিংহোয়ং গোপীগোবিন্দ এষ হ ॥ ১৪৩ ॥
এষ লক্ষ্মীনৃসিংহস্য প্রাসাদো রত্নকেতনঃ।
যস্য প্রসাদাৎ প্রহ্লাদঃ পদমৈন্দ্রমবাপ্তবান্ ॥ ১৪৪ ॥

কোটি মহামন্ত্রে স্থাপিত হন এই সেই মন্ত্রজপফলপ্রদ শ্রীমান্ মন্ত্রেশ্বর লিঙ্গ ॥ ১৩৭ ॥ অগ্রভাগে এই ত্রিপুরেশলিঙ্গের বিশাল কুণ্ড, এই কুণ্ড মহাদেবের অত্যন্ত প্রিয়, ইহা ত্রিপুরবাসিকর্ত্তৃক খনিত হয় ॥ ১৩৮ ॥ এই সহস্রভুজপূজিত বাণেশ্বর লিঙ্গ, ইহাঁর প্রসাদে মহাত্মা বাণ দ্বিভুজ হইয়াও সহস্রভুজ প্রাপ্ত হইয়াছিল ॥ ১৩৯ ॥ প্রহ্লাদকেশবের অগ্রে এই বৈরোচনেশ্বরলিঙ্গ, ইহাঁর নাম বলিকেশব ও ইহাঁর নাম নারদকেশব ॥ ১৪০ ॥ আদিকেশবের পূর্ব্বে এই আদিত্যকেশব, এই লিঙ্গের ভীষ্মকেশব ও তৃতীয় নাম দত্তাত্রেয়েশ্বর ॥ ১৪১ ॥ দত্তাত্রেয়েশ্বরের পূর্ব্বে এই অনাদিগদাধর, ইহাঁর দ্বিতীয় নাম ভৃগুকেশব ও ইহাঁর তৃতীয় নাম বামনকেশব ॥ ১৪২ ॥ এই দুইটী নরনারায়ণরূপী যজ্ঞবরাহকেশব, ইনি বিদারনারসিংহ ও ইনি গোপীগোবিন্দ ॥ ১৪৩ ॥ এই লক্ষ্মীনৃসিংহের রত্নধ্বজ-

অথর্ব্বসিদ্ধিদঃ পুংসামেষ খর্ব্ববিনায়কঃ ।
শেষমাধবনামাসৌ শেষেণ স্থাপিতঃ পুরা ॥ ১৪৫ ।
যস্য ভক্তা ন দহ্যন্তে ত্বপি সম্বর্ত্তবহ্নিনা ।
শঙ্খমাধবনামাসৌ শঙ্খং হত্বাত্র সংস্থিতঃ ॥ ১৪৬ ।
ইদং সারস্বতং স্রোতঃ পরং ব্রহ্মরসায়নম্ ।
সরস্বত্যা মহানদ্যা সঙ্গমো যত্র গঙ্গয়া ॥ ১৪৭ ।
যত্রাপ্লুতা নরাভূয়ঃ সম্ভবন্তি ন ভূতলে ।
শ্রীবিন্দুমাধবস্ত্বেষ সাক্ষাল্লক্ষ্মীপতিঃ পরঃ ॥ ১৪৮ ।
শ্রদ্ধয়াযং নমন্ মর্ত্ত্যো ন বসেদ্গর্ভবেশ্মনি ।
ন দারিদ্র্যমবাপ্নোতি ব্যাধিভির্নাভিভূয়তে ॥ ১৪৯ ।
বিন্দুমাধবভক্তো যস্তং যমোপি নমস্যতি ।
প্রণবাত্মা যএকোঽস্তি নাদবিন্দুস্বরূপধৃক্ ॥ ১৫০ ।

শোভিত প্রাসাদ, যাহার প্রসাদে প্রহ্লাদ ইন্দ্রের পদ প্রাপ্ত হইয়াছিলেন ॥ ১৪৪ ॥ ইনি খর্ব্ববিনায়ক, মনুষ্যের মহাসিদ্ধিপ্রদাতা, ইনি শেষমাধব, পুরাকালে শেষকর্ত্তৃক স্থাপিত হইয়াছিলেন ॥ ১৪৫ ॥ যাঁহার ভক্তগণ প্রলয়াগ্নিতে ও দগ্ধ হয় না, সেই এই শঙ্খমাধবনামক লিঙ্গ, শঙ্খাসুরের বধানন্তর এই স্থানে অবস্থিত হইয়াছেন ॥ ১৪৬ ॥ এই ব্রহ্মরসায়ন সারস্বত স্রোতঃ, এই স্থানে গঙ্গার সহিত মহানদী সরস্বতীর সঙ্গম হইয়াছে। এখানে অবগাহন করিলে মনুষ্যের ভূতলে পুনর্ব্বার জন্মগ্রহণ করিতে হয় না। এই শ্রীবিন্দুমাধব সাক্ষাৎ পরম লক্ষ্মীপতি, শ্রদ্ধা-সহকারে ইহার সমীপে প্রণত হইলে গর্ভবাসক্লেশ ও দারিদ্র কিম্বা ব্যাধি যন্ত্রণা কিছুই অনুভব করিতে হয় না। ॥ ১৪৭ ॥ ১৪৮ ॥ ১৪৯ ॥ অধিক কি কৃতান্তও বিন্দুমাধবভক্তকে প্রণাম করেন। যিনি নাদবিন্দুস্বরূপ,

অমূর্ত্তং যৎ পরং ব্রহ্ম বিন্দুমাধবএব সঃ।
এতৎ পঞ্চনদং তীর্থং পঞ্চব্রহ্মাত্মসংজ্ঞকম্ ॥ ১৫১ ।
যত্র স্নাতো ন গৃহ্লীয়াচ্ছরীরং পাঞ্চভৌতিকম্।
এষা সা মঙ্গলা গৌরী কাশ্যাং পরমমঙ্গলম্ ॥ ১৫২ ।
যৎপ্রসাদাদবাপ্নোতি নরোঽত্র চ পরত্র চ।
ময়ূখাদিত্যসংজ্ঞোয়ং রশ্মিমালী তমোপহঃ ॥ ১৫৩ ।
গভস্তীশো মহালিঙ্গমেতদ্দিব্যমহঃপ্রদম্।
মৃকুণ্ডুসূনুনাপ্যত্র তপস্তপ্তং পুরা মহৎ ॥ ১৫৪ ।
লিঙ্গং সংস্থাপ্য পরমং স্বনাম্নায়ুঃপ্রদং পরম্।
কিরণেশ্বরনাম্নৈতল্লিঙ্গং ত্রৈলোক্যবিশ্রুতম্ ॥ ১৫৫ ।
সকৃন্নতমিদং লোকং নয়েৎ কিরণমালিনঃ।
ধৌতপাপেশ্বরং লিঙ্গমেতৎ পাতকধাবনম্ ॥ ১৫৬ ।

অদ্বিতীয় প্রণবাত্মা; যিনি অমূর্ত্ত পরব্রহ্ম, তিনিই এই বিন্দুমাধব। এই পঞ্চব্রহ্মাত্মসংজ্ঞক পঞ্চনদতীর্থ, এই স্থানে স্নান করিলে আর পাঞ্চভৌতিক শরীর পরিগ্রহ করিতে হয় না। যাঁহার প্রসাদে মনুষ্য কাশীতে ঐহিক ও পারত্রিক পরম মঙ্গল লাভ করে, এই সেই মঙ্গলাগৌরী। ময়ূখাদিত্যসংজ্ঞক এই লিঙ্গ তমোনাশক সূর্য্যস্বরূপ ॥ ১৫০ ॥ ১৫১ ॥ ১৫২ ॥ ১৫৩ ॥ গভস্তীশনামক এই মহালিঙ্গ দিব্যতেজঃপ্রদ, পুরাকালে মহর্ষি মার্কণ্ডেয় এই স্থানে আয়ুস্কর এক উৎকৃষ্ট লিঙ্গ স্বনামে স্থাপন পূর্ব্বক মহাতপস্যা করিয়াছিলেন। কিরণেশ্বরনামক এই লিঙ্গ ত্রৈলোক্যে বিশ্রুত। ভূলোকবাসিগণ ইহাঁর নিকট প্রণত হইলে, ইনি তাহাদিগকে কিরণমালী সূর্য্যের সমীপে লইয়া যান। এই লিঙ্গের নাম ধৌতপাপেশ্বর, ইনি পাপরূপপঙ্ক বিধৌত করেন ॥ ১৫৪ ॥ ১৫৫ ॥ ১৫৬ ॥

নির্ব্বাণনরসিংহোয়ং ভক্তনির্ব্বাণকারণম্ ।
মণিপ্রদীপনাগোয়ং মহামণিবিভূষণঃ ॥ ১৫৭ ॥
যদর্চ্চনান্নরো জাতু ন নাগৈঃ পরিভূয়তে ।
কপিলেশমিদং লিঙ্গং কপিলেন প্রতিষ্ঠিতং ॥ ১৫৮ ॥
মুচ্যন্তে কপয়োপ্যস্য দর্শনাৎ কিমু মানবাঃ ।
প্রিয়ব্রতেশ্বরং লিঙ্গং মহদেতৎ প্রকাশতে ॥ ১৫৯ ॥
যস্যার্চ্চনাল্লভেজ্জন্তুঃ প্রিয়ত্বং সর্ব্বজন্তুষু ।
ইদমায়তনং শ্রেষ্ঠং মণিমাণিক্যনির্ম্মিতম্ ॥ ১৬০ ।
শ্রীমতঃ কালরাজস্য কলিকালার্ত্তিহারিণঃ ।
নিজভক্তং জনং পাতি যঃ পাপাৎ পাপভক্ষণঃ ॥ ১৬১ ॥
ক্ষেত্রবিঘ্নকরান্ পাপান্ পাতয়ন্ যাতনাশতৈঃ ।
ইয়ং মন্দাকিনী রম্যা তপস্তপ্তুমিহাগতা ॥ ১৬২ ।

নির্ব্বাণ নরসিংহ নামক এই লিঙ্গ ভক্তগণের নির্ব্বাণকারক। এই মহা-মণিবিভূষিত লিঙ্গের নাম মণিপ্রদীপনাগ, ইহার অর্চ্চনা করিলে মনুষ্য কখন সর্প কর্ত্তৃক অভিভুত হয় না। কপিলেশ নামে এই লিঙ্গ কপিল-মুনিকর্ত্তৃক প্রতিষ্ঠিত, মানবগণের কথা আর কি বলিব? ইহাঁর দর্শন করলে কপিগণ ও মুক্ত হয়, এই যে মহালিঙ্গ প্রকাশমান রহিয়াছেন, ইহাঁর নাম প্রিয়ব্রতেশ্বর। প্রাণিগণ ইহাঁর আরাধনা করিলে সর্ব্বপ্রাণীর প্রিয়তা লাভ করে। এই মণিমাণিক্যনির্ম্মিত শ্রেষ্ঠমন্দির, কলিকাল দুঃখাহর শ্রীমান্ কালরাজের; যে পাপভক্ষয়িতা ক্ষেত্রবিঘ্নকারী পাপিষ্ঠ-দিগকে শত যাতনা প্রদানপূর্ব্বক নিজভক্তজনকে পাপ হইতে রক্ষা করেন। এই রমণীয়া মন্দাকিনী তপস্যা করিবার নিমিত্ত এই স্থানে আসিয়া-ছিলেন, কিন্তু কাশীবাসজনিত সুখসম্ভোগ করিয়া অদ্যাপি স্বর্গগমনে

কাশীবাসসুখং প্রাপ্য নাদ্যাপি দিবমীহতে।
স্নাত্বাত্র সন্তর্প্য পিতৄন্ শ্রাদ্ধং কৃত্বা বিধানতঃ॥ ১৬৩।
নরো ন নরকং পশ্যেদপি দুষ্কৃতকর্ম্মকৃৎ।
যানি কানি চ লিঙ্গানি কাশ্যাং সন্তি সহস্রশঃ॥ ১৬৪।
রত্নভূতমিদং তেষু লিঙ্গং রত্নেশ্বরাভিধম্।
রত্নেশ্বরপ্রসাদেন ভুক্ত্বা রত্নান্যনেকশঃ।
পুরুষার্থমহারত্নং নির্ব্বাণং কো ন লব্ধবান্॥ ১৬৫।
কৃত্তিবাসেশ্বরস্যৈষা মহাপ্রাসাদনির্ম্মিতঃ।
যাং দৃষ্ট্বাপি নরো দূরাৎ কৃত্তিবাসঃ পদং লভেৎ॥ ১৬৬।
সর্ব্বেষামপি লিঙ্গানাং মৌলিত্বং কৃত্তিবাসসঃ।
ওঁকারেশঃ শিখা জ্ঞেয়া লোচনানি ত্রিলোচনঃ॥ ১৬৭।
গোকর্ণভারভূতেশৌ তৎকর্ণৌ পরিকীর্ত্তিতৌ।
বিশ্বেশ্বরাবিমুক্তৌ চ দ্বাবেতৌ দক্ষিণৌ করৌ॥ ১৬৮।

চেষ্টা করেন না। অতি দুষ্কর্ম্মান্বিত মনুষ্যও এই মন্দাকিনীতে স্নান করিয়া পিতৃগণের তর্পণপূর্ব্বক যথাবিধানে শ্রাদ্ধ করিলে তাহার আর নরক দর্শন করিতে হয় না। এই কাশীক্ষেত্রে যেকোন প্রকার সহস্র সহস্র লিঙ্গ আছেন, এই রত্নেশ্বর লিঙ্গ তন্মধ্যে রত্নস্বরূপ। রত্নেশ্বর-প্রসাদে বহুবিধ রত্ন সম্ভোগ করিয়া কোন্ ব্যক্তি পুরুষার্থ মহারত্ন স্বরূপ নির্ব্বাণ মুক্তি লাভ না করিয়াছে? শ্রীমান্ কৃত্তিবাসেশ্বরের, এই সুনির্ম্মিত মহাপ্রাসাদ যাহা দূর হইতে অবলোকন করিলেও মনুষ্য কৃত্তিবাসের পদবী লাভ করে॥ ১৫৭—১৬৬॥ কৃত্তিবাসেশ্বর সর্ব্বলিঙ্গাত্মক বিশ্বেশ্বরের মৌলিভূত, ওঁকারেশ্বর ইহাঁর শিখা ও ত্রিলোচনেশ্বর তিনলোচন; গোকর্ণেশ্বর ও ভারভূতেশ্বর ইহাঁর কর্ণদ্বয় এবং বিশ্বেশ্বর ও অবিমুক্তেশ্বর ইহাঁর দক্ষিণ হস্তযুগল; ধর্ম্মেশ ও মণিকর্ণিকেশ ইহাঁর বাম হস্তদ্বয়; কালে-

ধর্ম্মেশমণিকর্ণেশৌ দ্বৌ করৌ দক্ষিণেতরৌ।
কালেশ্বরকপর্দীশৌ চরণাবতিনির্ম্মলৌ ॥ ১৬৯।
জ্যেষ্ঠেশ্বরো নিতম্বশ্চ নাভির্বৈ মধ্যমেশ্বরঃ।
কপর্দ্দোস্য মহাদেবঃ শিরোভূষা শ্রুতীশ্বরঃ ॥ ১৭০।
চন্দ্রেশো হৃদয়ং তস্য আত্মা বীরেশ্বরঃ পরঃ।
লিঙ্গং তস্য তু কেদারঃ শুক্রং শুক্রেশ্বরং বিদুঃ ॥ ১৭১।
অন্যানি যানি লিঙ্গানি পরঃ কোটিশতানি চ।
জ্ঞেয়ানি নখলোমানি বপুষো ভূষণান্যপি ॥ ১৭২।
যাবেতৌ দক্ষিণৌ হস্তৌ নিত্যনির্ব্বাণদৌ হিতৌ।
জন্তূনামভয়ং দত্বা পততাং মোহসাগরে ॥ ১৭৩।
ইয়ং দুর্গা ভগবতী পিতৃলিঙ্গমিদং পরম্।
ইয়ং হি চিত্রঘণ্টেশী ঘণ্টাকর্ণহ্রদস্ত্বয়ম্ ॥ ১৭৪।
ইয়ং সা ললিতা গৌরী বিশালাক্ষীয়মদ্ভুতা।
আশাবিনায়কস্ত্বেব ধর্ম্মকূপোয়মদ্ভুতঃ ॥ ১৭৫।
যত্র পিণ্ডান্ নরো দত্বা পিতৄন্ ব্রহ্মপদং নয়েৎ।
এষা বিশ্বভুজা দেবী বিশ্বৈকজননী পরা ॥ ১৭৬।

শ্বর ও কপর্দ্দীশ্বর ইহাঁর নির্ম্মল চরণযুগল, জ্যেষ্ঠেশ্বর ইহাঁর নিতম্ব, মধ্যমেশ্বর ইহাঁর নাভি, মহাদেব ইহাঁর জটাজূট, শ্রুতীশ্বর ইহাঁর শিরোভূষণ, চন্দ্রেশ্বর হৃদয়, বিশ্বেশ্বর পরমাত্মা, কেদারেশ্বর লিঙ্গ, শুক্রেশ্বর শুক্র, এবং কোটিশতাধিক অন্যান্য লিঙ্গগুলি শরীরের নখ, লোম ও ভূষণসমূহ ॥ ১৬৭—১৭২ ॥ বিশ্বেশ্বর ও অবিমুক্তেশ্বর নামক যে দক্ষিণ হস্তদ্বয়, ইহাঁরা মোহসাগরে পতনোন্মুখ জন্তুদিগকে অভয় দান ও নির্ব্বাণ দান করিয়া থাকেন ॥ ১৭৩ ॥ ইনি ভগবতী দুর্গা, এই পরমপিত্রীশ্বরলিঙ্গ, ইনি চিত্রঘণ্টেশী, এই ঘণ্টাকর্ণহ্রদ, ইনি সেই ললিতাগৌরী, ইনি সেই অদ্ভুতা বিশালাক্ষী, ইনি আশাবিনায়ক,

অসৌ বন্দী মহাদেবী নিত্যং ত্রৈলোক্যবন্দিতা।
নিগড়স্থানঽপি জনান্ পাশান্মোচয়তি স্মৃতা॥ ১৭৭।
দশাশ্বমেধিকং তীর্থমেতত্ত্রৈলোক্যবন্দিতং।
যত্রাহুতিত্রয়েণাপি অগ্নিহোত্রফলং লভেৎ॥ ১৭৮।
প্রয়াগাখ্যমিদং স্রোতঃ সর্ব্বতীর্থোত্তমোত্তমং।
অশোকাখ্যমিদং তীর্থং গঙ্গাকেশব এষ বৈ।
মোক্ষদ্বারমিদং শ্রেষ্ঠং স্বর্গদ্বারমিদং বিদুঃ॥ ১৭৯।

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে জ্ঞানবাপী বর্ণনং নাম ত্রয়স্ত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

যে স্থানে পিণ্ডদান করিলে পিতৃলোক ব্রহ্মপদ প্রাপ্ত হন, এই সেই বিচিত্র ধর্ম্মকূপ। এই বিশ্বৈকজননী দেবী বিশ্বভুজা॥ ১৭৪॥ ১৭৫॥ ১৭৬॥ যিনি নিরন্তর সংসারনিগড়বদ্ধ মনুষ্যদিগকে বন্ধন হইতে মুক্ত করেন, এই সেই ত্রৈলোক্যপূজিতা বন্দীনামিকা মহাদেবী॥ ১৭৭॥ যেস্থানে আহুতিত্রয় প্রদান করিলে অগ্নিহোত্রের ফল লাভ হয়, এই সেই ত্রৈলোক্যবন্দিত দশাশ্বমেধিকতীর্থ॥ ১৭৮॥ এই সর্ব্বতীর্থোত্তম প্রয়াগনামক তীর্থ, এই অশোকাখ্য তীর্থ, এই গঙ্গাকেশব, এই মোক্ষদ্বার ও ইহাই পরম স্বর্গদ্বার॥ ১৭৯॥

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে জ্ঞানবাপী বর্ণন নামক ত্রয়স্ত্রিংশত্তম অধ্যায়।

চতুস্ত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

স্কন্দ উবাচ।

পুনর্দদর্শ তন্বঙ্গী চিত্রপট্যাং ঘটোদ্ভব।
স্বর্গদ্বারাৎ পুরোভাগে শ্রীমতীং মণিকর্ণিকাম্ ॥ ১ ।
সংসারসর্পদষ্টানাং জন্তূনাং যত্র শঙ্করঃ।
অপসব্যেন হস্তেন ব্রূতে ব্রহ্ম স্পৃশন্ শ্রুতিম্ ॥ ২ ।
ন কাপিলেন যোগেন ন সাঙ্খ্যেন নচ ব্রতৈঃ।
যা গতিঃ প্রাপ্যতে পুংভিস্তাং দদ্যান্মোক্ষভূরিয়ম্ ॥ ৩
বৈকুণ্ঠে বিষ্ণুভবনে বিষ্ণুভক্তিপরায়ণাঃ।
জপেয়ুঃ সততং মুক্ত্যৈ শ্রীমতীং মণিকর্ণিকাম্ ॥ ৪ ।
হুত্বাগ্নিহোত্রমপি চ যাবজ্জীবং দ্বিজোত্তমাঃ।
অন্তে শ্রয়ন্তে মুক্ত্যৈ যাং সেয়ং শ্রীমণিকর্ণিকা ॥ ৫ ।

চতুস্ত্রিংশত্তম অধ্যায়।

স্কন্দ কহিলেন, হে কুম্ভযোনে! কৃশাঙ্গী কলাবতী পুনর্ব্বার চিত্রপটে দৃষ্টিপাতপূর্ব্বক স্বর্গদ্বারের পুরোভাগে শ্রীমতী মণিকর্ণিকাকে দেখিতে পাইলেন এবং তদ্গতচিত্তে কহিতে লাগিলেন, ভগবান শঙ্কর যে স্থানে সংসাররূপ বিষধরকর্ত্তৃক দষ্ট জন্তুদিগের কর্ণ দক্ষিণহস্ত দ্বারা স্পর্শ করিয়া ব্রহ্মজ্ঞান প্রদান করেন, কাপিলযোগ, সাঙ্খ্যযোগ ও ব্রতসমূহ দ্বারা যে গতি পুরুষের দুষ্প্রাপ্য, এই মণিকর্ণিকা সেই পরমগতি প্রদান করেন; বিষ্ণুসদন বৈকুণ্ঠে বিষ্ণুভক্তিপরায়ণ পুরুষেরা মুক্তির নিমিত্ত নিরন্তর যাঁহাকে জপ করেন, দ্বিজগণ কেহ অগ্নিহোত্রযাগ করিয়া কেহ বা নিত্য ব্রহ্মযজ্ঞানুষ্ঠান করত চতুর্ব্বেদাধ্যয়ন করিয়া এবং নৃপতিগণ

বেদান্ পঠিত্বা বিধিবদ্ব্রহ্মযজ্ঞরতা ভুবি।
যাং শ্রয়ন্তি দ্বিজা মুক্ত্যৈ সেয়ং শ্রীমণিকর্ণিকা॥ ৬।
ইষ্ট্বা ক্রতূনপি নৃপা বহূন্ পর্য্যাপ্তদক্ষিণান্।
শ্রয়ন্তে শ্রেয়সে ধন্যাঃ প্রান্তেঽধিমণিকর্ণিকম্॥ ৭।
সীমন্তিন্যোপি সততং পতিব্রতপরায়ণাঃ।
মুক্ত্যৈ পতিমনুব্রজ্য শ্রয়ন্তি মণিকর্ণিকাম্॥ ৮।
বৈশ্যা অপি চ সেবন্তে ন্যায়োপার্জ্জিতসম্পদঃ।
ধনানি সাধুসাৎ কৃত্বা প্রান্তে শ্রীমণিকর্ণিকাম্॥ ৯।
ত্যক্ত্বা পুত্রকলত্রাদি সচ্ছূদ্রা ন্যায়মার্গগাঃ।
নির্ব্বাণপ্রাপ্তয়ে চৈনাং ভজেয়ুর্মণিকর্ণিকাম্॥ ১০।
যাবজ্জীবং চরন্তোপি ব্রহ্মচর্য্যং জিতেন্দ্রিয়াঃ।
নিঃশ্রেয়সে শ্রয়ন্ত্যেনাং শ্রীমতীং মণিকর্ণিকাম্॥ ১১।
অতিথানপি সন্তর্প্য পঞ্চযজ্ঞরতা অপি।
গৃহস্থাশ্রমিণো নেমাং ত্যজেয়ুর্মণিকর্ণিকাম্॥ ১২।
বানপ্রস্থাশ্রমযুজো জ্ঞাত্বা নির্ব্বাণসাধনম্।
সংনিয়ম্যেন্দ্রিয়গ্রামং মণিকর্ণামুপাসতে॥ ১৩।

যথেষ্টদক্ষিণ বহুলযাগযজ্ঞ সম্পাদন করিয়া মুক্তির নিমিত্ত চরমে যাঁহার আশ্রয় গ্রহণ করেন, ইনিই সেই মণিকর্ণিকা॥ ১—৭॥ পতিব্রত-পরায়ণা সীমন্তিনীগণ পতির অনুগমনপূর্ব্বক, বৈশ্যগণ ন্যায়োপার্জ্জিত বিভবসম্পত্তি সৎপাত্রে প্রদানপূর্ব্বক ও ন্যায়পথগামী সৎশূদ্রগণ পুত্র-কলত্রাদি পরিত্যাগপূর্ব্বক নির্ব্বাণপ্রাপ্তির নিমিত্ত যাঁহার আশ্রয় গ্রহণ করেন, যাবজ্জীবন ব্রহ্মচর্য্য-অনুষ্ঠায়ী, জিতেন্দ্রিয় তপস্বিগণও মোক্ষ-কামনায় যাঁহার আশ্রিত হন, ইনিই সেই মণিকর্ণিকা॥ ৮—১১॥ গৃহস্থা-শ্রমী ব্যক্তিরা সতত অতিথিসৎকার ও পঞ্চযজ্ঞানুষ্ঠান করিয়াও এই মণিকর্ণিকাকে পরিত্যাগ করেন না॥ ১২॥ বানপ্রস্থাশ্রমিগণ ইন্দ্রিয়-

অনন্যসাধনাং মুক্তিং জ্ঞাত্বা শাস্ত্রৈরনেকধা ।
মুমুক্ষুভিস্ত্বেকদণ্ডৈঃ সেব্যতে মণিকর্ণিকা ॥ ১৪ ।
দণ্ডয়িত্বা মনোবাচং কায়ং নিত্যং ত্রিদণ্ডিনঃ ।
নিঃশ্রেয়সীং শ্রিয়ং প্রাপ্তুং শ্রয়ন্তে মণিকর্ণিকাম্ ॥ ১৫ ।
সন্ন্যস্তাখিলকর্ম্মাণো দণ্ডয়িত্বা চলং মনঃ ।
একদণ্ডব্রতা মুক্ত্যৈ ভজেয়ুর্মণিকর্ণিকাম্ ॥ ১৬ ।
শিখী মুণ্ডী জটী বাপী কৌপিনী বা দিগম্বরঃ ।
মুমুক্ষুঃ কো ন সেবেত মুক্তিদাং মণিকর্ণিকাম্ ॥ ১৭ ।
তপঃ কর্ত্তুং ন শক্তা যে দানং বা দাতুমক্ষমাঃ ।
যোগাভ্যাসবিহীনা যে তেষামেষা বিমুক্তিদা ॥ ১৮ ।
সন্ত্যুপায়াঃ সহস্রং বৈ মুক্তয়ে ন তথা মুনে ।
হেলয়ৈষা যথা দদ্যান্নির্ব্বাণং মণিকর্ণিকা ॥ ১৯ ।

সমূহ দমনপূর্ব্বক মণিকর্ণিকাকেই নির্ব্বাণসাধন জানিয়া উপাসনা করেন ॥ ১৩ ॥ মুক্তির অন্য কোন সাধন নাই, ইহা বহুধা শাস্ত্রদ্বারা অবগত হইয়া মুমুক্ষুগণ একদণ্ডধারণপূর্ব্বক মণিকর্ণিকার সেবনে প্রবৃত্ত হন ॥ ১৪ ॥ ত্রিদণ্ডিগণ কায়মনোবাক্য সংযমন করিয়া মোক্ষ-সম্পদ্ লাভ-কামনায় মণিকর্ণিকার আশ্রয় গ্রহণ করেন ॥ ১৫ ॥ এক-দণ্ডধারিগণ নিখিলকর্ম্ম পরিত্যাগপূর্ব্বক চঞ্চল অন্তঃকরণ সংযত করিয়া মণিকর্ণিকারই আশ্রিত হন ॥ ১৬ ॥ কি শিখাধারী, কি মুণ্ডিতশিরাঃ, কি জটাধর, কি কৌপীনধারী, কি দিগম্বর, কোন্ মোক্ষাভিলাষী ব্যক্তি মুক্তিপ্রদা মণিকর্ণিকাকে সেবা না করে ? ॥ ১৭ ॥ যাহারা তপস্যা করিতে অশক্ত, দানকর্ম্মে অসমর্থ ও যোগাভ্যাস-বিহীন, এই মণিকর্ণিকা সেই সকল নিরুপায় ব্যক্তির মুক্তিপ্রদা ॥ ১৮ ॥

হে মুনিবর ! মুক্তিলাভের অনেক উপায় আছে, কিন্তু মণিকর্ণিকা যেমন অনায়াসে মুক্তি প্রদান করিতে পারেন, এমন আর কেহই পারেন

অনশনব্রতভৃতে ত্রিকালাভ্যবহারিণে।
প্রান্তে দদ্যাৎ সমাং মুক্তিমুভাভ্যাং মণিকর্ণিকা ॥ ২০।
যথোক্তমাচরেদেকো নিষ্ঠাপাশুপতং ব্রতম্।
নিরন্তরং স্মরেদেকো হৃদ্যেনাং মণিকর্ণিকাম্ ॥ ২১।
দৃষ্টাত্র বপুষঃ পাতে দ্বয়োশ্চ সদৃশীগতিঃ।
তস্মাৎ সর্ব্বং বিহায়াশু সেব্যৈষা মণিকর্ণিকা ॥ ২২।
স্বর্গদ্বারে বিশেয়ুর্যে বিগাহ্য মণিকর্ণিকাম্।
তেষাং বিধুতপাপানাং ক্বাপি স্বর্গো ন দূরতঃ ॥ ২৩।
স্বর্গদ্বাঃ স্বর্গভূরেষা মোক্ষভূর্মণিকর্ণিকা।
স্বর্গাপবর্গাবত্রৈব নোপরিষ্টান্নচাপ্যধঃ ॥ ২৪।
দত্ত্বা দানান্যনেকানি বিগাহ্য মণিকর্ণিকাম্।
স্বর্গদ্বারং প্রবিষ্টা যে ন তে নিরয়গামিনঃ ॥ ২৫।

না ॥ ১৯ ॥ অনশনব্রতধারী ও ত্রিকালভোজী, এই উভয়কেই মণিকর্ণিকা চরমে সমান মুক্তি প্রদান করিয়া থাকেন ॥ ২০ ॥ এক ব্যক্তি নিষ্ঠা-পূর্ব্বক পাশুপতব্রত আচরণ করে, অপরে নিরন্তর হৃদয়ে মণিকর্ণিকা স্মরণ করে, ইহাদিগের দেহত্যাগের পর উভয়েরই সমান গতি দৃষ্ট হইয়া থাকে। অতএব সকল ব্রত পরিত্যাগপূর্ব্বক মণিকর্ণিকাই আশু সেবনীয় ॥ ২১ ॥ ২২ ॥ যাঁহারা মণিকর্ণিকায় অবগাহন করিয়া স্বর্গদ্বারে প্রবেশ করেন, সেই বিধূতপাপ ব্যক্তিদিগের স্বর্গ কোন ক্রমেই দুরস্থ হয় না ॥ ২৩ ॥ মণিকর্ণিকার ঊর্দ্ধেও স্বর্গ নাই, অধোভাগেও অপবর্গ-ধাম নহে; এই মণিকর্ণিকাই মোক্ষভুমি, এবং ইহাই স্বর্গ ও অপ-বর্গের দ্বার ॥ ২৪ ॥ প্রচুর ধনদানপূর্ব্বক মণিকর্ণিকায় অবগাহন করিয়া যাঁহারা স্বর্গদ্বারে প্রবিষ্ট হইয়াছেন, তাঁহাদিগকে নরক-

স্বর্গাপবর্গয়োরর্থঃ কোবিদৈশ্চ নিরূপিতঃ।
স্বর্গঃ সুখং সমুদ্দিষ্টমপবর্গো মহাসুখম্ ॥ ২৬।
মণিকর্ণ্যুপবিষ্টস্য যৎ সুখং জায়তে সতঃ।
সিংহাসনোপবিষ্টস্য তৎ সুখং ক্ব শতক্রতোঃ ॥ ২৭।
মহাসুখং যদুদ্দিষ্টং সমাধৌ বিস্মৃতাত্মনাম্।
শ্রীমত্যাং মণিকর্ণ্যাং তৎ সহজেনৈব জায়তে ॥ ২৮।
স্বর্গদ্বারাৎ পুরোভাগে দেবনদ্যাশ্চ পশ্চিমে।
সৌভাগ্যভাগ্যৈকনিধিঃ কাচিদেকা মহাস্থলী ॥ ২৯।
যাবন্তোভাস্বতঃ স্পর্শাদ্ভাসন্তে সৈকতাঃ কণাঃ।
তাবন্তো দ্রুহিণা জগ্মুর্নৈষা মণিকর্ণিকা ॥ ৩০।
সন্তি তীর্থানি তাবন্তি পরিতোমণিকর্ণিকাম্।
যাবদ্ভিস্তিলমাত্রাপি ন ভূমিবিরলীকৃতা ॥ ৩১।
যদন্বয়ে কোপি মুক্তঃ সংপ্রাপ্য মণিকর্ণিকাম্।
তদ্বংশ্যাস্তৎপ্রভাবেন মান্যাঃ স্বর্গৌকসামপি ॥ ৩২।

গামী হইতে হয় না ॥ ২৫ ॥ পণ্ডিতগণ স্বর্গ ও অপবর্গের এই অর্থ নিরূপণ করিয়াছেন, স্বর্গ সুখ ও অপবর্গ মহাসুখ ॥ ২৬ ॥ মণিকর্ণিকায় উপবেশন করিলে সাধুজনের চিত্তে যে সুখ উদ্ভূত হয়, সিংহাসনোপবিষ্ট শতক্রতু ইন্দ্রেরও সে সুখ হয় না ॥ ২৭ ॥ সমাধিতে নিমগ্ন হইলে যে প্রচুর সুখ জন্মে, শ্রীমতী মণিকর্ণিকায় সে সুখ সহজেই প্রাপ্ত হওয়া যায় ॥ ২৮ ॥ স্বর্গদ্বারের সম্মুখে ও দেবনদী মন্দাকিনীর পশ্চিমভাগে সৌভাগ্য ও ঐশ্বর্য্যের এক মহাস্থান আছে। সূর্য্যের কিরণস্পর্শে যতগুলি বালুকাকণা দীপ্তিপ্রাপ্ত হয়, ততগুলি ব্রহ্মা লয়প্রাপ্ত হইয়াছেন, কিন্তু এই মণিকর্ণিকা সমভাবেই আছেন ॥ ২৯ ॥ ৩০ ॥ এতগুলি তীর্থ এরূপভাবে মণিকর্ণিকাকে পরিবেষ্টনপূর্ব্বক অবস্থান করিতেছে যে, তথায় আর তিলমাত্র তীর্থশূন্য স্থান নাই ॥ ৩১ ॥ যে বংশে কোন ব্যক্তি

তর্পিতাঃ পিতরো যেন সংপ্রাপ্য মণিকর্ণিকাম্।
সপ্ত সপ্ত তথা সপ্ত পূর্ব্বজাস্তেন তারিতাঃ॥ ৩৩।
আমধ্যাদ্দেবসরিত আহরিশ্চন্দ্রমণ্ডপাৎ।
আগঙ্গাকেশবাদেব স্বর্দ্বারান্মণিকর্ণিকা॥ ৩৪।
এতদ্রজঃকণতুলাং ত্রিলোক্যপি ন গচ্ছতি।
এতৎপ্রাপ্ত্যৈ প্রযততে ত্রিলোকীস্থোঽখিলো ভবী॥ ৩৫।
কলাবতী চিত্রপটীং পশ্যন্তীত্থং মুহুর্ম্মুহুঃ।
জ্ঞানবাপীং দদর্শাথ শ্রীবিশ্বেশ্বরদক্ষিণে॥ ৩৬।
যদম্বু সততং রক্ষেৎ দুর্ব্বৃত্তাদ্দণ্ডনায়কঃ।
সম্ভ্রমোবিভ্রমশ্চাসৌদত্ত্বা ভ্রান্তিং গরীয়সীং॥ ৩৭।
যোঽষ্টমূর্ত্তির্মহাদেবঃ পুরাণে পরিপঠ্যতে।
তস্যৈযাম্বুময়ীমূর্ত্তির্জ্ঞানদা জ্ঞানবাপিকা॥ ৩৮।

মণিকর্ণিকা প্রাপ্ত হইয়া মুক্তিলাভ করিয়াছেন, সেই বংশীয়েরা তাঁহার প্রভাবে দেবগণেরও মাননীয়॥ ৩২॥ যে ব্যক্তি মণিকর্ণিকা প্রাপ্ত হইয়া পিতৃগণের তর্পণ করেন, তাঁহার উপরিতন এক বিংশতি পুরুষ উদ্ধার প্রাপ্ত হন॥ ৩৩॥ গঙ্গাকেশব ও স্বর্গদ্বার হইতে সুরতরঙ্গিণী মন্দাকিনীর মধ্যভাগ ও হরিশ্চন্দ্রমণ্ডপ পর্য্যন্ত সমগ্র স্থান মণিকর্ণিকা। ত্রিভুবনও এই স্থানের ধূলি-কণার তুল্য নহে এবং ত্রিভুবনবাসী নিখিল প্রাণিগণ এই স্থান প্রাপ্তির জন্য কামনা করিয়া থাকে॥ ৩৪॥ ৩৫॥ কলাবতী মুহুর্ম্মুহুঃ এইরূপে চিত্রপট নিরীক্ষণ করিতে করিতে শ্রীবিশ্বেশ্বরের দক্ষিণে জ্ঞানবাপী দর্শন করিলেন॥ ৩৬॥ দণ্ডনায়ক সংভ্রম ও বিভ্রম ইহাঁরা গুরুতর ভ্রান্তি প্রদানপূর্ব্বক দুর্ব্বৃত্ত হইতে যাহার উদক সতত রক্ষা করেন, মহাদেব যে অষ্টমূর্ত্তি বলিয়া পুরাণে কথিত হন, তাঁহার জলময়ী

নেত্রয়োরতিথীকৃত্য জ্ঞানবাপীং কলাবতী।
কদম্বকুসুমাকারাং বভার ক্ষণতস্তনুম্ ॥ ৩৯।
অঙ্গানি বেপথুং প্রাপুঃ স্বিন্না ভালস্থলী ভৃশম্।
হর্ষবাষ্পাম্বুসলিলে জাতে তস্যা বিলোচনে ॥ ৪০।
তস্তম্ভ গাত্রলতিকা মুখং বৈবর্ণ্যমাপ চ।
স্বরোথ গদ্গদোজাতো ব্যভ্রংশত্তৎকরাৎ পটী ॥ ৪১।
সা ক্ষণং স্বং বিসস্মার কাহং ক্বাহং ন বেত্তি চ।
সৌষুপ্তায়াং দশায়াঞ্চ পরমাত্মেব নিশ্চলা ॥ ৪২।
অথ তৎপরিচারিণ্যস্ত্বরমাণা ইতস্ততঃ।
কিং কিং কিমেতদেতৎ কিং পৃচ্ছন্তি স্ম পরস্পরম্ ॥ ৪৩
তদবস্থাং সমালোক্য তাং তাশ্চতুরচেতসঃ।
বিজ্ঞায় সাত্ত্বিকৈর্ভাবৈরিদমূচুঃ পরস্পরম্ ॥ ৪৪।

মূর্ত্তিই এই জ্ঞানপ্রদায়িণী জ্ঞানবাপী ॥ ৩৭ ॥ ৩৮ ॥ কলাবতী জ্ঞানবাপী নয়নগোচর করিয়া অতি হর্ষে কদম্বকুসুমের ন্যায় কন্টকিতাঙ্গী হইলেন ॥ ৩৯ ॥ তাঁহার অঙ্গপ্রত্যঙ্গ কম্পিত, ললাটস্থলী স্বেদসিক্ত ও নয়নযুগল আনন্দাশ্রুধারায় পরিপূর্ণ হইল ॥ ৪০ ॥ অঙ্গযষ্টি স্তম্ভিত, মুখমণ্ডল বিবর্ণ, কণ্ঠস্বর গদ্গদ ও করস্থিত চিত্রপট করতল হইতে সহসা পরিভ্রষ্ট হইল ॥ ৪১ ॥ ক্ষণকাল তিনি এরূপ আত্মবিস্মৃত হইলেন যে, আমি কে, এবং কোথায় আছি, ইহাও বুঝিতে পারিলেন না; সুষুপ্তিদশায় নিশ্চল জীবাত্মার ন্যায় নিশ্চেষ্ট হইয়া রহিলেন ॥ ৪২ ॥ এই অবসরে তাঁহার পার্শ্বস্থ পরিচারিকাগণ শশব্যস্তে আসিয়া এ কি! এ কি! কি হইল! কি হইল! বলিয়া পরস্পর পরস্পরকে জিজ্ঞাসা করিতে লাগিল ॥ ৪৩ ॥ অনন্তর তাঁহাকে তদবস্থ অবলোকন করিয়া সুচতুরা পরিচারিকাগণ তাঁহাকে সাত্ত্বিকভাবাপন্ন জ্ঞানে পরস্পর এইরূপ বলিতে লাগিল যে, ইনি জন্মান্তরীণ কোন প্রেমপাত্র অবলোকন

ভবান্তরে প্রেমপাত্রমেতয়ৈক্ষি তু কিঞ্চন ।
চিরান্তেন চ সঙ্গত্য সুখমূর্চ্ছামবাপ হ ॥ ৪৫ ।
অথ নেত্থং কথমিয়মকাণ্ডাৎ পর্য্যমুমুহৎ ।
প্রেক্ষমাণারহশ্চিত্রপটীমতি পটীয়সীম্ ॥ ৪৬ ।
তন্মোহস্য নিদানং তাঃ সম্যগেব বিচার্য্য চ ।
উপচেরুর্মহাশান্তৈরুপচারৈরনাকুলম্ ॥ ৪৭ ।
কাচিত্তাং বীজয়াঞ্চক্রে কদলীতালবৃন্তকৈঃ ।
বিসিনীবলয়ৈরন্যা ধন্যাং তাং পর্য্যভূষয়ৎ ॥ ৪৮ ।
অমন্দৈশ্চন্দনরসৈরভ্যষিঞ্চদমুং পরা ।
অশোকপল্লবৈরস্যাঃ কাচিচ্ছোকমনীনশৎ ॥ ৪৯ ।
ধারামণ্ডপধারাম্বুশীকরৈস্তত্তনূলতাম্ ।
ইষ্টার্থবিরহগ্লানাং সিংচয়ামাস কাচন ॥ ৫০ ।

করিয়া থাকিবেন এবং বহুকালের পর তাঁহাকে প্রাপ্ত হইয়া প্রেমাবেশে মূর্চ্ছাপন্ন হইয়া পড়িলেন। তাহা না হইলে, নির্জ্জন স্থানে অতি রমণীয় চিত্রপট দর্শন করিতে করিতে অসময়ে কেন এরূপ প্রগাঢ় মূর্চ্ছাপন্ন হইবেন? ॥ ৪৪ ॥ ৪৫ ॥ ৪৬ ॥ অনন্তর পরিচারিকারা মোহের কারণ সম্যক্‌রূপে বিবেচনা করিয়া অতিশীতল উপচারসমূহে অনাকুলিতচিত্তে তাঁহার সেবা করিতে লাগিল ॥ ৪৭ ॥ কেহ কদলীপত্রের দ্বারা কেহ বা তালবৃন্তের দ্বারা বীজন করিতে লাগিল, কেহ বা কমলমৃণালবলয়ে তাঁহাকে বিভূষিত করিল ॥ ৪৮ ॥ কেহ বা সুস্নিগ্ধ চন্দনরসে অভিষিঞ্চন করিতে লাগিল, কেহ বা অশোকপল্লবপুঞ্জে তাঁহার ক্লেশোপশম [illegible] প্রবৃত্ত হইল ॥ ৪৯ ॥ অভিলষিত বস্তুবিরহে তাঁহার যে অঙ্গযষ্টি পরিম্লান হইয়াছিল, কোন কোন সহচরী ধারাযন্ত্রের ধারাবারিকণায় সেই

জলার্দ্রবাসসা কাচিদেতস্যাস্তনুমাবৃণোৎ।
কর্পূরক্ষোদজালৈরন্যাস্তামম্বলেপয়ৎ ॥ ৫১ ।
পদ্মিনীদলশয্যাঞ্চ কাচিদ্ধ্যরচয়ন্মৃদুম্‌ ।
কাচিৎ কুলিশনেপথ্যং দূরীকৃত্য তদঙ্গতঃ ॥ ৫২ ।
মুক্তাকলাপং রচয়াঞ্চক্রে বক্ষোজমণ্ডলে।
কাচিচ্ছশিমুখীতান্তু চন্দ্রকান্তশিলাতলে ॥ ৫৩ ।
স্বাপয়ামাস তন্বঙ্গীং প্রবচ্ছীতাম্বুশীতলে।
দৃষ্টোপচার্য্যমাণাং তামিত্থং বুদ্ধিশরীরিণী ॥ ৫৪ ।
অতিতাপপরীতাঙ্গীং তাঃসখীঃ প্রত্যভাষত।
এতস্যাস্তাপশান্ত্যর্থং জানেহং পরমৌষধম্‌ ॥ ৫৫ ।
উপচারানিমান্‌ সর্ব্বান্দূরীকুরু তমাচিরম্‌ ।
অপতাপাং করোম্যেনাং সদ্যঃপশ্যত কৌতুকম্‌ ॥ ৫৬ ।
দৃষ্টা চিত্রপটীমেষা সদ্যোবিহ্বলতামগাৎ।
অত্রৈব কাচিদেতস্যাঃ প্রেমভূরস্তিনিশ্চিতম্‌ ॥ ৫৭ ।

অঙ্গ অভিষিক্ত করিতে লাগিল ॥ ৫০ ॥ কেহ বা জলার্দ্র বসনে তাঁহার শরীর আচ্ছাদন করিল, কেহ কেহ বা কর্পূরচূর্ণ দ্বারা তাঁহার সর্ব্বাঙ্গ লেপন করিয়া পদ্মিনীদলে শয্যা রচনা করিতে নিযুক্ত হইল, কেহ বা তাঁহার অঙ্গ হইতে হীরকাভরণ দূরীকৃত করিয়া মুক্তাকলাপ রচনাপূর্ব্বক স্তনযুগল সুসজ্জিত করিয়া দিল। কোন চন্দ্রমুখী সুশীতল চন্দ্রকান্তশিলা-তলে তাঁহাকে শয়ন করাইল। বুদ্ধিশরীরিণীনাম্নিকা কোন বুদ্ধিমতী রমণী কলাবতীকে অতিশয় তাপযুক্তা দেখিয়া সখীদিগকে কহিলেন, ইহাঁর তাপশান্তির আমি উৎকৃষ্ট ঔষধ জ্ঞাত আছি ॥ ৫১—৫৫ ॥ এই সমস্ত উপচারদ্রব্য শীঘ্র দূর কর; আমি এই দণ্ডেই ইহাঁকে সন্তাপশূন্য করিতেছি, তোমরা কৌতুক দেখ ॥ ৫৬ ॥ ইনি চিত্রপট দর্শন করিয়াই বিহ্বলভাব প্রাপ্ত হইয়াছেন, এই চিত্রপটেই ইহাঁর কোন প্রেমপাত্র

অতশ্চিত্রপটীস্পর্শাৎ পরিতাপং বিহাস্যতি।
বাক্যাদ্বুদ্ধিশরীরিণ্যাস্ততস্তৎ পরিচারিকাঃ ॥ ৫৮ ।
নিধায় তৎ পুরঃপ্রোচুঃ পটীং পশ্য কলাবতি।
তবানন্দকরী যত্র কাচিদস্তীষ্টদেবতা ॥ ৫৯ ।
সাপীষ্টদেবতা নাম্না তৎ পটীদর্শনে নচ।
সুধাসেকমিব প্রাপ্য মূর্চ্ছাং হিত্বোত্থিতাদ্রুতম্ ॥ ৬০ ।
অবগ্রহপরিম্লানা বর্ষাসারৈরিবৌষধীঃ।
পুনরালোকয়াঞ্চক্রে জ্ঞানদাং জ্ঞানবাপিকাম্ ॥ ৬১ ।
স্পৃষ্ট্বা কলাবতীতান্তু বাপীং চিত্রগতামপি।
লেভে ভবান্তরজ্ঞানং যথাসীৎ পূর্ব্বজন্মনি ॥ ৬২ ।
পুনর্বিচারয়াঞ্চক্রে বাপীমাহাত্ম্যমুত্তমম্।
অহোচিত্রগতাপীয়ং সংস্পৃষ্টা জ্ঞানবাপিকা ॥ ৬৩ ।

আছে, তাহার সন্দেহ নাই ॥ ৫৭ ॥ অতএব চিত্রপটস্পর্শেই ইনি পরিতাপ ত্যাগ করিবেন। বুদ্ধশরীরিণীর এই বাক্যেই পরিচারিকাগণ সেই চিত্রপট তাঁহার সম্মুখে স্থাপনপূর্ব্বক কহিল, কলাবতি! এই চিত্রপট দর্শন কর, ইহাতে তোমার আনন্দকারিণী কোন অভীষ্টদেবতা আছেন ॥ ৫৮ ॥ ৫৯ ॥ কলাবতী ইষ্টদেবতা নাম শ্রবণ ও সেই বিচিত্র চিত্রপটের প্রদর্শনহেতু বিরহানল শান্তির নিমিত্ত যেন অমৃতসেক প্রাপ্ত হইয়া সহসা গাত্রোত্থান করিলেন ॥ ৬০ ॥ তাহার পর কলাবতীর যেরূপ অবস্থা ঘটিয়াছিল, তাহাই বলিতেছি। গ্রীষ্মকালে রবির প্রখরকরে অতিশয় ম্লানা ওষধি প্রভৃতি লতা সকল বর্ষাকালে বৃষ্টিধারা প্রাপ্ত হইয়া যেরূপ পুনর্জীবিত হইয়া থাকে, কলাবতীও সেইরূপ চিত্রপট দর্শনরূপ সুধারসে অভিষিক্ত হইয়া পুনর্ব্বার জ্ঞানবাপীকে দর্শন করিলেন ॥ ৬১ ॥ পরে কলাবতী মনোহর জ্ঞানবাপীকে স্পর্শ করিয়া ভবান্তর জ্ঞান লাভ করিলেন অর্থাৎ পূর্ব্বজন্মে যেরূপ জ্ঞান ছিল, সেইরূপ জ্ঞান পুনর্ব্বার প্রাপ্ত হইলেন ॥ ৬২ ॥ অনন্তর কলাবতী জ্ঞানবাপীর উত্তম মাহাত্ম্য

জ্ঞানং মে জনয়ামাস ভবান্তরসমুদ্ভবম্ ।
অথ তাসাং পুরোহৃষ্টা কথয়ামাস সুন্দরী ।
নিজং প্রাগ্ভববৃত্তান্তং জ্ঞানবাপীপ্রভাবজম্ ॥ ৬৪ ।

কলাবত্যুবাচ ।

এতস্মাজ্জন্মনঃ পূর্ব্বমহং ব্রাহ্মণকন্যকা ।
উপবিশ্বেশ্বরং কাশ্যাং জ্ঞানবাপ্যাং রমে মুদা ॥ ৬৫ ।
জনকো মে হরিস্বামী জনয়িত্রী প্রিয়ম্বদা ।
আখ্যামমসুশীলেতি মাঞ্চ বিদ্যাধরোঽহরৎ ॥ ৬৬ ।
মধ্যেমার্গং নিশীথেঽথ তদোপমলয়াচলম্ ।
রক্ষসা সহতোবীরোরাক্ষসং স জঘান হ ॥ ৬৭ ।
রক্ষোপি মুক্তঃশাপাত্তু দিব্যং বপুরবাপ হ ।
অবাপ জন্মগন্ধর্ব্বস্বসৌমলয়কেতুতঃ ॥ ৬৮ ।

পুনর্ব্বার আলোচনা করিয়া কহিলেন, আমি স্পর্শ করিয়া দেখিলাম, এই জ্ঞানবাপী, ইহঁার মহিমা অতিশয় আশ্চর্য্য ॥ ৬৩ ॥ যেহেতু এই জ্ঞানবাপী আমারে পূর্ব্বজন্ম-সমুদ্ভূত জ্ঞান প্রদান করিলেন। কলাবতী বারম্বার সখীগণের নিকট এই কথাই কহিতে লাগিলেন ॥ ৬৪ ॥ আমি পূর্ব্বজন্মে ব্রাহ্মণের কন্যা ছিলাম ; এই বারাণসীক্ষেত্র, ইহাতে জ্ঞানবাপী আছেন, তাঁহার তীরে এবং বিশ্বেশ্বর-সমীপে সর্ব্বদা আমি সানন্দচিত্তে বসতি করিতাম ॥ ৬৫ ॥ হরিস্বামী আমার জনক এবং প্রিয়ম্বদা আমার জননী ছিলেন। আমার নাম সুশীলা ছিল। একদা এক বিদ্যাধর আমাকে হরণ করিলেন ॥ ৬৬ ॥ নিশীথ সময়ে বিদ্যাধর-কুমার যখন আমারে হরণ করিয়া লইয়া যায়, সেই সময় মলয়াচলের নিকটে পথিমধ্যে সহসা এক রাক্ষস উপস্থিত হইল। ঐ রাক্ষসের সহিত যুদ্ধে মহাবীর বিদ্যাধরকুমার নিহত হইলেন, রাক্ষসও গতাসু ॥ ৬৭ ॥ রাক্ষস শাপমুক্ত হইয়া দিব্যদেহ প্রাপ্ত হইল, বিদ্যাধরও

কর্ণাটনৃপতেঃকন্যা বভূবাহং কলাবতী।
ইতিজ্ঞানং মমোদ্ভূতং জ্ঞানবাপীক্ষণাৎ ক্ষণাৎ ॥ ৬৯।
ইতি তস্যাবচঃশ্রুত্বা সাপি বুদ্ধিশরীরিণী।
তাশ্চ তৎ পরিচারিণ্যঃ প্রহৃষ্টাস্যাস্তদাঽভবন্ ॥ ৭০।
প্রোচুস্তাং প্রণিপত্যাথ পুণ্যশীলাং কলাবতীম্।
অহো কথং হি সা লভ্যা যৎ প্রভাবোয়মীদৃশঃ ॥ ৭১।
ধিগ্জন্ম তেষাং মর্ত্তেঽস্মিন্যৈর্নৈক্ষি জ্ঞানবাপিকা।
কলাবতি নমস্তভ্যং কুরু নোপি সমীহিতম্ ॥ ৭২।
জনিং সফলয়াস্মাকং নয়নঃ প্রার্থ্য ভূপতিম্।
অয়ঞ্চ নিয়মোস্মাকমদ্যারভ্য কলাবতি ॥ ৭৩।
নির্বেক্ষ্যামো মহাভোগান্ দৃষ্ট্বা তাং জ্ঞানবাপিকাম্।
অবশ্যং জ্ঞানবাপীসানাম্না ভবিতুমর্হতি ॥ ৭৪।

দেহত্যাগ করিয়া মলয়কেতুর ঔরসে জন্ম পরিগ্রহ করিলেন ॥ ৬৮ ॥ আমি কলাবতীনামে কর্ণাটনৃপতির কন্যারূপে জন্মগ্রহণ করিয়াছি। জ্ঞানবাপী দর্শনে মুহূর্ত্তমধ্যে আমার এই জ্ঞান উদ্ভূত হইল ॥ ৬৯ ॥ কলাবতীর এই বাক্য শুনিয়া তাঁহার পরিচারিকাগণ ও বুদ্ধিশরীরিণী নাম্নী সহচরী অপরিসীম আনন্দ প্রাপ্ত হইল এবং সেই পুণ্যশীলাকে প্রণিপাতপূর্ব্বক কহিতে লাগিল, হায়! যাহার প্রভাব এতাদৃশ বিচিত্র, তাহা কিরূপে লাভ করা যাইবে? যাহারা জ্ঞানবাপী নয়নগোচর করে নাই, পৃথিবীতে তাহাদের জন্মই বৃথা! অয়ি কলাবতি! তোমার চরণে প্রণতি করিতেছি, তুমি মহারাজের নিকট প্রার্থনাপূর্ব্বক আমাদিগকে তথায় লইয়া গিয়া আমাদিগের জন্ম সফল কর। আর অদ্যাবধি আমাদিগের এই নিয়ম হইল, আমরা জ্ঞানবাপী দর্শন করিয়া মহাভোগ সকল উপভোগ করিব। জ্ঞানবাপী অবশ্যই আমাদিগের জ্ঞানপ্রদা হইয়া নিজ নাম সার্থক করিবেন, যেহেতু চিত্রগতা হইয়াই তিনি তোমাকে

চিত্রং চিত্রং গতাপীহ যাতবজ্ঞানদায়িনী।
ওঁকৃত্য তাসাং বাক্যং সা স্বাকারং পরিগোপ্য চ।
প্রিয়াণি কৃত্বা ভূভর্ত্তুঃ প্রস্তাবজ্ঞা ব্যজিজ্ঞপৎ॥ ৭৫।

কলাবত্যুবাচ।

জীবিতেশ ন মে ত্বত্তঃ কিঞ্চিৎ প্রিয়তরং কচিৎ।
ত্বামাসাদ্য পতিং রাজন্ প্রাপ্তাঃ সর্ব্বে মনোরথাঃ॥ ৭৬।
একোমনোরথঃ প্রার্থ্যো মমাস্ত্যত্রার্য্যপুত্রক।
বিচারপথমাপন্নস্তবাপি স মহাহিতঃ॥ ৭৭।
মমতু ত্বদধীনায়াঃ সুদুঃপ্রাপতরোমহান্।
তব স্বাধীনবৃত্তেস্তু সিদ্ধপ্রায়োমনোরথঃ॥ ৭৮।
প্রাণেশ কিং বহূক্তেন যদিপ্রাণৈঃ প্রয়োজনম্।
তদাভিলষিতং দেহি প্রাণায়াস্যন্ত্যতোন্যথা॥ ৭৯।

নির্ম্মলজ্ঞান প্রদান করিয়াছেন। কলাবতী তাহাদিগের বাক্যে স্বীকার করিয়া আকার গোপনপূর্ব্বক মহারাজের নানাবিধ প্রিয়কার্য্য সাধন করত এইরূপ বিজ্ঞাপন করিলেন॥ ৭০—৭৫॥ কলাবতী কহিলেন, হে জীবিতেশ্বর! আপনা অপেক্ষা প্রিয় আমার আর কুত্রাপি কিছুই নাই। মহারাজ! আপনাকে পতি প্রাপ্ত হইয়া আমার সকল মনোরথ পূর্ণ হইয়াছে॥ ৭৬॥ কেবল এক মনোরথ আমার প্রার্থনীয় আছে। হে আর্য্যপুত্র! উহা আপনারও মহাহিতকর, কিন্তু উহার প্রাপ্তি অপ্রাপ্তি আপনার বিচারপথে বর্ত্তমান রহিয়াছে॥ ৭৭॥ আমি আপনার একান্ত অধীন, আপনি স্বাধীন; সুতরাং আমার মনোরথ সুদুষ্প্রাপ্য, কিন্তু আপনার তাহা হস্তলব্ধ॥ ৭৮॥ হে প্রাণেশ্বর! অধিক কথায় কি ফল, যদি আমার জীবনে কোন প্রয়োজন থাকে, তবে আমার প্রার্থনা পূর্ণ করুন,

প্রাণেভ্যোপি গরীয়স্যাস্তস্যাবাক্যং নিশম্য সঃ।
উবাচ বচনং রাজা তস্যাঃ স্বস্যাপিচ প্রিয়ম্ ॥ ৮০ ।

রাজোবাচ।

নাহং প্রিয়ে তবাদেয়মিহপশ্যামি ভামিনি।
প্রাণা অপি মম ক্রীতাস্ত্বয়া শীলকলাগুণৈঃ ॥ ৮১ ।
অবিলম্বিতমাচক্ষ্ব কৃতং বিদ্ধি কলাবতি।
ভবদ্বিধানাং সাধ্বীনাং মন্যেঽপ্রাপ্যং ন কিঞ্চন ॥ ৮২ ।
কঃ প্রার্থ্যঃ প্রার্থনীয়ং কিং কো বা প্রার্থয়িতা প্রিয়ে।
ন পৃথগ্‌জনবৎ কিঞ্চিদ্বর্ত্তনং নৌ কলাবতি ॥ ৮৩ ।
দেশঃ কোষোবলং দুর্গং যদন্যদপি ভামিনি।
তত্ত্বদীয়ং ন মে কিঞ্চিৎ স্বাম্যমাত্রমিহাস্তি মে ॥ ৮৪ ।
তচ্চস্বাম্যং মমান্যত্র ত্বদৃতে জীবিতেশ্বরি।
রাজ্যং ত্যজেয়ং ত্বদ্বাক্যাত্তৃণীকৃত্যাপি মানিনি ॥ ৮৫ ।

অন্যথা এ জীবন অপগত হইবে সন্দেহ নাই ॥ ৭৯ ॥ রাজা প্রাণ অপেক্ষাও গরীয়সী রাজ্ঞীর এই কথা শুনিয়া তাঁহাকে তাঁহার এবং আপনার প্রীতি-কর এই বাক্য কহিলেন, প্রিয়তমে! তোমার সম্বন্ধে আমার অদেয় পৃথিবীতে কিছুই দেখিতেছি না, তুমি স্বকীয় চারিত্র্য, কলাকৌশল ও গুণরাশিতে আমার জীবনও ক্রয় করিয়াছ ॥ ৮০ ॥ ৮১ ॥ অতএব অবি-লম্বে অভিলাষ ব্যক্ত কর এবং উহা সিদ্ধপ্রায় বিবেচনা কর। তোমার ন্যায় সাধ্বী রমণীগণের অপ্রাপ্য বোধ হয় কিছুই নাই ॥ ৮২ ॥ কোন্ ব্যক্তির নিকট প্রার্থনা করিতে হইবে, কোন্ বস্তু প্রার্থনীয় এবং কেই বা প্রার্থ-য়িতা? কলাবতি! তুমি নিশ্চয় জানিও, তোমায় আমায় কিছুমাত্র বিভিন্ন-ভাব নাই ॥ ৮৩ ॥ দেশ, দুর্গ, ধনাগার, সৈন্যবাহনাদি ও অন্য যাহা কিছু, সকলই তোমার, কেবল আমার প্রভুত্বমাত্র। হে জীবিতেশ্বরি! সে প্রভুত্বও তোমা ভিন্ন অন্য অন্য সকলের উপর। হে মানিনি! তোমার বাক্যে রাজ্যও

মাল্যকেতোর্মহীজানেরিতিবাক্যং নিশম্য সা।
প্রাহ গম্ভীরয়া বাচা বচশ্চারুকলাবতী ॥ ৮৬।
নাথ প্রজাসৃজাপূর্ব্বং সৃষ্টা নানাবিধাঃ প্রজাঃ।
প্রজাহিতায় সংসৃষ্টং পুরুষার্থ চতুষ্টয়ম্ ॥ ৮৭।
তদ্বিহীনাজনিরপি জলবুদ্বুদবন্মুধা।
তস্মাদেকোপি সংসাধ্যঃ পরত্রেহচ শর্ম্মণে ॥ ৮৮।
যত্রানুকূল্যং দম্পত্যো স্ত্রিবর্গস্তত্র বর্দ্ধতে।
যদুচ্যতে পুরা বিদ্ভি রিতিতত্তথ্যমীক্ষিতম্ ॥ ৮৯।
মদ্বিধানান্ত দাসীনাং শতন্তেহস্তীহ মন্দিরে।
তথাপি নিতরাং প্রেম স্বামিনোময়ি দৃশ্যতে ॥ ৯০।
ভবদাস্যপি ভোগাঢ্যা কিমুতাং কস্থলীচরী।
তত্রাপ্য নন্যসম্পত্তিস্তত্রস্বাধীনভর্ত্তৃতা ॥ ৯১।

তৃণজ্ঞানে পরিত্যাগ করিতে পারি ॥ ৮৪ ॥ ৮৫ ॥ মহীপতি মাল্যকেতুর এই বাক্য শুনিয়া কলাবতী গম্ভীরবাক্যে মধুরভাবে কহিলেন, হে নাথ! প্রজাপতি পূর্ব্বে নানাবিধ প্রজা সৃষ্টি করিয়া মানবগণের হিতের নিমিত্ত ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ, এই পুরুষার্থচতুষ্টয়ও সৃজন করিয়াছেন ॥ ৮৬ ॥ ৮৭ ॥ ঐ পুরুষার্থচতুষ্টয়ে বিহীন হইলে জলবুদ্বুদের ন্যায় মনুষ্য-জন্ম বৃথা হয়। অতএব ঐহিক ও পারত্রিক সুখের নিমিত্ত উহার একটীও সাধন করা উচিত ॥ ৮৮ ॥ পৌরাণিকেরা বলিয়াছেন, যে যথায় পতি-পত্নীর পরস্পরের প্রতি পরস্পরের অনুকূলতা থাকে, তথায় ধর্ম্ম, অর্থ, কাম, এই ত্রিবর্গ বর্দ্ধিত হয়, ইহা তাঁহারা সম্যক্ দর্শন করিয়াই বলিয়াছেন ॥ ৮৯ ॥ আমাদিগের ন্যায় শতসংখ্যক দাসী আপনার মন্দিরে রহিয়াছে। তথাপি আমার উপরেই স্বামীর প্রকৃষ্ট প্রেম দেখিতেছি ॥ ৯০ ॥ আপনার দাসীমাত্রই বহুভোগশালিনী, যে ক্রোড়-

বিপশ্চিৎ সঞ্চয়েদর্থানিষ্টাপূর্ত্তায় কর্ম্মণে।
তপোর্থমায়ুর্নির্বিঘ্নং দারাশ্চাপত্যলব্ধয়ে ॥ ৯২ ॥
তবৈতৎ সর্ব্বমস্তীহ বিশ্বেশানুগ্রহাৎ প্রিয়!
পূরণীয়োঽভিলাষো মে যদি তদ্বচ্‌ম্যহং শৃণু ॥ ৯৩।
তূর্ণং প্রহিণু মাং নাথ বিশ্বনাথপুরীং প্রতি।
প্রাণাঃ প্রয়াতাঃ প্রাগেব বপুঃশেষাস্মি কেবলম্ ॥ ৯৪।
মাল্যকেতুঃ কলাবত্যা ইত্যাকর্ণ্য বচঃ স্ফুটম্।
ক্ষণং বিচার্য্য স্বহৃদি রাজা প্রোবাচ তাং প্রিয়াম্ ॥ ৯৫।
প্রিয়ে কলাবতি যদি তব গন্তব্যমেবহি।
রাজ্যলক্ষ্ম্যানয়া কিং মে চলয়া ত্বদ্বিহীনয়া ॥ ৯৬।
ন রাজ্যং রাজ্যমিত্যাহূরাজ্যশ্রীঃ প্রেয়সী ধ্রুবম্।
সপ্তাঙ্গমপি তদ্রাজ্যং ত্বয়া হীনং তৃণায়তে ॥ ৯৭।

তলে বিলাস করে, তাহার তো কথাই নাই, তন্মধ্যেও আমি অনন্য-সম্পত্তি, তাহাতেও আবার স্বাধীনভর্ত্তৃকা ॥ ৯১ ॥ পণ্ডিত ব্যক্তি ইষ্টা-পূর্ত্ত কর্ম্মের নিমিত্ত অর্থ সঞ্চয, তপস্যার নিমিত্ত নির্ব্বিঘ্ন পরমায়ুকামনা ও অপত্যলাভের জন্য দারপরিগ্রহ করিয়া থাকেন ॥ ৯২ ॥ বিশ্বেশ্বরের অনুগ্রহে আপনার সকলই আছে। আমার অভিলাষ পূর্ণ কর। যদি আপ-নার অভিপ্রেত হয়, তবে তাহা প্রকাশ করিতেছি, শ্রবণ করুন ॥ ৯৩ ॥ হে স্বামিন্! আপনি বিশ্বেশ্বরপুরী বারাণসীতে আমাকে অবিলম্বে প্রেরণ করুন, আমার প্রাণ অগ্রেই প্রযাণ করিযাছে, কেবল শরীর অবশিষ্ট আছে ॥৯৪॥ রাজা মাল্যকেতু প্রিয়তমা কলাবতীর এই স্পষ্ট বাক্য শুনিয়া মনোমধ্যে ক্ষণকাল বিচারপূর্ব্বক তাঁহাকে কহিলেন, প্রিয়ে কলাবতি! যদি তুমি নিশ্চয়ই তথায় গমন করিবে, তবে তোমা ব্যতিরেকে আমার এই চঞ্চল রাজলক্ষ্মীতে প্রয়োজন কি? ॥ ৯৫ ॥ ৯৬ ॥ রাজ্যকে রাজ্য বলে না, কিন্তু প্রেয়সী গৃহিণীই যথার্থই রাজ্যশ্রী। তদ্ব্যতিরেকে সপ্তাঙ্গসম্পন্ন

নিঃসপত্নং কৃতং রাজ্যং ভুক্ত্বা ভোগান্নিরন্তরম্।
হৃষীকার্থাঃ কৃতার্থাশ্চ বিধৃতা আধৃতিঃ প্রিয়ে॥ ৯৮।
অপত্যান্যপি জাতানি কিং কর্ত্তব্যমিহাস্তি মে।
অবশ্যমেব গন্তব্যাবাভ্যাং বারাণসী পুরী॥ ৯৯।
মাল্যকেতুঃ প্রিয়ামিত্থমাশ্বাস্য কৃতনিশ্চয়ঃ।
সমাহূয় চ দৈবজ্ঞান্ প্রকৃতীঃ পরিপূজ্য চ॥ ১০০।
পুত্রে রাজ্যং নিধায়াথ রাজা কাশীং প্রতস্থিবান্।
রত্নজাতং কিয়দপি পুত্রাদর্থং প্রগৃহ্য চ॥ ১০১।
দৃষ্ট্বা বিশ্বেশ্বরপুরীং হৃষ্টরোমা নরেশ্বরঃ।
মেনে কৃতার্থমাত্মানং সংসারাম্বুধিপারগম্॥ ১০২।
প্রাগ্‌জন্মবাসনাযোগাৎ সাপি রাজ্ঞী কলাবতী।
গ্রামান্তরাদাগতেব পুরীমার্গানবৈৎ স্বয়ম্॥ ১০৩।

রাজ্যও তৃণের ন্যায় অবজ্ঞেয়॥ ৯৭॥ প্রিয়তমে! আমি যথাবিধি ধৈর্য্যধারণপূর্ব্বক রাজ্য নিষ্কণ্টক ও নিরন্তর বিষয় সম্ভোগ করিয়া ইন্দ্রিয়-বৃত্তি চরিতার্থ করিয়াছি, সন্তানাদিও উৎপন্ন হইয়াছে, অতঃপর আমার এস্থানে আর কি কর্ত্তব্য আছে? অতএব এক্ষণে আমরা উভয়েই বারাণসীতে গমন করিব॥ ৯৮॥ ৯৯॥ কলাবতীকে এইরূপ আশ্বাসদানপূর্ব্বক রাজা মাল্যকেতু গমনে কৃতনিশ্চয় হইয়া দৈবজ্ঞদিগকে আহ্বান ও পৌরগণকে সমুচিত অভ্যর্থনা করিলেন॥ ১০০॥ অনন্তর পুত্রে রাজ্যভার সমর্পণপূর্ব্বক তাঁহার নিকট হইতে কিঞ্চিৎ ধন ও রত্নজাত গ্রহণ করিয়া কাশীধামে গমন করিলেন॥ ১০১॥ নরপতি বিশ্বেশ্বরপুরী অবলোকন করিয়া পরম পুলকিত হইলেন এবং আপনাকে কৃতার্থ ও সংসারসমুদ্রের পারপ্রাপ্ত বলিয়া বোধ করিলেন॥ ১০২॥ রাজ্ঞী কলাবতীও জন্মান্তরীণ বাসনা বশতঃ যেন গ্রামান্তর হইতে আগমন করিলেন, এই ভাবে পুরমার্গ

মণিকর্ণ্যামথস্নাত্বা ভূরি দত্ত্বা ততো বসু।
বিশ্বেশমর্চয়িত্বাথ রত্নজাতৈরনেকশঃ॥ ১০৪।
দত্ত্বা তত্রাপি রত্নানি গজানশ্বান্ গবাং ব্রজম্।
দুকূলানি বিচিত্রাণি পূজোপকরণানি চ॥ ১০৫।
সুবর্ণরূপ্যকলসান্ দীপদর্পণচামরান্।
ধ্বজস্তম্ভপতাকাশ্চ বিচিত্রোল্লোচকানি চ॥ ১০৬।
অথ প্রদক্ষিণীকৃত্য মুক্তিমণ্ডপমাবিশৎ।
তত্র ধর্ম্মকথাং শ্রুত্বা দত্ত্বা তত্রাপি সদ্ধনম্॥ ১০৭।
সায়ন্তনীং মহৎপূজাং পুনঃ কৃত্বা ক্ষিতীশ্বরঃ।
তত্র জাগরণং কৃত্বা তৌর্য্যত্রিকমহোৎসবৈঃ॥ ১০৮।
অথ প্রাতঃ সমুত্থায় কৃত্বাশৌচাচমক্রিয়াঃ।
রাজ্ঞ্যাবিনির্দ্দিষ্টপথা জ্ঞানবাপীং নৃপো যযৌ॥ ১০৯।
নৃপঃ সার্দ্ধং কলাবত্যা তত্র সস্নৌ প্রহৃষ্টবৎ।
অথ পিণ্ডান্ সনির্বাপ্য সন্তর্প্য শ্রদ্ধয়া পিতৄন্॥ ১১০।

সকল অনুভব করিতে লাগিলেন॥ ১০৩॥ অনন্তর রাজদম্পতী মণিকর্ণিকায় স্নানপূর্ব্বক প্রচুর ধন দান করিয়া বিবিধ রত্নজাতে বিশ্বেশ্বরের অর্চ্চনা করিলেন ও তথায় বহু রত্ন, গজ, অশ্ব ও গোসমূহ, বিচিত্র পট্টবস্ত্র, বিবিধ পূজোপকরণ, সুবর্ণ ও রৌপ্যময় কলস, দীপাধার, দর্পণ, চামর, ধ্বজস্তম্ভ-পতাকা, বিচিত্র চন্দ্রাতপ প্রভৃতি দ্রব্যরাশি দান করিলেন॥ ১০৪॥ ১০৫॥ ১০৬॥ অনন্তর পুরী প্রদক্ষিণ করণান্তে মুক্তিমণ্ডপে প্রবিষ্ট হইলেন। মুক্তিমণ্ডপে বিবিধ ধর্ম্মকথা শ্রবণপূর্ব্বক তথায়ও বিশিষ্ট ধন দান করিয়া সায়ংকালীন মহাপূজা আরম্ভ করিলেন। পূজা সমাপনান্তে নৃত্যগীত মহোৎসবে রাত্রি জাগরণ করিয়া নরপতি প্রভাতে গাত্রোত্থান করত আচমন পূর্ব্বক রাজ্ঞীর নির্দ্দিষ্ট পথানুসারে জ্ঞানবাপী অভিমুখে চলিলেন॥ ১০৭॥ ১০৮॥ ১০৯॥ তথায় কলাবতীর সহিত হৃষ্টচিত্তে স্নানকার্য্য সমাধা

তত্র রূপ্যসুবর্ণাদিপাত্রেভ্যঃপ্রতিপাদ্য চ।
দীনান্ধকৃপণানাথান্ মহার্হৈ রত্নজাতকৈঃ ॥ ১১১ ।
প্রীণয়িত্বা নরপতিঃ পারণাংকৃতবাংস্ততঃ ।
সংস্কার্য্য রত্নসোপানৈর্জ্ঞানবাপীং কলাবতী ॥ ১১২ ।
আববন্ধ রতিং তত্র সহ ভর্ত্রা তপস্বিনী ।
একান্তরোপবাসৈশ্চ কদাচিচ্চ ত্র্যহোব্রতৈঃ ॥ ১১৩ ।
ষড়হোভোজনৈশ্চাপি পক্ষার্দ্ধনিয়মৈরথ ।
পক্ষান্তরোপবাসৈশ্চ মাসোপবসনাদিভিঃ ॥ ১১৪ ।
চান্দ্রায়ণব্রতৈঃ কৃচ্ছ্রৈর্ভর্ত্তুঃশুশ্রূষণৈরপি ।
নিনায় ক্ষণবৎ কালমায়ুঃশেষস্য সানঘা ॥ ১১৫ ।
একদা জ্ঞানবাপ্যাস্তু প্রাতঃস্নাত্বোপবিষ্টয়োঃ ।
আগত্য জটিলঃ কশ্চিদ্বিভূতিং দত্তবান্ করে ॥ ১১৬ ।

করিয়া পিতৃগণের উদ্দেশে শ্রদ্ধাসহকারে তর্পণ ও পিণ্ডদান করিলেন ॥ ১১০ ॥ তথায়ও বহুবিধ সুবর্ণরৌপ্যাদি সৎপাত্রে প্রদত্ত হইল ; দীন, অন্ধ, কৃপাপাত্র, অনাথসমূহ মহামূল্য রত্নরাশি দান প্রাপ্ত হইয়া পরিতুষ্ট হইল। অনন্তর নৃপতি সকলকে পরিতৃপ্ত করিয়া স্বয়ং পারণা করিলেন। রাজ্ঞী কলাবতীও রত্নময় সোপান দ্বারা জ্ঞানবাপীর সংস্কার করিয়া ভর্ত্তার সহিত তপশ্চরণ করত ঐ বাপিকায় মহাভক্তিমতী হইলেন। কখন একান্তরোপবাস, কখন ত্রিরাত্রিব্রত, কখন ষড়হভোজন, কখন পক্ষার্দ্ধনিয়ম, কখন পক্ষান্তরোপবাস, কদাচিৎ মাসোপবাস, কখন বা প্রাজাপত্য চান্দ্রায়ণাদিব্রত অনুষ্ঠানপূর্ব্বক ভর্ত্তার শুশ্রূষণে রত থাকিয়া নিষ্পাপশরীরে মুহূর্ত্তের ন্যায় আয়ুঃশেষকাল যাপন করিলেন ॥ ১১১ ॥ ১১২ ॥ ১১৩ ॥ ১১৪ ॥ ১১৫ ॥ একদা তাঁহারা প্রভাতে জ্ঞানবাপীতে স্নান করিয়া উভয়ে উপবিষ্ট আছেন, এমন সময়ে এক জটাধর তথায় আগমন করিয়া তাঁহাদিগের হস্তে কিঞ্চিৎ বিভূতি প্রদান করিলেন

উবাচ চ প্রসন্নাস্য আশীর্ভিরভিনন্দ্য চ।
উত্তিষ্ঠতং প্রকুরুতং মহানেপথ্যমদ্য বৈ ॥ ১১৭ ।
তারকোদয়সম্প্রাপ্তির্ভবিত্রী বাক্ষণাদিহ।
যাবদিত্থং সমাচষ্ট জটিলোঽগ্রে তয়োর্বচঃ ॥ ১১৮ ।
তাবদ্বিমানমাপন্নং সক্বণৎকিঙ্কিণীগণম্।
পশ্যতাং সর্ব্বলোকানাং চন্দ্রমৌলিরথো রথাৎ ॥ ১১৯ ।
উত্তীর্য্য তচ্ছ্রুতিপুটে কিমপি স্বয়মাদিশৎ।
অনাখ্যং যৎ পরং জ্যোতিরুচ্চক্রাম চ তৎক্ষণাৎ॥১২০।

স্কন্দ উবাচ।

উদ্যোতয়ন্নভোবর্ত্ম দেবোপি স্বালয়ং যযৌ।
তদাপ্রভৃতি লোকেঽত্র জ্ঞানবাপী বিশিষ্যতে ॥ ১২১ ।
সর্ব্বেভ্যস্তীর্থমুখ্যেভ্যঃ প্রত্যক্ষজ্ঞানদা মুনে।
সর্ব্বজ্ঞানময়ীচৈষা সর্বলিঙ্গময়ী শুভা ॥ ১২২ ।

এবং আশীর্ব্বাক্যে অভিনন্দন করিয়া প্রসন্নহৃদয়ে কহিলেন, তোমরা গাত্রোত্থান করিয়া সম্প্রতি বিশিষ্ট বেশভূষা ধারণ কর, ক্ষণমধ্যেই তোমাদিগের তারকমন্ত্ররূপ অভ্যুদয় প্রাপ্তি হইবে। জটাধর তাঁহা-দিগের সম্মুখে এই কথা বলিতে বলিতেই কিঙ্কিণীজাল-নিনাদিত একখানি দেবযান তথায় উপস্থিত হইল। অনন্তর সর্ব্বলোকসমক্ষে অর্দ্ধেন্দুশেখর ভগবান্ মহেশ্বর সেই রথ হইতে অবতীর্ণ হইয়া তাঁহাদিগের শ্রুতিপুটে মহামন্ত্র উপদেশ করিলেন এবং তৎক্ষণাৎ এক অনির্ব্বচনীয় পরম জ্যোতিঃ ঊর্দ্ধপথে উত্থিত হইল। ভগবান্ মহেশ্বরও গগনমার্গ উদ্দীপিত করিয়া স্বকীয় ধামে গমন করিলেন। স্কন্দ কহিলেন, হে মুনে! তদবধি এই প্রত্যক্ষ জ্ঞানদায়িনী জ্ঞানবাপী যাবতীয় প্রধান তীর্থ অপেক্ষা প্রধানতম বলিয়া খ্যাত হইয়াছে। এই কল্যাণময়ী

সাক্ষাচ্ছিবময়ীমূর্ত্তির্জ্ঞানকৃদ্জ্ঞানবাপিকা ।
সন্তি তীর্থান্যনেকানি সদ্যঃশুচিকরাণ্যপি ॥ ১২৩ ।
পরন্তু জ্ঞানবাপ্যা হি কলাং নার্হন্তি ষোড়শীম্ ।
জ্ঞানবাপ্যাঃসমুৎপত্তিং যঃ শ্রোষ্যতি সমাহিতঃ ॥ ১২।
ন তস্য জ্ঞানবিভ্রংশো মরণে জায়তে ক্বচিৎ ॥ ১২৫ ।
মহাখ্যানমিদং পুণ্যং মহাপাতকনাশনম্ ।
মহাদেবস্য গৌর্য্যাশ্চ মহাপ্রীতিবিবর্দ্ধনম্ ॥ ১২৬ ।
পঠিত্বা পাঠয়িত্বা বা শ্রুত্বা বা শ্রদ্ধয়ান্বিতঃ ।
জ্ঞানবাপ্যাঃশুভাখ্যানং শিবলোকে মহীয়তে ॥ ১২৭ ।

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে জ্ঞানবাপিপ্রশংসনং
নাম চতুস্ত্রিংশত্তমোঽধ্যায়ঃ ।

পুণ্যবাপী সর্ব্বজ্ঞানময়ী, সর্ব্বলিঙ্গময়ী ও সাক্ষাৎ শিবময়ী মূর্ত্তি। এই পৃথিবীতে সদ্যঃ শুচিকারক অনেক তীর্থ আছে, কিন্তু সেই সকল তীর্থ এই জ্ঞানবাপীর ষোড়শ অংশের এক অংশেরও তুল্য নহে। যে ব্যক্তি সমাহিতচিত্তে জ্ঞানবাপীর উৎপত্তি বৃত্তান্ত শ্রবণ করে, মরণকালেও কখন তাহার জ্ঞানভ্রংশ হয় না ১১৩—১২৫ ॥ এই মহাখ্যান পবিত্র ও মহাপাতকনাশক এবং ইহা মহাদেব ও গৌরীর মহাপ্রীতিবিবর্দ্ধক। যে ব্যক্তি জ্ঞানবাপীর এই শুভাখ্যান পঠন, পাঠন বা শ্রদ্ধাসহকারে শ্রবণ করেন, অন্তে তাঁহার শিবলোকে বাস হয় ॥ ১২৬ ॥ ১২৭ ॥

ইতি শ্রীস্কন্দপুরাণান্তর্গত কাশীখণ্ডে জ্ঞানবাপী প্রশংসা নামক
চতুস্ত্রিংশত্তম অধ্যায়।

পঞ্চত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

কুম্ভযোনিরুবাচ।

অবিমুক্তং মহাক্ষেত্রং পরং নির্ব্বাণকারণম্।
ক্ষেত্রাণাং পরমং ক্ষেত্রং মঙ্গলানাঞ্চ মঙ্গলম্ ॥ ১।
শ্মশানানাঞ্চ সর্ব্বেষাং শ্মশানং পরমং মহৎ।
পীঠানাং পরমং পীঠ মূষরাণাং মহোষরম্ ॥ ২।
ধর্ম্মাভিলাষিবুদ্ধীনাং ধর্ম্মরাশিকরং পরম্।
অর্থার্থিনাং শিখিরথ পরমার্থপ্রকাশকম্ ॥ ৩।
কামিনাং কামজননং মুমুক্ষূণাঞ্চ মোক্ষদম্।
শ্রূয়তে যত্র যত্রৈতত্তত্র তত্র পরামৃতম্ ॥ ৪।
ক্ষেত্রৈকদেশবর্ত্তিন্যাঃ জ্ঞানবাপ্যাঃ কথাং পরাম্।
শ্রুত্বেমামিতি মন্যেহং গৌরীহৃদয়নন্দন ॥ ৫।

পঞ্চত্রিংশত্তম অধ্যায়।

কুম্ভযোনি কহিলেন, হে ময়ূরবাহন! এই অবিমুক্ত মহাক্ষেত্র পরম নির্ব্বাণকারণ, সকল ক্ষেত্রমধ্যে পরমক্ষেত্র ও মঙ্গলসমূহের মধ্যে পরম মঙ্গল ॥ ১ ॥ ইহা সর্ব্বশ্মশানের শ্রেষ্ঠ শ্মশান, সর্ব্বপীঠ মধ্যে শ্রেষ্ঠ পীঠ ও ঊষরসমূহ মধ্যে শ্রেষ্ঠ ঊষর ॥ ২ ॥ এই স্থান ধর্ম্মমতি সাধুগণের পরম ধর্ম্ম-বৃদ্ধিকর, অর্থাভিলাষীদিগের পরমার্থপ্রদায়ক, কামিগণের কামনাপূরক ও মুমুক্ষুদিগের মোক্ষপ্রদ। হে গৌরীহৃদয়নন্দন! বারাণসীক্ষেত্রের এক-দেশবর্ত্তিনী এই জ্ঞানবাপীর মহাকথা শ্রবণ করিয়া যে যে স্থানে এই ক্ষেত্রের প্রসঙ্গ শ্রুত হয়, সেই সেই স্থানে পরম অমৃত আছে বলিয়া

অণুপ্রমাণমপি যা মধ্যে কাশিবিকাসিনী।
মহামহীয়সী জ্ঞেয়া সা সিদ্ধ্যে ন মুধা ক্বচিৎ ॥ ৬ ।
কিয়ন্তি সন্তি তীর্থানি নেহক্ষৌণীতলেঽখিলে।
পরং কাশীরজোমাত্র তুলাসাম্যং ক্বতেষ্বপি ॥ ৭ ।
কিয়ন্ত্যো ন স্রবন্ত্যোত্র রত্নাকরমুদাবহাঃ।
পরং স্বর্গতরঙ্গিণ্যাঃ কাশ্যাং কা সাম্যমুদ্বহেৎ ॥ ৮ ।
কিয়ন্তি সন্তি নোভূম্যাং মোক্ষক্ষেত্রাণি ষণ্মুখ।
পরং মন্যেঽবিমুক্তস্য কোট্যংশোঽপি ন তেষ্বহো ॥ ৯ ।
গঙ্গা বিশ্বেশ্বরঃ কাশী জাগর্ত্তি ত্রিতয়ং যতঃ।
তত্র নৈঃশ্রেয়সীলক্ষ্মীর্লভ্যতে চিত্রমত্রকিম্ ॥ ১০ ।
কথমেষা ত্রয়ী স্কন্দ প্রাপ্যতে নিয়তন্নরৈঃ।
তিষ্যে যুগে বিশেষেণ নিতরাং চঞ্চলেন্দ্রিয়ৈঃ ॥ ১১ ।

আমার বোধ হয় ॥ ৩ ॥ ৪ ॥ ৫ ॥ কাশীপুরীমধ্যে অতি ক্ষুদ্রপ্রমাণ হইলেও যাহা মহামহীয়সী বলিয়া বিখ্যাত, সেই জ্ঞানবাপী নিশ্চয়ই সিদ্ধিপ্রদায়িনী, কখন নিরর্থক নহে ॥ ৬ ॥ এই অখিল পৃথ্বীতলে কত শত মহাতীর্থই আছে, কিন্তু কাশীক্ষেত্রের ধূলিমাত্রেরও সহিত সেই সকল তীর্থের তুলনা হয় না ॥ ৭ ॥ ধরাতলে কত শত সাগরগামিনী নদী প্রবাহিত রহিয়াছে, কিন্তু তাহার মধ্যে কোন নদীই কাশীপ্রবাহিণী সুরতরঙ্গিণীর তুলনা ধারণ করিতে পারে না ॥ ৮ ॥ সেইরূপ হে ষড়ানন! এই মর্ত্ত্যলোকে কত শত মোক্ষক্ষেত্র বিদ্যমান রহিয়াছে, কিন্তু এই অবিমুক্ত কাশীক্ষেত্রের কোটি অংশের এক অংশ গুণও সেই সমস্ত ক্ষেত্রে বর্ত্তমান নাই ॥ ৯ ॥ যেস্থানে গঙ্গা, বিশ্বেশ্বর ও কাশী, এই তীর্থত্রয় জাগ্রত রহিয়াছেন, তথায় নির্ব্বাণসম্পত্তি লাভ হয়, ইহাতে আর বিচিত্র কি? ॥ ১০ ॥ হে স্কন্দ! মনুষ্যগণ কি প্রকারে এই পরম ধাম প্রাপ্ত হয়? বিশেষতঃ কলিযুগে মানবগণ অতিশয় চঞ্চলেন্দ্রিয়, এ যুগে তাহাদিগের তাদৃশ

তপস্তাদৃক্ ক্ব বা তিষ্যো তিষ্যেযোগঃ ক্ব তাদৃশঃ।
ক্ব কা ব্রতং ক্ব বা দানন্তিষ্যেমোক্ষস্তুতঃ কুতঃ॥ ১২।
বিনাঽপি তপসা স্কন্দ বিনাযোগেন ষন্মুখ।
বিনাব্রতৈর্বিনাদানৈঃ কাশ্যাং মোক্ষস্ত্বয়েরিতঃ॥ ১৩।
কিং কিমাচরতা স্কন্দ কাশীপ্রাপ্যেত তদ্বদ।
মন্যেবিনা সদাচারং ন সিদ্ধেয়ুর্মনোরথাঃ॥ ১৪।
আচারঃ পরমোধর্ম্মো আচারঃ পরমং তপঃ।
আচারাদ্বর্দ্ধতেহ্যায়ুরাচারাৎ পাপসংক্ষয়ঃ॥ ১৫।
আচারমেব প্রথমং তস্মাদাচক্ষষন্মুখ।
দেবদেবো যথাপ্রাহ তবাগ্রেত্বং তথাবদ॥ ১৬॥

স্কন্দ উবাচ।

মিত্রাবরুণজাখ্যামি সদাচারং সতাংহিতম্।
যদা চরন্নরোনিত্যং সর্ব্বান্ কামানবাপ্নুয়াৎ॥ ১৭।

তপস্যা, যোগ, ব্রত, বা দানই বা কোথায় যে, তাহারা মোক্ষ লাভ করিতে সমর্থ হইবে? ১১॥ ১২॥

হে ষড়ানন! আপনি কহিলেন যে, বিনা তপস্যায়, বিনা যোগে, বিনা ব্রতে ও বিনা দানে কাশীক্ষেত্রে মুক্তিলাভ হয়, সে কিরূপ? হে স্কন্দ! ঐ সকল ব্যতীত কিরূপ আচরণ করিলে কাশী প্রাপ্ত হওয়া যায়, তাহা আমাকে বলুন। আমার জ্ঞান হয়, সদাচার ব্যতিরেকে কখন মনোবাঞ্ছা সিদ্ধ হয় না॥ ১৩॥ ১৪॥ সদাচার পরম ধর্ম্ম, সদাচার পরম তপস্যা, সদাচারেই পরমায়ুর বৃদ্ধি ও পাপের সংক্ষয় হয়॥ ১৫॥ অতএব হে ষড়ানন! দেবদেব মহেশ্বর যাহা আপনার অগ্রে কীর্ত্তন করিয়াছেন, আপনি আমার নিকট সেই আচারের কথাই প্রথমে প্রকাশ করুন॥ ১৬॥ স্কন্দ কহিলেন, হে মহর্ষে! যাহার আচরণে মনুষ্য সর্ব্ব কাম প্রাপ্ত হইয়া থাকে, আমি

স্থাবরাঃ কৃময়োঽজ্ঞাশ্চ পক্ষিণঃ পশবোনরাঃ।
ক্রমেণ ধার্ম্মিকাস্ত্বেতে এতেভ্যো ধার্ম্মিকাঃস্যুরা॥ ১৮॥
সহস্রভাগঃ প্রথমাৎ দ্বিতীয়োঽনুক্রমাত্তথা।
সর্ব্বএতে মহাভাগা যাবন্মুক্তি সমাশ্রয়াঃ॥ ১৯।
চতুর্ণামপি ভূতানাং প্রাণিনোঽতীবচোত্তমাঃ।
প্রাণিভ্যোপি মুনেশ্রেষ্ঠাঃ সর্ব্বেবুধ্যপজীবিনঃ॥ ২০।
মতিমদ্ভ্যোনরাঃ শ্রেষ্ঠাস্তেভ্যঃ শ্রেষ্ঠাস্তুবাড়বাঃ।
বিপ্রেভ্যোপি চ বিদ্বাংসোবিদ্বদ্ভ্যঃ কৃতবুদ্ধয়ঃ॥ ২১।
কৃতধীভ্যোপি কর্ত্তারঃ কর্ত্তৃভ্যো ব্রহ্মতৎপরাঃ।
নতেষামর্চনীয়োঽন্যস্ত্রিষু লোকেষু কুম্ভজ॥ ২২।

তোমার নিকট সাধুগণের হিতকর সেই সদাচার ব্যাখ্যা করিতেছি, শ্রবণ কর॥ ১৭॥ স্থাবর, কৃমী, জলচর, পক্ষিকুল, পশু ও নর, ইহারা সকলে পরস্পর অপেক্ষাকৃত শ্রেষ্ঠত্ব লাভ করে। ইহাদিগের অপেক্ষা ও দেবগণ উৎকৃষ্ট॥ ১৮॥ ইহার মধ্যে প্রথম হইতে দ্বিতীয় ইত্যাদিক্রমে উত্তরোত্তর সহস্রগুণ করিয়া ইহাদিগের অধিক উৎকর্ষ। মুক্তিলাভ করিলে ইহারা সকলেই মহাসৌভাগ্যশালী হয়॥ ১৯॥ চতুর্ব্বিধ ভূতের মধ্যে প্রাণিগণ উত্তম, প্রাণীর মধ্যে বুদ্ধিজীবীরা শ্রেষ্ঠ ও বুদ্ধিজীবীর মধ্যে মনুষ্য সর্ব্বশ্রেষ্ঠ। মনুষ্যমধ্যে ব্রাহ্মণ, ব্রাহ্মণমধ্যে শাস্ত্রজ্ঞ, শাস্ত্রজ্ঞমধ্যে অনুষ্ঠানকর্ত্তা ও অনুষ্ঠানকর্ত্তাদিগের মধ্যে ব্রহ্মপরায়ণ ব্যক্তিগণ উত্তরোত্তর উৎকৃষ্ট। হে কুম্ভযোনে! এই ত্রিলোকীতলে ব্রহ্মজ্ঞ ব্যক্তিগণের অন্য অর্চ্চনীয় নাই। তপোবিদ্যায় অবিশেষহেতু ইহাঁরা পরস্পরেই পরস্পরের উপাসক। ব্রাহ্মণজাতি সর্ব্বলোকেশ্বররূপে ব্রহ্মাকর্ত্তৃক সৃষ্ট হইয়াছেন। এইহেতু বিপ্রগণ জগতের যাবতীয় বস্তুই পাইবার যোগ্য। কিন্তু ব্রাহ্মণ সদাচারযুক্ত হইলেই উহার উপযুক্ত হয়েন, সদাচার হইতে বিচ্যুত

অন্যোন্যমর্চকাস্তে বৈ তপো বিদ্যাবিশেষতঃ।
ব্রাহ্মণো ব্রহ্মণাসৃষ্টঃ সর্ব্বভূতেশ্বরোযতঃ ॥ ২৩।
অতোজগৎ স্থিতং সর্ব্বং ব্রাহ্মণোঽর্হতিনাপরঃ।
সদাচারোহি সর্ব্বাহে নাচারাদ্বিচ্যুতঃ পুনঃ ॥ ২৪।
তস্মাদ্বিপ্রেণ সততং ভাব্যমাচারশীলিনা।
বিদ্বেষরাগরহিতা অনুতিষ্ঠন্তি যং মুনে।
বিদ্বাং সন্তংসদাচারং ধর্ম্মমূলং বিদুর্বুধাঃ ॥ ২৫ ॥
লক্ষণৈঃ পরিহীনোঽপি সম্যগাচারতৎপরঃ।
শ্রদ্ধালুরনসূয়শ্চ নরোজীবেৎসমাঃ শতম্ ॥ ২৬।
শ্রুতিস্মৃতিভ্যা মুদিতং স্বেষু স্বেষু চ কর্ম্মসু।
সদাচারং নিষেবেত ধর্ম্মমূলমতন্দ্রিতঃ ॥ ২৭।
দুরাচাররতো লোকে গর্হণীয়ঃ পুমান্ ভবেৎ।
ব্যাধিভিশ্চাভিভূযেত সদাল্পায়ুঃ সুদুঃখভাক্ ॥ ২৮।
ত্যাজ্যং কর্ম্মপরাধীনং কার্য্যমাত্মবশং সদা।
দুঃখী যতঃ পরাধীনঃ সদৈবাত্মবশঃ সুখী ॥ ২৯।

হইলে কখনই উহার যোগ্য হইতে পারেন না ॥ ২০। ২১ ॥ ২২ ॥ ২৩ ॥ ২৪ ॥ অতএব ব্রাহ্মণের সতত সদাচারশীল হওয়া উচিত। হে মুনিবর! বিদ্বেষ ও আসক্তিরহিত চিত্তে যে কার্য্য অনুষ্ঠিত হয়, পণ্ডিতেরা উহাকে ধর্ম্মমূলক সদাচার বলিয়া ব্যাখ্যা করেন ॥ ২৫ ॥ শারীরলক্ষণবিহীন ব্যক্তিও সর্ব্বদা সদাচারতৎপর শ্রদ্ধালু ও অসূয়াপরিশূন্য হইলে শত-বর্ষজীবী হয়েন ॥ ২৬ ॥

লোকে তন্দ্রারহিত হইয়া স্ব স্ব কর্ম্মে শ্রুতিস্মৃত্যুক্ত ধর্ম্মের হেতুভূত সদাচার সকল অনুষ্ঠান করিবে। ২৭। যে ব্যক্তি দুরাচারে রত, সে ব্যক্তি লোকসমাজে নিন্দিত ব্যাধিসমূহে অভিভূত, অল্পায়ু ও অত্যন্ত দুঃখভাগী হয় ॥ ২৮ ॥ পরাধীন কর্ম্ম পরিত্যাগ করিবে ও সতত আত্মবশ হইয়া কার্য্য করিবে,

যস্মিন্ কর্ম্মণ্যন্তরাত্মাক্রিয়মাণে প্রসীদতি ।
তদেবকর্ম্মকর্ত্তব্যং বিপরীতং নচ ক্কচিৎ ॥ ৩০ ।
প্রথমং ধর্ম্মসর্ব্বস্বং প্রোক্তাযন্নিয়মাযমাঃ ।
অতস্তেষ্বেব বৈযত্নঃ কর্ত্তব্যোধর্ম্মমিচ্ছতা ॥ ৩১ ।
সত্যং ক্ষমার্জ্জবং ধ্যানমানৃশংস্যমহিংসনম্ ।
দমঃপ্রসাদোমাধুর্য্যম্মৃদুতেতি যমাদশ ॥ ৩২ ।
শৌচংস্নানং তপোদানং মৌনেজ্যাধ্যয়নং ব্রতম্ ।
উপোষণোপস্থদণ্ডৌ দশৈতে নিয়মাঃ স্মৃতাঃ ॥ ৩৩ ।
কামংক্রোধং মদংমোহং মাৎসর্য্যংলোভমেব চ ।
অমূন্ষড়্রিপূণ্জিত্বা সর্ব্বত্রবিজয়ী ভবেৎ ॥ ৩৪ ।
শনৈঃশনৈঃ সঞ্চিনুয়াদ্ধর্ম্মবল্মীকশৃঙ্গবৎ ।
পরপীড়ামকুর্ব্বাণঃ পরলোকসহায়িনম্ ॥ ৩৫ ।

যেহেতু পরবশ ব্যক্তিই নিরন্তর দুঃখভোগ ও আত্মবশ ব্যক্তিই সুখভোগ করিয়া থাকে ॥ ২৯ ॥ যে কর্ম্মের অনুষ্ঠানে অন্তরাত্মা প্রসন্ন হয়, তাহাই কর্ত্তব্য, তদ্বিপরীত কখন কর্ত্তব্য নহে ॥ ৩০ ॥ যম ও নিয়মই ধর্ম্মের সর্ব্বস্ব বলিয়া প্রথমতঃ উক্ত হইয়াছে, অতএব ধর্ম্মাভিলাষিগণ যম ও নিয়মেই বিশিষ্টরূপ যত্ন করিবেন ॥ ৩১ ॥ সত্য, ক্ষমা, ঋজুতা, ধ্যান, অনৃশংসতা, অহিংসা, দম, প্রসাদ, মাধুর্য্য ও মৃদুতা, এই দশটীর নাম যম ॥ ৩২ ॥ শৌচ, স্নান, তপঃ, দান, মৌন, (বৃথাবাক্যত্যাগ) পঞ্চযজ্ঞানুষ্ঠান, অধ্যয়ন, ব্রত, উপবাস ও পরদার-পরিহার এই কয়েকটীকে নিয়ম কহে ॥ ৩৩ ॥ কাম, ক্রোধ, মদ, মোহ, মাৎসর্য্য ও লোভ, এই ছয়রিপুকে জয় করিতে পারিলে মনুষ্য সর্ব্বত্র বিজয়ী হয় ॥ ৩৪ ॥ পরপীড়ন পরিত্যাগ করিয়া ক্রমে ক্রমে পরলোকের সহায়ীভূত ধর্ম্মকে বল্মীকস্তূপের ন্যায় সঞ্চিত কর, ধর্ম্মই স্বয়ং সহায় হইবেন ; ইহলোকে হস্তী, অশ্ব, অট্টালিকাদি

ধর্ম্মএব সহায়ীস্যাদমুত্রে ন পরিচ্ছদঃ।
পিতৃমাতৃসুতভ্রাতৃযোষিদ্বন্ধুজনাদিকঃ॥ ৩৬।
জায়তেচৈকলঃ প্রাণীপ্রম্রিয়েত তথৈকলঃ।
একলঃ সুকৃতং ভুঙ্‌ক্তে ভুঙ্‌ক্তেদুষ্কৃতমেকলঃ॥ ৩৭।
দেহং পঞ্চত্বমাপন্নন্ত্যক্ত্বাকৌকাষ্ঠলোষ্ট্রবৎ।
বান্ধবাবিমুখাযান্তি ধর্ম্মোযান্তমনুব্রজেৎ॥ ৩৮।
কৃতীসঞ্চিনুয়াৎ ধর্ম্মং ততোঽমুত্রসহায়িনম্।
ধর্ম্মংসহায়িনং লব্ধাসন্তরেদ্দুস্তরংতমঃ॥ ৩৯।
সম্বন্ধানাচরেন্নিত্যমুত্তমৈরুত্তমৈঃ সুধীঃ।
অধমানধমাংস্ত্যক্ত্বা কুলমুৎকর্ষতাং নয়েৎ॥ ৪০।
উত্তমানুত্তমানেব গচ্ছন্ হীনাংশ্চ বর্জ্জয়ন্।
ব্রাহ্মণঃ শ্রেষ্ঠতামেতি প্রত্যবায়েন শূদ্রতাম্॥ ৪১।

বিলাসদ্রব্য এবং শ্রদ্ধাস্পদ পিতা, মাতা, ও স্নেহাস্পদ ভ্রাতা, পুত্র, কলত্র ও বন্ধুজনাদি, কেহই ধর্ম্মোপার্জ্জনের সহায়স্বরূপ নহেন॥ ৩৫॥ ৩৬॥ প্রাণী একাকী হইয়া জন্মগ্রহণ করে, একাকী লয়প্রাপ্ত হয়, একাকী সুকৃত উপভোগ করে ও একাকীই দুষ্কৃতির ফলভাগী হয়॥ ৩৭॥

ইহলোকে এই পাঞ্চভৌতিক দেহ পঞ্চত্বপ্রাপ্ত হইলে বান্ধবগণ কাষ্ঠ ও লোষ্ট্রের ন্যায় তাহা পরিত্যাগপূর্ব্বক বিমুখ হইয়া গৃহে প্রতিগমন করেন, কেবল একমাত্র ধর্ম্মই অনুগামী হন। অতএব কৃতীব্যক্তি উভয়লোকের সহায়ভূত ধর্ম্মকেই সঞ্চয় করিবেন, যেহেতু ধর্ম্মকে সহায় প্রাপ্ত হইলে মনুষ্য অনায়াসে দুস্তর ভবান্ধকার উত্তীর্ণ হইতে পারে॥ ৩৯॥ সুবুদ্ধিগণ অধম সংসর্গ পরিত্যাগপূর্ব্বক উত্তমের সহিত সম্বন্ধ সংস্থাপন করত আত্মকুলের উৎকর্ষসাধন করিবেন॥ ৪০॥ নীচসঙ্গবর্জ্জিত ও উত্তমের সহিত সঙ্গত হইলেই ব্রাহ্মণ শ্রেষ্ঠত্ব প্রাপ্ত হয়েন, ইহার বিপরীত আচরণ

অনধ্যয়নশীলঞ্চ সদাচারবিলঙ্ঘিনম্।
সালসঞ্চদুরন্নাদং ব্রাহ্মণং বাধতেঽন্তকঃ॥ ৪২।
ততোঽভ্যসেৎ প্রযত্নেন সদাচারং সদাদ্বিজঃ।
তীর্থান্যপ্যভিলষ্যন্তি সদাচারিসমাগমম্॥ ৪৩।
রজনীপ্রান্তয়ামার্দ্ধং ব্রাহ্মঃ সময় উচ্যতে।
স্বহিতং চিন্তয়েৎ প্রাজ্ঞস্তস্মিংশ্চোত্থায় সর্ব্বদা॥ ৪৪।
গজাস্যং সংস্মরেদাদৌ তত ঈশং সহাম্বয়া।
শ্রীরঙ্গং শ্রীসমেতন্তু ব্রহ্মাণ্যাকমলোদ্ভবম্॥ ৪৫।
ইন্দ্রাদীন্ সকলান্ দেবান্ বশিষ্ঠাদীন্ মুনীনপি।
গঙ্গাদ্যাঃ সরিতঃ সর্ব্বাঃ শ্রীশৈলাদ্যখিলান্ গিরীন্॥ ৪৬।

করিলে তাঁহার শূদ্রত্ব লাভ হয়॥ ৪১॥ যে ব্যক্তি বেদাধ্যয়ন বিহীন, সদাচারপরিত্যাগী, আলস্যপরতন্ত্র ও অপবিত্রঅন্ন ভোজী, অন্তে সে ব্যক্তি কৃতান্ত কর্ত্তৃক নিপীড়িত হয়॥ ৪২॥ অতএব দ্বিজগণের প্রকৃষ্টযত্ন সহকারে সতত সদাচার অভ্যাস করা উচিত, তীর্থগণও সর্ব্বদা সদাচার-শীল ব্যক্তিবর্গের সমাগম প্রার্থনা করেন॥ ৪৩॥

রজনীর অবসানকালীন দণ্ডচতুষ্টয় ব্রাহ্মমুহূর্ত্ত বলিয়া কথিত হয়। প্রাজ্ঞ ব্যক্তি ঐ সময়ে নিত্য গাত্রোত্থান করিয়া অভীষ্ট চিন্তা করিবেন॥ ৪৪॥ প্রথমতঃ গণপতি ও তৎপরে পার্ব্বতীসহ মহাদেব, লক্ষ্মীসহিত শ্রীরঙ্গশৈলশায়ী বিষ্ণু ও ব্রহ্মাণী সহিত কমলযোনি ব্রহ্মাকে চিন্তা করি-বেন॥ ৪৫॥ অনন্তর ইন্দ্রাদি যাবতীয় দেবগণ, বশিষ্ঠাদি মুনিগণ, গঙ্গাদি সমস্ত নদী, শ্রীশৈলাদি নিখিল পর্ব্বত, ক্ষীরোদাদি জলনিধিগণ, মানসাদি মনোহর সরোবর, নন্দনাদি চিত্তানন্দ কানন, কামদুঘা প্রভৃতি ধেনুপাল, কল্পবৃক্ষ প্রভৃতি অর্চ্চনীয় বৃক্ষ, সুবর্ণাদি উৎকৃষ্ট ধাতু, উর্ব্বশী প্রভৃতি দিব্যস্ত্রী, গরুড়াদি মহাবীর্য্যশালী পক্ষী, অনন্তাদি নাগমণ্ডলী, ঐরাবত-

ক্ষীরোদাদীন্ সমুদ্রাংশ্চ মানসাদি সরাংসি চ।
বনানিনন্দনাদীনি ধেনুঃকামদুঘাদিকাঃ ॥ ৪৭।
কল্পবৃক্ষাদি বৃক্ষাংশ্চ ধাতুন্ কাঞ্চনমুখ্যতঃ।
দিব্যস্ত্রীরুর্ব্বশীমুখ্যা গরুড়াদীন্পতত্রিণঃ ॥ ৪৮।
নাগাংশ্চ শেষপ্রমুখান্ গজানৈরাবতাদিকান্।
অশ্বানুচ্চৈঃশ্রবোমুখ্যান্ কৌস্তুভাদীন্মণীন্ শুভান্ ॥ ৪৯।
স্মরেদরুন্ধতীমুখ্যাঃ পতিব্রতবতীর্ব্বধূঃ।
নৈমিষাদীন্যরণ্যানি পুরীঃকাশীপুরীমুখাঃ ॥ ৫০।
বিশ্বেশাদীনিলিঙ্গানি বেদানৃক্প্রমুখানপি।
গায়ত্রীপ্রমুখান্মন্ত্রাংশ্চ যোগিনঃ সনকাদিকান্ ॥ ৫১।
প্রণবাদিমহাবীজং নারদাদীং যো বৈষ্ণবান্।
শিবভক্তাংশ্চ বাণাদীন্ প্রহ্লাদাদীন্ দৃঢ়ব্রতান্ ॥ ৫২।
বদান্যাংশ্চ দধীচ্যাদীন্ হরিশ্চন্দ্রাদি ভূপতীন্।
জননীচরণৌ স্মৃত্বা সর্ব্বতীর্থোত্তমোত্তমৌ ॥ ৫৩।
পিতরঞ্চ গুরূংশ্চাপি হৃদিধ্যাত্বা প্রসন্নধীঃ।
ততশ্চাবশ্যকং কর্ত্তুং নৈঋ্ঀতীন্দিশমাশ্রয়েৎ ॥ ৫৪।

প্রমুখ মাতঙ্গ, উচ্চৈঃশ্রবা আদি অশ্ব, কৌস্তুভাদি মাঙ্গল্য রত্ন, অরুন্ধতী প্রভৃতি পতিব্রতারমণী, নৈমিষাদি অরণ্য, বারাণসী প্রভৃতি পুরী, বিশ্বেশ্বরাদি লিঙ্গ, ঋগ্‌যজুঃ প্রভৃতি বেদ, গায়ত্রীপ্রমুখ মন্ত্র, সনকাদি যোগী, প্রণবাদি মহাবীজ, নারদাদি বৈষ্ণব, বাণরাজা প্রভৃতি শৈব, প্রহ্লাদাদি পরমভক্ত, দধীচিপ্রভৃতি দাতা ও হরিশ্চন্দ্রাদি ধর্ম্মপরায়ণ ভূপতি এবং সর্ব্বতীর্থোত্তমোত্তম জননীর চরণযুগল স্মরণ করত পিতা ও গুরুজনবর্গকে হৃদয়ে ধ্যান করিয়া প্রসন্নচিত্তে আবশ্যক নিত্যক্রিয়া সমাধান করিবার

গ্রামাদ্ধনুঃশতং গচ্ছেন্নগরাচ্চ চতুর্গুণম্।
তৃণৈরাচ্ছাদ্য বসুধাং শিরঃ প্রাবৃত্যবাসসা॥ ৫৫।
কর্ণোপবীত্যুদগ্বক্ত্রো দিবসে সন্ধ্যয়োরপি।
বিন্মূত্রে বিসৃজেন্মৌনীনিশায়াং দক্ষিণামুখঃ॥ ৫৬।
নতিষ্ঠন্নাপ্সুনোবিপ্র গোবহ্ন্যনিল সংমুখঃ।
ন ফালকৃষ্টেভূভাগে ন রথ্যা সেব্য ভূতলে॥ ৫৭।
নালোকয়েদ্দিশোভাগান্ জ্যোতিশ্চক্রং নভোমলম্।
বামেন পাণিনাশিশ্নং ধৃত্বোত্তিষ্ঠেৎ প্রযত্নবান্॥ ৫৮।
অথোম্মৃদং সমাদায় জন্তুকর্করবর্জ্জিতাম্।
বিহায় মূষকোৎখাতাং শৌচোচ্ছিষ্টাঞ্চ নাকুলাম্॥ ৫৯।

নিমিত্ত নৈঋতাস্য হইয়া উপবেশন করিবে॥ ৪৬॥—৫৪॥ গ্রাম হইতে শতধনু ও নগর হইতে চারিশত ধনু দূরস্থ স্থানে গমনপূর্ব্বক তৃণদ্বারা ভূমি ও বস্ত্রদ্বারা মস্তক আবৃত করত কর্ণে উপবীত দান করিয়া দিবসে ও সন্ধ্যাকালে উত্তরমুখ এবং নিশাভাগে দক্ষিণমুখ ও মৌনী হইয়া মলমূত্র পরিত্যাগ করিবে॥ ৫৫॥ ৫৬॥ দণ্ডায়মান অবস্থায়, গো, বিপ্র, অগ্নি, ও বায়ুর সম্মুখে অথবা ফালকর্ষিত ক্ষেত্র, পথ ও পবিত্র ভূমিতলে কদাচ মলমূত্র পরিত্যাগ করিবে না॥ ৫৭॥

পৃথিবীর কোন দিকে, আকাশমণ্ডলে অথবা জ্যোতিষ্কমণ্ডলীতেও দৃষ্টিপাত করিবে না, বামহস্তে লিঙ্গধারণপূর্ব্বক সাবধানে গাত্রোত্থান করিবে॥ ৫৮॥ অনন্তর জীবজন্তুসংযুক্ত, কর্করযুক্ত, মূষিকের খাত, শৌচের উচ্ছিষ্ট, ও নকুলের খাতের মৃত্তিকা পরিত্যাগ করিয়া শুদ্ধ মৃত্তিকা গ্রহণ-পূর্ব্বক গুহ্যস্থানে একবার প্রদান করিবে। ঐরূপ মৃত্তিকা জলযুক্ত করিয়া মলদ্বারে পাঁচবার, বামকরে দশবার, পাণিদ্বয়ে সাতবার, পাদদ্বয়ে এক

গুহ্যে দদ্যান্মৃদস্ত্রেকাম্পায়ৌ পঞ্চাম্বুসান্তরাঃ।
দশ বামকরেচাপি সপ্তপাণিদ্বয়োর্ম্মৃদঃ॥ ৬০।
একৈকাম্পাদয়োর্দ্দদ্যাত্তিস্রঃ পাণ্যোর্ম্মৃদস্তথা।
ইত্থং শৌচং গৃহী কুর্য্যাৎ গন্ধলেপক্ষয়াবধি॥ ৬১।
ক্রমাদ্দ্বৈগুণ্যমেতস্মাদ্ব্রহ্মচর্য্যাদিষু ত্রিষু।
দিবাবিহিতশৌচস্য রাত্রাবর্দ্ধং সমাচরেৎ॥ ৬২।
রুজ্যর্দ্ধঞ্চ তদর্দ্ধঞ্চ পথি চৌরাদিবাধিতে।
তদর্দ্ধং যোষিতাঞ্চাপি সুস্থে ন্যূনং ন কারয়েৎ॥ ৬৩।
অপি সর্ব্বনদীতোয়ৈর্ম্মৃৎকূটৈশ্চাপি গোময়ৈঃ।
আপাতমাচরন্ শৌচং ভাবদুষ্টো ন শুদ্ধিভাক্॥ ৬৪।
আর্দ্রধাত্রীফলোন্মানা মৃদঃ শৌচে প্রকীর্ত্তিতাঃ।
সর্ব্বাশ্চা হুতয়োপ্যেব গ্রাসাশ্চান্দ্রায়ণেঽপি চ॥ ৬৫।

একবার ও পাণিতলে তিনবার প্রদান করিবে। গন্ধলেপনের ক্ষয় পর্য্যন্ত গৃহীব্যক্তির এইপ্রকার শৌচ কর্ত্তব্য॥ ৫৯॥ ৬০॥ ৬১॥ গৃহাশ্রমীর শৌচ অপেক্ষা ব্রহ্মচারীর দ্বিগুণ, ব্রহ্মচারী অপেক্ষা বানপ্রস্থের দ্বিগুণ, এবং বানপ্রস্থ অপেক্ষা সন্ন্যাসীর দ্বিগুণ শৌচ অনুষ্ঠেয়। দিবাবিহিত শৌচের অর্দ্ধভাগ রাত্রিকালে আচরণ করিবে॥ ৬২॥ ব্যাধিপীড়িত ব্যক্তির পক্ষে তাহার অর্দ্ধেক, চৌরাদিকর্ত্তৃক প্রপীড়িত ব্যক্তির পক্ষে তাহার অর্দ্ধেক, এবং স্ত্রীজাতির পক্ষে তাহারও অর্দ্ধেক শৌচ বিধিসিদ্ধ; কিন্তু পুরুষের সুস্থাবস্থায় কদাচ মুল নিয়মের ন্যূনতা করা উচিত নহে॥ ৬৩॥ সন্দিগ্ধচিত্ত লোকেরা সমস্ত নদীর জল, রাশীকৃত মৃত্তিকা, ও গোময়সমূহের দ্বারা শৌচ করিলেও তথাপি শুচিত্ব প্রাপ্ত হয় না॥৬৪॥ প্রত্যেকবারের শৌচমৃত্তিকার পরিমাণ একটী একটী সরস ধাত্রীফলের তুল্য হওয়া উচিত। যাবতীয় যজ্ঞ ও চান্দ্রায়ণব্রতের নিয়মিত প্রত্যেক গ্রাসের পরিমাণও ঐরূপ

প্রাগাস্য উদগাস্যো বা সূপবিষ্টঃ শুচৌ ভুবি।
উপস্পৃশেদ্বিহীনায়াং তুষাঙ্গারাস্থিভস্মভিঃ॥ ৬৬।
অনুষ্ণাভিরফেনাভি রদ্ভিহৃদ্গাভিরত্বরঃ।
ব্রাহ্মণো ব্রাহ্মতীর্থেন দৃষ্টিপূতাভিরাচমেৎ॥ ৬৭।
কণ্ঠগাভিনৃপঃ শুদ্ধ্যেত্তালুগাভিস্তথোরুজঃ।
স্ত্রীশূদ্রাবাস্যসংস্পর্শমাত্রেণাপি বিশুদ্ধতঃ॥ ৬৮।
শিরঃপ্রাবৃত্য কণ্ঠম্বা জলে মুক্তশিখোঽপি চ।
অক্ষালিতপদদ্বন্দ্ব আচান্তোপ্যশুচির্মতঃ॥ ৬৯।
ত্রিঃপীত্বাম্বু বিশুদ্ধ্যর্থং ততঃখানি বিশোধয়েৎ।
অঙ্গুষ্ঠমূলদেশেন দ্বির্দ্বিরোষ্ঠাধরৌস্পৃশেৎ॥ ৭০।

নির্দ্দিষ্ট আছে॥ ৬৫॥ তুষ, অঙ্গার, অস্থি, ও ভস্মাবিহীন পবিত্র ভূমিতে পূর্ব্বাস্য অথবা উত্তরাস্য হইয়া উপবেশনপূর্ব্বক আচমন করিবে॥ ৬৬॥ ব্রাহ্মণ অঙ্গুষ্ঠমূলদ্বারা আচমন করিবে। ঐ আচমনীয় জল অনুষ্ণ, অফেন, দৃষ্টিপূত, এবং হৃদয়পর্য্যন্ত প্রবিষ্ট হওয়া আবশ্যক॥ ৬৭॥ ঐ জলবিন্দু ক্ষত্রিয়জাতির কণ্ঠপর্য্যন্ত ও বৈশ্যের তালুপর্য্যন্ত প্রবেশ করা উচিত, এবং স্ত্রী ও শূদ্রজাতির ওষ্ঠ স্পর্শ হইলেই শুদ্ধি হয়॥ ৬৮॥ মস্তক ও কণ্ঠদেশ আবৃত, শিখা উন্মুক্ত ও পদদ্বয় অপ্রক্ষালিত রাখিয়া আচমন করিলে শুচিত্ব রক্ষা হয় না। শুষ্কবস্ত্র পরিধানপূর্ব্বক জলমধ্যে আচমন করিলেও অশুচি বলিয়া বিবেচিত হয়॥ ৬৯॥ শুদ্ধিলাভজন্য প্রথমতঃ তিনবার জলবিন্দু পান করিয়া ইন্দ্রিয় বিশোধন করিবে। অনন্তর অঙ্গুষ্ঠের মূলদেশ দ্বারা দুই দুইবার অধরোষ্ঠ স্পর্শ করিবে, পুনর্ব্বার অঙ্গুলিত্রয়ে আস্যদেশ স্পর্শ করিবে, তৎপরে তর্জ্জনী ও অঙ্গুষ্ঠাগ্র দ্বারা নাসারন্ধ্রদ্বয়, ও অঙ্গুষ্ঠ ও অনামিকাগ্র দ্বারা চক্ষু ও কর্ণদ্বয় দুই দুইবার এবং কনিষ্ঠা ও অঙ্গুষ্ঠ দ্বারা নাভিরন্ধ্র, করতলদ্বারা হৃদয়, সমস্ত অঙ্গুলিদ্বারা শিরোদেশ, অঙ্গুলির অগ্রভাগদ্বারা স্কন্ধদ্বয়, এক একবার স্পর্শ করিয়া আচমন

অঙ্গুলীভিস্ত্রিভিঃ পশ্চাৎ পুনরাস্যং স্পৃশেৎ সুধীঃ।
তর্জ্জন্যঙ্গুষ্ঠকোট্যা চ ঘ্রাণরন্ধ্রে পুনঃপুনঃ ॥ ৭১ ।
অঙ্গুষ্ঠানামিকাগ্রাভ্যাং চক্ষুঃশ্রোত্রে পুনঃপুনঃ।
কনিষ্ঠাঙ্গুষ্ঠযোগেন নাভিরন্ধ্রমুপস্পৃশেৎ ॥ ৭২ ।
স্পৃষ্ট্বা তলেন হৃদয়ং সমস্তাভিঃশিরঃস্পৃশেৎ।
অঙ্গুল্যগ্রৈস্তথা স্কন্ধৌ সাম্বুসর্ব্বত্র সংস্পৃশেৎ ॥ ৭৩ ।
আচান্তঃ পুনরাচামেৎ কৃতে রথ্যোপসর্পণে।
স্নাত্বা ভুক্ত্বা পয়ঃপীত্বা প্রারম্ভে শুভকর্ম্মণাম্ ॥ ৭৪ ।
সুপ্তাবাসঃ পরীধায় তথা দৃষ্ট্বাপ্যমঙ্গলম্।
প্রমাদাদশুচিং স্পৃষ্ট্বা দ্বিরাচান্তঃ শুচির্ভবেৎ ॥ ৭৫ ।
অথো মুখবিশুদ্ধ্যর্থং গৃহ্নীয়াদ্দন্তধাবনম্।
আচান্তোপ্যশুচির্যস্মাদকৃত্বাদন্তধাবনম্ ॥ ৭৬ ।
প্রতিপদ্দর্শষষ্ঠীষু নবম্যাং রবিবাসরে।
দন্তানাং কাষ্ঠসংযোগো দহেদা সপ্তমংকুলম্ ॥ ৭৭ ।
অলাভে দন্তকাষ্ঠানাং নিষিদ্ধে বাথ বাসরে।
গণ্ডূষা দ্বাদশগ্রাহ্যা মুখস্য পরিশুদ্ধয়ে ॥ ৭৮ ।

করিবেক। সর্ব্বত্র জলবিন্দুর সহিত সর্ব্বাঙ্গ স্পর্শই বিহিত ॥ ৭০ ॥ ৭১ ॥ ॥ ৭২ ॥ ৭৩ ॥ স্নান, ভোজন, ভ্রমণ ও পয়ঃপান করণানন্তর এবং শুভকর্ম্মের প্রারম্ভে কৃতাচমন ব্যক্তিও পুনর্ব্বার আচমন করিবেক ॥ ৭৪ ॥ শয়ন, বস্ত্রপরিধান, অমঙ্গল দর্শন অথবা অনবধানবশতঃ অপবিত্র বস্তু স্পর্শ করিয়া দ্বিরাচমন করিলেই শুদ্ধিলাভ হয় ॥ ৭৫ ॥ মুখশুদ্ধির নিমিত্ত দন্তধাবন করিবে। দন্তধাবন না করিয়া আচমন করিলে শুচিত্ব জন্মে না ॥ ৭৬ ॥ প্রতিপৎ, অমাবস্যা, ষষ্ঠী, ও নবমীতিথি এবং রবিবাসরে যে ব্যক্তি দন্তের সহিত কাষ্ঠের সংযোগ করে, তাহার সপ্তমকুল পর্য্যন্ত দগ্ধ হয়। ৭৭ ॥ নিষিদ্ধবারতিথিতে অথবা দন্তকাষ্ঠের অপ্রাপ্তিস্থলে

কনিষ্ঠাগ্রপরীমাণং সত্বচং নির্ব্রণং ঋজুং।
দ্বাদশাঙ্গুলমানঞ্চ সার্দ্ধং স্যাদ্দন্তধাবনম্‌॥ ৭৯।
একৈকাঙ্গুলহ্রাসেন বর্ণেষ্বন্যেষু কীর্ত্তিতম্‌।
আম্রাম্রাতকধাত্রীণাং কক্কোলখদিরোদ্ভবম্‌॥ ৮০।
শম্যপামার্গখর্জ্জূরীশেলুশ্রীপর্ণিপীলুজম্‌।
রাজাদনঞ্চ নারঙ্গং কষায়কটুকণ্টকম্‌॥ ৮১।
ক্ষীরবৃক্ষোদ্ভবঞ্চাপি প্রশস্তং দন্তধাবনম্‌।
জিহ্বোল্লেখনিকাঞ্চাপি কুর্য্যাচ্চাপাকৃতিং শুভাম্‌॥ ৮২।
অন্নাদ্যায়ব্যূহধ্বং সো সোমরাজা যমাগমৎ।
স মে মুখং প্রমার্ক্ষ্যেত যশসা চ ভগেন চ॥ ৮৩।
আয়ুর্বলং যশোবর্চ্চঃ প্রজাঃ পশুবসূনি চ।
ব্রহ্মপ্রজ্ঞাঞ্চ মেধাঞ্চ তন্নোধেহি বনস্পতে॥ ৮৪।

মুখশুদ্ধির নিমিত্ত দ্বাদশ জলগণ্ডূষ গ্রহণ করা বিহিত॥ ৭৮॥ দন্তধাবন কাষ্ঠটী কনিষ্ঠাঙ্গুলির অগ্রভাগের ন্যায় স্থূল, ত্বক্‌-যুক্ত, গ্রন্থিরহিত, সরল ও সার্দ্ধদ্বাদশাঙ্গুলি পরিমিত দীর্ঘ হওয়া আবশ্যক।॥ ৭৯॥ ক্ষত্রিয়াদি পর পর বর্ণের পক্ষে উহা পর্য্যায়ক্রমে এক এক অঙ্গুলি হ্রস্ব করা বিহিত। আম্র, আম্রাতক, ধাত্রী, কক্কোল, খদির, শমী, আপাং, খর্জ্জূর, শেলু, শ্রীপর্ণী, পীলু, পিয়াল, নারঙ্গ, এই সকল বৃক্ষের এবং কষায় ও কটুরসযুক্ত, কন্টকবিশিষ্ট ও ক্ষীর বহুল বৃক্ষের দন্তধাবন প্রশস্ত। জিহ্বামার্জ্জনীটী ধনুকের ন্যায় সুন্দর আকৃতি হওয়া উচিত॥ ৮০॥ ৮১॥ ॥ ৮২॥ "হে দন্তগণ! তোমরা অন্নভক্ষণের নিমিত্ত স্থির পংক্তিতে দৃঢ়ীভূত হও, এই বনস্পতিরূপ সোমরাজ আগত হইয়াছেন। ইনি যশ ও ভাগ্য দ্বারা আমার মুখমণ্ডল প্রমার্জ্জিত করিবেন। ৮৩॥

"হে বনস্পতে! তুমি আমাদিগকে আয়ু, বল, যশ, তেজ, সন্ততি, পশু ও অর্থরাশি প্রদান কর॥" ৮৪॥ এই মন্ত্রদ্বয় উচ্চারণ করিয়া যিনি দন্ত-

মন্ত্রাবেতৌ সমুচ্চার্য্য যঃ কুর্য্যাদ্দন্তধাবনম্।
বনস্পতিগতঃ সোমস্তস্য নিত্যং প্রসীদতি॥ ৮৫।
মুখে পর্য্যুষিতে যস্মাদ্ভবেদশুচিভাক্ নরঃ।
ততঃ কুর্য্যাৎ প্রযত্নেন শুদ্ধ্যর্থং দন্তধাবনম্॥ ৮৬।
উপবাসেঽপি নো দুষ্যেদ্দন্তধাবনমজ্জনম্।
গন্ধালঙ্কারসদ্বস্ত্রপুষ্পমাল্যানুলেপনম্॥ ৮৭।
প্রাতঃসন্ধ্যাং ততঃ কুর্য্যাদ্দন্তধাবনপূর্ব্বিকাম্।
প্রাতঃস্নানঞ্চরিত্বা চ শুদ্ধে তীর্থে বিশেষতঃ॥ ৮৮।
প্রাতঃস্নানাদ্ যতঃ শুদ্ধ্যেৎ কায়োঽয়ং মলিনঃসদা।
ছিদ্রিতো নবভিশ্ছিদ্রৈঃস্রবত্যেব দিবানিশম্॥ ৮৯।
উৎসাহমেধাসৌভাগ্য রূপসম্পৎ প্রবর্ত্তকম্।
মনঃপ্রসন্নতাহেতুঃ প্রাতঃস্নানং প্রশস্যতে॥ ৯০।
প্রস্বেদলালাদ্যাক্লিন্নো নিদ্রাধীনো যতো নরঃ।
প্রাতঃস্নানাদৃতোঽর্হঃস্যান্মন্ত্রস্তোত্রজপাদিষু॥ ৯১।

ধাবন করেন, বনস্পতিগত চন্দ্রদেব সতত তাঁহার প্রতি সুপ্রসন্ন থাকেন। ৮৫॥ মুখমণ্ডল পর্য্যুষিত হইলে মনুষ্য অশুচি হয়। অতএব শুদ্ধির নিমিত্ত প্রযত্নসহকারে দন্তধাবন করা কর্ত্তব্য॥ ৮৬॥ উপবাসদিবসেও দন্তধাবন, স্নান, গন্ধ, অলঙ্কার, উত্তম বস্ত্র, পুষ্পমাল্য ও অনুলেপন ব্যবহার নিষিদ্ধ নহে॥ ৮৭॥ দন্তধাবনের পর পবিত্র সলিলে প্রাতঃস্নান করিয়া প্রাতঃসন্ধ্যার অনুষ্ঠান করিবেক॥ ৮৮॥ সতত মলবিশিষ্ট, নবচ্ছিদ্রময় এই শরীর, যাহা হইতে দিবানিশি স্বেদ ক্ষরিত হইতেছে, প্রাতঃস্নানে ইহা বিশুদ্ধ হয়॥ ৮৯॥ প্রাতঃস্নানে উৎসাহ, মেধা, সৌভাগ্য ও রূপসম্পত্তির উৎপত্তি এবং মন প্রসন্ন হয়; তন্নিমিত্ত উহা অতি প্রশস্ত বলিয়া কথিত হইয়াছে॥ ৯০॥ নিদ্রাপরবশ হইলে মনুষ্য ঘর্ম্ম ও লালাদি ক্লেদ সংযুক্ত হয়, অতএব প্রাতঃস্নান না করিলে মন্ত্র, স্তোত্র ও জপাদিতে

প্রাতঃপ্রাতস্তু যৎস্নানং সঞ্জাতে চারুণোদয়ে।
প্রাজাপত্যসমং প্রাহুস্তন্মহাঘবিঘাতকৃৎ॥ ৯২।
প্রাতঃস্নানং হরেৎপাপমলক্ষ্মীং গ্লানিমেব চ।
অশুচিত্বঞ্চ দুঃস্বপ্নং তুষ্টিং পুষ্টিং প্রযচ্ছতি॥ ৯৩।
নোপসর্পন্তি বৈ দুষ্টাঃ প্রাতঃস্নায়িজনং ক্বচিৎ।
দৃষ্টাদৃষ্টফলং যস্মাৎ প্রাতঃস্নানং সমাচরেৎ॥ ৯৪।
প্রসঙ্গতঃ স্নানবিধিং বক্ষ্যামি কলসোদ্ভব।
বিধিস্নানং যতঃ প্রাহুঃ স্নানাচ্ছতগুণোত্তরম্॥ ৯৫।
বিশুদ্ধাং মৃদমাদায় বর্হীংষি তিলগোময়ম্।
শুচৌ দেশে পরিস্থাপ্য ত্বাচম্য স্নানমাচরেৎ॥ ৯৬।
উপগ্রহী বদ্ধশিখো জলমধ্যে সমাবিশেৎ।
উরুংহীতিমন্ত্রেণ তোয়মাবর্ত্ত্য সৃষ্টিতঃ॥ ৯৭।

অধিকারী হইতে পারে না॥ ৯১॥ প্রভাতকালে অরুণোদয় হইলে যে স্নান করা যায়, পণ্ডিতেরা উহাকে প্রাজাপত্যব্রতের ন্যায় মহাপাপনাশক বলিয়া গৌরব করেন॥৯২॥ প্রাতঃস্নানে পাপ, অলক্ষ্মী, অশুচিত্ব, গ্লানি ও দুঃস্বপ্ন বিগত হইয়া তুষ্টি ও পুষ্টি প্রবর্দ্ধিত হয়॥ ৯৩॥ যিনি এই প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষ ফলপ্রদ প্রাতঃস্নান প্রত্যহ আচরণ করিয়া থাকেন, বিঘ্নকারী লোকেরা কখনই তাঁহার নিকটে যাইতে পারে না॥ ৯৪॥ হে কুম্ভযোনে! আমি প্রসঙ্গক্রমে স্নানবিধি কীর্ত্তন করিতেছি, যেহেতু পণ্ডিতেরা বলেন, বিধিপূর্ব্বক স্নান সামান্য স্নান অপেক্ষা শতগুণ ফলপ্রদ॥ ৯৫॥ বিশুদ্ধ মৃত্তিকা, কুশ, তিল, ও গোময় গ্রহণ করত পবিত্রস্থানে স্থাপনপূর্ব্বক আচমন করিয়া স্নান করিবেক॥ ৯৬॥ কুশগ্রহণ ও শিখাবন্ধন পূর্ব্বক উরুংহি এই মন্ত্রদ্বারা সলিল আবর্ত্তন পূর্ব্বক সীমা সৃষ্টি করিয়া জলমধ্যে

যে তে শতং ততোজপ্ত্বা তোয়স্যামন্ত্রণায় চ।
সুমিত্রিয়ানো মন্ত্রেণ পূর্ব্বং কৃত্বা জলাঞ্জলিম্।
ক্ষিপেদ্দ্বেষ্যং সমুদ্দিশ্য জপন্ দুর্মিত্রিয়া ইতি ॥ ৯৮।
ইদং বিষ্ণুরিমঞ্জপ্ত্বা লিম্পেদঙ্গানি মৃৎস্নয়া।
মৃদৈকয়া শিরঃ ক্ষাল্য দ্বাভ্যাং নাভেস্তথোপরি ॥ ৯৯।
নাভেরধস্তু তিসৃভিঃ পাদৌ ষড়্ভির্বিশোধয়েৎ।
মজ্জেৎপ্রবাহাভিমুখ আপো অস্মানিমঞ্জপন্ ॥ ১০০।
উদিদাভ্যঃশুচিরিতি মন্ত্র উন্মজ্জনে মতঃ।
মানস্তোক ইমং জপ্ত্বা লিম্পেদ্গাত্রাণি গোময়ৈঃ ॥ ১০১।
ইমং মে বরুণেত্যাদিমন্ত্রৈঃ স্বাত্মাভিষেচনম্।
তত্ত্বায়ামি তথাত্বন্নঃ সত্বন্নঃপ্রাতুত্তমম্ ॥ ১০২।
ধাম্নোধাম্নস্তধামাপোমৌষধীরিতি সংজপেৎ।
যদাহুরধ্ন্যা মুঞ্চন্তু মেতিচাবভৃথেতি চ ॥ ১০৩।
অদৈবতা ইমে মন্ত্রাঃ প্রোক্তাঃস্বাত্মাভিষেচনে।
প্রণবেন ততো বিপ্রো মহাব্যাহৃতিভিস্ততঃ ॥ ১০৪।

প্রবেশ করিবেক ॥ ৯৭॥ অনন্তর "যেতেশতং" এই মন্ত্র জপপূর্ব্বক জলের আমন্ত্রণার্থ "সুমিত্রিয়ানঃ" এই মন্ত্রদ্বারা জলাঞ্জলি পূর্ণ করিয়া "দুর্মিত্রিয়া" এই মন্ত্র জপপুরঃসর সূর্য্যের উদ্দেশে নিক্ষেপ করিবে ॥ ৯৮ ॥ "ইদংবিষ্ণু" এই মন্ত্র পাঠ করিয়া সর্ব্বাঙ্গ মৃত্তিকা দ্বারা লেপন করিবে। শিরোদেশে একবার, নাভির ঊর্দ্ধভাগে দুইবার, নাভির অধোভাগে তিনবার, এবং পদদ্বয়ে ছয়বার লেপন করিয়া প্রক্ষালনপূর্ব্বক বিশোধন করিবেক। "আপো অস্মান্" এই মন্ত্র জপ করিয়া প্রবাহের অভিমুখে মজ্জন এবং "উদিদাভ্যঃ শুচিঃ" এই মন্ত্র পাঠপূর্ব্বক বিধিমত স্নান করিবে। "মানস্তোক" এই মন্ত্র দ্বারা গাত্রে গোময় লেপন এবং "ইমং মে বরুণ" ইত্যাদি মন্ত্র দ্বারা আত্ম অভিষেক করিবে। অনন্তর "তত্ত্বাযামি" ইত্যাদি স্নানমন্ত্র জপ

আত্মানং পাবয়েদ্বিদ্বান্ গায়ত্র্যা চ ততঃ কৃতী।
আপোহিষ্ঠেতি তিসৃভিঃ প্রত্যৃচং পাবনং পরম্॥ ১০৫।
এতেঽপি পাবনা মন্ত্রা ইদমাপো হবিষ্মতীঃ।
দেবীরাপ অপোদেবা দ্রুপদাদিবসংজ্ঞকাঃ॥ ১০৬।
শন্নোদেবীরপোদেবীরপাঠং রসমিত্যপি।
পুনন্তু মেতি চ নবপাবমান্যাঃ প্রকীর্ত্তিতাঃ॥ ১০৭।
ততোঽঘমর্ষণং জপ্ত্বা দ্রুপদাঞ্চ ততো জপেৎ।
প্রাণায়ামঞ্চ বিধিবদথবান্তর্জলে জপেৎ॥ ১০৮।
প্রণবন্ত্রির্জপেদ্বাপি বিষ্ণুম্বা সংস্মরেৎ সুধীঃ।
স্নাত্বৈবং বস্ত্রমাপীড্য গৃহ্ণীয়াদ্ধৌতবাসসী॥ ১০৯।
আচম্য চ ততঃকুর্য্যাৎ প্রাতঃসন্ধ্যাং কুশান্বিতাম্।
যো ন সন্ধ্যামুপাসীত ব্রাহ্মণো হি বিশেষতঃ॥ ১১০।
স জীবন্নেব শূদ্রস্তু মৃতঃশ্বা জায়তে ধ্রুবম্।
সন্ধ্যাহীনোঽশুচির্নিত্যমনর্হঃ সর্ব্বকর্ম্মসু॥ ১১১।

করিয়া, অগ্নি, বরুণ, ঔষধি, প্রভৃতি স্মরণপূর্ব্বক, “নদাস্থ,,—“অবভৃথ,,—জলদৈবত,, ইত্যাদি মন্ত্রে আত্মাভিষেক করিবে। অনন্তর প্রণব, মহাব্যাহৃতি, গায়ত্রী এবং আপোহিষ্টা, এই সকল মন্ত্র দ্বারা বিদ্বান ব্যক্তি আত্মশোধন করিবেক। এই সকল মন্ত্রের প্রত্যেক ঋকই পরম পাবন॥ ৯৯—১০৫॥ আর ইদমাপ ইতি, হবিষ্মতী রিতি, “দেবীরাপ ইতি,” “আপোদেবা,, “দ্রুপদাদিব “শন্নোদেবী “অপঠাং রসং এবং “পুনন্তু মা ইত্যাদি নব ঋক, এবং উল্লিখিত সমস্ত ঋকই পরম পবিত্রতাবিধায়ক॥ ১০৬॥ ১০৭॥ অনন্তর অঘমর্ষণ জপ করত দ্রুপদা জপ করিবে, অথবা অন্তর্জলে যথাবিধি প্রাণায়াম কিম্বা বারত্রয় প্রণবজপ, অভাবে শুদ্ধ বিষ্ণু স্মরণ করিবেক। এই রূপে স্নান সমাপন করিয়া বস্ত্রনিষ্পীড়ন

যদন্যৎ কুরুতে কর্ম্ম ন তস্য ফলভাগ্ ভবেৎ।
প্রণবং প্রাগ্দিশি স্মৃত্বা ততো দত্ত্বা কুশাসনং ॥ ১১২।
চতুঃস্থক্তিরিমং মন্ত্রং পঠিত্বা নান্যদৃঙ্মনাঃ ॥ ১১৩।
প্রাঙ্মুখো বদ্ধচূড়ো বা প্যুপবিষ্ট উদঙ্মুখঃ।
প্রদক্ষিণং স্বমভ্যুক্ষ্য প্রাণায়ামং সমাচরেৎ ॥ ১১৪।
গায়ত্রীং শিরসা সার্দ্ধং সপ্তব্যাহৃতিপূর্ব্বিকাম্।
ত্রির্জপেৎ সদশোঙ্কারাং প্রাণায়ামোঽয়মুচ্যতে ॥ ১১৫।
প্রাণায়ামাংশ্চরন্ বিপ্রো নিয়তেন্দ্রিয়মানসঃ।
অহোরাত্রকৃতৈঃ পাপৈর্ম্মুক্তো ভবতি তৎক্ষণাৎ ॥ ১১৬।
দশদ্বাদশ সংখ্যা বা প্রাণায়ামাঃ কৃতা যদি।
নিযম্য মানসং তেন তদা তপ্তং মহত্তপঃ ॥ ১১৭।

পূর্ব্বক ধৌতবস্ত্রযুগল গ্রহণ করিবে, অনন্তর আচমন করিয়া কুশসংযোগে প্রাতঃসন্ধ্যা করিবেক। দ্বিজাদিবর্ণ, বিশেষতঃ ব্রাহ্মণ যদি সন্ধ্যোপাসনা না করে, তাহা হইলে জীবিতাবস্থায় তাহাদের শূদ্রত্ব প্রাপ্তি হয় এবং মরণান্তে নিশ্চয়ই কুক্কুরযোনি প্রাপ্তি হইয়া থাকে। সন্ধ্যাবর্জ্জিত ব্যক্তি নিত্য অশুচি এবং সর্ব্বথা সর্ব্ব কর্ম্মে অনধিকারী॥ সে ব্যক্তি অন্য যে কোন কর্ম্মের অনুষ্ঠান করে, তাহার ফলভাগী হয় না। কুশাসনে উপবেশন করিয়া পূর্ব্বাস্যে প্রণব স্মরণপূর্ব্বক অনন্যদৃষ্টি ও অনন্যমনা হইয়া "চতুঃস্থক্তি" এই মন্ত্র পাঠ করিবে। অনন্তর শিখাবন্ধনপূর্ব্বক পূর্ব্বমুখে অথবা উত্তরমুখে উপবেশন করিবে। তদনন্তর শির বেষ্টনপূর্ব্বক সলিল প্রক্ষেপ করিয়া প্রাণায়াম করা বিধেয়। সপ্তব্যাহৃতি সংযুক্ত দশটি প্রণববিশিষ্ট গায়ত্রী তিনবার পাঠ করাকে প্রাণায়াম কহে ॥ ১০৮,—১১৫ ॥ ইন্দ্রিয় ও মনঃসংযমপূর্ব্বক প্রাণায়াম করিলে ব্রাহ্মণ অহোরাত্রকৃত পাপ হইতে বিমুক্ত হন ॥ ১১৬ ॥ মনঃসংযমপূর্ব্বক দশবার কি দ্বাদশ বার প্রাণা-

সব্যাহৃতিপ্রণবকাঃ প্রাণায়ামাস্তু ষোড়শ ।
অপি ভ্রূণহনং মাসাৎ পুনন্ত্যহরহঃ কৃতাঃ ॥ ১১৮ ।
যথা পার্থিবধাতুনাং দহ্যন্তে ধমনান্মলাঃ ।
তথেন্দ্রিয়ৈঃ কৃতা দোষা জ্বাল্যন্তে প্রাণসংযমাৎ ॥ ১১৯ ।
একং সম্ভোজ্য বিধিবদ্ব্রাহ্মণঃ যৎ ফলং লভেৎ ।
প্রাণায়ামৈর্দ্বাদশভিস্তৎফলং শ্রদ্ধযাপ্যতে ॥ ১২০ ।
বেদাদিবাঙ্ময়ংসর্ব্বং প্রণবে যৎ প্রতিষ্ঠিতম্ ।
ততঃ প্রণবমভ্যস্যেদ্বেদাদিং বেদজাপকঃ ॥ ১২১ ।
প্রণবে নিত্যযুক্তস্য সপ্তসু ব্যাহৃতিষ্বপি ।
ত্রিপদায়াস্তু গায়ত্র্যাং ন ভযং জায়তে ক্বচিৎ ॥ ১২২ ।
একাক্ষরং পরংব্রহ্ম প্রাণায়ামঃ পরন্তপঃ ।
গায়ত্র্যাস্তু পরংনাস্তি পাবনং কলসোদ্ভব ॥ ১২৩ ।
কর্ম্মণা মনসা বাচা যদ্রাত্রৌ কুরুতেত্বঘম্ ।
উত্তিষ্ঠন্ পূর্ব্বসন্ধ্যায়াং প্রাণায়ামৈর্বিশোধযেৎ ॥ ১২৪ ।

য়াম করিলে মহাতপের অনুষ্ঠান করা হয় ॥ ১১৭ ॥ এমন কি, প্রত্যহ ষোড়শবার প্রাণায়াম করিলে এক মাসমধ্যে ভ্রূণহত্যা পাপেরও বিনাশ হয় ॥ ১১৮ ॥ সেইরূপ ইন্দ্রিয়জনিত দোষরাশি প্রাণায়াম আচরণে দগ্ধ হইয়া যায় ॥ ১১৯ ॥ বিধিপূর্ব্বক একজন ব্রাহ্মণ ভোজন করাইলে যে ফল, শ্রদ্ধাসহকারে দ্বাদশবার প্রাণায়াম করিলেও সেই ফল লাভ হইয়া থাকে ॥ ১২০ ॥ বেদাদি নিখিল বাঙ্ময়শাস্ত্র, প্রণবেই প্রতিষ্ঠিত আছে, অতএব বেদপাঠক ব্যক্তি বেদের আদিভূত প্রণব যত্নসহকারে অভ্যাস করিবেন ॥ ১২১ ॥ হে মুনিবর! যে ব্যক্তি প্রণব, সপ্তব্যাহৃতি ও ত্রিপাদ গায়ত্রী জপে নিত্য নিযুক্ত থাকেন, তাঁহার কখনও ভয়ের কারণ থাকে না; যেহেতু একাক্ষর প্রণব পরব্রহ্মস্বরূপ, রিপুবিমর্দ্দক, এবং পরমপবিত্রতাবিধারক ॥ ১২২ ॥ ১২৩ ॥ কর্ম্মদ্বারা, মনদ্বারা, ও বাক্যদ্বারা রাত্রিকালে যে পাপ

যদহ্না কুরুতে পাপং মনোবাক্কায়কর্ম্মভিঃ।
আসীনঃ পশ্চিমাং সন্ধ্যাং তৎ প্রাণায়ামতো হরেৎ ॥১২৫
পূর্ব্বাংসন্ধ্যাঞ্জপংস্তিষ্ঠেৎ সাবিত্রীমার্কদর্শনাৎ।
পশ্চিমাস্তু সমাসীনঃ সম্যগাক্ষ বিভাবনাৎ ॥ ১২৬।
পূর্ব্বাংসন্ধ্যাঞ্জপংস্তিষ্ঠন্ নৈশমেনো ব্যপোহতি।
পশ্চিমাস্তু সমাসীনো মলং হন্তি দিবাকৃতম্ ॥ ১২৭।
নোপতিষ্ঠেত্তু যঃ পূর্ব্বাং নোপাস্তে যস্তু পশ্চিমাম্।
স শূদ্রবদ্বহিঃকার্য্যঃ সর্ব্বস্মাদ্দ্বিজকর্ম্মণঃ ॥ ১২৮।
অপাং সমীপমাসাদ্য নিত্যকর্ম্ম সমাচরেৎ।
গায়ত্রীমপ্যধীয়ীত গত্বারণ্যং সমাহিতঃ ॥ ১২৯।
গৃহাদ্বহুগুণা যস্মাৎ সন্ধ্যা বহিরুপাসিতা।
গায়ত্র্যভ্যাসমাত্রোপি বরং বিপ্রো জিতেন্দ্রিয়ঃ ॥ ১৩০।

অনুষ্ঠিত হয়, প্রাতঃকালে গাত্রোত্থানপূর্ব্বক প্রাণায়াম করিলে তাহার বিশোধন হইয়া থাকে। এবং দিবাভাগে মন, বাক্য, ইন্দ্রিয় ও কর্ম্মদ্বারা যে পাপ অনুষ্ঠিত হয়, সায়ংকালে প্রাণায়াম দ্বারা তাহার বিশোধন করিতে হয় ॥ ১২৪ ॥ ১২৫ ॥ প্রভাতকালে সূর্য্যদর্শন পর্য্যন্ত এবং প্রদোষ-কালে নক্ষত্র দর্শন পর্য্যন্ত গায়ত্রীজপ করা কর্ত্তব্য ॥ ১২৬ ॥ প্রাতঃকালে দণ্ডায়মান হইয়া ও সায়ংকালে উপবিষ্ট হইয়া গায়ত্রীর উপাসনা করিলে রাত্রিভাগে ও দিবাভাগে কৃত পাপরাশি বিনষ্ট হয় ॥ ১২৭ ॥ যিনি প্রাতঃসন্ধ্যা ও সায়ংসন্ধ্যা উপাসনা না করেন, তিনি ব্রাহ্মণের কর্ত্তব্য যাবতীয় কর্ম্ম হইতে শূদ্রবৎ বহিষ্কৃত হন ॥ ১২৮ ॥ সলিল সমীপে গমন করিয়া নিত্যকর্ম্ম আচরণ করিবে ও অরণ্যে গমনপূর্ব্বক সমাহিতচিত্তে, গায়ত্রী জপ করিবে ॥ ১২৯ ॥ যেহেতু গৃহ অপেক্ষা বহির্ভাগে গায়ত্রী উপাসনা করিলে সমধিক ফলদায়িনী হন। যাঁহার গায়ত্রীমাত্র অভ্যাস আছে, তাদৃশ জিতেন্দ্রিয় বিপ্রও অনেকাংশে

ত্রিবেদ্যপি চ নোমান্যঃ সর্ব্বভুক্ সর্ব্ববিক্রয়ী ।
সবিতা দেবতা যস্যা মুখমগ্নিস্ত্রিপাচ্চ যা ॥ ১৩১ ।
বিশ্বামিত্রো ঋষিশ্ছন্দো গায়ত্রী সা বিশিষ্যতে ।
গায়ত্রীমুষসি ধ্যায়েল্লোহিতাং ব্রহ্মদৈবতাম্ ॥ ১৩২ ।
হংসারূঢ়ামষ্টবর্ষাং রক্তস্রগনুলেপনাম্ ।
ঋক্‌স্বরূপামভয়দামক্ষমালাবলম্বিনীম্ ॥ ১৩৩ ।
ব্যাসর্ষিণা স্তূয়মানাঞ্ছন্দসানুষ্টুভাযুতাম্ ।
এতদ্ধ্যানাদুষর্দেব্যা নৈশমেনো ব্যপোহতি ॥ ১৩৪ ।
সূর্য্যশ্চেতি চ মন্ত্রেণ স্যাদাচমনমুত্তমম্ ।
আপোহিষ্ঠেতি তিসৃভির্মার্জ্জনন্তু ততশ্চরেৎ ॥ ১৩৫ ।
ভূমৌ শিরসিচাকাশে আকাশে ভুবি মস্তকে ।
মস্তকে চ তথাকাশে ভূমৌ চ নবধা ক্ষিপেৎ ॥ ১৩৬ ।

শ্রেষ্ঠ, কিন্তু যথেচ্ছভোজী, ও যথেচ্ছবিক্রয়ী ব্যক্তি ত্রিবেদবেত্তা হইলেও তাদৃশ মাননীয় নহেন। সবিতা যাঁহার দেবতা, মুখ যাঁহার অগ্নি, গায়ত্রী যাঁহার ছন্দ, বিশ্বামিত্র যাঁহার ঋষি, এবং যিনি ত্রিপদা, সেই পূজনীয়া গায়ত্রীই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ। ব্রহ্মদৈবতা গায়ত্রীদেবীকে, হংসারূঢ়া, অষ্টবর্ষীয়া, রক্তমাল্যানুলেপনা, ঋগ্বেদস্বরূপা, অভয়প্রদা, অক্ষমালা-ধারিণী, মহর্ষিব্যাসকর্ত্তৃক স্তূয়মানা ও অনুষ্টুপছন্দোশালিনী ব্রহ্ম-রূপিণী গায়ত্রীদেবীকে প্রভাতকালে এইরূপে ধ্যান করিবে। ঊষাকালে গায়ত্রীর এইরূপ ধ্যান করিলে নিশাকালীন পাপরূপ অন্ধকাররাশি বিনষ্ট হয় ॥ ১৩০—১৩৪ ॥ "সূর্য্যশ্চ" এই মন্ত্রদ্বারা আচমন এবং "আপোহিষ্টা" ইত্যাদি ঋকত্রয় দ্বারা মার্জ্জন করিবেক ॥ ১৩৫ ॥
ভূমিতে, শিরোদেশে ও আকাশে, প্রত্যেক ঋকে তিন তিনবার জল-

ভূমিশব্দেন চরণাবাকাশং হৃদয়ং স্মৃতম্ ।
শিরস্যেব শিরঃশব্দো মার্জ্জনস্তেরুদাহৃতঃ ॥ ১৩৭ ।
বারুণাদপিচাগ্নেয়াদ্বায়ব্যাদপি চৈন্দ্রতঃ ।
মন্ত্রস্নানাদপি পরং ব্রাহ্মং স্নানমিদং পরম্ ॥ ১৩৮ ।
ব্রাহ্মস্নানেন সংস্নাতঃ সবাহ্যাভ্যন্তরে শুচিঃ ।
সর্ব্বত্র চার্হতামেতি দেবপূজাদিকর্ম্মণি ॥ ১৩৯ ।
নক্তংদিনং নিমজ্জ্যাপ্সু কৈবর্ত্তাঃ কিমু পাবনাঃ ।
শতশোপি তথাস্নাতা ন শুদ্ধাভাবদূষিতাঃ ॥ ১৪০ ।
অন্তঃকরণশুদ্ধা যে তান্ বিভূতিঃ পবিত্রয়েৎ ।
কিং পাবনাঃ প্রকীর্ত্ত্যন্তে রাসভা ভস্মধূসরাঃ ॥ ১৪১ ।
স স্নাতঃ সর্ব্বতীর্থেষু স সর্ব্বমলবর্জ্জিতঃ ।
তেন ক্রতুশতৈরিষ্টং চেতো যস্যেহ নির্ম্মলম্ ॥ ১৪২ ।

বিন্দু নিক্ষেপ করিবে ॥ ১৩৬ ॥ বেদজ্ঞ পণ্ডিতগণ ভূমিশব্দে চরণদ্বয়, আকাশশব্দে হৃদয় ও শিরঃশব্দে মস্তক, এইরূপ ব্যাখ্যা করিয়া থাকেন। উল্লিখিত নিয়মপূর্ব্বক স্নান করাকে ব্রাহ্মস্নান কহে ॥ ১৩৭ ॥ বারুণ, আগ্নেয়, বায়ব্য ও ঐন্দ্র স্নান অপেক্ষা এই ব্রাহ্মস্নানই পরমোৎকৃষ্ট ॥ ১৩৮ ॥ ব্রাহ্মস্নানেই পুরুষের বাহ্যাভ্যন্তর পবিত্র হয়, এবং তিনি দেবপূজাদি সর্ব্বকর্ম্মে অধিকারী হন ॥ ১৩৯ ॥ যাহাদিগের চিত্ত শুদ্ধ নহে, তাহারা শতবার স্নান করিলেও শুদ্ধ হয় না। ধীবরগণ দিবারাত্রি জলে নিমগ্ন থাকিয়া কি পবিত্রতা লাভ করিতে পারে? ১৪০ ॥ যাঁহাদিগের অন্তঃকরণ বিশুদ্ধ, বিভূতি কেবল তাঁহাদিগকেই পবিত্র করিতে পারে, নতুবা ভস্মধূসরিত গর্দ্দভও পবিত্র বলিয়া কীর্ত্তিত হইত ॥ ১৪১ ॥ যাঁহার অন্তঃকরণ বিশুদ্ধ, ইহলোকে তিনিই সর্ব্বমলবর্জ্জিত, এবং তিনিই

তদেব নির্ম্মলং চেতো যথাস্যাত্তন্মুনে শৃণু।
বিশ্বেশশ্চেৎ প্রসন্নঃস্যাত্তদাস্যান্নান্যথা ক্বচিৎ॥ ১৪৩।
তস্মাচ্চেতো বিশুদ্ধ্যর্থং কাশীনাথং সমাশ্রয়েৎ।
তদাশ্রয়েণ নিয়তং সংক্ষীয়ন্তে মনোমলাঃ॥ ১৪৪।
সংক্ষীণমানসমলো বিশ্বেশানুগ্রহাৎ পরাৎ।
ইদং শরীরমুৎসৃজ্য পরংব্রহ্মাধিগচ্ছতি॥ ১৪৫।
বিশ্বেশানুগ্রহে হেতুঃ সদাচারো মতো নৃণাম্।
শ্রুতিস্মৃতিভ্যামুদিতং তস্মাত্তমনুসংশ্রয়েৎ॥ ১৪৬।
দ্রুপদান্তু ততো জপ্ত্বা জলমাদায় পাণিনা।
কুর্য্যাদৃতঞ্চ মন্ত্রেণ বিধিজ্ঞস্ত্বঘমর্ষণম্॥ ১৪৭।
নিমজ্যাপ্সু চ যো বিদ্বান্ জপেত্ত্রিরঘমর্ষণম্।
যথাশ্বমেধাবভৃথস্তস্য স্যাত্তত্তথাধ্রুবম্॥ ১৪৮।

সর্ব্বতীর্থস্নান ও শতশত যজ্ঞানুষ্ঠানের ফলভাগী হন॥ ১৪২॥ হে মুনিবর! সেই অন্তঃকরণ আবার কিরূপে নির্ম্মল হয়, তাহা বলিতেছি, শ্রবণ কর। দেবদেব বিশ্বেশ্বর প্রসন্ন হইলেই চিত্ত নির্ম্মল হয়, অন্যথা তাহা হইবার কদাপি সম্ভাবনা নাই॥ ১৪৩॥ অতএব চিত্ত-শুদ্ধির নিমিত্ত কাশীনাথের আশ্রয় গ্রহণ করিবে। তাঁহার আশ্রয়েই অন্তঃকরণের মলরাশি বিনষ্ট হয়, ইহাতে সন্দেহ নাই॥ ১৪৪॥ বিশ্বেশ্বরের অনুগ্রহে মানসিক মলরাশি বিনষ্ট হইলে মনুষ্য এই পাঞ্চভৌতিক দেহ পরিত্যাগ করিয়া পরব্রহ্মে লীন হয়॥ ১৪৫॥ কেবল সদাচারই বিশ্বেশ্বরের অনুগ্রহলাভের একমাত্র হেতু। অতএব শ্রুতি ও স্মৃতিতে যে সদাচার বিহিত হইয়াছে, মানবগণ তাহাই আশ্রয় করিবে॥ ১৪৬॥ বিধিজ্ঞ ব্যক্তি "দ্রুপদা" এই মন্ত্র জপ করিয়া হস্তে জলগ্রহণ পূর্ব্বক "ঋতঞ্চ" ইত্যাদি মন্ত্রে অঘমর্ষণ করিবেন॥ ১৪৭॥
যিনি জলমধ্যে অবস্থিত হইয়া বারত্রয় অঘমর্ষণসূক্ত জপ করেন,

জলেবাপি স্থলেবাপি যঃ কুর্য্যাদঘমর্ষণম্।
তস্যাঘৌঘো বিনশ্যেত যথা সূর্য্যোদয়ে তমঃ ॥ ১৪৯।
ইমং মন্ত্রং ততশ্চোক্ত্বা কুর্য্যাদাচমনং দ্বিজঃ।
আচার্য্যাঃ কেচিদিচ্ছন্তি শাখাভেদেন চাপরে ॥ ১৫০।
অন্তশ্চরসিভূতেষু গুহায়াং বিশ্বতোমুখঃ।
ত্বং যজ্ঞস্ত্বং বষট্‌কার আপোজ্যোতীরসোঽমৃতম্ ॥১৫১।
গায়ত্রীং শিরসাহীনাং মহাব্যাহৃতিপূর্ব্বিকাম্।
প্রণবাদ্যাং জপংস্তিষ্ঠন্ ক্ষিপেদম্ভোঽঞ্জলিত্রয়ম্ ॥ ১৫২।
তেন বজ্রোদকেনাশু মন্দেহানাম রাক্ষসাঃ।
সূর্য্যারয়ঃ প্রলীয়ন্তে শৈলা বজ্রহতা ইব ॥ ১৫৩।
বিবস্বতঃ সহায়ার্থং যো দ্বিজো নাঞ্জলিত্রয়ম্।
ক্ষিপেন্মন্দেহনাশায় সোঽপি মন্দেহতাং ব্রজেৎ ॥১৫৪।

তিনি অশ্বমেধযজ্ঞাবসানকালীন স্নানের তুল্য ফল প্রাপ্ত হন, তাহাতে সন্দেহ নাই ॥ ১৪৮ ॥ সূর্য্যোদয়ে যেমন অন্ধকার বিনষ্ট হয়, জলেই হউক, বা স্থলেই হউক, যিনি অঘমর্ষণমন্ত্র জপ করেন, তদ্দ্বারা তাঁহার পাপরাশিও তদ্রূপ বিনষ্ট হইয়া থাকে ॥ ১৪৯ ॥ "ইমংমে" এই মন্ত্র পাঠ পূর্ব্বক আচমন করিবেক। কোন কোন আচার্য্য শাখাভেদ হেতু এই মন্ত্রের প্রতি আস্থা করিয়া থাকেন। যথাঃ—"হে বিশ্বতোমুখ! তুমি সর্ব্বদর্শী হইয়া সর্ব্বভূতের অন্তঃকরণে ও বুদ্ধিরূপ গুহায় বিচরণ করিতেছ, তুমি যজ্ঞ, তুমি বষট্‌কার, তুমি সলিল, তুমি জ্যোতিঃ, তুমি আনন্দ ও তুমিই অমৃত-স্বরূপ" ॥ ১৫০ ॥ ১৫১ ॥ প্রণবসহকারে অন্তবর্জ্জিত মহাব্যাহৃতিযুক্ত গায়ত্রী পাঠ করিয়া জলাঞ্জলিত্রয় নিক্ষেপ করিবে ॥১৫২ ॥ সেই বজ্রোদক নিক্ষেপ মাত্র মন্দেহনামক মিহিরারি রাক্ষসেরা বজ্রহত শৈলমালার ন্যায় অবিলম্বে বিনষ্ট হয় ॥ ১৫৩ ॥ যে দ্বিজ সূর্য্যদেবের অনুকূলে মন্দেহগণের বিনাশার্থ ঐ প্রকারে জলাঞ্জলিত্রয় নিক্ষেপ না করেন, সেই দ্বিজও

প্রাতস্তাবজ্জপংস্তিষ্ঠেদ্ যাবৎ সূর্য্যস্য দর্শনম্।
উপবিষ্টো জপেৎ সায়মৃক্ষাণামাবিলোকনাৎ ॥ ১৫৫।
কাললোপো ন কর্ত্তব্যো দ্বিজেন স্বহিতেপ্সুনা।
অর্দ্ধোদয়াস্তসময়ে তস্মাদ্‌বজ্রোদকং ক্ষিপেৎ ॥ ১৫৬।
বিধিনাপি কৃতাসন্ধ্যা কালাতীতাঽফলা ভবেৎ।
অয়মেব হি দৃষ্টান্তো বন্ধ্যাস্ত্রীমৈথুনং যথা ॥ ১৫৭।
জলং বামকরে কৃত্বা যা সন্ধ্যাচরিতা দ্বিজৈঃ।
বৃষলী সা পরিজ্ঞেয়া রক্ষোগণমুদাবহা ॥ ১৫৮।
উদ্বয়ন্ত মুদুত্যঞ্চ চিত্রংদেবেতি তৎপরম্।
তচ্চক্ষুরিত্যুপস্থান মন্ত্রাব্রহ্মস্য সিদ্ধিদাঃ ॥ ১৫৯।
সহস্রকৃত্বো গায়ত্র্যাঃ শতকৃত্বোথ বা পুনঃ।
দশকৃত্বোঽথ দেব্যৈব কুর্য্যাৎ সৌরীমুপস্থিতিম্ ॥ ১৬০।

রাক্ষসযোনি প্রাপ্ত হন ॥ ১৫৪ ॥ প্রভাতে সূর্য্যদর্শন পর্য্যন্ত দণ্ডায়মান হইয়া ও সায়ংকালে নক্ষত্রদর্শন পর্য্যন্ত উপবিষ্ট হইয়া জপ করিবে ॥ ১৫৫ ॥ আত্মহিতাভিলাষী ব্যক্তির কালক্ষেপ কদাচ কর্ত্তব্য নহে, অতএব অর্দ্ধোদয় ও অর্দ্ধাস্ত সময়ে শ্রদ্ধাপূর্ব্বক বজ্রোদক নিক্ষেপ করিবে ॥ ১৫৬ ॥ কাল অতীত করিয়া যথাবিধি সন্ধ্যা উপাসনা করিলেও উহা বন্ধ্যাস্ত্রীসঙ্গমের ন্যায় নিষ্ফল হয় ॥ ১৫৭ ॥ যে দ্বিজ বামহস্তে জল গ্রহণপূর্ব্বক সন্ধ্যার উপাসনা করেন, তাঁহার সন্ধ্যাদেবীকে শূদ্রত্ব প্রদান করিয়া রাক্ষসগণের প্রীতিকরী করা হয় ॥ ১৫৮ ॥ "উদ্বয়", "উদুত্যং, চিত্রংদেবানাং ও তচ্চক্ষুঃ" ইত্যাদি সূর্য্যের উপস্থানমন্ত্র কয়েকটী দ্বিজগণের সিদ্ধিপ্রদ হয় ॥ ১৫৯ ॥

সহস্রবার, শতবার, অভাবে দশবার গায়ত্রী জপ করিয়া সূর্য্যদেবের

সহস্রপরমাংদেবীং শতমধ্যান্দশাবরাম্।
গায়ত্রীং যো জপেদ্বিপ্রো ন স পাপৈঃ প্রলিপ্যতে॥১৬১।
বিভ্রাড়িত্যনুবাকং বা সূক্তং বা পৌরুষং জপেৎ।
শিবসঙ্কল্পমথবা ব্রাহ্মণং মণ্ডলন্তু বা॥ ১৬২।
এতানি চোপস্থানানি রবিপ্রীতিকরাণি চ।
রক্তচন্দনমিশ্রাদ্ভিরক্ষতৈঃ কুসুমৈঃ কুশৈঃ॥ ১৬৩।
বেদোক্তৈরাগমোক্তৈর্বা মন্ত্রৈরর্ঘ্যং প্রদাপয়েৎ।
অর্চ্চিতঃ সবিতা যেন তেন ত্রৈলোক্যমর্চ্চিতম্॥ ১৬৪।
অর্চ্চিতঃ সবিতাসূতে সুতান্ পশু বসূনি চ।
ব্যাধীন্ হরেদ্দদাত্যায়ুঃ পূরয়েদ্বাঞ্ছিতান্যপি॥ ১৬৫।
অয়ংহি রুদ্র আদিত্যো হরিরেষদিবাকরঃ।
রবির্হিরণ্যগর্ভোঽসৌ ত্রয়ীরূপোঽয়মর্যমা॥ ১৬৬।

উপাসনা করিবে॥ ১৬০॥ সহস্রবার জপই প্রশস্ত, শতবার মধ্যম ও দশবার অধম; যে বিদ্বান্ এইরূপে গায়ত্রী জপ করিয়া থাকেন, তিনি আর পাপসমূহে প্রলিপ্ত হন্ না॥ ১৬১॥ বিভ্রাট, এই অনুবাক, পৌরুষ, এই সূক্ত, শিবসঙ্কল্প অথবা ব্রাহ্মণমণ্ডল, এই কয়েকটী মন্ত্র পাঠপূর্ব্বক উপাসনা করিলে সূর্য্যদেবের নিরতিশয় প্রীতিকর হয়। রক্তচন্দনমিশ্রিত জল, আতপতণ্ডুল, পুষ্প ও কুশদ্বারা বেদোক্ত অথবা আগমোক্ত মন্ত্রে সূর্য্যের অর্ঘ্য প্রদান করিবে। সূর্য্যের অর্চ্চনা করিলে ত্রিলোকের সকল দেবতার অর্চ্চনা করা হয়॥ ১৬২॥ ১৬৩॥ ১৬৪॥

সূর্য্যদেব এইরূপে অর্চ্চিত হইয়া আয়ুঃ, পুত্র, অর্থ ও পশুসমূহ প্রদান, নিখিল ব্যাধি হরণ ও সমস্ত মনোবাঞ্ছা পূর্ণ করেন॥ ১৬৫॥ এই সূর্য্যই রুদ্র, ইনিই বিষ্ণু, ইনিই হিরণ্যগর্ভ এবং ইনিই বেদত্রিতয়স্বরূপ॥ ১৬৬॥

রবেস্তু তোষণাত্তুষ্টা ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ।
ইন্দ্রাদয়োঽখিলাদেবা মরীচ্যাদ্যামহর্ষয়ঃ॥ ১৬৭।
মানবা মনুমুখ্যাশ্চ সোমপাদ্যাঃ পিতামহাঃ।
রবেরর্চ্চাংবিধায়েত্থং ততস্তর্পণমারভেৎ॥ ১৬৮।
দর্ভানগর্ভানাদায় নবসপ্ত চ পঞ্চ বা।
সাগ্রান্ সমূলানচ্ছিন্নান্ দ্বিজো দক্ষিণপাণিনা। ১৬৯।
অন্বারব্ধেন সব্যেন তর্পয়েৎ ষড়্বিনায়কান্।
ব্রহ্মাদীনখিলান্দেবান্ মরীচ্যাদীংস্তথামুনীন্॥ ১৭০।
চন্দনাগুরুকস্তূরী গন্ধবৎকুসুমৈরপি।
তর্পয়েচ্ছুচিভিস্তোয়ৈস্তৃপ্যন্ত্বিতি সমুচ্চরন্॥ ১৭১।
সনকাদীন্মনুষ্যাংশ্চ নিবীতী তর্পয়েদ্যবৈঃ।
অঙ্গুষ্ঠদ্বয়মধ্যেতু কৃত্বাদর্ভানৃজূন্দ্বিজঃ॥ ১৭২।
কব্যবাড়নলাদীংশ্চ পিতৃন্দিব্যান্ প্রতর্পয়েৎ।
প্রাচীনাবীতিকোদর্ভৈর্দ্বিগুণৈস্তিলমিশ্রিতৈঃ॥ ১৭৩।

সূর্য্যদেবের সন্তোষ সাধন করিলে ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর ইন্দ্রাদি নিখিল দেবগণ, মরীচিপ্রভৃতি মহর্ষিগণ, মনুপ্রমুখ মানবগণ এবং পিতামহপ্রভৃতি সোমপগণ সকলেই সন্তুষ্ট হন। এই প্রকারে সূর্য্যোপাসনা সমাপনপূর্ব্বক তর্পণারম্ভ করিবে॥ ১৬৭॥ ১৬৮॥ অন্তঃসারশূন্য অনখচ্ছিন্ন, মূল ও অগ্রভাগযুক্ত নব, সপ্ত অথবা পঞ্চ কুশগুচ্ছ দক্ষিণহস্তে গ্রহণ করিয়া, দক্ষিণ হস্ত সংলগ্ন বামহস্ত দ্বারা ছয়জন বিনায়ক, ব্রহ্মাদি নিখিলদেব এবং মরীচিপ্রভৃতি ঋষিগণের তর্পণ করিবে॥ ১৬৯॥ ১৭০॥ চন্দন, অগুরু, কস্তূরী, সুগন্ধ পুষ্প ও পবিত্র জল দ্বারা “তৃপ্যন্তু” অর্থাৎ তৃপ্ত হউন, এই বাক্য উচ্চারণ করিয়া তর্পণ করা কর্ত্তব্য॥ ১৭১॥ কণ্ঠলম্বিতযজ্ঞোপবীত হইয়া অঙ্গুষ্ঠদ্বয়ের মধ্যে সরল কুশগুচ্ছ গ্রহণপূর্ব্বক সনকাদি ঋষিগণকে ও যব দ্বারা মনুষ্যদিগকে তর্পণ করিবে॥ ১৭২॥ কব্যবাহনাদি

রবৌ শুক্রে ত্রয়োদশ্যাং সপ্তম্যাং নিশিসন্ধ্যয়োঃ।
শ্রেয়র্থী ব্রাহ্মণো জাতু ন কুর্য্যাত্তিলতর্পণম্ ॥ ১৭৪ ।
যদি কুর্য্যাত্ততঃ কুর্য্যাচ্ছুক্লৈরেব তিলৈঃ কৃতী।
চতুর্দ্দশযমান্ পশ্চাত্তর্পয়েন্নাম উচ্চরন্ ॥ ১৭৫ ।
ততঃস্বগোত্রমুচ্চার্য্য তর্পয়েৎ স্বপিতৄন্মুদা।
সব্যজানু নিপাতেন পিতৃতীর্থেন বাগ্‌যতঃ ॥ ১৭৬ ।
একৈকমঞ্জলিং দেবা দ্বৌদ্বৌ তু সনকাদিকাঃ।
পিতরস্ত্রীন্ প্রবাঞ্ছন্তি স্ত্রিয় একৈকমঞ্জলিম্ ॥ ১৭৭ ।
অঙ্গুল্যগ্রে ভবেদ্দৈবমার্ষমঙ্গুলিমূলগম্।
ব্রাহ্মমঙ্গুষ্ঠমূলে তু পাণিমধ্যে প্রজাপতেঃ ॥ ১৭৮ ।
মধ্যেঽঙ্গুষ্ঠপ্রদেশিন্যোঃ পিত্র্যংতীর্থং প্রচক্ষতে।
সবর্গমুচ্চরন্‌বিদ্বান্ বিদধ্যাৎ পিতৃতর্পণম্ ॥ ১৭৯ ।

পিতৃগণ ও সনকাদি দেবগণকে দক্ষিণস্কন্ধলম্বিত-যজ্ঞোপবীত হইয়া তিল-যুক্ত দ্বিগুণ কুশদ্বারা তর্পণ করা বিহিত ॥১৭৩॥ রবি ও শুক্রবারে, সপ্তমী ও ত্রয়োদশী তিথিতে, রাত্রিকালে, উষাকালে ও সন্ধ্যাকালে মঙ্গলার্থী ব্রাহ্মণ কদাচ তিলতর্পণ করিবেন না ॥১৭৪॥ যদি নিতান্ত আবশ্যক বোধ হয়, তাহা হইলে শুক্লতিল দ্বারা যথাবিধি তর্পণ করিবেন। তদনন্তর নামোচ্চারণপূর্ব্বক চতুর্দ্দশ যমের তর্পণ করিবেন ॥ ১৭৫ ॥ অনন্তর বাম-জানু পাতিত করিয়া নিজ গোত্রোল্লেখপূর্ব্বক সংযতবাক্ হইয়া পিতৃতীর্থে পিতৃপুরুষগণকে সানন্দে তর্পণ করিবে ॥ ১৭৬ ॥ দেবগণ এক এক অঞ্জলি, সনকাদি ঋষিগণ দুই দুই অঞ্জলি, পিতৃগণ তিন তিন অঞ্জলি এবং স্ত্রীগণ এক এক অঞ্জলিমাত্র জল প্রার্থনা করিয়া থাকেন ॥ ১৭৭ ॥ করতলের মধ্যভাগ প্রজাপতিতীর্থ, অঙ্গুলির অগ্রভাগ দৈবতীর্থ, অঙ্গুলির মূলদেশ আর্ষতীর্থ, অঙ্গুষ্ঠের মূলভাগ ব্রাহ্মতীর্থ এবং অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যভাগ পিতৃতীর্থ নামে উক্ত হইয়াছে। বিদ্বান ব্যক্তি প্রথমে "উদীরতাং"

উদীরতামঙ্গিরস আয়ন্তু ন ইতীষ্যতে।
উর্জ্জং বহন্তী পিতৃভ্যঃ স্বধায়িভ্যস্ততঃ পঠেৎ॥ ১৮০।
যে চেহ পিতরস্তদ্বন্মধুবাতা ইতিত্র্যচম্।
নমোবঃ পিতরশ্চোক্ত্বা পঠন্ সিঞ্চেজ্জলং ভুবি॥১৮১।
আব্রহ্মস্তম্বপর্য্যন্তং দেবর্ষিপিতৃমানবাঃ।
তৃপ্যন্তু পিতরঃ সর্ব্বে মাতৃমাতামহাদয়ঃ॥ ১৮২।
অতীতকুলকোটিনাং সপ্তদ্বীপনিবাসিনাম্।
আব্রহ্মভুবনাল্লোকাদিদমস্তু তিলোদকম্॥ ১৮৩।
যে চাস্মাকংকুলে জাতা অপুত্রাগোত্রিণো মৃতাঃ।
সর্ব্বে তে তৃপ্তিমায়ান্তু বস্ত্রনিষ্পীড়নোদকৈঃ॥ ১৮৪।
অগ্নিকার্য্যং ততঃকৃত্বা বেদাভ্যাসং ততশ্চরেৎ।
শ্রুত্যভ্যাসঃ পঞ্চধাস্যাৎ স্বীকারোঽর্থ বিচারণম্॥১৮৫।

দ্বিতীয়ে "অঙ্গিরস", তৃতীয়ে "আয়ন্তুন," চতুর্থে "উর্জ্জং বহন্তী," পঞ্চমে "পিতৃভ্যঃ স্বধা", ষষ্ঠে "যে চেহ", এবং সপ্তম, অষ্টম, ও নবমে মধুবাতা ইত্যাদি নয়টি ঋক পাঠ করিয়া শেষে "নমো বঃ পিতরঃ" এই মন্ত্র উচ্চারণপূর্ব্বক পিতৃতর্পণ করিবে। "ব্রহ্মা অবধি স্তম্ব পর্য্যন্ত যাবতীয় দেব, ঋষি, পিতৃ ও মানবগণ, মাতামহাদি সর্ব্বপিতৃগণ, ব্রহ্মলোকাবধি সমস্ত লোক এবং সপ্তদ্বীপনিবাসী অতীতকোটিকুলস্থ প্রাণিগণ আমার প্রদত্ত এই তিলোদকে তৃপ্তিলাভ করুন। "যাঁহারা আমাদিগের কুলে জন্মগ্রহণ পূর্ব্বক অপুত্রক পরলোকপ্রাপ্ত হইয়াছেন, তাঁহারা সকলেই আমার এই বস্ত্রনিষ্পীড়িত জলে পরিতৃপ্তি লাভ করুন।" এই শেষমন্ত্র পাঠ করিয়া ভূতলে বস্ত্রনিষ্পীড়িত জল নিক্ষেপ করিবে॥ ১৭৮—১৮৪॥ অনন্তর হোমাদি কার্য্য সম্পাদন করিয়া বেদ অভ্যাস করিবে। বেদাভ্যাস পাঁচ প্রকার। যথাঃ—গুরু সমীপে বেদ অধ্যয়ন, বেদের অর্থবিচার, অভ্যাস, জপ এবং

অভ্যাসশ্চ জপশ্চাপি শিষ্যেভ্যঃ প্রতিপাদনম্ ।
লব্ধস্য প্রতিপালার্থমলব্ধস্য চ লব্ধয়ে ॥ ১৮৬ ।
দাতারং সমুপেয়াদ্বৈ স্বগুরুত্বঞ্চ বর্দ্ধয়েৎ ।
প্রাতঃকৃত্যমিদং প্রোক্তং দ্বিজাতীনাং দ্বিজোত্তম ॥ ১৮৭।
অথবা প্রাতরুত্থায় কৃত্বাবশ্যকমেব চ ।
শৌচাচমনমাদায় ভক্ষয়েদ্দন্তধাবনম্ ॥ ১৮৮ ।
বিশোধ্য সর্ব্বগাত্রাণি প্রাতঃসন্ধ্যাং সমাচরেৎ ।
বেদার্থানধিগচ্ছেচ্চ শাস্ত্রাণি বিবিধান্যপি ॥ ১৮৯ ।
অধ্যাপয়েচ্ছুচীন্ শিষ্যান্ হিতান্মেধাসমন্বিতান্ ।
উপেয়াদীশ্বরঞ্চৈব যোগক্ষেমাদি সিদ্ধয়ে ॥ ১৯০ ।
ততো মধ্যাহ্নসিদ্ধ্যর্থং পূর্ব্বোক্তং স্নানমাচরেৎ ।
স্নাত্বা মাধ্যাহ্নিকীং সন্ধ্যামুপাসীত বিচক্ষণঃ ॥ ১৯১ ।
নবযৌবনভিন্নাঙ্গীং শুদ্ধস্ফটিকনির্ম্মলাম্ ।
ত্রিষ্টুপ্ছন্দঃ সমাযুক্তাং সাবিত্রীং রুদ্রদৈবতাম্ ॥ ১৯২ ।

উপদেশ। তাহার পর লব্ধবস্তুর রক্ষার উপায় করিয়া স্বীয় গৌরব বৃদ্ধি করিবে এবং অলব্ধবস্তুর প্রাপ্তির আশয়ে দাতার সমীপস্থ হইতে তৎপর হইবে। হে দ্বিজবর! এই আমি তোমার সমীপে দ্বিজাতিগণের প্রাতঃকৃত্য সবিস্তার বর্ণন করিলাম॥ ১৮৫—১৮৭॥ ঐ সকল নিয়ম অবলম্বন অথবা প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া নিত্যকর্ম্মের অনুষ্ঠান, শৌচ, আচমন ও দন্তধাবনানন্তর স্নান করিয়া প্রাতঃসন্ধ্যা করিবে। তদনন্তর আচার্য্য স্বয়ং বিবিধশাস্ত্র ও বেদার্থ আলোচনা করিয়া শুদ্ধ-চরিত্র, মেধাবিশিষ্ট, অনুকূল শিষ্যদিগকে অধ্যাপনাপূর্ব্বক অপ্রাপ্ত বস্তুর প্রাপ্তি ও প্রাপ্ত বস্তুর রক্ষণবিধানার্থ ধনবানের সমীপে গমন করিবে। ১৮৮—১৯০॥ তৎপরে মাধ্যাহ্নিক ক্রিয়া সিদ্ধির নিমিত্ত পূর্ব্বোক্তপ্রকার স্নান এবং স্নানান্তে মধ্যাহ্ন সন্ধ্যা করিবে॥ ১৯১॥ তৎকালে নবযৌবন-

কশ্যপর্ষিসমাযুক্তাং যজুর্ব্বেদস্বরূপিণীম্।
ত্র্যক্ষরাংবৃষভারূঢ়াং ভক্তাভয়করাম্পরাম্ ॥ ১৯৩।
দেবতাং পরিপূজ্যাথ নৈত্যিকং বিধিমাচরেৎ।
পচনাগ্নিং সমুজ্জ্বাল্য বৈশ্বদেবং সমাচরেৎ॥ ১৯৪।
নিষ্পাবান্‌কোদ্রবান্মাষান্ কলায়াংশ্চণকাংস্ত্যজেৎ।
তৈলপক্বঞ্চ পক্বান্নং সর্ব্বং লবণযুক্ ত্যজেৎ ॥ ১৯৫।
আঢ়কীশ্চ মসূরাশ্চ বর্ত্তুলান্বরটাংস্তথা।
ভুক্তশেষং পর্য্যুষিতং বৈশ্বদেবে বিবর্জ্জয়েৎ ॥ ১৯৬।
দর্ভপাণিঃ সমাচম্য প্রাণায়ামং বিধায় চ।
পৃষ্ঠোদীবীতি মন্ত্রেণ পর্য্যুক্ষণমথাচরেৎ ॥ ১৯৭।
প্রদক্ষিণঞ্চ পর্য্যুক্ষ্য ত্রিঃপরিস্তীর্য্য বৈ কুশান্।
এষোহদেবমন্ত্রেণ কুর্য্যাদ্‌বহ্নিং সুসম্মুখম্ ॥ ১৯৮।

সম্পন্না, বিশুদ্ধ স্ফটিকের ন্যায় নির্ম্মলা, ত্রিষ্টুপ্‌ ছন্দোবিশিষ্টা, কশ্যপ-ঋষি সংযুক্তা, যজুর্ব্বেদস্বরূপা, ভক্তগণের অভয়প্রদা, বৃষারূঢ়া, রুদ্রদেবতা, ত্র্যক্ষররূপা সাবিত্রীদেবীর উপাসনা করিয়া নিত্যকর্ম সম্পন্ন করিবে। অনন্তর পাকাগ্নি প্রজ্জ্বালিত করিয়া বৈশ্বদেবকর্ম্মের আচরণ করিবে। বিশ্বদেব সম্বন্ধীয় হোমকে বৈশ্বদেবকর্ম্ম কহে॥ ১৯৩—১৯৪॥

নিষ্পাব, (শ্বেতশিম্বী) কোদ্রব, (কোদোধান্য) মাষ, কলায, (মটর) চণক, তৈলপক দ্রব্য, লবণাক্ত দ্রব্য, পক্বান্ন, আঢ়কী, (অরহর ডাউল) মসূর, বর্ত্তুল, (বাটুলা কলাই) বরট, (বরবটী) ভুক্তশেষ, পর্য্যুষিত, এই সকল বস্তু বৈশ্বদেবকার্য্যে নিষিদ্ধ ॥ ১৯৫ ॥ ১৯৬ ॥

হস্তে কুশাঙ্গুরী প্রদান করিয়া আচমন ও প্রাণায়াম পূর্ব্বক "পৃষ্ঠোদীবি" এই মন্ত্রে সলিলক্ষেপ করিবে ॥ ১৯৭ ॥ অনন্তর তিনবার প্রদক্ষিণ করিয়া কতিপয় কুশ আস্তরণ পূর্ব্বক "এষোহদেব" এই মন্ত্রে তৃতীয় রেখার উপর

বৈশ্বানরং সমভ্যর্চ্য সাজ্যপুষ্পাক্ষতৈরপ।
ভূরাদ্যাশ্চাহুতীস্তিস্রঃস্বাহান্তাঃ প্রণবাদিকাঃ ॥ ১৯৯।
ওঁ ভূর্ভুবঃস্বঃস্বাহেতি বিপ্রো দদ্যাত্তথাহুতিম্।
তথাদেবকৃতস্যাদ্যা জুহুযাচ্চ ষড়াহুতীঃ ॥ ২০০।
যমায়তূষ্ণীমেকাঞ্চ তথাস্বিষ্ট কৃতীদ্বয়ম্।
বিশ্বেভ্যশ্চাপি দেবেভ্যো ভূমৌদদ্যাত্ততোবলিম্ ॥ ২০১।
সর্ব্বেভ্যশ্চাপি ভূতেভ্যো নমোদদ্যাত্তদুত্তরে।
তদ্দক্ষিণে পিতৃভ্যশ্চ প্রাচীনাবীতিকো দদেৎ ॥ ২০২।
নির্ণেজনোদকান্নৈঞ্চশান্যাং বৈ যক্ষণেঽর্পয়েৎ।
ততো ব্রহ্মাদিদেবেভ্যো নমোদদ্যাত্তদুত্তরে ॥ ২০৩।

অগ্নি সংস্থাপন করিবে ॥ ১৯৮ ॥ ঘৃত, পুষ্প, ও আতপতণ্ডুল দ্বারা বৈশ্বানরকে পূজা করিয়া প্রণবাদি স্বাহান্ত ভূরাদি মন্ত্রে তিনবার আহুতি প্রদান করিবে ॥ ১৯৯ ॥ তদনন্তর ব্রাহ্মণ "ওঁ ভূর্ভুবঃ স্বঃ স্বাহা" এই মন্ত্রে আহুতি দান করিয়া "দেবকৃতস্য" ইত্যাদি মন্ত্রে ছয়বার আহুতি প্রদান করিবে ॥ ২০০ ॥ তৎপরে যমকে একবার এবং স্বিষ্টকৃৎকে দুইবার অমন্ত্রক আহুতি প্রদান করিবে। তদনন্তর ভূমিতে বিশ্বদেবের উদ্দেশে বলি প্রদান করিতে হইবে ॥ ২০১ ॥ উক্ত বলিস্থলের উত্তরাংশে "সর্ব্বেভ্যো ভূতেভ্যো নমঃ" এই মন্ত্রে বলিপ্রদান করিবে। অনন্তর প্রাচীনাবীতী হইয়া তাহার দক্ষিণদিকে পিতৃলোকের উদ্দেশে বলিপ্রদান করিবে ॥ ২০২ ॥ তাহার পর যক্ষগণের উদ্দেশে ঈশানকোণে অন্ন ও জল অর্পণ করিবে। তাহার উত্তরাংশে "ব্রহ্মাদিদেবেভ্যো নমঃ" এই মন্ত্রে বলি প্রদান করিবে। তদনন্তর যজ্ঞোপবীত কণ্ঠলম্বিত করিয়া সনকাদি ঋষিগণকে এবং অপসব্যযুক্ত হইয়া পিতৃলোকদিগকে বলি প্রদান করিবে।

নিবীতী সনকাদিভ্যঃ পিতৃভ্যস্ত্বপসব্যবান্।
হন্তঃ ষোড়শভিগ্রাসৈশ্চতুর্ভিঃ পুষ্কলংস্মৃতং ॥ ২০৪।
গ্রাসমাত্রা ভবেদ্ভিক্ষা গৃহস্থসুকৃতপ্রদা।
অধ্বগঃক্ষীণবৃত্তিশ্চ বিদ্যার্থী গুরুপোষকঃ ॥ ২০৫।
যতিশ্চ ব্রহ্মচারী চ ষড়েতে ধর্মভিক্ষুকাঃ।
অতিথিঃ পান্থিকোজ্ঞেয়োঽনূচানঃ শ্রুতিপারগঃ ॥ ২০৬।
মান্যাবেতৌ গৃহস্থানাং ব্রহ্মলোকমভিপ্সতাম্।
অপি শ্বপাকে শুনি বা নৈবান্নং নিষ্ফলং ভবেৎ ॥ ২০৭।
অন্নার্থিনি সমায়াতে পাত্রাপাত্রং ন চিন্তয়েৎ।
শুনাঞ্চ পতিতানাঞ্চ শ্বপচাং পাপরোগিণাম্।
কাকানাঞ্চ ক্রিমীণাঞ্চ বহিরন্নংকিরেদ্ভুবি ॥ ২০৮।
ইন্দ্রবারুণবায়ব্যাঃ সৌম্যা বৈ নৈঋর্তাশ্চয়ে।
প্রতিগৃহ্ণন্ত্বিমং পিণ্ডং কাকাভূমৌ ময়ার্পিতম্ ॥ ২০৯।

২০৩ ॥ ষোড়শ গ্রাসে এক হন্ত এবং চারিগ্রাসে এক পুষ্কল হয়। সেই প্রকারের এক এক গ্রাসমাত্র ভিক্ষা প্রদানই গৃহস্থের কল্যাণপ্রদ ॥ ২০৪ ॥ পরিব্রাজক, অতি দরিদ্র, বিদ্যার্থী, গুরুপোষক, যতি ও ব্রহ্মচারী, এই ছয় শ্রেণীই ধর্মভিক্ষুক ॥ ২০৫ ॥ ভ্রমণকারী পথিকদিগকে অতিথি কহে এবং বেদজ্ঞ ব্রাহ্মণকে অনূচান বলা যায়। ইহাঁরা উভয়েই ব্রহ্মলোক অভিলাষী গৃহস্থগণের মাননীয় ॥ ২০৬ ॥ কি চণ্ডাল, কি কুক্কুর, কাহাকেও অন্ন প্রদান করা নিষ্ফল হয় না। ক্ষুধার্ত্ত ব্যক্তি অন্নার্থী হইয়া আগমন করিলে, পাত্রাপাত্র বিচার করিতে নাই ॥ ২০৭ ॥ পতিত ব্যক্তি, চণ্ডাল, উৎকটরোগগ্রস্ত ব্যক্তি, কুক্কুর, কাক ও কীটগণকে গৃহের বহির্ভাগে অথবা ভুমিতলে অন্নপ্রদান করা বিধেয় ॥ ২০৮ ॥

পূর্ব্ব, পশ্চিম এবং উত্তর, এই তিন দিকে এবং বায়ু ও নৈঋত, এই উভয়

দ্বৌ শ্বানৌ শ্যামশবলৌ বৈবস্বতকুলোদ্ভবৌ।
তাভ্যাং পিণ্ডং প্রদাস্যামি স্যাতামেতাবহিংসকৌ ॥২১০
দেবা মনুষ্যাঃ পশবো রক্ষোযক্ষোরগাঃ খগাঃ।
দৈত্যাঃ সিদ্ধাঃ পিশাচাশ্চ প্রেতা ভূতাশ্চ দানবাঃ ॥ ২১১
তৃণানি তরবশ্চাপি মদ্দত্তান্নাভিলাষুকাঃ।
কৃমিকীটপতঙ্গাদ্যাঃ কর্ম্মবদ্ধা বুভুক্ষিতাঃ।
তৃপ্ত্যর্থমন্নংহি ময়া দত্তং তেষাং মুদেস্তু বৈ ॥ ২১২।
ইত্থং ভূতবলিং দত্বা কালং গোদোহমাত্রকম্।
প্রতীক্ষ্যাতিথিমায়ান্তং বিশেদ্ভোজ্যগৃহং ততঃ ॥২১৪।
অদত্বা বায়সবলিং নিত্যশ্রাদ্ধং সমাচরেৎ।
নিত্যশ্রাদ্ধেষ্বসামর্থ্যাৎ ত্রীন্দ্বাবেকমথাপি বা ॥ ২১৫ ॥

কোণে যে সমস্ত বায়স আছে, আমি তোমাদিগের উদ্দেশে ভূমিতলে পিণ্ড দান করিতেছি, তোমরা গ্রহণ কর ॥ ২০৯ ॥ শ্যাম ও শবল নামে যে দুটি সূর্য্যপুত্র কুক্কুর আছে, আমি তাহাদিগের উদ্দেশে পিণ্ডদান করিতেছি, তাহারা ইহা তৃপ্তিপূর্ব্বক গ্রহণ করুক ॥২১০। দেবতা, যক্ষ, রক্ষ, নর, পশু, সর্প, পক্ষী, দৈত্য, সিদ্ধ, পিশাচ, ভূত, প্রেত, দানব, তৃণ, তরু, কৃমি, কীট ও পতঙ্গাদি যাহারা কর্ম্মপাশে বদ্ধ ও ক্ষুধার্ত্ত হইয়া আমার প্রদত্ত অন্নগ্রহণে অভিলাষী, আমি তাহাদিগের উদ্দেশে অন্নদান করিতেছি, তাহারা তৃপ্তিপূর্ব্বক ভোজন করুন ॥ ২১১ ॥ ২১২ ॥ এইরূপে প্রাণীগণের উদ্দেশে বলিপ্রদানপূর্ব্বক গোদোহন কালপর্য্যন্ত অতিথিগণের আগমনপ্রতীক্ষা করিয়া গৃহস্থ স্বয়ং ভোজনগৃহে প্রবেশ করিবেন ॥ ২১৩ অগ্রে বায়সের উদ্দেশে বলিপ্রদান না করিয়া নিত্যশ্রাদ্ধের অনুষ্ঠান করিবে, নিত্যশ্রাদ্ধ করণে অসমর্থ হইলে একটি, দুটি কিম্বা তিনটি ব্রাহ্মণ ভোজন করাইবে। দরিদ্র ব্যক্তি যদি প্রত্যেককে স্বতন্ত্র স্বতন্ত্র বলি প্রদান করিতে না পারে, তাহা হইলে আপনার ভোজ্যবস্তু হইতে কিয়দংশ গ্রহণ করিয়া সকলের উদ্দেশে কেবল একটিমাত্র বলি প্রদান করিবে ॥ ২১৪ ॥ নিত্যশ্রাদ্ধে দৈবপক্ষ নাই, নিয়মাদি নাই, দক্ষিণাও

ভোজয়েৎ পিতৃযজ্ঞার্থং দদ্যাদুদ্ধৃত্য দুর্ব্বলঃ।
নিত্যশ্রাদ্ধং দৈবহীনং নিয়মাদিবিবর্জ্জিতম্ ॥ ২১৬।
দক্ষিণারহিতং ত্বে তদ্দাতৃভোক্তৃব্রতোজ্ঝিতম্।
পিতৃযজ্ঞং বিধায়েত্থং স্বস্থ্যবুদ্ধিরনাতুরঃ ॥ ২১৭।
অদুষ্টাসনমধ্যাস্য ভুঞ্জীত শিশুভিঃ সহ।
সুগন্ধিঃ সুমনাঃ স্রগ্বী শুচিবাসোদ্বয়ান্বিতঃ ॥ ২১৮।
প্রাগাস্য উদগাস্যো বা ভুঞ্জীত পিতৃসেবিতম্ ॥ ২১৯।
বিধায়ান্নমনগ্রন্তদুপবিষ্টাদধস্তথা।
আপোশন বিধানেন কৃত্বাশ্নীয়াৎ সুধীর্দ্বিজঃ ॥ ২২০।
প্রদদ্যাদ্ভুবঃ পতয়ে ভুবনপতয়ে তথা।
ভূতানাং পতয়ে স্বাহেত্যুক্ত্বা ভূমৌ বলিত্রয়ম্ ॥ ২২১।

নাই এবং দাতাভোক্তার নির্দ্দিষ্ট ব্রতটিও আবশ্যক হবে না ॥ ২১৫ ॥ অরোগী ব্যক্তি সুস্থশরীরে স্থিরচিত্তে পিতৃযজ্ঞ সমাপন করিয়া পবিত্র আসনে উপবেশন পূর্ব্বক শিশুগণের সহিত একত্রে ভোজন করিবেন॥ ২১৬ ॥ প্রসন্নচিত্তে গাত্রে গন্ধদ্রব্য লেপন, কণ্ঠে পুষ্পমালা ধারণ ও উত্তরীযযুক্ত পবিত্র বাস পরিধানপূর্ব্বক পূর্ব্বাস্য কিম্বা উত্তরাস্যে উপবেশন করিয়া শ্রাদ্ধের অবশিষ্ট দ্রব্য ভোজন করিবে॥ ২১৭ ॥ ব্রাহ্মণ প্রথম গণ্ডূষমন্ত্রে অন্ন সংস্থাপন পূর্ব্বক ভোজনান্তে শেষগণ্ডূষমন্ত্রে উদরস্থ অন্ন আচ্ছাদন করিয়া ভোজন সমাপন করিবেন ॥ ২১৮ ॥ ভূপতি, ভুবনপতি এবং ভূতপতি, এই ত্রিদেবের উদ্দেশে স্বাহামন্ত্রে ভূমিতলে বারত্রয় বলিপ্রদান করিবে॥ ২১৯॥ প্রসন্নচিত্তে হস্তে কুশাঙ্গুরী ধারণ করিয়া গণ্ডূষমন্ত্র দ্বারা জঠরাগ্নিতে প্রাণ অপানাদি পঞ্চবায়ুকে পঞ্চ আহুতি প্রদান করিবে ॥ ২২০ ॥ যে দ্বিজ কুশাঙ্গুরী ধারণপূর্ব্বক ভোজন করেন, তাঁহার সম্বন্ধে কেশকীটাদিযুক্ত অন্নভক্ষণজনিত কোন দোষই জন্মিতে পারে না, অতএব দর্ভপাণি হইয়া ভোজন করাই

সকৃচ্চাপ উপস্পৃশ্য প্রাণাদ্যাহুতিপঞ্চকম্।
দদ্যাজ্জঠরকুণ্ডাগ্নৌ দর্ভপাণিঃ প্রসন্নধীঃ ॥ ২২২।
দর্ভপাণিস্তু যো ভুঙ্‌ক্তে তস্য দোষো ন বিদ্যতে।
কেশকীটাদিসম্ভূতস্তদশ্নীয়াৎ সদর্ভকঃ ॥ ২২৩।
যাবদুচ্যন্নমশ্নীয়ান্নব্রূয়াত্তদ্গুণাগুণান্।
ভুঞ্জতে পিতরস্তাবদ্যাবন্নোক্তা গুণাগুণাঃ ॥ ২২৪।
অতো মৌনেন যো ভুঙ্‌ক্তে স ভুঙ্‌ক্তে কেবলামৃতম্।
অনুপীয় ততঃ ক্ষীরং তক্রং পানীয়মেব বা ॥ ২২৫।
অমৃতাপিধানমসীত্যেবং প্রাশ্যোদকং সকৃৎ।
পীতশেষং ক্ষিপেদ্ভূমৌ তোয়ং মন্ত্রমিমং পঠন্ ॥ ২২৬।
অপ্রক্ষালিতহস্তস্য দক্ষিণাঙ্গুষ্ঠমূলতঃ।
রৌরবেঽপুণ্যনিলযে পদ্মার্ব্বুদনিবাসিনাম্ ॥ ২২৭।

বিধেয। ২২১ দ্বিজগণ যতক্ষণ বচিপূর্ব্বক ভোজন কবেন, ততক্ষণ অন্ন-ব্যঞ্জনাদিব গুণাগুণ জিজ্ঞাসা কবা বিধেয নহে, কাবণ যদবধি ঐরূপ দোষ-গুণেব বিচাব কবা না হয, তদবধি পিতৃলোকেবা ভোজন কবিয়া থাকেন॥ ২২২॥ যিনি মৌনী হইযা ভোজন কবেন, তাহাব অমৃত ভোজন করা হয়। অতএব ভোজনকালে মৌনাবলম্বন নিতান্ত আবশ্যক। ভোজনাবসানে তক্র, দুগ্ধ, অথবা জল পান কবা কর্ত্তব্য ॥ ২২৩॥

অনন্তব "অমৃতাপিবানমসি" অর্থাৎ হে সলিল। তুমি আমাব উদরান্নের আবরণস্বরূপ হও! এই মন্ত্রে দ্বিজগণ এক গণ্ডূষ জল গ্রহণ করিয়া কিয়-দংশ পান ও অবশিষ্টাংশ ভূতলে নিক্ষেপ কবিবেন। অতঃপব "যাহারা কোটি কোটি বৎসব উচ্ছিষ্ট জলাভিলাষী হইযা পাপালয রৌবব-নরকে বাস করি-তেছে, আমাব প্রদত্ত এই জল অক্ষয হইযা তাহাদেব তৃপ্তি সাধন করুক।" এই মন্ত্র পাঠ কবিযা উচ্ছিষ্ট দক্ষিণহস্তেব অঙ্গুষ্ঠমূলদ্বাবা গণ্ডূষপীতাবশিষ্ট জল ভূমিতলে নিক্ষেপ করিবেন॥ ২২৪॥ ২২৫॥ ২২৬॥ তদনন্তর পুনরায

উচ্ছিষ্টোদকমিচ্ছূনামক্ষয্যমুপতিষ্ঠতাম্ ॥ ২২৮ ।
পুনরাচম্য মেধাবী শুচির্ভূত্বা প্রযত্নতঃ।
হস্তেনোদকমাদায় মন্ত্রমেতমুদীরয়েৎ ॥ ২২৯ ।
অঙ্গুষ্ঠমাত্রপুরুষস্ত্বঙ্গুষ্ঠঞ্চ সমাশ্রিতঃ।
ঈশঃ সর্ব্বস্য জগতঃ প্রভুঃ প্রীণাতি বিশ্বভুক্ ॥ ২৩০ ।
ইত্যন্নং পরিসঙ্কল্প্য প্রক্ষাল্য চরণৌ করৌ ।
ততোন্নপরিণামার্থং মন্ত্রানেতানুদীরয়েৎ ॥ ২৩১ ।
অগ্নিরাপ্যায় যদ্ধাতূনপার্থিবান্পবনেরিতঃ ।
দত্তাবকাশো নভসা জরয়ত্বস্তু মে সুখম্ ॥ ২৩২ ।
প্রাণাপানসমানানামুদানব্যানয়োস্তথা ।
অন্ন পুষ্টিকরঞ্চাস্তু মমাস্ত্বব্যাহতং সুখম্ ॥ ২৩৩ ।
সমুদ্রো বড়বাগ্নিশ্চ ব্রধ্নো ব্রধ্নস্য নন্দনঃ ।
ময়াভ্যবহৃতং যত্বদশেষং জরয়ন্ত্বিমে ॥ ২৩৪ ।

আচমন পূর্ব্বক শুচি হইযা যত্নসহকারে হস্তে জল গ্রহণপূর্ব্বক এই মন্ত্র পাঠ করিবেন, যথা :—"হে বিশ্বপ্রভু বিশ্বভুক্। তুমি অঙ্গুষ্ঠপরিমিত মহাপুরুষ, তুমি আমার এই অঙ্গুষ্ঠমধ্যে আশ্রয় গ্রহণ করিযা পরিতৃপ্ত হও।" এইরূপে অন্নকে কল্পনা করিযা হস্তপদ প্রক্ষালনপূর্ব্বক অন্ন পরিপাকার্থ পুনবায এই মন্ত্র পাঠ করিবেন। যথা :—"হে হুতাশন। তুমি আকাশস্থ বাযুকর্তৃক সঞ্চালিত হইযা আমার ভুক্ত অন্নের পরিপাক এবং পার্থিব সমস্ত ধাতুর পরিবর্দ্ধন কর। হে পাবক। তোমার কৃপায প্রাণ, অপান, সমান, উদান ও ব্যান, এই পঞ্চবাযুর সহায়তায আমার ভুক্ত অন্ন সর্ব্বথা পুষ্টিকর হউক, তাহাতেই আমার সমস্ত সুখ অব্যাহত হইবে। সমুদ্র, বাডব, সূর্য্য ও যম, ইহারা সকলেই আমার ভুক্ত অন্নের পুষ্টি সাধন করুন।" ২২৭—২৩৪ ॥

অনন্তর মুখশুদ্ধি করিয়া পুরাণাদি শ্রবণে দিবসের শেষভাগ অতিবাহন পূর্ব্বক দ্বিজগণ সায়ংসন্ধ্যার অনুষ্ঠান করিবেন ॥ ২৩৫ ॥ গৃহে বা গোষ্ঠে কিম্বা নদীতীরে

মুখশুদ্ধিং ততঃ কৃত্বা পুরাণশ্রবণাদিভিঃ।
অতিবাহ্য দিবাশেষং ততঃ সন্ধ্যাং সমারভেৎ ॥ ২৩৫।
গৃহে গোষ্ঠে নদীতীরে সন্ধ্যা দশগুণাক্রমাৎ।
সম্ভেদেস্যাচ্ছতগুণা হ্যনন্তা শিবসন্নিধৌ ॥ ২৩৬।
উপাসিতা বহিঃসন্ধ্যা দিবামৈথুনপাতকম্।
শময়েদনৃতোক্ত্যাদ্যং গন্ধং মদ্যজমেব চ ॥ ২৩৭।
সামবেদস্বরূপাঞ্চ বশিষ্ঠর্ষিসমাযুতাম্।
কৃষ্ণাঙ্গীং কৃষ্ণবসনাং মনাক্স্খলিতযৌবনাম্ ॥ ২৩৮।
সরস্বতীং তার্ক্ষ্যসানাং বিঘ্নঘ্নীং বিষ্ণুদৈবতাম্।
জগতীচ্ছন্দসাযুক্তাং ধ্যায়েদেকাক্ষরাং পরাম্ ॥ ২৩৯।
অগ্নিশ্চেতি চ মন্ত্রেণ বিধায়াচমনং সুধীঃ।
পশ্চিমাস্যো জপেত্তাবৎ যাবন্নক্ষত্রদর্শনম্ ॥ ২৪০।

সন্ধ্যা উপাসনা করিলে উত্তরোত্তর দশগুণ ফল লাভ হয়। পুণ্যতোয়া তরঙ্গিণী এবং জলনিধির সঙ্গমস্থলে সন্ধ্যাবন্দনা করিলে শতগুণ, এবং শিবালয়ে সন্ধ্যোপাসনা করিলে অনন্তগুণ ফললাভ হইয়া থাকে ॥ ২৩৬ ॥ যথাসময়ে সায়ংসন্ধ্যার উপাসনা করিলে দিবামৈথুন, মিথ্যাকথন, এবং মদ্য আঘ্রাণ-জনিত সমস্ত পাতক বিনষ্ট হয় ॥ ২৩৭ ॥ অনন্তর সামবেদস্বরূপা, বশিষ্ঠঋষি সংযুক্তা, শ্যামাঙ্গী, নীলবসনা, ঈষৎ স্খলিতযৌবনা, বিষ্ণুদৈবতা, জগতীচ্ছন্দ-বিশিষ্টা, একাক্ষরা, গরুড়বাহিনী, বিঘ্ননাশিনী, দেবী সরস্বতীরে ধ্যান করিবে। ২৩৮ ॥ ২৩৯ ॥ তৎপরে পণ্ডিতব্যক্তি "অগ্নিশ্চ" ইত্যাদি মন্ত্রে আচমনপূর্ব্বক পশ্চিমাস্য হইয়া নক্ষত্রদর্শন-কালপর্য্যন্ত সাবিত্রী জপ করিবে ॥ ২৪০ ॥ সায়ংকালে অতিথি সমাগত হইলে পাদ্য, অর্ঘ্য, আসন ও জল প্রদানপূর্ব্বক মিষ্টবাক্যে অভ্যর্থনা করিয়া রজনীর প্রথম প্রহর অতিবাহিত করিবে ॥ ২৪১ ॥ জ্ঞানবান ব্যক্তি এইরূপে বেদ অধ্যয়ন ও অধ্যাপনা করিয়া দিবাকৃত্য সমাধান পূর্ব্বক প্রফুল্লচিত্তে একখানি কাষ্ঠময়ী শয্যাতে শয়ন করিবেন। এক-

অতিথিং সায়মায়ান্তমপি বাগ্‌ভূতৃণোদকৈঃ।
সম্ভাব্য পরিকল্পেত্থং নিশঃপ্রাক্ প্রহরং সুধীঃ॥ ২৪১।
ইত্থং দিবাকর্ম্ম কৃত্বা শ্রুতেঃ পঠনপাঠনৈঃ।
এককাষ্ঠময়ীং শয্যাং নাতিতৃপ্তোঽথ সংবিশেৎ॥ ২৪২।
উদ্দেশতঃ সমাখ্যাতো হ্যেষ নিত্যতমো বিধিঃ।
ইত্থ্যং সমাচরন্ বিপ্রো নাবসীদতি কর্হিচিৎ॥ ২৪৩।

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে সদাচারো নাম
পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ।

কাষ্ঠময়ী শয্যা ব্যতীত অপর কোন সুখসেব্য শয্যাতে শয়ন করিয়া তৃপ্তি লাভ করিবেন না॥ ২৪২॥

স্কন্দ কহিলেন, হে অগস্ত্য! প্রসঙ্গক্রমে আমি এই সকল কর্ত্তব্য কর্ম্ম কীর্ত্তন করিলাম। ব্রাহ্মণেরা এই সকল নিয়ম প্রতিপালন করিলে কথনই তাঁহাদিগকে অবসন্ন হইতে হয় না॥ ২৪৩॥

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে সদাচার নাম
পঞ্চত্রিংশ অধ্যায়।

ষট্‌ত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

স্কন্দ উবাচ।

পুনর্ব্বিশেষং বক্ষ্যামি সদাচারস্য কুম্ভজ।
যং শ্রুত্বাপি নরো ধীমান্নাজ্ঞানতিমিরং বিশেৎ ॥ ১।
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যাস্ত্রয়োবর্ণা দ্বিজাঃ স্মৃতাঃ।
প্রথমং মাতৃতো জাতা দ্বিতীয়ং চোপনায়নাৎ ॥ ২।
এষাং ক্রিয়া নিষেকাদি শ্মশানান্তা চ বৈদিকী।
আদধীত সুধীর্গর্ভমৃতৌ মূলং মঘান্ত্যজেৎ ॥ ৩।
স্পন্দনাৎপ্রাক্ পুংসবনং সীমন্তোন্নয়নং ততঃ।
মাসি ষষ্ঠেঽষ্টমে বাপি জাতেঽথো জাতকর্ম্ম চ ॥ ৪।

ষট্‌ত্রিংশত্তম অধ্যায়।

স্কন্দ কহিলেন, হে অগস্ত্য। আমি পুনর্বার তোমার নিকট সদাচার-বৃত্তান্ত বিশেষরূপে কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর। বুদ্ধিমান লোকেরা ইহা শ্রবণ করিলে তৎক্ষণাৎ তাহাদিগের অজ্ঞানান্ধকার বিনষ্ট হইয়া যায় ॥ ১ ॥ শাস্ত্রমতে দ্বিজশিশুর দুইবার জন্ম হয়। জননীজঠর হইতে ভূমিষ্ঠ হওয়াটী প্রথম জন্ম, এবং উপনয়ন সংস্কারটী দ্বিতীয় জন্ম। এই নিমিত্ত শাস্ত্রকারেরা ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য, এই তিন বর্ণকে দ্বিজ বলিয়া উল্লেখ করিয়াছেন ॥ ২ ॥ ইহাঁদিগের গর্ভাধান অবধি অন্ত্যেষ্টিক্রিয়া পর্য্যন্ত দশবিধ সংস্কারকে বৈদিকী-ক্রিয়া কহে। শাস্ত্রজ্ঞ লোকেরা মূলা ও মঘানক্ষত্রযুক্ত তিথি পরিত্যাগ করিয়া নারীর ঋতুকালে গর্ভাধান সংস্কার সম্পাদন করিবেন ॥ ৩ ॥ গর্ভস্থ শিশুর জীব-সঞ্চারের পূর্ব্বে পুংসবনসংস্কার ষষ্ঠ বা অষ্টমমাস গর্ভকালে কুলাচার অনুসারে সীমন্তোন্নয়ন-সংস্কার এবং ভূমিষ্ঠ হইবার দিবসে জাতকর্ম্মসংস্কার সম্পাদন করিতে হইবে।

নামাহ্ন্যেকাদশে গেহাচ্চতুর্থেমাসি নিষ্ক্রমঃ।
মাসেঽন্নপ্রাশনং ষষ্ঠে চূড়াব্দে বা যথাকুলম্॥ ৫।
শমমেনো ব্রজেদেবং বৈজং গর্ভজমেব চ।
স্ত্রীণামেতাঃক্রিয়াস্ত্বষ্ণীং পাণিগ্রাহস্তু মন্ত্রবান্॥ ৬।
সপ্তমেঽথাষ্টমেবাব্দে সাবিত্রীং ব্রাহ্মণোঽর্হতি।
নৃপস্ত্বেকাদশে বৈশ্যো দ্বাদশে বা যথাকুলম্॥ ৭।
ব্রহ্মতেজোঽভিবৃদ্ধ্যর্থং বিপ্রোঽব্দে পঞ্চমেঽর্হতি।
ষষ্ঠে বলার্থী নৃপতির্মৌঞ্জীং বৈশ্যোঽষ্টমে ধিয়েৎ॥ ৮।
মহাব্যাহৃতিপূর্ব্বঞ্চ বেদমধ্যাপয়েদ্গুরুঃ।
উপনীয় চ তং শিষ্যং শৌচাচারে চ যোজয়েৎ॥ ৯।

একাদশ দিবসে নামকরণ, চতুর্থ মাসে নিষ্ক্রামণ এবং ষষ্ঠমাসে অন্নপ্রাশন-সংস্কার নির্ব্বাহ করিবে। যদি কুলাচার থাকে, তাহা হইলে চূড়ার সময়েই অন্নপ্রাশন হইতে পারিবে। শিশুর প্রথম, তৃতীয় অথবা পঞ্চম বর্ষে চূড়া-সংস্কার সম্পাদন করিতে হইবে॥ ৪॥ ৫॥ অপবিত্র শুক্রশোণিত-জাত গর্ভস্থ সন্তান যাহাতে তদবস্থায় ভূমিষ্ঠ না হয়, এই নিমিত্ত সেই অপবিত্রতার বিশোধনার্থ নারীর গর্ভাবস্থায় পূর্ব্বোক্তরূপ সংস্কারের অনুষ্ঠান করা কর্ত্তব্য। পুত্রের ন্যায় কন্যাসন্তানের জন্মাবধি প্রত্যেক সংস্কারের পৃথক পৃথক অনুষ্ঠানের আবশ্যকতা নাই, শাস্ত্রোক্ত মন্ত্রপাঠপূর্ব্বক পরিণয়কার্য্য সুসম্পন্ন হইলেই তাহার সমস্ত সংস্কার সুসিদ্ধ হয়। ব্রাহ্মণকুমারের সপ্তম অথবা অষ্টম বর্ষে, ক্ষত্রিয়কুমারের একাদশবর্ষে, এবং বৈশ্যকুমারের দ্বাদশ বর্ষে উপনয়ন-সংস্কার বিধেয়, তবে কাহারও কুলাচার থাকিলে এতদপেক্ষা অধিক বয়সেও উপনয়ন হইতে পারে॥ ৬॥ ৭॥

ব্রাহ্মণের ব্রহ্মতেজ বৃদ্ধির নিমিত্ত পঞ্চমবর্ষে, ক্ষত্রিয়ের পরাক্রম পরিবর্দ্ধনার্থ ষষ্ঠবর্ষে, এবং বৈশ্যের বাণিজ্যবৃদ্ধির নিমিত্ত অষ্টমবর্ষ বয়ঃক্রমে মৌঞ্জী অর্থাৎ শরের উপবীত ধারণ করা আবশ্যক। আচার্য্য প্রথমতঃ শিষ্যকে মহাব্যাহৃতি সংযুক্ত বেদ অধ্যয়ন করাইয়া উপনয়নান্তে শৌচাচারে প্রবর্ত্তিত

পূর্ব্বোক্তবিধিনা শৌচং কুর্য্যাদাচমনং তথা।
দন্তান্ জিহ্বাং বিশোধ্যাথ কৃত্বা মলবিশোধনম্ ॥ ১০ ।
স্নাত্বাম্বুদৈবতৈর্মন্ত্রৈঃ প্রাণানায়ম্য যত্নতঃ।
উপস্থানং রবেঃকৃত্বা সন্ধ্যয়োরুভয়োরপি ॥ ১১ ।
অগ্নিকার্য্যং ততঃ কৃত্বা ব্রাহ্মণানভিবাদয়েৎ।
ব্রুবন্নমুকগোত্রোঽহমভিবাদয় ইত্যপি ॥ ১২ ।
অভিবাদনশীলস্য বৃদ্ধসেবারতস্য চ।
আয়ুর্যশো বলং বুদ্ধির্বর্দ্ধতেঽহরহোধিকম্ ॥ ১৩ ।
অধীতে গুরুণাহূতঃ প্রাপ্তং তস্মৈ নিবেদয়েৎ।
কর্ম্মণা মনসা বাচা হিতং তস্যাচরেৎ সদা ॥ ১৪ ।
অধ্যাপ্যা ধর্ম্মতো নার্থাৎ সাধ্বাপ্তজ্ঞানবিত্তদাঃ।
শক্তাঃ কৃতজ্ঞাঃ শুচয়োঽদ্রোহকাশ্চানসূয়কাঃ ॥ ১৫ ।

করিবেন। পূর্ব্ব অধ্যায়োক্ত শৌচবিধি অনুসারে আচমনপূর্ব্বক দন্তধাবন ও জিহ্বা বিশোধন করিয়া শরীরের নির্ম্মলতা সম্পাদন করিবে ॥৮॥৯॥১০॥ অনন্তর "অম্বুদৈবত" মন্ত্রে বিধিপূর্ব্বক স্নান করিয়া ভক্তিসহকারে প্রাণায়াম করিবে; ঊষাকালে ও প্রদোষকালে সূর্য্যদেবের উপাসনা করা কর্ত্তব্য। তদনন্তর যথাবিধি অগ্নিতে আহুতি প্রদান করিয়া আপন নামগোত্র উল্লেখ পূর্ব্বক ব্রাহ্মণকে অভিবাদন করিবে। যিনি ভক্তিপূর্ব্বক ব্রাহ্মণকে অভিবাদন এবং প্রবীণ ব্যক্তিগণের সেবা করেন, দিন দিন তাঁহার আয়ু, যশ ও বল পরিবর্দ্ধিত হয় ॥ ১১ ॥ ১২ ॥ ১৩ ॥ ভক্তিমান শিষ্য গুরুকর্ত্তৃক আহূত হইয়া বেদ অধ্যয়ন করিবে, এবং শিক্ষাস্থলে প্রাপ্ত সমস্ত বস্তুই গুরুকে সমর্পণ করিয়া কায়মনোবাক্যে তাঁহার হিতসাধন করিবে ॥ ১৪ ॥ আচার্য্য অর্থলোভ সম্বরণপূর্ব্বক কেবল ধর্ম্মার্থী হইয়া সাধু, অভ্রান্তবুদ্ধি, অর্থদাতা, সুদক্ষ, কৃতজ্ঞ, শুদ্ধচিত্ত, জিঘাংসাশূন্য এবং অসূয়াপরিবর্জ্জিত শিষ্যকে যত্নপূর্ব্বক বেদ অধ্যয়ন করাইবেন। তদনন্তর অধীতশাস্ত্র শিষ্যকে, মেখলা, দণ্ড, অজিন ও

ধারয়েন্মেখলাদণ্ডোপবীতাজিনমেব চ।
অনিন্দ্যেষু চরেদ্ভৈক্ষ্যং ব্রাহ্মণেষ্বাত্মবৃত্তয়ে॥ ১৬।
ব্রাহ্মণক্ষত্রিয়বিশামাদিমধ্যাবসানতঃ।
ভৈক্ষ্যচর্য্যা ক্রমেণস্যাদ্ভবচ্ছব্দোপলক্ষিতা॥ ১৭।
বাগ্যতো গুর্ব্বনুজ্ঞাতো ভুঞ্জীতান্নমকুৎসয়ন্।
একান্নং ন সমশ্নীয়াচ্ছ্রাদ্ধেঽশ্নীয়াত্তথাপদি॥ ১৮॥
অনারোগ্যমনায়ুষ্যমস্বর্গ্যং চাতিভোজনম্।
অপুণ্যং লোকবিদ্বিষ্টং তস্মাত্তৎ পরিবর্জ্জয়েৎ॥ ১৯।
নদ্বির্ভুঞ্জীত চৈকস্মিন্ দিবা ক্বাপি দ্বিজোত্তমঃ।
সায়ং প্রাতর্দ্বিজোঽশ্নীয়াদগ্নিহোত্রবিধানবিৎ॥ ২০।
মধুমাংসং প্রাণিহিংসা ভাস্করালোকনাঞ্জনে।
স্ত্রিয়ং পর্য্যুষিতোচ্ছিষ্টং পরিবাদং বিবর্জ্জয়েৎ॥ ২১।

উপবীত ধারণ করাইয়া জীবিকানির্ব্বাহার্থ সর্ব্বদোষবিবর্জ্জিত সদ্‌ব্রাহ্মণের নিকটে ভিক্ষা করিতে উপদেশ দিবেন॥ ১৫॥ ১৬॥ ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য, এই তিন বর্ণেরই ভবৎ শব্দ প্রয়োগ করিয়া ভিক্ষা করা কর্ত্তব্য। ব্রাহ্মণ ভিক্ষামন্ত্রের প্রথমে, ক্ষত্রিয় ঐ মন্ত্রের মধ্যভাগে এবং বৈশ্যগণ শেষভাগে উক্ত ভবৎ শব্দ উচ্চারণ করিবেন। গুরুর অনুজ্ঞাক্রমে মৌনাবলম্বন পূর্ব্বক অন্নের কুৎসা না করিয়া প্রফুল্লচিত্তে ভোজন করা বিহিত। শ্রাদ্ধাদি দৈবপিতৃকর্ম্মে নিমন্ত্রিত অথবা আপৎকাল উপস্থিত না হইলে কদাচ অপরের অন্ন গ্রহণ করিতে নাই। অতিভোজন অতি নিষিদ্ধ, যেহেতু অতিভোজনে নানা রোগ জন্মে, এবং উহাতে আয়ুঃক্ষয়, স্বর্গক্ষয়, পুণ্যক্ষয় ও সমস্ত লোকের অপ্রিয় হইতে হয়। অগ্নিহোত্রবিধানজ্ঞ ব্রাহ্মণ দিবাভাগে কদাচ দুইবার ভোজন করিবেন না, দিবসে একবার ও রাত্রিকালে একবারমাত্র আহার করিবেন। ব্রহ্মচারী ব্যক্তি মদ্যপান, মাংসভক্ষণ, প্রাণীহিংসা, বালার্কদর্শন, কজ্জল ব্যবহার, স্ত্রীসম্ভোগ, পর্য্যুষিত ও উচ্ছিষ্ট অন্নভোজন এবং পরনিন্দা,

ঔপনায়নিকঃকালো ব্রহ্মক্ষত্রবিশাং পরঃ।
আষোড়শাদাদ্বাবিংশাদাচতুর্ব্বিংশদব্দতঃ॥ ২২।
ইতোঽপূর্দ্ধং ন সংস্কার্য্যাঃ পতিতা ধর্ম্মবর্জ্জিতাঃ।
ব্রাত্যস্তোমেন যজ্ঞেন তৎপাতিত্যং পরিব্রজেৎ॥ ২৩।
সাবিত্রী পতিতৈঃ সার্দ্ধং ন সম্বন্ধং সমাচরেৎ।
ঐণঞ্চ রৌরবং বাস্তং ক্রমাচ্চর্ম্ম দ্বিজন্মনাম্।
বসীরন্নানুপূর্ব্বেণ শাণক্ষৌমাবিকানি চ॥ ২৪।
দ্বিজস্য মেখলা মৌঞ্জী মৌর্ব্বী চ ভুজজন্মনঃ।
ভবেত্রিবৃৎ সমাশ্লক্ষ্ণা বিশস্তু শণতান্তবী॥ ২৫।
মুঞ্জাভাবে বিধাতব্যা কুশাশ্মন্তকবল্বজৈঃ।
গ্রন্থিনৈকেন সংযুক্তা ত্রিভিঃপঞ্চভিরেব বা॥ ২৬।

এই সকল কার্য্য পরিত্যাগ করিবেন॥ ১৭—২১॥ ব্রাহ্মণের ষোড়শবর্ষ, ক্ষত্রিয়ের দ্বাবিংশতিবর্ষ এবং বৈশ্যের চতুর্ব্বিংশতিবর্ষ পর্য্যন্ত উপনয়নের গৌণ-কাল, তাহার অধিক বয়সে উপনয়ন হইলে উক্ত তিন বর্ণই পতিত ও ধর্ম্ম-বিবর্জ্জিত হয়; তাহাদিগের সহিত গায়ত্রীদেবীর কোন সম্বন্ধই থাকে না। কিন্তু ব্রাত্যস্তোম যজ্ঞের অনুষ্ঠান করিলে সেই পাতিত্যের পরিহার হইয়া থাকে॥২২। ২৩॥ ব্রহ্মচারী ব্রাহ্মণ শণসূত্রনির্ম্মিত বস্ত্র পরিধান করিয়া কৃষ্ণসারমৃগচর্ম্মের উত্তরীয় ধারণ করিবেন। ব্রহ্মচারী ক্ষত্রিয় ক্ষৌমবাস পরিধানপূর্ব্বক রুরুনামক মৃগচর্ম্মের উত্তরীয় ব্যবহার করিবেন, এবং ব্রহ্ম-চারী বৈশ্য মেষলোমজাত বস্ত্র পরিধান করিয়া ছাগচর্ম্মের উত্তরীয় ধারণ করিবেন। ব্রাহ্মণের মুঞ্জময়ী মেখলা, ক্ষত্রিয়ের মূর্ব্বাময়ী অর্থাৎ ধনুকের ছিলার ন্যায় মেখলা এবং বৈশ্যের শণতন্তুনির্ম্মিত মেখলা ধারণ করিতে হয়। মুঞ্জাদির অপ্রাপ্তিস্থলে ব্রাহ্মণেরা কুশের মেখলা করিবেন, ক্ষত্রিয়েরা অশ্মন্তক অর্থাৎ অম্লকুচি তৃণসূত্রের, এবং বৈশ্যেরা বাব্‌লাসূত্রের মেখলা ধারণ করিবেন। একটি, তিনটি অথবা পাঁচটি গ্রন্থিদ্বারা সর্ব্বথাই ত্রিগুণ-যুক্ত মেখলা বন্ধন করা বিধেয়। তদ্ভিন্ন যাঁহার যেমন কুলাচার আছে, তিনি

উপবীতং ক্রমেণ স্যাৎ কার্পাসং শাণমাবিকম্।
ত্রিবৃদূর্দ্ধবৃতং তচ্চ ভবেদায়ুর্বিবৃদ্ধয়ে ॥ ২৭।
বিল্বপালাশয়োর্দ্দণ্ডো ব্রাহ্মণস্য নৃপস্য তু।
ন্যগ্রোধবালদলয়োঃ পীলুডুম্বরয়োর্বিশঃ ॥ ২৮।
আমৌলিম্বা ললাটম্বা নাসামূর্দ্ধপ্রমাণতঃ।
ব্রহ্মক্ষত্রবিশাং দণ্ডস্ত্বগাঢ্যো নাগ্নিদূষিতঃ ॥ ২৯।
প্রদক্ষিণং পরীত্যাগ্নিমুপস্থায় দিবাকরম্।
দণ্ডাজিনোপবীতাঢ্যশ্চরেদ্ভৈক্ষ্যং যথোদিতম্ ॥ ৩০।
মাতৃমাতৃষসৃস্বসৃ পিতৃষসৃপুরঃসরাঃ।
প্রথমং ভিক্ষ্যণীয়াঃস্যুরেতা যা চ ন নো বদেৎ ॥ ৩১।
যাবদ্বেদমধীতে চ চরন্ বেদব্রতানি চ।
ব্রহ্মচারী ভবেত্তাবদূর্দ্ধংস্নাতো গৃহী ভবেৎ ॥ ৩২।

তদনুসারে গ্রন্থির হ্রাসবৃদ্ধি করিতে পারেন। ব্রাহ্মণ, ক্ষত্রিয় এবং বৈশ্যেরা যথাক্রমে বর্ণবিশেষে ত্রিগুণবিশিষ্ট, দক্ষিণাবর্ত্ত গ্রন্থিযুক্ত, কার্পাসসূত্র, শণসূত্র, ও ঊর্ণাতন্তুনির্ম্মিত উপবীত ধারণ করিবেন। তদ্দ্বারা ঐ তিন বর্ণেরই পরমায়ু বৃদ্ধি হয় ॥ ২৪—২৭ ॥

ব্রহ্মচারী ব্রাহ্মণ বিল্ব বা পলাশবৃক্ষের দণ্ড, ব্রহ্মচারী ক্ষত্রিয় বট অথবা খদিরবৃক্ষের দণ্ড, এবং ব্রহ্মচারী বৈশ্য যজ্ঞডুম্বর অথবা পীলুবৃক্ষের দণ্ডগ্রহণ করিবেন। ব্রাহ্মণের শিরোদেশ পর্য্যন্ত, ক্ষত্রিয়ের ললাটদেশ পর্য্যন্ত এবং বৈশ্যের জ্রূদেশ পর্য্যন্ত পরিমিত নির্দ্দোষ, ও ত্বক্‌যুক্ত দণ্ড গ্রহণ করাই বিধেয়। ২৮ ॥ ২৯ ॥ ব্রহ্মচারীগণ দণ্ড, অজিন, এবং উপবীত ধারণপূর্ব্বক সূর্য্যদেবের উপাসনা ও অগ্নিকে প্রদক্ষিণ করিয়া যথাবিধি ভিক্ষা গ্রহণ করিবেন ॥ ৩০ ॥ ব্রহ্মচারী প্রথমত মাতা, মাতৃস্বসা, ভগিনী, পিতৃস্বসা প্রভৃতির নিকট ভিক্ষা গ্রহণ করিবেন। ব্রহ্মচারী ভিক্ষা চাহিলে না শব্দ উচ্চারণ করিয়া বৈমুখ করিতে নাই। দ্বিজগণ যে কালপর্য্যন্ত বেদাধ্যয়ন ও গুরুশুশ্রূষাদি কার্য্যে

প্রোক্তোঽসাবুপকুর্ব্বাণো দ্বিতীয়স্তত্র নৈষ্ঠিকঃ।
তিষ্ঠেত্তাবদ্গুরুকুলে যাবৎ স্যাদায়ুষঃক্ষয়ঃ॥ ৩৩।
গৃহাশ্রমং সমাশ্রিত্য যঃ পুনর্ব্রহ্মচর্য্যভাক্।
নাসৌ যতির্বনস্থো বা স্যাৎ সর্ব্বাশ্রমবর্জ্জিতঃ॥ ৩৪।
অনাশ্রমী ন তিষ্ঠেত দিনমেকমপি দ্বিজঃ।
আশ্রমন্তু বিনা তিষ্ঠন্ প্রায়শ্চিত্তী যতো হি সঃ॥ ৩৫।
জপং হোমং ব্রতং দানং স্বাধ্যায়ং পিতৃতর্পণম্।
কুর্ব্বাণোঽথাশ্রমভ্রষ্টো নাসৌ তৎফলমাপ্নুয়াৎ॥ ৩৬।
মেখলাজিনদণ্ডাশ্চ লিঙ্গস্যাদ্‌ব্রহ্মচারিণঃ।
গৃহীণো বেদযজ্ঞাদি নখলোম বনস্থিতেঃ॥ ৩৭।
ত্রিদণ্ডাদি যতেরুক্তমুপলক্ষণমত্র বৈ।
এতল্লক্ষণহীনস্তু প্রায়শ্চিত্তী দিনেদিনে॥ ৩৮।

নিযুক্ত থাকেন, সেই কাল পর্য্যন্ত তাঁহাদিগকে ব্রহ্মচারী কহা যায়। দ্বিজগণ বেদাধ্যয়ন সমাপনপূর্ব্বক সমাবর্ত্তমান হইয়া গৃহস্থাশ্রম আশ্রয় করিবেন॥ ৩১॥ ৩২॥ যিনি বেদাধ্যয়ন সমাপন করিয়া গার্হস্থ্যধর্ম্ম অবলম্বন করেন, তাঁহাকে উপকুর্ব্বাণ, এবং যিনি যাবজ্জীবন গুরুকুলে থাকিয়া বেদপাঠও গুরু শুশ্রূষাদি করেন, তাহাকে নৈষ্ঠিক ব্রহ্মচারী কহা যায়॥ ৩৩॥ যিনি একবার গৃহস্থাশ্রম অবলম্বন করিয়া পুনরায় ব্রহ্মচারী হন, তিনি যতিও নহেন, বানপ্রস্থও নহেন এবং তিনি সর্ব্ব আশ্রমবিবর্জ্জিত হন॥ ৩৪॥

দ্বিজাতিগণ একটিদিনও আশ্রমবর্জ্জিত হইয়া অবস্থান করিবেন না। আশ্রমবর্জ্জিত থাকিলে নিত্য নিত্য প্রায়শ্চিত্ত করিতে হয়॥ ৩৫॥ আশ্রমবর্জ্জিত হইয়া কি জপ, কি হোম, কি ব্রত, কি দান, কি বেদাধ্যয়ন, কি পিতৃতর্পণ প্রভৃতির অনুষ্ঠান করিলে তৎসমস্তই নিষ্ফল হয়॥ ৩৬॥ ব্রহ্মচারীদিগের মেখলা, অজিন, ও দণ্ডধারণ, গৃহীদিগের বেদপাঠ ও যজ্ঞাদির অনুষ্ঠান, বানপ্রস্থগণের শ্মশ্রুনখাদি ধারণ, এবং যতিগণের ত্রিদণ্ডাদি ধারণই তাঁহা-

জীর্ণং কমণ্ডলুং দণ্ডমুপবীতাজিনে অপি।
অপ্স্বেব তানি নিঃক্ষিপ্য গৃহ্নীতান্যচ্চ মন্ত্রবৎ॥ ৩৯।
বিদধ্যাৎ ষোড়শে বর্ষে কেশান্তং কর্ম্ম চ ক্রমাৎ।
দ্বাবিংশে চ চতুর্ব্বিংশে গার্হস্থ্য প্রতিপত্তয়ে॥ ৪০।
তপোযজ্ঞব্রতেভ্যশ্চ সর্ব্বস্মাচ্ছুভকর্ম্মণঃ।
দ্বিজাতীনাং শ্রুতির্হ্যেকা হেতুর্নিঃশ্রেয়স শ্রিয়ঃ॥ ৪১।
বেদারম্ভে বিসর্গে চ বিদধ্যাৎ প্রণবং সদা।
অফলোনোঙ্কৃতো যস্মাৎ পঠিতোঽপি ন সিদ্ধয়ে॥ ৪২।
বেদস্য বদনং প্রোক্তং গায়ত্রী ত্রিপদা পরা।
তিসৃভিঃ প্রণবাদ্যাভির্মহাব্যাহৃতিভিঃ সহ॥ ৪৩।
সহস্রং সাধিকং কিঞ্চিত্ত্রিকমেতজ্জপন্ যমী।
মাসং বহিঃ প্রতিদিনং মহাঘাদপি মুচ্যতে॥ ৪৪।

দিগের স্ব স্ব আশ্রমের নিদর্শন। এই সকল বর্জ্জিত হইলে আশ্রমিগণকে প্রতিদিন প্রায়শ্চিত্ত করিতে হয়॥ ৩৭॥ ৩৮॥ দণ্ড, কমণ্ডলু, অজিন ও উপবীত জীর্ণ হইলে উহা জলে নিক্ষেপ করা আবশ্যক। অনন্তর দ্বিজাতিগণ মন্ত্রপূত করিয়া দণ্ডাদি ধারণ করিতে পারিবেন। ৩৯॥ গৃহস্থাশ্রম লাভের নিমিত্ত বিপ্রসন্তান ষোড়শবর্ষ বয়ঃক্রম পর্য্যন্ত, ক্ষত্রিয়কুমার দ্বাবিংশতিবর্ষ পর্য্যন্ত, এবং বৈশ্যপুত্র চতুর্ব্বিংশতিবর্ষ বয়ঃক্রম পর্য্যন্ত, সমাবর্ত্তন কার্য্যের অনুষ্ঠান করিবেন॥ ৪০॥ তপস্যা, যজ্ঞ, ব্রত প্রভৃতি শুভকর্ম্ম অপেক্ষা একমাত্র বেদপাঠই দ্বিজাতিগণের ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষের নিয়ামক। বেদ অধ্যয়ন আরম্ভ করা অবধি অধ্যয়ন সমাপ্ত করা পর্য্যন্ত এবং আদ্যন্তে সর্ব্বথা প্রণব উচ্চারণ করা বিধেয়। যেহেতু প্রণবশূন্য বেদ নিস্ফল হয়, উহা পাঠ করিলেও ফল সিদ্ধ হয় না। বেদেই উক্ত হইয়াছে যে, ত্রিপ্রণব ও মহাব্যাহৃতিত্রয়যুক্ত ত্রিপাদ গায়ত্রীই সর্ব্বশ্রেষ্ঠ॥ ৪২॥ ৪৩॥

সরিতাদি জলাশয়-সমীপে সংযতচিত্তে একমাসকাল প্রতিদিন সহস্রাধিক

অত্যব্দমিতি যোঽভ্যস্যেৎ প্রতিষত্রমনন্যধীঃ।
স ব্যোমমূর্ত্তিঃ শুদ্ধাত্মা পরংব্রহ্মাধিগচ্ছতি ॥ ৪৫।
ত্রিবর্ণময়মোঙ্কারং ভূর্ভুবঃস্বরিতিত্রয়ম্‌।
পাদত্রয়ঞ্চ সাবিত্র্যাস্ত্রয়ো বেদা অদূদুহন্‌ ॥ ৪৬।
এতদক্ষরমেনাঞ্চ জপেৎ ব্যাহৃতিপূর্ব্বিকাম্‌।
সন্ধ্যয়োর্ব্বেদবিদ্‌বিপ্রো বেদপুণ্যেন যুজ্যতে ॥ ৪৭।
বিধিক্রতোর্দ্দশগুণং জপস্য ফলমশ্নুতে।
বিধিক্রতোর্দ্দশগুণো জপক্রতুরুদীরিতঃ ॥ ৪৮।
উপাংশুস্তচ্ছতগুণঃ সহস্রো মানসস্ততঃ ॥ ৪৯।
অধীত্য বেদান্‌ বেদৌ বা বেদম্বা শক্তিতো দ্বিজঃ।
সুবর্ণপূর্ণধরণী দানস্য ফলমশ্নুতে ॥ ৫০।

বার গায়ত্রী জপ করিলে মহাপাতকও বিনষ্ট হয়। অনন্যমিবিষ্টচিত্তে এক বৎসরকাল ব্যাপিয়া প্রতিদিন যিনি ঐ রূপে গায়ত্রী জপ করেন, তিনি পবিত্রদেহ ও বিশুদ্ধাত্মা হইয়া চরমে পরম ব্রহ্মপদ লাভের অধিকারী হন ॥ ৪৪ ॥ ৪৫ ॥

অকার, উকার, মকার, এই ত্রিবর্ণাত্মক ওঙ্কার ও ভূর্ভুবঃ স্ব: এই ব্যাহৃতিত্রয়, এবং সাবিত্রীর ত্রিপাদ, এই সমস্তই ঋক্‌, যজু, সাম, এই বেদত্রয় হইতে উদ্ধরণপূর্ব্বক সংগৃহীত হইয়াছে ॥ ৪৬ ॥ দ্বিজগণ প্রাতঃকালে ও প্রদোষকালে প্রণব ও ব্যাহৃতিসংযুক্ত গায়ত্রী জপ করিলে বেদ অধ্যয়নের তুল্য ফল প্রাপ্ত হইয়া থাকেন ॥ ৪৭ ॥ বিধিক্রতু অর্থাৎ পৌর্ণমাস্যাদি যাগকার্য্যের অনুষ্ঠান অপেক্ষা প্রণবযুক্ত গায়ত্রী জপে দশগুণ অধিক ফল লাভ হয়। মন্ত্র উচ্চারণ সময়ে অন্যের শ্রবণগোচর না হয়, এইরূপে জপ করাই শতগুণ ফলপ্রদ। মনে মনে জপ করিলে সহস্রগুণ ফললাভ হয় ॥ ৪৮ ॥ সামর্থ্যানুসারে ঋক্‌, যজু, সাম, এই বেদত্রয় অথবা ঋক্‌, যজু, এই বেদদ্বয় কিম্বা কেবল একমাত্র সামবেদ পাঠ করিলে কাঞ্চনপূর্ণ ধরণীদানের ফল হয় ॥ ৪৯ ॥ ব্রাহ্মণগণ তপস্যাসিদ্ধির নিমিত্ত সর্ব্বদা বেদাধ্যয়ন করিবেন, যেহেতু বেদা-

শ্রুতিমেব সদাভ্যস্যেত্তপস্তপ্তুং দ্বিজোত্তমঃ।
শ্রুত্যভ্যাসো হি বিপ্রস্য পরমন্তপ উচ্যতে॥ ৫১।
হিত্বা শ্রুতেরধ্যয়নং যোন্যৎ পঠিতুমিচ্ছতি।
স দোগ্ধ্রীং ধেনুমুৎসৃজ্য গ্রামক্রোড়ীং দুধুক্ষতি॥ ৫২।
উপনীয চ বৈ শিষ্যং বেদমধ্যাপয়েদ্দ্বিজঃ।
সকল্পং সরহস্যঞ্চ তমাচার্য্যং বিদুর্বুধাঃ॥ ৫৩।
যোঽধ্যাপযেদেকদেশং শ্রুতেরঙ্গান্যথাঽপি বা।
বৃত্ত্যর্থং স উপাধ্যায়ো বিদ্বদ্ভিঃ পরিগীয়তে॥ ৫৪।
যথাবিধিনিষেকাদি যঃ কর্ম্ম কুরুতে দ্বিজঃ।
সম্ভাবয়েত্তথান্নেন গুরুঃ স ইহ কীর্ত্ত্যতে॥ ৫৫।
অগ্ন্যাধেযং পাকযজ্ঞানগ্নিষ্টোমাদিকান্ মখান্।
যঃ করোতি বৃতো যস্য স ঋত্বিগিহ উচ্যতে॥ ৫৬।

ভ্যাসই ব্রাহ্মণগণের পরম তপস্যা বলিয়া কথিত হইয়াছে॥ ৫০॥ দ্বিজগণ বেদ অধ্যয়ন পরিত্যাগ করিয়া শাস্ত্রান্তর অভ্যাসে ইচ্ছা করিলে তাঁহাদিগের সেই ইচ্ছা পয়স্বিনী ধেনু পরিত্যাগপূর্ব্বক গ্রাম্য শূকরীদোহনের ইচ্ছার ন্যায় অশ্রদ্ধেয় হয়॥ ৫১॥ যে ব্রাহ্মণ শিষ্যকে উপনয়ন প্রদানপূর্ব্বক যজ্ঞ ও উপনিষদের উপদেশযুক্ত সমস্ত বেদ অধ্যয়ন করাইয়া থাকেন, তাঁহাকে আচার্য্য বলা যায়॥ ৫২॥ যিনি জীবিকানির্ব্বাহের নিমিত্ত বেদের এক অংশ অথবা ব্যাকরণাদি বেদাঙ্গশাস্ত্র অধ্যয়ন করান, তিনি উপাধ্যায় নামে অভিহিত হন॥ ৫৩॥ যিনি বালকের গর্ভাধানাদি সংস্কারকার্য্য সম্পাদনপূর্ব্বক অন্ন দান করিয়া প্রতিপালন ও শিক্ষা প্রদান করেন, সেই ব্যক্তি সাধারণতঃ গুরুপদবাচ্য হইয়া থাকেন॥ ৫৪॥ যে ব্রাহ্মণ যজমানকর্ত্তৃক বৃত হইয়া যজ্ঞের নিমিত্ত অগ্নি স্থাপন, অষ্টকাদি শ্রাদ্ধনির্ব্বাহ, এবং অগ্নিহোমাদি যজ্ঞকার্য্য সম্পাদন করেন, তাঁহাকে ঋত্বিক্ বলা যায়॥ ৫৫॥ উপাধ্যায় অপেক্ষা আচার্য্য দশগুণ অধিক মাননীয়, আচার্য্য অপেক্ষা পিতা শতগুণ পূজনীয়,

উপাধ্যায়ান্দশাচার্য্য আচার্য্যাণাং শতং পিতা ।
সহস্রন্তু পিতৃর্মাতা গৌরবেনাতিরিচ্যতে ॥ ৫৭ ।
বিপ্রাণাং জ্ঞানতো জ্যৈষ্ঠ্যং বাহুজানান্তু বীর্য্যতঃ ।
বৈশ্যানাং ধান্যধনতঃ পজ্জাতানান্তু জন্মতঃ ॥ ৫৮ ।
যথা দারুময়ো হস্তী যথা কৃত্তিময়ো মৃগঃ ।
তথা বিপ্রোঽনধীয়ান স্ত্রয়োঽমী নামধারিণঃ ॥ ৫৯ ।
স্বপ্নে সিক্ত্বা ব্রহ্মচারী দ্বিজঃ শুক্রমকামতঃ ।
স্নাত্বার্কমর্চ্চয়িত্বাত্রিঃ পুনর্মামিত্যৃচং জপেৎ ॥ ৬০ ।
স্বধর্ম্মনিরতানাঞ্চ বেদযজ্ঞক্রিয়াবতাম্ ।
ব্রহ্মচারী চরেদ্ভৈক্ষ্যং বেশ্মসু প্রযতোঽন্বহম্ ॥ ৬১ ।
অকৃত্বা ভৈক্ষ্যচরণমসমিধ্য হুতাশনম্ ।
অনাতুরঃ সপ্তরাত্রমবকীর্ণিব্রতং চরেৎ ॥ ৬২ ।

এবং পিতা অপেক্ষা মাতা সহস্রগুণ অধিক অর্চনীয় ॥ ৫৬ ॥ বয়োজ্যেষ্ঠ হইলেই জ্যেষ্ঠ বলা যায় না। যে ব্রাহ্মণ যাহার অপেক্ষা অধিক জ্ঞানবান, তাঁহাকেই তাঁহার জ্যেষ্ঠ বলা যায়। যে ক্ষত্রিয় অন্যাপেক্ষা সমধিক বীর্য্যশালী, তিনিই অন্যান্য হীনবল ক্ষত্রিয়ের জ্যেষ্ঠ। যে বৈশ্য অপেক্ষাকৃত অধিক সম্পত্তিশালী, তিনিই অপরাপর বৈশ্যের জ্যেষ্ঠ বলিয়া গণনীয় ॥ ৫৭ ॥ ৫৮ ।

দারুময় মাতঙ্গ, চর্ম্মময় কুরঙ্গ, এবং বেদবর্জ্জিত ব্রাহ্মণ, এই তিনেরই কেবল নামমাত্র সার হয়। তাহারা সংসারের স্বজাতীয় কোন কার্য্যেই অধিকারী হয় না ॥ ৫৯ ॥ ব্রহ্মচর্য্যাশ্রমী ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যের স্বপ্নাবস্থায় অনিচ্ছাতে রেতঃস্খলন হইলে তাঁহারা সূর্য্য স্মরণ করিয়া "পুনর্ম্মাং এতু ইন্দ্রিয়ং" এই মন্ত্র বারত্রয় জপ করিবেন ॥ ৬০ ॥ বেদজ্ঞ ব্রহ্মচারিগণ বৈদিক ক্রিয়াচারী ও স্বধর্ম্মনিষ্ঠ গৃহস্থের আশ্রম হইতে প্রতিদিবস বিশুদ্ধভাবে ভিক্ষাগ্রহণ করিবেন ॥ ৬১ ॥ ব্রহ্মচারী সুস্থাবস্থায় থাকিয়াও যদি সপ্তাহকাল ভিক্ষা আচরণ ও হোমকার্য্য না করেন, তাহা হইলে সেই ব্রহ্মচারীকে ব্রতভঙ্গপাপের প্রায়শ্চিত্ত করিতে হয় ॥ ৬২ ॥

যথেষ্টচেষ্টো ন ভবেদ্গুরোর্নয়নগোচরে।
ন নাম পরিগৃহ্নীয়াৎ পরোক্ষেপ্যবিশেষণম্ ॥ ৬৩।
গুরুনিন্দা ভবেদ্ যত্র পরিবাদস্তু যত্র চ।
শ্রুতীপিধায় বা স্থেয়ং যাতব্যম্বা ততোঽন্যতঃ ॥ ৬৪।
খরো গুরোঃ পরীবাদাৎ শ্বা ভবেদ্গুরুনিন্দকঃ।
মৎসরী ক্ষুদ্রকীটঃ স্যাৎ পরিভোক্তা ভবেৎ ক্রিমিঃ ॥৬৫।
নাভিবাদ্যা গুরোঃপত্নী স্পৃষ্টাঙ্ঘ্রি যুবতী সতী।
ক্কাপি বিংশতিবর্ষেণ জ্ঞাতৃণা গুণদোষয়োঃ ॥ ৬৬।
স্বভাবশ্চঞ্চলঃ স্ত্রীণাং দোষঃ পুংসামতঃস্মৃতঃ।
প্রমদাসু প্রমাদ্যন্তি ক্কচিন্নৈব বিপশ্চিতঃ ॥ ৬৭।

শিষ্য স্বইচ্ছায গুরুসমীপে চাপল্য প্রকাশ করিবেন না। পক্ষান্তরে সমক্ষেই হউক বা অসমক্ষেই হউক, কদাচিৎ গুরুর নাম উচ্চারণ করিলে পাতকী হইতে হয় ॥ ৬৩॥ যেস্থানে গুরুলোকের দোষানুকীর্ত্তন হয়, শিষ্যকে সেই স্থলে হস্তদ্বারা কর্ণদ্বয় আচ্ছাদনপূর্ব্বক অবস্থান অথবা তথা হইতে প্রস্থান করিতে হইবে ॥ ৬৪॥ গুরুপরিবাদ, গুরুনিন্দা, এবং গুরুধন হরণ করিয়া শিষ্যকে জীবিকানির্ব্বাহ করিতে নাই। গুরুর পরিবাদ করিলে শিষ্যকে জীবনান্তে গর্দ্দভ, গুরুর নিন্দা করিলে কুক্কুর, গুরুর প্রশংসা-শ্রবণে বিরাগ জন্মিলে ক্ষুদ্রকীট এবং গুরুর ভোজনের অগ্রে ভোজন করিলে ক্রিমি-যোনি প্রাপ্ত হইতে হয় ॥ ৬৫ ॥ স্ত্রীজাতির পাদস্পর্শ করিয়া প্রণাম করিতে নাই, ইহা যাহারা জানেন, তাদৃশ বিংশতিবর্ষীয় শিষ্য কদাপি পতিব্রতা যুবতী গুরুপত্নীর পাদস্পর্শ করিয়া অভিবাদন করিবেন না। শিষ্য বালক হইলে তাহাদিগকে এই নিয়ম পালন করিতে হইবে না ॥ ৬৬ ॥ স্ত্রীজাতির স্বভাব অতি চঞ্চল, সেই নিমিত্তই পুরুষদিগের চিত্তবিকার জন্মিয়া থাকে। অজ্ঞব্যক্তিরাই কামিনীর কুহকজালে জড়ীভূত হইয়া পড়ে, যাঁহারা পণ্ডিত,

বিদ্বাংসমপ্যবিদ্বাংসং যতস্তাধর্ষয়ন্ত্যলম্।
স্ববশং বাপি কুর্ব্বন্তি সূত্রবদ্ধশকুন্তবৎ ॥ ৬৮।
ন মাত্রা ন দুহিত্রা বা ন স্বস্রেকান্তশীলতা।
বলবন্তীন্দ্রিয়াণ্যত্র মোহয়ন্ত্যপি কোবিদান্॥ ৬৯।
প্রযত্নেন খনন্যদ্বদ্ভূমের্বার্য্যধিগচ্ছতি।
শুশ্রূষয়া গুরোস্তদ্বদ্বিদ্যাংশিষ্যোঽধিগচ্ছতি ॥ ৭০।
শয়ানমভ্যুদয়তে ব্রধ্নশ্চেদব্রহ্মচারিণম্।
প্রমাদাদথ নিম্লোচেজ্জপন্নুপবসেদ্দিনম্ ॥ ৭১।
সুতস্য সম্ভবে ক্লেশং সহেতে পিতরৌ চ যৎ।
শক্যা বর্ষশতেনাপি নোকর্ত্তুং তস্য নিষ্কৃতিঃ ॥ ৭২।
অতস্তয়োঃপ্রিয়ং কুর্য্যাদ্গুরোরপি চ সর্ব্বদা।
ত্রিষু তেষু সুতুষ্টেষু তপঃসর্ব্বং সমাপ্যতে ॥ ৭৩।

তাঁহারা কদাচ পাপে পরিলিপ্ত হইতে ইচ্ছা করেন না ॥ ৬৭ ॥ কি বিদ্বান, কি মূর্খ, সকল পুরুষকেই মায়াবিনী কামিনীরা সূত্রবদ্ধ বিহঙ্গের ন্যায় বশীভূত করিয়া মোহিত করিয়া রাখে ॥ ৬৮ ॥ বিদ্বান্ ব্যক্তিও প্রবল ইন্দ্রিয়গণের বশীভূত, অতএব মাতা, ভগিনী, কিম্বা দুহিতার নিকটেও পুরুষের সর্ব্বদা অবস্থান করা বিধেয় নহে ॥ ৬৯ ॥ যেরূপ যত্নসহকারে মৃত্তিকা খনন করিলে বারিপ্রাপ্ত হওয়া যায়, যত্নশীল শিষ্যও সেইরূপ সদ্বিদ্যা লাভ করিয়া থাকে ॥ ৭০ ॥ ব্রহ্মচারী যদি আলস্যপরবশ হইয়া প্রভাতে সূর্য্যোদয় পর্য্যন্ত নিদ্রিত থাকেন, তাহা হইলে তাঁহাকে প্রায়শ্চিত্তস্বরূপ একদিন উপবাস ও বিধিপূর্ব্বক গায়ত্রী জপ করিতে হয় ॥ ৭১ ॥

সন্তানকে গর্ভে ধারণ ও প্রসবযন্ত্রণাভোগ এবং শৈশবাবধি লালনপালন প্রভৃতি নানাবিষয়ে জননী নানাবিধ কষ্ট সহ্য করিয়া থাকেন, পিতাও সন্তানের প্রতিপালন, শিক্ষাদান, এবং উপনয়নাদি সংস্কার সম্পাদনে নানাপ্রকার

তেষাং ত্রয়াণাং শুশ্রূষা পরমং তপ উচ্যতে।
তানতিক্রম্য যৎ কুর্য্যাত্তন্নসিদ্ধেৎ কদাচন ॥৭৪।
ত্রীনেবামূন্ সমারাধ্য ত্রীল্লোকান্ স জয়েৎ সুধীঃ।
দেববদ্দিবি দিব্যেত তেষাং তোষং বিবর্দ্ধয়ন্ ॥ ৭৫।
ভূর্লোকং জননীভক্ত্যা ভু র্লোকং তথা পিতুঃ।
গুরোঃ শুশ্রূষণাত্তদ্বৎ স্বর্লোকঞ্চ জয়েৎ কৃতী ॥ ৭৬।
এতদেবং নৃণাং প্রোক্তং পুরুষার্থচতুষ্টয়ম্।
যদেতেষাং হি সন্তোষ উপধর্ম্মোঽন্য উচ্যতে ॥ ৭৭।
অধীত্য বেদান্ বেদৌ বা বেদম্বাপি ক্রমাদ্দ্বিজঃ।
অপ্রস্খলদ্ব্রহ্মচর্য্যো গৃহাশ্রমমথাশ্রয়েৎ ॥ ৭৮।

ক্লেশ অনুভব করেন, তৎপ্রযুক্ত পুত্র কদাপি পিতামাতার ঋণ পরিশোধ করিতে সমর্থ হয় না। অতএব মাতা, পিতা ও গুরুদেবের সন্তোষসাধনে সর্ব্বদা যত্নবান থাকা বিধেয়, তাহাদিগকে সন্তুষ্ট রাখিতে পারিলে সমস্ত তপস্যাই সুসম্পন্ন হয়। মাতৃভক্তি, পিতৃশুশ্রূষা, এবং গুরুসেবাই ইহলোকে পরম তপস্যা। তাঁহাদিগের সেবায় বিমুখ হইলে সমস্ত কার্য্যই নিষ্ফল হয়। যিনি তাঁহাদিগকে ভক্তিশ্রদ্ধা করেন, তিনি পৃথিবীতে থাকিয়াই ত্রিলোকবিজয়ী হন, এবং অন্তে দেবতুল্য জ্যোতিঃ ধারণ করিয়া দিব্যলোকে অবস্থান করেন। মাতৃভক্তিতে মর্ত্ত্যলোক, পিতৃদেবের আরাধনায় নাগলোক, এবং গুরুসেবায় দেবলোক জয় করা হয় ॥ ৭২—৭৬ ॥

হে অগস্ত্য! এই আমি তোমার নিকট মানবগণের ধর্ম্মার্থকামমোক্ষের সাধন পুরুষার্থচতুষ্টয় কীর্ত্তন করিলাম,ইহাই,ইহলোকে পরম ধর্ম্ম, এতদ্ব্যতীত অপরাপর ধর্ম্মকে উপধর্ম্ম কহা যায়, তদ্বিষয় আমি সবিস্তারে বর্ণন করিতেছি, শ্রবণ কর ॥ ৭৭ ॥

ব্রহ্মচারিগণ অখণ্ডবেদ অথবা বেদাঙ্গ অধ্যয়ন করিয়া গুরুর অনু-

অবিপ্লুতব্রহ্মচর্য্যো বিশ্বেশানুগ্রহাদ্ভবেৎ।
অনুগ্রহশ্চ বৈশ্বেশঃ কাশীপ্রাপ্তিকরঃপরঃ॥ ৭৯।
কাশীপ্রাপ্ত্যা ভবেদ্‌জ্ঞানং জ্ঞানান্নির্ব্বাণমৃচ্ছতি।
নির্ব্বাণার্থে প্রযত্নোহি সদাচারস্য ধীমতাম্‌॥ ৮০।
সদাচারো গৃহে যদ্বন্নতথান্যাশ্রমান্তরে।
বিদ্যাজাতং পঠিত্বান্তে গৃহস্থাশ্রমমাশ্রয়েৎ॥ ৮১।
গৃহাশ্রমাৎ পরং নাস্তি যদি পত্নী বশম্বদা।
আনুকূল্যং হি দম্পত্যোস্ত্রিবর্গোদয়হেতবে॥ ৮২।
আনুকূল্যং কলত্রঞ্চেৎ ত্রিদিবেনাপি কিং ততঃ।
প্রাতিকূল্যং কলত্রঞ্চেন্নরকেণাপি কিং ততঃ॥ ৮৩।
গৃহাশ্রমঃ সুখার্থায় ভার্য্যামূলঞ্চ তৎসুখম্‌।
সা চ ভার্য্যা বিনীতা যা ত্রিবর্গো বিনয়েদ্ধ্রুবম্‌॥ ৮৪।

মতি গ্রহণপূর্ব্বক গৃহস্থাশ্রম অবলম্বন করিবেন॥ ৭৮॥ একমাত্র বিশ্বেশ্বরের অনুগ্রহপ্রসাদেই অটল ব্রহ্মচর্য্য লাভ হয়। বিশ্বেশ্বরের অনুগ্রহ হইলেই কাশীপ্রাপ্তি হইয়া থাকে। জীবগণ কাশীপ্রাপ্ত হইলেই তত্ত্বজ্ঞানের অধিকারী হয়, তত্ত্বজ্ঞান হইতেই মুক্তিলাভ হইয়া থাকে, অতএব সদাচারী জ্ঞানবান্‌ ব্যক্তি যত্নশীল হইলেই নির্ব্বাণপ্রাপ্ত হন॥ ৭৯॥ ৮০॥ গৃহস্থাশ্রমে যেমন সদাচার অনুষ্ঠিত হয়, অন্য কোন আশ্রমেই তদ্রূপ হইবার সম্ভাবনা নাই, অতএব গুরুগৃহে বেদপাঠ সমাপনানন্তর গৃহস্থাশ্রম অবলম্বন করাই বিধেয়। ৮১॥ গৃহস্থাশ্রমে সহধর্ম্মিণী প্রিয়বাদিনী হইলে তাহার তুল্য আশ্রম জগতে আর দ্বিতীয় নাই। সেই আশ্রমে সস্ত্রীক ভক্তিপূর্ব্বক ধর্ম্মানুষ্ঠান করিলে ত্রিবর্গ লাভ হইয়া থাকে। পত্নী যদি পতিব্রতা হন তাহা হইলে আর স্বর্গবাসের আকাঙ্ক্ষা থাকে না, যাহার ভার্য্যা অপ্রিয়বাদিনী, এই পৃথিবীই তাহার পক্ষে নরকস্বরূপ। গৃহস্থাশ্রম অতি সুখের আশ্রম, বিবাহিতা পত্নীই সেই

জলৌকয়োপমীয়ন্তে প্রমদা মন্দবুদ্ধিভিঃ।
মৃগীদৃশাং জলৌকানাং বিচারান্মহদন্তরম্ ॥ ৮৫।
জলৌকা কেবলং রক্তমাদদানা তপস্বিনী।
প্রমদা সর্ব্বদাদত্তে চিত্তং বিত্তং বলং সুখম্ ॥ ৮৬।
দক্ষা প্রজাবতী সাধ্বী প্রিয়বাক্ চ বশম্বদা।
গুণরমীভিঃ সংযুক্তা সা শ্রীঃ স্ত্রীরূপধারিণী ॥ ৮৭।
গুরোরনুজ্ঞয়া স্নাত্বা ব্রতংবেদং সমাপ্য চ।
উদ্বহেত ততো ভার্য্যাং সবর্ণাং সাধুলক্ষণাম্ ॥ ৮৮।
জনেতুরসগোত্রা যা মাতুর্যাপ্যসপিণ্ডকা।
দারকর্ম্মণি যোগ্যা সা দ্বিজানাং ধর্ম্মবৃদ্ধয়ে ॥ ৮৯।
স্ত্রীসম্বন্ধেপ্যপস্মারি ক্ষয়িশ্বিত্রিকুলং ত্যজেৎ।
অভিশপ্তিসমাযুক্তং তথা কন্যাপ্রসূং ত্যজেৎ ॥ ৯০।

সুখের মূল, সেই ভার্য্যা যদি আবার গুণবতী হন, তাহা হইলে নিশ্চয়ই ধর্ম্মার্থকাম, এই ত্রিবর্গ লাভ হয়। অবোধ লোকেরাই জলৌকার সহিত স্ত্রীজাতির উপমা দিয়া থাকে, বস্তুতঃ মৃগনয়না ললনাতে আর রক্তপায়িনী জলৌকাতে বিস্তর প্রভেদ। জলচর জলৌকারা কেবল শরীরস্থ রুধির মাত্রই পান করে, কিন্তু মোহপ্রদা প্রমদারা পুরুষের ধন, মন, বল ও সুখ সমস্তই গ্রাস করিয়া থাকে। গৃহকার্য্য-নিপুণা, পুত্রবতী, পতিপরায়ণা, প্রিয়ভাষিণী, স্বমতাবলম্বিনী রমণীই গৃহস্থের সাক্ষাৎ লক্ষ্মীস্বরূপিণী ॥ ৮২—৮৭ ॥ ব্রহ্মচারী বেদাধ্যয়ন সমাপন করিয়া গুরুর অনুমতি গ্রহণপূর্ব্বক স্নানান্তে পবিত্রচিত্তে সবর্ণা সুলক্ষণা কন্যার পাণিগ্রহণ করিবেন ॥ ৮৮ ॥ দ্বিজাতিগণ ধর্ম্মানুষ্ঠানার্থ পিতার অসগোত্র, এবং মাতার অসপিণ্ডবংশীয়া সবর্ণা কন্যাকে ভার্য্যারূপে পরিগ্রহ করিবেন ॥ ৮৯ ॥

পুরুষানুক্রমে অপস্মার, যক্ষ্মা, ও শ্বেতকুষ্ঠরোগগ্রস্ত এবং ব্রহ্মশাপে

রোগহীনাং ভ্রাতৃমতীং স্বস্মাৎ কিঞ্চিল্লঘীয়সীম্।
উদ্বহেত দ্বিজো ভার্য্যাং সৌম্যাস্যাং মৃদুভাষিণীম্ ॥৯১।
ন পর্ব্বতর্ক্ষবৃক্ষাহ্বাং ন নদীসর্পনামিকাম্।
ন পক্ষ্যহিপ্রৈষ্যনাম্নীং সৌম্যাখ্যামুদ্বহেৎ সুধীঃ ॥ ৯২।
ন চাতিরিক্তহীনাঙ্গীং নাতিদীর্ঘাং ন বা কৃশাম্।
নালোমিকাং নাতিলোমাং নাম্বিগ্ধস্থূলমৌলিজাম্ ॥ ৯৩।
মোহাৎ সমুপয়েচ্ছ্বিতকুলহীনাং ন কন্যকাম্।
হীনোপযমনাদ্যাতি সন্তানমপি হীনতাম্ ॥ ৯৪।
লক্ষণানি পরীক্ষ্যাদৌ ততঃ কন্যাং সমুদ্বহেৎ।
সুলক্ষণা সদাচারা পত্যুরায়ুর্বিবর্দ্ধয়েৎ ॥ ৯৫।

অভিসপ্ত কুলের কন্যাকে এবং যাহার জননী নিরবচ্ছিন্ন কন্যা প্রসব করেন, তাদৃশ কন্যাকে কদাচ পত্নীরূপে গ্রহণ করিবে না ॥ ৯০ ॥ দ্বিজগণ অরোগিণী, ভ্রাতৃমতী, মৃদুভাষিণী, প্রফুল্লবদনা এবং আপন অপেক্ষা ন্যূনবয়স্কা কন্যা-কেই বিবাহ করিবেন ॥ ৯১ ॥ বৃক্ষ, পর্ব্বত, রাশি, নক্ষত্র, নদী, পক্ষী, সর্প, সরীসৃপ এবং দূতীনামিকা কন্যাকে এবং কৃশা, অতিখর্ব্বা, অতিদীর্ঘা, অলোমা, অতিলোমা, অল্পকেশা ও পিঙ্গলকেশা কন্যাকে বিবাহ করা নিষিদ্ধ ॥ ৯২ ॥ ৯৩ ॥ যে কন্যার শ্বেতকুষ্ঠ ব্যাধি আছে, অথবা যে কন্যার কুল নষ্ট হইয়াছে, ব্রহ্মচারী ব্যক্তি মোহবশতও সেই কন্যার পাণিগ্রহণ করিবেন না। ঐরূপ বিবাহ হইলে সন্তানসন্ততিও ব্যাধিগ্রস্ত ও বিনষ্টকুল হইয়া থাকে ॥ ৯৪ ॥ দ্বিজগণ অগ্রে কন্যার শারীরিক শুভাশুভ লক্ষণ পরীক্ষা করিয়া তাহার পর বিবাহ করিবেন। সদাচারশীলা সুলক্ষণা ভার্য্যাই পতির আয়ুঃ বৃদ্ধির একটি প্রধান কারণ ॥ ৯৫ ॥

ব্রহ্মচারিসমাচার ইতি তে সমুদীরিতঃ।
ঘটোদ্ভব প্রসঙ্গেন স্ত্রীলক্ষণমথ ব্রুবে॥ ৯৬।

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে ষট্‌ত্রিংশ-
ত্তমোঽধ্যায়ঃ।

স্কন্দ কহিলেন, হে অগস্ত্য! ব্রহ্মচারীদিগের যাহাযাহা ধর্ম্ম, তাহা আমি তোমার নিকট কীর্ত্তন করিলাম, এক্ষণে নারীগণের শুভাশুভ লক্ষণ কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর॥ ৯৬॥

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে গৃহস্থাশ্রম-নাম
ষট্‌ত্রিংশ অধ্যায়।

সপ্তত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

স্কন্দ উবাচ।

সদা গৃহী সুখং ভুঙ্‌ক্তে স্ত্রী লক্ষণবতী যদি।
অতঃ সুখসমৃদ্ধ্যর্থমাদৌ লক্ষণমীক্ষয়েৎ ॥ ১।
বপুরাবর্ত্তগন্ধাশ্চচ্ছায়া সত্ত্বং স্বরো গতিঃ।
বর্ণশ্চেদষ্টধাপ্রোক্তা বুধৈর্লক্ষণভূমিকা ॥ ২।
আপাদতলমারভ্য যাবন্মৌলিরুহং ক্রমাৎ।
শুভাশুভানি বক্ষ্যামি লক্ষণানি মুনে শৃণু ॥ ৩।
আদৌ পাদতলে রেখাস্ততোঽঙ্গুষ্ঠাঙ্গুলীনখাঃ।
পৃষ্ঠং গুল্‌ফদ্বয়ং পার্ষ্ণী জঙ্ঘে রোমাণি জানুনী ॥ ৪।
উরূকটীনিতম্বস্ফিক্‌ ভগোজঘনবস্তিকে।
নাভিঃ কুক্ষিদ্বয়ং পার্শ্বোদরমধ্যবলিত্রয়ম্‌ ॥ ৫।

সপ্তত্রিংশত্তম অধ্যায়।

স্কন্দ কহিলেন, হে অগস্ত্য। ভার্য্যা সুলক্ষণা হইলে গৃহস্থ সর্ব্বদা সুখে কাল হরণ করিতে পারেন। অতএব সর্ব্বাগ্রে অঙ্গনাগণের অঙ্গলক্ষণ পরীক্ষা করাই বিধেয় ॥ ১ ॥ শারীর-লক্ষণবিদ পণ্ডিতেরা স্ত্রীলোকের দেহ, দেহের গঠন, দেহগন্ধ, কান্তি, হৃদয়, স্বর, গতি, ও বর্ণ, এই আট বিষয়ের নানা প্রকার শুভাশুভ লক্ষণ অবধারণ করেন ॥ ২ ॥ হে মুনিবর। আমি এক্ষণে তোমার নিকট স্ত্রীলোকের আপাদমস্তক যাবতীয় অঙ্গপ্রত্যঙ্গের শুভাশুভ লক্ষণ কীর্ত্তন করিতেছি, অবহিতচিত্তে শ্রবণ কর ॥ ৩ ॥ স্ত্রীলোকের পদতল ও উভয় পদের দশটি অঙ্গুলির রেখা, নখ, পাদপৃষ্ঠ, গুলফদ্বয়, গুল্‌ফের অধোভাগ, জানু, জঙ্ঘা, উরু, নিতম্ব, যোনি, নাভির অধোভাগ, নাভি, রোমাবলী, কটির

রোমালী হৃদয়ং বক্ষো বক্ষোজদ্বয়চূচুকম্ ।
জত্রুস্কন্ধঃ সকক্ষোদোর্ম্মণিবন্ধকরদ্বয়ম্ ॥ ৬ ।
পাণিপৃষ্ঠং পাণিতলং রেখাঙ্গুষ্ঠাঙ্গুলীনখাঃ ।
পৃষ্ঠিঃ কৃকাটিকা কণ্ঠঃ চিবুকঞ্চ হনূদ্বয়ম্ ॥ ৭ ।
কপোলৌ বক্ত্রমধরোত্তরোষ্ঠৌ দ্বিজজিহ্বিকাঃ ।
ঘণ্টিকাতালুহসিতং নাসিকাক্ষুতমক্ষিণী ॥ ৮ ।
পক্ষ্মভ্রূকর্ণভালানি মৌলিসীমন্তমৌলিজাঃ ।
ষষ্টিঃষড়ুত্তরা যোষিদঙ্গলক্ষণসংখ্যনিঃ ॥ ৯ ।
স্ত্রীণাং পাদতলং স্নিগ্ধং মাংসলং মৃদুলং সমম্ ।
অস্বেদমুষ্ণমরুণং বহুভোগোচিতং স্মৃতম্ ॥ ১০ ।
রূক্ষং বিবর্ণং পরুষং খণ্ডিতপ্রতিবিম্বকম্ ।
সূর্পাকারং বিশুষ্কঞ্চ দুঃখদৌর্ভাগ্যসূচকম্ ॥ ১১ ।
চক্রস্বস্তিকশঙ্খাব্জধ্বজমীনাতপত্রবৎ ।
যস্যাঃ পাদতলে রেখা সা ভবেৎ ক্ষিতিপাঙ্গনা ॥ ১২ ।

অধোভাগ, জঘন, কটি, কুক্ষি, উদর, ত্রিবলী, পার্শ্ব, হৃদয়, বক্ষ, স্তন, চূচুক-দ্বয়, স্কন্ধসন্ধি, স্কন্ধ, পৃষ্ঠ, গ্রীবা, কণ্ঠ, কক্ষ, বাহু, মণিবন্ধ, করদ্বয়, পাণিপৃষ্ঠ, পাণিতল, দশটি করাঙ্গুলির রেখা, চিবুক, হনূদ্বয়, কপোল, অধর, ওষ্ঠ, নাসিকা, চক্ষু, নেত্রপক্ষ্ম, ভ্রূযুগল, শ্রুতি, ললাট, মুখ, দ্বিজজিহ্বা, ঘণ্টিকা, (আলজিব্) তালু, হাস্য, হাঁচি, মস্তক, সীমন্ত, কেশ, এবং লোম ,—স্ত্রীজাতির শুভাশুভ লক্ষণ নিরূপণের মুখ্য অঙ্গ এই ছয়ষট্টিটি উপকরণ ॥ ৪—৯ ॥ নারীর পদতল, রূক্ষ, বিবর্ণ, কঠিন, সূর্পাকার, অথবা শুষ্ক হইলে তাহাদিগকে এবং যাহা-দিগের পদতলের সমগ্রভাগ ভূমিতলে চিহ্নিত হয় না, তাহাদিগকে চিরদিন দুঃখভাগিনী হইতে হয় ॥১০॥১১॥ যাহার পদতলে শঙ্খচক্র, পতাকা, পদ্ম, ছত্র, মৎস্য, স্বস্তিক ও ঊর্দ্ধরেখার চিহ্ন থাকে, সেই সুলক্ষণবতী রমণীই রাজমহিষী

ভবেদখণ্ডভোগায়োর্দ্ধ্বামধ্যাঙ্গুলিলঙ্গতা।
রেখাখুসর্পকাকাভা দুঃখদারিদ্র্যসূচকাঃ॥ ১৩।
উন্নতো মাংসলোঽঙ্গুষ্ঠো বর্ত্তুলোঽতুলভোগদঃ।
বক্রো হ্রস্বশ্চ চিপিটঃ সুখসৌভাগ্যভঞ্জকঃ॥ ১৪।
বিধবা বিপুলেন স্যাৎ দীর্ঘাঙ্গুষ্ঠেন দুর্ভগা।
মৃদবোঽঙ্গুলয়ঃ শস্তা ঘনাবৃত্তা সমুন্নতা॥ ১৫।
দীর্ঘাঙ্গুলীভিঃ কুলটা কৃশাভিরতিনির্ধনা।
হ্রস্বায়ুষ্যা চ হ্রস্বাভির্ভুগ্নাভির্ভুগ্নবর্ত্তিনী॥ ১৬।
চিপিটাভির্ভবেদ্দাসী বিরলাভির্দরিদ্রিণী।
পরস্পরং সমারূঢ়া পাদাঙ্গুল্যো ভবন্তি হি।
হত্বা বহূনপি পতীন্ পরপ্রৈষ্যা তদা ভবেৎ॥ ১৭।

হন॥ ১২॥ যাহার পদতলে মধ্যম অঙ্গুলি পর্য্যন্ত উর্দ্ধরেখা থাকে, সেই রমণী নানাবিধ সুখভোগ করিয়া থাকেন। মূষিক, সর্প ও বায়সচিহ্ন থাকিলে নারীগণকে চিরদুঃখিনী হইতে হয়॥ ১৩॥ নারীর পদাঙ্গুলি উন্নতাগ্র, স্থূল, ও সুগোল হইলে অতুল সুখের হেতু হয়। পায়ের অঙ্গুলি বাঁকা, চ্যাপ্টা, অথবা খর্ব্ব হইলে নানা দুঃখভোগ হয়॥ ১৪॥ নারীগণের পদাঙ্গুলির সংখ্যা বিংশতির অধিক হইলে বিধবা হয়, পদাঙ্গুষ্ঠ দীর্ঘ হইলে নানা দুঃখের কারণ হইয়া থাকে। অঙ্গুলিগুলি, কোমল, অবিরল ও সমুন্নত হইলে সেই রমণীগণ সৌভাগ্যবতী হয়॥ ১৫॥ পদাঙ্গুলি দীর্ঘ হইলে নারীগণ কুলটা, কৃশ হইলে নির্ধন, খর্ব্ব হইলে অল্পায়ু, এবং বক্র হইলে অন্তঃকরণ কুটিল হইয়া থাকে॥ ১৬॥ পদাঙ্গুলি চ্যাপ্টা হইলে নারীগণকে অপরের দাসীবৃত্তি করিতে হয়, বিরল হইলে দরিদ্রতা ঘটে এবং অঙ্গুলিগুলি পরস্পর উপর্য্যুপরি সংলগ্ন থাকিলে স্বামির জীবনান্তে সেই নারীকে পরের দাসী হইয়া থাকিতে হয়॥ ১৭॥

যস্যাঃ পথিসমায়ান্ত্যা রজো ভূমেঃ সমুচ্ছলেৎ।
সা পাংশুলা প্রজায়েত কুলত্রয়বিনাশিনী ॥ ১৮।
যস্যাঃ কনিষ্ঠিকা ভূমিং ন গচ্ছন্ত্যাঃ পরিস্পৃশেৎ।
সা নিহত্য পতিং যোষা দ্বিতীয়ং কুরুতে পতিম্ ॥১৯।
অনামিকা চ মধ্যা চ যস্যা ভূমিং ন সংস্পৃশেৎ।
পতিদ্বয়ং নিহন্ত্যাদ্যা দ্বিতীয়া চ পতিত্রয়ম্ ॥ ২০।
পতিহীনত্বকারিণ্যৌ হীনে তে দ্বে ইমে যদি।
প্রদেশিনী ভবেৎ যস্যা অঙ্গুষ্ঠব্যতিরেকিণী ॥ ২১।
কন্যৈব কুলটা সা স্যাৎ এষ রাববিনিশ্চয়ঃ।
স্নিগ্ধাঃ সমুন্নতাস্তাম্রা বৃত্তাঃ পাদনখাঃ শুভাঃ ॥ ২২।
রাজ্ঞীত্বসূচকং স্ত্রীণাং পাদপৃষ্ঠং সমুন্নতম্।
অস্বেদমশিরাঢ্যঞ্চ মসৃণং মৃদু মাংসলম্ ॥ ২৩।

যে কুলাঙ্গনার গমনকালে সবিক্রম পাদবিক্ষেপে সম্মুখের ধূলিরাশি ঊর্দ্ধভাগে সমুত্থিত হয়, সেই প্রচণ্ডপ্রতাপবতী রমণী কুলকলঙ্কিণী হইয়া ত্রিকুলবিনাশিনী হয় ॥ ১৮ ॥ গমনকালে যে নারীর পদের কনিষ্ঠাঙ্গুলি ভূমিস্পর্শ না করে, সেই দুঃশীলা কুলবালা আপন পতিকে বিনাশ করিয়া অপর পতিতে অনুরাগিণী হয় ॥ ১৯ ॥ শাস্ত্রানুসারে স্ত্রীলোকের পতি চতুর্ব্বিধলক্ষণাক্রান্ত হন। গমনকালে যে নারীর চরণের অনামিকা অঙ্গুলি ভূমিস্পর্শ না করে, সেই নারী ঐ প্রকারের দুই পতি বিনাশের এবং যাহার মধ্যমা অঙ্গুলি মৃত্তিকাস্পৃষ্ট না হয়, সেই নারী ত্রিপতি বিনাশের পাপভাগিনী হইয়া থাকে ॥ ২০ ॥ নারীগণের পদের অনামিকা ও মধ্যমা অঙ্গুলি থর্ব্ব হইলে পতির মৃত্যুর কারণ হইয়া থাকে এবং ঐ দুই অঙ্গুলি বিরল হইলে সেই অলক্ষণা কুলাঙ্গনাগণকে কুলটা হইয়া দেশে দেশে বিচরণ করিতে হয় ॥ ২১ ॥ ২২ ॥ যে নারীর পদাঙ্গুলি সমুন্নত, শীতল, লোহিতবর্ণ ও সুগোল হয়, সেই নারী অতুলসৌভাগ্য-

দরিদ্রা মধ্যনম্রেণ শিরালেন সদাধ্বগা।
রোমাঢ্যেন ভবেদ্দাসী নির্মাংসেন চ দুর্ভগা॥ ২৪।
গূঢ়ৌ গুল্ফৌ শিবায়োক্তাবশিরালৌ সুবর্ত্তুলৌ।
স্থপুটৌ শিথিলৌ দৃশ্যৌ স্যাতাং দৌর্ভাগ্যসূচকৌ॥২৫।
সমপার্ষ্ণিঃ শুভা নারী পৃথুপার্ষ্ণিশ্চ দুর্ভগা।
কুলটোন্নতপার্ষ্ণিঃ স্যাৎ দীর্ঘপার্ষ্ণিশ্চ দুঃখভাক্॥ ২৬।
রোমহীনে সমে স্নিগ্ধে যজ্জঙ্ঘে ক্রমবর্ত্তুলে।
সা রাজপত্নী ভবতি বিশিরে সুমনোহরে॥ ২৭।
একরোমা রাজপত্নী দ্বিরোমা চ সুখাবহা।
ত্রিরোমা রোমকূপেষু ভবেদ্বৈধব্যদুঃখভাক্॥ ২৮।
বৃত্তং পিশিতসংলগ্নং জানুযুগ্মং প্রশস্যতে।
নির্মাংসং স্বৈরচারিণ্যা দরিদ্রায়াশ্চ বিশ্লথম্॥ ২৯।

বতী হইয়া থাকেন॥ ২৩॥ যে রমণীর পাদপৃষ্ঠ সমুন্নত, সুস্নিগ্ধ, শিরাশূন্য, সুচিক্কণ, কোমল ও স্থূল হয়, সেই ললনা নৃপাঙ্গনা হইয়া থাকেন॥ ২৪॥ স্ত্রীলোকের পাদপৃষ্ঠের মধ্যস্থল নিম্ন হইলে দরিদ্রতা, শিরাযুক্ত হইলে পর্য্যটন, লোমাবৃত হইলে দাসীবৃত্তি, এবং বিশুষ্ক হইলে অশেষ দুঃখের হেতু হয়॥২৫॥ যে রমণীর গুল্ফ দেখিতে পাওয়া যায় না, যাঁহার গুল্ফ শিরাশূন্য এবং সুগোল, সেই সুলক্ষণা রমণী কল্যাণবতী হয়॥ ২৬॥ স্ত্রীলোকের পদতলের উভয়পার্শ্ব স্বাভাবিক সুগঠন হইলে সৌভাগ্যশালিনী হয়। পার্শ্বদেশ স্থূল হইলে দুঃখভাগিনী, উচ্চ হইলে কুলটা, এবং দীর্ঘ হইলে সেই নারী অশেষ ক্লেশভাগিনী হইয়া থাকে॥ ২৭॥

যাহার জঙ্ঘাদ্বয় শিরাশূন্য, লোমশূন্য, সুস্নিগ্ধ, মনোহর, সমভাব এবং সুগোল হয়, সেই অঙ্গনা নৃপাঙ্গনা হইয়া থাকেন॥ ২৮॥ স্ত্রীলোকের প্রতি-লোমকূপে একগাছি করিয়া লোম থাকিলে রাজপত্নী, দুইগাছি থাকিলে নানাবিধ সুখভাগিনী এবং তিনগাছি লোম থাকিলে সেই নারীর

বিশিরৈঃ করভাকারৈরুরুভির্মসৃণৈর্ঘনৈঃ।
সুবৃত্তে রোমরহিতৈর্ভবেয়ুর্ভূপবল্লভাঃ ॥ ৩০।
বৈধব্যং রোমশৈরুক্তং দৌর্ভাগ্যং চিপিটৈরপি।
মধ্যচ্ছিদ্রৈর্মহাদুঃখং দারিদ্র্যং কঠিনত্বচৈঃ ॥ ৩১।
চতুর্ভিরঙ্গুলৈঃ শস্তা কটির্বিংশতিসংযুতৈঃ।
সমুন্নতনিতম্বাঢ্যা চতুরস্রা মৃগীদৃশাম্ ॥ ৩২।
বিনতা চিপিটা দীর্ঘা নির্মাংসা সঙ্কটা কটিঃ।
হ্রস্বা রোমযুতা নার্য্যা দুঃখবৈধব্যসূচিকা ॥ ৩৩।
নিতম্ববিম্বো নারীণামুন্নতো মাংসলঃ পৃথুঃ।
মহাভোগায় সম্প্রোক্তস্তদন্যো দুঃশর্মণে মতঃ ॥ ৩৪।
কপিত্থফলবদ্বৃত্তৌ মৃদুলৌ মাংসলৌ ঘনৌ।
স্ফিচৌ বলিবিনির্মুক্তৌ রতিসৌখ্যবিবর্দ্ধনৌ ॥ ৩৫।

বৈধব্য ঘটনা হইয়া থাকে ॥ ২৯ ॥ যে নারীর জানু স্থূল এবং ঈষৎ গোল হয়, সেই নারী শুভভাগিনী হইয়া থাকেন। জানু কৃশ হইলে স্বেচ্ছাচারিণী এবং শিথিল হইলে দুঃখভাগিনী হয় ॥ ৩০ ॥ যাহার উরুযুগল শিরাশূন্য, লোমশূন্য, স্থূল, সুগোল, সুশীতল ও করিশুণ্ডতুল্য হয়, সেই রমণী রাজমহিষী হইয়া থাকেন। উরুযুগল বহুলোমযুক্ত হইলে বিধবা, চ্যাপ্টা হইলে দুর্ভগা, উরুর মধ্যস্থল শিরাযুক্ত হইলে বহুদুঃখভাগিনী, এবং উরুদেশ কঠিন হইলে সেই অলক্ষণা রমণীকে চিরদিন দারিদ্র্যানলে বিদগ্ধ হইতে হয় ॥ ৩১ ॥ ৩২ ॥ কটিদেশ সমুন্নতনিতম্বযুক্ত, চতুরস্র এবং চতুর্বিংশতি অঙ্গুলির আয়তমত সূক্ষ্ম হইলে সেই রমণী সুলক্ষণা হন। কটিদেশ নিম্ন, চ্যাপ্টা, দীর্ঘ, অমাংসল, কঠিন, লোমযুক্ত অথবা খর্ব্ব হইলে বিধবা হইয়া থাকে ॥ ৩৩ ॥ ৩৪ ॥ নারীর নিতম্ব স্থূল, সমুন্নত এবং প্রশস্ত হইলে মহাসৌভাগ্যবতী হয়। যাহার ঐ-সকল লক্ষণ না থাকে, সেই রমণী নানাবিধ দুঃখ ভোগ করে। যাহার

শুভঃ কমঠপৃষ্ঠাভো গজস্কন্ধোপমো ভগঃ।
বামোন্নতস্তু কন্যাজঃ পুত্রজো দক্ষিণোন্নতঃ॥ ৩৬।
আখুরোমা গূঢ়মণিঃ সুশ্লিষ্টঃ সংহতঃ পৃথুঃ।
তুঙ্গঃ কমলপর্ণাভঃ শুভোঽশ্বত্থদলাকৃতিঃ॥ ৩৭।
কুরঙ্গখুররূপো যশ্চুল্লিকোদরসন্নিভঃ।
রোমশো বিবৃতাস্যশ্চ দৃশ্যনাসোঽতিদুর্ভগঃ॥ ৩৮।
শঙ্খাবর্ত্তো ভগো যস্যাঃ সা গর্ভমিহ নেচ্ছতি।
চিপিটঃ খর্পরাকারঃ কিঙ্করীপদদো ভগঃ॥ ৩৯।
বংশবেতসপত্রাভো গজরোমোচ্চনাসিকঃ।
বিকটঃ কুটিলাকারো লম্বগল্লস্তথাঽশুভঃ॥ ৪০।
ভগস্য ভালং জঘনং বিস্তীর্ণং তুঙ্গমাংসলম্।
মৃদুলং মৃদুরোমাঢ্যং দক্ষিণাবর্ত্তমীড়িতম্॥ ৪১॥

কটিপ্রোথ সুগোল, কোমল, মাংসল, নিবিড়, চম্মতবঙ্গশূন্য এবং কপিত্থফলের ন্যায় গোলাকার হয়, সেই রমণীর সুখসৌভাগ্য বৃদ্ধি হইয়া থাকে॥ ৩৫ ॥৩৬॥ যে নারীর যোনিদেশ কম্মপৃষ্ঠের ন্যায় সুঠাম ও গজস্কন্ধের ন্যায় উন্নত, সেই কামিনী সুলক্ষণা বলিয়া অভিহিতা হন। যোনির বামপার্শ্ব উন্নত হইলে নারীগণ কন্যাবতী এবং দক্ষিণপার্শ্ব উন্নত হইলে পুত্রবতী হইয়া থাকে। যে রমণীর যোনিদেশ নিবিড়, অবিরল, প্রশস্ত, ঈষৎ উচ্চ, পদ্মপত্র অথবা অশ্বত্থপত্রাকৃতি, যাহাতে মূষিকলোমের ন্যায় সূক্ষ্মসূক্ষ্ম লোম থাকে এবং যাহার যোনিরন্ধ্রের অগ্রভাগ অদৃশ্য হয়, শাস্ত্রকারেরা সেই রমণীকে সুলক্ষণা বলেন। যে নারীর যোনিদেশ মৃগখুরসদৃশ, চুল্লিতুল্য, লোমাবৃত, বিস্তৃতমুখ, এবং যাহার যোনি-রন্ধ্রের অগ্রভাগ সুস্পষ্ট পরিদৃশ্যমান, সেই রমণী দুর্ভাগ্যবতী হয়। যে নারীর যোনিদেশে শঙ্খরেখার ন্যায় তিনটি রেখা থাকে, সেই রমণী বন্ধ্যা হয়। যোনিদেশ চিপিটক সদৃশ এবং ছত্রাকার হইলে সেই দুর্ভাগা নারীকে দাসীবৃত্তি করিয়া জীবিকানির্ব্বাহ করিতে হয়। যে নারীর যোনিদেশ বংশপত্র অথবা

বামাবর্ত্তঞ্চ নির্ম্মাংসং ভুগ্নং বৈধব্যসূচকম্।
সঙ্কটং স্ফুটিং রুক্ষং জঘনং দুঃখদং সদা॥ ৪২।
বস্তিঃ প্রশস্তা বিপুলা মৃদ্বী স্তোকসমুন্নতা।
রোমশা চ শিরালা চ রেখাঙ্কা নৈব শোভনা॥ ৪৩।
গম্ভীরা দক্ষিণাবর্ত্তা নাভী স্যাৎ সুখসম্পদে।
বামাবর্ত্তা সমুত্তানা ব্যক্তগ্রন্থির্ন শোভনা॥ ৪৪।
সূতে সুতান্ বহূন্ নারী পৃথুকুক্ষিঃ সুখাস্পদম্।
ক্ষিতীশং জনয়েৎ পুত্রং মণ্ডুকাভেন কুক্ষিণা॥ ৪৫।
উন্নতেন বলীভাজা সাবর্ত্তেনাপি কুক্ষিণা।
বন্ধ্যা প্রব্রজিতা দাসী ক্রমাদ্‌যোষা ভবেদিহ॥ ৪৬।

বেতসপত্র সদৃশ, কুঞ্চিত, বিকৃত, বিস্তৃতমুখ, হস্তীলোমের ন্যায় সংকীর্ণ ও কর্কশ লোমযুক্ত, এবং যাহার যোনিরন্ধ্রের অগ্রভাগ সমুন্নত, সেই বিকৃত-যোনি রমণী শাস্ত্রমতে কুলক্ষণা হয়। যে রমণীর যোনির ঊর্দ্ধভাগ ও পুরো-ভাগ ঈষৎ উন্নত, কোমল, বিস্তীর্ণ, মাংসল, কোমললোমযুক্ত এবং দক্ষিণাংশে ঈষৎ বক্র হয়, সেই রমণী সৌভাগ্যবতী হইয়া থাকেন। যে নারীর যোনির পুরোভাগ অমাংসল, বক্র, এবং বামদিকে কুঞ্চিত, সেই নারী বিধবা হয়। যোনির উভয় পার্শ্ব সঙ্কুচিত ও রূক্ষ হইলে সেই নারীর অশেষদুঃখভোগ হইয়া থাকে॥ ৩৭—৪৩॥ যে নারীর বস্তিদেশ বিশাল, কঠিন, উচ্চ, বহু-লোমবিশিষ্ট, শিরাযুক্ত, এবং রেখাঙ্কিত হয়, সেই রমণী কদাপি মঙ্গলদায়িনী হয় না॥ ৪৪॥

নারীগণের নাভিমণ্ডল গভীর ও দক্ষিণাবর্ত্ত হইলে সুলক্ষণা, এবং নাভি-কুণ্ড বামদিকে বক্র ও অগভীর হইলে কুলক্ষণা হইয়া থাকে॥ ৪৫॥ যে রমণীর কুক্ষিদেশ সুচারু ও মাংসল হয়, সেই সুলক্ষণা রমণী বহুপুত্র প্রসব করিয়া পরমসুখভাগিনী হন। যাঁহার কুক্ষিদেশ ভেককুক্ষির ন্যায় নম্রমুখ হয়, সেই ভাগ্যবতী কুলবতী রাজকুমারের ন্যায় সন্তান প্রসব করেন। কুক্ষি-

সমৈঃ সমাংসৈর্মৃদুভির্যোষিন্মগ্নাস্থিভিঃ শুভৈঃ।
পার্শ্বৈঃ সৌভাগ্যসুখয়োর্নিধানং স্যাদসংশয়ম্ ॥ ৪৭ ।
যস্যা দৃশ্যশিরে পার্শ্বে উন্নতে রোমসংযুতে।
নিরপত্যা চ দুঃশীলা সা ভবেৎ দুঃখশেবধিঃ ॥ ৪৮ ।
উদরেণাতিতুচ্ছেন বিশিরেণ মৃদুত্বচা।
যোষিদ্ভবতি ভোগাঢ্যা নিত্যং মিষ্টান্নসেবিনী ॥ ৪৯ ।
কুম্ভাকারং দরিদ্রায়া জঠরঞ্চ মৃদঙ্গবৎ।
কুষ্মাণ্ডাভং যবাভঞ্চ দুষ্পূরং জায়তে স্ত্রিয়াঃ ॥ ৫০ ।
সুবিশালোদরী নারী নিরপত্যা চ দুর্ভগা।
প্রলম্বজঠরা হন্তি শ্বশুরঞ্চাপি দেবরম্ ॥ ৫১ ।
মধ্যক্ষামা চ সুভগা ভোগাঢ্যা সবলিত্রয়া।
ঋজ্বী তন্বী চ রোমালী যস্যাঃ সা শর্ম্মনর্ম্মভূঃ ॥ ৫২ ।

দেশ উন্নত, বলিযুক্ত ও রেখাবিশিষ্ট হইলে নারীগণ বন্ধ্যা হইয়া থাকে, এবং অপরের দাসী হইয়া দেশে দেশে পর্য্যটন করে ॥ ৪৬ ॥ ৪৭। পার্শ্বদেশ সুঠাম, পীবর এবং কোমল হইলে ও সেই স্থলের অস্থিমালা নেত্রগোচর না হইলে নারীগণ সুখসৌভাগ্যবতী হয়। পার্শ্বদেশ উন্নত ও বহুলোমযুক্ত হইলে, এবং শিরা অস্থি বহির্গত থাকিলে নারীগণ বন্ধ্যা ও দুঃশীলা হইয়া নানা দুঃখ ভোগ করে ॥ ৪৮ ॥ ৪৯ ॥ যে রমণীর উদরের চর্ম্ম অতিকোমল এবং শিরাগুলি সূক্ষ্ম সূক্ষ্ম, সেই রমণী পরম সৌভাগ্যবতী এবং মিষ্টান্নভোজনে অনুরাগবতী হন। যাহার উদর কুম্ভের ন্যায় বা মৃদঙ্গের ন্যায়, সেই নারী দরিদ্র হয়। কুষ্মাণ্ডাকার বা যবাকার জঠর হইলে ব্রহ্মাণ্ড ভক্ষণ করিয়াও সে নারীর তৃপ্তিলাভ হয় না। যাহার উদর প্রকাণ্ড, সেই নারী দুর্ভাগা ও বন্ধ্যা এবং লম্বোদরী নারী শ্বশুর অথবা দেবরবিনাশিনী হয় ॥ ৫০,—৫২ ॥

কপিলা কুটিলা স্থূলা বিচ্ছিন্না রোমরাজিকা।
চৌরবৈধব্যদৌর্ভাগ্যং বিদধ্যাদিহ যোষিতাম্ ॥ ৫৩।
নির্লোমং হৃদয়ং যস্যাঃ সমং নিম্নত্ববর্জ্জিতম্।
ঐশ্বর্য্যঞ্চাপ্যবৈধব্যং প্রিয়প্রেম চ সা লভেৎ ॥ ৫৪।
বিস্তীর্ণহৃদয়া যোষা পুংশ্চলী নির্দ্দয়া তথা।
উদ্ভিন্নরোমহৃদয়া পতিং হন্তি বিনিশ্চিতম্ ॥ ৫৫।
অষ্টাদশাঙ্গুলততমুরঃ পীবরমুন্নতম্।
সুখায় দুঃখায় ভবেৎ রোমশং বিষমং পৃথু ॥ ৫৬।
ঘনৌ বৃত্তৌ দৃঢ়ৌ পীনৌ সমৌ শস্তৌ পযোধরৌ।
স্থূলাগ্রৌ বিরলৌ শুষ্কৌ বামোরূণাং ন শর্ম্মদৌ ॥ ৫৭।
দক্ষিণোন্নতবক্ষোজা পুত্রিণী ত্বগ্রণীর্মতা।
বামোন্নতকুচা সূতে কন্যাং সৌভাগ্যসুন্দরীম্ ॥ ৫৮।

নারীগণের মধ্যদেশ ক্ষীণ হইলে প্রচুর সুখশালিনী, ত্রিবলীযুক্ত হইলে সৌভাগ্যশালিনী, এবং সূক্ষ্ম ও সরল লোমাবলিসজ্জিত হইলে বিবিধ ভোগবিলাসের অধিকারিণী হন ॥ ৫৩ ॥ যে নারীর রোমরাজী কুঞ্চিত, স্থূল, বিচ্ছিন্ন এবং পিঙ্গলবর্ণ, সেই নারী বিধবা হইয়া চোর ও দুর্ভাগ্যবতী হয় ॥ ৫৪ ॥

যে রমণীর হৃদয় সুগঠন, পূর্ণিত, এবং লোমবর্জ্জিত, সেই শুভলক্ষণা কুলাঙ্গনা অতুল ঐশ্বর্য্যবতী ও জীবনান্ত পর্য্যন্ত পতির প্রিয়তমা হইয়া থাকেন। হৃদয় অত্যন্ত প্রশস্ত হইলে সেই কুলক্ষণা অঙ্গনা দয়ামায়াপরিশূন্য হইয়া বারাঙ্গনা হয়। যে রমণীর হৃদয়ে লোম বহির্গত হয়, সেই পাপীয়সী নিশ্চয়ই স্বপতিবিনাশের হেতু হইয়া থাকে ॥ ৫৫ ॥ ৫৬ ॥ যে রমণীর বক্ষঃস্থল পীবর, উন্নত, এবং অষ্টাদশ অঙ্গুলিপরিমিত প্রশস্ত, সেই রমণী পরমসুখ ও ঐশ্বর্য্যবতী হইয়া থাকেন। বক্ষঃস্থল অত্যন্ত বিশাল হইলে সেই নারীকে চিরদিন দুর্ভাগ্য ভোগ করিতে হয় ॥৫৭॥ যে কামিনীর স্তনযুগল নিবিড়, পীন, সুগোল, দৃঢ়, এবং সুঠাম, সেই সুলক্ষণা সুস্তনী কামিনী নানা ঐশ্বর্য্য ভোগ

অরঘট্টঘটীতুল্যৌ কুচৌ দৌঃশীল্যসূচকৌ।
পীবরাস্যৌ সান্তরালৌ পৃথুপান্তৌ ন শোভনৌ ॥ ৫৯।
মূলে স্থূলৌ ক্রমকৃশাবগ্রে তীক্ষ্ণৌ পয়োধরৌ।
সুখদৌ পূর্ব্বকালে তু পশ্চাদত্যন্তদুঃখদৌ ॥ ৬০।
সুদৃশাং চূচুকযুগং শস্তং শ্যামং সুবর্ত্তুলম্।
অন্তর্ম্মগ্নঞ্চ দীর্ঘঞ্চ কৃশং ক্লেশায় জায়তে ॥ ৬১ ॥
পীবরাভ্যাঞ্চ জত্রুভ্যাং ধনধান্যনিধির্ব্বধূঃ।
শ্লথাস্থিভ্যাঞ্চ নিম্নাভ্যাং বিষমাভ্যাং দরিদ্রিণী ॥ ৬২।
অবদ্ধাবনতৌ স্কন্ধাবদীর্ঘাবকৃশৌ শুভৌ।
বক্রৌ স্থূলৌ চ রোমাঢ্যৌ প্রৈষ্যবৈধব্যসূচকৌ ॥ ৬৩।

করিয়া থাকেন। স্তনদ্বয় স্থূলাগ্র, বিরল ও বিশুষ্ক হইলে সেই কুলক্ষণার কদাপি মঙ্গল হয় না। যে নারীর দক্ষিণস্তন অপেক্ষাকৃত উন্নত, সেই নারী সর্ব্বাগ্রে পুত্রবতী হন। যাঁহার বামস্তন উন্নত, তিনি সর্ব্বপ্রথমে পরম লাবণ্যময়ী সৌভাগ্যবতী কন্যা প্রসব করেন। গুর্জ্জরী লোকেরা যে ঘটীর দ্বারা বৃহৎ কূপ হইতে বারি উত্তোলন করে, সেই ঘটীযন্ত্রের তুল্য যাহার স্তনদ্বয়, তাদৃশ অলক্ষণা ললনা নিতান্ত দুঃশীলা হইয়া থাকে। যাহার চুচুকাগ্র স্থূল, পার্শ্বদেশ অধিক মাংসল, এবং যাহার উভয় স্তনের মধ্যস্থলে গহ্বর থাকে, সেই দুঃশীলা কুলবালা কদাচ সুখভোগ করিতে সমর্থ হয় না। যাহার উভয় স্তনের মূলভাগ অতিশয় স্থূল, এবং অগ্রভাগ ক্রমশঃ কৃশ হইয়া তীরের ন্যায় সূক্ষ্মতা ধারণ করে, সেই কুস্তনী রমণী প্রথমতঃ কিছুদিন সুখের আস্বাদন প্রাপ্ত হইয়া অবশেষে নানাবিধ দুঃখভাগিনী হয়। চুচুকাগ্র সুগোল এবং শ্যামবর্ণ হইলে সেই সুলক্ষণবতী যুবতী পরম সৌভাগ্যবতী হন। চুচুকদ্বয়ের অগ্রভাগে গহ্বর থাকিলে এবং চুচুক অতিশয় দীর্ঘ হইলে নারীগণ নিতান্ত দুঃখভাগিনী হইয়া থাকে ॥ ৫৮—৬২ ॥ স্ত্রীলোকের স্কন্ধসন্ধি স্থূল হইলে ধনধান্যাদি নানা রত্নের অধিকারিণী হয়, সন্ধিস্থল নিম্ন এবং সেই

নিগূঢ়সন্ধী স্রস্তাগ্রৌ শুভাবংসৌ সুসংহতৌ।
বৈধব্যদৌ সমুচ্চাগ্রৌ নির্ম্মাংসাবতিদুঃখদৌ ॥ ৬৪ ।
কক্ষে সুসূক্ষ্মরোমে তু তুঙ্গে স্নিগ্ধে চ মাংসলে ।
শস্তে ন শস্তে গম্ভীরে শিরালে স্বেদমেদুরে ॥ ৬৫ ।
স্যাতাং দোষৌ সুনির্দোষৌ গূঢ়াস্থিগ্রন্থিকোমলৌ ।
বিশিরৌ চ বিরোমাণৌ সরলৌ হরিণীদৃশাম্ ॥ ৬৬ ।
বৈধব্যং স্থূলরোমাণৌ হ্রস্বৌ দৌর্ভাগ্যসূচকৌ ।
পরিক্লেশায় নারীণাং পরিদৃশ্যশিরৌ ভুজৌ ॥ ৬৭ ।
অম্ভোজমুকুলাকারমঙ্গুষ্ঠাঙ্গুলিসম্মুখম্ ।
হস্তদ্বয়ং মৃগাক্ষীণাং বহুভোগায় জায়তে ॥ ৬৮ ।

স্থলের অস্থিমালা শিথিল হইলে নারীগণ নানা দুঃখ ভোগ করিয়া থাকে। ৬৩ ॥ যে রমণীর স্কন্ধদেশের বদ্ধগ্রন্থি অদৃশ্য এবং যাহার উভয় স্কন্ধ ঈষৎ অবনত, কোমল, খর্ব্ব, ও সুললিত, সেই রমণী সুলক্ষণা হয়। স্কন্ধদেশ বক্র, স্থূল, এবং বহুলোমযুক্ত হইলে নারীগণ বিধবা হইয়া অপরের দাসীবৃত্তি করে ॥ ৬৪ ॥

স্ত্রীলোকের বাহুযুগল গূঢ়সন্ধি, দৃঢ়সন্ধি এবং অবনত হইলে সৌভাগ্যের কারণ হয়। যাহার বাহুদ্বয় উচ্চ ও কৃশ, সেই স্ত্রী বিধবা হইয়া নানাদুঃখ ভোগ করে। যাহার কক্ষদেশ সূক্ষ্ম সূক্ষ্ম লোমযুক্ত, সমুন্নত, স্নিগ্ধ ও মাংসল, সেই নারী সৌভাগ্যশালিনী হন। কক্ষদেশ গভীর, শিরাযুক্ত এবং স্বেদ-কলঙ্কাঙ্কিত হইলে দুর্ভাগ্যের কারণ হয়। যাহার বাহু সরল, সূক্ষ্মলোমবিশিষ্ট, ও সুকোমল, এবং যাহার বাহুতে শিরা, গন্থি ও অস্থি দৃষ্ট হয় না, সেই রমণী গুণবতী হইয়া থাকে। স্ত্রীলোকের বাহু স্থূললোমযুক্ত হইলে বিধবা, খর্ব্ব হইলে দুর্ভাগ্যবতী এবং শিরা বহির্গত হইলে অশেষ ক্লেশভাগিনী

মৃদুমধ্যোন্নতং রক্তং তলং পাণ্যোররন্ধ্রকম্।
প্রশস্তং শস্তরেখাঢ্যমল্পরেখং শুভশ্রিয়ম্॥ ৬৯॥
বিধবা বহুরেখেণ বিরেখেণ দরিদ্রিণী।
ভিক্ষুকী সুশিরাঢ্যেন নারী করতলেন বৈ॥ ৭০॥
বিরোমং বিশিরং শস্তং পাণিপৃষ্ঠং সমুন্নতম্।
বৈধব্যহেতু রোমাঢ্যং নির্ম্মাংসং স্নায়ুমত্যজেৎ॥ ৭১॥
রক্তা ব্যক্তা গভীরা চ স্নিগ্ধা পূর্ণা চ বর্ত্তুলা।
কররেখাঙ্গনায়াঃ স্যাচ্ছুভাভাগ্যানুসারতঃ॥ ৭২॥
মৎস্যেন সুভগা নারী স্বস্তিকেন বসুপ্রদা।
পদ্মেন ভূপতেঃপত্নী জনয়েদ্ভূপতিং সুতম্॥ ৭৩॥
চক্রাবর্ত্তস্ত্রিয়াঃপাণৌ নন্দ্যাবর্ত্তঃ প্রদক্ষিণঃ।
শঙ্খাতপত্রকমঠা নৃপমাতৃত্বসূচকাঃ॥ ৭৪॥

হয়॥ ৬৫-৬৮॥ যে নারীর করাঙ্গুলিসমষ্টির অগ্রভাগ সুকোমল, পদ্ম-কোরক সদৃশ, সেই মৃগনয়না কুলাঙ্গনা সৌভাগ্যবতী হন। যাহার পাণিতল কোমল, আলোহিত, ছিদ্রশূন্য, এবং মধ্যভাগ ঈষৎ উন্নত, সেই রমণী সুলক্ষণা হয়। করতলে অল্প পরিমিত সুরেখা থাকিলে সেই সুলক্ষণবতী কুলবতী নানা ঐশ্বর্য্যের অধীশ্বরী হইয়া থাকেন। নারীগণের পাণিতলে বহুরেখা থাকিলে বিধবা হয়, এককালে কিছুমাত্র রেখা না থাকিলেও দরিদ্রতা ঘটে। করতলে শিরা বহির্গত হইলে ভিক্ষাবৃত্তিদ্বারা জীবিকা নির্ব্বাহ করিতে হয়॥ ৬৯—৭১॥ যাহার পাণিপৃষ্ঠ লোমশূন্য ও শিরাশূন্য, সেই নারী ভাগ্যবতী হয়। সমুন্নত হইলে বৈধব্য ঘটিয়া থাকে। যে নারীর পাণিপৃষ্ঠ মাংসহীন, লোমযুক্ত এবং বিশুষ্ক, সেই বন্ধকী নারীকে পত্নীত্বে পরিগ্রহ করা নিষিদ্ধ। করতলের রেখা রক্তবর্ণ, সুস্পষ্ট, গভীর, চিক্কণ, পূর্ণ ও গোলাকার হইলে ভাগ্যানুসারে সুলক্ষণ সূচনা করে। করতলে মৎস্যচিহ্ন থাকিলে সৌভাগ্যশীলা, স্বস্তিকচিহ্ন থাকিলে পতির ঐশ্বর্য্যপ্রদা এবং

তুলামানাকৃতী রেখে বণিক্‌পত্নীত্বহেতুকে।
গজবাজিবৃষাকারাঃ করে বামে মৃগীদৃশাম্ ॥ ৭৫।
রেখা প্রাসাদবজ্রাভা ক্রয়ুস্তীর্থকরং সুতম্।
কৃষীবলস্য পত্নী স্যাচ্ছকটেন যুগেন বা ॥ ৭৬।
চামরাঙ্কুশকোদণ্ডৈ রাজপত্নী ভবেদ্‌ধ্রুবম্।
অঙ্গুষ্ঠমূলান্নির্গত্য রেখা যাতি কনিষ্ঠিকাম্।
যদি সা পতিহন্ত্রী স্যাদ্দূরতস্তাং ত্যজেৎ সুধীঃ ॥ ৭৭।
ত্রিশূলাসিগদাশক্তিদুন্দুভ্যাকৃতিরেখয়া।
নিতম্বিনী কীর্ত্তিমতী ত্যাগেন পৃথিবীতলে ॥ ৭৮।
কঙ্কজম্বুকমণ্ডূকবৃকবৃশ্চিক ভোগিনঃ।
রাসভোষ্ট্রবিড়ালাঃ স্যুঃ করস্থা দুঃখদাঃ স্ত্রিয়াঃ।
শুভদঃ সরলোঽঙ্গুষ্ঠো বৃত্তো বৃত্তনখো মৃদুঃ ॥ ৭৯।

পদ্মচিহ্ন থাকিলে সেই সুলক্ষণশোভিনী সীমন্তিনী রাজপত্নী হইয়া রাজপুত্রের জননী হন। পাণিতলে শঙ্খ, ছত্র, কূর্ম্ম, চক্রাবর্ত্ত এবং দক্ষিণানুগত নন্দ্যাবর্ত্তচিহ্ন থাকিলে সেই সুলক্ষণা সুলোচনা রাজমাতা হইয়া থাকেন। যাহার দক্ষিণ করে তুলাদণ্ডের ন্যায় চিহ্ন এবং বাম করে অশ্ব, গজ, ও বৃষ চিহ্ন থাকে, সেই রমণী পণ্যজীবীর পত্নী হয়। যাহার করতলে বজ্র ও প্রাসাদ-চিহ্ন থাকে, সেই স্ত্রী তীর্থকর সন্তান প্রসব করে। করতলে শকট অথবা জোয়ালি-চিহ্ন থাকিলে সেই নারী কৃষকপত্নী হইয়া থাকে। যে নারীর পাণিতলে চামর, অঙ্কুশ ও শরাসনচিহ্ন থাকে, সেই সুলক্ষণবতী রমণী রাজমহিষী হইয়া থাকেন। যে নারীর অঙ্গুষ্ঠমূল হইতে রেখা নির্গত হইয়া কনিষ্ঠা পর্য্যন্ত যায়, সেই কুলক্ষণা নারী পতিঘাতিনী হয়। যে রমণীর পাণিতলে ত্রিশূল, খড্গ, গদা, শক্তি ও দুন্দুভিচিহ্ন থাকে, সেই রমণী দানশীলা হইয়া ভূতলে অতুল কীর্ত্তিমতী হন। যাহার করতলে কঙ্ক, শৃগাল, ভেক, বৃক, বৃশ্চিক, সর্প, রাসভ, উষ্ট্র ও বিড়ালচিহ্ন থাকে, সেই অলক্ষণা নারী পতির

অঙ্গুল্যশ্চ সুপর্ব্বাণো দীর্ঘা বৃত্তাঃ ক্রমাৎ কৃশাঃ।
চিপিটা স্বপুটা রূক্ষাঃ পৃষ্ঠরোমযুজোঽশুভাঃ॥ ৮০।
অতিহ্রস্বাঃ কৃশা বক্রা বিরলা রোগহেতুকাঃ।
দুঃখায়াঙ্গুলয়ঃ স্ত্রীণাং বহুপর্ব্বসমন্বিতাঃ॥ ৮১।
অরুণাঃ সশিখাস্তুঙ্গাঃ করজাঃ সুদৃশাং শুভাঃ।
নিম্না বিবর্ণা শুক্ত্যাভাঃ পীতা দারিদ্র্যদায়কাঃ॥ ৮২।
নখেষু বিন্দবঃ শ্বেতাঃ প্রায়ঃ স্যুঃ স্বৈরিণী স্ত্রিয়াঃ।
পুরুষা অপি জায়ন্তে দুঃখিনঃ পুষ্পিতৈর্নখৈঃ॥ ৮৩।
অন্তর্নিমগ্নবংশাস্থিঃ পৃষ্ঠিঃ স্যান্মাংসলা শুভা।
পৃষ্ঠেন রোমযুক্তেন বৈধব্যং লভতে ধ্রুবম্॥ ৮৪।
ভুগ্নেন বিনতেনাপি সশিরেণাপি দুঃখিতা।
ঋজ্বী কৃকাটিকা শ্রেষ্ঠা সমাংসা চ সমুন্নতা।
শুষ্কা শিরালা রোমাঢ্যা বিশালা কুটিলা শুভা॥ ৮৫।

ত খদায়িনী হয়। যাহার অঙ্গুষ্ঠ সবল, সুগোল, কোমল ও সুগোল নখযুক্ত এবং অঙ্গুলিগুলি সুপর্ব্ব, ঈষৎ দীর্ঘ, সুগোল ও ক্রমশঃ সূক্ষ্মাগ্র, সেই সুলক্ষণা ললনা পরম কল্যাণবতী হন। যাহার পাণিপৃষ্ট বিষম উন্নত, চিপিটক সদৃশ, এবং সমস্ত অঙ্গুলির পৃষ্ঠদেশ রোমযুক্ত ও রূক্ষ, সেই কুলক্ষণা নারী যাবজ্জীবন দুর্ভাগ্যবতী হয়। যে নারীর অঙ্গুলি অতিখর্ব্ব, অতি কৃশ, বক্র ও বিরল, সেই নারী চিররোগিণী হইয়া থাকে। অঙ্গুলিতে তিন পর্ব্বের অধিক থাকিলে সেই নারী নানা দুঃখভোগ করিয়া থাকে। যাহার অঙ্গুলির অগ্রভাগ পর্য্যন্ত ঈষৎ উন্নত ও অরুণবর্ণ, সেই সুন্দরী সীমন্তিনী সর্ব্বদা সুখসৌভাগ্যবিলাসিনী হন। যে নারীর অঙ্গুলি অবনত, মলিন, পীতবর্ণ এবং যাহার অঙ্গুলির আকার শুক্তির ন্যায়, সেই কুলক্ষণা নারীর পতি দরিদ্র হয়॥ ৭২—৮৩॥ যাহার নখের উপরিভাগে শ্বেতবর্ণ চিহ্ন থাকে, সেই নারী স্বেচ্ছাচারিণী হয়, পুরুষের নখে ফুল থাকিলেও বিবিধ দুঃখভোগ হইয়া থাকে॥ ৮৪॥ যে

মাংসলো বর্ত্তুলঃ কণ্ঠঃ প্রশস্তশ্চতুরঙ্গুলঃ ।
শস্তা গ্রীবা ত্রিরেখাঙ্কা ত্বব্যক্তাস্থিঃ সুসংহতা ।
নির্মাংসা চিপিটা দীর্ঘা স্থপুটা ন শুভপ্রদা ॥ ৮৬ ।
স্থূলগ্রীবা চ বিধবা বক্রগ্রীবা চ কিঙ্করী ।
বন্ধ্যা হি চিপিটগ্রীবা হ্রস্বগ্রীবা চ নিঃসুতা ॥ ৮৭ ॥
চিবুকং দ্ব্যঙ্গুলং শস্তং বৃত্তং পীনং সুকোমলম্‌ ।
স্থূলং দ্বিধাসম্বিভক্তমায়তং রোমশং ত্যজেৎ ॥ ৮৮ ।
হনুশ্চিবুকসংলগ্না নির্লোমা সুঘনা শুভা ।
বক্রা স্থূলা কৃশা হ্রস্বা রোমশা ন শুভপ্রদা ॥ ৮৯ ।
শস্তৌ কপোলৌ বামাক্ষ্যাঃ পীনৌ বৃত্তৌ সমুন্নতৌ ।
রোমশৌ পরুষৌ নিম্নৌ নির্মাংসৌ পরিবর্জ্জয়েৎ ॥৯০॥

নারীর পৃষ্ঠদণ্ড অবনত ও মাংসল, সেই নারী নিরন্তর সুখভোগে অধিকারিণী হয়। যাহার পৃষ্ঠে অধিক রোম থাকে, সেই নারী বিধবা, এবং পৃষ্ঠদেশ বক্র, অবনত ও শিরাযুক্ত হইলে নারীগণ বহুদুঃখ ভোগ করিয়া থাকে ॥ ৮৫ ॥ গ্রীবার পশ্চাৎভাগ সরল, মাংসল, ও সমুন্নত হইলে সেই নারী সুলক্ষণা, এবং বিশুষ্ক, শিরাযুক্ত, লোমযুক্ত, বিশাল ও কুঞ্চিত হইলে দুর্ভাগ্যবতী হয় ॥ ৮৬ ॥ যাহার কণ্ঠদেশ মাংসল, গোল, চতুরঙ্গুলিপরিমিত, সুদৃঢ়, এবং যাহার কণ্ঠে তিনটি সুচারু রেখা থাকে ও কণ্ঠের অস্থিগুলি সুস্পষ্ট দেখিতে পাওয়া যায় না, সেই নারীকে বিবাহ করিলে পরমের মঙ্গল হয়। কণ্ঠদেশ চ্যাপ্টা, মাংসহীন, দীর্ঘ, ও বিষম উন্নত হইলে সেই নারীকে বিবাহ করা কল্যাণপ্রদ হয় না। স্ত্রীলোকের গ্রীবাদেশ স্থূল হইলে বিধবা, বক্র হইলে কিঙ্করী, চ্যাপ্টা হইলে বন্ধ্যা, এবং নিতান্ত খর্ব্ব হইলে মৃতবৎসা হয় ॥ ৮৭—৮৯ ॥ যে নারীর চিবুক পূর্ণিত, সুকোমল, অর্দ্ধচন্দ্রসদৃশ এবং আয়তনে দুই অঙ্গুলি পরিমিত, তাহাকে বিবাহ করিলে মঙ্গল হয়। যাহার চিবুক স্থূল, দ্বিখণ্ডিত, বিস্তৃত ও লোমযুক্ত, তাদৃশ কুলক্ষণা নারীকে বিবাহ

সমং সমাংসং সুস্নিগ্ধং স্বামোদং বর্ত্তুলং মুখম্।
জনেতৃবদনচ্ছায়ং ধন্যানামিহ জায়তে॥ ৯১।
পাটলো বর্ত্তুলঃ স্নিগ্ধো লেখাভূষিতমধ্যভূঃ।
সীমন্তিনীনামধরো ধরাজানিপ্রিয়ো ভবেৎ॥ ৯২।
কৃশঃ প্রলম্বঃ স্ফুটিতো রূক্ষো দৌর্ভাগ্যসূচকঃ।
শ্যাবঃস্থূলোঽধরোষ্ঠঃ স্যাদ্বৈধব্যকলহপ্রদঃ॥ ৯৩।
মসৃণো মত্তকাশিন্যাশ্চোত্তরোষ্ঠঃ সুভোগদঃ।
কিঞ্চিন্মধ্যোন্নতোঽরোমা বিপরীতো বিরুদ্ধকৃৎ॥ ৯৪।
গোক্ষীরসন্নিভাঃ স্নিগ্ধা দ্বাত্রিংশদ্দশনাঃ শুভাঃ।
অধস্তাদুপরিষ্টাচ্চ সমাঃ স্তোকসমুন্নতাঃ॥ ৯৫।
পীতাঃ শ্যাবাশ্চ দশনাঃ স্থূলা দীর্ঘা দ্বিপঙ্ক্তয়ঃ।
শুক্ত্যাকারাশ্চ বিরলা দুঃখদৌর্ভাগ্যকারণং॥ ৯৬।

করিতে নাই। যাহার হনুদেশ চিবুকলগ্ন, নির্লোম, ও সুবিস্তার, তাদৃশ নারী শুভদায়িনী হয়। যে নারীর হনুদেশ বক্র, হ্রস্ব, রোমশ, স্থূল, অথবা কৃশ, তাহাকে বিবাহ করিলে কদাচ মঙ্গল হয় না।

যে রমণীর কপোলদেশ পরিপুষ্ট, সুগোল ও সমুন্নত, সেই বামাক্ষীকে বিবাহ করিলে শুভ হয়; যাহার কপোলদেশ রোমশ, পরুষ, নির্মাংস ও গভীর, তাহাকে বিবাহ করিলে অমঙ্গল হইয়া থাকে। যে কামিনীর মুখ-মণ্ডল সমভাবে পূর্ণিত, প্রফুল্ল,সুরভিযুক্ত, সুগোল, সুস্নিগ্ধ এবং পিতৃবদনের প্রতিবিম্ব-বিশিষ্ট, সেই চন্দ্রাননা ললনা ইহসংসারে যশস্বিনী হইয়া থাকেন। যাঁহার বদনকমল পাটলবর্ণ, সুগোল, ও সুস্নিগ্ধ এবং যাঁহার অধরের মধ্যভাগ সুচারুরেখায় বিভূষিত,সেই পদ্মমুখী মৃগাক্ষী রাজকুললক্ষ্মী হন। যে নারীর অধরোষ্ঠ কৃশ, দীর্ঘ, অস্নিগ্ধ, ও পরস্পর বিভিন্ন, সেই নারী দুর্ভাগ্যবতী হয়; যাহার অধরোষ্ঠ স্থূল ও ধূসরবর্ণ, সেই নারী পতিহীনা ও কলহপ্রিয়া হইয়া থাকে॥ ৯০—৯৩॥ স্ত্রীলোকের ওষ্ঠ সুচিক্কণ ও লোমবর্জ্জিত হইলে এবং

অধস্তাদধিকৈর্দন্তৈর্মাতরং ভক্ষয়েৎ স্ফুটম্।
পতিহীনা চ বিকটৈঃ কুলটাঃ বিরলৈর্ভবেৎ ॥ ৯৭।
জিহ্বেষ্টমিষ্টভোক্ত্রী স্যাচ্ছোণা মৃদ্বী তথাঽসিতা।
দুঃখায় মধ্যসংকীর্ণা পুরোভাগ সবিস্তরা ॥ ৯৮।
সিতয়া তোয়মরণং শ্যাময়া কলহপ্রিয়া।
দরিদ্রিণী মাংসলয়া লম্বয়াঽভক্ষ্যভক্ষিণী ॥ ৯৯।
বিশালয়া রসনয়া প্রমদাতিপ্রমাদভাক্।
স্নিগ্ধং কোকনদাভাসং প্রশস্তং তালুকোমলম্ ॥ ১০০।
সিতে তালুনি বৈধব্যং পীতে প্রব্রজিতা ভবেৎ।
কৃষ্ণেঽপত্যবিয়োগার্ত্তা রূক্ষে ভূরিকুটুম্বিনী ॥ ১০১।

ওষ্ঠের মধ্যভাগ ঈষৎ উন্নত থাকিলে সর্ব্বথা নিরাময় ও শুভপ্রদ হয়। যাহার ওষ্ঠে ঐ সকল লক্ষণ না থাকে, সেই নারী চিররোগিণী হইয়া নিরন্তর অশেষবিধ ক্লেশভোগ করিয়া থাকে ॥ ৯৪ ॥ নারীগণের দশনপংক্তি দুগ্ধের ন্যায় শ্বেতবর্ণ, সুস্নিগ্ধ ও ঈষৎ সমুন্নত হইলে এবং অধরোষ্ঠ উভয়পংক্তিতে সমসংখ্যক ষোলটি করিয়া বত্রিশটি দন্ত থাকিলে সৌভাগ্যলক্ষণ বলা যায়। উভয় পংক্তির দন্তরাজি পীতবর্ণ, পাংশুবর্ণ, স্থূল, দীর্ঘ, বিরল ও শুক্তির ন্যায় আকারবিশিষ্ট হইলে নারীগণ দুর্ভাগ্যবতী হইয়া নানা প্রকার দুঃখভোগ করে। নিম্নপংক্তিতে অধিক দন্ত থাকিলে সেই নারী মাতৃবিনাশের হেতু হয়; সমস্ত দন্ত বিরল হইলে কুলটা ,এবং বিকৃত হইলে পতিহীনা হইয়া থাকে ॥ ৯৫—৯৭ ॥ যাহার জিহ্বা সুকোমল, রক্তোৎপলবর্ণ, অথবা শ্বেতঅপরাজিতাবর্ণ হয়, সেই নারী মিষ্টান্নভোজনে অনুরাগবতী হইয়া থাকে। রসনার মধ্যভাগ সংকীর্ণ ও অগ্রভাগ বিস্তীর্ণ হইলে সেই রমণী দুঃখভাগিনী হয়। জিহ্বা শুক্লবর্ণ হইলে সেই নারী জলমগ্ন হইয়া প্রাণত্যাগ করে। কৃষ্ণবর্ণ হইলে কলহপ্রিয়া, খর্ব্ব হইলে অভক্ষ্যভক্ষণে স্পৃহাবতী এবং স্থূল হইলে দরিদ্রা হয়। বিশালরসনা রমণীগণ প্রমাদিনী হইয়া

কণ্ঠে স্থূলা সুবৃত্তা চ ক্রমতীক্ষ্ণা সুলোহিতা।
অপ্রলম্বা শুভা ঘণ্টী স্থূলা কৃষ্ণা চ দুঃখদা ॥ ১০২ ॥
অলক্ষিতদ্বিজং কিঞ্চিৎ কিঞ্চিৎফুল্লকপোলকম্।
স্মিতং প্রশস্তং সুদৃশামনিমীলিতলোচনম্ ॥ ১০৩ ।
সমবৃত্তপুটা নাসা লঘুচ্ছিদ্রা শুভাবহা।
স্থূলাগ্রা মধ্যনম্রা চ ন প্রশস্তা সমুন্নতা ॥ ১০৪ ।
আকুঞ্চিতারুণাগ্রা চ বৈধব্যক্লেশদায়িনী।
পরপ্রৈষ্যা চ চিপিটা হ্রস্বা দীর্ঘা কলিপ্রিয়া ॥ ১০৫ ।
দীর্ঘায়ুঃকৃৎ ক্ষুতং দীর্ঘং যুগপদ্দ্বিত্রিপিণ্ডিতম্।
ললনালোচনে শস্তে রক্তান্তে কৃষ্ণতারকে ॥ ১০৬ ।

থাকে। যে রমণীর তালুদেশ সুস্নিগ্ধ, কোকনদবর্ণ, ও কোমল, তাহাকে সুলক্ষণা বলা যায়। তালু শুক্লবর্ণ হইলে বিধবা, পীতবর্ণ হইলে সন্ন্যাসিনী, কৃষ্ণবর্ণ হইলে পুত্রবিয়োগিনী, এবং অস্নিগ্ধ হইলে বিবিধ ক্রূরকর্ম্মা হয় ॥ ৯৮,—১০১ ॥ যে নারীর কণ্ঠবণ্টিকা অস্থূল, ক্রমশঃ সূক্ষ্মাগ্র, সুলোহিত, অলম্বিত ও সুগোল, সেই নারী সুখদায়িনী হয়। উহা যাহার স্থূল ও কৃষ্ণবর্ণ, সেই নারীকে বিবাহ করিলে মহাদুঃখ পাইতে হয় ॥ ১০২ ॥ হাস্যকালে যে কামিনীর দন্তাপাতি নেত্রগোচর হয় না, যাহার কপোলযুগল ঈষৎ প্রফুল্ল ও নেত্রযুগল অনিমীলিত থাকে, সেই সুহাসিনী ভামিনী সর্ব্বদাই শুভদায়িনী হন ॥ ১০৩ ॥ যে রমণীর নাসারন্ধ্র সুগোল, ক্ষুদ্রছিদ্র এবং নাসাপুট পরস্পর সমান, সেই রমণী সুলক্ষণা হয়। যাহার নাসিকার মধ্যভাগ নিম্ন, অগ্রভাগ স্থূল ও সমুন্নত, সেই রমণীর পাণিগ্রহণ করা নিষিদ্ধ। নাসিকার অগ্রভাগ কুঞ্চিত ও তাম্রবর্ণ হইলে পতির ক্লেশদায়িনী ও প্রাণনাশিনী হয়। অগ্রভাগ চ্যাপটা, খর্ব্ব, অথবা দীর্ঘ হইলে সেই নারী স্বেচ্ছাচারিণী ও পরিচারিণী হইয়া থাকে। অতিবেগে স্ত্রীলোকের উপর্য্যুপরি দুইতিনবার

গোক্ষীরবর্ণবিশদে সুস্নিগ্ধে কৃষ্ণপক্ষ্মণী।
উন্নতাক্ষী ন দীর্ঘায়ুর্বৃত্তাক্ষী কুলটা ভবেৎ॥ ১০৭।
মেষাক্ষী মহিষাক্ষী চ কেকরাক্ষী ন শোভনা।
কামগৃহীলা নিতরাং গোপিঙ্গাক্ষী সুদুর্বৃত্তা॥ ১০৮।
পারাবতাক্ষী দুঃশীলা রক্তাক্ষী ভর্তৃঘাতিনী।
কোটরানয়না দুষ্টা গজনেত্রা ন শোভনা॥ ১০৯।
পুংশ্চলী বামকাণাক্ষী বন্ধ্যা দক্ষিণকাণিকা।
মধুপিঙ্গাক্ষী রমণী ধনধান্যসমৃদ্ধিভাক্॥ ১১০।
পক্ষ্মভিঃ সুঘনৈঃ স্নিগ্ধৈঃ কৃষ্ণৈঃ সূক্ষ্মৈঃ সুভাগ্যভাক্।
কপিলৈর্বিরলৈ স্থূলৈর্নিন্দ্যা ভবতি ভামিনী॥ ১১১।
ভ্রুবৌ সুবর্ত্তুলে তন্ব্যাঃ স্নিগ্ধে কৃষ্ণে অসংহতে।
প্রশস্তে মৃদুরোমাণৌ সুভ্রুবঃ কার্মুকাকৃতী॥ ১১২।

হাঁচি হইলে সুলক্ষণা হয়॥ ১০৪॥ ১০৫॥ যে কামিনীর নয়ন সুস্নিগ্ধ, নয়নের অপাঙ্গদেশ দুগ্ধের ন্যায় শুক্লবর্ণ, তারকদ্বয় ও পক্ষ্মরাজি ঘোর নিবিড় কৃষ্ণবর্ণ, এবং যাহার নয়নোপান্ত আলোহিত সূক্ষ্মরেখায় শুভাঙ্কিত, সেই কুরঙ্গনয়না কুলাঙ্গনা পরমকল্যাণদায়িনী হন। যাহার নয়ন বর্ত্তুলাকার, সেই নারী কুলটা হয়। নেত্রপুট অতিশয় উন্নত হইলে সেই বিকৃতনয়না অঙ্গনা কদাপি দীর্ঘজীবিনী হয় না। মেষাক্ষী, মহিষাক্ষী, অথবা টেরা হইলে নারীগণ অলক্ষণা হয়। গরুর ন্যায় পিঙ্গলাক্ষী রমণীরা নিতান্ত মদনোন্মাদিনী ও দুঃশীলা হইয়া থাকে। কপোতাক্ষী হইলেও দুশ্চরিত্রা হয়। লোহিতাক্ষী হইলে পতিঘাতিনী, কোটরাক্ষী হইলে ব্যাপিকা, এবং গজনেত্রা হইলে অমঙ্গলবিধায়িনী হয়। যে নারীর বামচক্ষু নাই, সেই নারী ব্যভিচারিণী এবং দক্ষিণচক্ষু না থাকিলে বন্ধ্যা হইয়া থাকে। মধুর ন্যায় পিঙ্গলাক্ষী সুলোচনা ললনা প্রচুর ধনধান্যাদি নানাবস্তুর অধীশ্বরী হন॥ ১০৬—১১০॥ যে সুন্দরীর নেত্রপক্ষ্ম কৃষ্ণবর্ণ, সুস্নিগ্ধ, সূক্ষ্ম, ও নিবিড়, সেই

খররোমা চ পৃথুলা বিকীর্ণা সরলা স্ত্রিয়াঃ।
ন ভ্রূঃ প্রশস্তা মিলিতা দীর্ঘরোমা চ পিঙ্গলা॥ ১১৩।
লম্বৌ কর্ণৌ শুভাবর্ত্তৌ সুখদৌ চ শুভপ্রদৌ।
শষ্কুলীরহিতৌ নিন্দ্যৌ শিরালৌ কুটিলৌ কৃশৌ॥ ১১৪।
ভালঃ শিরাবিরহিতো নির্লোমার্দ্ধেন্দুসন্নিভঃ।
অনিম্ন স্ত্র্যঙ্গুলো নার্য্যাঃ সৌভাগ্যারোগ্যকারণং।
ব্যক্ত স্বস্তিকরেখঞ্চ ললাটং রাজ্যসম্পদে॥ ১১৫।
প্রলম্বমস্তকং যস্যাঃ দেবরংহন্তি সা ধ্রুবম্।
রোমশেন শিরালেন প্রাংশুনা রোগিণী মতা॥ ১১৬।
সীমন্তঃ সরলঃ শস্তো মৌলিঃ শস্তঃ সমুন্নতঃ।
গজকুম্ভনিভো বৃত্তঃ সৌভাগ্যৈশ্বর্য্যসূচকঃ॥ ১১৭।

সুলক্ষণা ললনা নিশ্চয়ই পরমসৌভাগ্যবতী হইয়া থাকেন। নেত্রপক্ষ্ম বিরল, স্থূল, ও পিঙ্গলবর্ণ হইলে নারীগণ দুর্ভাগ্যবতী হয়॥১১১॥ যাঁহার ভ্রূযুগল অর্দ্ধচন্দ্রাকার, শরাসন সদৃশ, সুচিক্কণ, পরস্পর অসম্মিলিত, এবং ক্ষুদ্রক্ষুদ্র কোমল কৃষ্ণলোমবিশিষ্ট, সেই সুবদনী কামিনী অবশ্যই পতির মঙ্গলদায়িনী হন। ভ্রূযুগল গর্দ্দভলোমসদৃশ, বিস্তীর্ণ, স্থূল, ঋজু, পিঙ্গলবর্ণ, দীর্ঘলোমযুক্ত, এবং পরস্পর সংযোজিত হইলে সেই ভ্রূকুটি-কুটিলা কুলক্ষণা অঙ্গনাকে বিবাহ করিতে নাই॥ ১১২॥ ১১৩॥ নারীগণের শ্রবণপুট আবর্ত্তযুক্ত, ও ঈষৎ দীর্ঘ হইলে পতির সুখদায়িনী ও মঙ্গলদায়িনী হইয়া থাকে। যাহার কর্ণ সুস্পষ্ট শিরাযুক্ত, কুটিল, কৃশ, ও যাহার কর্ণকুহর দৃষ্টিগোচর হয় না, তাহাকে বিবাহ করা কদাচ মঙ্গদায়ক নহে॥ ১১৪॥ যে কামিনীর ললাটদেশ অর্দ্ধচন্দ্রাকৃতি, সুসমতল, শিরাশূন্য, লোমবর্জ্জিত, এবং অঙ্গুলিত্রয়পরিমিত, সেই সুন্দরী কামিনী চিরদিন নিরন্তর সৌভাগ্য ও আরোগ্যবিধান করেন। যাঁহার ললাটদেশে সুস্পষ্ট স্বস্তিকচিহ্ন সুলক্ষিত হয়, সেই শুভলক্ষণশালিণী কুলকামিনী রাজকুললক্ষ্মী হইয়া থাকেন॥ ১১৫॥ যে নারীর মস্তক আলম্বিত,

স্থূলমূর্দ্ধা চ বিধবা দীর্ঘশীর্ষা চ বন্ধকী।
বিশালেনাপি শিরসা ভবেদ্দৌর্ভাগ্যভাজনম্॥ ১১৮।
কেশা অলিকুলচ্ছায়াঃ সূক্ষ্মাঃ স্নিগ্ধা সুকোমলাঃ।
কিঞ্চিদাকুঞ্চিতাগ্রাশ্চ কুটিলাশ্চাতিশোভনাঃ॥ ১১৯।
পরুষা স্ফুটিতাগ্রাশ্চ বিরলাশ্চ শিরোরুহাঃ।
পিঙ্গলা লঘবো রুক্ষা দুঃখদারিদ্র্যবন্ধদাঃ॥ ১২০।
ভ্রুবোরন্তর্ললাটে বা মশকো রাজ্যসূচকঃ।
বামে কপোলে মশকং শোণো মিষ্টান্নদঃ স্ত্রিয়াঃ।
তিলকং লাঞ্ছনং বাপি হৃদি সৌভাগ্যকারণম্॥ ১২১।
যস্যা দক্ষিণবক্ষোজে শোণে তিলকলাঞ্ছনে।
কন্যাচতুষ্টয়ং সূতে সূতে সা চ সুতত্রয়ম্॥ ১২২।

সেই অভাগিনী আপন দেবর বিনাশের হেতু হইয়া থাকে। যাহার শিরো-দেশ শিরাযুক্ত, রোমশ, ও রুক্ষ, সেই অলক্ষণা রমণী চিররোগিণী হয়। যে কামিনীর সীমন্তভাগ সরল, এবং মস্তক ঈষৎ উন্নত, সেই কামিনী ভাগ্যবতী হন। যাঁহার মস্তকের অগ্রভাগ গজকুম্ভের ন্যায় গোলাকার, সেই রমণী পরম সৌভাগ্য ও ঐশ্বর্য্যবতী হইয়া থাকেন। যে নারীর ব্রহ্মতালু অতি স্থূল ও দীর্ঘায়ত, তাহাকে বিবাহ করা নিষিদ্ধ। শিরোভাগ অতিশয় বিশাল হইলে দুর্ভাগ্যের কারণ হয়॥ ১১৬,—১১৮॥ যে সুন্দরী কামিনীর চিকুর-জাল অলিকুলের ন্যায় শ্যামবর্ণ, সূক্ষ্ম, সুস্নিগ্ধ, সুকোমল, কুটিল, এবং আকু-ঞ্চিত ভুজগাকার, সেই কুটিলকুন্তলা কুলবালা অতিশয় পতিপ্রিয়া হন। যাহার কেশ ছত্রাকার, বিরল, হ্রস্ব, কঠিন, রুক্ষ, ও পিঙ্গলবর্ণ, সেই নারী স্বামির দারিদ্র্যদুঃখোৎপাদিনী ও বিপদবর্দ্ধিনী হইয়া থাকে॥ ১১৯॥ ১২০॥ যে বিলাসিনীর ভ্রূযুগের মধ্যস্থলে অথবা ললাটদেশে আঁচিল অথবা মুলাঞ্ছন চিহ্ন থাকে, সেই কামিনীর পতি রাজা হন। যাঁহার বাম কপোলদেশে রক্তোৎ-পলবর্ণ আঁচিল থাকে, সেই বরাঙ্গনা বিবিধ মিষ্টান্নদানে পতির পরিতো-

তিলকং লাঞ্ছনং শোণং যস্যা বামে কুচে ভবেৎ।
একং পুত্রং প্রসূয়াদৌ ততঃ সা বিধবা ভবেৎ॥ ১২৩।
গুহ্যস্য দক্ষিণে ভাগে তিলকং যদি যোষিতঃ।
তদা ক্ষিতিপতেঃ পত্নী সূতে বা ক্ষিতিপং সুতম্॥ ১২৪।
নাসাগ্রে মশকঃ শোণো মহিষ্যা এব জায়তে।
কৃষ্ণঃ স এব ভর্ত্তৃঘ্ন্যাঃ পুংশ্চল্যাশ্চ প্রকীর্ত্তিতঃ॥ ১২৫।
নাভেরধস্তাত্তিলকং মশকো লাঞ্ছনং শুভম্।
মশকস্তিলকং চিহ্নং গুল্‌ফদেশে দরিদ্রকৃৎ॥ ১২৬।
করে কর্ণে কপোলে বা কণ্ঠে বামে ভবেদ্‌যদি।
এষাং ত্রয়াণামেকন্তু প্রাগ্‌গর্ভে পুত্রদং ভবেৎ॥ ১২৭।
ভালগেন ত্রিশূলেন নির্ম্মিতেন স্বয়ম্ভুবা।
নিতম্বিনী সহস্রাণাং স্বামিত্বং যোষিদাপ্নুয়াৎ॥ ১২৮।

ষিণী হইয়া থাকেন। যে সুন্দরীর বক্ষঃস্থলে জড়ুলচিহ্ন থাকে, তাঁহার স্বামী সৌভাগ্যশালী হন। যাঁহার দক্ষিণস্তনে কোকনদবর্ণ জড়ুল থাকে, সেই ভাগ্যবতীর গর্ভে তিনটি পুত্র ও চারিটী কন্যা জন্মগ্রহণ করে। যাহার বামস্তনে ঐ প্রকারের জড়ুল অথবা ধ্বজবজ্রাদিচিহ্ন থাকে, সেই অভাগিনী একটীমাত্র পুত্র প্রসব করিয়াই পতিহীনা হয়॥ ১২১,—১২৩॥

যে রমণীর গুহ্যদেশের দক্ষিণ পার্শ্বে জড়ুল থাকে, সেই ভাগ্যবতী ভামিনী রাজপত্নী হইয়া রাজপুত্র প্রসব করেন। নাসাগ্রে রক্তোৎপলবর্ণ আঁচিল থাকিলেও রাজপত্নীত্ব প্রাপ্তি হয়। সেই আঁচিল কৃষ্ণ বর্ণ হইলে সেই নারী ব্যভিচারিণী হইয়া পতিকে বিনাশ করে। নাভির অধোভাগে জড়ুল অথবা আঁচিল থাকিলে মঙ্গল হয়। যদি গুল্‌ফদেশে ঐ প্রকারের অন্যতর চিহ্ন থাকে, তাহা হইলে সেই নারীর অদৃষ্টে দরিদ্রতা জন্মে। বামকরে, বামকর্ণে, বামকপোলে, অথবা বামকণ্ঠে যদি জড়ুল, আঁচিল, অথবা পদ্ম চিহ্ন থাকে, কিম্বা ঐ তিনটি চিহ্নের মধ্যে যদি অন্ততঃ একটিও চিহ্ন থাকে,

সুপ্তা পরস্পরং যাতু দন্তান্ কিটিকিটায়তে।
সুলক্ষ্মাপি ন সা শস্তা যা কিঞ্চিৎ প্রলপেত্তথা ॥ ১২৯।
পাণৌ প্রদক্ষিণাবর্ত্তো ধর্ম্ম্যো বামো ন শোভনঃ।
নাভৌ শ্রুতাবুরসিবা দক্ষিণাবর্ত্ত ঈড়িতঃ ॥ ১৩০।
সুখায় দক্ষিণাবর্ত্তঃ পৃষ্ঠবংশস্য দক্ষিণে।
অন্তঃপৃষ্ঠং নাভিসমো বহ্বায়ুঃ পুত্রবর্দ্ধনঃ ॥ ১৩১।
রাজপত্ন্যাঃ প্রদৃশ্যেত ভগমৌলৌ প্রদক্ষিণঃ।
সচেচ্ছকটভঙ্গঃ স্যাদ্বহ্বপত্য সুখপ্রদঃ ॥ ১৩২।
কটিগো গুহ্যবেধেন পত্যপত্যনিপাতনঃ।
স্যাতামুদরবেধেন পৃষ্ঠাবর্ত্তৌ ন শোভনৌ ॥ ১৩৩।

তাহা হইলে সেই সুলক্ষণবতীর প্রথমগর্ভে নিশ্চয়ই পুত্রসন্তান জন্মে। বিধাতা যে ভাগ্যবতীর ভাগ্য-ফলকে ত্রিশূলচিহ্ন অঙ্কিত করিয়া দেন, সেই সুলক্ষণবতী রমণী সহস্ররমণীর উপর প্রাধান্য লাভ করিয়া সকলের স্বামিনী হন। যে নারীর নিদ্রাবস্থায় আত্মগত প্রলাপবাক্য উচ্চারিত হইয়া দন্তে দন্তে ঘর্ষণে একপ্রকার বিকৃত শব্দ সমুত্থিত হয়, সেই অভাগিনী কুলক্ষণা নারী কস্মিন্‌কালেও মঙ্গলদায়িনী হয় না। যে নারীর পাণিতলে দক্ষিণাবর্ত্ত বা মণ্ডলাকার রেখা থাকে, সেই সুলক্ষণা কুলাঙ্গনার স্বধর্ম্মে মতি হয়; কিন্তু সেই প্রকারের রেখা বামকরতলে থাকিলে সেই রমণী কখনই শুভদায়িনী হয় না। নাভিমণ্ডলে, বক্ষঃস্থলে, অথবা শ্রুতিমূলে দক্ষিণাবর্ত্ত রেখা থাকিলে সেই নারী অবশ্যই মঙ্গলদায়িনী হন। যে রমণীর পৃষ্ঠদণ্ডের দক্ষিণভাগে, পৃষ্ঠদেশের মধ্যভাগে এবং নাভিমণ্ডলের সমসূত্র পৃষ্ঠস্থলে দক্ষিণাবর্ত্ত রেখা থাকে, সেই সুলক্ষণা ললনা পতির দীর্ঘপরমায়ুর কারণ হইয়া নানাবিধ সুখসমৃদ্ধির অধিকারিণী হন। যোনিদেশের উপরিভাগে যদি দক্ষিণাবর্ত্ত রেখা সুলক্ষিত হয়, তাহা হইলে সেই লক্ষণবতী যুবতী রাজরাণী হইয়া থাকেন। সেই রেখা যদি শকটচিহ্ন হয়, তাহা হইলে বহুপুত্রবতী হইয়া পতির অতুল

একেন হন্তি ভর্ত্তারং ভবেদন্যেন পুংশ্চলী।
কণ্ঠগো দক্ষিণাবর্ত্তো দুঃখবৈধব্যহেতুকঃ ॥ ১৩৪ ।
সীমন্তেঽথ ললাটে বা ত্যজ্যা দূরাৎ প্রযত্নতঃ।
সা পতিং হন্তি বর্ষেণ যস্যা মধ্যে কৃকাটিকম্ ॥ ১৩৫ ।
প্রদক্ষিণো বা বামো বা রোম্নামাবর্ত্তকঃ স্ত্রিয়াঃ।
একো বা মূর্দ্ধনি দ্বৌ বা বামে বামগতী যদি।
আদশাহং পতিঘ্নৌ তৌ ত্যজ্যৌ দূরাৎ সুবুদ্ধিনা ॥১৩৬।
কট্যাবর্ত্তা চ কুলটা নাভ্যাবর্ত্তা পতিব্রতা।
পৃষ্ঠাবর্ত্তা চ ভর্ত্তৃঘ্নী কুলটা বাঽথ জায়তে ॥ ১৩৭ ।

স্কন্দ উবাচ।

সুলক্ষণাপি দুঃশীলা কুলক্ষণশিরোমণিঃ।
অলক্ষণাপি সা সাধ্বী সর্ব্বলক্ষণভূস্তু সা ॥ ১৩৮ ।

ঐশ্বর্য্যপ্রদায়িনী হন। গুহ্যদেশ হইতে আরম্ভ করিয়া কটিদেশপর্য্যন্ত যদি দক্ষিণাবর্ত্ত রেখা যায়, অথবা উদর হইতে অঙ্কিত হইয়া পৃষ্ঠদেশে সংলগ্ন হয়, তাহা হইলে ঐ উভয় চিহ্ন কখনই মঙ্গলদায়ক হয় না। যে নারীর পূর্ব্বোক্ত প্রকার গুহ্যরেখা থাকে, সেই দুর্ভাগিনী পতিপুত্রবিহীনা অবীরা হয়। ঐ দুটি চিহ্নের মধ্যে একটিতে পতিঘাতিনী, অপরটিতে কুলাঙ্গনা বারাঙ্গনা হয়। কণ্ঠদেশে দক্ষিণাবর্ত্ত রেখা থাকিলে নারীগণ বিধবা হইয়া চিরদুঃখিনী হয়। নারীর সীমন্তদেশে অথবা ললাটদেশে দক্ষিণাবর্ত্ত রেখা থাকিলে সেই কুলক্ষণা নারীকে দূরে পরিত্যাগ করা উচিত। যে নারীর গ্রীবার মধ্যভাগে ঐ রেখা থাকে, সেই পাপীয়সী বিবাহের পর একবৎসরের মধ্যেই পতির পরমায়ু গ্রাস করিয়া ফেলে। যে সকল নারীর তালুদেশের বামদিকে দক্ষিণাবর্ত্ত অথবা বামাবর্ত্ত লোমরেখা থাকে, সেই অলক্ষণা নারীগণকে প্রযত্নসহকারে পরিবর্জ্জন করা উচিত। তাহাদিগকে বিবাহ করিলে সেই রাক্ষসীরা বিবাহের পর দশ দিবসের মধ্যেই পতির প্রাণনাশ করিয়া

সুলক্ষণা সুচারিত্রা স্বাধীনপতিদেবতা।
বিশ্বেশানুগ্রহাদেব গৃহে যোষিদবাপ্যতে ॥ ১৩৯ ।
অলঙ্কৃতাঃ সুবাসিন্যো যাভিঃ প্রাক্তনজন্মনি।
নানাবিধৈরলঙ্কারৈস্তাঃ সুরূপা ভবন্তি হি ॥ ১৪০ ।
সুতীর্থেষু বপুর্যাভিঃ ক্ষালিতম্বা বিহায়িতং।
তা লাবণ্যতরঙ্গিণ্যো ভবন্তীহ সুলক্ষণাঃ ॥ ১৪১ ।
অর্চ্চিতা জগতাংমাতা যাভির্ম্মৃড়বধূরিহ।
তা ভবন্তি সুচারিত্রা যোষাঃ স্বাধীনভর্ত্তৃকাঃ ॥ ১৪২ ।
স্বাধীনপতিকানাঞ্চ সুশীলানাং মৃগীদৃশাম্।
স্বর্গাপবর্গাবত্রৈব সুলক্ষণফলং হি তৎ ॥ ১৪৩ ।
সুলক্ষণৈঃ সুচরিতৈরপি মন্দায়ুষং পতিম্।
দীর্ঘায়ুষং প্রকুর্ব্বন্তি প্রমদাঃ প্রমদাস্পদম্ ॥ ১৪৪ ।

থাকে। যাহার কটিদেশে দক্ষিণাবর্ত্ত রেখা থাকে, সেই নারী কুলটা হয়। যাহার নাভিদেশে দক্ষিণাবর্ত্ত রেখা থাকে, তিনি পতিব্রতা হন। নারীগণের পৃষ্ঠদেশে দক্ষিণাবর্ত্ত রেখা থাকিলে হয় পতিনাশিনী নতুবা কুলটা হইয়া গৃহত্যাগিনী হয়। স্কন্দকহিলেন, হে অগস্ত্য! নারীকুলের যে সকল লক্ষণ আমি তোমার নিকট কীর্ত্তন করিলাম, অবস্থাবিশেষে তাহার মধ্যে ইতরবিশেষ হইতে পারে। বিশ্বেশ্বর যদি অনুগ্রহ করেন, তাহা হইলে অলক্ষণাও সমস্ত সুলক্ষণবিভূষণা হইয়া নানা ঐশ্বর্য্যশালিনী সাধ্বীসতী পতিব্রতা হয়। বিশ্বেশ্বরের অকৃপা হইলে সর্ব্ব সুলক্ষণসুশোভিনী রমণীও দুঃশীলা হইয়া যায়। পূর্ব্বজন্মে যে রমণীরা পিতৃমাতৃস্নেহে আদরিণী, সুখভোগিনী এবং নানা অলঙ্কারবিভূষিণী থাকে, পরজন্মে তাহারা পরম রূপ লাবণ্যবতী হইয়া বিচিত্র অলঙ্কারে সুশোভিনী হয়। যে ধর্ম্মানুরাগিণী কামিনী পবিত্র তীর্থজলে স্নান করিয়া বিধৌতদেহ ও বিচ্যুতপাপ হইয়াছেন, সেই পুণ্যবতী রমণী পরম রূপলাবণ্যবতী হইয়া অতি সুলক্ষণা হন; কিন্তু যিনি বিশুদ্ধ-

অতঃ সুলক্ষণা যোষা পরিণেয়া বিচক্ষণৈঃ।
লক্ষণানি পরীক্ষ্যাদৌ হিত্বা দুর্লক্ষণান্যপি ॥ ১৪৫।
লক্ষণানি ময়োক্তানি সুখায় গৃহমেধিনাম্।
বিবাহানপি বক্ষ্যামি তন্নিবোধ ঘটোদ্ভব ॥ ১৪৬।

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে স্ত্রীলক্ষণবর্ণনং নাম
সপ্তত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

চিত্তে ভক্তিপূর্ব্বক মহেশ্বরমহিষী জগজ্জননী অন্নপূর্ণাদেবীর অর্চ্চনা করেন, তিনি সুচরিত্রা হইয়া স্বাধীনভর্ত্তৃকা হন। তাঁহার পুণ্যশীল পতি চিরদিন কেবল তাঁহাতেই অনুরক্ত হইয়া থাকেন, চিরজীবনের মধ্যে কস্মিন্ কালেও দ্বিতীয়া রমণীতে অনুরাগী হন না। যে সকল সুশীলা কুলাঙ্গনা স্বাধীনভর্ত্তৃকা হন, তাঁহারা সেই ফলেই স্বর্গাপবর্গ প্রাপ্ত হইয়া থাকেন। যে পুরুষের অল্পায়ু হওয়া বিধাতার লিপি, তিনি যদি সুশীলা সুলক্ষণা কুলকন্যার পাণিগ্রহণ করেন, তাহা হইলে পত্নীর প্রসাদে দীর্ঘজীবী হইয়া পতিপরায়ণা সতীসাধ্বী প্রমদার পরমপ্রণয়াস্পদ হন। বিচক্ষণ ব্যক্তিরা সর্ব্বাগ্রে পরীক্ষা করিয়া সুশীলা সুলক্ষণা কুমারীর পাণিগ্রহণ করিবেন। পরীক্ষায় যাহারা কুলক্ষণারূপে পরিগণ্য হইবে, তাহাদিগকে সর্ব্বপ্রযত্নে পরিবর্জ্জন করা অবশ্যকর্ত্তব্য।

স্কন্দ কহিলেন, হে ঋষিশ্রেষ্ঠ! নারীগণের যে যে লক্ষণ থাকিলে পতির শুভাশুভ হয়, গৃহাশ্রমিগণের মঙ্গলের নিমিত্ত তাহা আমি তোমার নিকট কীর্ত্তন করিলাম। অতঃপর উদ্বাহপদ্ধতি সবিস্তরে বর্ণন করিতেছি, অবহিতচিত্তে শ্রবণ কর ॥ ১২৪,—১৪৬ ॥

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে নারীলক্ষণ নাম
সপ্তত্রিংশত্তম অধ্যায়।

অষ্টত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

স্কন্দ উবাচ।

বিবাহা ব্রাহ্মদৈবার্ষাঃ প্রাজাপত্যাসুরৌ তথা।
গান্ধর্ব্বো রাক্ষসশ্চাপি পৈশাচোঽষ্টম উচ্যতে॥ ১।
স ব্রাহ্মো বরমাহূয় যত্র কন্যাস্বলঙ্কৃতা।
দীয়তে তৎসুতঃ পূয়াৎ পুরুষানেকবিংশতিম্॥ ২।
যজ্ঞস্থায়র্ত্ত্বিজে দৈবস্তজ্জঃপাতি চতুর্দ্দশ।
বরাদাদায় গোদ্বন্দ্বমার্ষস্তজ্জঃপুনাতি ষট্॥ ৩।
সহোভৌ চরতাং ধর্ম্মমিত্যুক্ত্বা দীয়তের্থিনে।
যত্র কন্যা প্রাজাপত্যস্তঽজ্জোবংশান্ পুনাতি ষট্॥ ৪।

অষ্টত্রিংশত্তম অধ্যায়।

স্কন্দ কহিলেন, হে ঋষিসত্তম! শাস্ত্রে অষ্টবিধ বিবাহ উক্ত হইয়াছে। যথা:—ব্রাহ্ম, দৈব, আর্ষ, প্রাজাপত্য, আসুব, গান্ধর্ব্ব, বাক্ষস ও পৈশাচ॥ ১॥ শুদ্ধচিত্তে বিধিপূর্ব্বক পাত্রকে অর্চ্চনা কবিয়া সালঙ্কৃতা কন্যা সম্প্রদান কবাকে ব্রাহ্মবিবাহ বলে। ব্রাহ্মবিধানানুসাবে কন্যাদান কবিলে সম্প্রদাতাব উর্দ্ধতন একবিংশতি পুরুষ পবিত্র হন॥ ২॥

শাস্ত্রমতে যজ্ঞানুষ্ঠান কবিযা সর্ব্বালঙ্কাবভূষিতা দুহিতাকে সুপাত্রে সম্প্রদান কবার নাম দৈববিবাহ। সেই কন্যাব গর্ভে পুত্র হইলে চতুর্দ্দশ পুরুষ পবিত্র হইযা থাকেন। বিধিপূর্ব্বক ববেব নিকট গোমিথুন গ্রহণ কবিয়া অলঙ্কৃতা কন্যা সম্প্রদান কবাকে আর্ষবিবাহ কহে। সেই কন্যাব গর্ভে যে পুত্র জন্মে, তাহার দ্বারা ছয় পুরুষ পবিত্র হন। পতিব সহিত ভক্তিমতী হইয়া এই কন্যা ধর্ম্মানুষ্ঠান করুন, এই মন্ত্রে বিধিপূর্ব্বক অলঙ্কৃতা কন্যা দান করাব নাম প্রাজাপত্যবিবাহ। সেই কন্যাব গর্ভজাত পুত্রও ছয পুরুষ পবিত্র করে॥ ৩॥ ৪॥

চত্বার এতে বিপ্রাণাং ধর্ম্ম্যাঃপাণিগ্রহাঃ স্মৃতাঃ।
আসুরঃ ক্রয়ণাদ্রব্যৈর্গান্ধর্ব্বোনোন্য মৈত্রতঃ ॥ ৫।
প্রসহ্য কন্যাহরণাৎ রাক্ষসো নিন্দিতঃ সতাম্।
ছলেন কন্যাহরণাৎ পৈশাচো গর্হিতোঽষ্টমঃ ॥ ৬।
প্রায়ঃ ক্ষত্রবিশোরুক্তা গান্ধর্ব্বাঽসুররাক্ষসাঃ।
অষ্টমস্ত্বেষ পাপিষ্ঠঃ পাপিষ্ঠানাঞ্চ সম্ভবেৎ ॥ ৭।
সবর্ণয়া করো গ্রাহ্যো ধার্য্যঃ ক্ষত্রিয়য়া শরঃ।
প্রতোদো বৈশ্যয়া ধার্য্যো বাসোন্তঃ শূদ্রয়া তথা ॥ ৮।
অসবর্ণাস্ত্বেষ বিধিঃ স্মৃতো দৃষ্টশ্চ বেদনে।
সবর্ণাভিস্তু সর্ব্বাভিঃ পাণিগ্রাহ্যস্ত্বয়ং বিধিঃ ॥ ৯।

এই চতুর্ব্বিধ বিবাহের মধ্যে ব্রাহ্মবিবাহই ব্রাহ্মণের পরমধর্ম্ম। কন্যার পিতাকে যথাশক্তি অর্থ প্রদান করিয়া যে বিবাহ হয়, তাহার নাম আসুর বিবাহ। বরকন্যা উভয়ের ইচ্ছাতে পরস্পর মনোনীত করিয়া যে বিবাহ হয়, তাহাকে গান্ধর্ব্ব বিবাহ বলে। যুদ্ধে জয়লাভ করিয়া অথবা ভয়প্রদর্শন করিয়া রোরুদ্যমানা কন্যাকে সহসা বলপূর্ব্বক হরণ করার নাম সাধুবিগর্হিত রাক্ষসবিবাহ। নিদ্রিতাবস্থায়, প্রমত্তাবস্থায়, অথবা নির্জ্জনে ছদ্মবেশে কাম-ভাবে কন্যাহরণ করাকে পৈশাচবিবাহ কহে। যাহারা এই শেষোক্তপ্রকারে বিবাহ করে, শাস্ত্রকারেরা তাহাদিগকে পাপিষ্ঠ বলিয়া গণনা করেন ॥ ৫।৬ ॥

আসুর, গান্ধর্ব্ব ও রাক্ষস, এই তিনপ্রকার বিবাহ ক্ষত্রিয় ও বৈশ্যদিগের প্রায়ই সংঘটিত হয়। পৈশাচবিবাহ অতি অপকৃষ্ট,—নিকৃষ্ট পাপিষ্ঠেরাই কেবল তাহাতে অনুরক্ত হইয়া থাকে ॥ ৭ ॥

পরিণয়কালে সবর্ণবিবাহে বরকন্যার পরস্পর করগ্রহণ করা ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র, এই চতুর্ব্বর্ণের পক্ষেই কর্ত্তব্য বলিয়া পরিগণিত হইয়াছে। ক্ষত্রিয়কন্যা অসবর্ণ বরের পাণিগ্রহণসময়ে বরের করস্থিত একটী শর ধারণ করিবে। বৈশ্যকন্যা অশ্বকশা, এবং শূদ্রতনয়া বরের বসনপ্রান্ত ধারণ করিবে। সবর্ণবিবাহে যেরূপ বিধি এবং অসবর্ণবিবাহের যেরূপ নিয়ম,

ধর্ম্মৈর্বিবাহৈর্জায়ন্তে ধর্ম্ম্যা এব শতায়ুষঃ।
অধর্ম্মৈর্ধর্ম্মরহিতা মন্দভাগ্য ধনায়ুষঃ॥ ১০।
ঋতুকালাভিগমনং ধর্ম্মোয়ং গৃহিণঃ পরঃ।
স্ত্রীণাং বরমনুস্মৃত্য যথা কাম্যঽথবা ভবেৎ॥ ১১।
দিবাভিগমনং পুংসামনায়ুষ্যং পরং মতম্।
শ্রাদ্ধাহঃসর্ব্বপর্ব্বাণি যত্নাত্ত্যাজ্যানি ধীমতা।
তত্র গচ্ছন্ স্ত্রিয়ং মোহাদ্ধর্ম্মাৎ প্রচ্যবতে পরাৎ॥ ১২।
ঋতুকালাভিগামী যঃ স্বদারনিরতশ্চ যঃ।
স সদা ব্রহ্মচারী চ বিজ্ঞেয়ঃ সদা গৃহাশ্রমী॥ ১৩।
ঋতুঃ ষোড়শযামিন্যশ্চতস্রস্তাসু গর্হিতাঃ।
পুত্রাস্তাস্বপি যা যুগ্মা অযুগ্মাঃ কন্যকা প্রজাঃ॥ ১৪।

তাহা সংক্ষেপে উল্লেখিত হইল। ধর্ম্মানুগত বৈধবিবাহে ধর্ম্মবৃদ্ধি ও আয়ু বৃদ্ধি হয়। ধর্ম্মবর্জ্জিত অবৈধবিবাহে ধর্ম্মক্ষয়, ধনক্ষয়, ও আয়ুক্ষয় হইয়া থাকে॥ ৮,—১০॥

স্বধর্ম্মবতী ঋতুস্নাতা সহধর্ম্মিণীতে অভিগমন করা গৃহাশ্রমী ধর্ম্মনিষ্ঠ পুরুষের পরমধর্ম্ম। ভার্য্যার ইচ্ছাতেই হউক, অথবা আত্মানুরাগেই হউক, উভয়ত্রই পত্নীর ঋতুরক্ষা করা অবশ্যকর্ত্তব্য॥ ১১॥ দিবাভাগে স্ত্রীগমন করিলে পুরুষের আয়ুক্ষয় হয়। তদ্ব্যতীত অমাবস্যাদি পর্ব্বদিনে, এবং শ্রাদ্ধবাসরে ভার্য্যাসহবাস জ্ঞানবানের পক্ষে নিতান্ত নিষিদ্ধ। মোহবশতঃ ঐ সকল দিবসে স্ত্রীসম্ভোগ করিলে আশ্রমী পুরুষেরা স্বধর্ম্ম হইতে বিচ্যুত হইয়া থাকে॥ ১২॥ যে ব্যক্তি কেবল একমাত্র ভার্য্যাতে অনুরক্ত, এবং যিনি শাস্ত্রোক্ত ঋতুকালে বিধিপূর্ব্বক স্বীয় পত্নীতে অভিগত হন, তিনি সর্ব্বথা ব্রহ্মচর্য্য নিয়ম পালন করিয়াও সাধুসম্মত সুমহৎ শ্রেষ্ঠ গৃহাশ্রমী বলিয়া গণ্য হইয়া থাকেন॥ ১৩॥ প্রথমদিবসাবধি ষোড়শ অহোরাত্রই প্রকৃত ঋতুকাল। ইহার মধ্যে প্রথম চারিদিবস পরিত্যজ্য। চতুর্থ রজনী হইতে

ত্যক্ত্বা চন্দ্রমসং তুষ্টং মঘাং পৌষ্ণং বিহায় চ।
শুচিঃ সন্নির্বিশেৎ পত্নীং পুন্নামর্ক্ষে বিশেষতঃ।
শুচিং পুত্রং প্রসূয়েত পুরুষার্থপ্রসাধকম্ ॥ ১৫।
আর্ষে বিবাহে গোদ্বন্দ্বং যদুক্তং তন্ন শস্যতে।
শুল্কমণ্বপি কন্যায়াঃ কন্যাবিক্রয়পাপকৃৎ ॥ ১৬।
অপত্যবিক্রয়ী কল্পং বসেদ্বিট্‌কৃমি ভোজনে।
অতো নাণ্বপি কন্যা যা উপজীবেৎ পিতা ধনম্ ॥ ১৭।
স্ত্রীধনান্যুপজীবন্তি যে মোহাদিহ বান্ধবাঃ।
ন কেবলং নিরয়গাস্তেষামপি হি পূর্ব্বজাঃ॥ ১৮।
পত্যা তুষ্যতি যত্র স্ত্রী তুষ্যেদ্ যত্র স্ত্রিয়া পতিঃ।
তত্র তুষ্টা মহালক্ষ্মীর্নি বসেদ্দানবারিণা ॥ ১৯।

যুগ্ম দিবসে স্ত্রীসহবাস করিলে পুত্র জন্মে, অযুগ্মদিনে গমন করিলে কন্যা হয় ॥ ১৪ ॥ যে রাত্রে চন্দ্রগ্রহণ হয়, সেই রাত্রি, এবং মঘা ও রেবতী নক্ষত্র পরিত্যাগ করিয়া শ্রবণা, হস্তা, পুনর্ব্বসু মূলা, পুষ্যা ও মৃগশিরা নক্ষত্রে পবিত্রভাবে ভার্য্যাসহবাস করা বিধেয়। শুচি হইয়া সহবাস করিলে সেই গর্ভজাত পুত্র পরমধার্ম্মিক হয় ॥ ১৫ ॥ আর্ষবিবাহে বরের নিকট হইতে গোমিথুন গ্রহণের বিধি শাস্ত্রে কথিত হইয়াছে, কিন্তু ঐরূপ শুল্কগ্রহণ করা প্রশস্ত হইতে পারে না। কারণ পণ লইয়া বিবাহ দিলে কন্যাবিক্রয়ের পাতক হয় ॥ ১৬ ॥ কন্যা বিক্রয় করিয়া যে ধনাগম হয়, তদ্দ্বারা জীবিকা নির্ব্বাহ করিতে নাই। যে পিতা কন্যা বিক্রয় করে, তাহাকে কল্পান্তকাল পর্য্যন্ত নরকে বাস করিতে হয়। কন্যাবিক্রয়ের পণে যাহারা জীবিকা নির্ব্বাহ করে, কেবল তাহারাই যে, নিরয়গামী হয় এরূপ নহে, তাহাদিগের পূর্ব্ব পুরুষেরাও নরকবাসী হইয়া থাকে ॥ ১৭ ॥ ১৮ ॥ যে সংসারে পতির প্রতি পত্নী পরিতুষ্ট, এবং পত্নীর প্রতি পতি সন্তুষ্ট, সেই সুপবিত্র ধর্ম্মসংসারে কমলা সদা কমলা অনুক্ষণ নারায়ণের সহচারিণী হইয়া অচঞ্চলভাবে বাস করিয়া

বাণিজ্যং নৃপতেঃ সেবা বেদানধ্যয়নং তথা।
কুবিবাহঃ ক্রিয়ালোপঃ কুলে পতনহেতবঃ ॥ ২০ ।
কুর্য্যাদ্বৈবাহিকে বহ্নৌ গৃহ্যং কর্ম্মান্বহং গৃহী।
পঞ্চযজ্ঞক্রিয়াঞ্চাপি পংক্তিং দৈনন্দিনীমপি ॥ ২১ ।
গৃহস্থাশ্রমিণঃ পঞ্চসূনাকর্ম্ম দিনেদিনে।
কণ্ডনী পেষণী চুল্লীহ্যুদকম্ভস্তু মার্জ্জনী ॥ ২২ ।
তাসাঞ্চ পঞ্চসূনানাং নিরাকরণহেতবঃ।
ক্রতবঃ পঞ্চনির্দ্দিষ্টা গৃহিশ্রেয়োভিবর্দ্ধনাঃ ॥ ২৩ ।
পাঠনং ব্রহ্মযজ্ঞঃ স্যাত্তর্পণঞ্চ পিতৃক্রতুঃ।
হোমো দৈবো বলির্ভৌতোঽতিথ্যর্চ্চা নৃক্রতুঃ ক্রমাৎ ॥২৪।
পিতৃপ্রীতিং প্রকুর্ব্বাণঃ কুর্ব্বীত শ্রাদ্ধমন্বহম্।
অন্নোদকপয়োমূলফলৈর্ব্বাপি গৃহাশ্রমী ॥ ২৫ ।

থাকেন ॥ ১৯ ॥ বাণিজ্য, রাজসেবা ও বেদাধ্যয়নবর্জ্জিত হইয়া এবং বৈবাহিক বৈধক্রিয়া পরিত্যাগ করিয়া যাহারা বিবাহ করে, সেই সকল কুবিবাহকারীর কুল পতিত হয় ॥ ২০ ॥ পরিণয়কালে অগ্নিস্থাপন করিয়া সেই অগ্নিতে অহরহ সামবেদক্রিয়া, পঞ্চযজ্ঞ ও পাকযজ্ঞের অনুষ্ঠান করা বিধেয় ॥ ২১ ॥ উদূখল, জাঁতা, চুল্লী, জলকুম্ভ ও গৃহমার্জ্জনী, এই পাঁচটী গৃহাশ্রমিগণের পাপস্থান। শাস্ত্রকারেরা ইহাকে পঞ্চসূনা কহেন। এই পঞ্চপাপের প্রশমনার্থ পঞ্চপ্রকার যজ্ঞের বিধান আছে। প্রতিদিন তাহার অনুষ্ঠান করিলে গৃহস্থগণের শ্রেয়ঃ বৃদ্ধি হয়। এই পঞ্চযজ্ঞের প্রকারভেদ এইরূপ। যথাঃ— প্রথমতঃ বেদাধ্যয়ন, ইহার নাম ব্রহ্মযজ্ঞ, দ্বিতীয়তঃ তর্পণ, পিতৃযজ্ঞ, তৃতীয়তঃ হোম, দৈবযজ্ঞ,— চতুর্থতঃ বলি, ভূতযজ্ঞ, এবং পঞ্চমতঃ অতিথিসৎকার, ইহার নাম নরযজ্ঞ। অন্নের দ্বারাই হউক, জলের দ্বারাই হউক, কন্দের দ্বারাই হউক, অথবা ফলের দ্বারাই হউক, পিতৃগণের পরিতোষের নিমিত্ত গৃহাশ্রমিগণ প্রতিদিবস শ্রাদ্ধক্রিয়ার অনুষ্ঠান

গোদানে ন চ যৎপুণ্যং পাত্রায় বিধিপূর্ব্বকম্।
সৎকৃত্য ভিক্ষবে ভিক্ষাং দত্ত্বা তৎফলমাপ্নুয়াৎ॥ ২৬।
তপোবিদ্যাসমিদ্ধীপ্তে হুতং বিপ্রাস্যপাবকে।
তারয়েৎ বিঘ্নসঙ্ঘেভ্যঃ পাপাব্ধেরপি দুস্তরাৎ॥ ২৭।
অনর্চ্চিতোঽতিথির্গেহাদ্ভগ্নাশো যস্য গচ্ছতি।
আজন্মসঞ্চিতাৎ পুণ্যাৎ ক্ষণাৎ স হি বহির্ভবেৎ॥ ২৮।
সান্ত্বপূর্ব্বাণি বাক্যানি শয্যার্থে ভূস্তৃণোদকে।
এতান্যপি প্রদেয়ানি সদাভ্যাগততুষ্টয়ে॥ ৩০।
গৃহস্থঃ পরপাকাদী প্রেত্য তৎপশুতাং ব্রজেৎ।
শ্রেয়ঃ পরান্নপুষ্টস্য গৃহ্ণীয়াদন্নদো যতঃ॥ ৩১।

করিবেন॥২২—২৫॥ বিধিপূর্ব্বক সৎপাত্রে ধেনু দান করিলে যেরূপ ফল, ভিক্ষাজীবীকে সমাদরপূর্ব্বক ভিক্ষা দান করিলেও গৃহস্থগণের সেইরূপ পুণ্য হয়॥ ২৬॥ তপ ও বিদ্যারূপ সমিধের দ্বারা যে ব্রাহ্মণের আস্যপাবক সমুদ্দীপ্ত, সেই অনলে আহুতি প্রদান করিলে গৃহাশ্রমের সমস্ত বিঘ্ন বিদূরিত হইয়া দুস্তর পাপার্ণব হইতে পরিত্রাণ হয়। তপোবিদ্যাবিশারদ ব্রাহ্মণকে শ্রদ্ধাপূর্ব্বক ভোজন করাইলে এই ফল লাভ হইয়া থাকে॥ ২৭॥ যে গৃহস্থের গৃহ হইতে অতিথি অনাদৃত হইয়া বিমুখ হয়, সেই নিরাশ অতিথি ক্ষুব্ধচিত্তে সেই গৃহস্থের আজীবন সঞ্চিত সমস্ত পুণ্য লইয়া প্রস্থান করে॥ ২৮॥ গৃহে অতিথি সমাগত হইলে তাঁহার পরিতুষ্টির নিমিত্ত ভক্তিপূর্ব্বক উপবেশনস্থান, আসন ও উদক প্রদান করা গৃহাশ্রমি ব্যক্তির অবশ্যকর্ত্তব্য॥ ২৯॥ গৃহস্থ ব্যক্তি যদি অনাহূত হইয়া পরপাক পরান্ন ভক্ষণ করে, তাহা হইলে তাহাকে সেই অন্নদাতার পশু হইয়া জন্মগ্রহণ করিতে হয় এবং তাহার সমস্ত পুণ্যফল সেই অন্নদাতাই প্রাপ্ত হইয়া থাকেন॥ ৩০॥ সূর্য্যাস্ত সময়ে গৃহস্থের আবাসে যদি অতিথি আগমন করেন, তাহা হইলে বিধিপূর্ব্বক তাঁহার সৎকার করা গৃহস্থের উচিত। তদন্যথায় সেই অতিথি বিমুখ

আদিত্যোঢ়োঽতিথিঃ সায়ং সৎকর্ত্তব্যঃ প্রযত্নতঃ।
অসৎকৃতোঽন্যতো গচ্ছন্ দুষ্কৃতং ভূরি যচ্ছতি ॥ ৩২ ॥
ভুঞ্জানোঽতিথিশেষান্নমিহায়ুর্দ্ধনভাগ্‌ভবেৎ।
প্রণোদ্যাঽতিথিমন্নাশী কিল্বিষী চ গৃহাশ্রমী ॥ ৩৩।
বৈশ্বদেবান্তু সম্প্রাপ্তঃ সূর্য্যোঢ়ো বাঽতিথিঃ স্মৃতঃ।
ন পূর্ব্বকাল আয়াতো ন চ দৃষ্টচরঃ ক্বচিৎ ॥ ৩৪।
বলিপাত্রকরে বিপ্রে যদ্যন্যোঽতিথিরাগতঃ।
অদত্ত্বা তং বলিং তস্মৈ যথাশক্ত্যান্নমর্পয়েৎ ॥ ৩৫।
কুমারাশ্চ সুবাসিন্যো গর্ভিণ্যোঽতিরুজান্বিতাঃ।
অতিথেরাদিতোঽপ্যেতে ভোজ্যা নাত্র বিচারণা ॥ ৩৬।

হইয়া স্থানান্তরে যাইবার সময় আপনার অর্জ্জিত সমস্ত পাপ সেই গৃহস্থের মস্তকে সমর্পণ করিয়া যান ॥ ৩১ ॥ ভক্তিপূর্ব্বক অতিথিসৎকার করিয়া অতিথির ভোজনান্তে ভোজন করিলে গৃহস্থের ধন ও পরমায়ু পরিবর্দ্ধিত হয়। অতিথিকে বিমুখ করিয়া যে গৃহস্থ সচ্ছন্দে অন্ন ভক্ষণ করে, সেই নরাধমের মহাপাতক হইয়া থাকে ॥ ৩২ ॥ বিধিপূর্ব্বক বৈশ্বদেবহোমের অবসানে এবং সূর্য্যদেবের অস্তগমনকালে যে অতিথি উপস্থিত হন, তাঁহাকেই প্রকৃত অতিথি বলা যায়। বৈশ্বদেবকর্ম্মানুষ্ঠানের পূর্ব্বে যাঁহারা আগমন করেন, অথবা যাঁহাদিগের সহিত পূর্ব্বে সাক্ষাৎকার লাভ হইয়াছে, শাস্ত্রমতে তাঁহাদিগকে অতিথি বলা যায় না ॥ ৩৩ ॥

গৃহস্থ ব্রাহ্মণ যৎকালে ভূতবলির ভোজ্যপাত্র গ্রহণপূর্ব্বক উপবিষ্ট থাকেন, তৎকালে যদি কোন অতিথির আগমন হয়, তাহা হইলে যাঁহার উদ্দেশে সেই অদত্ত বলিভাগ প্রদত্ত হইত, তাঁহাকে অর্পণ না করিয়া সেই অতিথিকেই প্রদান করা উচিত ॥ ৩৪ ॥ নিয়ত পিতৃগৃহবাসিনী কামিনী, গর্ভবতী রমণী, পীড়িত ব্যক্তি এবং শিশুগণকে অতিথির অগ্রেও ভোজ্য প্রদান করা যাইতে পারে। এই সকল স্থলে কালাকাল বিবেচনা করিতে হয় না ॥ ৩৫ ॥ পিতৃগণের ও দেবগণের উদ্দেশে এবং সমাগত নরনারীগণকে অগ্রে ভোজ্য

পিতৃদেবমনুষ্যেভ্যো দত্ত্বাশ্নাত্যমৃতং গৃহী।
স্বার্থং পচন্নঘং ভুঙ্‌ক্তে কেবলং স্বোদরম্ভরিঃ॥ ৩৭।
মধ্যাহ্নিকং বৈশ্বদেবং গৃহস্থঃ স্বয়মাচরেৎ।
পত্নী সায়ং বলিং দদ্যাৎ সিদ্ধান্নৈর্মন্ত্রবর্জ্জিতম্॥ ৩৮।
এতৎ সায়ন্তনং নাম বৈশ্বদেবং গৃহাশ্রমে।
সায়ংপ্রাতর্ভবেদেবং বৈশ্বদেবং প্রযত্নতঃ॥ ৩৯।
বৈশ্বদেবেন যে হীনা আতিথ্যেন বিবর্জ্জিতাঃ।
সর্ব্বে তে বৃষলাজ্ঞেয়াঃ প্রাপ্তবেদা অপি দ্বিজাঃ॥ ৪০।
অকৃত্বা বৈশ্বদেবন্তু ভুঞ্জতে যে দ্বিজাধমাঃ।
ইহলোকেঽন্নহীনাঃ স্যুঃ কাকযোনিং ব্রজন্ত্যথ॥ ৪১।
বেদোদিতং স্বকং কর্ম্ম নিত্যং কুর্য্যাদতন্দ্রিতঃ।
তদ্ধি কুর্ব্বন্ যথাশক্তি প্রাপ্নুয়াৎ সদ্গতিং পরাম্॥ ৪২।

প্রদান করিয়া যে গৃহস্থ অবশেষে স্বয়ং ভোজন করেন, তাঁহার অমৃত ভোজন করা হয়। যে গৃহস্থ কেবল আপনার নিমিত্তই অন্নাদি পাক করে, সেই আত্মোদরপরায়ণ ঔদরিক গৃহস্থ অশেষ পাপভোগী হয়॥ ৩৬॥ গৃহস্থ স্বয়ং বিধিপূর্ব্বক মধ্যাহ্নকালে বৈশ্বদেবযজ্ঞের অনুষ্ঠান করিবেন। সায়ংকালে তাঁহার পত্নী ভক্তিমতী হইয়া অন্ন পাকানন্তর অমন্ত্রক বলি প্রদান করিবেন। এই সন্ধ্যাবলির নাম গৃহস্থাশ্রমে সায়ংকালীন বৈশ্বদেব বলি। এই প্রকারে সায়ং প্রাতঃ উভয় কালেই প্রযত্ন সহকারে বলি প্রদান করা বিহিত॥ ৩৭। ৩৮॥ যে সকল গৃহস্থ দ্বিজ বৈশ্বদেবযজ্ঞবিহীন এবং অতিথিসৎকারে পরাঙ্মুখ, তাঁহারা বেদজ্ঞ হইলেও তাঁহাদিগের শূদ্রত্ব প্রাপ্তি হয়। বৈশ্বদেব যজ্ঞের অনুষ্ঠান না করিয়া যে গৃহস্থগণ অগ্রে অন্ন ভোজন করে, সেই দ্বিজাধমেরা ইহলোকে নিরন্ন হইয়া জন্মান্তরে কাক হইয়া জন্মগ্রহণ করে॥ গৃহস্থগণ নিরালস্য হইয়া প্রতিদিবস স্ব স্ব বেদোক্ত নিত্যকর্ম্মের

ষষ্ঠ্যষ্টম্যোর্বসেৎ পাপং তৈলে মাংসে সদৈব হি।
পঞ্চদশ্যাং চতুর্দ্দশ্যাং তথৈব চ ভগে ক্ষুরে॥ ৪৩।
উদয়ন্তং নচেক্ষেত নাস্তয়ন্তং ন মধ্যগম্।
ন রাহুণোপসৃষ্টঞ্চ নাম্বুসংস্থং দিবাকরম্॥ ৪৪।
ন বীক্ষেতাত্মনো রূপমাশুধাবেন্ন বর্ষতি।
নোল্লঙ্ঘয়েদ্বৎসতন্ত্রীং ন নগ্নো জলমাবিশেৎ॥ ৪৫।
দেবতায়তনং বিপ্রং ধেনুং মধু মৃদং ঘৃতম্।
জাতিবৃদ্ধং বয়োবৃদ্ধং বিদ্যাবৃদ্ধং তপস্বিনম্॥ ৪৬।
অশ্বত্থং চৈত্যবৃক্ষঞ্চ গুরুং জলভৃতং ঘটম্।
সিদ্ধান্নং দধি সিদ্ধার্থং গচ্ছন্ কুর্য্যাৎপ্রদক্ষিণম্॥ ৪৭।

অনুষ্ঠান করিবেন। যথাশক্তি ঐরূপ নিত্যকর্ম্মের অনুষ্ঠান করিলে পরলোকে পরম সদ্গতি লাভ হয়॥ ৩৯—৪২॥

ষষ্ঠী, অষ্টমী, চতুর্দ্দশী, এবং পৌর্ণমাসী তিথিতে তৈলম্রক্ষণ, মাংস ভক্ষণ, ক্ষৌরকর্ম্ম, এবং স্ত্রীসম্ভোগ করিলে গৃহাশ্রমিগণকে পাপভাগী হইতে হয়॥ ৪৩॥ দিবাকর যখন উদয়াচলে সমুদিত হন, যখন মধ্যগগনে বিরাজ করেন, যৎকালে অস্তগমন করেন, এবং যৎকালে রাহুগ্রস্ত হন, তৎকালে গৃহাশ্রমিগণকে সূর্য্য দর্শন করিতে নাই। জলতলে সূর্য্যদেবের যে প্রতিবিম্ব পতিত হয়, তাহাও নিরীক্ষণ করা প্রতিষিদ্ধ॥ ৪৪॥ গৃহিব্যক্তি আপনার প্রতিরূপ দর্শন, বারিবর্ষণসময়ে দ্রুতবেগে গমন, গোবৎসের বন্ধনরজ্জু উল্লঙ্ঘন, এবং উলঙ্গ হইয়া জলমজ্জন করিবেন না॥৪৫॥ দেবালয়, গুরু, ব্রাহ্মণ, ধেনু, মধু, মৃত্তিকাস্তূপ, ঘৃত, শ্রেষ্ঠবর্ণ, বয়োজ্যেষ্ঠ, জ্ঞানজ্যেষ্ঠ, তপস্বী, অশ্বত্থবৃক্ষ, চৈত্যবৃক্ষ, পূর্ণকুম্ভ, এবং দধি, এই সমস্ত পুণ্য-স্থান, পূজ্য ব্যক্তি, দেবতরু ও পবিত্র বস্তু প্রদক্ষিণ করিয়া গৃহাশ্রমি ব্যক্তিরা সিদ্ধিলাভের কামনা করিবেন॥ ৪৬॥ গৃহিব্যক্তি রজস্বলাস্ত্রীতে অভি-গমন, পত্নীর সহিত একত্রে অন্নাদিভোজন অথবা উৎকটাসনে উপবেশন

রজস্বলাং ন সেবেত নাশ্নীয়াৎ সহ ভার্য্যয়া।
একবাসা ন ভুঞ্জীত ন ভুঞ্জীতোৎকটাসনে ॥ ৪৮।
নাশ্নন্তীংস্ত্রীংসমীক্ষেত তেজস্কামো দ্বিজোত্তমঃ।
অসন্তর্প্য পিতৃণ্ দেবান্ নাদ্যাদন্নং নবং ক্বচিৎ।
পক্কান্নঞ্চাপি নো মাংসং দীর্ঘকালং জিজীবিষুঃ ॥ ৪৯।
ন মূত্রং গোব্রজে কুর্য্যান্ ন বল্মীকে ন ভস্মনি।
ন গর্ত্তেষু সসত্ত্বেষু ন তিষ্ঠন্ ন ব্রজন্নপি ॥ ৫০।
গোবিপ্রসূর্য্যবায়্বগ্নি চন্দ্রর্ক্ষাম্বুগুরূনপি।
অভিপশ্যন্নকুর্ব্বীত মলমূত্রবিসর্জ্জনম্ ॥ ৫১।
তিরস্কৃত্যাবনিংলোষ্ট্রকাষ্ঠপর্ণতৃণাদিভিঃ।
প্রাবৃত্য বাসসা মৌলিংমৌনী বিন্মূত্রমুৎসৃজেৎ ॥ ৫২।

পূর্ব্বক একবস্ত্রী হইয়া আহার করিবেন না। শ্রেষ্ঠ দ্বিজগণের মধ্যে যাঁহারা শরীরের তেজবীর্য্য কামনা করেন, তাঁহারা পত্নীর ভোজনকালে সম্মুখে উপস্থিত থাকিয়া ভোজন দর্শন করিবেন না ॥ ৪৭ ॥ যাঁহাদিগের দীর্ঘজীবী হইবার অভিলাষ থাকে, তাঁহারা দেবগণ ও পিতৃগণের উদ্দেশে অগ্রে নিবেদন না করিয়া স্বয়ং কদাপি নবীন তণ্ডুল, নব অন্ন অথবা মাংস ভোজন করিবেন না ॥ ৪৮ ॥ গোষ্ঠে, বল্মীকস্তূপে, ভস্মস্তূপে অথবা প্রাণিপূর্ণ গহ্বরে মূত্র-ত্যাগ করিতে নাই। দণ্ডায়মান হইয়া কিম্বা গতিশীল হইয়া মূত্রত্যাগ করাও নিষিদ্ধ। গাভী, বিপ্র, গুরু, সূর্য্য, বায়ু, অগ্নি, চন্দ্র, নক্ষত্র, ও সলিল দর্শন করিতে করিতে মলমূত্র পরিত্যাগ করা বিধেয় নহে। কাষ্ঠ, লোষ্ট্র, পত্র ও তৃণাদি দ্বারা ভূমি আচ্ছাদন এবং বস্ত্রদ্বারা মস্তক আবৃত করিয়া মলমূত্র ত্যাগ করা আবশ্যক। রাত্রিকালে যে দিকে ইচ্ছা, সেই দিকে মুখ করিয়া এবং দিবাভাবে ছায়া ও অন্ধকারযুক্ত অথচ আশঙ্কাশূন্য ও প্রাণের ভয়শূন্য

যথাসুখমুখো রাত্রৌ দিনে চ্ছায়ান্ধকারয়োঃ।
ভীতিষু প্রাণবাধায়াং কুর্য্যান্মলবিসর্জ্জনম্ ॥ ৫৩।
মুখেনোপধমেন্নাগ্নিং নগ্নাংনেক্ষেত যোষিতম।
নাঙ্ঘ্রী প্রতাপয়েদগ্নৌ ন বস্ত্বশুচি নিঃক্ষিপেৎ॥ ৫৪।
প্রাণিহিংসাং ন কুর্ব্বীত নাশ্নীয়াৎ সন্ধ্যয়োর্দ্বয়োঃ।
ন সম্বিশেত সন্ধ্যায়াং প্রত্যক্সৌম্যশিরা অপি ॥ ৫৫।
বিন্মূত্রষ্ঠীবনং নাপ্সু কুর্য্যাদ্দীর্ঘং জিজীবিষু।
নাচক্ষীত ধয়ন্তীং গাং নেন্দ্রচাপং প্রদর্শয়েৎ ॥ ৫৬।
নৈকঃ সুপ্যাৎ ক্বচিচ্ছূন্যে ন শয়ানং প্রবোধয়েৎ।
পন্থানং নৈকলো যায়ান্ ন বার্য্যাঞ্জলিনা পিবেৎ॥ ৫৭।

স্থানে উপবিষ্ট হইয়া মলত্যাগ করা উচিত ॥ ৪৯—৫২ ॥ ফুৎকার দ্বারা অগ্নি প্রজ্বালিত করিবে না, দিগম্বরী নারীকে দর্শন করিবে না, অগ্নিসংযোগে পদতল উত্তপ্ত করিবে না, এবং অপবিত্র বস্তু অনলে নিক্ষেপ করিবে না ॥ ৫৩ ॥ গৃহাশ্রমিগণের পক্ষে প্রাণিহিংসা অকর্ত্তব্য। ঊষাকালে ও প্রদোষকালে ভোজন করা নিষিদ্ধ। সন্ধ্যাকালে শয়ন করা অনুচিত। উত্তর অথবা পশ্চিমদিকে মস্তক রাখিয়া শয়ন করাও উচিত নহে ॥ ৫৪ ॥ যে ব্যক্তি জলে মলমূত্র ও নিষ্ঠীবন পরিত্যাগ করে, সেই পাতকী কখনই দীর্ঘজীবী হয় না। গোবৎস যখন মাতৃদুগ্ধ পান করে, তৎকালে সে কথা ব্যক্ত করিতে নাই। আকাশে ইন্দ্রধনু উদিত হইলে কাহাকেও তাহা প্রদর্শন করা নিষিদ্ধ ॥ ৫৫ ॥ উচ্চ স্থানে কদাচ একাকী শয়ন করিবে না। গুরুতর ব্যক্তি নিদ্রিত হইলে তাঁহার নিদ্রাভঙ্গ করিতে নাই। পথে একাকী গমন করা অবিধেয় এবং অঞ্জলি করিয়া জল পান করা নিষিদ্ধ ॥ ৫৬ ॥ রাত্রিকালে তক্র ভোজন করা অনুচিত। রজস্বলা নারীকে অভিবাদন করিতে নাই। নিশাকালে পরিতোষরূপে ভোজন করা বিধেয় নহে ॥ ৫৭ ॥

নাদীতোদ্ধৃতসারঞ্চভক্ষয়েদ্দধি নো নিশি।
স্ত্রীধর্ম্মিণ্যা নাভিবদেন্নাদ্যান্নাতৃপ্তি রাত্রিষু॥ ৫৮।
তৌর্য্যত্রিকপ্রিয়ো নস্যাৎ কাংস্যে পাদৌ ন ধাবয়েৎ।
শ্রাদ্ধং কৃত্বা পরশ্রাদ্ধে যোঽশ্নীয়াৎ জ্ঞানবর্জ্জিতঃ।
দাতুঃ শ্রাদ্ধফলং নাস্তি ভোক্তা কিল্বিষভুগ্ ভবেৎ॥ ৫৯।
ন ধারয়েদন্যভুক্তং বাসশ্চোপানহাবপি।
ন ভিন্নভাজনেঽশ্নীয়ান্নাসীতাগ্ন্যাদিদূষিতে॥ ৬০।
আরোহণং গবাংপৃষ্ঠে প্রেতধূমং সরিত্তরম্।
বালাতপং দিবাস্বাপং ত্যজেদ্দীর্ঘং জিজীবিষুঃ॥ ৬১।
স্নাত্বা ন মার্জয়েদ্গাত্রং বিসৃজেন্ ন শিখাং পথি।
হস্তৌ শিরো ন ধুনুয়ান্ নাকর্ষেদাসনং পদা॥ ৬২।

গৃহাশ্রমি ব্যক্তিরা নৃত্যগীতাদি যাত্রোৎসবে প্রমত্ত হইবেন না। কাংস্য-পাত্রে পাদপ্রক্ষালন করিবেন না। গৃহিব্যক্তি স্বয়ং পিতৃপুরুষাদির শ্রাদ্ধ করিয়া অপরের শ্রাদ্ধে ভোজন করিতে যাইবেন না। যদি মোহবশতঃ পরশ্রাদ্ধে ভোজন করে, তাহা হইলে যিনি ভোজন করান, তাঁহার কিছুমাত্র ফল হয় না, এবং যে ব্যক্তি ভোজন করে, সেই নির্ব্বোধ ব্যক্তি নিশ্চয়ই পাপভাগী হয়॥ ৫৮॥ অপরের পরিহিত বস্ত্র ও অপরের ব্যবহৃত চর্ম্মপাদুকা ধারণ করিতে নাই। পরের উচ্ছিষ্ট পাত্রে ভোজন করাও অনুচিত। দগ্ধস্থানে উপবেশনপূর্ব্বক আহার করাও অতিনিষিদ্ধ॥ ৫৯॥ দ্বিজগণ গোপৃষ্ঠে আরোহণ, শ্মশানের ধূম স্পর্শ, নদী সন্তরণ, প্রাতঃকালে রৌদ্রসেবন এবং দিবানিদ্রা পরিত্যাগ করিবেন। এই কয়েকটি কার্য্য করিলে আয়ুঃ ক্ষয় হয়॥ ৬০॥ দ্বিজগণ স্নান করিয়া হস্তদ্বারা অথবা পরিহিত বস্ত্রদ্বারা গাত্রমার্জ্জন করিবেন না। মস্তকের কেশশিখা মুক্ত করিয়া পথ চলিবেন না। হস্ত ও মস্তক বিঘূর্ণন করিবেন না: এবং চরণের দ্বারা আসন আকর্ষণ করিয়া উপবেশন করিবেন না॥ ৬১॥ গৃহস্থ দ্বিজগণ নখ ও লোম

নোৎপাটয়েল্লোমনখং দশনেন কদাচন।
করজৈঃ করজচ্ছেদং তৃণচ্ছেদং বিবর্জ্জয়েৎ॥ ৬৩।
শুভায় ন যদায়ত্যাং ত্যজেত্তৎকর্ম্ম যত্নতঃ।
অদ্বারেণ ন গন্তব্যং স্ববেশ্মপরবেশ্মনোঃ॥ ৬৪।
ক্রীড়েন্নাক্ষৈঃ সহাসীত ন ধর্ম্মঘ্নৈর্ন রোগিভিঃ।
ন শয়ীত ক্বচিন্নগ্নঃ পাণৌ ভুঞ্জীত নৈব চ॥ ৬৫।
আর্দ্রপাদকরাস্যোঽশ্নন্ দীর্ঘকালঞ্চ জীবতি।
সন্বিশেন্নার্দ্রচরণো নোচ্ছিষ্টঃ ক্বচিদাব্রজেৎ॥ ৬৬।
শয়নস্থো ন চাশ্নীয়ান্ ন পিবেন্ ন জপেদ্দ্বিজঃ।
সোপানৎকশ্চ নাচামেৎ ন তিষ্ঠন্ ধারয়া পিবেৎ॥ ৬৭।

উৎপাটন করিবেন না। বিশেষতঃ দন্তদ্বারা নখ কর্ত্তন অতীব নিষিদ্ধ। নখের দ্বারা নখ অথবা তৃণ ছেদন করিলেও প্রত্যবায় জন্মে॥ ৬২॥ যে কার্য্যের অনুষ্ঠান করিলে উত্তরকালে মঙ্গল না হয়, গৃহস্থ দ্বিজগণ কদাচ তাদৃশ কার্য্যে প্রবৃত্ত হইবেন না। আপনার গৃহেই হউক অথবা অপরের গৃহেই হউক, মুখ্যদ্বার ব্যতিরেকে গুপ্তদ্বার দিয়া প্রবেশ করা প্রতিষিদ্ধ॥ ৬৩॥ গৃহাশ্রমিগণ কদাচ অক্ষক্রীড়ায় আসক্ত হইবেন না। স্বধর্ম্মত্যাগী ধর্ম্মনাশক এবং রোগীব্যক্তির সহিত একত্র উপবেশন করিবেন না। উলঙ্গ হইয়া শয়ন করিবেন না এবং হস্তে ভোজ্যবস্তু রাখিয়া ভক্ষণ করিবেন না॥ ৬৪॥ হস্ত পদ ও মুখ প্রক্ষালন করিয়া ভোজন করিলে গৃহস্থগণ দীর্ঘজীবী হন। সিক্ত পদে অথবা সোপানৎপদে শয়ন করিতে নাই॥ ৬৫॥ গৃহাশ্রমি দ্বিজগণ শয়ন করিয়া ভোজন, জলপান, অথবা ইষ্টমন্ত্র জপ করিবেন না। চর্ম্মপাদুকা ধারণ করিয়া আচমন এবং এক হস্তে পাত্র ধারণপূর্ব্বক জলপান করা অবিধেয়॥ ৬৬। ৬৭॥

মঙ্গলাভিলাষি গৃহস্থগণ সায়ংকালে তিলসংযুক্ত কোন বস্তুই ভক্ষণ করিবেন না, বিষ্ঠামূত্র দর্শন এবং উচ্ছিষ্টহস্তে মস্তক স্পর্শ করাও গৃহস্থ

সর্ব্বং তিলময়ং নাদ্যাৎ সায়ং শর্ম্মাভিলাষুকঃ।
ন নিরীক্ষেত বিন্মূত্রে নোচ্ছিষ্টঃ সংস্পৃশেচ্ছিরঃ॥ ৬৮।
নাধিতিষ্ঠেত্তুষাঙ্গারভস্মকেশকপালিকাঃ।
পতিতৈঃ সহ সম্বাসঃ পতনায়ৈব জায়তে॥ ৬৯।
শ্রাবয়েদ্বৈদিকং মন্ত্রং ন শূদ্রায় কদাচন।
ব্রাহ্মণ্যাদ্ধীয়তে বিপ্রঃ শূদ্রো ধর্ম্মাচ্চ হীয়তে॥ ৭০।
ধর্ম্মোপদেশঃ শূদ্রাণাং স্বশ্রেয়ঃ প্রতিঘাতয়েৎ।
দ্বিজশুশ্রূষণং ধর্ম্মঃ শূদ্রাণাং হি পরোমতঃ॥৭১।
কণ্ডূয়নং হি শিরসঃ পাণিভ্যাং ন শুভং মতম্।
আতাড়নং করাভ্যাঞ্চ ক্রোশনং কেশলুঞ্চনম্॥ ৭২।
অশাস্ত্রবর্ত্তিনো ভূপাল্লব্ধা কৃত্বা প্রতিগ্রহম্।
ব্রাহ্মণঃ সান্বয়ো যাতি নরকানেকবিংশতিম্॥ ৭৩।

দ্বিজগণের পক্ষে নিষিদ্ধ॥ ৬৭॥ তুষ, অঙ্গার, ভস্ম, কেশ, এবং ভগ্নখর্পর যে স্থানে থাকে, গৃহস্থ দ্বিজগণ সেই স্থলে ভোজনার্থ উপবেশন অথবা ভোজনকালে ঐ সকল বস্তু স্পর্শ করিবেন না। পতিত ব্যক্তির সহিত একত্র অবস্থান করিলেও গৃহস্থগণকে পতিত হইতে হয়॥ ৬৮॥ শূদ্রগণকে কদাচ বেদের মন্ত্র শ্রবণ করাইতে নাই। যে ব্রাহ্মণ তাহা শ্রবণ করান, তিনি ব্রাহ্মণ্যবিহীন হন; এবং যে শূদ্র উহা শ্রবণ করে, সেই ব্যক্তি ধর্ম্ম হইতে বিচ্যুত হয়॥ ৬৯॥ শূদ্রগণ যদি অপরকে ধর্ম্মোপদেশ প্রদান করে, তাহা হইলে স্বধর্ম্মের হানি হয়। একমনে দ্বিজসেবা করাই শূদ্রগণের পরম ধর্ম্ম॥ ৭০॥

হস্তদ্বারা শিরঃকণ্ডূয়ন করা কদাপি গৃহস্থগণের মঙ্গলদায়ক হয় না। করতল দ্বারা কেশ বিলোড়ন এবং নাসাকর্ণ কণ্ডূয়ন করাও অনুচিত॥ ৭১॥ যে রাজার ধর্ম্মশাস্ত্র বোধ নাই, তাঁহার নিকট হইতে যে ব্রাহ্মণ দান প্রতিগ্রহ করেন, তাঁহার একবিংশতি পুরুষ নরকস্থ হয়॥ ৭২॥ বর্ষাঋতু ব্যতীত অন্য

অকালবিদ্যুৎস্তনিতে বর্ষর্ত্তৌ পাংশুবর্ষণে ।
মহাবাতধ্বনৌ রাত্রাবনধ্যায়াঃ প্রকীর্ত্তিতাঃ ॥ ৭৪ ।
উল্কাপাতে চ ভূকম্পে দিগ্দাহে মধ্যরাত্রিষু ।
সন্ধ্যয়োর্ব্বৃষলোপান্তে রাজ্ঞো রাহোশ্চ সূতকে ॥ ৭৫ ।
দর্শাষ্টকাসু ভূতায়াং শ্রাদ্ধিকংপ্রতিগৃহ্য চ ।
প্রতিপদ্যপি পূর্ণায়াং গজোষ্ট্রাভ্যাং কৃতান্তরে ॥ ৭৬ ।
খরোষ্ট্রক্রোষ্টৃবিরুতে সমবায়ে রুদত্যতি ।
উপাকর্ম্মণি চোৎসর্গে নাবিমার্গে তরৌ জলে ॥ ৭৭ ।
আরণ্যকমধীত্যাপি বাণসাম্নোরপি ধ্বনৌ ।
অনধ্যায়েষু চৈতেষু নাধীয়ীত দ্বিজঃ ক্বচিৎ ॥ ৭৮ ।

ঋতুতে যদি মেঘগর্জ্জন অথবা বজ্রনাদ হয়, বর্ষাকালে যদি অনাবৃষ্টি হইয়া ধূলি বর্ষণ হয় এবং রাত্রিকালে যদি মহাঝটিকা সমুত্থিত হয়, তাহা হইলে শাস্ত্রকারেরা সেই কালকে অনধ্যায় বলিয়া নির্দ্দেশ করেন। ঐরূপ অকালে বেদ অধ্যয়ন করিতে নাই। উল্কাপাত, ভূমিকম্প, অর্দ্ধরাত্রে দিগ্দাহ, উষাকালে, প্রদোষকালে, অধার্ম্মিকের সমীপে, চন্দ্রসূর্য্যের গ্রহণে এবং রাজকুমারের জন্মগ্রহণে বেদ অধ্যয়ন নিষিদ্ধ। ঐ সকল কালকেও অনধ্যায় বলে। অমাবস্যা, অষ্টমী, চতুর্দ্দশী, প্রতিপদ, পূর্ণাতিথি এবং শ্রাদ্ধবাসরও অনধ্যায় বলিয়া প্রসিদ্ধ। অধ্যয়নসময়ে গুরুশিষ্যের মধ্যস্থল দিয়া হস্তী অথবা উষ্ট্র গমন করিলেও পাঠ বন্ধ করা উচিত। গর্দ্দভ, উষ্ট্র, অথবা শৃগালগণ দলবদ্ধ হইয়া উচ্চৈঃস্বরে ক্রন্দন করিলে বেদাধ্যয়ন নিষিদ্ধ। উপনয়নদিবসে, সাগ্নিক বৈদিক ক্রিয়ার অনুষ্ঠানদিবসে, বৃক্ষারোহণে অথবা সলিলে বেদপাঠ করা বিধেয় নহে। বনে দাবানল জ্বলিলে অথবা বাণধ্বনি কিম্বা সামগানধ্বনি শ্রবণ করিলে দ্বিজগণ কদাচ বেদ অধ্যয়ন করিবেন না। গুরুশিষ্যের মধ্যস্থল দিয়া ভেক, মূষিক, কুকুর, সর্প, অথবা নকুল চলিয়া গেলে দ্বিজগণ কদাচ বেদাধ্যয়ন করিবেননা। ঐরূপ ঘটনা হইলে সেই

কৃতান্তরায়ো ন পঠেদ্‌ভেকাখুশ্বাহিবক্রুভিঃ।
ভূতাষ্টম্যোঃ পঞ্চদশ্যোর্ব্রহ্মচারী সদা ভবেৎ॥ ৭৯।
অনায়ুষ্যকরঞ্চৈব পরদারোপসর্পণম্।
তস্মাত্তদ্দূরতস্ত্যাজ্যং বৈরিণাঞ্চোপসেবনম্॥ ৮০।
পূর্ব্বর্দ্ধিভিঃ পরিত্যক্তমাত্মানং নাবমানয়েৎ।
সদোদ্যমবতাং যস্মাচ্ছ্রিয়ো বিদ্যা ন দুর্ল্লভাঃ॥ ৮১॥
সত্যমুব্রয়াৎ প্রিয়মুব্রয়ান্নব্রয়াৎ সত্যমপ্রিয়ম্।
প্রিয়ঞ্চ নানৃতং ব্রূয়াদেষধর্ম্মো ঘটোদ্ভব॥ ৮২।
ভদ্রমেব বদেন্নিত্যং ভদ্রমেব বিচিন্তয়েৎ।
ভদ্রৈরেবেহ সংসর্গো নাভদ্রৈশ্চ কদাচন॥ ৮৩।

দিবস ব্রহ্মচর্য্যধর্ম্মের অপরাপর নিয়মগুলি বিধিপূর্ব্বক পালন করিতে হইবে॥ ৭৩—৭৮॥

পরস্ত্রীগমন এবং বিপক্ষের সেবা গৃহস্থগণের পক্ষে অতি নিষিদ্ধ। ঐ দুটি কার্য্য করিলে আয়ুঃক্ষয় হয়। অতএব উহা সর্ব্বপ্রযত্নে পরিহার করা অবশ্য কর্ত্তব্য॥ ৭৯॥ গৃহস্থের পূর্ব্ব ঐশ্বর্য্য বিনষ্ট হইলে কদাপি আপনাকে অবজ্ঞা করিতে নাই। কারণ উদ্যমশীল পুরুষদিগের বিদ্যা ও অর্থ কখনই দুর্ল্লভ নয়॥ ৮০॥

স্কন্দ কহিলেন হে অগস্ত্য! গৃহস্থগণ সর্ব্বদা সত্যবাক্য এবং প্রিয়বাক্য কহিবেন। সত্য অথচ অপ্রিয়, এরূপ বাক্য কদাচ প্রয়োগ করিবেন না। লোকের মনোরঞ্জনের নিমিত্ত অলীক স্তুতিবাদ করাও বিধেয় নহে। হে মুনিশ্রেষ্ঠ! ইহাই গৃহস্থগণের আদরণীয় ধর্ম্ম। সর্ব্বদা সৎকথার আলোচনা করা, সদ্‌বিষয়ের চিন্তা করা এবং সর্ব্বদা সৎসংসর্গে অবস্থান করা গৃহস্থগণের পবিত্র ধর্ম্ম। অসদ্‌বাক্য, অসৎচিন্তা এবং অসৎসঙ্গ সর্ব্বতোভাবে পরিবর্জ্জনীয়॥ ৮১। ৮২॥ জ্ঞানবান গৃহস্থ দ্বিজগণ কুরূপ, নির্দ্ধন অথবা নিষ্কুলব্যক্তিগণকে অবজ্ঞা করিবেন না। অশুচি অবস্থায় চন্দ্রসূর্য্য এবং

রূপবিত্তকুলৈর্হীনান্ সুধীর্নাধিক্ষিপেন্নরান্।
পুষ্পবন্তৌ ন চেক্ষেত ত্বশুচির্জ্যোতিষাং গণম্ ॥ ৮৪।
বাচোবেগং মনোবেগং জিহ্বাবেগঞ্চ বর্জ্জয়েৎ।
উৎকোচদ্যূতদৌত্যার্ত্তদ্রব্যং দূরাৎ পরিত্যজেৎ ॥ ৮৫।
গোব্রাহ্মণাগ্নীনুচ্ছিষ্টপাণিনানৈব সংস্পৃশেৎ।
ন স্পৃশেদনিমিত্তেন স্বানি স্বানি ত্বনাতুরঃ ॥ ৮৬।
গুহ্যজান্যপি লোমানি তৎস্পর্শাদশুচির্ভবেৎ।
পাদধৌতোদকং মূত্রমুচ্ছিষ্টান্নোদকানি চ ॥ ৮৭ ॥
নিষ্ঠীবনঞ্চ শ্লেষ্মাণং গৃহাদ্দূরং বিনিক্ষিপেৎ।
অহর্নিশং শ্রুতের্জাপ্যাচ্ছৌচাচার নিষেবণাৎ।
অদ্রোহবত্যা বুদ্ধ্যা চ পূর্ব্বংজন্ম স্মরেদ্দ্বিজঃ ॥ ৮৮॥

গ্রহনক্ষত্রাদি জ্যোতিষ্কমণ্ডল দর্শন করাও তাঁহাদের পক্ষে প্রতিষিদ্ধ ॥ ৮৩॥ বাক্যের বেগ, মনের বেগ, এবং কোনপ্রকার ভোজ্যবস্তুতে লালসাপ্রযুক্ত রসনার বেগ সম্বরণ করা গৃহিগণের পক্ষে নিতান্ত আবশ্যক। উৎকোচ-লব্ধ, দ্যূতক্রীড়ালব্ধ, দৌত্যকার্য্যলব্ধ অর্থ এবং আর্ত্তব্যক্তিগণের অর্থ গৃহস্থগণ দূর হইতে পরিত্যাগ করিবেন ॥ ৮৪ ॥ গৃহাশ্রমি দ্বিজগণ উচ্ছিষ্টহস্তে গাভী, ব্রাহ্মণ ও অগ্নি স্পর্শ করিবেন না। শারীরিক সুস্থাবস্থায় অকারণে পরস্পর পরস্পরকে স্পর্শ করাও নিষিদ্ধ ॥ ৮৫ ॥ দেহস্থ গুহ্যলোম, পাদপ্রক্ষালিত জল, মূত্র, উচ্ছিষ্ট অন্ন এবং উচ্ছিষ্ট উদক স্পর্শ করিলে গৃহস্থগণকে অশুচি হইতে হয় ॥ ৮৬ ॥ গৃহস্থ দ্বিজগণ গৃহের বহির্ভাগে শ্লেষ্মনিষ্ঠীবন পরিত্যাগ করিবেন। দিবাকালেই হউক বা রাত্রিকালেই হউক, শৌচাচারের সময় সর্ব্বদা প্রণব জপ করা আবশ্যক ॥ ৮৭ ॥ বৃদ্ধগণকে ভক্তিপূর্ব্বক প্রযত্ন সহকারে বন্দনা করিয়া উপবেশনার্থ আসন প্রদান করা আবশ্যক; বৃদ্ধের অনুগমন করিবার সময়ে গৃহস্থগণকে নতশিরে গমন করিতে হয় ॥ ৮৮ ॥

বৃদ্ধান্ প্রযত্নাদ্বন্দেত দদ্যাত্তেষাং স্বগাসনম্।
বিনম্রকন্ধরস্তস্মাদনুযায়াত্ততশ্চ তান্ ॥৮৯॥
শ্রুতিভূদেবদেবানাং নৃপসাধুতপস্বিনাম্।
পতিব্রতানাং নারীণাং নিন্দাং কুর্য্যান্ন কর্হিচিৎ ॥ ৯০ ।
ন মনুষ্যস্তুতিং কুর্য্যান্নাত্মানমপমানয়েৎ।
অভ্যুদ্যতং ন প্রণুদেৎ পরমর্ম্মাণি নাচ্চরেৎ ॥ ৯১ ।
অধর্ম্মাদেধতে পূর্ব্বং বিদ্বেষ্টৃন্নপি সঞ্জয়েৎ।
সর্ব্বতো ভদ্রমাপ্যাপি ততো নশ্যেচ্চ সান্বয়ঃ ॥ ৯২ ।
উদ্ধৃত্য পঞ্চমৃৎপিণ্ডান্ স্নায়াৎ পরজলাশয়ে।
অনুদ্ধৃত্য চ তৎকর্ত্তুরেনসঃ স্যাত্তুরীয়ভাক্ ॥ ৯৩ ।
শ্রদ্ধয়া পাত্রমাসাদ্য যৎকিঞ্চিদ্দীয়তে বস্তু।
দেশে কালে চ বিধিনা তদানন্ত্যায় কল্পতে ॥ ৯৪ ।

বেদ, বিপ্র, দেবতা, রাজা, সাধুব্যক্তি, তপস্বী এবং পতিব্রতা রমণীগণের নিন্দা করা কদাপি বিধেয় নহে ॥ ৮৯ ॥ স্বকীয় অভ্যুদয়কামি গৃহাশ্রমি ব্যক্তি আত্মার অবমাননা, মনুষ্যের স্তব, এবং অপরের মর্ম্মভেদি বাক্যোচ্চারণ করিবেন না ॥ ৯০ ॥

প্রথমতঃ কিছুদিন অধর্ম্মের অনুষ্ঠানে গৃহস্থের মঙ্গল হইতে পারে। তৎকালে সেই ব্যক্তি দোর্দ্দণ্ডপ্রতাপে বিপক্ষ জয় করে। যে কার্য্যে প্রবৃত্ত হয়, সেই কার্য্যেই তাহার কল্যাণ হইয়া থাকে; কিন্তু অবশেষে সেই অধর্ম্ম পরিপক্ক হইলে সেই নরাধম পাপিষ্ঠকে সংবংশে সমূলে নির্ম্মূল হইতে হয় ॥ ৯১ ॥ ন্যায়পরায়ণ গৃহস্থ যদি অপরের জলাশয়ে স্নান করিতে যান, তাহা হইলে সর্ব্বাগ্রে সেই পুষ্করিণী হইতে পাঁচ মুষ্টি মৃত্তিকা তুলিয়া ফেলিবেন। ঐরূপে মৃত্তিকা উত্তোলনপূর্ব্বক নিক্ষেপ না করিয়া যদি স্নান করেন, তাহা হইলে তাঁহাকে জলাশয়-স্বামির পাপের চতুর্থাংশের অংশী হইতে হয় ॥ ৯২ ॥ দেশকালপাত্র বিবেচনায় বিধিপূর্ব্বক শ্রদ্ধাসহকারে যৎকিঞ্চিৎ অর্থ দান করিলে গৃহস্থের অনন্তগুণ ফললাভ হইয়া থাকে ॥ ৯৩ ॥ যে গৃহস্থ

ভূপ্রদো মণ্ডলাধীশঃ সর্ব্বত্র সুখিনোঽন্নদাঃ।
তোয়দাতা সদা তৃপ্তো রূপবান্ রূপ্যদো ভবেৎ॥ ৯৫।
প্রদীপদো নির্ম্মলাক্ষো গোদাতাঽর্য্যমলোকভাক্।
স্বর্ণদাতা চ দীর্ঘায়ুস্তিলদঃ স্যাত্তু সুপ্রজঃ॥ ৯৬।
বেশ্মদোঽত্যুচ্চসৌধেশো বস্ত্রদশ্চন্দ্রলোকভাক্।
হয়প্রদো দিব্যযানো লক্ষ্মীবান্ বৃষভপ্রদঃ॥ ৯৭।
সুভার্য্যঃ শিবিকাদাতা সুপর্য্যঙ্কপ্রদোপি চ।
ধান্যৈঃ সমৃদ্ধিমান্নিত্যমভয়প্রদ ঈশিতা॥ ৯৮।

ভূমিদান করেন, তিনি রাজচক্রবর্ত্তী হন। অন্নদাতা গৃহস্থ চিরদিন সুখভোগ করেন। যিনি জলদান করেন, তিনি সর্ব্বদাই পরিতৃপ্ত থাকেন। এবং রজতদাতার রূপলাবণ্য বর্দ্ধিত হয়।॥৯৪॥ দীপ দান করিলে জ্ঞানচক্ষু প্রদীপ্ত হয়। যিনি ধেনু দান করেন, সেই পুণ্যবান গৃহস্থ সূর্য্যলোক প্রাপ্ত হন। স্বর্ণদাতা দীর্ঘায়ু হইয়া থাকেন এবং যে গৃহস্থ তিল দান করেন, সেই ধর্ম্মাত্মার সুশীল সন্তানসন্ততি জন্মে॥ ৯৫॥ যে গৃহস্থ গৃহদান করেন, সেই সুখভোগী ব্যক্তির সুরম্য হর্ম্ম্যে বাস হয়। বস্ত্রদাতা গৃহস্থ চন্দ্রলোক প্রাপ্ত হন। যিনি অশ্ব দান করেন, তাঁহার উৎকৃষ্ট যানবাহন লাভ হয়। এবং বৃষদাতা গৃহস্থ লক্ষ্মীমন্ত হইয়া থাকেন॥ ৯৬॥ যে গৃহাশ্রমি দ্বিজ শিবিকা অথবা পর্য্যঙ্ক দান করেন, তাঁহার পরমরূপবতী পতিপরায়ণা পত্নী লাভ হয়। ধান্যদাতা গৃহস্থ চিরদিন সমৃদ্ধিশালী থাকেন, এবং অভয়দাতা মহাত্মা বহুলোকের উপর প্রভুত্ব স্থাপন করেন॥ ৯৭॥ যে গৃহাশ্রমী দ্বিজ অপরকে ব্রহ্মজ্ঞানসাধন বেদমন্ত্র দান করেন, সেই পুণ্যবান্ বেদজ্ঞ মহাত্মার ব্রহ্মলোক প্রাপ্তি হয় এবং সেই ধর্ম্মাত্মা সাধুপুরুষ ইহজগতে সমস্ত দানের ফল লাভ করিয়া থাকেন। পক্ষান্তরে যে কোন পুণ্যাত্মা যে কোন উপায়ে সযত্ন হইয়া অন্য ব্যক্তিকে তত্ত্বজ্ঞাননিদান বেদমন্ত্র প্রদানের সহায় হন, সেই ব্রহ্মনিষ্ঠ গৃহস্থ তত্তুল্য ফলভাগী হইয়া থাকেন॥ ৯৮॥

ব্রহ্মদো ব্রহ্মলোকেজ্যো ব্রহ্মদঃ সর্ব্বদো মতঃ।
উপায়েনাপি যো ব্রহ্ম দাপয়েৎ সোপি তৎসমঃ॥ ৯৯।
শ্রদ্ধয়া প্রতিগৃহ্লাতি শ্রদ্ধয়া যঃ প্রযচ্ছতি।
স্বর্গিণৌ তাবুভৌ স্যাতাং পতিতোঽশ্রদ্ধয়াত্যধঃ॥ ১০০।
অনৃতেন ক্ষরেদ্‌যজ্ঞস্তপো বিস্ময়তঃ ক্ষরেৎ।
ক্ষরেৎ কীর্ত্তনতো দানমায়ুর্ব্বিপ্রাপবাদতঃ॥ ১০১।
গন্ধপুষ্পকুশান্ শয্যাং শাকং মাষং পয়ো দধি।
মণিমৎস্যগৃহং ধান্যং গ্রাহ্যমেতদুপস্থিতম্॥ ১০২।
মধূদকং ফলং মূলমেধাংস্যভয়দক্ষিণা।
অভ্যুদ্যতানি গ্রাহ্যাণি ত্বেতান্যপি নিকৃষ্টতঃ॥ ১০৩।
দাসনাপিতগোপালকুলমিত্রার্দ্ধসীরিণঃ।
ভোজ্যান্নঃ শূদ্রবর্গেমী তথাত্মবিনিবেদকঃ॥ ১০৪।

যে গৃহস্থ শ্রদ্ধাপূর্ব্বক দান করেন, এবং যিনি শ্রদ্ধাপূর্ব্বক প্রতিগ্রহ করেন, সেই দাতাগৃহীতা উভয়েই স্বর্গবাসী হন। অশ্রদ্ধায় দান অথবা গ্রহণ করিলে অধঃপতন হইয়া থাকে॥ ৯৯॥ মিথ্যাকথা কহিলে যজ্ঞ পণ্ড হয়, গর্ব্বপ্রকাশ করিলে তপস্যা নষ্ট হয়, দান করিয়া আপনার মুখে কীর্ত্তন করিলে দানের ফল ধ্বংস হয়, এবং ব্রাহ্মণের নিন্দা করিলে আয়ুঃক্ষয় হইয়া থাকে॥ ১০০॥ চন্দন, পুষ্প, কুশ, শয্যা, শাক, মাংস, দধি, দুগ্ধ, মণি, মৎস্য, গৃহ এবং ধান্য এই সকল বস্তু কেহ সম্মুখে উপস্থিত করিলেই গৃহস্থগণ তাহা গ্রহণ করিতে পারেন॥ ১০১॥ মধু, জল, ফল, মূল, কাষ্ঠ, অভয়দান এবং অভ্যুদয়বাক্য অতি নিকৃষ্ট বর্ণের নিকটেও গ্রহণ করা নিষিদ্ধ নহে॥ ১০২॥ দাস, নাপিত, গোপ, কৃষিভাগী, নিত্য-ভক্ত এবং যাহাদিগের সহিত আত্মকুলের কোনপ্রকার ঘনিষ্ঠতাসম্বন্ধ থাকে, গৃহাশ্রমি দ্বিজগণ শূদ্রবর্ণের মধ্যে কেবল তাহাদিগেরই অন্নগ্রহণ করিতে পারেন॥ ১০৩॥ তাহারা উল্লিখিত প্রকারে দেবঋণ, ঋষিঋণ, ও

ইত্থমানৃণ্যমাসাদ্য দেবর্ষিপিতৃজাদৃণাৎ।
মাধ্যস্থমাশ্রয়েদ্দোহী সুতে বিষগ্নিসৃজ্য চ ॥ ১০৫।
গেহেঽপি জ্ঞানমভ্যস্যেৎ কাশীং বাথ সমাশ্রয়েৎ।
সম্যগ্‌যানেন বা মুক্তিঃ কিম্বা বিশ্বেশবেশ্মনি ॥ ১০৬।
সম্যগ্‌যানং ভবেৎপুংসাং কৃত একেন জন্মনা।
বারাণস্যাং ধ্রুবা মুক্তিঃ শরীরত্যাগমাত্রতঃ ॥ ১০৭।
অদ্য শ্বো বা পরশ্বো বা কালাদ্বাথ পরঃশতাৎ।
সত্বরো গত্বরো দেহঃ কাশ্যাঞ্চেদমৃতী ভবেৎ ॥ ১০৮।
সা চ বারাণসী লভ্যা সদাচারবতা সদা।
মনসাঽপি সদাচারমতো বিদ্বান্ন লঙ্ঘয়েৎ ॥ ১০৯।

পিতৃঋণ হইতে অঋণী হইয়া পুত্রের হস্তে সমস্ত সাংসারিক বিষয় সমর্পণ পূর্ব্বক তৃতীয় আশ্রমে প্রবেশ করিবেন ॥ ১০৪ ॥ গৃহাশ্রমি দ্বিজগণ গৃহাশ্রমে থাকিয়াই তত্ত্বজ্ঞান অভ্যাস করিবেন। তদনন্তর কাশীবাস আশ্রয় করা বিধেয়। কাশীবাসি তত্ত্বজ্ঞানি গৃহস্থের নিশ্চয়ই মুক্তিলাভ হয়। এবং তিনি জীবনান্তে পুষ্পরথে আরোহণপূর্ব্বক হরধামে বাস করেন ॥ ১০৫ ॥

কাশীবাসি গৃহস্থেরা জন্মজন্ম বিমানারোহণপূর্ব্বক শিবলোকে যাত্রা করেন। তত্ত্বজ্ঞানি পুরুষেরা বারাণসীতে প্রাণত্যাগ করিবামাত্রেই নির্ব্বাণ-মুক্তি প্রাপ্ত হন ॥ ১০৬ ॥ অদ্যই হউক, কল্যই হউক, অথবা কিছুদিন পরেই হউক, পুণ্যক্ষেত্র বারাণসীধামে ক্ষণভঙ্গুর বিনশ্বর দেহ পরিত্যাগ করিলেই জীবগণ অমরত্ব প্রাপ্ত হয় ॥ ১০৭ ॥ সর্ব্বদা সদাচারনিষ্ঠ থাকিলে, এমন কি মনে মনে সদাচার চিন্তা করিলেও গৃহস্থগণ পরমমোক্ষধাম বারাণসীধাম সম্প্রাপ্ত হন। অতএব বিদ্বান ব্যক্তিগণ কদাপি সদাচার পরিত্যাগ করিবেন না ॥ ১০৮ ॥

মহর্ষি অগস্ত্য এই সকল তত্ত্বকথা শ্রবণ করিয়া পুনরায় ষড়াননকে সম্বোধন-পূর্ব্বক কহিলেন, হে তারকনিসূদন শিখিবাহন! সদাচারনিরত হইলে যে

আকর্ণ্যেতি ততোঽগস্ত্যঃ পুনঃ প্রাহ ষড়াননম্।
পুনঃ কাশীং সমাচক্ষ্ব সদাচারেণ যাপ্যতে॥ ১১০।
কানি কানি চ লিঙ্গানি স্কন্দ জ্ঞানপ্রদানি চ।
বারাণস্যাং পরিব্রূহি তানি মে পরিপৃচ্ছতঃ॥ ১১১।
বিনা কাশীং ন মে প্রীতির্বিনা কাশীং ন মে রতিঃ।
চিত্রপুত্রকবচ্চাস্মি বিনা কাশীং ষড়ানন॥ ১১২।
ন নিদ্রামি ন জাগর্ম্মি নাশ্নামি ন পিবাম্যপঃ।
কাশীদ্ব্যক্ষরপীযুষং পিবামি হি চ কেবলম্॥ ১১৩।
ইতি শ্রুত্বা বচঃ স্কন্দো মৈত্রাবরুণিভাষিতম্।
অবিমুক্তস্য মাহাত্ম্যং বক্তুং সমুপচক্রমে॥ ১১৪।

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে সদাচারবর্ণনং নাম
অষ্টত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

সুপবিত্র কাশীধাম প্রাপ্ত হওয়া যায়, আপনি সেই ত্রিলোকলোভনীয় বারাণসীমাহাত্ম্য পুনরায় আমার নিকট সবিস্তরে কীর্ত্তন করুন। বারাণসী-ধামের কোন্ কোন্ লিঙ্গ তত্ত্বজ্ঞানপ্রদ, তাহাই আমি আপনাকে জিজ্ঞাসা করিতেছি, আপনার মুখে তাহাই শ্রবণ করা আমার একান্ত অভিলাষ। কাশী ভিন্ন অন্য কিছুতেই আমার প্রীতি জন্মে না, কাশী ভিন্ন অন্য কুত্রাপি বাস করিতে আমার মতি হয় না। বারাণসীবিহীন হইলে আমি যেন চিত্রপুত্তলিকার ন্যায় হইয়া থাকি। বারাণসীবিচ্যুত হইলে আমি বিনিদ্রিত হই না, জাগরণ করি না, আহার পরিত্যাগ করি, এবং জল পান করিতেও বিরত হই। হে পার্ব্বতীনন্দন ষড়ানন! সর্ব্বত্রই আমি কেবল কাশী এই দুটি অক্ষররূপ অমৃতপান করিয়া এই বিনশ্বর বিশ্ব-সংসারে জীবন ধারণ করি॥ ১০৯—১১২॥

অগস্ত্যের এই সকল বাক্য শ্রবণ করিয়া স্কন্দ কহিলেন, হে মুনিপুঙ্গব! অবিমুক্ত বারাণসীমাহাত্ম্য আমি তোমার নিকট ক্রমান্বয়ে বর্ণন করিতেছি, অবহিতচিত্তে শ্রবণ কর॥ ১১৩॥

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে সদাচার বর্ণন নাম
অষ্টত্রিংশত্তম অধ্যায়।

ঊনচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।

স্কন্দ উবাচ।

শৃণ্বগস্ত্য মহাভাগ কথাং পাপপ্রণাশিনীম্।
নৈঃশ্রেয়স্যাঃ শ্রিয়ো হেতুমবিমুক্ত সমাশ্রয়াম্॥ ১।
পরং ব্রহ্ম যদাম্নাতং নিষ্প্রপঞ্চং নিরাত্মকম্।
নির্ব্বিকল্পং নিরাকারমব্যক্তং স্থূলসূক্ষ্মবৎ॥ ২।
তদেতৎ ক্ষেত্রমাপূর্য্য স্থিতং সর্ব্বগমপ্য হো।
কিমন্যত্র ন শক্তোঽসৌ জন্তুন্মোচয়িতুং ভবাৎ॥ ৩।
ভবো ধ্রুবং যদত্রৈব মোচয়েত্তং নিশাময়।
মহত্যা যোগযুক্ত্যা বা মহাদানৈরকামিকৈঃ॥ ৪।

ঊনচত্বারিংশত্তম অধ্যায়।

স্কন্দ কহিলেন, হে অগস্ত্য! আমি তোমার নিকট সেই সর্ব্বপাপ-বিনাশিনী, সর্ব্বমঙ্গলবিধায়িনী, অবিমুক্তজীবগণের আশ্রয়দায়িনী বারাণসীর মাহাত্ম্য কীর্ত্তন করিতেছি, অভিনিবেশপূর্ব্বক শ্রবণ কর॥ ১॥ বেদে যিনি পরমব্রহ্ম বলিয়া উক্ত হইয়াছেন, যিনি পঞ্চভূতের অতীত, অশরীরী, নির্ব্বি-কল্প, নিরাকার, অব্যক্ত এবং স্থূলসূক্ষ্মাত্মক চৈতন্যস্বরূপ, সেই সর্ব্বময় বিশ্বনিয়ন্তাই কাশীধামে কাশীপুরাধীশ্বর করুণাময় বিশ্বেশ্বর। হে মুনিসত্তম! যে পরাৎপর বিশ্বেশ্বর এপ্রকার সর্ব্বশক্তিমান, তিনি কি কেবল বারাণসী ভিন্ন অন্যত্রে জীবগণের মুক্তি বিধান করিতে পারেন না? যদি তোমার মনে এ প্রকার সংশয় উপস্থিত হয়, তাহা আমি সহজেই নিরাকরণ করিতেছি। ভবেশ্বর মহেশ্বর যে কারণে কাশীতে সর্ব্বজীবের মুক্তিবিধান করেন, তাহা বিশেষরূপে আলোচনা করিলেই তোমার হৃদয়ঙ্গম হইতে পারিবে।

সুমহদ্ভিস্তপোভির্বা শিবোঽন্যত্র বিমোচয়েৎ।
যোগযুক্তিং ন মহতীং ন দানানি মহান্তি চ ॥ ৫।
ন তপাংস্যতি দীর্ঘাণি কাশ্যাং মুক্ত্যৈ শিবোঽর্থয়েৎ।
বিঘ্নন্তি ন যৎ কাশীমুপসর্গে মহত্যপি ॥ ৬।
অয়মেব মহাযোগ উপযোগস্ত্বিহাপরঃ ॥
নিয়মেন তু বিশ্বেশে পুষ্পং পত্রং ফলং জলম্ ॥ ৭।
যদ্দত্তং সুমনোবৃত্ত্যা মহাদানং তদত্র বৈ।
মুক্তিমণ্ডপিকায়াঞ্চ ক্ষণং যঃ স্থিরমাস্যতে ॥ ৮।
স্নাত্বা গঙ্গামৃতে শুদ্ধে তপ এতদিহোত্তমম্।
সৎকৃত্য ভিক্ষবে ভিক্ষা যৎ কাশ্যাং পরিদীয়তে।
তুলাপুরুষ এতস্যাঃ কলাং নার্হতি ষোড়শীম্ ॥ ৯।
হৃদি সঞ্চিন্ত্য বিশ্বেশং ক্ষণং যদ্বিনিমীল্যতে।
দেবস্য দক্ষিণে ভাগে মহাযোগোঽয়মুত্তমঃ ॥ ১০।

মহাযোগী নিষ্কামধর্ম্মাবলম্বী মহাতপস্বী, এবং মহাদানশীল সাধুপুরুষগণকেই বিশ্বেশ্বর কেবল অন্যত্রে মুক্তিদান করেন। কিন্তু যাহারা মহাযোগবিহীন, মহাদানবর্জ্জিত, যাহারা দীর্ঘকাল তপশ্চরণ করিতে পারে না, এবং যাহারা মহাবিপদগ্রস্ত হইলেও কাশী পরিত্যাগ করে না, মোক্ষদাতা মহাদেবের প্রসাদে তাহাদিগেরও কাশীতে মোক্ষ হয় ॥ ২—৬ ॥ পূর্ব্বোক্ত প্রকার মহাযোগ ব্যতীত অপরাপর যোগের নাম উপযোগ। সংযতচিত্তে বিশ্বেশ্বরের পাদপদ্মে পুষ্প, বিল্বদল, ফল ও জল সমর্পণ করাকেই উপযোগ বলা যায়। সানন্দচিত্তে নিশ্চল হইয়া কাশীতে অবস্থানপূর্ব্বক ভক্তিসহকারে যে কিছু দান করা হয়, তাহাই মহাযোগ। বারাণসীবাহিনী সুরধুনীর পবিত্র নীরে স্নান করিলেই উৎকৃষ্ট তপঃসিদ্ধ হয়। কাশীতে সমাদরপূর্ব্বক ভিক্ষুকের হস্তে ভিক্ষাদান করিলে যে ফল লাভ হইয়া থাকে, অন্যত্রে তুলাপুরুষ দান করিলেও তাহার ষোড়শাংশের একাংশও প্রাপ্ত হওয়া যায় না। বিশ্বেশ্বরের

ইদমেব তপোত্যুগ্রং যদিন্দ্রিয় বিলোলতাম্।
নিষিধ্য স্থীয়তে কাশ্যাং ক্ষুত্তাপাদ্যবমন্য চ ॥ ১১।
মাসি মাসি যদাপ্যেত ব্রতাচ্চান্দ্রায়ণাৎ ফলম্।
অন্যত্র তদিহাপ্যেত ভূতায়াং নক্তভোজনাৎ ॥ ১২।
মাসোপবাসাদন্যত্র যৎ ফলং সমুপার্জ্জ্যতে।
শ্রদ্ধয়ৈকোপবাসেন তৎকাশ্যাং স্যাদসংশয়ম্ ॥ ১৩।
চাতুর্মাস্যব্রতাৎ প্রোক্তং যদন্যত্র মহাফলম্।
একাদশ্যুপবাসেন তৎ কাশ্যাং স্যাদসংশয়ম্ ॥ ১৪ ॥
ষণ্মাসান্নপরিত্যাগাদ্যদন্যত্র ফলং লভেৎ।
শিবরাত্র্যুপবাসেন তৎকাশ্যাং জায়তে ধ্রুবম্ ॥ ১৫।
বর্ষং কৃত্বোপবাসানি লভেদন্যত্র যদ্ব্রতী।
তৎফলং স্যাত্ত্রিরাত্রেণ কাশ্যামবিকলং মুনে ॥ ১৬।

দক্ষিণভাগে আসীন হইয়া হৃদয়ে বিশ্বেশ্বররূপ ধ্যানপূর্ব্বক ক্ষণকাল নেত্র নিমীলন করিয়া থাকিলেই মহাযোগ সিদ্ধ হয় ॥ ৭—১০ ॥ ইন্দ্রিয়ের চঞ্চলতা নিবারণপূর্ব্বক ক্ষুৎপিপাসায় ঔদাস্য করিয়া স্থিরচিত্তে কাশীধামে অবস্থান করাই উগ্রতপস্যা ॥ ১১ ॥ কাশী ভিন্ন অন্যস্থানে মাসে মাসে চান্দ্রায়ণব্রতাচরণ করিয়া গৃহস্থগণ যে ফল লাভ করেন, কাশীধামে এক মাত্র চতুর্দ্দশীতিথিতে দিবাভাগে উপবাস করিয়া নিশাকালে ভোজন করিলে সেই ফল লাভ হয়। অন্যত্রে একমাসকাল উপবাস করিলে যে ফল হয়, কাশীধামে শ্রদ্ধাপূর্ব্বক একদিনমাত্র উপবাস করিলে সেই ফল লাভ হইয়া থাকে সন্দেহ নাই। অন্যস্থানে চাতুর্ম্মাস্য উপবাস করিয়া গৃহাশ্রমিগণ যে ফল প্রাপ্ত হন, কাশীধামে কেবল একাদশীর উপবাস করিলে নিঃসংশয়ে তত্তুল্য ফল লাভ হইয়া থাকে। ছয়মাস অন্নত্যাগ করিলে অন্যত্রে যে ফল হয়, কাশীধামে শিবরাত্রির উপবাস করিলে নিশ্চয়ই সেই ফল লাভ হইয়া থাকে। একবৎসর উপবাস করিয়া গৃহস্থগণ অন্যস্থানে যে ফল লাভ

মাসি মাসি কুশাগ্রাম্বু পানাদন্যত্র যৎফলম্।
কাশ্যামুত্তরবাহিন্যামেকেন চুলুকেন তৎ॥ ১৭।
অনন্তোমহিমা কাশ্যাঃ কস্তং বর্ণয়িতুং প্রভুঃ॥
বিপত্তিমিচ্ছতো জন্তোর্যত্র কর্ণে জপঃ শিবঃ॥ ১৮।
শম্ভুস্তৎ কিঞ্চিদাচষ্টে ম্রিয়মাণস্য জন্মিনঃ।
কর্ণেঽক্ষরং যদাকর্ণ্য মৃতোপ্যমৃততাং ব্রজেৎ॥ ১৯।
স্মারং স্মারং স্মররিপোঃ পুরীং ত্বমিব শঙ্করঃ।
অত্নুনোম্মন্দরং যাতো বহুশস্তদবাপ্তয়ে॥ ২০।

অগস্ত্য উবাচ।

স্বকার্য্যনিপুণৈঃ স্বামিন্ গীর্বাণৈরতি দারুণৈঃ।
ত্যাজিতোহং পুরীংকাশীং হরোত্যাক্ষীৎ কুতঃপ্রভো॥২১।

করেন, কাশীধামে তিনরাত্রি উপবাস করিলে সেই ফল হয়। অন্যস্থানে মাসে মাসে কুশাগ্র পরিমাণে জল পান করিয়া থাকিলে যে ফল লাভ হয়, হে অগস্ত্য! বারাণসীপবিত্রকারিণী উত্তরবাহিনী সুরধুনীর এক গণ্ডুষ মাত্র জল পান করিলে সেই ফল হইয়া থাকে॥ ১২—১৭॥

স্কন্দ কহিলেন, হে ঋষিপুঙ্গব! কাশীধামের অনন্তমহিমা কীর্ত্তন করিতে কোন্ ব্যক্তি সমর্থ হয়? কারণ কাশীধামে জীবগণ মুমূর্ষু অবস্থা প্রাপ্ত হইলে বিশ্বেশ্বর স্বয়ং তাহাদের কর্ণে তারকব্রহ্ম মন্ত্র প্রদান করেন। মোক্ষদাতা মহেশ্বর জীবের মৃত্যুকালে তাহার কর্ণে ঐ প্রকারে যে তারকব্রহ্ম মন্ত্র দেন, তাহা শ্রবণ করিয়া মৃতব্যক্তি অমরত্ব প্রাপ্ত হয়॥ ১৮—১৯॥ হে তত্ত্বনিষ্ঠ মুনিশ্রেষ্ঠ! তুমি যেমন কাশীর নিমিত্ত লালায়িত হইতেছ, স্বয়ং মহাদেবও একবার মন্দরপর্ব্বতে কাশীকে স্মরণ করিয়া এইরূপ ব্যাকুলচিত্ত হইয়াছিলেন॥ ২০॥

অগস্ত্য জিজ্ঞাসা করিলেন, হে ষড়ানন! নিদারুণ স্বার্থপর দেবতারা চক্র করিয়া যেন আমারেই কাশী হইতে দূরীভূত করিয়াছে, কিন্তু স্বয়ং

পরাধীনোহমিব কিং দেবদেবঃ পিনাকবান্।
কাশিকাংসোঽত্যজৎ কস্মান্নির্ব্বাণমণিরাশিকাম্॥ ২২।

স্কন্দ উবাচ।

মিত্রাবরুণসম্ভূত কথয়ামি কথামিমাম্।
তত্যাজ চ যথাস্থাণুঃ কাশীং বিধ্যুপরোধতঃ॥ ২৩।
প্রার্থিতস্ত্বং যথালেখৈঃ পরোপকৃতয়ে মুনে।
দ্রুহিণেন তথা রুদ্রঃ স্বরক্ষণ বিচক্ষণঃ॥ ২৪।

অগস্ত্য উবাচ।

কথং স ভগবান্রুদ্রো দ্রুহিণেন কৃপাম্বুধিঃ।
প্রার্থিতোঽভূৎ কিমর্থঞ্চ তন্মে ব্রূহি ষড়ানন॥ ২৫।

কাশীপতি মহেশ্বরকে কোন্ ব্যক্তি কাশীচ্যুত করিয়াছিল? হে মহাভাগ! পিনাকপাণি মহাদেবও কি আমার ন্যায় অন্যান্য দেবগণের অধীন? তিনি কি কারণে এমন নির্ব্বাণরত্নাকর কাশীপুরী পরিত্যাগ করিয়াছিলেন? ॥২১। ২২॥

স্কন্দ উত্তর করিলেন, হে তত্ত্বান্বেষি ঋষিসত্তম! সেই নিগূঢ় তত্ত্বকথাই আমি তোমার নিকট কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর। ভগবান শূলপাণি পূর্ব্বে পদ্মযোনি প্রজাপতির অনুরোধেই কাশীধাম পরিত্যাগ করিয়াছিলেন। হে অগস্ত্য! তুমি দেবচক্রে পতিত হইয়া কাশীচ্যুত হইয়াছ, কিন্তু ভগবান ভক্তবৎসল বিশ্বেশ্বর একদা প্রজাপতি ব্রহ্মাকর্তৃক প্রার্থিত হইয়াই বারাণসী ত্যাগ করিয়াছিলেন॥ ২৩। ২৪॥

অগস্ত্য কহিলেন, হে ভগবন্! করুণাসিন্ধু বিশ্বেশ্বর কি নিমিত্ত ব্রহ্মার অনুরোধে কাশীপুরী পরিত্যাগ করেন, এবং বিধাতাই বা কি কারণে তাঁহার নিকট ঐ প্রার্থনা করিয়াছিলেন, আপনি আমার নিকট তদ্বিষয় সবিস্তরে কীর্ত্তন করুন॥ ২৫॥

স্কন্দ উবাচ।

পদ্মকল্পে পুরারম্ভে মনোঃ স্বায়ম্ভুবেঽন্তরে।
অনাবৃষ্টিরভূদ্বিপ্র সর্ব্বভূত প্রকম্পিনী ॥ ২৬।
তয়া তু ষষ্টিহায়িন্যা পীড়িতাঃ প্রাণিনোঽখিলাঃ।
কেচিদম্বুধিতীরেষু গিরিদ্রোণীষু কেচন ॥ ২৭।
মহানিম্নেষু কচ্ছেষু মুনিবৃত্ত্যা জনাঃ স্থিতাঃ।
অরণ্যান্যবনির্জাতা গ্রামখর্ব্বটবর্জ্জিতা ॥ ২৮।
ক্রব্যাদা এব সর্ব্বেষু নগরেষু পুরেষু চ।
আসন্নভ্রংলিহো বৃক্ষাঃ সর্ব্বত্র ক্ষৌণিমণ্ডলে ॥ ২৯।
চৌরা এব মহাচৌরৈরুল্লুণ্ঠ্যন্ত ইতস্ততঃ।
মাংসবৃত্ত্যোপজীবন্তি প্রাণিনঃ প্রাণরক্ষিণঃ ॥ ৩০।
অরাজকে সমুৎপন্নে লোকেঽত্যাহিত শংসিনি।
প্রযত্নো বিফলস্ত্বাসীৎ সৃষ্টেঃ সৃষ্টিকৃতস্তদা ॥ ৩১।

স্কন্দ কহিলেন, হে ঋষিপ্রবর! পুরাকালে যখন নারায়ণের নাভিপদ্ম হইতে ব্রহ্মাণ্ড উৎপত্তি হয়, সেই সময় ও স্বায়ম্ভুব মন্বন্তরে সর্ব্বভূত প্রকম্পিনী অনাবৃষ্টি হইয়াছিল। সেই ষষ্টবর্ষব্যাপিনী অনাবৃষ্টিপ্রভাবে নিখিল প্রজাপুঞ্জ প্রপীড়িত হইয়া কেহ জলধিতীরে, কেহ গিরিগুহায়, কেহ রসাতলে, এবং কেহ কেহ বা পর্ব্বতের উপত্যকাভূমিতে মুনিবৃত্তি অবলম্বনপূর্ব্বক আশ্রয় লইয়াছিল। ধরণী এককালে গ্রামজনপদশূন্য অরণ্যময় হইয়াছিল। মেদিনীমণ্ডলের সমস্ত নগর এবং সমস্ত গ্রাম কেবল মাংসাশী শ্বাপদ পশু-পক্ষী এবং অভ্রভেদী বৃক্ষরাজিতে পরিপূর্ণ হইয়াছিল। দস্যুতস্করাদি প্রবল হইয়া জনস্থান লুণ্ঠন করিতে প্রবৃত্ত হইয়াছিল। হতাবশিষ্ট প্রাণিগণ কেবল মাংসমাত্র উপজীবী হইয়া জীবন ধারণ করিত। লোকে পরস্পর কেবল এই কথাই বলাবলি করিত যে, দেশ অরাজক হইল এবং বিধাতার ব্রহ্মাণ্ড-সৃষ্টি বিফল হইয়া গেল। জগতীতলস্থ প্রজাসমূহ ক্রমাগত ক্ষয় হইতে

চিন্তামবাপ মহতীং জগদ্যোনিঃ প্রজাক্ষয়াৎ।
প্রজাসু ক্ষীয়মাণাসু ক্ষীণা যজ্ঞাদিকাঃ ক্রিয়াঃ ॥ ৩২।
তাসু ক্ষীণাসু সংক্ষীণাঃ সর্ব্বে যজ্ঞভুজোঽভবন্।
ততশ্চিন্তয়তাস্রষ্ট্রা দৃষ্টো রাজর্ষিসত্তমঃ ॥ ৩৩।
অবিমুক্তে মহাক্ষেত্রে তপস্যন্নিশ্চলেন্দ্রিয়ঃ।
মনোরন্বয়জোবীরঃ ক্ষাত্রোধর্ম্ম ইবোদিতঃ ॥ ৩৪।
রিপুঞ্জয় ইতি খ্যাতো রাজা পরপুরঞ্জয়ঃ।
অথ ব্রহ্মাতমাসাদ্য বহুগৌরবপূর্ব্বকম্ ॥ ৩৫।
উবাচ বচনং রাজন্ রিপুঞ্জয় মহামতে।
ইলাং পালয় ভূপাল স সমুদ্রাদ্রিকাননাম্ ॥ ৩৬।
নাগকন্যাং নাগরাজঃ পত্ন্যর্থং তে প্রদাস্যতি।
অনঙ্গমোহিনীং নাম্না বাসুকিঃ শীলভূষণাম্ ॥ ৩৭।

দেখিয়া প্রজাপতি ব্রহ্মা নিয়তই মহতীচিন্তায় ম্রিয়মাণ হইয়াছিলেন। প্রজাক্ষয়নিবন্ধন যাগযজ্ঞাদি সমস্ত ক্রিয়াকলাপ লোপ হইতে চলিল, এটিও বিধাতার এক মহাচিন্তা ॥ ২৬। ৩২ ॥ এইরূপে প্রজাক্ষয় ও যজ্ঞক্ষয় দর্শন করিয়া চিন্তাশীল পদ্মযোনি সহসা একজন রাজর্ষিকে নয়নগোচর করিলেন। সেই রাজর্ষি মনুবংশসম্ভূত; তিনি ইন্দ্রিয়সংযমপূর্ব্বক অনন্যমনে তপশ্চরণ করিতেছিলেন; দেখিলেই বোধ হইত যেন, সাক্ষাৎ ক্ষাত্রধর্ম্ম মূর্ত্তিমান হইয়া বিরাজ করিতেছেন। তাঁহার নাম রিপুঞ্জয়। তিনি ক্ষত্রিয়বীর্য্যে বিপক্ষপক্ষ দলন করিয়া ইহ পৃথ্বীতলে কীর্ত্তিমান হইয়াছেন। প্রজাপতি ব্রহ্মা তাঁহারে নেত্রগোচর করিয়া মহাসমাদরপূর্ব্বক অভ্যর্থনা করিয়া কহিলেন, হে মহারাজ! হে মহামতি পৃথ্বীপতি! তুমি স্বচ্ছন্দে থাকিয়া এই সসাগরা সকাননা ধরণীর উপর আধিপত্য বিস্তার কর। নাগরাজ বাসুকি তোমারে অনঙ্গমোহিনী নাম্নী সুশীলা সুকুমারী সম্প্রদান করিবেন। হে মহারাজ! তোমার প্রজাপালনগুণে পরিতুষ্ট হইয়া দেবতারা তোমারে স্বর্গসুখ ও

দিবোঽপি দেবা দাস্যন্তি রত্নানি কুসুমানি চ।
প্রজাপালনসন্তুষ্টা মহারাজ প্রতিক্ষণম্ ॥ ৩৮ ।
দিবোদাস ইতি খ্যাতমতোনাম ত্বমাপ্স্যসি॰।
মৎপ্রভাবাচ্চ নৃপতে দিব্যং সামর্থ্যমস্তুতে ॥ ৩৯ ।
পরমেষ্ঠিবচঃ শ্রুত্বা ততোঽসৌ রাজসত্তমঃ।
বেধসং বহুশঃ স্তুত্বা বাক্যঞ্চেদমুবাচ হ ॥ ৪০ ।

রাজোবাচ।

পিতামহ মহাপ্রাজ্ঞ জনাকীর্ণে মহীতলে।
কথং নান্যে চ রাজানো মাং কথং কথ্যতে ত্বয়া ॥ ৪১ ।

ব্রহ্মোবাচ।

ত্বয়ি রাজ্যং প্রকুর্ব্বাণে দেবো বৃষ্টিং বিধাস্যতি।
পাপনিষ্ঠে চ বৈ রাজ্ঞি ন দেবো বর্ষতে পুনঃ ॥ ৪২ ।

অতুল রত্নরাজী প্রদান করিবেন। প্রতিক্ষণ তোমার মস্তকে দেবলোক হইতে পুষ্পবৃষ্টি হইবে ॥ ৩৭—৩৮ ॥

সেই রাজাকে সম্বোধন করিয়া ব্রহ্মা কহিলেন, হে নৃপবর! দেবতারা তোমারে দিব্যলোক প্রদান করিবেন, এই নিমিত্ত তোমার নাম দিবোদাস হইবে; আমার বরে তুমি দেবতুল্য সামর্থ্য প্রাপ্ত হইতে পারিবে ॥ ৩৯ ॥ বিধাতার এই বাক্য শ্রবণ করিয়া রাজা তাঁহাকে বহুবিধ স্তুতিবিনতি করণানন্তর কহিতে লাগিলেন, হে মহাপ্রাজ্ঞ পিতামহ! এই বহুজনাকীর্ণ অবনীমণ্ডলে বহুতর রাজা বিদ্যমান আছেন, আপনি তাঁহাদিগকে উপেক্ষা করিয়া কেবল আমাকেই ঐরূপ আদেশ করিতেছেন কেন? ৪০। ৪১ ॥

ব্রহ্মা কহিলেন, হে মহারাজ! তোমার ন্যায় পুণ্যাত্মা এই ধরাধামে রাজা হইলে দেবতারা প্রসন্ন হইয়া মহীতলে প্রচুর বারিবর্ষণ করিবেন। রাজা পাপাত্মা হইলে দেবগণ কখনই পৃথিবীতে বারিবর্ষণ করেন না ॥ ৪২ ॥

রাজোবাচ।

পিতামহ মহামান্য ত্রিলোকীকরণক্ষম।
মহাপ্রসাদ ইত্যাজ্ঞাং ত্বদীয়াং মূর্দ্ধ্যুপাদদে ॥ ৪৩।
কিঞ্চিদ্বিজ্ঞপ্তুকামোঽহং তন্মদর্থং করোষি চেৎ।
ততঃ করোম্যহং রাজ্যং পৃথিব্যামসপত্নবৎ ॥ ৪৪।

ব্রহ্মোবাচ।

অবিলম্বেন তদ্ব্রূহি কৃতমন্যস্ব পার্থিব।
যত্তে হৃদি মহাবাহো তবাদেয়ং ন কিঞ্চন ॥ ৪৫।

রাজোবাচ।

যদাহং পৃথিবীনাথঃ সর্ব্বলোকপিতামহ।
তদা দিবিষদো দেবা দিবি তিষ্ঠন্তু মা ভুবি ॥ ৪৬।

দিবোদাস কহিলেন, হে মহামান্য পিতামহ! আপনি কটাক্ষে এই ত্রিলোক সৃজন করিতে পারেন, তথাপি আমার প্রতি সদয় হইয়া এইরূপ আজ্ঞা প্রদান করিতেছেন, অতএব আমি আপনার এই আজ্ঞা শিরোধারণ-পূর্ব্বক গ্রহণ করিলাম। হে প্রজাপতে! আমি আপনার নিকটে কিছু নিগূঢ় তত্ত্ব অবগত হইতে অভিলাষী হইতেছি, আপনি যদি প্রসন্নচিত্তে তাহা আমারে বুঝাইয়া দেন, তাহা হইলে আমি নিষ্কণ্টকে রাজ্যপালন করিতে পারি ॥ ৪৩। ৪৪ ॥

ব্রহ্মা কহিলেন, হে মহারাজ! তোমার মনে যাহা উদিত হইয়াছে, তাহা যেন আমি পূর্ণ করিয়াছি, এইরূপ জ্ঞান করিয়া অবিলম্বে সেই কথা আমার নিকট ব্যক্ত কর। হে মহাবাহো! তোমারে আমার অদেয় কিছুই নাই ॥ ৪৫ ॥ দিবোদাস কহিলেন, হে সর্ব্বলোকপিতামহ! যদি আমি এই পৃথিবীর নরপতি হই, তাহা হইলে যতদিন আমি রাজ্যপালন করিব, ততদিন যেন দেবতারা মর্ত্যলোকে আগমন না করিয়া দিব্যলোকেই অবস্থান করেন। দেবগণ দেবলোকেই বাস করুন এবং আমি এই ভূতলেই বাস করি।

দেবেষু দিবি তিষ্ঠৎসু ময়ি তিষ্ঠতি ভূতলে।
অসপত্নেন রাজ্যেন প্রজা সৌখ্যমবাপ্স্যতি ॥ ৪৭ ।
তথেতি বিশ্বসৃক্‌প্রোক্তো দিবোদাসো নরেশ্বরঃ।
পটহং ঘোষয়াঞ্চক্রে দিবং দেবা ব্রজন্ত্বিতি ॥ ৪৮ ।
মা গচ্ছন্ত্বিহ বৈ নাগা নরাঃ স্বস্থা ভবন্ত্বতঃ।
ময়ি প্রশাসতি ক্ষৌণীং সুরাঃ স্বস্থা ভবন্ত্বিতি ॥ ৪৯ ।
এতস্মিন্নন্তরে ব্রহ্মা বিশ্বেশং প্রণিপত্যহ।
যাবদ্বিজ্ঞপ্তুকামোভূত্তাবদীশো ব্রবীদ্বিধিং ॥ ৫০ ।
লোকেশ্বর সমায়াহি মন্দরো নাম ভূধরঃ।
কুশদ্বীপাদিহাগত্য তপস্তপেহত দুষ্করম্ ॥ ৫১ ।

কারণ রাজ্যমধ্যে রাজার প্রতিযোগী না থাকিলে প্রজাপুঞ্জের সুখসৌভাগ্য পরিবর্দ্ধিত হয় ॥ ৪৬। ৪৭ ॥ রাজার এই বাক্য শ্রবণ করিয়া প্রজাপতি বিধাতা তথাস্তু বাক্য প্রয়োগ করিলে ডঙ্কানিনাদে যেন এই ধ্বনি বিঘোষিত হইতে লাগিল যে, রাজা দিবোদাস পৃথিবীর নরেশ্বর হউন এবং দেবগণ এস্থান হইতে দিব্যলোকে প্রস্থান করুন ॥ ৪৮ ॥

দিবোদাস কহিলেন, নাগগণ যেন মর্ত্যধামে আগমন না করেন, নরগণ যেন সুস্থচিত্তে অবস্থান করিতে পান। আমি এই মেদিনীমণ্ডল শাসন করি এবং দেবতাগণ স্বর্গধামে সুখে অবস্থান করুন ॥ ৪৯ ॥ এইরূপে দিবোদাসকে রাজা করিয়া কমলযোনি ব্রহ্মা বিশ্বেশ্বরদর্শনানন্তর তাঁহারে প্রণিপাত করিলেন। তিনি যে নিগূঢ়তত্ত্ব নিবেদন করিতে আসিয়াছিলেন, অযাচিত হইয়া বিশ্বেশ্বর স্বয়ং সেই কথাই তাঁহারে কহিয়া দিলেন ॥ ৫০ ॥ ব্রহ্মাকে দর্শন করিয়া সাদর অভ্যর্থনাপূর্ব্বক মহেশ্বর কহিলেন, হে লোকেশ্বর! মন্দর-পর্ব্বত কুশদ্বীপ হইতে এই স্থানে আগমন করিয়া দুষ্কর তপস্যা আরম্ভ করিয়াছেন। ভূধরবর আমার উদ্দেশে বহুকাল তপস্যা করিতেছেন। অতএব চল, তাঁহারে বরদান করিবার নিমিত্ত আমরা উভয়েই গমন করি ॥ ৫১ ॥

যাবত্তস্মৈ বরং দাতুং বহুকালং তপস্যতে।
ইত্যুক্ত্বা পার্ব্বতীনাথো নন্দিভৃঙ্গি পুরোগমঃ ॥ ৫২।
জগাম বৃষমারুহ্য মন্দরো যত্র তিষ্ঠতি।
উবাচ চ প্রসন্নাত্মা দেবদেবো বৃষধ্বজঃ ॥ ৫৩।
উত্তিষ্ঠোত্তিষ্ঠ ভদ্রন্তে বরং ব্রূহি ধরোত্তম।
সোঽথ শ্রুত্বা মহেশানং দেবদেবং ত্রিলোচনম্ ॥ ৫৪।
প্রণম্য বহুশো ভূমাবদ্রিরেতদ্ব্যজিজ্ঞপৎ।
লীলাবিগ্রহভৃচ্ছম্ভো প্রণতৈক কৃপানিধে ॥ ৫৫।
সর্ব্বজ্ঞোঽপি কথং নাম নবেত্থ মম বাঞ্ছিতম্।
শরণাগত সন্ত্রাণ সর্ব্ববৃত্তান্তকোবিদ ॥ ৫৬।
সর্ব্বেষাং হৃদয়ানন্দ শর্ব্ব সর্ব্বগ সর্ব্বকৃৎ।
যদি দেয়ো বরো মহ্যং স্বভাবাদৃষদাত্মনে ॥ ৫৭।

ভগবান পার্ব্বতীপতি এই কথা বলিয়া নন্দীভৃঙ্গীকে পুরোবর্ত্তী করিয়া বৃষভারোহণে মন্দরের নিকট যাত্রা করিলেন। তথায় উপস্থিত হইয়া প্রসন্নাত্মা দেবাদিদেব বৃষধ্বজ মধুরবচনে মন্দরকে সম্বোধনপূর্ব্বক কহিলেন, হে ভূধরশ্রেষ্ঠ! গাত্রোত্থান কর, গাত্রোত্থান কর, আমি তোমার প্রতি সুপ্রসন্ন হইয়াছি, অভিলষিত বর প্রার্থনা কর ॥ ৫২। ৫৩॥ দেবদেব ত্রিলোচন মহেশ্বরের এই বাক্য শ্রবণানন্তর গিরিবর মন্দর বারম্বার ভূমিতলে লুণ্ঠিত হইয়া প্রণিপাত-পূর্ব্বক কহিতে লাগিলেন, হে লীলানিলয় ভগবান আশুতোষ! তোমারে নমস্কার! তুমি আমারে অভিলষিত বরপ্রার্থনা করিতে অনুরোধ করিতেছ; কিন্তু হে সর্ব্বান্তর্যামিন্! যদি তুমি আমার বাঞ্ছিততত্ত্ব অবগত হইতে না পার, তবে হে ভক্তৈকবৎসল কৃপানিধান! ত্রিলোকে তোমার সর্ব্বজ্ঞ নাম কেন? হে শরণাগতপরিত্রাত, সর্ব্ববৃত্তান্তাভিজ্ঞ, সর্ব্বজীবের হৃদয়ানন্দ, সর্ব্বময়, সর্ব্বত্রগামিন্, সর্ব্বনিয়ামক! আমি স্বভাবতঃ পাষাণ। হে দুঃখভঞ্জন ভক্তবৎসল করুণাসিন্ধো! আমি শোকাকুল হইয়া তোমার নিকট বর যাচ্ঞা

যাচকায়াতিশোচ্যায় প্রণতার্ত্তিপ্রভঞ্জক।
ততোঽবিমুক্তক্ষেত্রস্য স্বাম্যং হ্যভিলষাম্যহম্ ॥ ৫৮।
কুশদ্বীপোময়াসার্দ্ধং নাথাদ্য সপরিচ্ছদঃ।
মন্মৌলৌ বিহিতাবাসঃ প্রযাত্বেষ বরো মম ॥ ৫৯।
সর্ব্বেষাং সর্ব্বদঃ শম্ভুঃ ক্ষণং যাবদ্বিচিন্তয়েৎ।
বিজ্ঞাতাবসরো ব্রহ্মা তাবচ্ছম্ভুং ব্যজিজ্ঞপৎ।
প্রণম্যাগ্রেসরোভূত্বা মৌলৌ বদ্ধকরদ্বয়ঃ ॥ ৬০।

ব্রহ্মোবাচ।

বিশ্বেশ জগতাং নাথ পত্যাব্যাপারিতোস্ম্যহম্।
কৃতপ্রসাদেন বিভো সৃষ্টিং কর্ত্তুং চতুর্ব্বিধাং ॥ ৬১।
প্রযত্নেন ময়া সৃষ্টা সা সৃষ্টিস্ত্বদনুজ্ঞয়া।
অবৃষ্ট্যা বষ্টিহায়িন্যা তত্র নষ্টাঃ প্রজা ভুবি ॥ ৬২।

করিতেছি। যদি তুমি প্রসন্ন হইয়া আমাকে বরপ্রদানে উদ্যত হইয়া থাক, তাহা হইলে আমার প্রার্থনা এই যে, আমি এই বিমুক্তক্ষেত্র কাশীধামের স্বামিত্বলাভে অভিলাষী হইয়াছি। হে নাথ! তুমি অদ্য সপার্ব্বতী, সপরিচ্ছদ আমার সহিত কুশদ্বীপে গমন করিয়া আমার শিরে বাস কর, আমি কেবল এইমাত্র বর ভিক্ষা করি ॥ ৫৪—৫৮ ॥ মন্দরের প্রার্থনা আকর্ণনপূর্ব্বক সর্ব্বলোকের সর্ব্বকামপ্রদ ভগবান আশুতোষ যাবৎ কিয়ৎক্ষণ চিন্তা করিতেছিলেন, ইত্যবসরে ব্রহ্মা তাঁহার সমীপে অগ্রসর হইয়া কৃতাঞ্জলিপুটে প্রণতিপূর্ব্বক জিজ্ঞাসা করিলেন, হে জগৎপতি বিশ্বেশ্বর! তোমার প্রসাদেই আমি এই চতুর্ব্বিধ চরাচর সৃজন করিয়াছি; সমস্তই তোমার লীলা; আমি কেবল উপলক্ষভূমিমাত্র। হে বিশ্বেশ্বর! তোমারই অনুজ্ঞাক্রমে আমি প্রযত্নসহকারে এই বিশ্বসংসার সৃজন করিয়াছি; এক্ষণে এই ষষ্টিবর্ষব্যাপিনী প্রজানাশিনী অনাবৃষ্টিতে আমার সমস্ত প্রজাকুল নির্ম্মূল হইয়া যাইতেছে। মহা অরাজককাণ্ড বহুদিনাবধি বদ্ধমূল হইয়া রহিয়াছে। সম্প্রতি মনু-

অরাজকং মহচ্চাসীৎ দুরবস্থমভূজ্জগৎ।
ততো রিপুঞ্জয়ো নাম রাজর্ষির্মনুবংশজঃ॥ ৬৩।
ময়াভিষিক্তো রাজর্ষিঃ প্রজাঃপাতুং নরেশ্বরঃ।
চকার সময়ং সোঽপি মহাবীর্য্যো মহাতপাঃ॥ ৬৪।
তদাজ্ঞয়া চেৎ স্থাস্যন্তি সর্ব্বে দিবিষদো দিবি।
নাগলোকে তথা নাগাস্ততো রাজ্যং করোম্যহম্॥ ৬৫।
তথেতি চ ময়া প্রোক্তং প্রমাণীক্রিয়তাস্তু তৎ।
মন্দরায় বরো দত্তো ভবেদেবং কৃপানিধে॥ ৬৬।
তস্য রাজ্ঞঃ প্রজাস্ত্রাতুং ভূয়াচ্চৈষ মনোরথঃ।
মম নাড়ীদ্বয়ং রাজ্যং তস্যাপি চ শতক্রতোঃ॥ ৬৭।

বংশোদ্ভব রিপুঞ্জয় নামে এক রাজর্ষি এখানে সমাগত হইয়াছেন। সেই মহাবীর্য্য মহাতপা রাজর্ষিকে আমি প্রজাপালনের নিমিত্ত পৃথিবীর নরেশ্বরপদে অভিষিক্ত করিয়াছি। অভিষেক সময়ে তিনি আমারে কয়েকটি নিয়মে আবদ্ধ করিয়াছেন। সেই রাজর্ষির নিয়ম এই যে, তিনি বলিয়াছেন, যতদিন আমি রাজ্যশাসন করিব, ততদিন দেবগণ নিরবচ্ছিন্ন দেবলোকে এবং নাগগণ নাগলোকে অবস্থান করিবেন। রাজা দিবোদাসের প্রাগুক্ত নিয়মে আমি অঙ্গীকার করিয়া তাঁহার বাক্যই সপ্রমাণ করিয়াছি। হে কৃপানিধে! সেই সঙ্গে গিরিরাজ মন্দরকেও পরম্পরাসম্বন্ধে বরপ্রদান করা হইয়াছে। আমার অভিলাষ এই যে, প্রজাপালনের নিমিত্ত রাজা দিবোদাস আমার বর্ষমানের দুই ঘটিকা কাল পৃথিবীতে রাজত্ব করিবেন। দেবরাজ পুরন্দরকেও আমি স্বর্গরাজ্যভোগে ঐরূপ সময় নির্দ্দিষ্ট করিয়া দিয়াছি। ব্রহ্মমাণ নির্দ্দিষ্ট করিয়া দিবার তাৎপর্য্য এই যে, নিমেষার্দ্ধনিমেষী মর্ত্ত্য-লোকের বর্ষপরিমাণ স্থির করিয়া দিলে অতি অল্পদিনমাত্র রাজ্যভোগ হয়॥ ৫৯—৬৬॥

ভগবান বিশ্বেশ্বরও সুচারু মন্দরপর্ব্বতকে পরমপবিত্রস্থান জ্ঞান করিয়া

মর্ত্ত্যানাং গণনা হ্যেষ নিমেষার্দ্ধনিমেষিণাম্ ।
দেবোঽপি নির্ম্মলং মত্বা মন্দরং চারুকন্দরম্ ॥ ৬৮ ।
বিধেশ্চ গৌরবং রক্ষণ্স্তথোরীকৃতবান্ হরঃ ।
জম্বুদ্বীপে যথা কাশী নির্ব্বাণপদদা সদা ॥ ৬৯ ।
তথা বহুতিথং কালং দ্বীপোভূৎ সোঽপি মন্দরঃ ।
যিযাসুনা চ দেবেন মন্দরং চিত্রকন্দরম্ ॥ ৭০ ।
নিজমূর্ত্তিময়ং লিঙ্গং অবিজ্ঞাতং বিধেরপি ।
স্থাপিতং সর্ব্বসিদ্ধীনাং স্থাপকেভ্যঃ সমর্পিতুম্ ॥ ৭১ ।
বিপন্নানাঞ্চ জন্তূনাং দাতুং নৈঃশ্রেয়সীং শ্রিয়ম্ ।
সর্ব্বেষামিহ সংস্থানাং ক্ষেত্রঞ্চৈবাভিরক্ষিতুং ॥ ৭২ ।
মন্দরাদ্রিগতেনাপি ক্ষেত্রং নৈতৎ পিনাকিনা ।
বিমুক্তং লিঙ্গরূপেণ অবিমুক্তমতঃ স্মৃতম্ ॥ ৭৩ ।

বিধাতার গৌরবরক্ষার্থ তাঁহার সমস্ত বাক্যেই অনুমোদন করিলেন ॥ ৬৭ ॥ জম্বুদ্বীপের মধ্যে কাশীপুরী যেমন সর্ব্বদা মোক্ষদায়িনী, কুশদ্বীপের মধ্যে মন্দর-পর্ব্বতও তদ্রূপ পবিত্রতীর্থ বলিয়া বিখ্যাত। বিচিত্র মন্দরপর্ব্বতে যাত্রা করিতে মহাদেবের অভিলাষ জন্মিল। তিনি তৎকালে বারাণসীক্ষেত্রে অষ্টসিদ্ধিস্থাপক ভক্তগণের উপকারার্থ নিজমূর্ত্তিময় একটি লিঙ্গ সংস্থাপন করিলেন। স্বয়ং বিধাতাও সেই নিগূঢ়তত্ত্ব পরিজ্ঞাত নহেন ॥ ৬৮। ৬৯ ॥

মোক্ষদাতা পিনাকপাণি মহেশ্বর বারাণসীস্থ বিপদাপন্ন জীবগণকে নির্ব্বাণ-মুক্তি প্রদানার্থ এবং কাশীপুরী পরিরক্ষণার্থ মন্দরপর্ব্বতে গমন করিয়াও বারাণসীক্ষেত্র পরিত্যাগ করেন নাই ; কাশী হইতে বিমুক্ত হইয়াও তিনি লিঙ্গরূপে অবিমুক্ত রহিলেন। এই নিমিত্তই কাশীক্ষেত্রকে অবিমুক্তক্ষেত্র বলে। পূর্ব্বকালে এই বারাণসীক্ষেত্রের আনন্দকানন নাম ছিল। বিশ্বেশ্বর যেদিন কাশীতে লিঙ্গস্থাপনপূর্ব্বক বিমুক্ত হইয়া মন্দরপর্ব্বতে যাত্রা করেন, সেই দিন হইতেই বারাণসীর অবিমুক্তক্ষেত্র নামকরণ আরম্ভ হয়। ক্ষেত্র

পুরা নন্দবনং নাম ক্ষেত্রমেতৎ প্রকীর্ত্তিতম্।
অবিমুক্তং তদারভ্য নামাস্য প্রথিতং ভুবি॥ ৭৪।
নামাবিমুক্তমভবদুভয়োঃ ক্ষেত্রলিঙ্গয়োঃ।
এতদ্বয়ং সমাসাদ্য ন ভূয়ো গর্ভভাগ্‌ভবেৎ॥ ৭৫।
অবিমুক্তেশ্বরং লিঙ্গং দৃষ্ট্বা ক্ষেত্রেঽবিমুক্তকে।
বিমুক্ত এব ভবতি সর্ব্বস্মাৎ কর্ম্মবন্ধনাৎ॥ ৭৬।
অর্চ্চন্তি বিশ্বে বিশ্বেশং বিশ্বেশোর্চ্চতি বিশ্বকৃৎ।
অবিমুক্তেশ্বরং লিঙ্গং ভুক্তিমুক্তিপ্রদায়কম্॥ ৭৭।
পুরা ন স্থাপিতং লিঙ্গং কস্যচিৎ কেনচিৎ ক্বচিৎ।
কিমাকৃতি ভবেল্লিঙ্গং নৈতদ্বেত্ত্যপি কশ্চন॥ ৭৮।

এবং লিঙ্গ, উভয়েরই অবিমুক্ত নাম হয়। সেই নিমিত্তই অবিমুক্তক্ষেত্র এবং অবিমুক্ত লিঙ্গ, এই দুটি নাম প্রসিদ্ধ হইয়াছে। যে পুণ্যবান পুরুষেরা ঐ দুটি অবিমুক্ত বস্তু সম্প্রাপ্ত হন, তাঁহাদিগকে আর গর্ভযন্ত্রণা ভোগ করিতে হয় না। অবিমুক্তক্ষেত্রে অবিমুক্ত লিঙ্গেশ্বর দর্শন করিলে জীবগণ সংসারের সমস্ত কর্ম্মবন্ধন হইতে বিমুক্ত হইয়া থাকেন। বিশ্ববাসী সমস্ত জীবগণ বিশ্বেশ্বরের অর্চ্চনা করিয়া থাকে। এমন কি, স্বয়ং বিশ্বেশ্বরও সেই বিশ্বপাতার অর্চ্চনা করেন। অবিমুক্তেশ্বরলিঙ্গ সমস্ত জীবের সৌভাগ্য ও নির্ব্বাণমুক্তি বিধান করিয়া থাকেন। অবিমুক্তেশ্বরের স্বরূপ লিঙ্গ ইতিপূর্ব্বে কস্মিন্‌কালে কাহারও মুক্তির নিমিত্ত কাহারও কর্তৃক পরিস্থাপিত হয় নাই। সেই অবিমুক্তেশ্বরের আকার কিরূপ হইবে, তাহাও কেহ জানিত না। ব্রহ্মাবিষ্ণু প্রভৃতি সমস্ত দেবগণ অবিমুক্তলিঙ্গ দর্শন করিয়া সকলেই তদনুরূপ এক একটি লিঙ্গ সংস্থাপন করিলেন। দেখাদেখি বশিষ্ঠাদি ঋষিগণও সময় বুঝিয়া এক এক লিঙ্গ প্রতিষ্ঠা করিয়া দিলেন। এই সুমহৎ অবিমুক্তলিঙ্গই ধরাধামে আদি-লিঙ্গ নামে প্রসিদ্ধ। ভূমণ্ডলের কুত্রাপি আর এতাদৃশ লিঙ্গের অস্তিত্ব নাই। অবিমুক্তেশ্বর, এই নামটিমাত্র শ্রবণ করিলে পৃথিবীস্থ জীবগণ তৎক্ষণাৎ

আকারমবিমুক্তস্য দৃষ্টা ব্রহ্মাচ্যুতাদয়ঃ।
লিঙ্গং সংস্থাপয়ামাসুর্বশিষ্ঠাদ্যাস্তথর্ষয়ঃ॥ ৭৯।
আদিলিঙ্গমিদং প্রোক্তমবিমুক্তেশ্বরং মহৎ।
ততো লিঙ্গান্তরাণ্যত্র জাতানি ক্ষিতিমণ্ডলে॥ ৮০।
অবিমুক্তেশনামাপি শ্রুত্বা জন্মার্জ্জিতাদঘাৎ।
ক্ষণান্মুক্তো ভবেন্মর্ত্যো নাত্র কার্য্যাবিচারণা॥ ৮১।
অবিমুক্তেশ্বরং লিঙ্গং স্মৃত্বা দূরগতোঽপি চ।
জন্মদ্বয়কৃতাৎ পাপাৎ ক্ষণাদেব বিমুচ্যতে॥ ৮২।
অবিমুক্তে মহাক্ষেত্রে বিমুক্তমবলোক্য চ।
ত্রিজন্মজনিতং পাপং হিত্বা পুণ্যময়ো ভবেৎ॥ ৮৩।
যৎ কৃতং জ্ঞানবিভ্রংশাদেনঃ পঞ্চসু জন্মসু।
অবিমুক্তেশসংস্পর্শাত্তৎ ক্ষয়েদেব নান্যথা॥ ৮৪।

পূর্ব্বজন্মার্জ্জিত সমস্ত পাপ হইতে বিমুক্ত হইয়া থাকে; তাহাতে আর কার্য্যাকার্য্যের বিচার থাকে না। লিঙ্গপীঠের দূরে অবস্থান করিয়াও যদি কেহ অবিমুক্তেশ্বর নামটি মনে মনেও স্মরণ করে, তাহা হইলেও ক্ষণমাত্রে ইহজন্ম ও পূর্ব্বজন্মের সমস্ত কলুষরাশি বিধ্বংসিত হইয়া যায়। অবিমুক্ত মহাক্ষেত্রে অবিমুক্তেশ্বরের মহালিঙ্গ নয়নগোচর করিলে ত্রিজন্মার্জ্জিত সমস্ত পাপরাশি বিচ্যুত হইয়া জীবগণ পবিত্র পুণ্যময় হইয়া থাকে। উপর্য্যুপরি পঞ্চজন্ম যে ব্যক্তি মোহবশত পাপকার্য্যের অনুষ্ঠান করে, অবিমুক্তেশ্বর লিঙ্গ স্পর্শ করিবামাত্রেই তাহার সেই সমস্ত পাপ নিশ্চয়ই ক্ষয় হইয়া যায়; ইহার আর কিছুমাত্র অন্যথা হয় না। নরগণ অবিমুক্তেশ্বর মহালিঙ্গের অর্চ্চনা করিয়া এই অবিমুক্তক্ষেত্রে কৃতকৃতার্থ হয়; পৃথিবীতে তাহাদের আর পুনর্ব্বার জন্ম হয় না। যথাভক্তি যথাশক্তি অবিমুক্তক্ষেত্রে অবিমুক্তেশ্বর লিঙ্গের স্তুতি, প্রণতি ও অর্চ্চনা করিলে সেই পুণ্যবান মহাপুরুষ ইহ জগতীতলে সমস্তলোকের স্তবনীয়, নমস্য এবং অর্চ্চনীয় হন। যে ব্যক্তি কাশীধামে স্বয়ং বিশ্বেশ্বরের

অর্চ্চয়িত্বা মহালিঙ্গমবিমুক্তেশ্বরং নরঃ।
কৃতকৃত্যো ভবেদত্র ন চ স্যাজ্জন্মভাক্ ততঃ ॥ ৮৫।
স্তুত্বা নত্বার্চ্চয়িত্বা চ যথাশক্তি যথামতি।
অবিমুক্তেঽবিমুক্তেশং স্তূয়তে নম্যতেঽর্চ্চ্যতে ॥ ৮৬।
অনাদিমদিদং লিঙ্গং স্বয়ং বিশ্বেশ্বরার্চ্চিতম্।
কাশ্যাং প্রযত্নতঃ সেব্যমবিমুক্তং বিমুক্তয়ে ॥ ৮৭।
সন্তি লিঙ্গান্যনেকানি পুণ্যেষ্বায়তনেষু চ।
আয়ান্তি তানি লিঙ্গানি মাঘীংপ্রাপ্য চতুর্দ্দশীম্ ॥ ৮৮।
কৃষ্ণায়াং মাঘভূতায়ামবিমুক্তেশজাগরাৎ।
সদাবিগতনিদ্রস্য যোগিনো গতিভাগ্‌ভবেৎ ॥ ৮৯।
নানায়তনলিঙ্গানি চতুর্ব্বর্গপ্রদান্যপি।
মাঘকৃষ্ণচতুর্দ্দশ্যামবিমুক্তমুপাসতে ॥ ৯০।

দ্বারা সমর্চ্চিত এই অনাদিলিঙ্গের সেবা করেন, এই অবিমুক্তক্ষেত্রেই তাঁহার বিমুক্তি লাভ হয় ॥ ৭০—৮৫ ॥

এই পুণ্যধাম বারাণসীতে অনেকগুলি লিঙ্গ বিদ্যমান আছেন। যাঁহারা মাঘমাসের কৃষ্ণা চতুর্দ্দশী তিথিতে সেই সকল লিঙ্গের অর্চ্চনা এবং অবিমুক্তেশ্বরের উদ্দেশে দিবারাত্রি জাগরণ করেন, তাঁহারা সর্ব্বদা চিরজাগরিত মহাযোগিগণের গতি প্রাপ্ত হন। এই অবিমুক্তধামের নানাস্থানে যে সকল চতুর্ব্বর্গফলপ্রদাতা লিঙ্গমূর্ত্তি সুপ্রতিষ্ঠিত আছেন, মাঘমাসের কৃষ্ণা-চতুর্দ্দশীতে কাশীধামে তাঁহাদের আরাধনা করিলে জীবের সদগতি হইয়া থাকে। অবিমুক্তেশ্বরে দৃঢ়ভক্তিরূপ দৃঢ়বজ্র যাঁহাদিগের হস্তে থাকে, তাঁহাদিগের আর কাহারে ভয়? জীবের চতুর্ব্বর্গফলপ্রদ এমন অবিমুক্ত মহালিঙ্গ এই অবনীমণ্ডলের আর কোন্ স্থানে আছেন? যাঁহার নামমাত্র স্মরণে অল্পপাপ দূরে থাকুক, পাপিলোকের শৈলসদৃশ পাপও বিধ্বংসিত হইয়া যায়। এই অবিমুক্ত মহাক্ষেত্রে অবিমুক্ত মহালিঙ্গ সর্ব্বক্ষণ অধিষ্ঠান

কিং বিভেতি নরো ধীরঃ কৃতাদঘশিলোচ্চয়াৎ।
অবিমুক্তেশলিঙ্গস্য ভক্তিবজ্রধরো যদি ॥ ৯১।
ক্বাবিমুক্তং মহালিঙ্গং চতুর্ব্বর্গফলোদয়ম্।
ক্ব পাপিপাপশৈলোঽল্পো যঃ ক্ষয়েন্নামসম্ভৃতঃ ॥ ৯২।
অবিমুক্তে মহাক্ষেত্রে বিশ্বেশসমধিষ্ঠিতে।
যৈর্নদৃষ্টং বিমূঢ়াস্তৈরবিমুক্তং লিঙ্গমুত্তমম্ ॥ ৯৩।
দ্রষ্টারমবিমুক্তস্য দৃষ্ট্বা দণ্ডধরো যমঃ।
দূরাদেব প্রণমতি প্রবদ্ধকরসম্পুটঃ ॥ ৯৪।
ধন্যং তন্নেত্রনির্ম্মাণং কৃতকৃত্যৌ তু তৌ করৌ।
অবিমুক্তেশ্বরং যেন যাভ্যামৈক্ষিষ্ট যঃ স্পৃশেৎ ॥ ৯৫।
ত্রিসন্ধ্যমবিমুক্তেশং যো জপেন্নিয়তঃ শুচিঃ।
দূরদেশবিপন্নোপি কাশীমৃতফলং লভেৎ ॥ ৯৬।
অবিমুক্তং মহালিঙ্গং দৃষ্ট্বা গ্রামান্তরং ব্রজেৎ।
লব্ধ্বাশু কার্য্যসংসিদ্ধিং ক্ষেমেন প্রবিশেৎ গৃহম্ ॥ ৯৭।

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে অবিমুক্তেশাবির্ভাবো নামৈকোনচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।

করিতেছেন। যে সকল ব্যক্তি এই সংসারের সারভূত অনাদিলিঙ্গ নয়নগোচর করে না, তাহারা নিতান্ত বিমূঢ়চিত্ত মহাপাষণ্ড। যে ব্যক্তি অবিমুক্ত লিঙ্গ দর্শন করিয়া দণ্ডধর ধর্ম্মরাজকৃতান্তকে দর্শন করেন, যমরাজ তাঁহাকে দূর হইতে কৃতাঞ্জলিপুটে প্রণিপাতপূর্ব্বক প্রস্থান করিয়া থাকেন। যে ব্যক্তি কাশীধামে অবিমুক্ত মহালিঙ্গ দর্শন ও স্পর্শন করিতে পারে, ধরাধামে তাহার নয়ন ও হস্ত, উভয়ই সার্থক এবং উভয়ই কৃতকৃতার্থ। যে পুণ্যাত্মা প্রতিদিন ত্রিসন্ধ্যাকাল অবিমুক্তেশ্বর নাম জপ করেন, তিনি দূরদেশবাসী হইলেও বারাণসীধামে তনুত্যাগের ফল প্রাপ্ত হন। যিনি অবিমুক্তেশ্বর লিঙ্গ দর্শন করিয়া গ্রামান্তরে গমন করেন, তিনি সর্ব্বকার্য্যে সিদ্ধিলাভ করিয়া পরমকল্যাণবিশিষ্ট হইয়া স্বগৃহে প্রত্যাগত হন ॥ ৮৬।৯৭॥

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে অবিমুক্তেশ্বর লিঙ্গের আবির্ভাব নাম ঊনচত্বারিংশত্তম অধ্যায়।

চত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।

স্কন্দ উবাচ।

অবিমুক্তেশমাহাত্ম্যং বর্ণিতং তেঽগ্রতো ময়া।
অথো কিমসি শুশ্রূষুঃ কথয়িষ্যামি তৎ পুনঃ ॥ ১।

অগস্ত্য উবাচ।

অবিমুক্তেশমাহাত্ম্যং শ্রাবং শ্রাবং শ্রুতী মম।
অতীব সুশ্রুতে জাতে তথাপি ন খিনোম্যহম্ ॥ ২।
অবিমুক্তেশ্বরং লিঙ্গং ক্ষেত্রঞ্চাপ্যবিমুক্তকম্।
এতয়োস্তু কথং প্রাপ্তির্ভবেৎ ষণ্মুখ তদ্বদ ॥ ৩।

স্কন্দ উবাচ।

শৃণু কুম্ভজ বক্ষ্যামি যথা প্রাপ্তির্ভবেদিহ।
সুশ্রেয়ো দাতুরেতস্যাবিমুক্তস্য মহামতে ॥ ৪।

চত্বারিংশত্তম অধ্যায়।

মুনিকুলপুঙ্গব অগস্ত্যকে সম্বোধন করিয়া স্কন্দদেব কহিলেন, হে মুনি-বংশাবতংস! অবিমুক্তেশ্বর মহালিঙ্গের যথাযথ মাহাত্ম্য আমি তোমার নিকট কীর্ত্তন করিয়াছি; এক্ষণে তোমার আর কি কি তত্ত্ব শ্রবণ করিতে অভিলাষ হয়, বল, তাহাই আমি বর্ণন করিব ॥ ১ ॥ অগস্ত্য কহিলেন, হে মহাভাগ! অবিমুক্তেশ্বরের মাহাত্ম্য শ্রবণে আমার শ্রবণেন্দ্রিয় চরিতার্থ হইয়াছে; কিন্তু আমার সম্পূর্ণ সংশয়চ্ছেদ হয় নাই। অবিমুক্তেশ্বর লিঙ্গ এবং অবিমুক্তক্ষেত্র, এই উভয়ই পরমপদার্থ; কিন্তু কিরূপে এই দুইটির প্রাপ্তিলাভ হয়, হে ষড়ানন! আপনি সেই নিগূঢ় তত্ত্বই আমার নিকট প্রকাশ করুন ॥ ২। ৩ ॥ স্কন্দ কহিলেন, হে অগস্ত্য! ইহ বারাণসী-

সমীহিতার্থসং সিদ্ধির্লভ্যতে পুণ্যভারতঃ।
তচ্চ পুণ্যং ভবেদ্বিপ্র শ্রুতিবর্ত্মসভাজনাৎ ॥ ৫।
শ্রুতিবর্ত্মজুষঃ পুংসঃ সংস্পর্শান্নশ্যতো মুনে।
কলিকালাবপি সদা ছিদ্রং প্রাপ্য জিঘাংসতঃ ॥ ৬।
বর্জ্জিতস্য বিধানেন প্রোক্তস্যাকরণেন বৈ।
কলিকালাবপি হতো ব্রাহ্মণং রন্ধ্রদর্শনাৎ॥ ৭।
নিষিদ্ধাচরণং তস্মাৎ কথয়িষ্যে তবাগ্রতঃ।
তদ্দূরতঃ পরিত্যজ্য নরো ন নিরয়ী ভবেৎ ॥ ৮।
পলাণ্ডুং বিড়্বরাহঞ্চ শেলুং লশুনগৃঞ্জনে।
গোপীযূষং তণ্ডুলীয়ং বর্জ্জ্যঞ্চ কবকং সদা ॥ ৯।

ধামে কিরূপে সর্ব্বশিবদাতা অবিমুক্তেশ্বর শিবলিঙ্গ এবং পরম পবিত্র অবিমুক্ত ক্ষেত্র প্রাপ্ত হওয়া যায়, তাহা আমি তোমার নিকট কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর ॥ ৪ ॥ একমাত্র পবিত্র পুণ্যবলেই অবিমুক্তেশ্বরলিঙ্গ এবং অবিমুক্ত ক্ষেত্র, এই উভয়ই লাভ হইয়া থাকে। যাঁহারা নিরত বেদমার্গের অনুসরণ করেন, সেই সকল মহাত্মারই প্রাগুক্ত পবিত্র পুণ্যলাভ হয়। যে দুর্দ্দান্ত দুরাচার কলি এবং কাল কিছুমাত্র ছিদ্র পাইলেই জীবগণকে বিনাশ করিয়া থাকে, শ্রুতিমার্গগামী পুণ্যাত্মাগণের সংস্পর্শে সেই কলি এবং কালরূপ মহাপাতকও বিনষ্ট হইয়া যায়। যাহারা বেদমার্গে অনাদর করিয়া সমস্ত নিষিদ্ধ বিধির আদর করে, পাপিষ্ঠ কলি এবং কাল যৎকিঞ্চিৎ রন্ধ্র পাইলে তাদৃশ ব্রাহ্মণকেও বিনষ্ট করিয়া থাকে। ভবসংসারে নরগণের কোন্‌টি কোন্‌টি নিষিদ্ধ কার্য্য, তাহাও আমি তোমার নিকট ব্যক্ত করিতেছি; যাঁহারা যত্নপূর্ব্বক সেই নিষিদ্ধ কার্য্যগুলি দূরে পরিত্যাগ করেন, তাঁহাদিগকে আর নিরয়গামী হইতে হয় না ॥ ৫—৮ ॥

পলাণ্ডু, গ্রাম্যশূকর, শ্লেষ্মাতক ফল, লশুন, গাজর, কোঁড়ক এবং নবপ্রসূতা গাভীর নবীন বৎসের বয়ঃক্রম দশদিন পরিপূর্ণ হইবার পূর্ব্বে সেই গাভীর দোহন করা দুগ্ধ ও অপবিত্র ক্ষেত্রোৎপন্ন শস্যাদি যত্নসহকারে পরিবর্জ্জন

ব্রাশ্চনান্ বৃক্ষনির্য্যাসান্ পায়সাপূপশষ্কুলীঃ।
অদেবপিত্র্যং পললং অবৎসাগোপয়স্ত্যজেৎ॥ ১০।
পয় ঐকশফং হেয়ং তথা ক্রামেলকাবিকম্।
রাত্রৌ ন দধিভোক্তব্যং দিবা ন নবনীতকম্॥ ১১।
টিট্টিভং কলবিঙ্কঞ্চ হংসং চক্রং প্লবং বকম্।
ত্যজেন্মাংসাশিনঃ সর্ব্বান্ সারসং কুক্কুটং শুকম্॥ ২২।
জালপাদান্ খঞ্জরীটান্ বুড়িত্বা মৎস্যভক্ষকান্।
মৎস্যাশী সর্ব্বমাংসাশী তন্মৎস্যান্ সর্ব্বথা ত্যজেৎ॥১৩।
হব্যকব্যনিযুক্তৌ তু ভক্ষ্যৌ পাঠীনরোহিতৌ।
মাংসাশিভিস্ত্বমী ভক্ষ্যাঃ শশশল্লককচ্ছপাঃ॥ ১৪।

করা বিধেয়। গৃহাশ্রমবাসি গৃহস্থগণ দেবপিতৃ উদ্দেশে অগ্রে নিবেদন না করিয়া পায়স, গোধূম, পুলিপিষ্টক এবং মাংস ভক্ষণ করিবেন না। লোহিত বর্ণ বৃক্ষনির্যাস এবং যে গাভীর বৎস নাই, তাহার দুগ্ধ পরিত্যাগ করা উচিত। উষ্ট্রদুগ্ধ, মেষদুগ্ধ এবং যে সকল পশুর খুর অখণ্ডিত, তাহাদের দুগ্ধ পান করা নিষিদ্ধ। রাত্রিকালে দধিভোজন করিতে নাই। অদত্তাহুতি গৃহস্থগণকে দিবাভাগে নবনী ভোজন করিতেও প্রতিষেধ আছে। তিত্তির পক্ষী, চটকপক্ষী, হংস, চক্রবাক, জলকুক্কুট, বক, সারস, গ্রাম্যকুক্কুট, শুক পক্ষী এবং সর্ব্বপ্রকার মাংসাশী পক্ষীর মাংস পরিত্যাগ করা বিধেয়। জল-হংস, খঞ্জন এবং যে সকল মৎস্যাশী পক্ষী জলে ডুব দিয়া মৎস্য ধরে, তাহা দের মাংস ভক্ষণ করা নিষিদ্ধ। যে সকল ব্যক্তি মৎস্য ভক্ষণ করে, তাহাদিগের সকল প্রকার মাংসই ভক্ষণ করা হয়; অতএব সর্ব্বথা সর্ব্বপ্রযত্নে মৎস্যভোজন পরিত্যাগ করা অবশ্যকর্ত্তব্য॥৯—১৩॥ গৃহাশ্রমিগণের মধ্যে যাঁহারা মাংসাশী, তাঁহারা দৈবকার্য্যে ও পিতৃকার্য্যে নিবেদন করিয়া বোয়ালমৎস্য, রোহিত-মৎস্য, শশক শল্লকী, ও কূর্ম্মমাংস ভক্ষণ করিতে পারেন। সজারুর মাংস ও গোধিকামাংস দৈবকার্য্যে ও পিতৃকার্য্যে প্রশস্ত। অশ্বমাংস এবং যে সকল মৃগ-পক্ষীর মাংস ব্যবহারে নিষিদ্ধ বলিয়া উক্ত হইয়াছে, আয়ুষ্কামি ও স্বর্গকামি

শ্বাবিদ্গোধে প্রশস্তে চ জ্ঞাতাশ্চ মৃগপক্ষিণঃ।
আয়ুষ্কামৈঃ স্বর্গকামৈস্ত্যাজ্যং মাংসং প্রযত্নতঃ॥ ১৫।
যজ্ঞার্থং পশুহিংসা যা সা স্বর্গ্যা নেতরা ক্বচিৎ।
ত্যজেৎ পর্য্যুষিতং সর্ব্বমখণ্ডস্নেহবর্জ্জিতম্॥ ১৬।
প্রাণাত্যয়ে ক্রতৌ শ্রাদ্ধে ভেষজে বিপ্রকাম্যয়া।
অলৌল্যমিত্থং পললং ভক্ষয়েন্নৈব দোষভাক্॥ ১৭।
ন তাদৃশং ভবেৎ পাপং মৃগয়াবৃত্তিকাঙ্ক্ষিণঃ।
যাদৃশং ভবতি প্রেত্য লৌল্যান্ মাংসোপসেবিনঃ॥ ১৮।
মখার্থং ব্রহ্মণা সৃষ্টা পশুদ্রুমমৃগৌষধীঃ।
নিঘ্নন্ ন হিংসকো বিপ্রস্তাসামপি শুভাগতিঃ॥১৯।
পিতৃদেবক্রতুকৃতে মধুপর্কার্থমেব চ।
তত্র হিংসাপ্যহিংসা স্যাৎ হিংসান্যত্র সুদুস্তরা॥ ২০।

গৃহাশ্রমিগণ সেই সকল মাংস কদাচ ব্যবহার করিবেন না। যজ্ঞার্থে পশু-হিংসা করিলে জীবের সেই হিংসা স্বর্গপ্রদায়িনী হয়; অকারণে হিংসা করিলে কখনই মঙ্গল হয় না। বাসিমাংস ভক্ষণ করা নিষিদ্ধ; এমন কি, যে সকল মৃতপশুর কিয়দংশমাত্র দেহ-রস বিশুষ্ক হইয়াছে, তাহাও সর্ব্ব-প্রযত্নে পরিবর্জ্জন করা বিধেয়। যজ্ঞকার্য্যে, শ্রাদ্ধে, বিপ্রের উদ্দেশে, ঔষধার্থে এবং জীবন সঙ্কটাপন্ন হইলে স্বয়ং অলোভ হইয়া যিনি মাংস ভোজন করান, তাঁহাকে দোষভাগী হইতে হয় না। লোভে উত্তেজিত হইয়া মাংস ভক্ষণ করিলে যাদৃশ পাপ হয়, মৃগয়াভিলাষী মাংসাশীর পক্ষে তাদৃশ পাপের সঞ্চার হয় না। প্রজাপতি বিধাতা সংসারক্ষেত্রে যজ্ঞানুষ্ঠানের নিমিত্তই পশু, বনস্পতি, মৃগ এবং ওষধিসমূহ সৃজন করিয়াছেন। যে ব্রাহ্মণ যজ্ঞার্থে ঐ সকল পদার্থের বিঘাতন করেন, তাঁহাকে তন্নিবন্ধন হিংসাপাতকে পরি-লিপ্ত হইতে হয় না। অধিকন্তু সেই সকল হব্য বস্তুরও সদ্গতি লাভ হয়। দেবোদ্দেশে, পিতৃকার্য্যে, যজ্ঞার্থে অথবা বৈশ্বদেবকর্ম্মে যে হিংসা করা হয়,

যো জন্তূন্নাত্মপুষ্ট্যর্থং হিনস্তি জ্ঞানদুর্ব্বলঃ।
দুরাচারস্য তস্যেহ নামুত্রাপি সুখং ক্বচিৎ॥ ২১।
ভোক্তানুমন্তা সংস্কর্ত্তা ক্রয়িবিক্রয়িহিংসকাঃ।
উপহর্ত্তা ঘাতয়িতা হিংসকাশ্চাষ্টধা স্মৃতাঃ॥ ২২।
প্রত্যব্দমশ্বমেধেন শতং বর্ষাণি যো যজেৎ।
অমাংসভক্ষকো যশ্চ তয়োরন্যো বিশিষ্যতে॥ ২৩।
তথৈবাত্মাপরস্তদ্বদ্দ্রষ্টব্যঃ সুখমিচ্ছতা।
সুখদুঃখানি তুল্যানি যথাত্মনি তথাপরে॥ ২৪।
সুখং বা যদি বা চান্যৎ যৎকিঞ্চিৎ ক্রিয়তে পরে।
তৎ কৃতং হি পুনঃপশ্চাৎ সর্ব্বমাত্মনি সম্ভবেৎ॥ ২৫।

তাহা অহিংসা বলিয়াই গণনীয়। তদতিরিক্ত অন্যস্থলে যে হিংসার অনুষ্ঠান, তাহার আর পার নাই। যে পাপাত্মা পামর আত্মোদর পরিপোষণের নিমিত্ত জীবহিংসা করে, ইহকালে অথবা পরকালে কুত্রাপি সেই দুরাচারের সুখলাভ হয় না। শাস্ত্রানুসারে জীবহিংসক অষ্টবিধ। যথা,—যিনি ভোজন করেন, যিনি ভোজন করান, যিনি রন্ধন করেন, যিনি ক্রয় করেন, যিনি বিক্রয় করেন, যিনি অপরকে উপহার দেন, যিনি হনন করেন এবং যিনি হনন করিতে অনুমতি প্রদান করেন, তাঁহারা সকলেই ঐ শ্রেণির অন্তর্গত॥ ১৪—২২॥

বর্ষে বর্ষে অনুষ্ঠান করিয়া যিনি শতবর্ষব্যাপি অশ্বমেধ যজ্ঞে দীক্ষিত হন, আর যে ব্যক্তি মাংস ভক্ষণ না করেন, এই উভয়ের মধ্যে শেষোক্ত অমাংসভোজী ব্যক্তিই শ্রেষ্ঠপদবাচ্য হইয়া থাকেন॥২৩॥ আত্মপরভেদজ্ঞানবিরহিত হইয়া উভয়কেই সমভাবে দর্শন করা নিত্যসুখাভিলাষি গৃহস্থের পরমধর্ম্ম। আত্মসুখেও যেমন সুখ, পরের সুখেও তদ্রূপ সুখ, এবং আত্মদুঃখে যদ্রূপ দুঃখ, পরের দুঃখেও তদ্রূপ দুঃখ অনুভব করাই মহাপুরুষের লক্ষণ। যে ব্যক্তি অপরকে কিছুমাত্র সুখপ্রদান অথবা দুঃখ দান করেন, অবশেষে সেই সুখ

ন ক্লেশেন বিনা দ্রব্যমর্থহীনে কুতঃ ক্রিয়াঃ।
ক্রিয়াহীনে কুতো ধর্ম্মো ধর্ম্মহীনে কুতঃ সুখম্ ॥ ২৬ ।
সুখং হি সর্ব্বৈরাকাঙ্ক্ষ্যং তচ্চ ধর্ম্মসমুদ্ভবম্।
তস্মাৎ ধর্ম্মোঽত্র কর্ত্তব্যশ্চাতুর্বর্ণ্যেন যত্নতঃ ॥ ২৭ ।
ন্যায়াগতেন দ্রব্যেণ কর্ত্তব্যং পারলৌকিকম্।
দানঞ্চ বিধিনা দেয়ং কালে পাত্রে চ ভাবতঃ ॥ ২৮ ।
বিধিহীনং তথাঽপাত্রে যো দদাতি প্রতিগ্রহম্।
ন কেবলং হি তৎ যাতি শেষং তস্য চ নশ্যতি ॥ ২৯ ।
ব্যসনার্থে কুটুম্বার্থে যদৃণার্থে চ দীয়তে।
তদক্ষয়ং ভবেদত্র পরত্র চ ন সংশয়ঃ ॥ ৩০ ।

দুঃখ তাঁহার স্বকীয় আত্মার উপভোগেই পর্য্যবসিত হয় ॥ ২৪ ॥ ২৫ ॥ বিনা ক্লেশে যেমন কোন প্রকার মহাদ্রব্য লাভ হয় না, অর্থবিনা যেমন ক্রিয়া হয় না, ক্রিয়া ব্যতিরেকে যেমন ধর্ম্মলাভ হয় না, তদ্রূপ ধর্ম্মবল ব্যতীত নরগণ কখনই সুখলাভ করিতে সমর্থ হন না ॥ ২৬ ॥ পৃথিবীতে সকলেই সুখাভিলাষ করিয়া থাকেন; সেই সুখ কেবল একমাত্র ধর্ম্ম হইতেই সমুৎপন্ন হয়; অতএব ব্রাহ্মণক্ষত্রিয়াদি চতুর্বর্ণের পক্ষে যত্নপূর্ব্বক ইহসংসারে ধর্ম্ম অর্জ্জন করাই সর্ব্বতোভাবে বিধেয় ॥ ২৭ ॥ গৃহস্থগণ ন্যায়পথানুগামী হইয়া যেসকল দ্রব্য লাভ করেন, তদ্দ্বারা পরলোকের কার্য্য সাধন করা উচিত। দেশকালপাত্র বিবেচনায় বিধিপূর্ব্বক ভক্তিসহকারে ন্যায়ার্জ্জিত ধন দান করাই মহাধর্ম্ম। অযোগ্য পাত্রে অবৈধ দান করিলে কেবল যে সে দানই বিফল হয় এমন নহে, সেই দাতারও পরকাল নষ্ট হইয়া যায় ॥ ২৮ ॥ ২৯ ॥

বিপন্ন ব্যক্তির সাহায্যার্থ, স্বজনবন্ধুর পরিপালনার্থ অথবা ঋণগ্রস্ত ব্যক্তির ঋণ পরিশোধার্থ যে অর্থ দান করা হয়, সেই দানজনিত পুণ্যফল ইহলোকে ও পরলোকে অক্ষয় হইয়া থাকে, তদ্বিষয়ে অণুমাত্র সংশয়

মাতাপিতৃবিহীনং যো মৌঞ্জীপাণিগ্রহাদিভিঃ।
সংস্কারয়েন্নিজৈরর্থৈস্তস্য শ্রেয়স্ত্বনন্তকম্ ॥ ৩১।
অগ্নিহোত্রৈর্ন তচ্ছ্রেয়ো নাগ্নিষ্টোমাদিভির্মখৈঃ।
যচ্ছ্রেয়ঃ প্রাপ্যতে মর্ত্ত্যৈর্দ্বিজে চৈকে প্রতিষ্ঠিতে ॥ ৩২।
যো হ্যনাথস্য বিপ্রস্য পাণিং গ্রাহয়তে কৃতী।
ইহ সৌখ্যমবাপ্নোতি সোঽক্ষয়ং স্বর্গমাপ্নুয়াৎ ॥ ৩৩।
পিতৃগৃহে তু যা কন্যা রজঃ পশ্যেদসংস্কৃতা।
ভ্রূণহা তৎপিতা জ্ঞেয়ো বৃষলী সাপি কন্যকা ॥ ৩৪।
যস্তাং পরিণয়েন্মোহাৎ স ভবেদ্বৃষলীপতিঃ।
তেন সম্ভাষণং ত্যাজ্যমপাত্রে যেন সর্ব্বদা ॥ ৩৫।
বিজ্ঞায় দোষমুভয়োঃ কন্যায়াশ্চ বরস্য চ।
সম্বন্ধং রচয়েৎ পশ্চাদন্যথা দোষভাক্ পিতা ॥ ৩৬।

নাই ॥ ৩০ ॥ মাতৃপিতৃবিয়োগীর উপকারার্থ এবং বিপ্রসন্তানের উপনয়ন ও পরিণয়সংস্কারের সাহায্যার্থ যিনি অর্থদান করেন, তাঁহার অনন্তগুণ শ্রেয়োলাভ হইয়া থাকে ॥ ৩১ ॥ একটিমাত্র ব্রাহ্মণ প্রতিষ্ঠা করিলে গৃহাশ্রমি মানবগণ যে পুণ্যলাভ করেন, অগ্নিহোত্র যজ্ঞ অথবা অগ্নিষ্টোম যজ্ঞের অনুষ্ঠান করিলেও তাদৃশ পুণ্যলাভ হয় না ॥ ৪২ ॥ যে পুণ্যশীল গৃহস্থ অনাথ ব্রাহ্মণকুমারের পরিণয়বিধান সমাধান করিয়া দেন, তিনি ইহকালে অতুল সুখসৌভাগ্য এবং পরকালে অক্ষয় স্বর্গলাভ করিয়া থাকেন ॥ ৩৩ ॥

পিতৃগৃহবাসিনী কুলকামিনী বিবাহের পূর্ব্বে রজস্বলা হইলে তাহার পিতা ভ্রূণহত্যাপাতকে পরিলিপ্ত হন এবং সেই অবিবাহিতা কুমারীও শূদ্রাণী সদৃশ হইয়া থাকে। যে ব্যক্তি মোহবশতঃ তাদৃশ কন্যাকে বিবাহ করে, সেই ব্যক্তি শূদ্রাণী-পতি হয়। এতাদৃশ অপাত্রে যাহার সম্বন্ধ ঘটে; তাহার সহিত সম্ভাষণ করা সর্ব্বদাই বর্জ্জনীয়। বরকন্যা উভয়ের ঐরূপ দোষ হয় জানিতে পারিয়াও যে পিতা ঋতুমতী কন্যার বিবাহ দেন, তিনি নিশ্চয়ই

স্ত্রিয়ঃ পবিত্রাঃ সততং নৈতা দুষ্যন্তি কেনচিৎ ।
মাসি মাসি রজস্তাসাং দুষ্কৃতান্যপকর্ষতি ॥ ৩৭ ।
পূর্ব্বং স্ত্রিয়ঃ সুরৈর্ভুক্তাঃ সোমগন্ধর্ব্ববহ্নিভিঃ ।
ভুঞ্জতে মানুষাঃ পশ্চান্নৈতা দুষ্যন্তি কেনচিৎ ॥ ৩৮ ।
স্ত্রীণাং শৌচং দদৌ সোমঃ পাবকঃ সর্ব্বমেধ্যতাম্ ।
কল্যাণবাণীং গন্ধর্ব্বাস্তেন মেধ্যাঃ সদা স্ত্রিয়ঃ ॥ ৩৯ ।
কন্যাং ভুঙ্‌ক্তে রজঃকালেঽগ্নিঃ শশী লোমদর্শনে ।
স্তনোদ্ভেদেষু গন্ধর্ব্বাস্তৎপ্রাগেব প্রদীয়তে ॥ ৪০ ।
দৃশ্যরোমাত্বপত্যঘ্নী কুলঘ্নু্যদ্গাতযৌবনা ।
পিতৃঘ্ন্যাবিষ্কৃতরজাস্ততস্তাঃ পরিবর্জ্জয়েৎ ॥ ৪১ ।

পাপভাগী হইয়া থাকেন ; অতএব কন্যা রজস্বলা হইবার পূর্ব্বেই পরিণয়-সূত্রে বন্ধন করা বিধেয় ॥ ৩৪—৩৬ ॥ নারীজাতি সর্ব্বদাই পবিত্র ; কোন প্রকারেই তাহারা অপবিত্র হয় না ; যেহেতু মাসেমাসে ঋতুমতী হওয়াতে তাহাদের সমস্ত অপবিত্রতা প্রক্ষালিত হইয়া যায় ॥ ৩৭ ॥ পুরাকালে সুরগণ স্ত্রীগণকে বিবাহ করিয়া উপভোগ করিতেন ; তদনন্তর সোমদেব, হুতাশন ও গন্ধর্ব্বগণের অধিকার হইয়াছিল ; অবশেষে নরগণ সেই নারীগণকে প্রাপ্ত হইয়াছে । এতাবতা কামিনীগণ কোনপ্রকারেই দূষণীয়া হইতে পারে না । সোমদেব স্ত্রীজাতিকে শুচিত্ব প্রদান করিয়াছেন, বহ্নিদেব সর্ব্বপ্রকার পবিত্রতা বিধান করিয়াছেন এবং গন্ধর্ব্বগণ কল্যানবাণী দান করিয়াছেন ; এই কারণে রমণীগণ চিরদিন নিয়তই পবিত্র বলিয়া প্রসিদ্ধ । বিবাহের পূর্ব্বে রজস্বলা কুমারীকে অগ্নিদেব অধিকার করেন ; বিবাহের পূর্ব্বে লোমোদ্ভেদ হইলে সোমদেবের ভোগে আইসে এবং বিবাহের পূর্ব্বে পয়োধর সঞ্চার হইলে গন্ধর্ব্বগণ ভোগ করিয়া থাকেন ; অতএব ঋতুমতী হইবার পূর্ব্বেই সুপাত্রে কন্যা সম্প্রদান করাই উচিত ॥ ৩৮—৪০॥ বিবাহের পূর্ব্বে স্ত্রীলোকের যোনিলোম দৃষ্ট হইলে সেই রমণী পুত্রঘাতিনী হয় । যৌবন বিগত হইলে কুলনাশিনী এবং রজোদর্শন হইলে পিতৃঘাতিনী হইয়া থাকে । অতএব তাদৃশ

কন্যাদানফলপ্রেপ্সু স্তস্মাদ্দদ্যাদনগ্নিকাম্।
অন্যথা ন ফলং দাতুঃ প্রতিগ্রাহী পতেদধঃ॥ ৪২।
কন্যামভুক্তাং সোমাদ্যৈর্দদদ্দানফলং লভেৎ।
দেবভুক্তাং দদদ্দাতা ন স্বর্গমধিগচ্ছতি॥ ৪৩।
শয়নাসনযানানি কুণপং স্ত্রীমুখং কুশাঃ।
যজ্ঞপাত্রাণি সর্ব্বাণি ন দূষ্যন্তি বুধাঃ ক্বচিৎ॥ ৪৪।
বৎসঃ প্রস্রবণে মেধ্যঃ শকুনিঃ ফলপাতনে।
নার্য্যো রতিপ্রয়োগেষু শ্বা মৃগগ্রহণে শুচিঃ॥ ৪৫।
অজাশ্বয়োর্মুখং মেধ্যং গাবো মেধ্যাস্তু পৃষ্ঠতঃ।
পাদতো ব্রাহ্মণা মেধ্যাঃ স্ত্রিয়ো মেধ্যাস্তু সর্ব্বতঃ॥ ৪৬।
বলাৎকারোপভুক্তা বা চৌরহস্তগতাপি বা।
ন ত্যাজ্যা দয়িতা নারী নাস্যাস্ত্যাগো বিধীয়তে॥ ৪৭।

নারীগণকে বিবাহ করা নিষিদ্ধ। যে কন্যার রজোদর্শন হয় নাই অথবা পাবকাদি দেবতারা যাহাকে উচ্ছিষ্ট করেন নাই, কন্যাদানভিলাষি ব্যক্তির তাদৃশী কন্যাকেই উপযুক্ত পাত্রের হস্তে সম্প্রদান করা উচিত। নতুবা কন্যাদাতার কিছুমাত্র ফল হয় না এবং প্রতিগ্রাহী বরকেও অধঃপাতিত হইতে হয়। যে কন্যাকে সোমাদিদেবগণ উচ্ছিষ্ট করেন নাই, সেই কন্যা দান করিলেই যথার্থ কন্যাদানের ফল হয়। দেবোচ্ছিষ্ট কন্যাদাতার ভাগ্যে কস্মিন্‌কালেও স্বর্গলাভ ঘটে না॥ ৪১—৪৩॥

শয্যা, আসন, যান, বর্ষাফলক, কুশ, সর্ব্বপ্রকার যজ্ঞপাত্র এবং কামিনীর কমনীয় চন্দ্রবদন, এই সকল পদার্থকে পণ্ডিতেরা কদাচ দূষণীয় জ্ঞান করেন না॥ ৪৪॥ প্রস্রবণে বৎস শুচি, ফলপাতনে শকুনী শুচি, রতি প্রয়োগে রমণী শুচি এবং মৃগমাংস ভক্ষণকালে কুক্কুর শুচি হয়॥ ৪৫॥ ছাগ ও অশ্বের মুখ পবিত্র, গাভী পৃষ্ঠ পবিত্র, ব্রাহ্মণের চরণ পবিত্র, নারীগণ সর্ব্বদা পবিত্র॥ ৪৬॥ নারীতে যদি কেহ বলপূর্ব্বক উপগত হয়, অথবা নারীকে

আম্লেন তাম্রশুদ্ধিঃ স্যাচ্ছুদ্ধিঃ কাংস্যস্য ভস্মনা।
সংশুদ্ধীরজসা নার্য্যাস্তটিনী বেগতঃ শুচিঃ॥ ৪৮॥
মনসাপি হি যানেহ চিন্তয়েৎ পুরুষান্তরম্।
সোময়া সহ সৌখ্যানি ভুঙ্‌ক্তে চাত্রাপি কীর্ত্তিভাক্॥৪৯।
পিতা পিতামহো ভ্রাতা সকুল্যো জননী তথা।
কন্যাপ্রদঃ পূর্ব্বনাশে প্রকৃতিস্থঃ পরঃ পরঃ॥ ৫০।
অপ্রযচ্ছন্ সমাপ্নোতি ভ্রূণহত্যামৃতাবৃতৌ।
স্বয়ং ত্বভাবে দাতৃণাং কন্যা কুর্য্যাৎ স্বয়ম্বরম্॥ ৫১।
হৃতাধিকারাং মলিনাং পিণ্ডমাত্রোপজীবিনীম্।
পরিভূতামধঃ শয্যাং বাসয়েদ্ব্যভিচারিণীম্॥ ৫২।

যদি চোরে লইয়া যায়, তাহা হইলেও সেই প্রাণাধিকা করুণাময়ী নারীরে পরিত্যাগ করা স্বামির উচিত নহে; বর্জ্জন করিবার বিধিও শাস্ত্রে নাই। ৪৭॥ অম্লযোগে তাম্রশুদ্ধি হয়, ভস্মযোগে কাংস্যবিশুদ্ধি, রজোযোগে নারী-শুদ্ধি এবং বেগবতী হইলে নদীশুদ্ধি হইয়া থাকে॥ ৪৮॥ যে পতিব্রতা রমণী মনেমনেও কদাপি পরপুরুষ চিন্তা না করেন, সেই সাধ্বীসতী কুলবতী অতুল কীর্ত্তিমতী হইয়া পার্ব্বতীর সহিত পরমসুখসম্ভোগে কালযাপন করিয়া থাকেন॥ ৪৯॥ পিতার মৃত্যুর পর পিতামহ, তদভাবে ভ্রাতা, ভ্রাতা না থাকিলে জ্ঞাতি, তাহারও অপ্রাপ্তিস্থলে জননী, ইহাঁরা পর্য্যায়ক্রমে কন্যা দানে অধিকারী হন। যে কন্যাকে প্রকৃত দানাধিকারীরা কেহই সম্প্রদান না করে, সেই কন্যার মাসেমাসে ঋতুতে সেই দানাধিকারিগণ ভ্রূণহত্যার পাতকী হয়। দান করিবার অধিকারী কেহই বিদ্যমান না থাকিলে কন্যা স্বয়ং স্বয়ম্বর বিধানে বিবাহ করিতে পারে॥ ৫০॥ ৫১॥ অভিভাবকগণ কর্ত্তৃক পরিত্যক্তা মলিনা উদরান্নমাত্র উপজীবিনী এবং পুনঃ পুনঃ তিরস্কার তাড়নে ধরাশায়িনী অভাগিনী রমণী যদি ব্যভিচারিণী হইয়া যায়, তাহা হইলে যাহারা তাহার অভিভাবক, তাহারাই তাহাকে বেশ্যাবৃত্তিতে প্রবৃত্ত করণের পাতকী হয়॥ ৫২॥

ব্যভিচারাদৃতৌ শুদ্ধির্গর্ভে ত্যাগো বিধীয়তে।
গর্ভভর্ত্তৃবধাদৌ তু মহত্যপি চ কল্মষে ॥ ৫৩।
শূদ্রস্য ভার্য্যা শূদ্রৈব সা চ স্বা চ বিশঃ স্মৃতে।
তে চ স্বা চৈব রাজ্ঞস্তু তাশ্চ স্বা চাগ্রজন্মনঃ ॥ ৫৪।
আরোপ্য শূদ্রাং শয়নে বিপ্রো গচ্ছেদধোগতিম্।
উৎপাদ্য পুত্রং শূদ্রায়াং ব্রাহ্মণ্যাদেব হীয়তে ॥ ৫৫।
দৈবপিত্র্যাতিথেয়ানি তৎপ্রধানানি যস্য তু।
দেবাদ্যাস্তন্ন চাশ্নন্তি স চ স্বর্গং ন গচ্ছতি ॥ ৫৬।
জাময়ো যানি গেহানি শপন্ত্যপ্রতিপূজিতাঃ।
কৃত্যাভির্নিহতানীব নশ্যেয়ুস্তান্যসংশয়ম্ ॥ ৫৭।

যে কুলপাংশুলা উপপতি দ্বারা ঋতু রক্ষা করায়, গর্ভাবস্থাতেই তাহাকে পরিত্যাগ করা বিধেয়; যে পাপীয়সী গর্ভপাত, পতিহত্যা অথবা অন্য কোন মহাপাতক অর্জ্জন করে, তাহা হইলেও সেই রাক্ষসীকে দূরে পরিহার করা উচিত ॥ ৫৩ ॥ শূদ্র কেবল শূদ্রকন্যাকেই বিবাহ করিতে পারিবে; বৈশ্যাদি অপর তিন শ্রেষ্ঠবর্ণের কন্যা গ্রহণ করিতে পারিবে না। বৈশ্যপুত্র সবর্ণা ও শূদ্রের কন্যাকে, ক্ষত্রিয়কুমার সবর্ণা ও বৈশ্যশূদ্রদুহিতাকে এবং ব্রাহ্মণ চতুর্ব্বর্ণের কন্যাকেই ভার্য্যার্থে পরিগ্রহ করিতে পারেন ॥ ৫৪ ॥ ব্রাহ্মণ যদি শূদ্রাণীকে আপন শয্যায় শয়ন করান, তাহা হইলে তিনি অধোগতি প্রাপ্ত হন; শূদ্রাণীর গর্ভে সন্তান উৎপাদন করিলে ব্রাহ্মণ্যের হানি হয়। যে ব্রাহ্মণ ঐ দুইটি অবৈধ কার্য্য করেন, তিনি দেবোদ্দেশে পিতৃকার্য্যে ও অতিথিসৎকারে যাহা উৎসর্গ করিয়া দেন, দেবাদিগণ তাহা গ্রহণ করেন না এবং সেই পাপাচারি বিপ্রের কদাচ স্বর্গলাভ হয় না ॥ ৫৫ । ৫৬ ॥

যে গৃহস্থ গৃহবাসিনী ভগিনী, পত্নী, দুহিতা ও পুত্রবধূগণকে সমাদরে প্রতিপালন না করে, তাহাদের অভিশাপে তাহার সমস্ত কর্ম্ম পণ্ড হয় এবং সেই স্বকর্ত্তব্যবিমুখ পাষণ্ড গৃহস্থের যথাসর্ব্বস্ব ধ্বংস হইয়া যায়। অতএব

তদভ্যর্চ্চ্যাঃ সুবাসিন্যো ভূষণাচ্ছাদনাশনৈঃ।
ভূতিকামৈর্নরৈর্নিত্যং সংস্কারেষূৎসবেষু চ ॥ ৫৮।
যত্র নার্য্যঃ প্রমুদিতা ভূষণাচ্ছাদনাশনৈঃ।
রমন্তে দেবতাস্তত্র স্যুস্তত্র সফলাঃ ক্রিয়াঃ ॥ ৫৯।
যত্র তুষ্যতি ভর্ত্রা স্ত্রী স্ত্রিয়া ভর্ত্তা চ তুষ্যতি।
তত্র বেশ্মনি কল্যাণং সম্পদ্যেত পদে পদে ॥ ৬০।
অহুতঞ্চ হুতঞ্চৈব প্রহুতং প্রাশিতং তথা।
ব্রাহ্মং হুতং পঞ্চমঞ্চ পঞ্চ যজ্ঞা ইমে শুভাঃ ॥ ৬১।
জপোঽহুতো হুতো হোমঃ প্রহুতো ভৌতিকো বলিঃ।
প্রাশিতং পিতৃসন্তৃপ্তির্হুতং ব্রাহ্মং দ্বিজার্চ্চনম্ ॥ ৬২।
পঞ্চযজ্ঞানিমান্ কুর্ব্বন্ ব্রাহ্মণো নাবসীদতি।
এতেষামননুষ্ঠানাৎ পঞ্চসূনা অবাপ্নুয়াৎ ॥ ৬৩।

গৃহবাসিনী কুলকামিনীগণকে বিবাহাদি মঙ্গলকার্য্যে এবং দেবপূজাদি মহোৎসবে বস্ত্রালঙ্কার ও আহার্য্যদানে পরিতুষ্ট রাখা মঙ্গলাভিলাষি গৃহস্থগণের পক্ষে নিতান্ত কর্ত্তব্য। যে সংসারে সুবাসিনী রমণীগণ সর্ব্বদা বসনভূষণে ও অশনে প্রমোদিনী থাকেন, দেবতারা সর্ব্বদা সেই সংসারের প্রতি সুপ্রসন্ন দৃষ্টিপাত করেন। আর সেই পুণ্যশীল গৃহস্থের সমস্ত কার্য্যই সকল হয়। যে সংসারে পতির প্রতি পত্নী সন্তুষ্ট এবং পত্নীর প্রতি পতি পরিতুষ্ট, সেই পবিত্র সংসার সর্ব্বদাই পদে পদে সৌভাগ্য-সম্পন্ন হইয়া পরমকল্যাণের আবাসভূমি হয় ॥ ৫৭ ॥ ৬০ ॥ দেবযজ্ঞ, পিতৃযজ্ঞ, ভূতযজ্ঞ, ব্রহ্মযজ্ঞ এবং নৃযজ্ঞ, গৃহাশ্রমিগণের পক্ষে এই পঞ্চযজ্ঞবিধান নির্দ্দিষ্ট আছে। যে সংসারে এই পঞ্চযজ্ঞের অনুষ্ঠান হয়, সেই সুখময় সংসার নিয়তই মঙ্গলময় হইয়া থাকে। জপ অথবা অতিথিসৎকারের নাম নৃযজ্ঞ, হোমের নাম দেবযজ্ঞ, বলির নাম ভূতযজ্ঞ, তর্পণের নাম পিতৃযজ্ঞ এবং বেদ অধ্যাপনার নাম ব্রহ্মযজ্ঞ। এই পঞ্চযজ্ঞের অনুষ্ঠান করিলে ব্রাহ্মণ কথনই অবসন্ন হন না;

ব্রাহ্মণং কুশলং পৃচ্ছেৎ বাহুজাতমনাময়ম্।
বৈশ্যং সুখং সমাগম্য শূদ্রঃ সন্তোষমেব চ ॥ ৬৪।
জাতমাত্রঃ শিশুস্তাবৎ যাবদষ্টৌ সমাঃ স্মৃতাঃ।
ভক্ষ্যাভক্ষ্যেষু নো দুষ্যেৎ যাবন্নৈবোপনীয়তে ॥ ৬৫।
ভরণং পোষ্যবর্গস্য দৃষ্টাদৃষ্টফলোদয়ম্।
প্রত্যবায়ো হ্যভরণে ভর্ত্তব্যস্তং প্রযত্নতঃ ॥ ৬৬।
মাতা পিতা গুরুঃ পত্নী ত্বপত্যানি সমাশ্রিতাঃ।
অভ্যাগতোঽতিথিশ্চাগ্নিঃ পোষ্যবর্গা অমী নব ॥ ৬৭।
স জীবতি পুমান্ যোঽত্র বহুভিশ্চোপজীব্যতে।
জীবন্মৃতোঽথ বিজ্ঞেয়ঃ পুরুষঃ স্বোদরম্ভরিঃ ॥ ৬৮।

অননুষ্ঠানে নির্দ্দিষ্ট পঞ্চপাতকের পাতকী হইতে হয় ॥ ৬১—৬৩ ॥ গৃহে অতিথি সমাগত হইলে ব্রাহ্মণ তাঁহাকে বৈদিকক্রিয়ার কুশল প্রশ্ন জিজ্ঞাসা করিবেন; শরীর সুস্থ আছে কি না, অতিথির প্রতি ক্ষত্রিয়ের এই প্রশ্নই প্রশস্ত; সুখে আছেন কি না, বৈশ্যগণ এই প্রশ্নই জিজ্ঞাসা করিবেন এবং পরিতৃপ্তি লাভ হইতেছে কি না, শূদ্রেরা কেবল এই কথাই অতিথিকে জিজ্ঞাসা করিতে পারিবে ॥ ৬৪ ॥ জন্মাবধি অষ্টমবর্ষ বয়ঃক্রমঃ পর্য্যন্ত বালকেরা শিশুপদবাচ্য হইয়া থাকে। যদবধি দ্বিজকুমারগণের উপনয়নসংস্কার সুসম্পন্ন না হয়, তদবধি তাহাদিগের ভক্ষ্যাভক্ষ্য বিষয়ে দোষগুণ বর্ত্তে না ॥ ৬৫ ॥ অবশ্যপোষ্য পরিবারবর্গের ভরণপোষণে ইহপর উভয় লোকেই পুণ্যফল লাভ হয়; ভরণপোষণ না করিলে প্রত্যবায় আছে। অতএব যত্নপূর্ব্বক পোষ্যবর্গের ভরণপোষণ অবশ্যকর্ত্তব্য।

মাতা, পিতা, গুরু, পত্নী, অপত্য, আশ্রিতব্যক্তিগণ, অভ্যাগত আগন্তুক, অতিথি এবং হোমাগ্নি গৃহাশ্রমিগণের এই নববিধ পোষ্য। যে পুণ্যবান পুরুষপ্রবর বহুতর পোষ্যের উপজীব্য, তিনি এই অনিত্য সংসারে ধন্য ও অমর; যে পামর কেবল আত্মোদরপরায়ণ, সেই পাষণ্ড নরাধম ইহসংসারে

দীনানাথবিশিষ্টেভ্যো দাতব্যং ভূতিকাম্যয়া।
অদত্তদানা জায়ন্তে পরভাগ্যোপজীবিনঃ॥ ৬৯।
বিভাগশীলসংযুক্তো দয়াবাংশ্চ ক্ষমাযুতঃ।
দেবতাতিথিভক্তস্তু গৃহস্থো ধার্ম্মিকঃ স্মৃতঃ॥ ৭০।
শর্ব্বরীমধ্যযামৌ যৌ হুতশেষঞ্চ যদ্ধবিঃ।
তত্র স্বপংস্তদশ্নংশ্চ ব্রাহ্মণো নাবসীদতি॥ ৭১।
নবৈতানি গৃহস্থস্য কার্য্যাণ্যভ্যাগতে সদা।
সুধাব্যয়ানি যৎ সৌম্যং বাক্যং চক্ষুর্মনো মুখম্॥ ৭২।
অভ্যুত্থানমিহায়াত স্নেহপূর্ব্বকভাষণম্।
উপাসনমনুব্রজ্যা গৃহস্থোন্নতিহেতবে॥ ৭৩।
তথেষদ্ব্যয়যুক্তানি কার্য্যাণ্যেতানি বৈ নব।
আসনং পাদশৌচঞ্চ যথাশক্ত্যশনং ক্ষিতিঃ॥ ৭৪।

জীবিত থাকিয়াও অস্পর্শীয় শবতুল্য অপকৃষ্ট॥ ৬৬—৬৮॥ কল্যাণার্থী হইয়া দীন, অনাথ ও বিশিষ্টপাত্রে দান করা গৃহাশ্রমির পক্ষে একান্ত বিধেয়, তাহাদিগকে বঞ্চনা করিলে সেই অদাতা পুরুষাধমকে জন্মান্তরে পরভাগোপজীবী হইয়া সংসারে প্রাণধারণ করিতে হয়॥ ৬৯॥ যে গৃহস্থ সুশীল, দয়াবান, ক্ষমাশীল, দেবভক্ত, অতিথিপ্রিয় এবং যিনি আশ্রিত প্রত্যাশী পোষ্য-বর্গকে বণ্টন করিয়া না দিয়া স্বয়ং কোন বস্তু গ্রহণ করেন না, সেই পুণ্যশীল গৃহস্থই শাস্ত্রমতে পরমধার্ম্মিক॥ ৭০॥ যে ব্রাহ্মণ যামিনীর মধ্যযামে শুদ্ধ-চিত্তে হোমাবশিষ্ট হবি গ্রহণপূর্ব্বক ভক্ষণ করেন, সেই স্বধর্ম্মপরায়ণ সাধু কখনই অবসন্ন হন না॥ ৭১॥ শাস্ত্রোক্ত নববিধ ধর্ম্মানুষ্ঠাননিরত গৃহাশ্রমির ভবনে যদি সর্ব্বদা অভ্যাগতের সমাগম থাকে, তাহা হইলে সেই ধর্ম্মশীল গৃহস্থের বাক্য, মন, ও মুখ, সমস্তই পবিত্র হয়। গৃহে অতিথি সমাগত হইলে স্বয়ং গাত্রোত্থানপূর্ব্বক সস্নেহবাক্যে অভ্যর্থনা করিলে এবং অতিথির বিদায় কালে যথোচিত স্তুতিবাদ করিতে করিতে তাঁহার অনুবর্ত্তী হইলে ধর্ম্ম-

শয্যাতৃণজলাভ্যঙ্গদীপা গার্হস্থ্যসিদ্ধিদাঃ॥ ৭৫।
তথা নববিকর্ম্মাণি ত্যাজ্যানি গৃহমেধিনাম্।
পৈশুন্যং পরদারাশ্চ দ্রোহঃ ক্রোধানৃতাপ্রিয়ম্॥ ৭৬।
দ্বেষো দম্ভশ্চ মায়া চ স্বর্গমার্গার্গলানি হি।
নবাবশ্যককর্ম্মাণি কার্য্যাণি প্রতিবাসরম্॥ ৭৭।
স্নানং সন্ধ্যা জপো হোমঃ স্বাধ্যায়ো দেবতার্চ্চনম্।
বৈশ্বদেবং তথাতিথ্যং নবমং পিতৃতর্পণম্॥ ৭৮।
নবগোপ্যানি যান্যত্র মুনে তানি নিশাময়।
জন্মর্ক্ষং মৈথুনং মন্ত্রো গৃহচ্ছিদ্রঞ্চ বঞ্চনম্।
আয়ুর্দ্ধনাপমানং স্ত্রী ন প্রকাশ্যানি সর্ব্বথা॥ ৭৯।

পরায়ণ গৃহস্থের বিশেষ অভ্যুদয় হইয়া থাকে। তদনুরূপ অল্পব্যয়সাধ্য আর নববিধ কার্য্য শাস্ত্রে নির্দ্দিষ্ট আছে। যথাঃ—আসন, পদপ্রক্ষালনবারি যথাশক্তি ভোজ্যবস্তু, বিশ্রামস্থান, শয্যা, তৃণ, পানীয়জল, তৈল এবং দীপদান, অভ্যাগত ব্যক্তির পরিতৃপ্তি সাধনে এই নববিধ বস্তু গৃহাশ্রমের সিদ্ধিপ্রদ হইয়া থাকে॥৭২—৭৫॥ ক্রূরতা, পরদার, জিঘাংসা, ক্রোধ, অনৃতবাদ, অপ্রিয়বাক্য, দ্বেষ, দম্ভ এবং মায়া, এই নয়টি নিষিদ্ধকার্য্য গৃহস্থের স্বর্গদ্বারের অর্গলস্বরূপ ॥৭৬। ৭৭॥ আর নয়টি বৈধকার্য্যের বিধান আছে, নিত্য নিত্য তাহার অনুষ্ঠান করা ধর্ম্মলিপ্সু গৃহস্থের পক্ষে নিতান্ত আবশ্যক। যথাঃ—স্নান, সন্ধ্যোপাসনা, জপ, হোম, বেদপাঠ, দেবপূজা, বৈশ্বদেবকর্ম্ম, অতিথিসেবা এবং পিতৃতর্পণ ॥ ৭৮ ॥

স্কন্দ কহিলেন, হে অগস্ত্য! এতদ্ব্যতিরিক্তি আর নয়টি গুহ্যতত্ত্ব আছে, তাহাও আমি তোমার নিকট কীর্ত্তন করিতেছি, অভিনিবেশপূর্ব্বক শ্রবণ কর। জন্মনক্ষত্র, স্ত্রীসহবাস, ইষ্টমন্ত্র, গৃহচ্ছিদ্র, আত্মবঞ্চনা, স্বকীয় বয়ঃক্রম, স্বকীয় সঞ্চিত ধন; আত্মাবমাননা এবং স্বকীয় ভার্য্যার রূপগুণ, এই নয়টি গুহ্যবিষয় কাহারও নিটক নিরর্থক ব্যক্ত করিতে নাই॥ ৭৯॥ যে ব্যক্তি কস্মিন্‌কালে কোন প্রকারে কাহারও নিকট অকুৎসিত পাপও প্রকাশ না

নৈবৈতানি প্রকাশ্যানি রহঃ পাপমকুৎসিতম্।
প্রায়োগ্যমৃণশুদ্ধিশ্চ সাম্বয়ঃ ক্রয়বিক্রয়ৌ।
কন্যাদানং গুণোৎকর্ষো নান্যৎ কেনাপি কুত্রচিৎ॥ ৮০।
পাত্রমিত্রবিনীতেষু দীনানাথোপকারিষু।
মাতৃপিতৃ গুরুষ্বেতন্নবকং দত্তমক্ষয়ম্॥ ৮১।
নিষ্ফলং নবসূৎস্পৃষ্টঞ্চাটচারণতস্করে।
কুবৈদ্যে কিতবে ধূর্ত্তে শঠে মল্লে চ বন্দিনি॥ ৮২।
আপৎস্বপি নদেয়ানি নববস্তূনি সর্ব্বথা।
অন্বয়ে সতি সর্ব্বস্বং দারাংশ্চ শরণাগতান্॥ ৮৩।
ন্যাসাধীকুলবৃত্তিঞ্চ নিক্ষেপং স্ত্রীধনং সুতম্।
যো দদাতি স মূঢ়াত্মা প্রায়শ্চিত্তৈর্বিশুধ্যতি॥ ৮৪।

করে, যে ব্যক্তি দৌত্যকার্য্যে নিযুক্ত হইয়া বিশ্বাসঘাতকতা না করে, যে ব্যক্তি ইহ পর উভয় লোকের ঋণ পরিশোধ করে, যাহার বংশাবলী ক্রমে উদ্বাহকালে শুক্র বিক্রয় না হয়, যে ব্যক্তি কন্যাদান করিয়া অপরের নিকট শ্লাঘা অথবা আত্মশ্লাঘা প্রভৃতি অপরাপর নিষিদ্ধ বিষয় কস্মিন্‌কালে কোন প্রকারে কাহারও নিকট প্রকাশ না করে, সুযোগ্য পাত্র, প্রিয়তম মিত্র, বিনীতব্যক্তি, দীন, অনাথ ও উপকারী ব্যক্তির সাহায্যার্থে এবং মাতা পিতা ও গুরুদেবের অর্চ্চনায় যে ব্যক্তি প্রিয়বস্তু দান করেন, তৎসমস্ত মহাত্মাই অন্তে পরম মোক্ষধাম অক্ষয় স্বর্গলাভ করিয়া থাকেন॥ ৮০। ৮১॥ প্রতারক, নট, তস্কর, কুবৈদ্য, প্রবঞ্চক, ধূর্ত্ত, শঠ, মল্ল ও স্তুতিপাঠকগণকে যাহা দান করা হয়, তাহা নিষ্ফল হইয়া থাকে॥ ৮২॥ বংশের মধ্যে কেহ আপদ্‌গ্রস্ত হইলেও তাহার উদ্ধার সাধনার্থ আপনার ভার্য্যা, পুত্র, শরণাগত ব্যক্তি, সর্ব্বস্ব, ন্যস্তধন, গচ্ছিত ধন, কুলবৃত্তি, স্ত্রীধন, অথবা রাজা, ব্রাহ্মণ এবং বালকের ধন, এই নয়টি কদাচ দান করিতে নাই; যে ব্যক্তি তাহা করে, সে নিতান্ত মূঢ়, তাহাকে প্রায়শ্চিত্ত করিয়া শুদ্ধ হইতে হয়॥ ৮৩। ৮৪॥

এতন্নবানাং নবকং জ্ঞাত্বা প্রিয়মবাপ্নুয়াৎ ।
অন্যচ্চ নবকং বচ্মি সর্ব্বেষাং স্বর্গমার্গদং ॥ ৮৫ ।
সত্যং শৌচমহিংসা চ ক্ষান্তির্দ্দানং দয়াদমঃ ।
অস্তেয়মিন্দ্রিয়াকোচঃ সর্ব্বেষাং ধর্ম্মসাধনম্ ॥ ৮৬ ।
অভ্যস্য নবতিশ্চৈতাং স্বর্গমার্গপ্রদীপিকাম্ ।
সতামভিমতাং পুণ্যাং গৃহস্থো নাবসীদতি ॥ ৮৭ ।
জিহ্বা ভার্য্যা সুতো ভ্রাতা মিত্রদাসসমাশ্রিতাঃ ।
যস্যৈতে বিনয়াঢ্যাশ্চ তস্য সর্ব্বত্র গৌরবম্ ॥ ৮৮ ।
পানং দুর্জ্জনসংসর্গঃ পত্যা চ বিরহোটনম্ ।
স্বপ্নোন্যগৃহবাসশ্চ নারীণাং দুষণানি ষট্ ॥ ৮৯ ।
সমর্ঘ্যং ধান্যমুদ্ধৃত্য মহর্ঘ্যং যঃ প্রযচ্ছতি ।
স হি বার্দ্ধুষিকো নাম তস্যান্নং নৈব ভক্ষয়েৎ ॥ ৯০ ।

দানের পূর্ব্বোক্ত নয়জন অযোগ্য পাত্র এবং পূর্ব্বোক্ত নববিধ নিষিদ্ধ ধন অদানার্হ জানিয়া তদনুসারে কার্য্য করিলে গৃহস্থের মঙ্গললাভ হইয়া থাকে। হে ঋষিশ্রেষ্ঠ! এক্ষণে আমি আর যে নববিধ বিষয়ের উল্লেখ করিতেছি, তাহা পালন করিলে গৃহস্থের স্বর্গবাস হয়। সত্য, শৌচ, অহিংসা, ক্ষমা, দান, দয়া, বহিরিন্দ্রিয়নিগ্রহ, অন্তরেন্দ্রিয়নিগ্রহ এবং সাক্ষাতে বা অসাক্ষাতে পরধনগ্রহণে নিবৃত্তি, এই কয়েকটি কার্য্য সদাচারি গৃহস্থের ধর্ম্মসাধনের হেতুভূত হয়। গৃহস্থের আচারে ও দানধর্ম্মে প্রাগুক্ত দশবিধ নিষেধবিধির প্রত্যেকের নবনব পরিমাণে এই নবতিতত্ত্ব যিনি অভ্যাস করিয়া বৈধগুলির পালন ও অবৈধের পরিবর্জ্জন করেন, সেই গৃহস্থকে কদাচ অবসন্ন হইতে হয় না; সাধুগণও তাঁহাকে পুণ্যবান বলিয়া সমাদর করেন ॥ ৮৫—৮৭ ॥

যাঁহার ভার্য্যা, পুত্র, ভ্রাতা, মিত্র, দাস, আশ্রিত ব্যক্তি এবং রসনা বশীভূত থাকে, সেই ভাগ্যবান ব্যক্তি সর্ব্বত্র গৌরব লাভ করেন ॥ ৮৮ ॥ সুরাপান, দুর্জ্জনের সংসর্গ, পর্য্যটন, পতির বিরহ, পরগৃহে বাস ও পরবাসে নিদ্রা, এই ছয়টী কার্য্য স্ত্রীজাতির দোষাবহ হয় ॥ ৮৯ ॥ যে ব্রাহ্মণ ধান্যবাড়ী

অগ্রে মাহিষিকং দৃষ্ট্বা মধ্যে চ বৃষলীপতিম্।
অন্তে বার্দ্ধুষিকঞ্চৈব নিরাশাঃ পিতরো গতাঃ॥ ৯১।
মহিষীত্যুচ্যতে নারী যা চ স্যাদ্ব্যভিচারিণী।
তাং দুষ্টাং কাময়েদ্‌যস্তু স বৈ মাহিষিকঃ স্মৃতঃ॥ ৯২।
স্ববৃষং যা পরিত্যজ্য পরবৃষে বৃষায়তে।
বৃষলী সা হি বিজ্ঞেয়া ন শূদ্রী বৃষলী ভবেৎ॥ ৯৩।
যাবদুষ্ণং ভবত্যন্নং যাবন্মৌনেন ভুজ্যতে।
তাবদশ্নন্তি পিতরো যাবন্নোক্তা হবির্গুণাঃ॥ ৯৪।
বিদ্যাবিনয়সম্পন্নে শ্রোত্রিয়ে গৃহমাগতে।
ক্রীড়ন্ত্যোষধয়ঃ সর্ব্বা যাস্যামঃ পরমাঙ্গতিং॥ ৯৫।
ভ্রষ্টশৌচব্রতাচারে বিপ্রে বেদবিবর্জ্জিতে।
রোদীত্যন্নং দীয়মানং কিং ময়া দুষ্কৃতং কৃতম্॥ ৯৬।

দিয়া সেই ধনে জীবিকা নির্ব্বাহ করে, সেই ব্রাহ্মণের অন্নগ্রহণ করা নিষিদ্ধ॥ ৯০॥ শ্রাদ্ধের প্রথম অবকাশে মাহিষীকের মুখ দেখিলে, মধ্যকালে বৃষলীপতির মুখ দর্শন করিলে এবং শেষভাগে কুসীদোপজীবির মুখ দেখিলে সে শ্রাদ্ধ নিষ্ফল হয়। উদ্দিষ্ট পিতৃপুরুষেরা নিরাশ হইয়া প্রতিগমন করেন। ব্যভিচারিণী নারীকে মহিষী বলে, যে ব্রাহ্মণ সেই কুলটার প্রতি কামাসক্ত হয়, শাস্ত্রকারেরা সেই বেশ্যাসক্ত লম্পটকে মাহিষীক বলিয়া থাকেন। যে নারী আত্মপতি পরিত্যাগ করিয়া পরপতিতে অনুরাগিণী হয়, সেই পাপীয়সী বৃষলীর স্বামীকে বৃষলীপতি বলা যায়॥ ৯১—৯৩॥ অন্ন যতক্ষণ উষ্ণ থাকে, ব্রাহ্মণ যতক্ষণ মৌন হইয়া ভোজন করেন, ভোজ্যবস্তুর দোষ-গুণ যতক্ষণ জিজ্ঞাসা করা না হয়, পিতৃদেবেরা ততক্ষণ পর্য্যন্ত ভোজন করিয়া থাকেন॥ ৯৪॥ বেদবিদ্যাসম্পন্ন বিনয়ান্বিত ব্রাহ্মণ, গৃহস্থের গৃহে সমাগত হইলে বনস্পতিগণ পরমগতি প্রাপ্ত হইলাম বলিয়া আনন্দে ক্রীড়া করিতে থাকে। সদাচারভ্রষ্ট, ব্রতাচারবিরত ও বেদবিবর্জ্জিত ব্রাহ্মণ সমাগত

যস্য কোষ্ঠগতং চান্নং বেদাভ্যাসেন জীর্য্যতি।
স তারয়তি দাতারং দশপূর্ব্বান্ দশাপরান্ ॥ ৯৭।
ন স্ত্রীণাং বপনং কার্য্যং ন চ গাঃ সমনুব্রজেৎ।
ন চ রাত্রৌ বসেদ্গোষ্ঠে ন কুর্য্যাদ্বৈদিকীং শ্রুতিম্ ॥ ৯৮।
সর্ব্বান্ কেশান্ সমুদ্ধৃত্য চ্ছেদয়েদঙ্গুলদ্বয়ম্।
এবমেব তু নারীণাং শিরসো মুণ্ডনং ভবেৎ ॥ ৯৯।
রাজা বা রাজপুত্রো বা ব্রাহ্মণো বা বহুশ্রুতঃ।
অকারয়িত্বা বপনং প্রায়শ্চিত্তং ন নির্দ্দিশেৎ ॥ ১০০।
কেশানাং রক্ষণার্থায় দ্বিগুণং ব্রতমাদিশেৎ।
দ্বিগুণাদক্ষিণাদেয়া ব্রাহ্মণে বেদপারগে ॥ ১০১।
যোঽগৃহীত্বা বিবাহাগ্নিং গৃহস্থ ইতি মন্যতে।
অন্নং তস্য ন ভোক্তব্যং বৃথাপাকো হি স স্মৃতঃ ॥ ১০২।

হইলে তাহাকে যে অন্ন প্রদত্ত হয়, সেই অন্নাদিভোজ্যসমূহ, কি পাপ করিয়াছিলাম বলিয়া রোদন করিতে থাকে। যাঁহাকে অন্নদান করিলে তাঁহার বেদমন্ত্রপ্রভাবে সেই উদরস্থ অন্ন জীর্ণতা প্রাপ্ত হয়, সেই বেদপরায়ণ ব্রাহ্মণ অন্নদাতার ঊর্দ্ধতন দশপুরুষ ও অধস্তন দশপুরুষকে পরিত্রাণ করেন ॥ ৯৫—৯৭ ॥ স্ত্রীলোকের মস্তকমুণ্ডন প্রতিষিদ্ধ, গাভীর অনুগমনেও বিধি নাই। রাত্রিকালে গোগৃহে শয়ন করা এবং বেদবাক্য শ্রবণ করাও নারীগণের পক্ষে নিষিদ্ধ।—মস্তকমুণ্ডন আবশ্যক হইলে নারীর মস্তকের সমগ্র কেশপাশ ধারণপূর্ব্বক অগ্রভাগের দুই অঙ্গুলিমাত্র ছেদন করিয়া লইলেই মুণ্ডনের কার্য্য হয় ॥ ৯৮। ৯৯। পুরুষের পক্ষে রাজাই হউন, রাজপুত্রই হউন, অথবা শ্রুতিপরায়ণ ব্রাহ্মণই হউন, প্রায়শ্চিত্তের বিধি দিবার সময় মস্তক মুণ্ডনের অবশ্যকর্ত্তব্যতা ব্যতিরিক্ত পণ্ডিতেরা কোন ব্যবস্থাই দিবেন না। প্রায়শ্চিত্তকালে মস্তকের কেশ রক্ষা করা আবশ্যক হইলে দ্বিগুণ প্রায়শ্চিত্ত করিতে হয়। বেদজ্ঞ ব্রাহ্মণকেও দ্বিগুণ দক্ষিণা প্রদান করা উচিত ॥ ১০০। ১০১ ॥ যে ব্যক্তি বিবাহের অগ্নি পরিগ্রহ না করিয়াও আপনাকে গৃহস্থ

দারাগ্নিহোত্রদীক্ষাঞ্চ কুরুতে যোঽগ্রজে স্থিতে।
পরিবেত্তা স বিজ্ঞেয়ঃ পরিবিত্তিস্তু পূর্ব্বজঃ ॥ ১০৩।
পরিবিত্তিঃ পরিবেত্তা যয়া চ পরিবিদ্যতে।
সর্ব্বে তে নরকং যান্তি দাতৃযাজকপঞ্চমাঃ ॥ ১০৪।
ক্লীবে দেশান্তরস্থে চ মূকে প্রব্রজিতে জড়ে।
কুব্জে খর্ব্বে চ পতিতে ন দোষঃ পরিবেদনে ॥ ১০৫।
বেদাক্ষরাণি যাবন্তি নিযুজ্যাদর্থকারণে।
তাবতীর্ব্বৈ ভ্রূণহত্যা বেদবিক্রয়কৃল্লভেৎ ॥ ১০৬।
যস্তু প্রব্রজিতো ভূত্বা সেবতে মৈথুনং পুনঃ।
ষষ্টিবর্ষসহস্রাণি বিষ্ঠায়াং জায়তে ক্রিমিঃ ॥ ১০৭।

বলিয়া জানায়, তাহার অন্ন গ্রহণ করিতে নাই, সেই অন্নকে বৃথা অন্ন বলিয়া শাস্ত্রে উক্ত হইয়াছে ॥ ১০২ ॥ অবিবাহিত অদীক্ষিত জ্যেষ্ঠ সহোদর বর্ত্তমানে যে ব্যক্তি দারপরিগ্রহ, অগ্নিহোত্রযাগ অথবা দীক্ষাগ্রহণ করে, তাহাকে পরিবেত্তা কহে; তাহার পূর্ব্বপুরুষেরাও পতিত হইয়া থাকে। অবিবাহিত জ্যেষ্ঠ বর্ত্তমানে কনিষ্ঠ যদি অগ্রে বিবাহ করে, তাহা হইলে সেই পতিত পরিবেত্তা ব্যক্তি স্বয়ং, তাহার সেই বিবাহিতা স্ত্রী এবং কন্যাদাতা ও পুরোহিত প্রভৃতি পঞ্চ অনুষ্ঠানকারী, এই সাত ব্যক্তিই নিরয়গামী হইয়া থাকে। জ্যেষ্ঠ সহোদর যদি ক্লীব, নির্ব্বাসিত, মূক, সন্ন্যাসী, জড়, কুব্জ, পতিত অথবা অতিখর্ব্ব হয়, তাহা হইলে সেই অবিবাহিত জ্যেষ্ঠ বর্ত্তমানেও কনিষ্ঠসহোদর বিবাহ করিতে পারে; সে বিবাহে দোষ হয় না ॥ ১০৩— ১০৫ ॥ সমগ্র বেদের গর্ভে যতগুলি অক্ষর আছে, যদি কোন ব্রাহ্মণ অর্থ-লোভে তাহার একটী অক্ষরও কোন বিষয়ে প্রয়োগ করে, তাহা হইলে সেই বেদবিক্রয়ি ব্রাহ্মণের সমস্ত বেদাক্ষরপরিমিত ভ্রূণহত্যার পাতক হয় ॥ ১০৬ ॥ যে ব্যক্তি একবার গৃহাশ্রম পরিত্যাগ করিয়া সন্ন্যাসী হয়, পুনরায় সংসারে আসিয়া সে যদি স্ত্রীসংসর্গ করে, তাহা হইলে সেই পাপাত্মাকে

শূদ্রান্নং শূদ্রসম্পর্কঃ শূদ্রেণ চ সহাসনম্।
শূদ্রাদ্বিদ্যাগমঃ কশ্চিজ্জ্বলন্তমপি পাতয়েৎ ॥ ১০৮।
শূদ্রাদাহৃত্য নির্ব্বাপং যে পচন্ত্যবুধা দ্বিজাঃ।
তে যান্তি নরকং ঘোরং ব্রহ্মতেজোববির্জ্জিতাঃ ॥ ১০৯।
মাক্ষিকং ফাণিতং শাকং গোরসং লবণং ঘৃতম্।
হস্তদত্তানি ভুক্তানি দিনমেকমভোজনম্ ॥ ১১০।
হস্তদত্তাশ্চ যে স্নেহা লবণং ব্যঞ্জনানি চ।
দাতারং নোপতিষ্ঠন্তে ভোক্তা ভুঙ্ক্তে তু কিল্বিষম্॥১১১
আয়সেনৈব পাত্রেণ যদন্নমুপদীয়তে।
ভোক্তা তৎ বিট্ সমং ভুঙ্ক্তে দাতা চ নরকং ব্রজেৎ ॥১১২
অঙ্গুল্যা দন্তকাষ্ঠঞ্চ প্রত্যক্ষং লবণঞ্চ যৎ।
মৃত্তিকাভক্ষণং যচ্চ সমং গোমাংসভক্ষণৈঃ ॥ ১১৩।

ষষ্টিসহস্রবর্ষ বিষ্ঠার ক্রিমি হইয়া জন্মগ্রহণ করিতে হয় ॥১০৭॥ যে ব্রাহ্মণ শূদ্রের অন্নগ্রহণ করে, শূদ্রের সহিত সম্পর্ক রাখে, শূদ্রের সহিত একাসনে উপবেশন করে, অথবা শূদ্রের নিকট বিদ্যাশিক্ষা করে, সেই নরাধমের জ্বলন্ত পাতকে বাস হয়। যে সকল ব্রাহ্মণ শূদ্রের নিকট হইতে দান গ্রহণ করিয়া জীবিকা নির্ব্বাহ করে, সেই বিপ্রাধমেরা ব্রহ্মতেজ বিহীন হইয়া অন্তে ঘোর নরকে স্থানপ্রাপ্ত হয় ॥ ১০৮। ১০৯ ॥ যে ব্রাহ্মণ হস্তদ্বারা পরিবেশিত মধু, বাতাসা, দুগ্ধ, ঘৃত, লবণ এবং শাক গ্রহণ করে, সেই ব্রাহ্মণকে একদিন উপবাসরূপ প্রায়শ্চিত্ত করিয়া শুদ্ধ হইতে হয়। কোন শূদ্র যদি স্নেহবশত ব্রাহ্মণের পাত্রে লবণ অথবা ব্যঞ্জনাদি প্রদান করে, তাহা হইলে সেই শূদ্রের কিছুমাত্র সম্পত্তি থাকে না এবং সেই ভোক্তা ব্রাহ্মণেরও পাপানল ভক্ষণ করা হয়। যদি কেহ কোন ব্যক্তিকে লৌহপাত্রে অন্নপ্রদান করে, তাহা হইলে যে দেয়, তাহাকে নরকগামী হইতে হয় এবং যে ব্যক্তি ভোজন করে, তাহার বিষ্ঠা ভক্ষণ হইয়া থাকে ॥ ১১০—১১২ ॥ ভোজনকালে অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী দ্বারা যদি

পানীয়ং পায়সং ভৈক্ষং ঘৃতং লবণমেব চ।
হস্তদত্তং ন গৃহ্নীয়াত্তুল্যং গোমাংসভক্ষণৈঃ॥ ১১৪।
অগ্রতো নিবসেন্মূর্খো দূরতশ্চ গুণান্বিতঃ।
গুণান্বিতায় দাতব্যং নাস্তি মূর্খে ব্যতিক্রমঃ॥ ১১৫।
ব্রাহ্মণাতিক্রমো নাস্তি বিপ্রে বেদবিবর্জ্জিতে।
জ্বলন্তমগ্নিমুৎসৃজ্য ন হি ভস্মনি হূয়তে॥ ১১৬।
সন্নিকৃষ্টমধীয়ানং ব্রাহ্মণং যো ব্যতিক্রমেৎ।
ভোজনে চৈব দানে চ দহেদাসপ্তমং কুলম্॥ ১১৭।
গোরক্ষকান্ বাণিজকান্ তথা কারুকুশীলবান্।
প্রৈষ্যান্ বার্দ্ধুষিকাংশ্চৈব বিপ্রান্ শূদ্রবদাচরেৎ॥ ১১৮।
দেবদ্রব্যবিভাগেন ব্রহ্মস্বহরণেন চ।
কুলান্যাশু বিনশ্যন্তি ব্রাহ্মণাতিক্রমেণ চ॥ ১১৯।

কেহ লবণ অথবা মৃত্তিকা গ্রহণ করে, তাহা হইলে সেই ব্যক্তির গোমাংস ভক্ষণতুল্য পাপ হয়॥ ১১৩॥ পায়স, ঘৃত, লবণ অযাচিত অন্ন অথবা কোন প্রকার পানীয় যদি কেহ হস্তদ্বারা পরিবেশন করে, তাহা গ্রহণ করিতে নাই; সেই সমস্ত দ্রব্য ভক্ষণ করিলে গোমাংস ভক্ষণসদৃশ পাপভাগী হইতে হয়॥ ১১৪॥ নিকটে মূর্খ ও দূরে গুণবান অবস্থান করিলে নিকটস্থ মূর্খকে অতিক্রম করিয়া দূরস্থ গুণবান পাত্রে দান করাতে কিছুমাত্র ব্যতিক্রম ঘটে না॥ ১১৫॥ ব্রাহ্মণ কদাচ অতিক্রমণীয় নহেন। ব্রাহ্মণ বেদবর্জ্জিত হইলেও তাঁহাকে সম্মাননা করা শূদ্রের পক্ষে নিতান্ত আবশ্যক; যে ব্যক্তি ব্রাহ্মণ বিদ্যমানে অপরকে দান করে, তাহার জ্বলন্তহুতাশন পরিত্যাগ করিয়া ভস্মকুণ্ডে আহুতি দেওয়া হয়। সমীপোবিষ্ট ব্রাহ্মণকে অতিক্রম করিয়া অপরকে ভোজ্য অথবা অর্থ দান করিলে দাতার সপ্তম পুরুষ দগ্ধ হইয়া যায়॥ ১১৬। ১১৭॥ ব্রাহ্মণ যদি গোরক্ষক, বাণিজ্যজীবি, শিল্পজীবি, নটনর্ত্তক, দৌত্যকার্য্যে নিযুক্ত অথবা কুসীদোপজীবি হয়, তাহা হইলে তাহার সহিত শূদ্রবৎ ব্যবহার উচিত॥১১৮॥ দেবতাকে নিবেদন না করিয়া

মা দেহীতি চ যো ব্রূয়াৎ গবাগ্নি ব্রাহ্মণেষু চ।
তির্য্যগ্‌যোনিশতং গত্বা চাণ্ডালেষ্বভিজায়তে॥ ১২০।
বাচা যচ্চ প্রতিজ্ঞাতং কর্ম্মণানোপপাদিতম্।
ঋণং তদ্ধর্ম্মসংযুক্তমিহলোকে পরত্র চ॥ ১২১।
বিঘসাশী ভবেন্নিত্যং নিত্যঞ্চামৃতভোজনঃ।
যজ্ঞশেষোঽমৃতং ভুক্তশেষন্তু বিঘসং বিদুঃ॥ ১২২।
সব্যাদংশাৎ পরিভ্রষ্টে নাভিদেশে ব্যবস্থিতে।
বস্ত্রে স একবাসাস্তং দৈবেপৈত্রে চ বর্জ্জয়েৎ॥ ১২৩।
যদৈব তর্পয়ত্যদ্ভিঃ পিতৄন্ স্নাত্বা দ্বিজোত্তমঃ।
তেনৈব সর্ব্বমাপ্নোতি পিতৃযজ্ঞক্রিয়াফলম্॥ ১২৪।

দেবদ্রব্য অগ্রে বণ্টন করিয়া লইলে, ব্রহ্মস্ব অপহরণ করিলে অথবা সমীপস্থ ব্রাহ্মণকে অতিক্রম করিলে সেই গৃহস্থকে অচিরেই সবংশে নির্ম্মূল হইতে হয়॥ ১১৯॥ গো ব্রাহ্মণ অথবা অগ্নিকে কোন দ্রব্য দান করিতে যদি কেহ কোন গৃহস্থকে নিবারণ করে, তাহা হইলে সেই নিষেধকারী পাপিষ্ঠ শতজন্ম তির্য্যগ্‌যোনিপ্রাপ্তির পর চণ্ডালত্ব প্রাপ্ত হয়॥ ১২০॥ মুখে অঙ্গীকার করিয়া কার্য্যে যে ব্যক্তি তাহা প্রতিপালন না করে, সেই প্রতিজ্ঞালঙ্ঘন-কারির প্রতিজ্ঞাভঙ্গজন্য ধর্ম্মঋণ ইহলোকে ও পরলোকে চিরস্থায়ী হয়॥১২১॥ যজ্ঞশেষে যে কিছু বস্তু অবশিষ্ট থাকে, তাহাকে অমৃত বলে এবং গৃহস্থিত ও সমাগত সমস্ত ব্যক্তিকে আহার করাইয়া স্বয়ং গৃহীর ভোজনের নিমিত্ত যাহা কিছু অবশিষ্ট থাকে, তাহার নাম বিঘস। অতএব ধর্ম্মপরায়ণ গৃহস্থের পক্ষে প্রতিদিন ঐরূপ অমৃতভোজন ও বিঘসভোজন করা সর্ব্বতোভাবে কর্ত্তব্য॥ ১২২॥ উত্তরীয়বস্ত্রকে বামস্কন্ধ হইতে পরিভ্রষ্ট ও নাভিদেশে পাতিত রাখিয়া দৈবকার্য্য অথবা পিতৃকার্য্যের অনুষ্ঠান করা নিষিদ্ধ॥ ১২৩॥ যে ধর্ম্মশীল ব্রাহ্মণ প্রতিদিন স্নান করিয়া বিশুদ্ধচিত্তে শুদ্ধ সলিলের দ্বারা পিতৃগণের তর্পণ করেন, তাঁহার সমস্ত পিতৃযজ্ঞের ফল

হস্তৌ প্রক্ষাল্য গণ্ডূষং যঃ পিবেদ্ভোজনোত্তরম্।
দৈবং পিত্র্যং তথাত্মানং ত্রয়ং স উপঘাতয়েৎ॥ ১২৫।
গণান্নং গণিকান্নঞ্চ যদন্নং গ্রামযাজকে।
স্ত্রীণাং প্রথমগর্ভেষু ভুক্ত্বা চান্দ্রায়ণং চরেৎ॥ ১২৬।
পক্ষে বা যদি বা মাসে যস্য গেহেঽত্তি ন দ্বিজঃ।
ভুক্ত্বা দুরাত্মনস্তস্য চরেচ্চান্দ্রায়ণব্রতম্॥ ১২৭।
সন্ন্যাসি দীক্ষিতানাঞ্চ যতীনাং ব্রহ্মচারিণাম্।
এতেষাং সূতকং নাস্তি ঋত্বিজাং কর্ম্মকুর্ব্বতাম্॥ ১২৮।
অজীর্ণেঽভ্যুদিতে বান্তে শ্মশ্রুকর্ম্মণি মৈথুনে।
দুঃস্বপ্নে দুর্জ্জনস্পর্শে স্নানমেব বিধীয়তে॥ ১২৯।
চৈত্যবৃক্ষং চিতিং যূপং শিবনির্ম্মাল্যভোজিনম্।
বেদবিক্রয়িণং স্পৃষ্ট্বা স চেলোজলমাবিশেৎ॥ ১৩০।

লাভ হয়॥ ১২৪॥ ভোজনের পর হস্তপ্রক্ষালন করিয়া যে ব্রাহ্মণ গণ্ডূষ করে, তাহার উর্দ্ধতন অধস্তন দেবপিতৃপুরুষ এবং আত্মার অধঃপতন সাধন করা হয়॥ ১২৫॥ বহুজাতিমিলিত প্রমোদভোজে ভোজন করিতে নাই। গ্রামযাজক, রজস্বলা রমণী এবং বারবিলাসিনীর অন্নগ্রহণ করাও নিষিদ্ধ। যে ব্রাহ্মণ ঐ সকল অন্ন গ্রহণ করে, তাহাকে চান্দ্রায়ণব্রতাচারণ করিয়া শুদ্ধিলাভ করিতে হয়। যে ব্রাহ্মণের গৃহে এক পক্ষের মধ্যে অথবা একমাসের মধ্যে একটিও ব্রাহ্মণভোজন না হয়, সেই দুরাত্মার অন্নগ্রহণ করিলেও চান্দ্রায়ণব্রতানুষ্ঠান বিধেয়॥ ১২৬। ১২৭॥ উদাসীন, সন্ন্যাসী, যতি ও ব্রহ্মচারিগণের অশৌচ নাই ও যাঁহারা ব্রতযজ্ঞাদির সংকল্প করিয়া ক্রিয়ারম্ভ করেন, তাঁহাদেরও তৎকালে জননাশৌচ প্রতিবন্ধক হয় না॥ ১২৮॥ অজীর্ণজনিত বমন হইলে, ক্ষৌরকারকর্ত্তৃক কেশলোমাদি সংস্কৃত হইলে, দুঃস্বপ্ন দর্শন করিলে, দুর্জ্জন পাপিব্যক্তিকে স্পর্শ করিলে অথবা রমণীর সহিত সহবাস করিলে গৃহস্থ ব্রাহ্মণকে স্নান করিয়া শুদ্ধ হইতে হয়॥ ১২৯॥ অশ্বত্থবৃক্ষ, চিতা, যূপ, শিবনির্ম্মাল্যভোজী ব্যক্তি, ও বেদবিক্রয়ী ব্রাহ্মণকে স্পর্শ করিলে

অগ্ন্যাগারে গবাং গোষ্ঠে দেবব্রাহ্মণসন্নিধৌ।
স্বাধ্যায়ে ভোজনে পানে পাদুকে বৈ বিসর্জ্জয়েৎ ॥১৩১।
খলক্ষেত্রগতং ধান্যং কূপবাপীষু যজ্জলম্।
অগ্রাহ্যাদপি তৎ গ্রাহ্যং যচ্চ গোষ্ঠগতং পয়ঃ ॥ ১৩২।
যদ্বেষ্টিতশিরা ভুঙ্‌ক্তে যো ভুঙ্‌ক্তে দক্ষিণামুখঃ।
সোপানৎকশ্চ যদ্ভুঙ্‌ক্তে তদ্বৈরক্ষাংসি ভুঞ্জতে ॥ ১৩৩।
যাতুধানাঃ পিশাচাশ্চ রাক্ষসাঃ ক্রূরকর্ম্মিণঃ।
হরন্তি রসমন্নস্য মণ্ডলেন বিবর্জ্জিতম্ ॥ ১৩৪।
ব্রহ্মাদ্যাশ্চ সুরাঃ সর্ব্বে বশিষ্ঠাদ্যা মহর্ষয়ঃ।
মণ্ডলঞ্চোপজীবন্তি ততঃ কুর্ব্বীতমণ্ডলম্ ॥ ১৩৫।
ব্রাহ্মণে চতুরস্রং স্যাত্র্যস্রং বৈ বাহুজন্মনঃ।
বর্ত্তুলঞ্চ বিশঃ প্রোক্তং শূদ্রস্যাভ্যুক্ষণং স্মৃতম্ ॥ ১৩৬।

তদানীন্তন পরিহিত বস্ত্রাদি সম্বলিত তৎক্ষণাৎ জলে অবগাহন করা বিধেয় ॥ ১৩০ ॥ অগ্নিদেবের হোমগৃহে, গাভিগণের আবাসগৃহে, দেবতা ও ব্রাহ্মণের সমীপে গমনে, বেদ অধ্যয়নে, এবং ভোজনকালে চর্ম্ম-পাদুকা ব্যবহার করা প্রতিষিদ্ধ ॥ ১৩১॥ খাগারক্ষেত্রস্থিত ধান্য, গোষ্ঠ-বিহারণী পয়স্বিনীর পয়ঃ সরোবর এবং কূপস্থ বারি অতি নীচজাতীয় লোকের হইলেও তাহা সর্ব্বদা গ্রহণযোগ্য পবিত্র। দেবোদ্দেশে নিবেদনযোগ্য অন্ন যদি মণ্ডলাকার জলরেখার মধ্যে স্থাপন করা না হয়, তাহা হইলে ক্রূরকর্ম্মি দৈত্যপিশাচ ও রাক্ষসেরা সেই অন্নের রস পান করিয়া থাকে। ব্রহ্মাদি দেবগণ এবং বশিষ্ঠাদি মহর্ষিগণ, সকলেই মণ্ডলাঙ্কিত স্থানস্থিত অন্নের গৌরব করেন, অতএব নৈবেদ্য অন্ন সর্ব্বদা মণ্ডলচিহ্ন দিয়া রক্ষা করাই উচিত। ব্রাহ্মণের চতুষ্কোণ মণ্ডল, ক্ষত্রিয়ের ত্রিকোণ মণ্ডল এবং বৈশ্যের গোলাকার মণ্ডল হওয়া আবশ্যক। শূদ্রের কেবল নৈবেদ্যের উপর জলপ্রক্ষেপ দান

নোৎসঙ্গে ভোজনং কৃত্বা নোপাণৌ নৈব কর্পটে।
নাসনে ন চ শয্যায়াং ভুঞ্জীত ন মলার্দ্দিতঃ॥ ১৩৭।
ধর্ম্মশাস্ত্ররথারূঢ়া বেদখড়্গধরা দ্বিজাঃ।
ক্রীড়ার্থমপি যদ্ব্রূয়ুঃ স ধর্ম্মঃ পরমঃ স্মৃতঃ॥ ১৩৮।
রাত্রৌ ধানাদধিযুতং ধর্ম্মকামো ন ভক্ষয়েৎ।
অশ্নতো ধর্ম্মহানিস্যাদ্ব্যাধিভিশ্চোপপীড্যতে॥ ১৩৯।
ফাণিতং গোরসন্তোয়ং লবণং মধুকাঞ্জিকম্।
হস্তেন ব্রাহ্মণে দত্ত্বা কৃচ্ছ্রং চান্দ্রায়ণং চরেৎ॥ ১৪০।
গন্ধাভরণমাল্যানি যঃ প্রযচ্ছতি ধর্ম্মবিৎ।
স সুগন্ধিঃ সদা হৃষ্টো যত্র যত্রোপজায়তে॥ ১৪১।
নীলীরক্তন্তু যদ্বস্ত্রং দূরতঃ পরিবর্জ্জয়েৎ।
স্ত্রীণাং ক্রীড়ার্থসংযোগে শয়নীয়ে ন দুষ্যতি॥ ১৪২।

করিলেই বিধিসিদ্ধ হয়॥ ১৩৪। ১৩৫। ১৩৬॥ ক্রোড়ে, করতলে, বস্ত্রে, আসনে অথবা শয্যায় ভোজ্য রাখিয়া ভোজন করা নিষিদ্ধ। ঐ কয়েকটি আধার ব্যতীত অপর আধারে ভোজন করিলে দোষ হয় না॥ ১৩৭॥

ধর্ম্মশাস্ত্ররূপ রথারূঢ়, বেদখড়্গধারী-বীর্য্যবান-ব্রাহ্মণ ক্রীড়া করিতে করিতেও যাহা কিছু বলেন, সেই বাক্যই সংসারের পরমধর্ম্মবাক্য বলিয়া গৃহীত হয়॥ ১৩৮॥ ধর্ম্মাভিলাষি গৃহস্থ রাত্রিকালে ভর্জ্জিত ধান্য অর্থাৎ লাজমিশ্রিত দধি ভক্ষণ করিবেন না, যে গৃহস্থ তাহা ভক্ষণ করেন, তাঁহার ধর্ম্মহানি হয় এবং তিনি চিররুগ্ন হইয়া থাকেন॥ ১৩৯॥ যে ব্রাহ্মণ বাতাসা, গোরস, জল, লবণ, মধু এবং কাঞ্জী হস্তে করিয়া পরিবেশন করেন, তাঁহাকে কষ্টসাধ্য চান্দ্রায়ণব্রতানুষ্ঠান করিয়া শুচি হইতে হয়॥ ১৪০॥ যে ধর্ম্মপরায়ণ গৃহস্থ গন্ধদ্রব্য, পুষ্পমাল্য এবং আভরণ দান করেন, তিনি যেথানেই থাকুন, সেইখানে সর্ব্বদাই সুরভিপরিমলে প্রমোদিত হইয়া থাকেন॥ ১৪১॥ নীলবাস ও রক্তবাস সর্ব্বদা দূরে পরিবর্জ্জন করা উচিত;

পালনাদ্বিক্রয়াচ্চৈব তদ্বৃত্তেরুপজীবনাৎ।
অপবিত্রো ভবেদ্বিপ্র স্ত্রিভিঃ কৃচ্ছ্রৈর্বিশুধ্যতি ॥ ১৪৩ ॥
স্নানং দানং জপো হোমঃ স্বাধ্যায়ঃ পিতৃতর্পণম্।
বৃথা তস্য মহাযজ্ঞা নীলীবাসো বিভর্ত্তি যঃ ॥ ১৪৪ ॥
নীলীরক্তং যদা বস্ত্রং বিপ্রঃ স্বাঙ্গেষু ধারয়েৎ।
তন্তু সন্ততি সংখ্যাকে নরকে স বসেৎ ধ্রুবম্ ॥ ১৪৫ ॥
অহোরাত্রোষিতো ভূত্বা পঞ্চগব্যেন শুধ্যতি ॥ ১৪৬ ॥
নীলীরক্তেন বস্ত্রেণ যদন্নমুপকল্পয়েৎ।
ভোক্তাবিষ্ঠা সমং ভুঙ্‌ক্তে দাতা চ নরকং ব্রজেৎ ॥ ১৪৭ ॥
অমৃতং ব্রাহ্মণস্যান্নং ক্ষত্রিয়ান্নং পয়ঃস্মৃতম্।
বৈশ্যস্য চান্নমেবান্নং শূদ্রস্য রুধিরং স্মৃতম্ ॥ ১৪৮ ॥

কিন্তু বিলাসিনীগণের বিলাসার্থ শয়নে নীলাম্বর ও রক্তাম্বর দূষণীয় নহে ॥ ১৪২ ॥ যে ব্রাহ্মণ নীলবর্ণ ও রক্তবর্ণ বস্ত্র গৃহে রাখিয়া তাহা বিক্রয়ের দ্বারা জীবিকা নির্ব্বাহ করেন, তাঁহাকে তিনবার কৃচ্ছ্র চান্দ্রায়ণ করিয়া বিশুদ্ধতা লাভ করিতে হয় ॥ ১৪৩ ॥ নীলবসন পরিধান করিয়া স্নান, দান, জপ, হোম, বেদপাঠ, তর্পণ অথবা অন্যকোন মহাযজ্ঞের অনুষ্ঠান করিলে সমস্তই বিফল হয় ॥ ১৪৪ ॥

যদি কোন ব্রাহ্মণ নীল অথবা লোহিতাম্বর অঙ্গে ধারণ করেন, তাহা হইলে সেই বস্ত্রের সূত্রসংখ্যাপরিমিত বর্ষকাল তাঁহাকে নরক বাস করিতে হয় ॥ ১৪৫ ॥ যে ব্রাহ্মণ একরাত্রিমাত্র নীল অথবা রক্তবস্ত্র পরিহিত হইয়া থাকেন, তিনি পঞ্চগব্য সেবন করিলেই শুদ্ধ হন ॥ ১৪৬ ॥ নীল অথবা লোহিত বস্ত্র পরিধান করিয়া যে ব্রাহ্মণ অন্নপাক কিম্বা পরিবেশন করেন, তিনি নিরয়গামী হইয়া থাকেন। যিনি সেই অন্ন ভোজন করেন, তাঁহার বিষ্ঠাভোজন করা হয় ॥ ॥ ১৪৭ ॥ ব্রাহ্মণের অন্ন অমৃততুল্য, ক্ষত্রিয়ান্ন দুগ্ধসদৃশ, বৈশ্যের অন্ন প্রকৃত অন্নতুল্য; এবং শূদ্রের অন্ন ব্রাহ্মণের পক্ষে রুধিরতুল্য। বৈশ্যদেব কর্ম্মে, হোমে,

বৈশ্বদেবেন হোমেন দেবতাভ্যর্চ্চনৈর্জপৈঃ।
অমৃতং তেন বিপ্রান্নমৃক্ যজুঃ সামসংস্কৃতম্ ॥ ১৪৯।
ব্যবহারানুরূপেণ ন্যায়েন তু যদর্জ্জনম্।
ক্ষত্রিয়স্য পয়স্তেন প্রজাপালনতো ভবেৎ ॥ ১৫০।
প্রহরানড়ুবাহাদ্ যদন্নমুৎপাদ্য যচ্ছতি।
সীতাযজ্ঞবিধানেন বৈশ্যান্নং তেন সংস্কৃতম্ ॥ ১৫১।
অজ্ঞানতিমিরান্ধস্য মদ্যপানরতস্য চ।
রুধিরং তেন শূদ্রান্নং বেদমন্ত্রবিবর্জ্জিতম্ ॥ ১৫২।
ন বৃথাশপথং কুর্য্যাৎ স্বল্পেপ্যর্থে নরোত্তমঃ।
বৃথা হি শপথং কুর্ব্বন্ প্রেত্য চেহ বিনশ্যতি ॥ ১৫৩।
কামিনীষু বিবাহে চ গবাং ভুঙ্‌ক্তে ধনক্ষয়ে।
ব্রাহ্মণাভ্যুপপত্তৌ চ শপথৈর্নাস্তি পাতকম্ ॥ ১৫৪।

দেবার্চ্চনে এবং জপে সাম, ঋক ও যজুর্ব্বেদসংস্কৃত ব্রাহ্মণের অন্ন অমৃতত্ব প্রাপ্ত হয়। ব্যবহারানুরূপ ন্যায়ানুগত প্রজাপালনে অর্জ্জিত ক্ষত্রিয়ের অন্ন দুগ্ধসদৃশ হইয়া থাকে। যথাবিধি হলকর্ষণবিধানজ্ঞ বৈশ্য দিবসের মধ্যে কেবল এক প্রহরমাত্র বৃষভের দ্বারা ভূমিকর্ষণ করাইয়া যে অন্ন অর্জ্জন করে, তাহার সেই অন্ন সুসংস্কৃত অন্ন বলিয়া প্রসিদ্ধ। অজ্ঞানতিমিরাচ্ছন্ন, সুরাপানপ্রমত্ত এবং বেদমন্ত্রবিবর্জ্জিত যে শূদ্র, সেই শূদ্রের অন্নকে শাস্ত্রকারেরা রুধিরতুল্য বলিয়া গণনা করেন ॥ ১৪৮—১৫২ ॥ যে ব্রাহ্মণ সামান্য প্রয়োজনে অকারণ শপথ করেন, তাঁহার ইহকাল পরকাল নষ্ট হয়। কামিনীর বিবাহে, গাভীর ভোজনে, ধনক্ষয়ে এবং ব্রাহ্মণের উপকারে শপথ করিলে পাপ হয় না। ব্রাহ্মণ কেবল সত্যের উপর নির্ভর করিয়া শপথ করিবেন; ক্ষত্রিয়গণ বাহন ও অস্ত্রস্পর্শ করিয়া, বৈশ্যগণ গো, ধান্যবীজ ও সুবর্ণ স্পর্শ করিয়া এবং শূদ্রেরা সমস্ত পাতকের নাম করিয়া শপথ গ্রহণ করিবে। অগ্নি স্পর্শ করাইয়া, জলে নিমজ্জিত করিয়া এবং স্ত্রীপুত্রের মস্তক স্পর্শ করাইয়া

সত্যেন শাপয়েদ্বিপ্রং ক্ষত্রিয়ং বাহনায়ুধৈঃ।
গোবীজকাঞ্চনৈর্বৈশ্যং শূদ্রং সর্ব্বৈস্তু পাতকৈঃ॥ ১৫৫।
অগ্নিং বাহারয়েদেন মপ্সু চৈনং ন মজ্জয়েৎ।
স্পর্শয়েৎ পুত্রদারাণাং শিরাং স্যেনঞ্চ বা পৃথক্॥ ১৫৬।
ন যমং যমমিত্যাহুরাত্মা বৈ যম উচ্যতে।
আত্মা সংযমিতো যেন তং যমঃ কিং করিষ্যতি॥ ১৫৭।
ন নিস্ত্রিংশস্তথা তীক্ষ্ণঃ ফণী বা দুরতিক্রমঃ।
রিপুর্বা নিত্যসংক্রুদ্ধো যথাত্মা দুরধিষ্ঠিতঃ॥ ১৫৮।
একঃ ক্ষমাবতাং দোষো ন দ্বিতীয়ঃ কথঞ্চন।
যদেনং ক্ষময়াযুক্তমশক্তং মন্যতে জনঃ॥ ১৫৯।

ন শব্দশাস্ত্রাভিরতস্য মোক্ষো
ন চৈব রম্যাবসথপ্রিয়স্য।
ন ভোজনাচ্ছাদন তৎপরস্য
ন লোকচিত্তগ্রহণে রতস্য॥ ১৬০।

শপথ করান নিষিদ্ধ। ঐ তিনটি বিষয়ের একত্র যোগ করাইয়া পৃথক পৃথক গ্রহণেও নিষেধ আছে॥ ১৫৩—১৫৬॥ পণ্ডিতেরা যমকে যম বলেন না, আত্মাকেই যম বলেন। যে জিতেন্দ্রিয় পুরুষ আত্মসংযমনে সমর্থ, যমরাজ তাঁহার কি করিতে পারেন? মানুষের অসংযত আত্মা যেরূপ বিনাশের হেতু, তীক্ষ্ণধার খড়্গ, দুরতিক্রমণীয় সর্প অথবা নিত্যরোষাবিষ্ট প্রবল বৈরীও ততদূর ভয়াবহ নহে॥ ১৫৭॥ ১৫৮॥ ক্ষমাশীল লোকের কেবল একটিমাত্র দোষ; তদ্ব্যতীত তাঁহার আর দ্বিতীয় দোষ কদাচ হয় না। ক্ষমাশীল নিরীহ ব্যক্তিকে লোকে কেবল অক্ষম বলিয়া থাকে, এই মাত্র॥ ১৫৯॥ শব্দশাস্ত্রে অভিজ্ঞতা লাভ করিলেই মোক্ষলাভ হয় না। রমণীয় হর্ম্ম্যতলবিলাসী, নিরবচ্ছিন্ন ভোজনাচ্ছাদনতৎপর এবং পরচিত্তগ্রহণে সুদক্ষ ব্যক্তিও মোক্ষলাভে অধিকারী হইতে পারেন না। সর্ব্বদা নির্জ্জনস্থানে বাস, সর্ব্ব ইন্দ্রিয়ের

একান্তশীলস্য সদৈব তস্য
সর্ব্বেন্দ্রিয়প্রীতিনিবর্ত্তকস্য।
স্বাধ্যায়যোগে গতমানসস্য
মোক্ষো ধ্রুবং নিত্যমহিংসকস্য॥ ১৬১।
কৈকান্তশীলত্বমিহাস্তি পুংসঃ
ক চেন্দ্রিয়প্রীতিনিবৃত্তিরস্তি।
ক যোগযুক্তিঃ ক চ দৈবতেজ্যা
কাশ্যাং বিনৈভিঃ সহজেন মুক্তিঃ॥ ১৬২।
বিশ্বেশসংশীলনমেব যোগ-
স্তপশ্চ বিশ্বেশপুরীনিবাসঃ।
ব্রতানি দানং নিয়মা যমাশ্চ
স্নানং দ্যুনদ্যাং যদুদগ্‌বহায়াম্॥ ১৬৩।

প্রীতিবিধানে নিবৃত্তি, অনন্যমানসে বেদ অধ্যয়নে নিরতি, এবং সর্ব্বজীবে নিত্য অহিংসা, এই কয়েকটি কার্য্যে নিশ্চয়ই জীবের মোক্ষলাভ হইয়া থাকে॥ ১৬০। ১৬১॥

ইহসংসারে কোন্ পুরুষ নিয়ত নির্জ্জনবাসে অনুরক্ত, ইন্দ্রিয়ের প্রীতি-সাধনে কাহার নিবৃত্তিলাভ হইয়াছে, কোন্ ব্যক্তিই বা যোগযুক্ত, কেই বা বিধিপূর্ব্বক দেবার্চ্চনা করে এবং কাশীবিনা কাহারই বা সহজে মুক্তিলাভ হয়? ১৬২॥ বিশ্বেশ্বরে একান্ত মনঃসংযমই যোগ; কাশীপুরীতে নিবসতিই তপস্যা এবং বারাণসীপ্রবাহিণী সুরধুনীনীরে স্নানই সমস্ত ব্রত, দান, যম এবং নিয়ম॥ ১৬৩॥

স্কন্দ কহিলেন, হে অগস্ত্য! যিনি ন্যায়ার্জ্জিত ধনে সমস্ত কর্ত্তব্যকর্ম্ম সাধন করিয়া জীবিকা নির্ব্বাহ করেন, যিনি তত্ত্বজ্ঞাননিষ্ঠ, অতিথিপ্রিয়, শ্রাদ্ধানুষ্ঠান-কারী এবং সত্যবাদী, এবম্বিধ গৃহস্থই কাশীধামে মুক্তিলাভে অধিকারী হন॥১৬৪॥ দীন, অন্ধ, বিপন্ন এবং যাচক ব্যক্তিগণকে অন্নদান করিয়া যে গৃহস্থ সমস্ত গার্হস্থ্যকর্ম্মের অনুষ্ঠান করেন, সেই পুণ্যাত্মাই কাশীধামে মোক্ষপ্রাপ্ত

স্কন্দ উবাচ।

ন্যায়াগতধনস্তত্ত্বজ্ঞাননিষ্ঠোঽতিথিপ্রিয়ঃ।
শ্রাদ্ধকৃৎ সত্যবাদী চ গৃহস্থোঽপীহ মুচ্যতে॥ ১৬৪।
দীনান্ধকৃপণার্থিভ্যো দত্বান্নানি বিশেষতঃ।
কৃত্বা গার্হ্যাণি কর্ম্মাণি গৃহস্থঃ শ্রেয় আপ্নুয়াৎ॥ ১৬৫।
ইত্থমাচরতাং পুংসাং কাশীনাথঃ প্রসীদতি।
কাশীনাথপ্রসাদেন কাশীপ্রাপ্তিস্তু মোক্ষকৃৎ॥ ১৬৬।
স সর্ব্বতীর্থসুস্নানঃ স সর্ব্বক্রতুদীক্ষিতঃ।
স দত্তসর্ব্বদানস্তু কাশী যেন নিষেবিতা॥ ১৬৭।

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে গৃহস্থধর্ম্মো নাম
চত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।

হন॥ ১৬৫॥ পুণ্যশীল পুরুষেরা পূর্ব্বোক্ত প্রকার আচরণ করিলে কাশীনাথ সুপ্রসন্ন হন; কাশীনাথের প্রসাদে কাশীপ্রাপ্তি হয় এবং কাশীপ্রাপ্ত হইলেই মুক্তিলাভ হইয়া থাকে॥ ১৬৬॥ যে মহাত্মা শাস্ত্রোক্ত সদাচার-পরায়ণ হইয়া কাশীবাসী হন, তাঁহার সর্ব্বতীর্থে স্নান, সর্ব্বযজ্ঞে দীক্ষাগ্রহণ এবং সর্ব্ববস্তুদানের ফললাভ হয়॥ ১৬৭॥

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে গৃহস্থধর্ম্মনাম
চত্বারিংশত্তম অধ্যায়।

একচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।

স্কন্দ উবাচ।

উষিত্বৈবং গৃহে বিপ্রো দ্বিতীয়াদাশ্রমাৎ পরম্।
বলীপলিতসংযুক্তস্তৃতীয়াশ্রমমাবিশেৎ ॥ ১।
অপত্যাপত্যমালোক্য গ্রাম্যাহারান্ বিসৃজ্য চ।
পত্নী পুত্রেষু সন্ত্যজ্য পত্ন্যা বা বনমাবিশেৎ ॥ ২।
বসানশ্চর্ম্মচীরাণি সাগ্নির্মুন্যন্নবর্ত্তনঃ।
জটী সায়ম্প্রগে স্নায়ী শ্মশ্রুলো নখলোমভৃৎ ॥ ৩ ॥
শাকমূলফলৈর্ব্বাপি পঞ্চযজ্ঞান্নহাপয়েৎ।
অমূলফলভিক্ষাভিরর্চ্চয়েদ্ভিক্ষুকাতিথীন্ ॥ ৪।
অনাদাতা চ দাতা চ দান্তঃ স্বাধ্যায়তৎপরঃ।
বৈতানিকঞ্চ জুহুয়াদগ্নিহোত্রং যথাবিধি ॥ ৫।

একচত্বারিংশত্তম অধ্যায়।

স্কন্দ কহিলেন, হে অগস্ত্য! গৃহস্থব্রাহ্মণ প্রাগুক্ত প্রকারে ধর্ম্মাচরণ সহকারে পরমসুখাস্পদ দ্বিতীয়াশ্রমের সুখভোগ করিয়া এবং সেই ধর্ম্মবলে বলীয়ান্ হইয়া পলিতাঙ্গ বৃদ্ধাবস্থায় তৃতীয় আশ্রমে প্রবেশ করিবেন ॥১॥ পুত্রপৌত্রাদির মুখ নিরীক্ষণ করিয়া, গ্রাম্যদ্রব্য আহারস্পৃহা বিসর্জ্জন দিয়া এবং পত্নীকে পুত্রের হস্তে সমর্পণ করিয়া গৃহাশ্রমসমাধানকারি ব্রাহ্মণ স্বয়ং বনপ্রবেশ করিবেন; পত্নীর ইচ্ছা থাকিলে তিনিও অনুগামিনী হইতে পারেন ॥ ২ ॥ বানপ্রস্থাশ্রমে প্রবেশ করিয়া চর্ম্মচীর পরিধান, মুনিজনসুলভ ফলমূলাদিমাত্র ভক্ষণ, পূর্ব্বাহ্ণে ও সায়াহ্নে দুইবার নিত্যস্নান, জটা, শ্মশ্রু, লোম ও নখ ধারণ এবং সর্ব্বদা সাগ্নিক হইয়া ভ্রমণ করিতে হয় ॥ ৩ ॥ বানপ্রস্থাশ্রমি ব্যক্তি শাক অথবা ফলমূল প্রদান করিয়াও নির্দ্দিষ্ট পঞ্চমহাযজ্ঞের অনুষ্ঠান করিবেন। ফলমূল

মুন্যন্নৈঃ স্বয়মানীতৈঃ পুরোডাশাংশ্চ নির্ব্বপেৎ ।
স্বয়ং কৃতঞ্চ লবণং খাদেৎ স্নেহং ফলোদ্ভবম্ ॥ ৬ ।
বর্জ্জয়েচ্ছেলুশিগ্রুঞ্চ কবকং পললং মধু ॥ ৭ ।
মুন্যন্নমাশ্বিনে মাসি ত্যজেদ্ যৎ পূর্ব্বসঞ্চিতম্ ।
গ্রাম্যাণি ফলমূলানি ফালজান্নঞ্চ সন্ত্যজেৎ ।
দন্তোলূখলকো বাস্যাদশ্মকুট্টোঽথ বা ভবেৎ ॥ ৮ ।
সদ্যঃ প্রক্ষালকো বা স্যাদথবা মাসসঞ্চয়ী ।
ত্রিষট্দ্বাদশমাসান্নফলমূলাদিসংগ্রহী ॥ ৯ ।
নক্তাশ্যেকান্তরাশী বা ষষ্ঠকালাশনোঽপি বা ।
চান্দ্রায়ণব্রতী বা স্যাৎ পক্ষভুগ্‌বাথ মাসভুক্ ॥ ১০ ।
বৈখানসমতস্থস্তু ফলমূলাশনোপি বা ।
তপসা শোষয়েদ্দেহং পিতৃন্ দেবাংশ্চ তর্পয়েৎ ॥ ১১ ।

এবং জলের দ্বারা অতিথি ও ভিক্ষুকের অর্চ্চনা করাও বিধেয়। বানপ্রস্থ স্বয়ং কাহারও নিকট প্রতিগ্রহ না করিয়া যাচককে দান করিবেন; রিপুদমন এবং বেদাধ্যয়নে তৎপর হইবেন; বৈতানিক হোম এবং অগ্নিহোত্রযাগের অনুষ্ঠান করাও সর্ব্বতোভাবে কর্ত্তব্য। স্বয়ং সমস্ত মুনিখাদ্য আহরণপূর্ব্বক তদ্দ্বারা পিষ্টক প্রস্তুত, স্বহস্তে লবণ প্রস্তুত এবং বনফলের রস পান করা বানপ্রস্থের পক্ষে বিহিত। শ্লেষ্মাতক ফল, শোভাঞ্জন শাক, কোঁড়ক, মাংস এবং মধু ব্যবহার করা নিষিদ্ধ। পূর্ব্বসঞ্চিত খাদ্যসমূহ প্রতিবৎসর আশ্বিন মাসে পরিত্যাগ করা উচিত। গ্রাম্য ফলমূল এবং হলকর্ষিত ক্ষেত্রোৎপন্ন বস্তু ব্যবহার করা প্রতিষিদ্ধ। বানপ্রস্থের সমস্ত খাদ্যবস্তু দন্তপেষণে অথবা পাষাণপেষণে চূর্ণ করিতে হয়। বানপ্রস্থ ব্যক্তি একদিনের মাত্র আহার আহরণ করিবেন। বিধিকল্পে একমাস, তিনমাস, ছয়মাস অথবা দশমাসেরও খাদ্যসামগ্রী সঞ্চয় করিতে পারেন। একরাত্রি পর্য্যায়ে, দিবসের ষষ্ঠযামে, হ্রাসবৃদ্ধি ক্রমে চান্দ্রায়ণব্রতের নিয়মে, পক্ষব্যবধানে, অথবা মাসাবসানে

অগ্নিমাত্মনি চাধায় বিচরেদনিকেতনঃ।
ভিক্ষয়েৎ প্রাণযাত্রার্থং তাপসান্ বনবাসিনঃ॥ ১২।
গ্রামাদানীয় বাশ্নীয়াদষ্টৌ গ্রাসান্ বসন্ বনে।
ইত্থং বনাশ্রমো বিপ্রো ব্রহ্মলোকে মহীয়তে॥ ১৩।
অতিবাহ্যায়ুষো ভাগং তৃতীয়মিতি কাননে।
আয়ুষস্তু তুরীয়াংশে ত্যক্ত্বাসঙ্গান্ পরিব্রজেৎ॥ ১৪।
ঋণত্রয়মসংশোধ্য তনুৎপাদ্য সুতানপি।
তথা যজ্ঞানিষ্ট্বা চ মোক্ষমিচ্ছন্ ব্রজত্যধঃ॥ ১৫।
মনাগপি ন ভূতানাং যস্মাদুৎপদ্যতে ভয়ম্।
সর্ব্বভূতানি তস্যেহ প্রযচ্ছন্ত্যভয়ং সদা॥ ১৬।

ভোজন করা বানপ্রস্থের পক্ষে বিধিসিদ্ধ। বানপ্রস্থেরা বানপ্রস্থপর্য্যায়ানুক্রমিক নিয়মই পালন করুন, অথবা নিত্য ফলমূলাশীই হউন, প্রতিদিন পিতৃতর্পণ করিয়া তপস্যাদ্বারা শরীর শোষণ করা তাঁহাদের পক্ষে কর্ত্তব্য। গৃহত্যাগী বানপ্রস্থ ব্যক্তি বৈতানিক অগ্নির ভস্ম ভক্ষণ করিয়া বনবাসি তপস্বিগণের নিকট হইতে ভিক্ষাগ্রহণপূর্ব্বক জীবন ধারণ করিবেন। গ্রাম হইতে অষ্টগ্রাসমাত্র ভিক্ষা আহরণপূর্ব্বক যিনি নিত্য বনবাস আশ্রয় করেন, সেই বনবাসি বানপ্রস্থ ব্রাহ্মণের ব্রহ্মলোকে বাস হয়॥ ৪—১৩॥

পরমায়ুর তৃতীয়ভাগ ঐরূপে বনবাস আশ্রয়ে অতিবাহিত করিয়া চতুর্থভাগে সঙ্গ পরিত্যাগপূর্ব্বক একাকী পরিব্রাজকধর্ম্ম অবলম্বন করা উচিত॥১৪॥ দেবঋণ, পিতৃঋণ ও ঋষিঋণ পরিশোধ না করিয়া, পতিব্রতা সহধর্ম্মিণীর গর্ভে সন্তান উৎপাদন না করিয়া এবং ইষ্টপূর্ত্তাদি গৃহস্থের বিহিত যজ্ঞের অনুষ্ঠান না করিয়া যে ব্যক্তি মোক্ষ কামনা করে, তাহার অধোগতি লাভ হয়॥ ১৫॥ সংসারের কোন প্রাণি হইতে যাঁহার কিছুমাত্র আশঙ্কার সঞ্চার হয় না, জগতের সমস্ত প্রাণীই সেই নির্ভীক মহাপুরুষকে অভয় প্রদান করিয়া

একএব চরেন্নিত্যং অনগ্নিরনিকেতনঃ।
সিদ্ধ্যর্থমসহায়ঃ স্যাদ্ গ্রামমন্নার্থমাশ্রয়েৎ ॥ ১৭ ॥
জীবিতং মরণং বাথ নাভিকাঙ্ক্ষেৎ ক্বচিন্মতিঃ।
কালমেব প্রতীক্ষেত নির্দ্দেশং ভৃতকো যথা ॥ ১৮।
সর্ব্বত্র মমতাশূন্যঃ সর্ব্বত্র সমতাযুতঃ।
বৃক্ষমূলনিকেতশ্চ মুমুক্ষুরিহ শস্যতে ॥ ১৯।
ধ্যানং শৌচং তথা ভিক্ষা নিত্যমেকান্তশীলতা।
যতেশ্চত্বারি কর্ম্মাণি পঞ্চমং নোপপদ্যতে ॥ ২০।
বার্ষিকাংশ্চতুরো মাসান্ বিহরেন্ন যতিঃ ক্বচিৎ।
বীজাঙ্কুরাণাং জন্তূনাং হিংসা তত্র যতো ভবেৎ ॥ ২১।
গচ্ছেৎ পরিহরন্ জন্তূন্ পিবেৎ কং বস্ত্রশোধিতম্।
বাচং বদেদনুদ্বেগাং ন ক্রুদ্ধেৎ কেনচিৎ ক্বচিৎ ॥ ২২।

থাকেন ॥ ১৬ ॥ যিনি গৃহত্যাগী, অসহায় ও অগ্নিত্যাগী হইয়া আত্মসিদ্ধির নিমিত্ত একাকী বিচরণ করেন, তাঁহার পক্ষে কেবল অন্নের নিমিত্ত গ্রামে গমন করিবার বিধি আছে ॥ ১৭ ॥ মতিমান্ বানপ্রস্থের কখন যদি মতিভ্রমে জীবিত থাকিবার অথবা দেহত্যাগ করিবার আকাঙ্ক্ষা জন্মে, তাহা হইলে ভৃত্য যেমন প্রভুর অনুমতির অপেক্ষা করিয়া থাকে, সেই মরণজীবনকাঙ্ক্ষিত তপস্বীও সেই রূপ কালের প্রতীক্ষা করিয়া থাকিবেন ॥ ১৮ ॥ সর্ব্বপদার্থে নির্ম্মম, সর্ব্বজীবে সমভাবদর্শী, এবং তরুমূলবাসী মোক্ষাভিলাষী তপস্বীই সব্বাপেক্ষা শ্রেষ্ঠ ॥ ১৯ ॥ ধ্যান, শৌচ, ভিক্ষা এবং রিপুবর্জ্জিত নির্জ্জন বাস, এই ব্রতচতুষ্টয়ের অনুষ্ঠান করিলেই যথেষ্ট হয়, ইহার অতিরিক্ত পঞ্চমে আর আবশ্যক করে না ॥ ২০ ॥ যতিগণ প্রতিবৎসর বর্ষা চারিমাস কুত্রাপি বিচরণ করিবেন না, কারণ তদ্দ্বারা বীজাঙ্কুর ও জীবগণের হিংসা হইবার সম্ভাবনা ॥২১॥ গমনকালে পদমর্দ্দনে প্রাণিহানি না হয়, এরূপ সাবধানে গমন করা, বস্ত্রের দ্বারা ছাঁকিয়া জলপান করা, যাহাতে লোকের মনে আঘাত পায়,

চরেদাত্মসহায়শ্চ নিরপেক্ষো নিরাশ্রয়ঃ।
নিত্যমধ্যাত্মনিরতো নীচকেশনখো বশী॥ ২৩।
কুসুম্ভবাসা দণ্ডাঢ্যো ভিক্ষাশী খ্যাতিবর্জ্জিতঃ।
অলাবুদারুমৃদ্বেণুপাত্রং শস্তং ন পঞ্চমম্॥ ২৪।
ন গ্রাহ্যং তৈজসং পাত্রং ভিক্ষুকেন কদাচন।
বরাটকে সংগৃহীতে তত্র তত্র দিনে দিনে॥ ২৫।
গোসহস্রবধং পাপং শ্রুতিরেষা সনাতনী॥ ২৬।
হৃদি সস্নেহভাবেন চেদ্রক্ষেৎ স্ত্রিয়মেকদা।
কোটিদ্বয়ং ব্রাহ্মকল্পং কুম্ভীপাকী ন সংশয়ঃ॥ ২৭।
এককালং চরেদ্ভৈক্ষং ন কুর্য্যাত্তত্র বিস্তরম্।
বিধূমে সন্নমুসলে ব্যঙ্গারেঽভুক্তবর্জ্জনে॥ ২৮।

এরূপ বাক্য প্রয়োগ না করা এবং কখন কোন কারণে কাহারও প্রতি ক্রোধ প্রকাশ না করা যতিগণের পরমধর্ম্ম॥ ২২॥

যতিগণ একমাত্র আত্মাকে সহায় করিয়া, কাহারও সাহায্যগ্রহণের অপেক্ষা না করিয়া এবং নিরাশ্রয় হইয়া ভ্রমণ করিবেন। নখকেশ ধারণপূর্ব্বক সমস্ত ইন্দ্রিয়গণকে বশীভূত করিয়া নিত্য আত্মতত্ত্বপরায়ণ হওয়া তাঁহাদের পক্ষে অবশ্যকর্ত্তব্য॥ ২৩॥ রক্তবস্ত্র পরিধানপূর্ব্বক দণ্ডপাণি হইয়া ভিক্ষান্নমাত্রে প্রাণধারণ করা যতিগণের ধর্ম্ম। আত্মপ্রশংসা শ্রবণ অথবা কীর্ত্তন করা নিষিদ্ধ। অলাবু, কাষ্ঠ, মৃত্তিকা এবং বংশবিনির্ম্মিত ভিক্ষাপাত্রই প্রশস্ত; তদতিরিক্ত পঞ্চমপাত্র নিষ্প্রয়োজন॥ ২৪॥ ভিক্ষুক কদাপি তৈজসপাত্রে ভিক্ষাগ্রহণ করিবেন না, কোনদিন কোন গৃহস্থের নিকট কড়ি ভিক্ষা গ্রহণ করা নিত্য ভিক্ষাশির পক্ষে একান্ত নিষিদ্ধ॥ ২৫॥ পূর্ব্বোক্ত দুই প্রকারে ভিক্ষা গ্রহণ করিলে সহস্র গোবধের পাপ হয়, এটি সনাতন বেদবাক্য॥ ২৬॥

কস্মিন্‌কালে কদাচিৎ সস্নেহভাবে রমণীর রূপগুণ হৃদয়ে স্থানদান করিলে দুইকোটি ব্রাহ্মকল্পকাল কুম্ভীপাক নরকে বাস হয়॥ ২৭॥ ভিক্ষুক যতি

বৃত্তে শরাবসম্পাতে ভিক্ষাং নিত্যং চরেদ্ যতিঃ ।
অল্পাহারো রহঃস্থায়ীত্বিন্দ্রিয়ার্থেষলোলুপঃ ॥ ২৯ ।
রাগদ্বেষবিনির্ম্মুক্তো ভিক্ষুর্মোক্ষায় কল্পতে ।
আশ্রমে তু যতির্যস্য মুহূর্ত্তমপি বিশ্রমেৎ ।
কিং তস্যানেকতন্ত্রেণ কৃতকৃত্যঃ স জায়তে ॥ ৩০ ।
সঞ্চিতং যদ্ গৃহস্থেন পাপমামরণান্তিকম্ ।
নির্দ্ধক্ষ্যতি হি তৎ সর্ব্বমেকরাত্রোষিতো যতিঃ ॥ ৩১ ।
দৃষ্ট্বা জরাভিভবনমসহ্যং রোগপীড়িতম্ ।
দেহত্যাগং পুনর্গর্ভং গর্ভক্লেশঞ্চ দারুণম্ ॥ ৩২ ।
নানাযোনিনিবাসঞ্চ বিয়োগঞ্চ প্রিয়ৈঃ সহ ।
অপ্রিয়ৈঃ সহ সংযোগমধর্ম্মাৎ দুঃখসম্ভবম্ ॥ ৩৩ ।

কেবল একবারমাত্র ভিক্ষা করিবেন, প্রাণধারণোপযোগি বস্তুর অতিরিক্ত বিস্তর ভিক্ষা করা নিষিদ্ধ। যৎকালে গৃহস্থের রন্ধনধূম নির্ব্বাপিত, উদূখল-মুষলের কার্য্য নিবৃত্ত, অঙ্গাররাশি ভস্মসাৎ এবং গৃহস্থিত সমস্ত পরিবারের ভোজন সমাপ্ত হইবে, সেই সময়েই যতির ভিক্ষার্থ বহির্গত হওয়া উচিত। উচ্ছিষ্টপাত্র পরিত্যাগ করিয়া ভিক্ষার্থ গমন করা বিহিত। যাহাতে ইন্দ্রিয়গণ প্রবল হইতে না পায়, এরূপ সাবধান হইয়া অল্পাহার ও নির্জ্জনবাস আশ্রয় করা সর্ব্বতোভাবে বিধেয় ॥ ২৮ ॥ ২৯ ॥ যতি ব্যক্তি রাগদ্বেষ পরিবর্জ্জন করিয়া মোক্ষকামনা করিবেন। যাঁহার আশ্রমে যখন গমন করিবেন, মুহূর্ত্তের অধিককাল তথায় বিশ্রামলাভ করিবেন না। যতি যাঁহার আশ্রমে দুইদণ্ডকাল অবস্থান করেন, সেই গৃহস্থ কৃতকৃতার্থ হন, তাঁহাকে আর শাস্ত্রোক্ত কোন কর্ম্মই করিতে হয় না ॥ ৩০ ॥ যতি যাঁহার আশ্রমে একরাত্রি বিশ্রাম করেন, তাঁহার আজীবনসঞ্চিত সমস্ত মহাপাপ ধ্বংস হইয়া যায়। ৩১ ॥ যতি ব্যক্তি যে যে আশ্রমে গমন করিবেন, সেই সেই আশ্রমেই জরাভিভূত, মুমূর্ষু, অসহ্যব্যাধিযন্ত্রণায় প্রপীড়িত নরনারীগণকে দেখিতে

পুনর্নিরয়সম্বাসং নানানরকযাতনাঃ।
কর্ম্মদোষসমুদ্ভূতা নৃণাং গতিরনেকধা ॥ ৩৪।
দেহেষনিত্যতাং দৃষ্টা নিত্যতাং পরমাত্মনঃ।
কুর্ব্বীত মুক্তয়ে যত্নং যত্র যত্রাশ্রমে রতঃ॥ ৩৫।
করপাত্রীতিবিখ্যাতা ভিক্ষাপাত্রবিবর্জ্জিতাঃ।
তেষাং শতগুণং পুণ্যং ভবত্যেব দিনে দিনে ॥ ৩৬।
আশ্রমাংশ্চতুরস্ত্বেবং ক্রমাদাসেব্য পণ্ডিতঃ।
নির্দ্বন্দ্বস্ত্যক্তসঙ্গশ্চ ব্রহ্মভূয়ায় কল্পতে ॥ ৩৭।
অসংযতঃ কুবুদ্ধীনামাত্মা বন্ধায় কল্পতে।
ধীমদ্ভিঃ সংযতঃ সোঽপি পদং দদ্যাদনাময়ম্ ॥ ৩৮।
শ্রুতিস্মৃতিপুরাণঞ্চ বিদ্যোপনিষদস্তথা।
শ্লোকাঃ সূত্রাণি ভাষ্যাণি যচ্চান্যদ্বাঙ্ময়ং ক্বচিৎ ॥ ৩৯।

পাইবেন। জীবের দেহত্যাগ, পুনঃপুনঃ গর্ভবাস, নিদারুণ গর্ভযন্ত্রণা, নানাযোনিভ্রমণ, অধর্ম্মে দুঃখোৎপত্তি, প্রিয়জনবিয়োগ, অপ্রিয় সংযোগ, পুনঃপুনঃ নিরয়বাস, নানাবিধ নরকযন্ত্রণা, নানাবিধ কর্ম্মদোষে নরগণের নানাবিধ গতি এবং দেহের অনিত্যতা প্রভৃতি নানাবিধ ক্লেশকর ঘটনাও তাঁহার নয়নগোচর হইবে। অতএব এই বিনশ্বর সংসারের এতাদৃশ বিচিত্রগতি অবলোকনপূর্ব্বক নিত্যপরমাত্মপরায়ণ হইয়া প্রযত্নসহকারে মুক্তিপথ চিন্তা করাই যতিগণের নিত্যধর্ম্ম ॥ ৩২—৩৫ ॥

যিনি ভিক্ষাপাত্র পরিত্যাগী হইয়া করপত্রিপদে পরিকীর্ত্তিত হইবেন, তাঁহার নিত্য নিত্য শতগুণ পুণ্য সঞ্চার হইবে ॥ ৩৬ ॥ জ্ঞাননিষ্ঠ ব্যক্তি ক্রমে ক্রমে এই প্রকার চতুরাশ্রমের সেবা করিয়া, দ্বন্দ্বহীন ও সঙ্গহীন হইলে তাঁহার ঈশ্বরত্ব প্রাপ্তি হয় বলিয়া শাস্ত্রে কথিত হইয়াছে ॥৩৭॥ যাহারা কুবুদ্ধি, এবং যাহাদের আত্মা অসংযত, তাহারা দেহমধ্যে আত্মাকে বন্ধন করিয়া রাখে। যাঁহারা সুবুদ্ধি ও সংযতাত্মা, তাঁহারা আত্মাকে অনাময়পদ প্রদান করিয়া থাকেন ॥ ৩৮ ॥ শ্রুতি, স্মৃতি, পুরাণ, উপনিষদ, শ্লোক, সূত্র, এবং

বেদানুবচনং যজ্ঞা ব্রহ্মচর্য্যং তপো দমঃ।
শ্রদ্ধোপবাসঃ স্বাতন্ত্র্যমাত্মনো জ্ঞানহেতবঃ ॥ ৪০।
স হি সর্ব্বৈর্বিজিজ্ঞাস্য আত্মৈবাশ্রমবর্ত্তিভিঃ।
শ্রোতব্যস্ত্বথ মন্তব্যো দ্রষ্টব্যশ্চ প্রযত্নতঃ ॥ ৪১।
আত্মজ্ঞানেন মুক্তিঃ স্যাত্তচ্চ যোগাদৃতেন হি।
স চ যোগশ্চিরংকালমভ্যাসাদেব সিদ্ধতি ॥ ৪২।
নারণ্যসংশ্রয়াদ্ যোগো ন নানাগ্রন্থচিন্তনাৎ।
ন দানৈর্ন ব্রতৈর্বাপি ন তপোভির্নবা মখৈঃ ॥ ৪৩।
ন চ পদ্মাসনাদ্ যোগো ন বা ঘ্রাণাগ্রবীক্ষণাৎ।
ন শৌচেন ন মৌনেন ন মন্ত্রারাধনৈরপি ॥ ৪৪।
অভিযোগাৎ সদাভ্যাসাত্তত্রৈব চ বিনিশ্চয়াৎ।
পুনঃ পুনরনির্বেদাৎ সিদ্ধেদ্‌যোগো ন চান্যথা ॥ ৪৫।
আত্মক্রীড়স্য সততং সদাত্মমিথুনস্য চ।
আত্মন্যেব সুতৃপ্তস্য যোগসিদ্ধির্নদূরতঃ ॥ ৪৬।

ভাষ্য, এই সপ্তবিধ শাস্ত্র ব্যতিরেকে জগতে আর শ্রেষ্ঠ বাঙ্ময়শাস্ত্র কি আছে ॥ ৩৯ ॥ বেদতুল্য মহাপুরুষবাক্য, পঞ্চবিধ মহাযজ্ঞ, ব্রহ্মচর্য্য, তপস্যা, ইন্দ্রিয়দমন, স্বাতন্ত্র্য এবং শ্রদ্ধাপূর্ব্বক উপবাস, এই কয়েকটি নিয়ম পালন করিয়া চলিলে আত্মজ্ঞান লাভ হয় ॥ ৪০ ॥ সমস্ত আশ্রমের আশ্রমিরাই আত্মতত্ত্ব জিজ্ঞাসা করিতে পারেন। সেই তত্ত্বটি যত্নপূর্ব্বক শ্রবণ, মনন, ও দর্শন করাও সর্ব্বাশ্রমির পক্ষে বিশেষ আবশ্যক ॥ ৪১ ॥ আত্মজ্ঞানেই মুক্তি লাভ হয়, কিন্তু যোগ ব্যতিরেকে সেই আত্মজ্ঞান জন্মে না। চিরকাল সেই যোগাভ্যাস করিলে সিদ্ধি লাভ হইয়া থাকে ॥ ৪২ ॥ অরণ্য আশ্রয়পূর্ব্বক যোগানুষ্ঠান, নানাগ্রন্থ অধ্যয়ন, দান, ব্রত, তপস্যা, যজ্ঞ, পদ্মাসনযোগ, নাসাগ্র দর্শন, শৌচ, মৌন, মন্ত্রপাঠ এবং আরাধনা, ইহার কিছুতেই সিদ্ধি-লাভ হয় না, অভিনিবেশপূর্ব্বক অনির্ব্বেদসহকারে সর্ব্বদা পুনঃপুনঃ যোগানু-

অত্রাত্মব্যতিরেকেণ দ্বিতীয়ং যো ন পশ্যতি।
আত্মারামঃ স যোগীন্দ্রো ব্রহ্মীভূতো ভবেদিহ॥ ৪৭॥
সংযোগস্ত্বাত্মমনসোর্যোগ ইত্যুচ্যতে বুধৈঃ।
প্রাণাপানসমাযোগো যোগ ইত্যপি কৈশ্চন॥ ৪৮॥
বিষয়েন্দ্রিয়সংযোগো যাগ ইত্যর্থপণ্ডিতৈঃ।
বিষয়াসক্তচিত্তানাং জ্ঞানং মোক্ষশ্চ দূরতঃ॥ ৪৯॥
দুর্নিবারা মনোবৃত্তির্যাবৎ সা ন নিবর্ত্ততে।
কিম্বদন্ত্যপি যোগস্য তাবন্নেদীয়সী কুতঃ॥ ৫০॥
বৃত্তিহীনং মনঃ কৃত্বা ক্ষেত্রজ্ঞে পরমাত্মনি।
একীকৃত্য বিমুচ্যেত যোগযুক্তঃ স উচ্যতে॥ ৫১॥

শীলন করিলে নিশ্চয়ই সিদ্ধিলাভ হয়, তাহার আর কিছুমাত্র অন্যথা নাই॥ ৪৩—৪৫॥ যিনি সর্ব্বদা আত্মার সহিত ক্রীড়া করেন, আত্মাতেই যিনি নিয়ত সংশক্ত থাকেন এবং আত্মাতেই যাঁহার পরিতৃপ্তি, তাঁহারই যোগসিদ্ধি নিকট-বর্ত্তিনী॥ ৪৬॥ ইহসংসারে কেবল আত্মা ভিন্ন অপর কিছু অবলোকন না করিয়া যিনি সমস্ত জগৎসংসারকে আত্মময় দর্শন করেন, সেই মহাত্মা যোগীন্দ্রের সাক্ষাৎ আত্মারাম পরব্রহ্মের স্বরূপত্ব প্রাপ্তি হয়॥ ৪৭॥ যে যোগে আত্মার সহিত মনের সংযোগ সাধিত হয়, শাস্ত্রকারেরা সেই যোগকেই শ্রেষ্ঠ-যোগ কহিয়া থাকেন। যাহাতে প্রাণের সহিত অপানবায়ুর সংযোগ হয়, কেহ কেহ তাহাকেও যোগ বলিয়া গণনা করেন॥ ৪৮॥ যদ্দারা বিষয়ের সহিত ইন্দ্রিয়ের সংযোগসাধন সম্পাদিত হয়, শাস্ত্রমতে তাহা একপ্রকার যাগ। যাঁহাদের চিত্ত নিয়ত বিষয়ে আসক্ত থাকে, তাঁহাদের জ্ঞানলাভ ও মোক্ষলাভ অতিদূরগামী॥ ৪৯॥ দুর্নিবার মনোবৃত্তিসমূহের যদবধি নিবৃত্তি না হয়, তদবধি সুদূরগামিনী যোগের কিম্বদন্তীই বা কোথায় থাকে! ৫০॥ মনের সমস্ত বৃত্তিকে নিবৃত্ত করিয়া যিনি পরমাত্মার সহিত জীবাত্মার সংযোগ-সাধনে সমর্থ হন এবং ঐ উভয় আত্মাকে একীভূত করিয়া যিনি সংসার-

বহির্মুখানি সর্ব্বাণি কৃত্বা স্বান্যন্তরাণি বৈ।
মনস্যেবেন্দ্রিয়গ্রামং মনশ্চাত্মনি যো জয়েৎ॥ ৫২।
সর্ব্বভাববিনির্মুক্তং ক্ষেত্রজ্ঞং ব্রহ্মণি ন্যসেৎ।
এতদ্ধ্যানঞ্চ যোগশ্চ শেষোন্যো গ্রন্থবিস্তরঃ॥ ৫৩।
যন্নাস্তি সর্ব্বলোকেষু তদস্তীতি বিরুধ্যতে।
কথ্যমানং তদন্যস্য হৃদয়ে নাবতিষ্ঠতে॥ ৫৪।
স্বসম্বেদ্যং হি তদ্ব্রহ্মকুমারীস্ত্রী সুখং যথা।
অযোগী নৈব তদ্বেত্তি জাত্যন্ধ ইব বর্ত্তিকাম্॥ ৫৫।
নিত্যাভ্যসনশীলস্য স্বসম্বেদ্যং হি তদ্ভবেৎ।
তৎসূক্ষ্মত্বাদনির্দ্দেশ্যং পরং ব্রহ্মসনাতনম্॥ ৫৬।

বন্ধন হইতে মুক্ত হইতে পারেন, তাঁহাকেই শাস্ত্রকারেরা যোগযুক্ত সাধুপুরুষ বলিয়া থাকেন॥ ৫১॥ সংসারের অন্তর্ভূত সমস্ত বিষয় হইতে বহির্মুখ হইয়া সমস্ত ইন্দ্রিয়গ্রামকে মনের সহিত সংযমনপূর্ব্বক আত্মার সহিত মনের সংযোগ সাধন করিতে হয়॥ ৫২॥ সমস্ত বিষয়ধর্ম্ম হইতে বিনির্মুক্ত হইয়া জীবাত্মাকে পরমাত্মার সহিত সংযুক্ত করিতে হয়। তাহাই ধ্যান এবং কেবল তাহাই যোগ; তদতিরিক্ত আর আর সমস্ত যোগতত্ত্ব বর্ণন করিয়া শেষ করিতে গেলে গ্রন্থবাহুল্য হইয়া পড়ে॥ ৫৩॥ জগতে যাহা নাই, তাহার অস্তিত্ব স্বীকার করিলে বিরোধাভাস অলঙ্কারদোষ হয়, তাদৃশ কথা বলিলেও অপরের হৃদয়ে স্থানপ্রাপ্ত হয় না॥ ৫৪॥ যোগী ব্যক্তিই পরব্রহ্মকে জানিতে পারেন; বালিকা কুমারী যেমন যুবতীর পতিসঙ্গসুখ অবগত নহে, সে কথা তাহার নিকট ব্যক্ত করিলেও বালিকা যেমন কিছুই বুঝিতে পারে না, জন্মান্ধ ব্যক্তি যেমন জন্মাবধি চিরদিন দীপালোক দর্শন করিতে পায় না, অযোগী ব্যক্তিও সেইরূপ পরমধন ব্রহ্মতত্ত্ব জ্ঞাত হইবার অধিকারী নহে॥ ৫৫॥ যিনি নিত্য যোগ অভ্যাস করেন, আত্মারাম পরমাত্মা কেবল সেই যোগশীল মহাপুরুষেরই জ্ঞাতব্য। সেই সনাতন পরব্রহ্মের সূক্ষ্মতত্ত্ব

ক্ষণমপ্যেকমুদকং যথা ন স্থিরতামিয়াৎ।
বাতাহতং তথা চিত্তং তস্মাত্তস্য ন বিশ্বসেৎ ॥ ৫৭।
অতোঽনিলং নিরুন্ধীত চিত্তস্য স্থৈর্য্যহেতবে।
মরুন্নিরোধনার্থায় ষড়ঙ্গং যোগমভ্যসেৎ ॥ ৫৮।
আসনং প্রাণসংরোধঃ প্রত্যাহারশ্চ ধারণা।
ধ্যানং সমাধিরেতানি যোগাঙ্গানি ভবন্তি ষট্ ॥ ৫৯।
আসনানীহ তাবন্তি যাবন্ত্যো জীবযোনয়ঃ।
সিদ্ধাসনমিদং প্রোক্তং যোগিনো যোগসিদ্ধিদম্ ॥ ৬০।
এতদভ্যসনান্নিত্যং বর্ম্ম দার্ঢ্যমবাপ্নুয়াৎ ॥ ৬১।
দক্ষিণং চরণং ন্যস্য বামোরূপরি যোগবিৎ।
যাম্যোরূপরি বামঞ্চ পদ্মাসনমিদং বিদুঃ ॥ ৬২।

নির্দ্দেশ করা মর্ত্যলোকের সাধ্যাতীত ॥৫৬॥ জল যেমন ক্ষণমাত্র একস্থানে সুস্থির হইয়া থাকে না, সেইরূপ যাহার চিত্ত বাতাহত জলের ন্যায় সর্ব্বদা সচঞ্চল, সে ব্যক্তি কখনই ব্রহ্মতত্ত্ব অবগত হইতে পারে না। অতএব চিত্ত স্থির করিবার নিমিত্ত শরীরস্থ পঞ্চবায়ুকে নিরুদ্ধ করা আবশ্যক; বায়ু-নিরোধে কৃতকার্য্য হইবার নিমিত্ত ষড়ঙ্গযোগ অভ্যাস করা উচিত। যোগাসন, স্বস্ববৃত্তি হইতে সমস্ত ইন্দ্রিয়গণকে আকর্ষণ, প্রাণবায়ুর সংরোধ, ধ্যান, ধারণা ও সমাধি, এই ছয়টি একত্রীভূত হইলেই ষড়ঙ্গযোগ সুসম্পন্ন হয়। যোগাঙ্গের যে সমস্ত আসন বিনির্দ্দিষ্ট হইয়াছে, শাস্ত্রকারেরা তাহাকেই যোগাচারিগণের সিদ্ধিপ্রদ সিদ্ধাসন নামে গণনা করিয়াছেন এবং সেই সমস্ত আসনই যোগিগণের পরমায়ু বৃদ্ধির কারণ ॥ ৫৭—৬০ ॥

পূর্ব্বোক্তপ্রকারে কথিত আসনে নিত্য যোগাভ্যাস করিলে যোগিগণের দেহ সর্ব্বদা সবল হইয়া থাকে ॥ ৬১ ॥ বামোরুর উপরে দক্ষিণ চরণ বিন্যস্ত করিয়া এবং দক্ষিণোরুর উপরে বাম চরণ সংযুক্ত রাখিয়া যোগী যে আসন অবলম্বন করেন, সেই আসনকেই পদ্মাসন কহে ॥ ৬২ ॥ ঐরূপে পদ্মাসন

করাভ্যাং ধারয়েৎ পশ্চাদঙ্গুষ্ঠৌ দৃঢ়বন্ধবিৎ।
ভবেৎ পদ্মাসনাদস্মাদভ্যাসাদ্দৃঢ়বিগ্রহঃ॥ ৬৩॥
অথবাহ্যাসনে যস্মিন্ সুখমস্যোপজায়তে।
স্বস্তিকাদৌ তদধ্যাস্য যোগং যুঞ্জীত যোগবিৎ॥ ৬৪॥
ন তোয়বহ্নিসামীপ্যে ন জীর্ণারণ্যগোষ্ঠয়োঃ।
ন দংশমশকাকীর্ণে ন চৈত্যে ন চ চত্বরে॥ ৬৫॥
কেশভস্মতুষাঙ্গারকীকসাদিপ্রদূষিতে।
নাভ্যসেৎ পূতিগন্ধাদৌ ন স্থানে জনসঙ্কুলে॥ ৬৬॥
সর্ব্ববাধাবিরহিতে সর্ব্বেন্দ্রিয়সুখাবহে।
মনঃ প্রসাদজননে স্রগ্ধূপামোদমোদিতে॥ ৬৭॥
নাতিতৃপ্তঃ ক্ষুধার্ত্তো ন ন বিণ্মূত্রপ্রবাধিতঃ।
নাধ্বখিন্নো ন চিন্তার্ত্তো যোগং যুঞ্জীত যোগবিৎ॥ ৬৮॥

করিয়া তদনন্তর দৃঢ়বন্ধ যোগী হস্তদ্বারা উভয়পদের অঙ্গুষ্ঠ ধারণ করিবেন। তাদৃশ পদ্মাসনেই যোগিগণের শরীর বলিষ্ঠ হয়॥ ৬৩॥ অথবা যে আসনে মনের সুখ সংসাধিত হয়, যোগিগণ সেই আসনই অবলম্বন করিতে পারেন; অতএব স্বস্তিকাদি যে কোন আসনে অধ্যাসীন হইয়া যোগানুষ্ঠান করা বিধিসিদ্ধ॥ ৬৪॥ সলিলসমীপে, বহ্নিসম্মুখে, জীর্ণারণ্যে, গোষ্ঠে, দংশমশকাকীর্ণ স্থানে, অশ্বত্থবৃক্ষসমীপে, চৈত্যদেবালয়সমীপে, অথবা চত্বরে যোগানুষ্ঠান করা নিষিদ্ধ। কেশ, ভস্ম, তুষ, অঙ্গার অথবা অস্থি যে স্থানে থাকে, তাদৃশ স্থানে এবং দুর্গন্ধময় অপবিত্র স্থানে অথবা যেখানে বহুলোকের জনতা, সেস্থানেও যোগানুষ্ঠান হয় না॥ ৬৫॥ ৬৬॥ যেস্থানে কোন প্রকার বাধা নাই, যে স্থান সমস্ত ইন্দ্রিয়ের সুখাবহ, যে স্থানে মনের প্রসন্নতা জন্মে এবং যে স্থান সুরভি কুসুমপরিমল ও ধূপধূনাদি গন্ধদ্রব্যে আমোদিত, তাদৃশ স্থানেই যোগানুষ্ঠান করা উচিত॥ ৬৭॥ অতিভোজনে পরিতৃপ্ত হইয়া, ক্ষুধায় কাতর হইয়া, মলমূত্রের বেগধারণ করিয়া, পথভ্রমণে পরিশ্রান্ত হইয়া

উরুস্থোত্তানচরণঃ সব্যে ন্যসেত্তরং করম্।
উত্তানং কিঞ্চিদুন্নম্য বক্ত্রং বিষ্টভ্য চোরসা ॥ ৬৯ ।
নিমীলিতাক্ষঃ সত্ত্বস্থো দন্তৈর্দন্তান্ন সংস্পৃশেৎ।
তালুস্থাচলজিহ্বশ্চ সম্বৃতাস্যঃ সুনিশ্চলঃ ॥ ৭০ ।
সন্নিয়ম্যেন্দ্রিয়গ্রামং নাতিনীচোচ্ছ্রিতাসনঃ।
মধ্যমঞ্চোত্তমঞ্চাথ প্রাণায়ামমুপক্রমেৎ ॥ ৭১ ।
চলেঽনিলে চলং সর্ব্বং নিশ্চলে তত্র নিশ্চলম্।
স্থাণুত্বমাপ্নুয়াদ্ যোগী ততোঽনিলনিরুন্ধনাৎ॥ ৭২ ।
যাবদ্দেহেস্থিতঃ প্রাণো জীবিতং তাবদুচ্যতে।
নির্গতে তত্র মরণং ততঃ প্রাণং নিরুন্ধয়েৎ ॥ ৭৩ ।
যাবদ্বদ্ধো মরুদ্দেহে যাবচ্চেতো নিরাশ্রয়ম্।
যাবদ্দৃষ্টির্ভ্রুবোর্মধ্যে তাবৎ কালভয়ং কুতঃ ॥ ৭৪ ।

অথবা অন্য প্রকার কোন চিন্তায় আকুল হইয়া যোগিব্যক্তি যোগানুষ্ঠান করিবেন না ॥ ৬৮ ॥ উরুদেশের উপর একচরণ উত্তোলন করিয়া দক্ষিণ হস্ত দ্বারা বামহস্ত ধারণপূর্ব্বক উন্নত বক্ষঃস্থল আর কিছু উন্নত করিয়া তাহাতে চিবুক সংলগ্ন করিতে হয়। নেত্রনিমীলনপূর্ব্বক সত্ত্বগুণাবলম্বী হইয়া, দন্তদ্বারা দন্ত স্পর্শ না করিয়া, রসনাকে তালুদেশে উত্তোলনপূর্ব্বক অচল রাখিয়া এবং বদনমণ্ডল সমাবৃত করিয়া নিশ্চল হইতে হয় ॥ ৬৯ ॥ ৭০ ॥ সমস্ত ইন্দ্রিয়গ্রাম সংযমনপূর্ব্বক উত্তম, মধ্যম ও লঘু, এই ত্রিবিধ প্রাণায়ামের অনুষ্ঠান করা উচিত। প্রাণায়ামকালে অতি নিম্ন অথবা অতি উচ্চ আসন অবলম্বন করা নিষিদ্ধ ॥ ৭১ ॥ যৎকালে বায়ুর চলাচল থাকে, তৎকালে জগতের সমস্ত পদার্থই চঞ্চল হয়; বায়ু নিশ্চল হইলে সমস্তই নিশ্চল হইয়া থাকে; অতএব শরীরস্থ বায়ু নিরুদ্ধ করিতে পারিলেই যোগী সুস্থিরত্ব প্রাপ্ত হন ॥ ৭২ ॥ দেহে যতক্ষণ জীবন থাকে, ততক্ষণই জীবগণকে জীবিত বলা যায়, প্রাণ বহির্গত হইলেই মৃত্যুসংঘটিত হয়; অতএব সর্ব্বাগ্রেই প্রাণ-

কালসাধ্যসতো ব্রহ্মা প্রাণায়ামং সদাচরেৎ ।
যোগিনঃ সিদ্ধিমাপন্নাঃ সম্যক্‌প্রাণনিয়ন্ত্রণাৎ ॥ ৭৫ ।
মন্দো দ্বাদশমাত্রস্তু মাত্রালঘ্বক্ষরা মতা ।
মধ্যমো দ্বিগুণঃ পূর্ব্বাদুত্তমস্ত্রিগুণস্ততঃ ॥ ৭৬ ।
স্বেদং কম্পং বিষাদঞ্চ জনয়েৎ ক্রমশস্ত্বসৌ ।
প্রথমেন জয়েৎ স্বেদং দ্বিতীয়েন তু বেপথুম্ ॥ ৭৭ ।
বিষাদং হি তৃতীয়ে ন সিদ্ধঃ প্রাণোথ যোগিনঃ ।
ভবেৎ ক্রমাৎ সন্নিরুদ্ধঃ সিদ্ধঃ প্রাণোথ যোগিনঃ ।
ক্রমেণ সেব্যমানোসৌ নয়তে যত্র চেচ্ছতি ॥ ৭৮ ।

বায়ুর নিরোধ করা আবশ্যক। যতদিন দেহমধ্যে প্রাণবায়ু অবরুদ্ধ থাকে, চৈতন্য যতদিন নিরাশ্রয় হইয়া থাকেন এবং দৃষ্টি যতদিন ভ্রূমধ্যেই সংলগ্ন থাকে, ততদিন আর কালের ভয় কোথায়? ৭৩ ॥ ৭৪ ॥ কাল এমনি ভয়ঙ্কর পদার্থ যে, স্বয়ং কমলাসন প্রজাপতি ব্রহ্মাকেও কালের ভয়ে প্রাণায়াম যোগের অনুষ্ঠান করিতে হয়। অতএব সেই ভয়েই যোগিগণ প্রাণবায়ুর নিরোধসাধন করিয়া যোগাভ্যাসে সিদ্ধিলাভ করেন ॥ ৭৫ ॥

পূর্ব্বেই উক্ত হইয়াছে, প্রাণায়াম ত্রিবিধ; উত্তম, মধ্যম ও অধম। যাহাতে দ্বাদশ মাত্রা ও লঘু অক্ষর থাকে, তাহাই লঘু প্রাণায়াম। তাহার দ্বিগুণ হইলে মধ্যম ও ত্রিগুণ হইলে উত্তম বলিয়া গণ্য হয় ॥ ৭৬ ॥ লঘুপ্রাণায়ামে স্বেদ, মধ্যমে কম্প এবং উত্তমে বিষাদের উৎপত্তি হয়। লঘুতেই স্বেদ জয়, মধ্যমেই বেপথুজয় এবং উত্তমেই বিষাদ জয় করিয়া তাহার পর যোগির প্রাণ সিদ্ধিলাভ করে। পূর্ব্বোক্ত প্রকারে পর্য্যায়ক্রমে প্রাণবায়ুর নিরোধ সংসাধিত হইলেই প্রাণের সিদ্ধিলাভ হয়। ঐরূপে ত্রিবিধ প্রাণায়ামে সিদ্ধিলাভে কৃতকার্য্য যে সকল যোগী ক্রমে ক্রমে সেই প্রাণবায়ুর সেবা করেন, সেই প্রাণ সেই যোগিগণকে যথেচ্ছস্থানে লইয়া যাইতে সমর্থ হইয়া থাকে ॥ ৭৭ ॥ ৭৮ ॥

হঠান্নিরুদ্ধপ্রাণোঽয়ং রোমকূপেষু নিঃসরেৎ।
দেহং বিদারয়ত্যেষ কুষ্ঠাদি জনয়ত্যপি ॥ ৭৯।
তৎ প্রত্যায়য়িতব্যোঽসৌ ক্রমেণারণ্যহস্তিবৎ।
বন্যো গজো গজারির্বা ক্রমেণ মৃদুতামিয়াৎ ॥ ৮০।
করোতি শাস্তৃনির্দ্দেশং ন চ তং পরিলঙ্ঘয়েৎ।
তথা প্রাণো হৃদিস্থোঽয়ং যোগিনা ক্রমযোগতঃ।
গৃহীতঃ সেব্যমানস্তু বিশ্রম্ভমুপগচ্ছতি ॥ ৮১।
ষট্‌ত্রিংশদঙ্গুলো হংসঃ প্রয়াণং কুরুতে বহিঃ।
সব্যাপসব্যমার্গেণ প্রযাণাৎ প্রাণ উচ্যতে ॥ ৮২।
শুদ্ধিমেতি যদা সর্ব্বং নাড়ীচক্রমনাকুলম্।
তদৈব জায়তে যোগী ক্ষমঃ প্রাণনিরোধনে ॥ ৮৩।
দৃঢ়াসনো যথাশক্তি প্রাণং চন্দ্রেণ পূরয়েৎ।
রেচয়েদথ সূর্য্যেণ প্রাণায়ামোঽয়মুচ্যতে ॥ ৮৪।

প্রথমে একবারেই প্রাণবায়ুকে নিরুদ্ধ করিলে প্রত্যেক লোমকূপদিয়া সেই প্রাণবায়ু বিনিস্সৃত হয়। তদ্দ্বারা অঙ্গপ্রত্যঙ্গ বিদীর্ণ হইয়া কুষ্ঠাদি বিবিধ উৎকট ব্যাধি জন্মে ॥ ৭৯ ॥ অতএব আরণ্যগজ অথবা সিংহ যেমন ক্রমে ক্রমে বশীভূত হয়, সেইরূপে বন্যহস্তীর ন্যায় অল্পে অল্পে প্রাণবায়ুকে আয়ত্ত করা উচিত ॥ ৮০ ॥ হস্তী যেমন শাসনভয়ে হস্তিপকের নির্দেশ লঙ্ঘন করে না, যত্নসহকারে ধৃত ও সেবিত হইয়া সে যেমন ক্রমে ক্রমে অধিকারিকে সম্পূর্ণ বিশ্বাস করে, যোগির হৃদয়স্থ প্রাণবায়ুও সেইরূপ যোগির যোগে সংযত হয় ॥ ৮১ ॥ ষট্‌ত্রিংশৎ অঙ্গুলী পরিমিত পথেই অজপাবায়ু বহির্ভাগে প্রয়াণ করে, নাসিকার উভয়রন্ধ্র দিয়া প্রয়াণ করে বলিয়াই অজপার নাম প্রাণবায়ু ॥ ৮২ ॥ সমস্ত নাড়ীচক্র যৎকালে নিশ্চল হইয়া শুদ্ধিলাভ করে, যোগিগণ তৎকালেই প্রাণবায়ু নিরুদ্ধ করিতে সমর্থ হন ॥ ৮৩ ॥ যথাশক্তি দৃঢ়াসন করিয়া চন্দ্রবীজে প্রাণবায়ু পরিপূর্ণ করণানন্তর সূর্য্যবীজে নিঃসারিত করিলেই প্রাণায়াম হয় ॥ ৮৪ ॥

স্রবৎপীযূষধারৌঘং ধ্যায়ন্ চন্দ্রসমন্বিতম্।
প্রাণায়ামেন যোগীন্দ্রঃ সুখমাপ্নোতি তৎক্ষণাৎ॥ ৮৫।
রবিণা প্রাণমাকৃষ্য পূরয়েদৌদরীং দরীম্।
কুম্ভয়িত্বা শনৈঃ পশ্চাদ্ যোগী চন্দ্রেণ রেচয়েৎ॥ ৮৬।
জ্বলজ্জ্বলনপুঞ্জাভং শীলয়ন্নুষ্ণগুং হৃদি।
অনেন যাম্যাযামেন যোগীন্দ্রঃ শর্ম্মভাগ্ ভবেৎ॥ ৮৭।
ইত্থং মাসত্রয়াভ্যাসাদুভয়াযামসেবনাৎ।
সিদ্ধনাড়ীগণো যোগী সিদ্ধপ্রাণোভিধীয়তে॥ ৮৮।
যথেষ্টং ধারণং বায়োরনলস্য প্রদীপনম্।
নাড্যভিব্যক্তিরারোগ্যং ভবেন্নাড়ীবিশোধনাৎ॥ ৮৯।
প্রাণো দেহগতো বায়ুরায়ামস্তন্নিবন্ধনম্।
একশ্বাসময়ী মাত্রা প্রাণায়ামো নিরুচ্যতে॥ ৯০।

চন্দ্রবীজদ্বারা প্রাণায়াম করিলে ললাটস্থ চন্দ্রমা হইতে অমৃতধারা বিগলিত হয় এবং সেইরূপ প্রাণায়মেই যোগীন্দ্রগণ সুখলাভ করিয়া থাকেন। যোগিগণ সূর্য্যবীজ দ্বারা জঠরমধ্যে প্রাণবায়ুকে আকর্ষণ করিয়া কুম্ভক অনুষ্ঠানপূর্ব্বক চন্দ্রবীজদ্বারা সেইবায়ুকে নিঃসারিত করিবেন। প্রজ্জ্বলিত অগ্নিরন্যায় দেদীপ্যমান হৃদিস্থিত দিবাকরকে পূর্ব্বোক্ত প্রকার প্রাণায়ামদ্বারা ধ্যান করিয়া যোগিগণ আত্মাকে পরম মঙ্গলাস্পদ করিয়াথাকেন, যাঁহারা এই রূপ মাসত্রয় কাল যোগাভ্যাস করিয়া উক্ত উভয়বিধ প্রাণায়ামের অনুষ্ঠান করেন, সেইসকল যোগী সিদ্ধনাড়ী ও সিদ্ধপ্রাণ নামে অভিহিত হইয়া থাকেন। শাস্ত্রের বিধানানুসারে নাড়ীচক্র সংশোধন হইলেই প্রাণবায়ুর সংযমন, জঠরস্থ বহ্নির উদ্দীপন, কুলকুণ্ডলিনীর চৈতন্য এবং শরীরের সমস্ত ব্যাধির অনাময় সম্পাদন হইয়া থাকে॥ ৮৫—৮৯॥ জীবের দেহমধ্যে যে বায়ুর সত্ত্বা আছে, সেই বায়ুর নামই প্রাণ এবং সেই প্রাণের অবরোধ করার নাম আয়াম। এই দুটি একত্রিত হইলেই প্রাণায়াম হয়; পূরণ ও রেচন, এই

প্রাণায়ামেঽধমে ঘর্ম্মঃ কম্পো ভবতি মধ্যমে।
উত্তিষ্ঠেদুত্তমে দেহো বদ্ধপদ্মাসনো মুহুঃ॥ ৯১।
প্রাণায়ামৈর্দ্দহেদ্দোষান্ প্রত্যাহারেণ পাতকম্।
মনো স্থৈর্য্যং ধারণয়া ধ্যানেনেশ্বরদর্শনম্॥ ৯২।
সমাধিনা লভেন্মোক্ষং ত্যক্ত্বা কর্ম্ম শুভাশুভম্।
আসনেন বপুর্দার্ঢ্যং ষড়ঙ্গমিতি কীর্ত্তিতম্॥ ৯৩।
প্রাণায়ামদ্বিষট্‌কেন প্রত্যাহার উদাহৃতঃ।
প্রত্যাহারৈর্দ্বাদশভির্ধারণা পরিকীর্ত্তিতা॥ ৯৪।
ভবেদীশ্বরসঙ্গত্যৈ ধ্যানং দ্বাদশধারণম্।
ধ্যানদ্বাদশকেনৈব সমাধিরভিধীয়তে॥ ৯৫।
সমাধেঃ পরতো জ্যোতিরনন্তং স্বপ্রকাশকম্।
তস্মিন্ দৃষ্টে ক্রিয়াকাণ্ডং যাতায়াতং নিবর্ত্ততে॥ ৯৬।

উভয়বিধ শ্বাসের মধ্যে একশ্বাসময়ী যোগকেও প্রাণায়াম বলে॥ ৯০॥ লঘু-প্রাণায়ামে ঘর্ম্ম ও মধ্যম প্রাণায়ামে কম্প উপস্থিত হয়। উত্তম প্রাণায়ামে পদ্মাসন বদ্ধদেহ মুহুর্মুহু উর্দ্ধে উত্থিত হইয়া থাকে॥ ৯১॥ প্রাণায়ামে দোষ-ক্ষয় ও প্রত্যাহারে পাতক বিনষ্ট হয়। ধারণাতে চিত্তস্থির এবং ধ্যানে ব্রহ্ম-দর্শন লাভ হইয়া থাকে॥ ৯২॥ ইহ সংসারের শুভাশুভ কর্ম্মে সংলিপ্ত না হইয়া সমাধি অবলম্বন করিলে মোক্ষলাভ হয়। যোগাসনে দেহ দৃঢ়বদ্ধ করাকে ষড়ঙ্গযোগ বলে॥ ৯৩॥ প্রাণায়ামের দ্বাদশগুণে প্রত্যাহার এবং প্রত্যাহারের দ্বাদশগুণে ধারণা হয়। ধারণার দ্বাদশগুণে ধ্যান, সেই ধ্যানই ঈশ্বর প্রাপ্তির হেতুভূত। ধ্যানের দ্বাদশ গুণকেই সমাধি বলে॥ ৯৪॥ ৯৫॥ সমাধিযোগে সেই জ্যোতির্ম্ময় স্বপ্রকাশ অনন্ত পরব্রহ্মের দর্শন লাভ হয়। তাঁহার দর্শন পাইলেই সমস্ত ক্রিয়াকাণ্ড এবং পুনঃপুনঃ সংসারে যাতায়াত নিবৃত্ত হইয়া থাকে॥৯৬॥ প্রাণবায়ু জঠরাকাশে নিরুদ্ধ হইলে যাঁহার দেহস্থিত

পবনে ব্যোমসম্প্রাপ্তে ধ্বনিরুৎপদ্যতে মহান্।
ঘণ্টাদীনাং প্রবাদ্যানাং ততঃ সিদ্ধিরদূরতঃ ॥ ৯৭ ।
প্রাণায়ামেন যুক্তেন সর্ব্বব্যাধিক্ষয়ো ভবেৎ।
অযুক্তাভ্যাসযোগেন সর্ব্বব্যাধিসমুদ্ভবঃ ॥ ৯৮ ।
হিক্কাশ্বাসশ্চ কাশশ্চ শিরঃকর্ণাক্ষিবেদনাঃ।
ভবন্তি বিবিধা দোষাঃ পবনস্য ব্যতিক্রমাৎ ॥ ৯৯ ।
যুক্তং যুক্তং ত্যজেদ্বায়ুং যুক্তং যুক্তঞ্চ পূরয়েৎ।
যুক্তং যুক্তঞ্চ বন্নীয়াদিত্থং সিধ্যতি যোগবিৎ ॥ ১০০ ।
ইন্দ্রিয়াণাং হি চরতাং বিষয়েষু যদৃচ্ছয়া।
যৎ প্রত্যাহরণং যুক্ত্যা প্রত্যাহারঃ স উচ্যতে ॥ ১০১ ।
প্রত্যাহরতি যঃ স্বানি কূর্ম্মোঙ্গানীব সর্ব্বতঃ।
প্রত্যাহৃতিবিধানেন সঃ স্যাদ্বিগতকল্মষঃ ॥ ১০২ ।
নাভিদেশে বসেদ্ভানুস্তালুদেশে চ চন্দ্রমাঃ।
বর্ষত্যধোমুখশ্চন্দ্রো গ্রসেদূর্দ্ধমুখো রবিঃ ॥ ১০৩ ।

ঘণ্টাদি যন্ত্রসমূহ উচ্চরবে নিনাদিত হয়, তাঁহার সিদ্ধিলাভ অদূরবর্ত্তী ॥ ৯৭ ॥ যোগশাস্ত্রের বিধানানুসারে প্রাণায়াম করিলে সমস্ত ব্যাধির ক্ষয় হয়। শাস্ত্র-নিষিদ্ধ প্রাণায়ামে নানাব্যাধির উৎপত্তি হইয়া থাকে ॥ ৯৮ ॥ নিয়ম অতি-ক্রম করিয়া বায়ুর সংযমন করিলে শ্বাস, কাশ, হিক্কা, শিরোরোগ, কর্ণরোগ অক্ষিরোগ জন্মিয়া থাকে ॥ ৯৯ ॥ যথোক্তনিয়মে পর্য্যায়ক্রমে প্রাণবায়ুর পূরণ, কুম্ভক, ও রেচন করিলে যোগিব্যক্তির যোগসিদ্ধ হয় ॥ ১০০ ॥ যোগেরদ্বারা যথেচ্ছ বিষয়বিহারি ইন্দ্রিয়গণের প্রত্যাহরণ করার নাম প্রত্যাহার ॥ ১০১ ॥ প্রত্যাহারযোগে যে যোগী সমস্ত ইন্দ্রিয়গণকে সর্ব্বদা কূর্ম্মবৎ সঙ্কুচিত করিয়া রাখেন, তিনি সম্পূর্ণরূপে বিধূত পাপ হন ॥ ১০২ ॥

নাভিদেশে দিবাকর ও তালুদেশে চন্দ্রমার অধিষ্ঠান। শশধর অধোমুখে সুধাবর্ষণ করেন, সূর্য্যদেব ঊর্দ্ধমুখে তাহা পান করিয়া থাকেন ॥ ১০৩ ॥

করণং তচ্চ কর্ত্তব্যং যেন সা প্রাপ্যতে সুধা।
ঊর্দ্ধং নাভিরধস্তালুরূর্দ্ধং ভানুরধঃ শশী।
করণং বিপরীতাখ্যমভ্যাসাদেব জায়তে॥ ১০৪।
কাকচঞ্চুবদাস্যেন শীতলং শীতলং পিবেৎ।
প্রাণং প্রাণবিধানজ্ঞো যোগী ভবতি নির্জ্জরঃ॥ ১০৫।
রসনাং তালুবিবরে নিধায়োর্দ্ধমুখোঽমৃতম্।
ধয়ন্নির্জ্জরতাং গচ্ছেদাষণ্মাসান্ন সংশয়ঃ॥ ১০৬।
ঊর্দ্ধজিহ্বঃ স্থিরো ভূত্বা সোমপানং করোতি যঃ।
মাসার্দ্ধেন ন সন্দেহো মৃত্যুং জয়তি যোগবিৎ॥ ১০৭।
সংপীড্য রসনাগ্রেণ রাজদন্তবিলং মহৎ।
ধ্যাত্বা সুধাময়ীং দেবীং ষণ্মাসেন কবির্ভবেৎ॥ ১০৮।
অমৃতাপূর্ণদেহস্য যোগিনো দ্বিত্রিবৎসরাৎ।
ঊর্দ্ধং প্রবর্ত্ততে রেতো হ্যণিমাদিগুণোদয়ম্॥ ১০৯।

যাঁহার সেই সুধালাভ হয়, তাঁহার তালুদেশের সহিত চন্দ্রদেব অধোভাগে আবর্ত্তন করেন এবং নাভিমণ্ডলের সহিত সূর্য্যদেব ঊর্দ্ধগামী হন। এই মুদ্রা অভ্যাস করাকেই বিপরীত মুদ্রা কহে॥ ১০৪॥ কাকচঞ্চুবৎ ওষ্ঠ সঙ্কুচিত করিয়া যিনি সেই অমৃতধারা পান করেন, সেই প্রাণজ্ঞ ও প্রাণ বিধানজ্ঞ যোগিবর ইহসংসারে চিরযৌবন লাভ করিয়া থাকেন॥ ১০৫॥ রসনাকে তালুমধ্যে নিবেশিত করিয়া যিনি ঊর্দ্ধমুখে পূর্ব্বোক্ত অমৃতধারা পান করেন, ছয়মাসের মধ্যে তাঁহার অমরত্ব লাভ হয়॥ ১০৬॥ রসনাকে ঊর্দ্ধভাগে উত্থিত করিয়া স্থিরচিত্তে যিনি সেই সোমপান করেন, একপক্ষ মধ্যেই সেই যোগী মৃত্যুকে জয় করিয়া থাকেন॥ ১০৭॥ তালুদেশে শোভমান সুগভীর বিবরকে যিনি রসনাগ্রদ্বারা নিঃশেষিত করেন, ছয়মাসের মধ্যে তাঁহার কবিত্বশক্তি লাভ হয়॥ ১০৮॥ যে যোগী ঐরূপে দুই তিন বৎসর যোগানুষ্ঠানে সমস্ত দেহ সুধাপূর্ণ করেন, তিনি ঊর্দ্ধরেতা হন এবং তাঁহার

নিত্যং সোমকলাপূর্ণং শরীরং যস্য যোগিনঃ।
তক্ষকেনাপিদষ্টস্য বিষং তস্য ন সর্পতি ॥ ১১০।
আসনেন সমাযুক্তঃ প্রাণায়ামেন সংযুতঃ।
প্রত্যাহারেণ সম্পন্নো ধারণামথ চাভ্যসেৎ ॥ ১১১।
হৃদয়ে পঞ্চভূতানাং ধারণং যঃ পৃথক্ পৃথক্।
মনসো নিশ্চলত্বেন ধারণা সাভিধীয়তে ॥ ১১২।
হরিতালনিভাম্ভূমিং সলকারাং সবেধসম্।
চতুষ্কোণাং হৃদিধ্যায়ে দেযা স্যাৎ ক্ষিতিধারণা ॥ ১১৩।
কণ্ঠেঽম্বুতত্ত্বগর্দ্ধেন্দুনিভং বিষ্ণুসমন্বিতম্।
বকারবীজং কুন্দাভং ধ্যায়ন্নম্বুজয়েদিতি ॥ ১১৪।
তালুস্থমিন্দ্রগোপাভং ত্রিকোণং রেফসংযুতম্।
রুদ্রেণাধিষ্ঠিতং তেজো ধ্যাত্বা বহ্নিং জয়েদিতি ॥ ১১৫।

অনিমাদি গুণোদয় হয় ॥ ১০৯ ॥ যে যোগিশরীর পূর্ণচন্দ্রের ন্যায় নিত্য পরিপূর্ণ, সেই শরীরে তক্ষকে দংশন করিলেও বিষ সংযোগ হয় না ॥ ১১০ ॥

যথাক্রমে আসন, প্রাণায়াম ও প্রত্যাহার আয়ত্ত করিয়া যোগিগণ অবশেষে ধারণা অভ্যাস করিবেন ॥ ১১১ ॥ পঞ্চভূতকে যিনি হৃদয়মধ্যে পৃথক পৃথক্ ধারণ করিতে পারেন, তাঁহার নিগূঢ় একাগ্রতা জন্মে এবং সেই সুকঠিন যোগকেই ধারণা কহে ॥ ১১২ ॥ ব্রহ্মপ্রতিপাদ্য ব্রহ্মবীজসংযুক্ত পীতবর্ণ চতুষ্কোণ ক্ষিতিমণ্ডলকে হৃদয়মধ্যে ধারণ করাকে ক্ষিতিধারণা বলে। সেই ধারণাযোগে ক্ষিতিজয় অনায়াসসাধ্য হয় ॥ ১১৩ ॥

কুন্দকুসুমসন্নিভ অর্দ্ধচন্দ্রাকার বিষ্ণুদৈবত বিষ্ণুবীজসংযুক্ত তত্ত্বস্বরূপ কণ্ঠস্থিত জলাধাররূপবৈষ্ণবচক্রকে যিনি হৃদয়মধ্যে ধ্যান করেন, তাঁহার সলিলজয় করতলস্থ ॥ ১১৪ ॥ ইন্দ্রগোপ নামক সুলোহিত বর্ষাকীটের ন্যায় রক্তবর্ণ, রুদ্রতেজঃসম্পন্ন বহ্নিবীজসমন্বিত তালুস্থিত ত্রিকোণ বহ্নিচক্রকে হৃদয়ে

বায়ুতত্ত্বং ভ্রুবোর্মধ্যে বৃত্তমঞ্জনসন্নিভম্।
যং বীজমীশদৈবত্যং ধ্যায়ন্ বায়ুং জপেদিতি ॥ ১১৬।
আকাশঞ্চ মরীচিবারিসদৃশং যদ্ব্রহ্মরন্ধ্রস্থিতং।
যন্নাথেন সদা শিবেন সহিতং শান্তং হকারাক্ষরম্।
প্রাণং তত্র বিনীয় পঞ্চঘটিকং চিন্তান্বিতং।
ধারয়েদেষা মোক্ষকপাটপাটনপটুঃ প্রোক্তা নভোধারণা
স্তম্ভনী প্লাবনী চৈব দহনী ভ্রামণী তথা। [১১৭।
শমনী চ ভবন্ত্যেতা ভূতানাং পঞ্চধারণাঃ ॥ ১১৮।
ধ্যেয়চিন্তায়াং স্মৃতো ধাতুশ্চিন্তাতত্ত্বে সুনিশ্চলা।
এতদ্ধ্যানমিহ প্রোক্তং সগুণং নির্গুণং দ্বিধা ॥ ১১৯।
সগুণং বর্ণভেদেন নির্গুণং কেবলং মতম্।
সমন্ত্রং সগুণং বিদ্ধি নির্গুণং মন্ত্রবর্জ্জিতম্ ॥ ১২০ ॥
অন্তশ্চেতো বহিশ্চক্ষুরবস্থাপ্য সুখাসনম্।
সমত্বঞ্চ শরীরস্য ধ্যানমুদ্রাতিসিদ্ধিদা ॥ ১২১।

ধ্যান করিলে অক্লেশেই বহ্নিকে জয় করা হয় ॥ ১১৫ ॥ ঈশান কোণাধিপতি মহাদেবাধিষ্ঠিত তত্ত্বস্বরূপ প্রাণবীজসংযুক্ত অঞ্জনসন্নিভ কূর্ম্মপৃষ্ঠবৎ সুবৃত্ত দ্বিদল ভ্রূমধ্যস্থিত পদ্মকে হৃদয়ে ধ্যান করিলে বায়ুজয় অতি সুলভ হয় ॥ ১১৬॥ শিবপ্রতিপাদ্য, সমগুণাত্মক হরবীজ সংযুক্ত, জল ও জ্যোতিঃস্বরূপ ব্রহ্মরন্ধ্র-স্থিত সহস্রদলপদ্মে প্রাণবায়ুকে মিলিত করিয়া পঞ্চঘটিকাকাল একচিত্তে হৃদয়ে ধ্যান করার নাম নভোধারণা। সেই ধারণাযোগে যোগিগণের কাঙ্ক্ষিত মোক্ষদ্বারের কপাট উদ্ঘাটিত হয় ॥ ১১৭ ॥ স্তম্ভনী, প্লাবনী, দহনী, ভ্রামনী ও শমনী, এই পাঁচটিই যোগশাস্ত্রোক্ত পঞ্চভূতের পঞ্চধারণা ॥ ১১৮ ॥ একাগ্র চিন্তাকেই ধ্যান বলা যায়, সেই ধ্যান সাকার ও নিরাকার ভেদে দ্বিবিধ; সগুণ ও নির্গুণ ॥ ১১৯ ॥ মন্ত্রসংযুক্ত সাকার বস্তুর ধ্যানকে সগুণ ধ্যান বলে এবং মন্ত্র বিবর্জ্জিত নিরাকার বস্তুর ধ্যানই নির্গুণ ধ্যান ॥ ১২০ ॥ যথাসাধ্য

নাশ্বমেধেন তৎ পুণ্যং ন চ ৈব রাজসূয়তঃ।
যৎপুণ্যমেকধ্যানেন লভেদ্‌ যোগী স্থিরাসনঃ॥ ১২২।
শব্দাদীনাঞ্চ তন্মাত্রা যাবৎ কর্ণাদিষু স্থিতা।
তাবদেব স্মৃতং ধ্যানং স্যাৎ সমাধিরতঃ পরম্‌॥ ১২৩।
ধারণা পঞ্চনাড়ীকা ধ্যানং স্যাৎ ষষ্টিনাড়িকম্‌।
দিনদ্বাদশকেন স্যাৎ সমাধিরিহ ভণ্যতে॥ ১২৪।
জলসৈন্ধবয়োঃ সাম্যং যথা ভবতি যোগতঃ।
তথাত্মমনসোরৈক্যং সমাধিরিহ ভণ্যতে॥ ১২৫।
যদা সংক্ষীয়তে প্রাণো মানসঞ্চ প্রলীয়তে।
তদা সমরসত্বং যৎ স সমাধিরিহোচ্যতে॥ ১২৬।

যোগাসনে উপবেশনানন্তর আত্মমনঃসংযোগপূর্ব্বক নাসিকাগ্রে দৃষ্টি রাখিয়া শরীরকে সমভাবে স্থিরতররূপে অবস্থিত রাখার নাম ধ্যানমুদ্রা। সেই মুদ্রাই সাধকের সমস্তসিদ্ধির নিয়ামক॥ ১২১॥ যোগিগণ স্থিরতর আসনে উপবিষ্ট হইয়া একমাত্র ধ্যানানুষ্ঠানে যে পুণ্যলাভ করেন, যাগশীল লোকেরা রাজসূয় অথবা অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান করিয়াও তাদৃশ পুণ্যলাভ করিতে পারেন না॥ ১২২॥ শ্রবণেন্দ্রিয়ের শব্দজ্ঞানাদি পঞ্চ ইন্দ্রিয়ের বিষয়সাধন জ্ঞান যতক্ষণ থাকে, ততক্ষণের চিন্তার নাম ধ্যান। অতঃপর বাহ্যজ্ঞান বিরহিত হইলেই সমাধি হয়॥ ১২৩॥ প্রাণবায়ুকে দেহমধ্যে পাঁচ দণ্ডকাল নিরুদ্ধ করিয়া রাখিলে ধ্যান, ছয়দণ্ড রাখিলে ধারণা এবং দ্বাদশ দিবস রাখিতে পারিলে সমাধি হইয়া থাকে॥ ১২৪॥ সলিলে লবণমিশ্রিত হইলে যেমন একীভূত হইয়া যায়, আত্মার সহিত মনের সেইরূপ মিলন হইলে সমাধি হইয়া থাকে॥১২৫॥ দেহমধ্যে নিরুদ্ধ প্রাণবায়ু যখন ক্রমেক্রমে ক্ষীণ হইয়া যায়, মন যখন আত্মাতে গিয়া বিলীন হয়, যোগী তৎকালে ব্রহ্মত্ব লাভ করেন; এই অভেদাত্মক যোগের নাম সমাধি॥ ১২৬॥ যৎকালে পরমাত্মায়

যৎ সমত্বং দ্বয়োরত্র জীবাত্মপরমাত্মনোঃ।
স নষ্টসর্ব্বসঙ্কল্পঃ সমাধিরভিধীয়তে॥ ১২৭।
নাত্মানং ন পরং বেত্তি ন শীতং নোষ্ণমেব চ।
সমাধিযুক্তো যোগীন্দ্রো ন সুখং ন সুখেতরৎ॥ ১২৮।
কাল্যতে নৈব কালেন লিপ্যতে নৈব কর্ম্মণা।
ভিদ্যতে ন চ শস্ত্রাস্ত্রৈর্য্যোগী যুক্তঃ সমাধিনা॥ ১২৯।
যুক্তাহারবিহারশ্চ যুক্তচেষ্টো হি কর্ম্মসু।
যুক্তনিদ্রাববোধশ্চ যোগী তত্ত্বং প্রপশ্যতি॥ ১৩০।
তত্ত্বং বিজ্ঞানমানন্দং ব্রহ্ম ব্রহ্মবিদো বিদুঃ।
হেতুদৃষ্টান্তরহিতং বাঙ্মনোভ্যামগোচরম্॥ ১৩১।
তত্র যোগী নিরালম্বে নিরাতঙ্কে নিরাময়ে।
ষড়ঙ্গযোগবিধিনা পরে ব্রহ্মণি লীয়তে॥ ১৩২।
যথা ঘৃতে ঘৃতং ক্ষিপ্তং ঘৃতমেব হি তদ্ভবেৎ।
ক্ষীরে ক্ষীরং তথা যোগী তত্র তন্ময়তাং ব্রজেৎ॥ ১৩৩।

সহিত জীবাত্মা একীভূত হইয়া যান, তৎকালে দেহির সমস্ত সঙ্কল্প বিনষ্ট হইয়া যায়। কোন কোন শাস্ত্রকার ইহাকেই সমাধি বলিয়া কীর্ত্তন করেন॥ ১২৭॥ সমাধিযুক্ত যোগীন্দ্রের আত্মপর জ্ঞান, শীত উষ্ণ অনুভব, অথবা সুখদুঃখ কিছুই থাকে না॥ ১২৮॥ সমাধিযুক্ত যোগির কালভয় নাই, তিনি সংসারের কোন কর্ম্মেই লিপ্ত হন না এবং কোন অস্ত্রেই তাঁহার দেহ ভেদ হয় না॥ ১২৯॥ বৈধআহার, বৈধবিহার, বৈধচেষ্টা, বৈধনিদ্রা এবং বৈধ প্রবোধনশীল যোগীই তত্ত্বদর্শী হন॥ ১৩০॥ নিষ্কারণ, নিরুপমেয়, বাক্য মনের অগোচর, আনন্দময়, বিজ্ঞানময়, তত্ত্বস্বরূপ পরব্রহ্মকে যিনি জানিতে পারেন, তিনিই ব্রহ্মজ্ঞযোগী॥ ১৩১॥ নিরবলম্ব, নিরাতঙ্ক ও নিরাময় পরাৎ-পরের উদ্দেশে যিনি ষড়ঙ্গযোগের অনুষ্ঠান করেন, সেই যোগী জীবনান্তে পরব্রহ্মে লয় প্রাপ্ত হন॥ ১৩২॥ ঘৃতে ঘৃতমিশ্রিত হইলে যেমন ঘৃতই হয়,

অনসঞ্জাতপানীয়ৈর্বিদধ্যাদঙ্গমর্দ্দনম্ ।
ত্যজেৎ কটূষ্ণং লবণং ক্ষীরভোজী সদা ভবেৎ ॥ ১৩৪ ।
ব্রহ্মচারী জিতক্রোধো জিতলোভো বিমৎসরঃ ।
অব্দমিত্থং সদাভ্যাসাৎ স যোগীতি নিগদ্যতে ॥ ১৩৫ ।
মহামুদ্রাং নভোমুদ্রামুড্ডীয়ানং জলন্ধরম্ ।
মূলবন্ধন্তু যো বেত্তি স যোগী যোগসিদ্ধিভাক্ ॥ ১৩৬ ।
শোধনং নাড়িজালস্য ঘটনং চন্দ্রসূর্য্যয়োঃ ।
রসানাং শোষণং সম্যঙ্মহামুদ্রাভিধীয়তে ॥ ১৩৭ ।
যোনিং বামাঙ্ঘ্রিণাপীড্য কৃত্বা বক্ষঃস্থলে হনুম্ ।
হস্তাভ্যাং প্রসৃতং পাদং ধারয়েদ্দক্ষিণং চিরম্ ॥ ১৩৮ ।
প্রাণেন কুক্ষিমাপূর্য্য চিরং সংরেচয়েচ্ছনৈঃ ।
এষা প্রোক্তা মহামুদ্রা মহাঘৌঘবিনাশিনী ॥ ১৩৯ ।

ক্ষীরে ক্ষীর মিশ্রিত হইলে যেমন ক্ষীরই হয়, যোগির আত্মা সেইরূপ পরমাত্মাতে মিশ্রিত হইলে পরমাত্মস্বরূপত্ব প্রাপ্ত হন ॥ ১৩৩ ॥ যোগির পক্ষে সলিলসঞ্জাত বস্তুদ্বারা গাত্র মার্জ্জন অথবা ঈষৎ উষ্ণ সিক্ত লবণ ভক্ষণ করা নিষিদ্ধ। যোগী সর্ব্বথা অঙ্গে বিভূতিলেপন ও ক্ষীর ভোজন করিবেন ॥১৩৪॥ যে ব্রহ্মচারী সর্ব্বদা জিতক্রোধ, নির্লোভ ও অবিমৎসর হইয়া সম্বৎসরকাল যথোক্ত নিয়ম অভ্যাস করেন, তাঁহাকে যোগী বলা যায় ॥ ১৩৫ ॥ মহামুদ্রা নভোমুদ্রা, উড্ডীয়ান মুদ্রা, জলন্ধর মুদ্রা ও মূলবন্ধমুদ্রা, এই পঞ্চমুদ্রা বিনি জ্ঞাত আছেন, সেই যোগীই সিদ্ধি প্রাপ্ত হন ॥ ১৩৬ ॥

নাড়ীচক্র সংশোধন, সম্যক্রূপে শরীর শোষণ এবং তালুস্থ চন্দ্রের সহিত নাভিস্থ সূর্য্যের সংযোজন করণের নাম মহামুদ্রা ॥ ১৩৭ ॥ বামপদতলে লিঙ্গ উৎপীড়ন, বক্ষঃস্থলে হনুদেশ সংস্থাপন এবং উভয় হস্তে বহুক্ষণ প্রসারিত দক্ষিণ চরণ ধারণ করিয়া কুক্ষিমধ্যে প্রাণবায়ুর পূরণপূর্ব্বক ক্রমে ক্রমে নিঃসারণ করাকেও মহামুদ্রা বলে। এই মুদ্রাযোগে সমস্ত মহাপাপ বিধ্বংস

চন্দ্রাঙ্গন্তু সমভ্যস্য সূর্য্যাঙ্গং পুনরভ্যসেৎ।
যাবত্তুল্যা ভবেৎ সংখ্যা ততো মুদ্রাং বিসর্জ্জয়েৎ ॥১৪০॥
ন হি পথ্যমপথ্যম্বা রসাঃ সর্ব্বেপি নীরসাঃ।
অপি ঘোরং বিষং পীতং পীযূষমিব জীর্য্যতি ॥ ১৪১।
ক্ষয়কুষ্ঠগুদাবর্ত্ত গুল্মাজীর্ণপুরোগমাঃ।
তস্য দোষাঃ ক্ষয়ং যান্তি মহামুদ্রাঞ্চ যোঽভ্যসেৎ ॥১৪২॥
কপালকুহরে জিহ্বা প্রবিষ্টা বিপরীতগা।
ভ্রুবোরন্তর্গতা দৃষ্টির্মুদ্রা ভবতি খেচরী ॥ ১৪৩।
ন পীড্যতে শরৌঘেণ ন চ লিপ্যেত কর্ম্মণা।
বাধ্যতে ন স কালেন যো মুদ্রাং বেত্তি খেচরীম্ ॥ ১৪৪॥
চিত্তং চরতি খে যস্মাজ্জিহ্বা চরতি খে গতা।
তেনৈষা খেচরী নাম মুদ্রা সিদ্ধৈর্নিষেবিতা ॥ ১৪৫।

সিত হয় ॥ ১৩৮। ১৩৯ ॥ প্রথমতঃ ঈড়াতে অভ্যাস করিয়া তদনন্তর পিঙ্গলা নাড়ীতে পুনরায় মুদ্রা আভ্যাস করা আবশ্যক। যখন উভয় নাড়ীর ক্রীয়া সমসংখ্যক হয়, সেই সময় মুদ্রা পরিত্যাগ করা বিধেয় ॥ ১৪০ ॥ যোগিগণের পথ্যাপথ্য বিচারের আবশ্যকতা নাই, কারণ তাঁহারা ভোজন করিবামাত্রই সমস্ত সরসবস্তু নীরস হইয়া যায়। উগ্রবীর্য্য হলাহলও অমৃতের ন্যায় জীর্ণ হয় ॥ ১৪১ ॥ যাঁহারা মহামুদ্রা অভ্যাস করেন, তাঁহাদিগের ক্ষয়কাশ, কুষ্ঠ, গুল্ম, অর্শ ও অজীর্ণ প্রভৃতি কোনপ্রকার উৎকট ব্যাধি হইতে পায় না ॥ ১৪২ ॥ যে মুদ্রাযোগে রসনা তালুবিবরে প্রবিষ্ট হইয়া ঊর্দ্ধগামিনী হয়, এবং যাহাতে দৃষ্টি নিয়তই ভ্রূমধ্যে নিবিষ্ট থাকে, তাহাকেই খেচরী অথবা নভোমুদ্রা বলে ॥ ১৪৩ ॥ যিনি খেচরীমুদ্রা অবগত আছেন, তাঁহারে সংসারের কর্ম্মকাণ্ডে লিপ্ত হইতে হয় না, কদাপি তাঁহার কালভয় থাকে না, এবং শরজালে বিদ্ধ হইলেও তাঁহার কিছুমাত্র যন্ত্রণা অনুভূত হয় না ॥ ১৪৪ ॥ মন এবং রসনা তালুস্থ আকাশে বিচরণ করে বলিয়া এই মুদ্রার নাম খেচরীমুদ্রা

যাবদ্বিন্দুঃ স্থিতো দেহে তাবন্মৃত্যুভয়ং কুতঃ।
যাবদ্বদ্ধা নভোমুদ্রা তাবদ্বিন্দুর্ন গচ্ছতি॥ ১৪৬।
উড্ডীনং কুরুতে যস্মাদহোরাত্রং মহাখগঃ।
উড্ডীয়ানং ততঃ প্রোক্তং তত্র বন্ধো বিধীয়তে॥ ১৪৭।
জঠরে পশ্চিমং তানং নাভেরূর্দ্ধঞ্চ ধারয়েৎ।
উড্ডীয়ানো হ্যয়ং বন্ধো মৃত্যোরপি ভয়ং ত্যজেৎ॥১৪৮।
বধ্নাতি হি শিরাজালমধোগামি নভোজলম্।
এষ জালন্ধরো বন্ধঃ কণ্ঠে দুঃখৌঘনাশনঃ॥ ১৪৯।
জালন্ধরে কৃতে বন্ধে কণ্ঠসঙ্কোচলক্ষণে।
ন পীযূষং পতত্যগ্নৌ ন চ বায়ুঃ প্রধাবতি॥ ১৫০।
পার্ষ্ণিভাগেন সম্পীড্য যোনিমাকুঞ্চয়েদ্গুদম্।
অপানমূর্দ্ধমাকৃষ্য মূলবন্ধো বিধীয়তে॥ ১৫১।

এই মুদ্রার সেবা করিলেই সিদ্ধিলাভ হয়॥ ১৪৫॥ আত্মা যতক্ষণ দেহ মধ্যে অবস্থান করেন, ততক্ষণ মৃত্যুভয় কোথায়? প্রাণবায়ু যতক্ষণ খেচরী-মুদ্রায় আবদ্ধ থাকে, সচ্চিদানন্দ আত্মা ততক্ষণ দেহ পরিত্যাগ করেন না॥ ১৪৬॥

যে মুদ্রায় যোগিগণ অহরহ ইচ্ছামত উর্দ্ধে উত্থিত হইতে পারেন, তাহাকেই উড্ডীয়ান মুদ্রা কহে॥ ১৪৭॥ উভয়হস্তে প্রসারিতচরণযুগল ধারণপূর্ব্বক নাভির উর্দ্ধদেশ পর্য্যন্ত জঠরের পশ্চাদ্ভাগে সংলগ্ন করিয়া উড্ডীয়ান মুদ্রাবন্ধন করিলে যোগীর মৃত্যুভয় নিবারিত হয়॥ ১৪৮॥ যে মুদ্রায় শরীরস্থ নাড়ীসমূহ কণ্ঠবদ্ধ এবং তালুস্থিত সমস্ত নভোরস অধোগত হইয়া কণ্ঠগত হয়; সেই মুদ্রার নাম সমস্ত দুঃখভঞ্জন জলন্ধর মুদ্রা॥ ১৪৯॥ প্রাগুক্ত প্রক্রিয়ায় কণ্ঠসঙ্কোচ হইলেই জালন্ধর মুদ্রার অনুষ্ঠান করা হয়, তাহা হইলে তালুস্থ চন্দ্রনিঃসারিত অমৃত জঠরাগ্নিতে নিপতিত হয় না এবং শরীরস্থ পঞ্চবায়ু চঞ্চল হইতে পায় না॥ ১৫০॥ পাদপার্শ্বদ্বারা উপস্থপায়ুর উৎপীড়ন ও সঙ্কোচ সাধন করিয়া অপানবায়ুকে উর্দ্ধে আকর্ষণপূর্ব্বক মুদ্রাবন্ধন করার নাম মূল-

অপানপ্রাণয়োরৈক্যে ক্ষয়ো মূত্রপুরীষয়োঃ।
যুবা ভবতি বৃদ্ধোপি সততং মূলবন্ধনাৎ॥ ১৫২।
প্রাণাপানবশো জীব ঊর্দ্ধাধঃ পরিধাবতি।
বামদক্ষিণমার্গেণ চঞ্চলো ন স্থিতিং ভজেৎ॥ ১৫৩।
গুণবদ্ধো যথা পক্ষী গতোপ্যাকৃষ্যতে পুনঃ।
গুণৈর্বদ্ধস্তথা জীবঃ প্রাণায়ামেন কৃষ্যতে॥ ১৫৪।
অপানঃ কর্ষতি প্রাণং প্রাণোঽপানঞ্চ কর্ষতি।
ঊর্দ্ধাধঃ সংস্থিতাবেতৌ সংযোজয়তি যোগবিৎ॥১৫৫।
হকারেণ বহির্যাতি সকারেণ বিশেৎ পুনঃ।
হংসহংসেত্যতো মন্ত্রং জীবো জপতি সর্ব্বদা॥ ১৫৬।
ষট্ শতানি দিবারাত্রৌ সহস্রাণ্যেকবিংশতি।
এতৎসঙ্খ্যান্বিতং মন্ত্রং জীবো জপতি সর্ব্বদা॥ ১৫৭।

বন্ধ মুদ্রা॥ ১৫১॥ মূলবন্ধমুদ্রা, অনুষ্ঠানে প্রাণ ও অপানবায়ুর একতাসাধনে মূত্রপুরীষক্ষয় হয় এবং বৃদ্ধ ব্যক্তিও যৌবন প্রাপ্ত হয়॥ ১৫২॥ প্রাণ ও অপান বায়ুর বশবর্ত্তী জীবাত্মা নিয়তই ঊর্দ্ধভাগে সমুত্থিত, অধোভাগে অবরোহিত এবং বামে দক্ষিণে পুনঃপুনঃ সঞ্চালিত হইতেছেন। সেই জীবাত্মা সর্ব্বদাই সচঞ্চল, কদাচ একস্থানে সুস্থির হইয়া থাকেন না॥ ১৫৩॥ রজ্জুবদ্ধ বিহঙ্গম যেমন একবার প্রধাবিত হইয়া পুনর্ব্বার সেই রজ্জুদ্বারা আকর্ষিত হয়, ত্রিগুণাত্মক জীবাত্মাও সেইরূপ প্রাণায়ামযোগে আকৃষ্ট হইয়া থাকেন॥১৫৪॥ প্রাণবায়ু অপানবায়ুকে আকর্ষণ করিতেছেন, অপান বায়ুও প্রাণকে আকর্ষণ করিতেছেন, ঊর্দ্ধ ও অধোভাগস্থিত এই দুটি বায়ুকে যোগিগণ একত্র সংযোজিত করিয়া থাকেন॥ ১৫৫॥ দেহস্থ বায়ু হকারাত্মক পুরুষবীজে বহির্গমন এবং সকারাত্মক প্রকৃতি বীজে পুনঃ প্রবেশ করিতেছেন, অতএব জীবাত্মা সর্ব্বদা হংসমন্ত্র জপ করিয়া থাকেন। অহোরাত্রের মধ্যে একবিংশতিসহস্র ছয়শত বার হংসমন্ত্রের জপ অনুষ্ঠিত হইতেছে॥ ১৫৬॥ ১৫৭॥

অজপানাম গায়ত্রী যোগিনাং মোক্ষদায়িনী।
অস্যাঃ সংকল্পমাত্রেণ নরঃ পাপৈঃ প্রমুচ্যতে॥ ১৫৮।
অন্তরায়া ভবন্তীহ যোগিনো যোগহানিদাঃ।
শ্রূয়তে দূরগা বার্ত্তা দূরস্থং দৃশ্যতে পুরঃ॥ ১৫৯।
যোজনানাং শতং যাতুং শক্তিঃ স্যান্নিমিষার্দ্ধতঃ।
অচিন্তিতানি শাস্ত্রাণি কণ্ঠপাঠী ভবন্তি হি॥ ১৬০।
ধারণাশক্তিরত্যুগ্রা মহাভারো লঘুর্ভবেৎ।
ক্ষণং কৃশঃ ক্ষণং স্থূলঃ ক্ষণমল্পঃ ক্ষণং মহান্॥ ১৬১।
পরকায়ং প্রবিশতি তিরশ্চাং বেত্তি ভাষিতম্।
দিব্যগন্ধস্তনৌ ধত্তে দিব্যাং বাণীং প্রবক্তি চ॥ ১৬২।
প্রার্থ্যতে দিব্যকন্যাভির্দিব্যং ধারয়তে বপুঃ।
ইত্যাদয়োঽন্তরায়াঃ স্যুর্য্যোগসংসিদ্ধিসূচকাঃ॥ ১৬৩।

অজপানাম্নী গায়ত্রীই যোগিগণের মোক্ষদায়িনী। সঙ্কল্প করিয়া এই গায়ত্রী জপ করিলে যোগী সমস্ত পাপ হইতে মুক্তিলাভ করেন। ঐ অজপা-গায়ত্রীই যোগির যোগবিঘ্নকারিবৈরিদেবতাগণের অন্তরায়স্বরূপা হন। যোগী তৎকালে দূরবর্ত্তিনী বার্ত্তা শ্রবণ এবং দূরস্থ বস্তু সম্মুখে দর্শন করিতে পান। অর্দ্ধ নিমিষের মধ্যে শতযোজনপথ অতিক্রমন করিতে পারেন এবং অচিন্ত্যপূর্ব্ব অনভ্যস্তপূর্ব্ব শাস্ত্রসমূহ কণ্ঠস্থ হইয়া থাকে। ধারণশক্তি অতিশয় প্রখরা হইয়া উঠে। মহাভার বস্তুও অতি লঘুজ্ঞান হয়। যোগিশরীর কখনও স্থূল, কখনও কৃশ, কখনও ক্ষুদ্র এবং কখনও বৃহৎ হইয়া থাকে। অপ-রের শরীরে প্রবেশ করিবার এবং তির্য্যকজাতির ভাষা বুঝিবার শক্তি জন্মে। যোগিশরীর নিত্য দিব্যগন্ধে সুবাসিত হয় এবং বাক্যও দিব্য পবিত্রতা লাভ করে। সেই যোগী দেবতুল্য দেহধারণ করেন, দেবকন্যারাও তাঁহাকে বাঞ্ছা করিয়া থাকেন। যে যোগির অন্তরে এই সমস্তগুণ বিদ্যমান থাকে, তাঁহার

যদ্যোভিরন্তরায়ৈর্ন ক্ষিপ্যতেঽস্যেহমানসম্।
তদাগ্রে তৎ সমাপ্নোতি পদং ব্রহ্মাদি দুর্লভম্ ॥ ১৬৪।
যৎ প্রাপ্য ন নিবর্ত্তেত যৎ প্রাপ্য ন চ শোচতি।
তল্লভ্যতে ষড়ঙ্গেন যোগেন কলশোদ্ভব ॥ ১৬৫।
একেন জন্মনা যোগঃ কথমিত্থং প্রসিধ্যতি।
ঋতে চ যোগসংসিদ্ধেঃ কথং মুক্তিরিহাপ্যতে ॥ ১৬৬।
উভে এব হি নির্ব্বাণবর্ত্মনকিল কুম্ভজ।
কিম্বা কাশ্যাং তনুত্যাগঃ কিম্বা যোগোয়মীদৃশঃ ॥১৬৭॥
চঞ্চলেন্দ্রিয়বৃত্তিত্বাৎ কলিকল্মষজৃম্ভণাৎ।
অল্পায়ুষ্ব্যাত্তথা নৃণাং ক্বেহ যোগমহোদয়ঃ ॥ ১৬৮।
অত এব হি জন্তুনাং মহোদয়পদপ্রদঃ।
সদৈব সদয়াবার্দ্ধিঃ কাশ্যাং বিশ্বেশ্বরঃ স্থিতঃ ॥ ১৬৯।

যোগসিদ্ধি অবশ্যম্ভাবিনী ॥ ১৫৮—১৬৩॥ পূর্ব্বোক্ত যোগবিঘ্নকর অন্তরায়ে যে যোগির মানস সংক্ষোভিত না হয়, ব্রহ্মাদিদেবগণের দুর্লভপদ তাঁহার সম্মুখে উপস্থিত হইয়া থাকে ॥ ১৬৪ ॥

স্কন্দ কহিলেন, হে অগস্ত্য! যে পদ লাভ হইলে তাহার আর নিবৃত্তি হয় না, যাহা লাভ হইলে শোক, তাপ কিছুই থাকেনা, ষড়ঙ্গ যোগের অনুষ্ঠানেই সেই সুদুর্লভ পরম পদলাভ হয় ॥ ১৬৫ ॥ এক জন্মে কি প্রকারে যোগসিদ্ধি লাভ হয় এবং যোগসিদ্ধি বিনা কিরূপেই বা মুক্তিপদ প্রাপ্তি হয়, যদি এপ্রকার সংশয় জন্মে, তাহার মীমাংসাও দুর্লভ নহে। হে ঋষিপ্রবর! কাশীধামে তনুত্যাগ অথবা পূর্ব্বোক্তপ্রকার যোগানুষ্ঠান, এতদুভয়ের অন্যতর একটি হইলেই নির্ব্বাণলাভ হইয়া থাকে। মানবগণ একে স্বভাবতই চঞ্চলেন্দ্রিয়; তাহাতে কলিকালকলুষে অল্পায়ু; এরূপস্থলে যোগানুষ্ঠানের মহাফল মোক্ষলাভ কিরূপে সম্ভবে? অতএব জীবগণের মোক্ষপদপ্রদ দয়াময় সদাশিব বিশ্বেশ্বরদেব সর্ব্বদাই কাশীধামে বিরাজ করিতেছেন। জীবগণ কাশীধামে

কাশ্যাং সুখেন কৈবল্যং যথা লভ্যেত জন্তুভিঃ।
যোগযুক্ত্যাদ্যুপায়ৈশ্চ ন তথান্যত্র কুত্রচিৎ॥ ১৭০।
কাশ্যাং স্বদেহসংযোগঃ সম্যগ্ যোগ উদাহৃতঃ।
মুচ্যতে নেহ যোগেন ক্ষিপ্রমন্যেন কেনচিৎ॥ ১৭১।
বিশ্বেশ্বরো বিশালাক্ষী দ্যুনদী কালভৈরবঃ।
শ্রীমান্ ঢুণ্ঢির্দণ্ডপাণিঃ ষড়ঙ্গো যোগ এষ বৈ॥ ১৭২।
এতৎষড়ঙ্গং যো যোগং নিত্যং কাশ্যাং নিষেবতে।
সম্প্রাপ্য যোগনিদ্রাং স দীর্ঘামমৃতমশ্নুতে॥ ১৭৩।
ওঙ্কারঃ কৃত্তিবাসাশ্চ কেদারশ্চ ত্রিবিষ্টপঃ।
বীরেশ্বরোপবিশ্বেশঃ ষড়ঙ্গোয়মিহাপরঃ॥ ১৭৪।
পাদোদকাসিসম্ভেদজ্ঞানোদমণিকর্ণিকাঃ।
ষড়ঙ্গোয়ং মহাযোগো ব্রহ্মধর্ম্মহ্রদাবপি॥ ১৭৫।

যেমন সুখে নির্ব্বাণ মুক্তিলাভ করেন, যোগাচারাদি অন্য কোন উপায়ে পৃথিবীর অন্য কোনস্থানেই তেমন সুখে মোক্ষ প্রাপ্ত হন না। পুণ্যধাম বারাণসীক্ষেত্রে স্বদেহ সন্নিবেশিত করাই পরম যোগ। এই যোগে যেমন শীঘ্র নির্ব্বাণ মুক্তিলাভ হয়, অন্য কুত্রাপিই তেমন শীঘ্র তেমন সুখে মুক্তিলাভের সম্ভাবনা নাই॥ ১৬৬—১৭১॥ বিশ্বেশ্বর, বিশালাক্ষী ভাগীরথী, কালভৈরব, ঢুণ্ঢিগণেশ, ও দণ্ডপানি বারাণসীস্থ এই ছয় দেবতাই ষড়ঙ্গযোগ। যিনি বারাণসীধামে নিত্য নিত্য এই ষড়ঙ্গযোগের সেবায় নিরত থাকেন, তিনি সুদীর্ঘ যোগনিদ্রা প্রাপ্ত হইয়া অমরত্বরূপ অমৃত পান করেন। কাশীতে এতদতিরিক্ত আরও ষড়ঙ্গযোগ আছে। ওঁঙ্কারেশ্বর, কৃত্তিবাসেশ্বর, কেদারেশ্বর, ত্রিলোচনেশ্বর, বীরেশ্বর এবং উপবিশ্বেশ্বর। এই ছয়টি মূর্ত্তি ও ষড়ঙ্গযোগ। চরণামৃতকুণ্ড, অসী নদীর সঙ্গম, জ্ঞানবাপী, মণিকর্ণিকা, ব্রহ্মহ্রদ এবং ধর্ম্মহ্রদ, এই ছয়টি পবিত্র জলাধারও ষড়ঙ্গযোগ॥ ১৭২—১৭৫॥

ষড়ঙ্গসেবনাদস্মাদ্ বারাণস্যাং নরোত্তমঃ।
ন জাতু জায়তে জন্তুর্জননীজঠরে পুনঃ॥ ১৭৬।
গঙ্গাস্নানং মহামুদ্রা মহাপাতকনাশিনী।
এতন্মুদ্রাকৃতাভ্যাসোপ্যমৃতত্বমবাপ্নুয়াৎ॥ ১৭৭।
কাশীবীথীষু সঞ্চারো মুদ্রা ভবতি খেচরী।
খেচরো জায়তে নূনং খেচর্য্যা মুদ্রয়ানয়া॥ ১৭৮।
উড্ডীয় সর্ব্বতো দেশাৎ যানং বারাণসীং প্রতি।
উড্ডীয়ানো মহাবন্ধ এষ মুক্ত্যৈ প্রকল্পতে॥ ১৭৯।
জলস্য ধারণং মূর্দ্ধ্নি বিশ্বেশস্নানজন্মনঃ।
এষ জালন্ধরো বন্ধঃ সমস্তসুরদুর্লভঃ॥ ১৮০॥
বৃতো বিঘ্নশতেনাপি যন্ন কাশীং ত্যজেৎ সুধীঃ।
মূলবন্ধঃ স্মৃতো হ্যেষ দুঃখমূলনিকৃন্তনঃ॥ ১৮১।

স্কন্দদেব পুনরায় মহর্ষি অগস্ত্যকে সম্বোধন করিয়া কহিলেন, হে নরোত্তম! এই ষড়ঙ্গযোগের সেবা করিলে, জীবের আর জননীর জঠরযন্ত্রণা ভোগ হয় না॥ ১৭৬॥ গঙ্গাস্নানরূপ মহামুদ্রা জীবের মহাপাতক বিনাশিনী। এই মুদ্রা অভ্যাস করিলে অমরত্ব লাভ হয়॥ ১৭৭॥ বারাণসী বর্ত্মে সঞ্চরণ করিলে খেচরীমুদ্রা অনুষ্ঠিত হয়। এই খেচরীমুদ্রার অনুষ্ঠানে নিশ্চয়ই স্বর্গ লাভ হইয়া থাকে॥ ১৭৮॥ সমস্তদেশ পরিভ্রমণপূর্ব্বক যিনি বারাণসী গমনে দৃঢ়সঙ্কল্প হইয়া বারাণসীর পথে প্রধাবিত হন, তাঁহার উড্‌ডীয়ান-রূপ মহামুদ্রার অনুষ্ঠান করা হয়। এই মুদ্রাব অনুষ্ঠানে নিশ্চয়ই মুক্তিলাভ হইয়া থাকে॥ ১৭৯॥ বিশ্বেশ্বরের স্নানসঞ্জাতজল মস্তকে ধারণ করিলে জলন্ধরমুদ্রার অনুষ্ঠান করা হয়। এই মুদ্রাটি সমস্ত দেবগণেরও সুদুর্লভ। ॥ ১৮০॥ যিনি শতশত বিঘ্ন সহ্য করিয়াও বারাণসী পরিত্যাগ না করেন, সেই উদ্যমশীল দৃঢ়ব্রত জ্ঞানবান পুরুষের মূলবন্ধ মুদ্রার অনুষ্ঠান করা হয়। এই মুদ্রার অনুষ্ঠানে সমস্ত দুঃখের মূল বিনষ্ট হইয়া থাকে॥ ১৮১॥

ইতি যোগঃ সমাখ্যাতো ময়া তে দ্বিবিধো মুনে।
স ষড়ঙ্গঃ সমুদ্রশ্চ মুক্তয়ে শম্ভুভাষিতঃ ॥ ১৮২ ।
যাবন্নেন্দ্রিয়বৈক্লব্যং যাবৎ ব্যাধির্ন বাধতে।
যাবৎ কালবিলম্বোস্তি তাবদ্ যোগরতো ভবেৎ ॥ ১৮৩॥
উভয়োর্যোগয়োর্মধ্যে কাশীযোগোয়মুত্তমঃ।
কাশীযোগং সমভ্যস্য প্রাপ্নুয়াদ্ যোগমুত্তমম্ ॥ ১৮৪ ।
আধিব্যাধিসহায়িন্যা জরয়া মৃত্যুলিঙ্গয়া।
কালং নিকটতো জ্ঞাত্বা কাশীনাথং সমাশ্রয়েৎ ॥ ১৮৫ ।
কাশীনাথং সমাশ্রিত্য কুতঃ কালভয়ং নৃণাম্।
ক্রুদ্ধোপি জীবন্বৎ কালস্তচ্চ কাশ্যাং সুমঙ্গলম্ ॥১৮৬॥
আতিথ্যেঽনেহসি যথা প্রতিক্ষেতাতিথিং কৃতী।
কাশ্যাং কালং তথায়ান্তং ভাগ্যবান্ সংপ্রতীক্ষতে॥১৮৭

মহামুনি অগস্ত্যকে সম্বোধন করিয়া পুনরায় ষড়ানন কহিলেন, হে মুনিবর! এই আমি তোমার নিকট দুই প্রকার যোগের বিষয় কীর্ত্তন করিলাম। তন্মধ্যে বারাণসীস্থ এই ষড়ঙ্গ এবং এই মুদ্রাযোগের অনুষ্ঠানে নিঃসন্দেহ মুক্তিলাভ হয়। এইটি পরাৎপর মহেশ্বর শম্ভুর অখণ্ডনীয় বাক্য ॥ ১৮২ ॥ যতদিন শরীর এককালে বিকলেন্দ্রিয় হইয়া না যায়, যতদিন করালব্যাধি আসিয়া শরীরকে আক্রমণ না করে, কাল পরিপূর্ণ ইহবার যতদিন বিলম্ব থাকে, কাশীধামে ততদিন এই ষড়ঙ্গযোগে নিরত থাকা বিধেয় ॥ ১৮৩ ॥ এই উভয়বিধ যোগের মধ্যে বারাণসীস্থ যোগই সর্ব্বোৎকৃষ্ট। অবিমুক্ত বারাণসীক্ষেত্রে এই যোগের সেবা করিলেই পরম উৎকৃষ্ট যোগ সংসাধিত হয় ॥ ১৮৪ ॥ আধিব্যাধির দ্বারা শরীর জর্জ্জরীভূত হইয়াছে, বৃদ্ধকাল উপস্থিত হইয়াছে, শরীরে মৃত্যুলক্ষণ দেখা দিয়াছে এবং ইহসংসার হইতে প্রস্থান করিবার কাল নিকটবর্ত্তী হইয়াছে, সর্ব্বদা এইরূপ জ্ঞান করিয়া কাশীনাথের পদাশ্রয় গ্রহণ করা উচিত ॥ ১৮৫ ॥ কাশীনাথের পাদপদ্ম আশ্রয় করিলে মানুষের

কলিঃ কালঃ কৃতং কর্ম্ম ত্রিকণ্টকমিতীরিতম্।
এতত্ত্রয়ং ন প্রভবেদানন্দবনবাসিনাম্ ॥ ১৮৮।
অন্যত্রাতর্কিতঃ কালঃ কলয়িষ্যত্যসংশয়ম্।
কালাদভয়মিচ্ছেচ্চেত্ততঃ কাশীং সমাশ্রয়েৎ ॥ ১৮৯।

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে যোগাখ্যানং
নামৈকচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।

আব কালভয কোথায থাকে? কাশীতে জীবসংহাবক দুবন্ত কাল ক্রুদ্ধ হইলেও সুমঙ্গল হয় ॥ ১৮৬ ॥ পুণ্যবান গৃহস্থ যেমন আতিথ্যব্রতের নিমিত্ত দিবাভাগে ভোজনেব পূর্ব্বে অতিথিব প্রতিক্ষা কবিয়া থাকেন, কাশী-বাসী ভাগ্যবান পুরুষেবাও সেইরূপ কৃতান্তেব আগমন প্রতীক্ষা কবেন ॥ ১৮৭ ॥ কলি, কাল, এবং অনিত্য কম্মকাণ্ড, এই তিনটিই সংসাবেব কণ্টক স্বরূপ। আনন্দকাননবাসি জীবগণেব উপব এই পাপত্রয কদাচ প্রভাব বিস্তার করিতে পাবে না ॥ ১৮৮ ॥ কাশীভিন্ন অন্যত্রে অবস্থান কবিলে অতর্কিত-ভাবে কাল আসিযা দেহমধ্যে প্রবেশ করে। অতএব সেই কালভয হইতে অভয় লাভেব বাসনা থাকিলে কাশীবাস আশ্রয় কবাই অবশ্য কর্ত্তব্য ॥ ১৮৯ ॥

ইতি শ্রীস্কন্দপুবাণে কাশীখণ্ডে যোগাখ্যান নাম
এক চত্বাবিংশত্তম অধ্যায।

দ্বিচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।

অগস্তিরুবাচ।

কথং নিকটতঃ কালো জ্ঞায়তে হরনন্দন।
তানি চিহ্নানি কতিচিৎ ব্রূহি মে পরিপৃচ্ছতঃ॥ ১।

কুমার উবাচ।

বদামি কালচিহ্নানি জায়ন্তে যানি দেহিনাম্।
মৃত্যৌ নিকটমাপন্নে মুনে তানি নিশাময়॥ ২।
যাম্যনাসাপুটে যস্য বায়ুর্বাতি দিবানিশম্।
অখণ্ডমেব তস্যায়ুঃক্ষয়ত্যব্দত্রয়েণ হি॥ ৩।
দ্ব্যহোরাত্রং ত্র্যহোরাত্রং রবির্বহতি সন্ততম্।
অব্দমেকঞ্চ তস্যেহ জীবনাবধিরুচ্যতে॥ ৪।

দ্বিচত্বারিংশত্তম অধ্যায়ঃ।

অগস্ত্য কহিলেন, হে তারকনিসূদন পার্ব্বতীনন্দন কার্ত্তিকেয়! কাল নিকটবর্ত্তী হইলে কি কি লক্ষণে তাহা জ্ঞাত হওয়া যায়, তাহাই আমি আপনাকে জিজ্ঞাসা করিতেছি, আপনি সেই গুহ্যতত্ত্বের কতিপয় চিহ্ন আমার নিকট সবিস্তরে কীর্ত্তন করুন॥ ১॥ ষড়ানন কহিলেন, হে মুনিবর! মৃত্যুকাল আসন্ন হইলে দেহীর শরীরে যে যে লক্ষণ সমুপস্থিত হয়, তাহা আমি তোমার নিকট কীর্ত্তন করিতেছি শ্রবণ কর॥ ২॥ একদিন একরাত্রি ক্রমাগত যাহার দক্ষিণ নাসারন্ধ্রপথে নিশ্বাস প্রবাহিত হয়, অখণ্ড পরমায়ু হইলেও তাহার তিন বৎসরের মধ্যে মৃত্যু হইয়া থাকে। উপর্য্যুপরি দুই তিন দিবারাত্রি নিয়ত যাহার দক্ষিণরন্ধ্রে নিশ্বাস বহমান হয়, সেই ব্যক্তি একবৎসরের অধিক কাল জীবিত থাকে না। ক্রমাগত দশদিন কাল দিবা-

বহেন্মাসাপুটযুগে দশাহানি নিরন্তরম্।
বাতশ্চেৎ সহ সংক্রান্তিস্তদা জীবেদ্দিনত্রয়ম্ ॥ ৫ ।
নাসাবর্ত্মদ্বয়ং হিত্বা মাতরিশ্বা মুখাদ্বহেৎ।
শংসেদ্দিনদ্বয়াদর্ব্বাক্ প্রয়াণং তস্য চাধ্বনি ॥ ৬ ।
অকস্মাদেব যৎকালে মৃত্যুঃ সন্নিহিতো ভবেৎ।
চিন্তনীয়ঃ প্রযত্নেন স কালো মৃত্যুভীরুণা ॥ ৭ ।
সূর্য্যে সপ্তমরাশিস্থে জন্মর্ক্ষস্থে নিশাকরে।
পৌষ্ণঃ স কালো দ্রষ্টব্যো যদা যাম্যে রবির্ব্বহেৎ ॥ ৮ ।
অকস্মাদ্বীক্ষতে যস্তু পুরুষং কৃষ্ণপিঙ্গলম্।
তস্মিন্নেব ক্ষণেঽরূপং স জীবেৎ বৎসরদ্বয়ম্ ॥ ৯ ।
যস্য বীজং মলং মূত্রং ক্ষুতং মূত্রং মলন্তু বা।
ইহৈকদা পতেৎ যস্য অব্দং তস্যায়ুরিষ্যতে ॥ ॥ ১০ ।

রাত্রি নিরন্তর যদি উভয় নাসারন্ধ্রে নিঃশ্বাস নিঃসারিত হইতে থাকে, তাহা হইলে সেই নিশ্বাসের সহিত নিত্য নিত্য পরমায়ু ক্ষয় হইয়া তিনদিনের মধ্যেই জীবের জীবনান্ত হয়। ॥ ৩। ৪। ৫ ॥ নাসাপুটে নির্গত না হইয়া যদি মুখ দিয়া নিশ্বাস নিঃসারিত হয়, তাহা হইলে দুই দিনের মধ্যেই মৃত্যু হইয়া থাকে ॥ ৬ ॥ এইরূপে যখন অকস্মাৎ মৃত্যুকাল সন্নিহিত হয়, এটী নিশ্চয়ই অবধারিত আছে, তখন বিনশ্বর জীবের পক্ষে প্রযত্নসহকারে সেই কালকে স্মরণ করা উচিত। সূর্য্য যখন জন্মরাশির সপ্তমে অবস্থিতি করেন, জন্ম নক্ষত্রে যখন চন্দ্র বাস করেন, এবং নাসিকার দক্ষিণ রন্ধ্রে যৎকালে নিশ্বাস-বায়ু প্রবাহিত হয়, সেই কালটিই কলিন্দনন্দন কৃতান্তের অধিকার কাল ॥৭।৮॥ যে ব্যক্তি অকস্মাৎ কৃষ্ণপিঙ্গলবর্ণ কাল পুরুষকে সম্মুখে দেখিতে পায় এবং ক্ষণকাল পরেই সেই মূর্ত্তিকে পুনরায় রূপান্তর দেখে, সেই ব্যক্তি দুই বৎসরের অধিককাল জীবিত থাকে না ॥ ৯ ॥ রেতঃস্খলন কালে যাহার মলমূত্র নিঃসৃত হয় এবং যে ব্যক্তি হাঁচিবার সময় মলমূত্র পরিত্যাগ করে, তাহার

ইন্দ্রনীলনিভব্যোম্নি নাগবৃন্দং য ঈক্ষতে।
ইতস্ততঃ প্রসৃমরং ষণ্মাসং ন স জীবতি ॥ ১১।
ব ভ্রেহ্নি বারিপূর্ণাস্যঃ পৃষ্ঠীকৃত্য দিবাকরম্।
ফুৎকৃত্বাশ্বিন্দ্রচাপং ন পশ্যেৎ ষণ্মাসজীবিতঃ ॥ ১২।
অরুন্ধতীং ধ্রুবঞ্চৈব বিষ্ণোস্ত্রীণি পদানি চ।
আসন্নমৃত্যুর্নো পশ্যেচ্চতুর্থং মাতৃমণ্ডলম্ ॥ ১৩।
অরুন্ধতী ভবেজ্জিহ্বা ধ্রুবো নাসাগ্রমুচ্যতে।
বিষ্ণোঃ পদানি ভ্রূমধ্যে নেত্রয়োর্মাতৃমণ্ডলম্ ॥ ১৪।
বেত্তি নীলাদিবর্ণস্য কটম্লাদিরসস্য হি।
অকস্মাদন্যথাভাবং ষণ্মাসেন স মৃত্যুভাক্ ॥ ১৫।
ষণ্মাসমৃত্যোর্মর্ত্যস্য কণ্ঠোষ্ঠরসনারদাঃ।
শুষ্যন্তি সততং তদ্বদ্বিচ্ছায়াস্তালুপঙ্কমাঃ ॥ ১৬।

জীবন কালেব এক বৎসবমাত্র অবশিষ্ট থাকে ॥ ১০ ॥ যে ব্যক্তি আকাশ-মার্গে সঞ্চবণশীল মবকতবর্ণ নাগবৃন্দ দর্শন কবে, সেই ব্যক্তি ছয়মাস কালও জীবিত থাকে না ॥ ১১ ॥ নির্মেঘ নির্ম্মল দিবসে সূর্য্যদেবেব দিকে পৃষ্ঠদেশ সংস্থাপনপূর্ব্বক আস্যদেশ বাবিপূর্ণ কবিযা ফুৎকাব দান কবিলে ইন্দ্রধনুর বিচিত্রবর্ণ যাহাব নয়নগোচব না হয, সেই ব্যক্তি ছয়মাসমাত্র জীবিত থাকে ॥ ১২ ॥ যাহাব মৃত্যু আসন্ন, সেই ব্যক্তি অরুন্ধতী নক্ষত্র, ধ্রুবনক্ষত্র, আকাশ-মণ্ডল এবং মাতৃমণ্ডল নক্ষত্র, এই চাবিটি পদার্থ দর্শন কবিতে পায় না। অরুন্ধতী তাহাব পক্ষে জীহ্বাস্বরূপ, ধ্রুবতাবা নাসাগ্রস্বরূপ, আকাশ ভ্রূমধ্য-স্বরূপ এবং মাতৃমণ্ডল স্বকীয় নেত্রস্বরূপ অদৃশ্য হয়। শাস্ত্রমতে শরীবস্থ ঐ চারি স্থানই ঐ চাবি পদাথেব অবস্থান স্থান ॥ ১৩। ১৪ ॥ নীল লোহিতাদি বর্ণ সমূহের প্রকাবজ্ঞান এবং কটু অম্ল ইত্যাদি বসাস্বাদনজ্ঞান যাহার থাকে, অকস্মাৎ তাহাব যদি সেই জ্ঞানেব বিকাব জন্মে, তাহা হইলে ছয়-মাসের মধ্যেই মৃত্যু উপস্থিত হয ॥ ১৫ ॥ মৃত্যুর ছয়মাস থাকিতে মানুষের কণ্ঠ, তালু, রসনা, দন্ত এবং ওষ্ঠ বিশুষ্ক হইয়া যায় এবং ঐ সমস্ত অঙ্গের

রেতঃকরজনেত্রান্তা নীলিমানং ভজতি চেৎ।
তর্হি কীনাশনগরীং ষষ্ঠে মাসি ব্রজেন্নরঃ॥ ১৭।
সম্প্রবৃত্তে নিধুবনে মধ্যেঽন্তে ক্ষৌতি চেন্নরঃ।
নিশ্চিতং পঞ্চমে মাসি ধর্ম্মরাজাতিথির্ভবেৎ॥ ১৮।
দ্রুতমারুহ্য সরটস্ত্রিবর্ণো যস্য মস্তকে।
প্রয়াতি যাতি তস্যায়ুঃ ষণ্মাসেন পরিক্ষয়ম্॥ ১৯।
সুস্নাতস্যাপি যস্যাশু হৃদয়ং পরিশুষ্যতি।
চরণৌ চ করৌ বাপি ত্রিমাসং তস্য জীবিতম্॥ ২০।
প্রতিবিম্বং ভবেৎ যস্য পদং খণ্ডপদাকৃতি।
পাংশৌ বা কর্দ্দমে বাপি পঞ্চমাসান্ স জীবতি॥ ২১।
ছায়া প্রকম্পতে যস্য দেহবন্ধেপি নিশ্চলে।
কৃতান্তদূতা বন্ধন্তি চতুর্থে মাসি তং নরম্॥ ২২।

কিছুমাত্র প্রতিভা থাকে না॥ ১৬॥ যাহার রেতোবীর্য্য, করাঙ্গুলী এবং নেত্রো-পান্ত নীলিম বর্ণ ধারণ করে, তাহাকে ছয়মাসের মধ্যে কৃতান্তপুরে অতিথি হইতে হয়॥ ১৭॥

স্ত্রীসম্ভোগে প্রবৃত্ত হইবার প্রথমে, মধ্যকালে অথবা শেষে যাহার হাঁচী পড়ে, সেই হতভাগ্যকে পাঁচমাসের মধ্যে ধর্ম্মরাজ তপনতনয়ের আলয়ে আতিথ্য গ্রহণ করিতে হয়॥ ১৮॥ দ্রুতবেগে ধাবিত হইয়া যাহার মস্তকে অকস্মাৎ কৃকলাস আসিয়া পড়ে, ছয়মাসের মধ্যে তাহার মৃত্যু হয়॥ ১৯॥ সুন্দররূপে অবগাহন করিয়া উত্থিত হইবামাত্র তৎক্ষণাৎ যাহার হৃদয় ও হস্তপদ বিশুষ্ক হইয়া যায়, তাহাকে তিনমাসের মধ্যে যমালয়ে উপস্থিত হইতে হয়॥ ২০॥ পাংসু অথবা কর্দ্দমে যাহার পদতলের একাংশমাত্র চিহ্নিত হয়, পাঁচমাসের মধ্যেই তাহার মৃত্যু হইয়া থাকে॥ ২১॥ স্বয়ং সুস্থির হইয়া দণ্ডায়মান হইলে যাহার অবয়বের ছায়া প্রকম্পিত হয়, যমদূতেরা চারি মাসের মধ্যে আগমন করিয়া তাহাকে দৃঢ়বন্ধন করে॥ ২২॥ জলে, ঘৃতে

নিজস্য প্রতিবিম্বস্য নীরাজ্যমুকুরাদিষু।
উত্তমাঙ্গং ন যঃ পশ্যেৎ স মাসেন বিনশ্যতি ॥ ২৩।
মতিভ্রংশ্যেৎ স্খলেদ্বাণী ধনুরৈন্দ্রং নিরীক্ষতে।
রাত্রৌ চন্দ্রদ্বয়ঞ্চাপি দিবা দ্বৌ চ দিবাকরৌ ॥ ২৪।
দিবা চ তারকাচক্রং রাত্রৌ ব্যোম বিতারকম্।
যুগপঞ্চচতুর্দ্দিক্ষু শাক্রং কোদণ্ডমণ্ডলম্ ॥ ২৫।
ভূরুহে ভূধরাগ্রে চ গন্ধর্ব্বনগরালয়ম্।
দিবা পিশাচনৃত্যঞ্চ এতে পঞ্চত্বহেতবঃ ॥ ২৬।
সর্ব্বেষ্বেতেষু চিহ্নেষু যদ্যেকমপি বীক্ষতে।
তদা মাসাবধিং মৃত্যুঃ প্রতীক্ষেত ন চাধিকম্ ॥ ২৭।
করাবরুদ্ধ শ্রবণঃ শৃণোতি ন যদাধ্বনিম্।
স্থূলঃ কৃশঃ কৃশঃ স্থূলস্তদা মাসান্নিবর্ত্ততে ॥ ২৮।

অথবা দর্পণে প্রতিবিম্ব পতিত হইলে যে ব্যক্তি নিজের মুখচ্ছায়া নিজে দেখিতে পায় না, একমাসের মধ্যে তাহাকে কৃতান্তধামে গমন করিতে হয় ॥ ২৩ ॥ মতিভ্রমে যাহার সমস্ত বাক্যই স্খলিত হয়, যে ব্যক্তি দিবাভাগে দুই সূর্য্য, রাত্রিকালে দুই চন্দ্র ও দুইখণ্ড ইন্দ্রধনু দর্শন করে; দিবসে আকাশে নক্ষত্রচক্র, রাত্রিকালে গগনমণ্ডল তারকাশূন্য, এককালে চতুর্দ্দিকে ইন্দ্রধনু যাহার নয়নগোচর হয়; বৃক্ষাগ্রে ও পর্ব্বতশিখরে যে ব্যক্তি গন্ধর্ব্বালয় ও গন্ধর্ব্ব নগর দেখিতে পায় এবং দিবাভাগে সম্মুখে পিশাচের নৃত্য দর্শন করে, তাহার মৃত্যুকাল আসন্ন। এই কয়েকটি চিহ্নের মধ্যে যদি একটিও সংঘটিত হয়, তাহা হইলে তাহাকে আর এক মাসের অধিক কাল জীবিত থাকিতে হয় না ॥ ২৪—২৭ ॥ কর্ণ অবরুদ্ধ করিলে শ্রবণকুহরে যে ধ্বনির প্রতিঘাত হয়, যে ব্যক্তি সেই ধ্বনি শ্রবণ করিতে না পায়, এবং যে ব্যক্তি স্থূলকে কৃশ ও কৃশকে স্থূল দর্শন করে, একমাসের মধ্যে তাহার মৃত্যু হইয়া থাকে ॥ ২৮ ॥

যঃ পশ্যেদাত্মনশ্ছায়াং দক্ষিণাশাসমাশ্রিতাম্।
দিনানি পঞ্চ জীবিত্বা পঞ্চত্বমুপযাতি সঃ॥ ২৯।
প্রোহ্যতে ভক্ষ্যতে বাপি পিশাচাসুরবায়সৈঃ।
ভূতৈঃ প্রেতৈঃ শ্বভিগৃর্ধ্রৈর্গোমায়ুখরশূকরৈঃ॥ ৩০।
রাসভৈঃ করভৈঃ কীশৈঃ শ্যেনৈরশ্বতরৈর্ব্বকৈঃ।
স্বপ্নে সজীবিতং ত্যক্ত্বা বর্ষান্তে যমমীক্ষতে॥ ৩১।
গন্ধপুষ্পাংশুকৈঃ শোণৈঃ স্বাত্মনুং ভূষিতাং নরঃ।
যঃ পশ্যেৎ স্বপ্নসময়ে সোঽষ্টৌ মাসাননিত্যহো॥৩২।
পাংসুরাশিঞ্চ বল্মীকং যূপদণ্ডমথাপি বা।
যোঽধিরোহতি বৈ স্বপ্নে স ষষ্ঠেমাসি নশ্যতি॥ ৩৩॥
রাসভারূঢমাত্মানং তৈলাভ্যক্তঞ্চ মুণ্ডিতম্।
নীয়মানং যমাশাং যঃ স্বপ্নে পশ্যেৎ সপূর্ব্বজান্॥ ৩৪।
স্বমৈলৌ স্বতনৌ বাপি যঃ পশ্যেৎ স্বপ্নগো নরঃ।
তৃণানি শুষ্ককাষ্ঠানি ষষ্ঠে মাসি ন তিষ্ঠতি॥ ৩৫।

যে ব্যক্তি সর্ব্বদা আপনার দক্ষিণ ভাগেই আপনার ছায়া দর্শন করে, পাঁচ দিনের মধ্যেই তাহার পঞ্চত্ব প্রাপ্তি হয়॥২৯॥ যে ব্যক্তি স্বপ্নযোগে আপনি ভূত, প্রেত, পিশাচ, রাক্ষস, অসুর, বায়স, গৃধ্র, শৃগাল, কুক্কুর, গর্দ্দভ, শূকর করি-শাবক, বানর শ্যেনপক্ষী খচ্চর, অথবা বকপক্ষিকর্ত্তৃক ভক্ষিত কিম্বা বাহিত হইতেছে দর্শন করে, একবৎসরের মধ্যেই তাহাকে দেহ পরিত্যাগ করিয়া যমালয় দর্শন করিতে হয়॥ ৩০। ৩১॥ যে ব্যক্তি স্বপ্নযোগে আত্মদেহ রক্ত চন্দনচর্চ্চিত রক্তপুষ্পশোভিত এবং রক্তবস্ত্রে বিভূষিত দর্শন করে, আট মাসের মধ্যে তাহার মৃত্যু হয়॥ ৩২॥ স্বপ্নবশে পাংশুরাশি, বল্মীকস্তূপ অথবা যূপদণ্ডে নিজে আরোহণ করিতেছে দেখিলে ছয়মাসের মধ্যেই প্রাণান্ত হইয়া থাকে॥ ৩৩॥ স্বয়ং সুরাপান করিয়া তৈলাক্ত দেহে মুণ্ডিত মস্তকে গর্দ্দভারোহণে দক্ষিণ দিকে যাত্রা করিতেছি, অথবা স্বকীয় মস্তকে

লৌহদণ্ডধরং কৃষ্ণং পুরুষং কৃষ্ণবাসসম্।
স্বয়ং যোঽগ্রেস্থিতং পশ্যেৎ স ত্রীন্ মাসান্নলঙ্ঘয়েৎ ॥৩৬।
কালীকুমারী যং স্বপ্নে বন্ধীয়াদ্বাহুপাশকৈঃ।
স মাসেন সমীক্ষেত নগরীং শমনোষিতাম্ ॥ ৩৭।
নরো যো বানরারূঢ়ো যাযাৎ প্রাচীং দিশং স্বপন্।
দিনৈঃ স পঞ্চভিরেব পশ্যেৎ সংযমিনীং পুরীম্ ॥ ৩৮।
কৃপণোপি বদান্যঃ স্যাদ্বদান্যঃ কৃপণো যদি।
প্রকৃতের্বিকৃতিশ্চেৎ স্যাত্তদা পঞ্চত্বমৃচ্ছতি ॥ ৩৯।
এতানি কালচিহ্নানি সন্ত্যন্যানি বহূন্যপি।
জ্ঞাত্বাভ্যসেন্নরো যোগমথবা কাশিকাংশ্রয়েৎ ॥ ৪০।

কিম্বা স্কন্ধদেশে তৃণরাশি বা কাষ্ঠভার বিন্যস্ত রহিয়াছে, যে ব্যক্তি এ প্রকার দুঃস্বপ্ন দর্শন করে, ছয়মাসের অধিক কাল তাহাকে আর ইহলোকে অবস্থান করিতে হয় না ॥ ৩৪। ৩৫ ॥ লৌহদণ্ডধারি কৃষ্ণবস্ত্রপরিহিত কৃষ্ণবর্ণ পুরুষকে যে ব্যক্তি স্বপ্নাবেশে সম্মুখে দণ্ডায়মান দেখিতে পায়, তিনমাসের মধ্যে তাহার মৃত্যু হইয়া থাকে ॥ ৩৬ ॥ কৃষ্ণবর্ণা কুমারী আসিয়া আমাকে বাহুপাশে বন্ধন করিতেছে, যে ব্যক্তি এরূপ স্বপ্ন দেখে, একমাসের মধ্যে তাহাকে সংযমনীপুরে গমন করিতে হয় ॥ ৩৭ ॥ বানর পৃষ্ঠে আরোহণ করিয়া পূর্ব্বদিকে গমন করিতেছি, যে ব্যক্তি এ প্রকার স্বপ্ন দর্শন করে, পাঁচ দিনের মধ্যে তাহাকে যমপুরী দর্শন করিতে হয় ॥ ৩৮ ॥ কৃপণ যদি অকস্মাৎ দাতা হইয়া উঠে, দাতা যদি হটাৎ কৃপণ হইয়া পড়ে অথবা স্বভাবসিদ্ধ প্রকৃতি যদি সহসা বিনা রোগে বিকার প্রাপ্ত হয়, তাহাও একপ্রকার মৃত্যু লক্ষণ ॥ ৩৯ ॥ এইরূপ মৃত্যু লক্ষণ আরও অনেক প্রকার আছে; জ্ঞানিলোকেরা ইহা অবগত হইয়া যোগ অভ্যাস অথবা বারাণসী আশ্রয় করিবেন ॥ ৪০ ॥

ন কালবঞ্চনোপায়ং মুনেন্যমবয়াম্যহম্।
বিনা মৃত্যুঞ্জয়ঙ্কাসীনাথং গর্ভাবরোধকম্॥ ৪১।
তাবদ্ গর্জ্জতি পাপানি তাবৎ গর্জ্জেদ্ যমো নৃপঃ।
যাবদ্বিশ্বেশশরণং নরো ন নিরতো ব্রজেৎ॥ ৪২।
প্রাপ্তবিশ্বেশ্বরাবাসঃ পীতোত্তরবহাপয়াঃ।
স্পৃষ্টবিশ্বেশসল্লিঙ্গঃ কশ্চ যাতি ন বন্দ্যতাম্॥ ৪৩।
করিষ্যন্ কুপিতঃ কালঃ কিং কাশীবাসিনাং নৃণাম্।
কালে শিবঃ স্বয়ং কর্ণে যত্র মন্ত্রোপদেশকঃ॥ ৪৪।
যথা প্রায়াতি শিশুতা কৌমারঞ্চ যথাগতম্।
সত্বরং গত্বরং তদ্বৎ যৌবনঞ্চাপি বার্দ্ধকম্॥ ৪৫।
যাবন্ন হি জরাক্রান্তির্যাবন্নেন্দ্রিয়বৈক্লবম্।
তাবৎ সর্ব্বং ফল্গুরূপং হিত্বা কাশীং শ্রয়েৎ সুধীঃ॥৪৬।

স্কন্দ কহিলেন, হে মুনিবর! জন্ম মৃত্যু নিবারণ পরম সনাতন কাশীনাথ বিনা জগতে কালকে বঞ্চনা করিবার আর অন্য উপায় নাই॥ ৪১॥ নরগণ যদবধি বিশ্বেশ্বরের সেবায় নিরত না হয়, তদবধি পার্থিবপাপসমূহ গর্জ্জন করিতে থাকে, পাপশাসন যমরাজও তদবধি ভয় প্রদর্শন করেন॥ ৪২॥ কাশীবাস, কাশীপ্রবাহিনী উত্তরবাহিনী সুরধুনীর সলিলপান এবং অবিমুক্ত বিশ্বেশ্বরের লিঙ্গ স্পর্শ করিলে কোন্ ব্যক্তি জগৎপূজ্য না হয়? ৪৩॥ যে স্থলে স্বয়ং বিশ্বেশ্বরদেব মৃত্যুকালে জীবের কর্ণে তারকব্রহ্ম মন্ত্র উপদেশ করেন, সেই কাশীবাসি নরগণের প্রতি যমরাজ কুপিত হইয়া কি করিতে পারেন? ৪৪॥ যেমন শৈশবান্তে কৌমার কাল সমাগত হয়, তদ্রূপ অবিলম্বেই যৌবন বিগত হইয়া বার্দ্ধক্য উপস্থিত হইয়া থাকে। অতএব যদবধি শরীর জরার দ্বারা আক্রান্ত না হয় এবং ইন্দ্রিয়গণ বিকল হইয়া না পড়ে, তদবধি জ্ঞানবান ব্যক্তিগণ সমস্ত অকিঞ্চিৎকর পদার্থ পরিত্যাগপূর্ব্বক কাশী আশ্রয় করিবেন॥ ৪৫। ৪৬॥

অন্যানি কাললক্ষ্মাণি তিষ্ঠন্তু কলশোদ্ভব।
জরৈব প্রথমং লক্ষ্ম চিত্রং তত্রাপি ভীর্ন হি ॥ ৪৭।
পরাভূতো হি জরয়া সর্ব্বৈশ্চ পরিভূয়তে।
হৃততারুণ্যমাণিক্যো ধনহীনঃ পুমানিব ॥ ৪৮।
সুতা বাক্যং ন কুর্ব্বন্তি পত্নী প্রেমাপি মুঞ্চতি।
বান্ধবা নৈব মন্যন্তে জরসাশ্লেষিতং নরম্ ॥ ৪৯।
আশ্লিষ্টং জরয়া দৃষ্টা পরযোষিদ্বিশঙ্কিতা।
ভবেৎ পরাঙ্মুখী নিত্যং প্রণয়িন্যপি কামিনী ॥ ৫০।
ন জরাসদৃশো ব্যাধির্ন দুঃখং জরয়া সমম্।
কারয়িত্র্যপমানস্য জরৈব মরণং নৃণাম্ ॥ ৫১।
ন জীয়তে তথা কালস্তপসা যোগযুক্তিভিঃ।
যথা চিরেণ কালেন কাশীবাসাদ্বিজীয়তে ॥ ৫২।

ষড়ানন কহিলেন, হে অগস্ত্য! অপরাপর মৃত্যুলক্ষণ দূরে থাকুক, সর্ব্বাগ্রগণ্য প্রধান লক্ষণ যে জরা, তাহাকেও লোকে ভয় করে না ইহাই বিচিত্র ॥ ৪৭ ॥ যে ব্যক্তি যৌবনরত্ন হারা হইয়া বার্দ্ধক্য কর্ত্তৃক পরাভূত হইয়াছে, ধনহীন মানবের ন্যায় তাহাকে সকলের নিকটেই পরাভব স্বীকার করিতে হয় ॥ ৪৮ ॥ যাহার শরীরে জরা আশ্রয় করে, তাহার আত্মজেরা আজ্ঞাবহ থাকে না প্রাণাধিকা পত্নীও প্রণয় পরিত্যাগ করেন এবং প্রিয়তম মিত্রগণও মিত্রভাবে সম্ভাষণ করে না ॥ ৪৯ ॥ বৃদ্ধকে দেখিলে অপরা রমণীরাও ভয় পায়। যে কামিনীর সহিত যৌবনে প্রণয়াসক্তি ছিল, সেই প্রণয়িনী কামিনীও বৃদ্ধাবস্থায় ঘৃণাবশে পরিত্যাগ করে ॥ ৫০ ॥ জরার তুল্য ব্যাধি নাই, সেই বার্দ্ধক্যের তুল্য দুঃখও আর নাই। ইহসংসারে মানহানির হেতুভূতই বৃদ্ধাবস্থা, অতএব পণ্ডিতেরা জরাকেই মৃত্যু বলিয়া গণনা করেন ॥ ৫১ ॥ কাশীবাসিগণ যেমন অচিরকালমধ্যে কালকে জয় করিয়া থাকেন, যোগিগণ বহুতপস্যা দ্বারাও কদাপি তত শীঘ্র কালবিজয়ী হইতে

বিনা যজ্ঞৈর্ব্বিনা দানৈর্ব্বিনা ব্রতজপাদিভিঃ।
বিনাঽতিপুণ্যসম্ভারৈঃ কঃ কাশীং প্রাপ্তুমীহতে ॥ ৫৩।
কাশীপ্রাপ্তিরয়ং যোগঃ কাশীপ্রাপ্তিরিদং তপঃ।
কাশীপ্রাপ্তিরিদং দানং কাশীপ্রাপ্তিঃ শিবৈকতা ॥ ৫৪।
কঃ কলিঃ কোঽথবা কালঃ কা জরা কিঞ্চদুষ্কৃতম্।
কারুজঃ কেঽন্তরায়া বাশ্রিতা বারাণসী যদি ॥ ৫৫।
কলিস্তানেব বাধেত কালস্তাংশ্চ জিঘাংসতি।
এনাংসিতাংশ্চ বাধন্তে যে ন কাশীং সমাশ্রিতাঃ ॥ ৫৬।
কাশী সমাশ্রিতা যৈশ্চ যৈশ্চ বিশ্বেশ্বরোঽর্চ্চিতঃ।
তারকং জ্ঞানমাসাদ্য তে মুক্তাঃ কর্ম্মপাশতঃ ॥ ৫৭।
ধনিনো ন তথা সৌখ্যং প্রাপ্নুবন্তি নরাঃ ক্বচিৎ।
যথা নিধনতঃ কাশ্যাং লভন্তে সুখমব্যয়ম্ ॥ ৫৮।

পাবেন না ॥ ৫২ ॥ জপ, যজ্ঞ, দান, ব্রত ও বহুতর পুণ্যের অনুষ্ঠান ব্যতিরেকে কোন্ ব্যক্তি কাশীপ্রাপ্ত হইবার অভিলাষ করিতে পারে? কিন্তু কাশীধামে ঐ সকল পুণ্যকর্ম্মের অনুষ্ঠান অতি সহজ। কারণ জীবের কাশীপ্রাপ্তিই যোগ, কাশীপ্রাপ্তিই তপস্যা, কাশীপ্রাপ্তিই দান এবং কাশীপ্রাপ্তিই শিবত্বলাভ ॥ ৫৩। ৫৪ ॥ বারাণসী যাহার আশ্রয়, তাহার নিকটে কলি, কাল, মৃত্যু, বার্দ্ধক্য, পাপ, ব্যাধি অথবা অপরাপর বিঘ্নবিপত্তি কোথায় থাকে? ৫৫ ॥ যে অজ্ঞানান্ধ ব্যক্তি কাশীধাম আশ্রয় না করে, কলি তাহার বিঘ্ন জন্মায়, কাল তাহাকে হিংসা করে এবং নানাবিধ পাপ তাহাকে আক্রমণ করিয়া থাকে ॥ ৫৬ ॥ কাশীপুরী যাহার বাসস্থান এবং বিশ্বেশ্বর যাহার অর্চ্চনীয়, সেই পুণ্যাত্মা তারকব্রহ্ম মন্ত্র প্রাপ্ত হইয়া সমস্ত সংসারবন্ধন হইতে মুক্তিলাভ করেন ॥ ৫৭ ॥ মানবগণ কাশীপ্রাপ্ত হইলে যেরূপ অক্ষয় সুখলাভ করে, অতুল ঐশ্বর্য্যের অধিপতিরাও তাদৃশ পরমসুখ অনুভব করিতে সমর্থ হন না। স্বর্গবাস অপেক্ষা কাশীবাসই বিধিমতে পরম সুখ-

বরং কাশী সমাবাসী নাসীনো হ্যসদাস্পদৎ।
দুঃখান্তং লভতে পূর্ব্বঃ সুখান্তং লভতে পরঃ॥ ৫৯।
স্থিতোঽপি ভগবানীশো মন্দরং চারুকন্দরম্।
কাশীং বিনা রতিং নাপ দিবোদাসনৃপাষিতাম্ ॥৬০।

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে কালবঞ্চনোপায়ো নাম
দ্বিচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।

সাধন। যে হেতু কাশীবাসে সমস্ত দুঃখের অন্ত হয়, কিন্তু স্বর্গবাসে কৃত-কর্ম্মানুযায়ি ফলভোগান্তে সুখেরও অন্ত হইয়া থাকে॥ ৫৮। ৫৯॥

স্কন্দদেব কহিলেন, হে মুনিপ্রবর কুম্ভযোনে। ভগবান কাশীপতি বিশ্বেশ্বর রাজা দিবোদাসকে কাশীধামে প্রতিষ্ঠিত করিয়া স্বয়ং সুচারু মন্দরপর্ব্বতে অবস্থান করিতেছেন, তথাপি এই অবিমুক্তক্ষেত্র বারাণসীধাম নিয়তই তাঁহার হৃদ্‌পদ্মাসনে জাগরূক রহিয়াছে॥ ৬০॥

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে কালবঞ্চন নাম
দ্বিচত্বারিংশত্তম অধ্যায়।

ত্রিচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।

অগস্তিরুবাচ।

দিবোদাসং নরপতিং কথং দেবস্ত্রিলোচনঃ।
কাশীং সংত্যাজয়ামাস কথমাগাচ্চ মন্দরাৎ ॥ ১।
এতদাখ্যানমাখ্যাহি শ্রোতৃণাং প্রমুদে ভগোঃ।

স্কন্দ উবাচ।

মন্দরং গতবান্ দেবো ব্রহ্মণো বাক্যগৌরবাৎ।
তপসা তস্য সন্তুষ্টো মন্দরস্যৈব ভূভৃতঃ ॥ ২।
গতে বিশ্বেশ্বরে দেবে মন্দরং চারুকন্দরম্।
গিরিশেন সমং জগ্মুরপি সর্ব্বে দিবৌকসঃ ॥ ৩।
ক্ষেত্রাণি বৈষ্ণবানীহ ত্যক্ত্বা বিষ্ণুরপি ক্ষিতেঃ।
প্রয়াতো মন্দরং যত্র দেবদেব উমাধবঃ ॥ ৪।

ত্রিচত্বারিংশত্তম অধ্যায়।

মহর্ষি অগস্ত্য অতঃপর স্কন্দদেবকে জিজ্ঞাসা করিলেন, হে ষড়ানন! কাশীপতি বিশ্বেশ্বর রাজা দিবোদাসকে কাশীচ্যুত করিয়া স্বয়ং পুনরায় মন্দর পর্ব্বত হইতে বারাণসীধামে আগমন করিয়াছিলেন কেন? হে ভগবন্! শ্রোতৃবর্গের সুখাবহ সেই আখ্যানবৃত্তান্ত আমার নিকট কীর্ত্তন করুন ॥ ১ ॥ স্কন্দ কহিলেন, মুনিবর! ভগবান প্রজাপতি ব্রহ্মার বাক্যের গৌরব রক্ষার্থ নগবর মন্দরের তপস্যায় সন্তুষ্ট হইয়া দেবাদিদেব বিশ্বেশ্বর মন্দরপর্ব্বতে গমন করিয়াছিলেন ॥ ২ ॥ মহাদেব মন্দরযাত্রা করিলে নিখিল দেবগণও তাঁহার সহিত গমন করেন ॥ ৩ ॥ স্বয়ং রমাপতি বিষ্ণুও পৃথিবীস্থ সমস্ত বৈষ্ণবক্ষেত্র

স্থানানি গাণপত্যানি গণেশোপি ততো ব্রজেৎ।
হিত্বাহমপি বিপ্রেন্দ্র গতবান্ মন্দরং প্রতি।
সুরঃ সৌরাণি সন্ত্যজ্য গতশ্চায়তনাৎ পরম।
স্বং স্বং স্থানং ক্ষিতৌ ত্যক্ত্বা যযুবন্যেঽপি নির্জ্জরাঃ ॥৬।
গতেষু দেবসঙ্ঘেষু পৃথিব্যাঃ পৃথিবীপতিঃ।
চকার রাজ্যং নির্দ্দ্বন্দ্বঃ দিবোদাসঃ প্রতাপবান্ ॥ ৭।
বিধায় রাজধানীং স বারাণস্যাং সুনিশ্চলাম্।
এধাঞ্চক্রে মহাবুদ্ধিঃ প্রজা ধর্ম্মেণ পালয়ন্ ॥ ৮।
ততাপ সূর্য্য ইব স দুর্হৃদাং হৃদি নেত্রয়োঃ।
সোমবৎ সুহৃদামাসীন্ মানসেষু স্বকেষ্বপি ॥ ৯।
অখণ্ডমাখণ্ডলবৎ কোদণ্ডং কলয়ন্ রণে।
পলায়মানৈবালোকি শক্রসৈন্যবলাহকৈঃ ॥ ১০।

পরিত্যাগ করিয়া উমাপতি মহেশ্বরের নিকটে মন্দরপর্ব্বতে গমন করিয়াছিলেন ॥ ৪ ॥ হে মহর্ষে! ধরাতলস্থ সমস্ত গাণপত্যক্ষেত্র পরিত্যাগ করিয়া পার্ব্বতীনন্দন গণপতিও পার্ব্বতীপতি পশুপতির সকাশে মন্দরশিখরে আশ্রয় লইয়াছিলেন ॥ ৫ ॥ সূর্য্যদেবও সৌরক্ষেত্র হইতে মন্দরে শিবসন্নিধানে যাত্রা করেন, অন্যান্য সুরগণও ক্ষিতিতল হইতে নিষ্ক্রান্ত হইয়া সুরেশ্বর বিশ্বেশ্বরের অনুগামী হন ॥ ৬ ॥ সমস্ত দেবগণ পৃথিবী হইতে প্রস্থান করিলে পর মহাপ্রতাপশালী রাজা দিবোদাস একছত্রা পৃথ্বীপতি হইয়া নিষ্কণ্টকে রাজ্য ভোগ করিয়াছিলেন ॥ ৭ ॥ সেই নৃপসত্তম এই বারাণসীধামে অচলা রাজধানী সংস্থাপনপূর্ব্বক ন্যায়ধর্ম্মানুসারে প্রজাপালন করিতেন ॥ ৮ ॥ সেই প্রতাপান্বিত নরপতি দুর্দ্দান্ত দুঃশীল লোকের হৃদয়ে ও নেত্রে তীক্ষ্ণরশ্মি মহাপ্রতাপ প্রভাকরের ন্যায় প্রতিভাত হইতেন এবং সহৃদয় লোকেরা তাঁহাকে শীতরশ্মি সোমদেবের ন্যায় মনে মনে অভিনন্দন করিতেন ॥ ৯ ॥ দেবরাজ আখণ্ডলের অখণ্ড কোদণ্ডের ন্যায় তাঁহার প্রচণ্ড ধনুষ্টঙ্কার শ্রবণ করিয়া

স ধর্ম্মরাজবজ্জাতো ধর্ম্মাধর্ম্মবিবেচকঃ।
অদণ্ড্যান্মণ্ডয়ন্ রাজা দণ্ড্যাংশ্চ পরিদণ্ডয়ন্॥ ১১।
ধনঞ্জয় ইবাধাক্ষীৎ পরারণ্যান্যনেকশঃ।
পাশীব পাশয়াঞ্চক্রে বৈরিচক্রং বিদূরগঃ॥ ১২।
সোঽভূৎ পুণ্যজনাধীশো রিপুরাক্ষসবর্দ্ধনঃ।
জগৎপ্রাণসমানশ্চ জগৎপ্রাণনতৎপরঃ॥ ১৩।
রাজরাজঃ স এবাভূৎ সর্ব্বেষাং ধনদঃ সতাম্।
স এব রুদ্রমূর্ত্তিশ্চ ঐপ্রক্ষিষ্ট রিপুভীরণে॥ ১৪।
বিশ্বেষাং স হি দেবানাং তপসা রূপধৃক্ সতঃ।
বিশ্বেদেবাস্ততস্তন্তু স্তবন্তি চ ভজন্তি চ॥ ১৫।
অসাধ্যঃ স হি সাধ্যানাং বসুভ্যো বসুনাধিকঃ।
গ্রহাণাং বিগ্রহধরো দস্রতোঽস্রস্ররূপভাক্॥ ১৬।

এবং সমরাঙ্গনে তাঁহার অরিবিমর্দ্দন করালমূর্ত্তি নিরীক্ষণ করিয়া বিপক্ষ সেনাদল বিচ্ছিন্ন মেঘমালার ন্যায় পলায়ন করিত॥ ১০॥

সেই রাজা দিবোদাস সাক্ষাৎ ধর্ম্মরাজের ন্যায় ধর্ম্মাধর্ম্মের বিচার করিয়া সাধুর পুরস্কার এবং দণ্ডার্হ অসাধুব্যক্তির যথোচিত দণ্ডবিধান করিতেন॥ ১১॥ প্রজ্বলিত হুতাশনের ন্যায় তিনি বিপুল বিপক্ষারণ্য বিদগ্ধ করিয়া ফেলিতেন এবং পাশপাণি বরুণদেবের ন্যায় পাশচক্রে বহুদূর হইতেই সমস্ত বৈরিচক্র ভেদ করিতেন॥ ১২॥ ধার্ম্মিকশ্রেষ্ঠ রাজচক্রবর্ত্তী সেই দিবোদাস সমস্ত রিপু ও রাক্ষসগণকে বিনাশ করিতেন এবং জগৎপ্রাণ বায়ুদেবের ন্যায় সমস্ত প্রাণির জীবনরক্ষণে তৎপর ছিলেন॥ ১৩॥ স্বয়ং রাজরাজেশ্বর হইয়া তিনি সমস্ত সাধুব্যক্তিগণকে অর্থদানে পরিতুষ্ট করিতেন এবং রণস্থলে বিপক্ষগণ তাঁহারে সাক্ষাৎ তেজোময় রুদ্রদেবের ন্যায় নিরীক্ষণ করিতেন॥ ১৪॥ তিনি তপোবলে সমস্ত দেবগণের রূপধারণ করিতে সমর্থ ছিলেন; এই

মরুদ্গণানগণয়ং স্তুষিতাৎ স্তোষয়ন্ গুণৈঃ।
সর্ব্ববিদ্যাধরো যস্তু সর্ব্ববিদ্যাধরেষ্বপি ॥ ১৭ ॥
অগর্ব্বানেব গন্ধর্ব্বান্ যশ্চক্রে নিজগীতিভিঃ।
ররক্ষুর্যক্ষরক্ষাংসি তদ্দুর্গং স্বর্গসোদরম্ ॥ ১৮ ॥
নাগা নাগাংসি চক্রুশ্চ তস্য নাগবলীয়সঃ।
দনুজা মনুজাকারং কৃত্বা তঞ্চ সিষেবিরে ॥ ১৯ ॥
জাতা গুহ্যচরা যস্য গুহ্যকাঃ পরিতো নৃষু।
সংসেবিষ্যামহে রাজন্নসুরাস্ত্বাং স্ববৈভবৈঃ ॥ ২০ ॥
বয়ং যতস্ত্বদ্বিষয়ে সুরাবাসোঽপি দুর্লভঃ।
অশিক্ষয়ৎ ক্ষিতিপতেরিহ যস্য তুরঙ্গমান্ ॥ ২১ ॥

কারণে সমস্ত গণদেবতাগণ তাঁহাকে স্তুতি ও ভজনা করিতেন ॥ ১৫ ॥ সেই রাজা দিবোদাস সমস্ত দেবগণের অজেয়, বসুগণ অপেক্ষাও ধনবান, অশুভ গ্রহের অনিষ্টকারিতা নিবারক এবং অশ্বিনীকুমার অপেক্ষাও রূপবান ছিলেন ॥ ১৬ ॥ প্রাণাপানাদি পঞ্চবায়ু এবং চক্ষুরাদি সমস্ত ইন্দ্রিয়ের অধিষ্ঠাত্রীদেবগণ তাঁহার প্রতি প্রসন্ন থাকাতে তিনি সমস্ত মরুদ্গণকে গণনা করিতেন না এবং তিনি স্বয়ং সমস্ত বিদ্যাধর অপেক্ষাও সমস্ত বিদ্যায় সুনিপুণ ছিলেন ॥ ১৭ ॥ সঙ্গীত বিদ্যায় গন্ধর্ব্বেরাও তাঁহার নিকট পরাভূত হইতেন। তাঁহার স্বর্গতুল্য দুর্গপরিখা সর্ব্বদা যক্ষ রক্ষগণকর্ত্তৃক পরিরক্ষিত হইত ॥ ১৮ ॥ নাগলোকেরাও সেই নাগতুল্য বলশালি রাজা দিবোদাসের কিছুমাত্র অনিষ্ট করিতে পারিত না এবং দানবেরাও মানবাকার ধারণ করিয়া তাঁহার সেবা করিত ॥ ১৯ ॥ গুহ্যকেরাও যাবতীয় পার্থিব নরগণের মধ্যে কেবল তাঁহারই গুপ্তচরের কার্য্য করিত। অসুরেরাও তাঁহাকে গৌরব করিয়া বলিত, হে মহারাজ! আপনার রাজ্যে দেবগণেরও অবস্থান করা সুদুর্লভ; অতএব আমরা যথাশক্তি আপনার সেবা করিব ॥ ২০ ॥ সেই রাজার সুবেগগামি তুরঙ্গমের নিকট আশুগতি শিক্ষা করিবার নিমিত্তই আশুগতি পবনদেব তাঁহার রাজ্যের সুপবিত্র বর্ত্মে নিয়ত সঞ্চরণ করিতেন। তাঁহার পর্ব্বতসন্নিভ

আশুগশ্চাশুগামিত্বং প্লাবমানে পথি স্থিতঃ।
অগজান্ যস্য তু গজান্নগবর্ষ্মসুবর্ষ্মণঃ।
অজস্রদানিনো দৃষ্ট্বা ভবন্নন্যেঽপি দানিনঃ॥ ২২।
সদোজিরে চ বোদ্ধারো যোদ্ধারশ্চ রণাঙ্গিরে।
ন যস্য শাস্ত্রৈর্বিজিতা ন শস্ত্রৈঃ কেনচিৎ কচিৎ॥ ২৩।
ন নেত্রবিষয়ে জাতা বিষয়ে যস্য ভূভৃতঃ।
সদা নষ্টপদা দ্বেষ্যাস্তথাঽনষ্টপদাঃ প্রজাঃ॥ ২৪।
কলাবানেক এবাস্তি ত্রিদিবেঽপি দিবৌকসাম্।
তস্য ক্ষৌণিভৃতঃ ক্ষৌণ্যাং জনা সর্ব্বে কলালয়ঃ॥২৫।
এক এব হি কামোঽস্তি স্বর্গে সোঽপ্যঙ্গবর্জ্জিতঃ।
সাঙ্গোপাঙ্গাশ্চ সর্ব্বেষাং সর্ব্বে কামা হি তদ্ভুবি॥ ২৬।
তস্যোপবর্ত্তনেঽপ্যেকো ন শ্রুতো গোত্রভিৎ কচিৎ।
স্বর্গে স্বর্গসদামীশো গোত্রভিৎ পরিকীর্ত্তিতঃ॥ ২৭।

পার্ব্বতীয় হস্তির অজস্র অবিরল মদস্রাব দর্শন করিয়া পৃথিবীর দানশীল ব্যক্তিগণ দান শিক্ষা করিতেন॥ ২১। ২২॥ তদীয় রাজসভার সদস্যবর্গ এবং রণস্থলের রণনিপুণ যোদ্ধবর্গ কস্মিন্ কালে কোনপ্রকার শাস্ত্রজ্ঞ বা সমরজ্ঞ পণ্ডিতের নিকট পরাভব স্বীকার করেন নাই॥ ২৩॥ রাজা দিবোদাসের রাজ্যে কখনই কোন প্রজাকে নিরাশ্রয় দেখা যাইত না, আততায়ি বিপক্ষগণকেও সর্ব্বদা আশ্রয়শূন্য দৃষ্ট হইত না॥ ২৪॥

আকাশে কলানিধিচন্দ্রমা ষোড়শ কলায় পরিপূর্ণ, কিন্তু রাজা দিবোদাসের রাজ্যে সমস্ত লোকেই চৌষট্টি কলায় বিভূষিত ছিলেন। ২৫॥ স্বর্গে একমাত্র কাম অবস্থান করেন, তিনিও আবার অনঙ্গ, কিন্তু রাজা দিবোদাসের রাজ্যে সকলেই মূর্ত্তিমান কামদেব॥২৬॥ অমরনগরে কেবল একটিমাত্র ইন্দ্রালয়, রাজা দিবোদাসের রাজ্যে সমস্তই ইন্দ্রপুরী॥ ২৭॥ দেবলোকে নিশাপতি শশধর

ক্ষয়ী চ তস্য বিষয়ে কোঽপ্যাকর্ণি ন কেনচিৎ।
ত্রিবিষ্টপে ক্ষপানাথঃ পক্ষে পক্ষে ক্ষয়ী স্বতঃ॥ ২৮।
নাকে নব গ্রহাঃ সন্তি দেশান্তস্যাঽনবগ্রহাঃ॥ ২৯।
হিরণ্যগর্ভঃ স্বর্লোকেঽপ্যেক এব প্রকাশতে।
হিরণ্যগর্ভাঃ সর্বেষাং তৎপৌরাণামিহালয়াঃ॥ ৩০।
সপ্তাশ্ব এক স্বর্লোকে নিতরাং ভাসতেঽংশুমান্।
সদংশুকঃ প্রতিগৃহং বহ্বশ্বাস্তৎপুরৌকসঃ॥ ৩১।
সদপ্সরা যথা স্বস্তৎপুর্য্যপি সদপ্সরাঃ।
একৈব পদ্মা বৈকুণ্ঠে তস্য পদ্মাকরাঃ শতম্॥ ৩২।
অনীতয়শ্চ তদ্গ্রামানারাজপুরুষাঃ ক্বচিৎ।
গৃহে গৃহেঽত্র ধনদা নাক একোঽলকাপতিঃ॥ ৩৩।

পক্ষে পক্ষে ক্ষয় প্রাপ্ত হন, কিন্তু রাজা দিবোদাসের রাজ্যে কস্মিনকালে কোন ব্যক্তি ক্ষয় প্রাপ্ত হইয়াছে, এরূপ জনরবও কেহ কখন শ্রবণ করেন নাই॥ ২৮॥ স্বর্গে নবগ্রহ বিরাজ করেন, কিন্তু রাজা দিবোদাসের রাজ্যে কোন গ্রহের উপদ্রব ছিল না॥ ২৯॥ সুরলোকে একমাত্র বিধাতাই হিরণ্যগর্ভ, কিন্তু রাজা দিবোদাসের রাজ্যে সমস্ত পুরবাসির নিকেতনই সুবর্ণগর্ভ॥ ৩০॥ স্বর্গে একমাত্র অংশুমান সপ্তাশ্ব দিবাকর প্রকাশমান, রাজা দিবোদাসের রাজ্যে সমস্ত পুরোবাসীই সূর্য্যেবন্যায় দীপ্তিমান এবং বহু অশ্বের অধীশ্বর॥ ৩১॥ সুরপুরীতে যেমন অপ্সরোগণ নিত্য বিরাজমান্, রাজা দিবোদাসের পুরীতেও সেইরূপ অপ্সরা বাস করেন। বৈকুণ্ঠপুরীতে একমাত্র পদ্মালয়া পদ্মার অধিষ্ঠান, কিন্তু রাজা দিবোদাসের সর্ব্বরত্নাকর রাজ্যে শতশত পদ্মাকর বিদ্যমান ছিল॥ ৩২॥ রাজা দিবোদাসের রাজ্যে অনাবৃষ্টি প্রভৃতি উপদ্রব ছিল না, তাঁহার প্রতিদ্বন্দী রাজাও কেহ ছিলেন না। স্বর্গধামে অলকাপুরীতে একমাত্র ধনাধিপতি কুবের অধিষ্ঠিত আছেন, কিন্তু দিবোদাসের রাজ্যে প্রতি গৃহেই ধনপতি কুবেরের অধিষ্ঠান ছিল॥ ৩৩॥

দিবোদাসস্য তস্যৈবং কাশ্যাং রাজ্যং প্রশাসতঃ।
গতমেকদিনপ্রায়ং শরদাময়ুতাষ্টকম্ ॥ ৩৪ ।
গীর্ব্বাণা বিপ্রতীকারমথ তস্য চিকীর্ষবঃ।
গুরুণা মন্ত্রয়াঞ্চক্রুর্দ্ধর্মবর্ত্মানুযায়িনঃ ॥ ৩৫ ।
ভবাদৃশামিব মুনে প্রায়শো ধর্ম্মচারিণাম্।
বিবুধা বিদধত্যেব মহতীরাপদাং ততীঃ ॥ ৩৬ ।
যদ্যপ্যসৌ ধরাধীশো ব্যাধিনোদ্দুর্দ্ধরাধ্বরৈঃ।
তানধ্বরভুজোঽত্যন্তং তথাপি সুহৃদো ন তে ॥ ৩৭ ।
স্বভাব এব হ্যসদাং পরোৎকর্ষাঽসহিষ্ণুতা।
বলিবাণদধীচ্যাদ্যৈরপরাদ্ধং কিমত্র তৈঃ ॥ ৩৮ ।
অন্তরায়া ভবন্ত্যেব ধর্ম্মস্যাপি পদে পদে।
তথাপি ন নিজো ধর্ম্মো ধর্ম্মধীভির্ব্বিমুচ্যতে ॥ ৩৯ ।

রাজা দিবোদাস অশীতি সহস্র বর্ষ কাশীধামে রাজত্ব করিয়াছিলেন। সেই আশীহাজার বৎসর যেন এক দিবসের ন্যায় অতীত হইয়াছিল ॥ ৩৪ ॥ অতঃপর দেবগণ ধর্ম্মপথানুগামি রাজা দিবোদাসের রাজ্যাধিকারে আপনাদিগের অনিষ্টের প্রতিকারার্থ অভিলাষী হইয়া দেবগুরু বৃহস্পতির সহিত মন্ত্রণা করিলেন ॥ ৩৫ ॥

মহর্ষি অগস্ত্যকে সম্বোধন করিয়া স্কন্দদেব কহিলেন, হে মুনিবর! দেবতারা ভবাদৃশ ধর্ম্মচারি লোকদিগকেই বিপদগ্রস্ত করিয়া থাকেন ॥ ৩৬ ॥ রাজা দিবোদাস যদিও বহুতর যজ্ঞানুষ্ঠান করিয়া দেবগণের পূজা করিয়াছিলেন, তথাপি দেবতারা তাঁহার প্রতি সুপ্রসন্ন হন নাই ॥ ৩৭ ॥ পরোৎকর্ষ অসহিষ্ণুতাই অসূয়াপরবশ-দেবগণের চিরস্বভাব। হে মুনিসত্তম! বলদেখি, বাণ রাজা, বলি রাজা ও দধিচিমুনি প্রভৃতির কি অপরাধ ছিল? ৩৮ ॥ দেবতারা পদেপদেই পার্থিবগণের ধর্ম্মকর্ম্মের বিঘ্ন জন্মাইয়া দেন; তথাপি

অধর্ম্মিণঃ সমেধন্তে ধনধান্যসমৃদ্ধিভিঃ ।
অধর্ম্মাদেব চ পরং সমূলং যান্ত্যধোগতিম্‌ ॥ ৪০ ।
প্রজাপালনতস্তস্য পুত্ত্রানিব নিজৌরসান্‌।
রিপুঞ্জয়স্য নাল্পোঽপি বভূবাধর্ম্মসংগ্রহঃ ॥ ৪১ ।
ষাড়্‌গুণ্যবেদিনস্তস্য ত্রিশক্ত্যূর্জ্জিতচেতসঃ ।
চতুরোপায়চিত্তস্য ন রন্ধ্রং বিবিদুঃ সুরাঃ ॥ ৪২ ॥
বুদ্ধিমন্তোপি বিবুধা বিপ্রতীকর্ত্তুমুদ্যতাঃ ।
মনাগপি ন সংশেকুরপকর্ত্তুং তদীশিতুঃ ॥ ৪৩ ।
একপত্নীব্রতাঃ সর্ব্বে পুমাংসস্তস্য মণ্ডলে ।
নারীষু কাচিন্নৈবাসীদপতিব্রতধর্ম্মিণী ॥ ৪৪ ।
অনধীতো ন বিপ্রোঽভূদশূরো নৈব বাহুজঃ ।
বৈশ্যোঽনভিজ্ঞো নৈবাসীদর্থোপার্জ্জনকর্ম্মসু ॥ ৪৫ ।

ধার্ম্মিকের হৃদয় এতদূর অটল যে, কিছুতেই তাঁহারা স্বধর্ম্ম পরিত্যাগ করেন না ॥ ৩৯ ॥ অধার্ম্মিকেরা কিছুদিনমাত্র ধনধান্যাদি সম্পত্তি উপভোগ করিয়া ইহসংসারে প্রতিপত্তি লাভ করে বটে, কিন্তু অবশেষে সেই অধর্ম্ম পরিপক্ক হইলে এককালে সমূলে নির্ম্মূল হইয়া যায় ॥ ৪০ ॥ রাজা দিবোদাস ঔরস পুত্র নির্ব্বিশেষে প্রজাপালনে তৎপর ছিলেন। সেই ধর্ম্মপরায়ণ ভূপতি রিপুঞ্জয়ের কিছুমাত্র অধর্ম্ম সঞ্চিত ছিল না। যড় বিধ রাজধর্ম্মপরায়ণ, বল, বুদ্ধি ও বিক্রমে একাগ্রচিত্ত এবং চতুর্ব্বর্গসাধনের বিধানজ্ঞ রাজা দিবোদাসের ছিদ্রান্বেষণে তৎপর হইয়াও দেবতারা সর্ব্বতোভাবে অকৃতকার্য্য হইয়া নিতান্ত হতাশ হইয়াছিলেন। সুচতুর দেবগণ কাশীনরেশ দিবোদাসের অপকার সাধনে প্রবৃত্ত হইয়াছিলেন, অথচ কোনপ্রকারে কিছুমাত্র অনিষ্টসাধন করিতে পারেন নাই ॥ ৪১—৪৩ ॥ পুণ্যশীল রাজা দিবোদাসের রাজ্যে পুরুষমাত্রেই একএক পত্নীতে নিরত ছিল এবং সেই পুণ্যধামে একটিও অসতী স্ত্রী ছিল না ॥ ৪৪ ॥ সেই রাজ্যে বেদাধ্যয়ন-বর্জ্জিত ব্রাহ্মণ, বাহুবলবর্জ্জিত ক্ষত্রিয় এবং

অনন্যবৃত্তয়ঃ শূদ্রা দ্বিজশুশ্রূষণং প্রতি ।
তস্য রাষ্ট্রে সমভবন্ দিবোদাসস্য ভূপতেঃ ॥ ৪৬ ।
অবপ্লিুতব্রহ্মচর্য্যাস্তদ্রাষ্ট্রে ব্রহ্মচারিণঃ ।
নিত্যং গুরুকুলাধীনা বেদগ্রহণতৎপরাঃ ॥ ৪৭ ।
আতিথ্যধর্ম্মপ্রবণা ধর্ম্মশাস্ত্রবিচক্ষণাঃ ।
নিত্যং সাধুসমাচারা গৃহস্থাস্তস্য সর্ব্বতঃ ॥ ৪৮ ।
তৃতীয়াশ্রমিণো যস্মিন্ বনবৃত্তিকৃতাদরাঃ ।
নিস্পৃহা গ্রামবার্ত্তাসু বেদবর্ত্মানুসারিণঃ ॥ ৪৯ ।
সর্ব্বসঙ্গবিনির্ম্মুক্তা নির্ম্মুক্তা নিষ্পরিগ্রহাঃ ।
বাঙ্মনঃ কর্ম্মদণ্ডাঢ্যা যতয়ো যত্র নিস্পৃহাঃ ॥ ৫০ ।
অন্যেঽনুলোমজন্মানঃ প্রতিলোমভবা অপি ।
স্বপারম্পর্য্যতো দৃষ্টং মনাগ্বর্ত্ম ন তত্যজুঃ ॥ ৫১ ।

অর্থশাস্ত্রানভিজ্ঞ বৈশ্য কদাপি স্থান প্রাপ্ত হইত না। শূদ্রগণ কেবল দ্বিজ-সেবা ব্যতীত অন্যবৃত্তি অবলম্বন করিত না ॥ ৪৫ ॥ ৪৬ ॥ রাজা দিবোদাসের রাজ্যে ব্রহ্মচারিগণ অটল ব্রহ্মচর্য্য অবলম্বনপূর্ব্বক গুরুকুলে বাস করিয়া নিয়ত বেদাধ্যয়নে তৎপর থাকিতেন ॥ ৪৭ ॥ গৃহস্থগণ নিত্য আতিথ্যনিরত, ধর্ম্ম-শাস্ত্র সুনিপুণ এবং সদাচারপরায়ণ ছিলেন ॥ ৪৮ ॥ যাঁহারা সেই ধর্ম্মপরায়ণ রাজার রাজ্যহইতে বেদমার্গানুসারে তৃতীয় আশ্রম অবলম্বন করিতেন, সেই সংসারবিরাগি বাণপ্রস্থগণ কদাপি গ্রাম্য শুভাশুভ ব্যাপারে স্পৃহাশূন্য ও নির্লিপ্ত থাকিতেন। ঐরূপে যাঁহারা চতুর্থাশ্রম অবলম্বন করিতেন, সেই সংসার নিস্পৃহ যতিগণ সর্ব্বসঙ্গবিনির্ম্মুক্ত, সর্ব্বকার্য্যে নির্লিপ্ত, পরিগ্রহ পরাঙ্মুখ এবং বাক্য, মন ও কর্ম্মের সংযমনে সম্পূর্ণরূপে দৃঢ়ব্রত হইতেন ॥ ৪৯ ॥ ৫০ ॥ শ্রেষ্ঠবর্ণের ঔরসে নিকৃষ্ট জাতীয়া কন্যার গর্ভে যাহাদের জন্ম, সেই অনুলোমজাত পুরুষেরা এবং নিকৃষ্ট বর্ণের ঔরসে শ্রেষ্ঠ জাতীয়া নারীর

অনপত্যো ন তত্রাস্তে ধনহীনোঽপি কোপি ন।
অবৃদ্ধসেবী নো কশ্চিদকালমৃতিভাক্ চ ন ॥ ৫২।
ন চাটা নৈব বাচাটা বঞ্চকা নো ন হিংসকাঃ।
ন পাষণ্ডা ন বৈ ভণ্ডা ন রণ্ডা ন চ শৌণ্ডিকাঃ ॥ ৫৩।
শ্রুতিঘোষা হি সর্ব্বত্র শাস্ত্রবাদঃ পদেপদে।
সর্ব্বত্র শুভগালাপা মুদামঙ্গলগীতয়ঃ ॥ ৫৪।
বীণাবেণুপ্রবাদাশ্চ মৃদঙ্গা মধুরস্বনাঃ।
সোমপানং বিনান্যত্র পানগোষ্ঠী ন কর্ণগা ॥ ৫৫।
মাংসাশিনঃ পুরোডাশে নৈবান্যত্র কদাচন।
ন দুরোদরিণো যত্র নাধমর্ণা ন তস্করাঃ ॥ ৫৬।
পুত্রস্য পিত্রোঃ পদয়োঃ পূজনং দেবপূজনম্।
উপবাসো ব্রতং তীর্থং দেবতারাধনং পরম্ ॥ ৫৭।

গর্ভজাত প্রতিলোমজ সন্তানেরা রাজা দিবোদাসের রাজ্যে পরম্পরানুগত দুষ্টচরিত পন্থা পরিত্যাগ করিত না ॥ ৫১ ॥ রাজা দিবোদাসের রাজ্যে অপুত্রক, নির্ধন, বৃদ্ধসেবায় হতাদর এবং অল্পায়ুব্যক্তি কেহই ছিল না ॥ ৫২ ॥ চাটুকার, বাচাল, প্রবঞ্চক, হিংস্রক, পাষণ্ড, ভণ্ড, বিধবা এবং সুরাবিক্রয়ীও দৃষ্টিগোচর হইত না ॥ ৫৩ ॥ সেই পুণ্যবান রাজার রাজ্যে সর্ব্বত্রই বেদধ্বনি, শাস্ত্রালাপ, সদালাপ এবং মঙ্গল গীতের আনন্দধ্বনি শ্রুতিগোচর হইত ॥ ৫৪॥ সুমধুর বেণু, বীণা ও মৃদঙ্গের সুমধুরধ্বনি রিপুঞ্জয়রাজ্যে সর্ব্বত্রই প্রতিধ্বনিত হইত। নিরবচ্ছিন্ন সোমপানব্যতীত অন্য কোন দূষনীয় পানীয়পানে কেহই নিরত ছিল না ॥ ৫৫ ॥ কেবল যজ্ঞীয় মাংসব্যতীত কেহ কদাচ সে রাজ্যে অন্য মাংস ভক্ষণ করিত না। রাজ্যমধ্যে দ্যূতক্রীড়ক, অধমর্ণ এবং তস্করেরা অবস্থান করিতে পাইত না ॥ ৫৬ ॥ রাজা দিবোদাসের অধিকারে পুত্রগণ নিয়ত পিতৃসেবা ও দেবার্চ্চন নিরত ছিল এবং সমস্ত লোকেই ব্রত, উপবাস,

নারীণাং ভর্ত্তৃপদয়োরর্চ্চনং তদ্বচঃ শ্রুতিঃ।
সমর্চ্চয়ন্তি সততং মনুজা নিজমগ্রজম্॥ ৫৮।
সপর্য্যয়ন্তি মুদিতা ভৃত্যাঃ স্বামিপদাম্বুজম্।
হীনবর্ণৈরগ্রবর্ণো বর্ণ্যতে গুণগৌরবৈঃ॥ ৫৯।
বরিবস্যন্তি ভূয়োঽপি ত্রিকালং ভূমিদেবতাঃ।
সর্ব্বত্র সর্ব্বে বিদ্বাংসঃ সমর্চ্চ্যন্তে মনোরথৈঃ॥ ৬০।
বিদ্বদ্ভিশ্চ তপোনিষ্ঠাস্তপোনিষ্ঠৈর্জিতেন্দ্রিয়াঃ।
জিতেন্দ্রিয়ৈর্জ্ঞাননিষ্ঠা জ্ঞানিভিঃ শিবযোগিনঃ॥ ৬১।
মন্ত্রপূতং মহার্হঞ্চ বিধিযুক্তং সুসংস্কৃতম্।
বাড়বানাং মুখাগ্নৌ চ হূয়তেঽহর্নিশং হবিঃ॥ ৬২।
বাপীকূপতড়াগানামারামাণাং পদে পদে।
শুচিভির্দ্রব্যসম্ভারৈঃ কর্ত্তারো যত্র ভূরিশঃ॥ ৬৩।

তীর্থপর্য্যটন ও দেবারাধনায় অনুরক্ত থাকিত॥ ৫৭॥ সেই রাজ্যের স্ত্রীলোকেরা সর্ব্বদা পতির পদসেবায় ভক্তিমতী হইয়া পতির আজ্ঞাপালনে যত্নবতী থাকিত এবং সমস্ত মানবগণ স্ব স্ব জ্যেষ্ঠ সহোদরের প্রতি শ্রদ্ধাবান্ হইয়া আজ্ঞানুবর্ত্তী থাকিতেন॥ ৫৮॥

ভৃত্যগণ সর্ব্বদা প্রভুর পদসেবায় তৎপর থাকিত এবং হীনজাতীয় লোকেরা গুণগৌরবান্বিত শ্রেষ্ঠবর্ণের যথাযোগ্য মর্য্যাদা রক্ষা ও আনুগত্য করিত॥ ৫৯॥ রাজা দিবোদাসের রাজ্যবাসি লোকেরা ভক্তিমান্ হইয়া বেদজ্ঞ ভূদেব ব্রাহ্মণগণের নিত্য নিত্য ত্রিকালীন সেবা করিত; সেই বিদ্বান ব্রাহ্মণেরা তপোনিষ্ঠ তপস্বিগণের, তপস্বীরা জিতেন্দ্রিয় পুরুষগণের, জিতেন্দ্রিয় পুরুষেরা তত্ত্বজ্ঞানিগণের এবং সেই জ্ঞাননিষ্ঠ মহাত্মারা কাশীনাথ বিশ্বেশ্বরের পরম ভক্তগণের সেবা করিতেন॥ ৬০॥ ৬১॥ রিপুঞ্জয়-রাজ্যের সমস্ত ব্যক্তিই ভক্তিপূর্ব্বক ব্রাহ্মণের আস্যপাবকে মন্ত্রপূত সুসংস্কৃত হব্যদ্রব্য আহুতি প্রদান করিতেন॥ ৬২॥ সে রাজ্যের সকল লোকেরই দীর্ঘ দীর্ঘ

যত্রাষ্টে হৃষ্টপুষ্টাশ্চ দৃশ্যন্তে সর্ব্বজাতয়ঃ।
অনিন্দ্যসেবাসম্পন্না বিনা মৃগয়ুসৌনিকান্॥ ৬৪।
ইত্থং তস্য মহীজানেঃ সর্ব্বত্র শুচিবর্ত্তিনঃ।
উন্মিষন্তোঽপ্যনিমিষা মনাক্ ছিদ্রং ন লেভিরে॥ ৬৫।
অথোবাচামরগুরুর্দেবানপচিকীর্ষুকান্।
তস্মিন্ রাজনি ধর্ম্মিষ্ঠে বরিষ্ঠে মন্ত্রবেদিষু॥ ৬৬।

গুরুরুবাচ।

সন্ধিবিগ্রহযানাস্তিসংশ্রয়ং দ্বৈধভাবনম্।
যথা স রাজা সম্বেত্তি ন তথাত্রাপি কশ্চন॥ ৬৭।
উপায়োপ্যেক এবাস্তি চতুর্ষ্বিহ দিবৌকসঃ।
ভেদোনাম স চেৎ সিদ্ধেত্তপোবলিনি তত্র হি॥ ৬৮।

সরোবর, হ্রদ ও কূপ এবং বিবিধ পবিত্র বস্তুপূর্ণ উদ্যানসমূহ বিদ্যমান ছিল॥ ৬৩॥ রাজা দিবোদাসের রাজ্যবাসি সমস্ত জাতিই নিত্য সৌভাগ্যশালী সদানন্দ ছিল, কেবল ব্যাধ ও মাংসবিক্রয়ী ব্যতিরেকে অপর কোন জাতিই কোনপ্রকার নিন্দনীয় কার্য্যে অনুরক্ত ছিল না॥ ৬৪॥ পূর্ব্বোক্তপ্রকার সর্ব্বত্র পবিত্রতাসম্পন্ন সেই রাজধর্ম্মানুগত মহীপতি দিবোদাসের ছিদ্রান্বেষণে তৎপর হইয়া অনিমেষি দেবগণ নিয়ত বিশ্রান্তলোচনেও বিন্দুমাত্র ছিদ্র অবলোকনের অবসর প্রাপ্ত হন নাই॥ ৬৫॥

অনন্তর সুরগুরু বৃহস্পতি সেই ধর্ম্মনিষ্ঠ মন্ত্রণাকুশল ভূপালশ্রেষ্ঠ রাজা দিবোদাসের সম্বন্ধে অপচিকীর্ষাপরায়ণ সুরগণকে সম্বোধন করিয়া কহিলেন, হে দেবগণ। সন্ধি, বিগ্রহ, যান, বাহন, আশ্রয় এবং ভেদকৌশল, এই ষড়্বিধ রাজধর্ম্ম রাজা দিবোদাস যেমন পরিজ্ঞাত আছেন, আর কেহই তেমন অবগত নহেন। অতএব রাজগণের উপায়চতুষ্টয়ের মধ্যে কেবল একমাত্র ভেদই প্রকৃষ্ট উপায় আছে, সেই উপায় অবলম্বন করিলে তপোবলে বলীয়ান রাজা দিবোদাসের পরাভব সাধনে সিদ্ধিলাভ হইলেও হইতে পারে।

তেন যদ্যপি ভূভর্ত্রা ভূমের্দেবা বিবাসিতাঃ।
তথাপি ভূরিশস্তত্র সন্ত্যস্মৎপক্ষপাতিনঃ ॥ ৬৯ ।
কালো নিমিষমাত্রোঽপি যান্ বিনা ন সুখং ব্রজেৎ।
অস্মাকমপি তস্যাপি সন্তি তে তত্র মানিতাঃ ॥ ৭০ ।
অন্তর্বহিশ্চরা নিত্যং সর্ব্ববিশ্রম্ভভূময়ঃ।
সমাগতেষু তেষত্র সর্ব্বং নঃ সেৎস্যতি প্রিয়ম্ ॥ ৭১ ।
সমাকর্ণ্য চ তে সর্ব্বে ত্রিদশাগীষ্পতীরিতম্।
নির্ণীতবন্তস্তস্যার্থং যদাহ্যন্তর্বহিশ্চরান্ ॥ ৭২ ।
অভিনন্দ্যাথ তং সর্ব্বে প্রোচুরিত্থং ভবেদিতি।
ততঃ শক্রঃ সমাহূয় বীতিহোত্রং পুরঃ স্থিতম্ ॥ ৭৩ ।

পৃথিবীর আধিপত্য প্রাপ্ত হইয়া রাজা দিবোদাস যদিও অমরগণকে পৃথিবী হইতে বিবাসিত করিয়াছেন বটে, তথাপি অদ্যাপি আমাদিগের পক্ষীয় অনেকেই তথায় অবস্থিতি করিতেছেন। যে সকল দেবতার অভাবে নরলোকের নিমেষমাত্র কালও সুখে অতিবাহিত হয় না, অস্মৎপক্ষীয় সেই সমস্ত মাননীয় দেবগণ এখন পর্য্যন্ত রাজা দিবোদাসের নিকটে সমাদৃত হইয়া অবস্থান করিতেছেন। সেই সকল দেবতা নিয়তই জীবের অন্তরে ও বাহিরে বিচরণ করেন এবং তাঁহারা সমস্ত সুখসচ্ছন্দের অধিষ্ঠানভূমি। সেই দেবতারা আমাদিগের নিকটে সমাগত হইলে আমাদিগের সমস্ত অভীষ্ট সুসিদ্ধ হইতে পারে ॥ ৬৬—৭১ ॥

বাহ্যাভ্যন্তর-বিহারি দেবগণ বৃহস্পতির বাক্য শ্রবণ করিয়া তাহার নিগূঢ় অর্থ নির্ণয় করিতে সমর্থ হইলেন। অতএব তাঁহারা গুরুকে অভিনন্দন করিয়া তাঁহার বাক্যে অনুমোদন করিয়াছিলেন। তদনন্তর ত্রিদশাধিপতি পুরন্দর পুরঃস্থিত বীতিহোত্র অগ্নিকে আহ্বান করিয়া বহুমানপুরঃসর মধুরবচনে সম্বোধনপূর্ব্বক কহিলেন, হে হব্যবাহন হুতাশন! তোমার যে মূর্ত্তি কাশীধামে প্রতিভাত আছে, তত্রত্য রাজা দিবোদাসের অধিকার হইতে শীঘ্র সেই মূর্ত্তির উপসংহার কর। তোমার সেই মূর্ত্তি তথা হইতে এখানে

ঊচে মধুরয়া বাচা বহুমানপুরঃসরম্।
হব্যবাহন যা মূর্ত্তিস্তব তত্র প্রতিষ্ঠিতা।
তামুপাসংহর ক্ষিপ্রং বিষয়াত্তস্য ভূপতেঃ॥ ৭৪।
সমাগতায়াং তন্মূর্ত্তৌ সর্ব্বা নষ্টাগ্নয়ঃ প্রজাঃ।
হব্যকব্যক্রিয়াশূন্যা বিরজিষ্যন্তি রাজনি॥ ৭৫।
প্রজাসু চ বিরক্তাসু রাজ্যকামদুঘাসু বৈ।
কৃচ্ছ্রেণোপার্জ্জিতোঽপার্থো রাজশব্দো ভবিষ্যতি॥৭৬॥
প্রজানাং রঞ্জনাৎ রাজা যেয়ং রূঢ়িরুপার্জ্জিতা।
তস্যাং রূঢ্যাং প্রনষ্টায়াং রাজ্যমেব বিনঙ্ক্ষ্যতি॥ ৭৭।
প্রজাবিরহিতো রাজা কোষদুর্গবলাদিভিঃ।
সমৃদ্ধোপ্যঽচিরান্নশ্যেৎ কূলসংস্থ ইব দ্রুমঃ॥ ৭৮।
ত্রিবর্গসাধনে হেতুঃ প্রাক্ প্রজৈব মহীপতেঃ।
ক্ষীণবৃত্ত্যাং প্রজায়াং বৈ ত্রিবর্গঃ ক্ষীয়তে স্বয়ম্॥ ৭৯।

সমাগত হইলে সেই রাজার প্রজাগণ সকলেই অগ্নিশূন্য হইয়া পড়িবে এবং রাজ্যমধ্যে যাগযজ্ঞাদি পরিশূন্য হইয়া সমস্ত প্রজাই অসন্তোষ প্রকাশ করিতে থাকিবে। রাজ্যের কামধেনু স্বরূপ বরদ প্রজাগণ অসন্তুষ্ট হইলে সেই রাজা বহুকষ্টেও আর ভবিষ্যতে রাজপদবী উপার্জ্জন করিতে পারিবেন না। প্রজা-রঞ্জন করেন বলিয়াই প্রজাপালকের নাম রাজা। যিনি এই রূঢ়িপদটি অর্জ্জন করেন, তাঁহার সেই কর্ত্তৃত্ব বিনষ্ট হইলে রাজ্যও বিনষ্ট হইয়া থাকে। প্রজা, ধনাগার, দুর্গ এবং সেনাবল-বিরহিত রাজা বহু সমৃদ্ধিশালী হইলেও অচিরাৎ ধ্বংস প্রাপ্ত হন। রাজার ত্রিবর্গসাধনের মূলীভূতই প্রজা। সেই প্রজা যদি ক্ষীণ হইয়া পড়ে, তাহা হইলে ত্রিবর্গের উপায়ও আপনা হইতেই ক্ষীণতা প্রাপ্ত হয়। ত্রিবর্গসাধনের উপায় পরিক্ষীণ হইলে ইহপর উভয়লোকের গতিও সংক্ষীণ হইয়া যায়॥ ৭২—৭৯॥

ক্ষীণে ত্রিবর্গে সংক্ষীণা গতির্লোকদ্বয়াত্মিকা॥ ৮০।
ইতীন্দ্রবচনাৎ বহ্নিরহ্নায় ক্ষৌণিমণ্ডলাৎ।
আচকর্ষ নিজাং মূর্ত্তিং যোগমায়াবলান্বিতঃ॥ ৮১।
নিন্যে ন কেবলং ত্রেতাং জাঠরাগ্নিমপি প্রভুঃ।
বজ্রিণো বচসা বহ্নির্নিজশক্তিসমন্বিতম্॥ ৮২।
বহ্নৌ স্বর্লোকমাপন্নে জাতে মধ্যং দিনে নৃপঃ।
কৃতমাধ্যাহ্নিকস্তূর্ণং প্রাবিশদ্ভোজ্যমণ্ডপম্॥ ৮৩।
মহানসাধিকৃতয়ো বেপমানাস্ততো মুহুঃ।
ক্ষুধার্ত্তমপি ভূপালমিদং মন্দং ব্যজিজ্ঞপন্॥ ৮৪।

সূপকারা ঊচুঃ।

অত্যহস্করতেজস্ক প্রতাপবিজিতানল।
কিঞ্চিদ্বিজ্ঞপ্তুকামাঃস্মোঽপ্যকাণ্ডে রণপণ্ডিত॥ ৮৫।

দেবরাজ ইন্দ্রের এই বাক্য শ্রবণ করিয়া বিভাবসু হুতাশন তৎক্ষণাৎ যোগমায়াবলে পৃথিবী হইতে আপনার তেজোময়ীমূর্ত্তি আকর্ষণ করিলেন। ভগবান হব্যবাহন কেবল গৃহস্থের ত্রিবিধ অগ্নি হরণ করিয়াই নিরস্ত হইলেন না; নিজশক্তিসম্পন্ন জীবের জঠরাগ্নিও আকর্ষণ করিলেন॥ ৮০—৮৩॥

বৈশ্বানর অমরনগরে প্রস্থান করিলে পর রাজা দিবোদাস দিবা দ্বিপ্রহরের সময় শীঘ্র শীঘ্র মাধ্যাহ্নিক সন্ধ্যাবন্দনাদি সমাপনান্তে ভোজনাগারে প্রবেশ করিলেন। রন্ধনশালার পরিচারকেরা আতঙ্কে কম্পান্বিতকলেবর হইয়া উঠিল। পাচকেরা ক্ষুধার্ত্ত নরপতিকে মৃদুমন্দবচনে করযোড়ে নিবেদন করিল, হে মহারাজ! আপনি ভগবান সহস্ররশ্মিপ্রভাকর অপেক্ষাও সমধিক তেজস্বী, সর্ব্বভুক্ সুপ্রখর অনল অপেক্ষাও আপনার সমধিক প্রতাপ, সমরশাস্ত্রে আপনি অদ্বিতীয় সুপণ্ডিত, আপনি যদি দয়া করিয়া আমাদিগকে অভয়দান করেন, তাহা হইলে আমরা এই আকস্মিক দুর্ব্বিপাকের বিষয় কথঞ্চিৎ বিজ্ঞাপন করি। রাজা প্রফুল্লবদনে ভ্রূভঙ্গী করিয়া অনুজ্ঞাদান

যদি বিশ্রাণয়েদ্রাজন্ ভবানভয়দক্ষিণাম্।
তদা বিজ্ঞাপয়িষ্যামঃ প্রবদ্ধকরসম্পুটাঃ ॥ ৮৬।
ভ্রূসংজ্ঞয়া কৃতাদেশাঃ প্রশস্তাস্যেন ভূভুজা।
মৃদুবিজ্ঞাপয়াঞ্চক্রুঃ পাকশালাধিকারিণঃ ॥ ৮৭।
ন জানীমো বয়ং নাথ ত্বৎপ্রতাপভয়ার্দ্দিতঃ।
কুসৃত্যাথ কয়া বিদ্বানন্তো বৈশ্বানরঃ পুরাৎ ॥ ৮৮।
কৃশানৌ কৃশতাং প্রাপ্তে কথং পাকক্রিয়া ভবেৎ।
তথাপি সূর্য্যপাকেন সিদ্ধাপক্তির্হি কাচন ॥ ৮৯।
প্রভোরাদেশমাসাদ্য তামিহৈবানয়ামহে।
মন্যামহে চ ভূজানে পক্তিরদ্যতনী শুভা ॥ ৯০।
শ্রুত্বাস্কন্ধসিকবাক্যং স মহাসত্ত্বো মহামতিঃ।
নৃপতিশ্চিন্তয়ামাস দেবানাং বৈ কৃতন্ত্বিদম্ ॥ ৯১।

করিলে মহানসের অধ্যক্ষগণ মৃদুভাবে নিবেদন করিল, হে মহারাজ! অকস্মাৎ কোন্ মায়াবী শঠ কোন্ মায়াবিদ্যাবলে ভবদীয় প্রতাপশাসিত রাজপুরী হইতে হুতাশনকে বিদূরিত করিল, তাহা আমরা অবগত নহি ॥ ৮৪—৮৮ ॥ অগ্নি অভাবে পাকক্রিয়া সম্পাদিত হইতে পারে না, তথাপি কখন কখন সূর্য্যের উত্তাপে তৎকার্য্য কথঞ্চিৎরূপে সিদ্ধ হওয়াও সম্ভব। সেই প্রকারেই যৎকিঞ্চিৎ প্রস্তুত করিয়া রাখিয়াছি, মহারাজের অনুমতি হইলেই সম্মুখে উপস্থিত করি। লক্ষণ দেখিয়া আমরা ভাবিয়াছি, এ অবস্থায় অদ্যকার মত ইহাই উত্তম ॥ ৮৯ ॥ ৯০ ॥

সূপকারগণের এই বাক্য শ্রবণ করিয়া মহাসত্ত্ব মহামতি রাজা দিবোদাস মনে মনে চিন্তা করিলেন, অসূয়াপরবশ কুচক্রিদেবগণেরই এই চক্রান্ত। এইরূপ চিন্তা করিয়া ক্ষণকাল তথায় উপবেশনপূর্ব্বক তপোবলসম্পন্ন রাজা তপোবলে দিব্যচক্ষুপ্রভাবে দেখিতে পাইলেন, কেবল গার্হস্থ্য অগ্নিই অন্তর্দ্ধান করিয়াছেন এরূপ নহে, সেইসঙ্গে জঠরানল পর্য্যন্ত অন্তর্হিত হইয়াছে।

ক্ষণং সংশীলয়ংস্তত্র দদর্শ তপসোবলাৎ।
ন কেবলং জহৌ গেহং হুতভুক্ চোদরীর্দরীঃ॥ ৯২।
অপ্যহাসীদিতো লোকাজ্জগাম চ সুরালয়ম্।
ভবত্বিহ হি কা হানিরস্মাকং জ্বলনে গতে॥ ৯৩।
তেষামেব বিচারাচ্চ হানিরেষা সুপর্ব্বণাম্।
তদ্বলেন চ কিং রাজ্যং ময়েদ মুররীকৃতম্॥ ৯৪।
পিতামহেন মহতো গৌরবাৎ প্রতিপাদিতম্।
ইতি চিন্তয়তস্তস্য মধ্যলোকশতক্রতোঃ॥ ৯৫।
পৌরাঃ সমাগতা দ্বারি সহজানপদৈর্নরৈঃ।
দ্বাঃস্থেন চাজ্ঞয়া রাজ্ঞঃ ততস্তেনুঃ প্রবেশিতাঃ॥ ৯৬॥
দত্ত্বোপদং যথার্হন্তে প্রণেমুঃ ক্ষৌণিবজ্রিণম্।
কেচিৎ সম্ভাষিতা রাজ্ঞা দরসোদরয়া গিরা॥ ৯৭।

তপোবলে ইহা পরিজ্ঞাত হইয়া রাজা পুনরায় চিন্তা করিলেন, ভগবান হব্য-বাহন ইহলোক হইতে স্বর্গধামেই প্রস্থান করুন অথবা এই স্থানেই অবস্থিত থাকুন; তাহাতে আমাদিগের ক্ষতিই বা কি? ন্যায়ানুসারে বিচার করিয়া দেখিলে বরং ইহাতে দেবগণেরই ক্ষতি হইল। কেন না তাঁহাদের কোপে আমার কিছুমাত্র হানি নাই। দেবতারা কি মনে করেন যে, তাঁহাদের বলেই আমার এই রাজ্যাধিকার লাভ হইয়াছে? কমলাসন প্রজাপতি পিতামহের মহৎ গৌরবেই আমি এই রাজ্যে প্রতিষ্ঠিত হইয়াছি। ভূমীন্দ্র নরেন্দ্র দিবো-দাস এইরূপ চিন্তা করিতেছেন, ইত্যবসরে নগরস্থ জানপদবর্গ সমভিব্যা-হারে প্রতীহারী আসিয়া দ্বারদেশে সমুপস্থিত হইল॥ ৯১—৯৬॥

রাজা সেই সমাগত দ্বারস্থিত প্রজাগণকে সমীপস্থ হইবার অনুমতি প্রদান করিলেন। সমাগত লোকেরা অনুজ্ঞাত হইয়া সেই ভূমীন্দ্র নরেন্দ্রের সমীপে আগমনপূর্ব্বক যথাযোগ্য উপহারসহ দর্শনলাভ ও প্রণিপাত করিল। রাজা তাহাদিগের মধ্যে কতিপয় ব্যক্তিকে পরমসমাদরে মধুর বচনে সম্ভাষণ করিলেন, কাহারও প্রতি বা প্রফুল্লনয়নে দৃষ্টিপাত করিলেন, হস্ত সঞ্চালনপূর্ব্বক

কেচিচ্চ সমুদা দৃষ্টা কেচিচ্চ করসংজ্ঞয়া।
বিসর্জ্জিতাসনাঃ রাজ্ঞা বহুমানপুরঃসরম্ ॥ ৯৮ ।
ভেজিরে ভেজিরে সর্ব্বে রত্নার্চ্চিঃপরিসেবিতে।
বিজিতামোদসন্দোহে সুরানোকহসৌরভৈঃ।
রাজ্ঞঃ শতশলাকস্য ছত্রস্য ছায়য়া শুভে ॥ ৯৯ ।
বিশাম্পতিরথোবা চ তন্মুখচ্ছায়য়েরিতম্।
বিজ্ঞায় তদভিপ্রায়মলম্ভীত্যা পুরৌকসঃ ॥ ১০০ ।

কোন কোন ব্যক্তিকে উপবেশন করিবার ইঙ্গিত করিলেন এবং কোন কোন মান্যব্যক্তিকে বহুমানপূর্ব্বক আসন প্রদানের অনুমতি দিলেন। তাহারা সকলেই রাজপুরীস্থ সুপ্রশস্ত প্রাঙ্গণে সুরতরুপারিজাতবিনিন্দিতসৌরভময় রত্নমণ্ডিত আসনে সপ্তশলাকা বিশিষ্ট সুমহৎ রাজচ্ছত্রের ছায়াতলে উপবেশন করিল ॥ ৯৭—৯৯ ॥

তপঃপ্রভাবসম্পন্ন নির্ভয়হৃদয় রাজা দিবোদাস সেই সকল প্রজার বিবস বদন দর্শন ও কাতরবচন শ্রবণপূর্ব্বক তাহাদিগের অভিপ্রায় অবগত হইয়া কহিলেন, স্বার্থপরায়ণ দেবগণকে তোমাদের ভয় কি ? আততায়ি দেবগণ যদিও এস্থান হইতে হব্যবাহনকে আকর্ষণ করিয়া লইলেন, কিন্তু তাহাতেই বা আমাকে পরাভব করিবার ইষ্টসিদ্ধি কি হইল ? হে পৌরবর্গ ! পূর্ব্বেই আমার এতৎ কার্য্য সাধনের অভিলাষ ছিল, কিন্তু দেবতারা এতকাল উপেক্ষা করিয়া বহু বিলম্বে ইহা স্মরণ করিয়াছেন। অগ্নি চলিয়া গিয়াছেন, ভালই হইয়াছে ; জগৎপ্রাণ বায়ুও চলিয়া যাউন। জলাধিপতি বরুণ এবং দিবাবিভাবরীর অধিষ্ঠাত্রি দেবতা চন্দ্রসূর্য্যও অবিলম্বে প্রস্থান করুন। তপোবলে আমি স্বয়ংই পর্জ্জন্যরূপ ধারণপূর্ব্বক পৃথিবীকে বারিপূর্ণ করিয়া সমস্ত শস্যে পরিপূর্ণ করণানন্তর জানপদবর্গের হর্ষ সমুৎপাদন করিব। স্বয়ংই আমি তপঃপ্রভাবে ত্রিবিধ অগ্নির রূপধারণপূর্ব্বক পাক, যজ্ঞ, ও দাহক্রিয়া সম্পাদন করিব। অন্তর্বহিশ্চর বায়ুরূপ পরিগ্রহ করিয়া আমি সমস্ত প্রাণীর মনোভাব পরিজ্ঞাত হইব। সর্ব্বজীব সঞ্জীবনী বারুণীমূর্ত্তি পরিগ্রহ করিয়া আমি সমস্তজীবের

বিকারকারিভির্লেখৈর্যদি নীতোঽনলো ভুবঃ।
এতাবতৈব কিং সিদ্ধেন্ময়ি তেষাং পরাভবঃ॥ ১০১।
চিকীর্ষুরহমেবাসং পৌরাঃ কার্য্যমিদং পুরা।
পরং হ্যুপেক্ষিতপ্রায়ং দিষ্ট্যা তৈঃ স্মারিতং চিরাৎ।১০২
গতোঽনলোঽভবদ্রুদ্রং জগৎপ্রাণোঽপি যান্বিতঃ।
বরুণঃ পুষ্পবন্তাভ্যামবিলম্বং প্রয়াস্বিতঃ॥ ১০৩।
অহমেব হি পর্জ্জন্যো ভবিষ্যামি তপোবলাৎ।
মুদে জনপদানাঞ্চ সর্ব্বশস্যসমৃদ্ধিদঃ॥ ১০৪।
তপোযোগবলেনাহমাত্মানং পরিকল্প্য চ।
ত্রিধাবহ্নিস্বরূপেণ পক্তীষ্টিব্যুষ্টিকৃত্তমঃ॥ ১০৫।
অন্তর্বহিশ্চরো দ্বেধা নভস্বৎপদবীং দধৎ।
সর্ব্বেষামেব বেৎস্যামিত্বন্তঃকরণচেষ্টিতম্॥ ১০৬।
বিধায় চাম্ভসীং মূর্ত্তিং সর্ব্বজীবৈকজীবনীম্।
প্রজাঃ সঞ্জীবয়িষ্যামি কিং জড়ৈর্বিষয়ে মম॥ ১০৭।

জীবনদান করিব। সেই নির্ব্বোধ দেবতারা আমার রাজ্যে কি অনিষ্ট সংসাধন করিবেন? চন্দ্রসূর্য্যবিগমে গগনমণ্ডল তমসাচ্ছন্ন হইলে তাঁহাদের বিহনে আমরা কি এই অবনীমণ্ডলে প্রাণধারণ করিতে সমর্থ হইব না? হে পৌরবর্গ! তাঁহারা যখন রাহুগ্রস্ত হন, তৎকালে কি পৃথিবীর লোকেরা জীবিত থাকে না? সকলঙ্ক ক্ষয়শীল চন্দ্রমার মহিমা কি? আমি স্বয়ং নিত্যপূর্ণ নিষ্কলঙ্ক সোমমূর্ত্তি পরিগ্রহ করিয়া সমস্ত প্রজাপুঞ্জকে প্রমোদিত করিব। সূর্য্যদেব আমাদের কুলের আদিপুরুষ; সুতরাং তিনি আমাদিগের মাননীয়; অতএব তিনি এখানে সুখে অবস্থানপূর্ব্বক যাতায়াত

যদা খে তমসা পৌরা গ্রস্তে তে শশিভাস্করৌ।
তদা ন কিং বিনা তাভ্যাং জীবামঃ ক্ষিতিমণ্ডলে ॥১০৮॥
শ্রিয়ং চান্দ্রমসীং প্রাপ্য হ্লাদয়িষ্যাম্যহং প্রজাঃ।
নিশাচরেণ কিমিহ ক্ষয়িণা চ কলঙ্কিনা ॥ ১০৯।
অস্মৎকুলে মূলভূতো ভাস্করো মান্য এব নঃ।
স তিষ্ঠতু সুখেনাত্র যাতায়াতং করোতু চ ॥ ১১০।
স একো জগতামাত্মা বিশেষাৎ কুলদেবতা।
সোঽপকর্ত্তুং ন বেত্ত্যেব তস্যেদং ব্রতমুত্তমম্ ॥ ১১১।

ইতি নরপতিবাক্ সুধারসৌঘং
শ্রুতিপুটকৈঃ পরিপীয় পৌরবর্গঃ।
বিকসিতবদনাম্বুজো জগাম
নিজনিজমালয়মাধিমুক্তচিত্তঃ ॥ ১১২।

করিতে পারেন। তিনি একমাত্র জগতের আত্মা, বিশেষতঃ আমাদিগের কুলদেবতা; তিনি কাহারও অপকার করিতে জানেন না, এইটীই তাঁহার উৎকৃষ্ট ব্রত ॥ ১০০—১১১ ॥

স্কন্দদেব কহিলেন, হে অগস্ত্য! ম্রিয়মাণ পৌরবর্গ রাজা দিবোদাসের এই সকল বাক্যরূপ সুধারস পান করিয়া বিকসিতবদনে অক্ষুব্ধচিত্তে স্ব স্ব আলয়ে প্রস্থান করিল ॥ ১১২ ॥ ত্রিলোকে তপস্যার অসাধ্য কি আছে? তপোবলবিশিষ্ট রাজা দিবোদাসও পূর্ব্বপ্রতিশ্রুতি অনুসারে সেই সেই মূর্ত্তি পরিগ্রহপূর্ব্বক অনলার্কবিজয়ি জ্যোতি ধারণ করিলেন। ইহা দর্শন

ক্ষিতিপতিরপি তত্তথা বিধায় তপসো
ঽসাধ্যমিহাস্তি কিং ত্রিলোক্যাম্।
অতিবহ্ন্যর্কমসৌ দধচ্চ তেজো
হ্যসদাং শল্যমিবোচ্চকৈর্বভূব॥ ১১৩।

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে দিবোদাসপ্রতাপবর্ণনং
নাম ত্রিচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।

করিয়া অসূয়াজর্জ্জরিত দেবগণের হৃদয়ে যেন সুতীক্ষ্ণশল্য সন্বিদ্ধ হইতে লাগিল॥ ১১৩॥

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে দিবোদাসপ্রতাপবর্ণন নাম
ত্রিচত্বারিংশত্তম অধ্যায়।

চতুশ্চত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।

স্কন্দ উবাচ।

অথ মন্দরকন্দরোদরোল্লসদসমদ্যুতিরত্নমন্দিরে।
পরিতঃ সমধিষ্ঠিতাম্বরে নিজশিখরৈর্ব্বসনীকৃতাম্বরে ॥১॥
নিবসন্ জগদীশ্বরোঽহরঃ কৃশরজনীশকলাগমোঽহরঃ।
লভতে স্ম ন শর্ম্ম শঙ্করঃ প্রসরৎকাশিবিয়োগজজ্বরঃ ॥২॥
বিরহানলশান্তয়ে তদা সমলেপি ত্রিপুরারিণাঽপি যঃ।
মলয়োদ্ভবপঙ্করাশিকং প্রতিপেদে হ্যধুনাপি পাংশুতাম্॥৩
পরিতাপহরাণি পদ্মিনীনাং
মৃদুনালান্যপি কঙ্কণীকৃতানি।
গদিতানি যদীশ্বরেণ
সর্পাস্তদভূৎ সত্যমহো মহেশ্বরেচ্ছা ॥ ৪ ॥

চতুশ্চত্বারিংশত্তম অধ্যায়।

মন্দর পর্ব্বতের কন্দরবিবরে সমুদ্দীপ্ত অতুল্য রত্নমণ্ডিত মন্দিরে বহুকাল সুখে বিরাজ করিয়াও ভগবান কাশীপতি বিশ্বেশ্বর এক দিনের নিমিত্তেও তৃপ্তিলাভ করিতে পারেন নাই। গগনবিহারি জলদজাল তাঁহার সেই রত্নমন্দিরের চূড়ার আবরণবস্ত্রস্বরূপ হইত। সেখানে বাস করিয়াও কাশীনাথ কাশীবিরহে দিন দিন কৃশনিশানাথের ন্যায় ক্ষীণতা প্রাপ্ত হইতেছিলেন। সেই বিরহানল নির্ব্বাণার্থ মহাদেব তৎকালে যে চন্দনানুলেপন অঙ্গে ধারণ করিতেন, তাহাই অধুনা ভস্মরূপে পরিণত হইয়াছে। ভগবান হর তৎকালে যে সন্তাপহর পদ্মনালের বলয় ধারণ করিতেন, সেই মৃণালবলয়ই এক্ষণে সর্পরূপ পরিগ্রহ করিয়াছে। দেবতারা যখন দুগ্ধসমুদ্র মন্থন

যদ্দুগ্ধনিধিং নিমথ্য দেবৈ-
র্মুতসারঃ সমকর্ষি পূর্ণচন্দ্রঃ।
স বভূব কৃশো বিয়োগতপ্তে
শ্বরমূর্দ্ধোষ্মপরিক্ষরচ্ছরীরঃ॥ ৫।
যদদীধরদেষ জাততাপঃ
পৃথুলে মৌলিজটানিকুঞ্জকোণে।
পরিতাপহরাং হরস্তদানীং
দ্যুনদীং তামধুনাঽপি নোজ্জিহীতে॥ ৬।
মহতো বিরহস্য শঙ্করঃ প্রসভং তস্য বশী বশং গতঃ।
বিবিদে ন সুরৈঃ সদোগতৈরপি সম্বীতসুতাপবেষ্টিতঃ॥৭॥
অতিচিত্রমিদং যদাত্মনা শুচিরূপেণৈব কৃপীটযোনিনা।
স্বপুরীবিরহোদ্ভবেন বৈ পরিতপ্যেত জগত্রয়েশ্বরঃ॥ ৮।
নিজভালতলং কলানিধিঃ কলয়া নিত্যমলঙ্করোতি যঃ।
স তদীশ্বরমপ্যতাপয়দ্বিধুরেকো বিপরীত এব তু॥ ৯।

করেন, তৎকালে তাহার পূর্ণসার পূর্ণচন্দ্র সমুত্থিত হন, তদানীন্তন বিরহদগ্ধ মহেশ্বরের মস্তকে অবস্থান করিতেন বলিয়া সেই পূর্ণচন্দ্রও তদবধি কৃশ হইয়া গিয়াছেন। তাপ হরণের নিমিত্ত ত্রিতাপহর শঙ্কর তখন মস্তকের বিপুল জটাবন্ধে যে মন্দাকিনীকে ধারণ করিয়াছিলেন, সেই দেবনদী আজিও সেই শিরঃস্থান পরিত্যাগ করিয়া যাইতেছেন না। মহারুদ্র মহাদেবের অষ্টমূর্ত্তির মধ্যে একটী মূর্ত্তি অগ্নিরূপিণী। ত্রিভুবনপতি কাশীপতি কাশীবিরহজনিত সেই স্বকীয় অগ্নিমূর্ত্তির দ্বারা নিজেই সন্তাপিত হইতেছেন, ইহাই অতীব আশ্চর্য্য। কলানিধি শশধর মহাকাল মহেশ্বরের ললাটদেশে অবস্থানপূর্ব্বক নিয়তই সেই ললাটকে অলঙ্কৃত করেন; অথচ সেই অমৃতদীধিতি নিশাপতি কাশীবিরহাকুল কাশীপতিকে প্রতপ্ত করিয়াছিলেন, ইহাও অতি বিচিত্র। নীলকণ্ঠের কণ্ঠদেশে তীব্রতর হলাহল বিরাজ করিতেছে, অথচ

গরলং গলনালিকাতলে বিলসেদস্য ন তেন তাপিতঃ।
অমৃতাংশুতুষারদীধিতিপ্রচয়ৈরেব তু তাপিতোঽদ্ভুতম্ ॥১০॥
বিলসদ্ধরিচন্দনোদকচ্ছটয়া তদ্বিরহাপনুত্তয়ে।
হৃদয়াহিতয়াপ্যদূয়ত প্রসরদ্ভোগিফটাভবৈর্ন তু ॥ ১১ ।
সকলং ভ্রমমেষ নাশয়েৎ স্রগহিত্বাদাপদেশজং হরঃ।
ইহমদ্ভুতমস্য যদ্ভ্রমঃ স্ফুটমাল্যেঽপি মহাহিসম্ভবঃ ॥১২।
স্মৃতিমাত্রপথং গতোঽপি যস্ত্রিবিধং তাপমপাকরোত্যলম্।
স হি কাশিবিয়োগতাপিতঃ স্বগতং কিঞ্চিদজল্পদিত্যজঃ॥১৩

অয়ি কাশি সমাগতোঽনিলো
যদি গাত্রাণি পরিষ্বজেন্মম।
দবথুঃ পরিশান্তিমেতি
তন্ন হিমানীপরিগাহনৈরপি ॥ ১৪ ।

সেই গরলরাশি স্বকীয় বিষবেগ প্রকাশ করিতেছে না; কিন্তু সুধাকরের সুধাসিক্ত তুষারসন্নিভ শীতরশ্মিসমূহ বিরুদ্ধ ধর্ম্ম প্রদর্শন করিয়া চন্দ্রশেখরকে সন্তাপ দান করিতেছে, এই অদ্ভুত ব্যাপারটী আরও অধিকতর আশ্চর্য্য। বিরহতাপশান্তির নিমিত্ত বিরহকাতর বীরেশ্বর হৃদয়ে যে হরিচন্দনরস লেপন করিতেন, তাহাতে আরও সন্তাপ বৃদ্ধি হইত; কিন্তু ফণিফণাসমুদ্ভূত হলাহলে কিছুমাত্র উত্তাপ বোধ হইত না। দূরস্থিত মাল্যে সর্পভ্রমাদি জগতের সমস্ত ভ্রম যিনি নিরাশ করেন, সেই ভ্রমহর শঙ্কর বিশ্বেশ্বর আপন করতলস্থ প্রস্ফুটিত মাল্যকেও মহাসর্প জ্ঞান করিয়াছিলেন, বিরহভ্রমের এই অদ্ভুত কার্য্যটী যারপর নাই আশ্চর্য্য ॥ ১—১২ ॥

যাঁহার নামটী একবারমাত্র শ্রুতিপথবর্ত্তী হইলেই তৎক্ষণাৎ জীবের ত্রিবিধতাপ সমূলে বিনষ্ট হয়; সেই ত্রিতাপহর কাশীশ্বর কাশীবিয়োগজনিততাপে পরিতপ্ত হইয়া আত্মগত এইরূপ জল্পনা করিয়াছিলেন। অলক্ষিত অনিলকে উদ্দেশ করিয়া তিনি কহিলেন, হে কাশীপ্রবাহিত সদা-

অগমিষ্যদহো কথং স তাপো
ননু দক্ষাঙ্গজয়া য এধিতঃ।
মম জীবাতুলতা ঝটিত্যলং
হ্যভবিষ্যন্ন হিমাদ্রিজা যদি ॥ ১৫।
ন তথোজ্ঝিতদেহয়া তয়া
মম দক্ষোদ্ভবয়া মনোঽদুনোৎ।
অবিমুক্তবিয়োগজন্মনা
পরিদূয়েত যথা মহোষ্মণা ॥ ১৬।
অয়ি কাশি মুদা কদা পুনস্তব-
লপ্সে সুখমঙ্গসঙ্গজম্।
অতিশীতলিতানি যেন মে
দ্রুতগাত্রাণি ভবন্তি তৎক্ষণাৎ ॥ ১৭।

গতি বায়ুদেব! তুষারে অবগাহন করিলেও যেমন পরিতৃপ্তি লাভ না হয়, তুমি আমার গাত্রস্পর্শ করিলে তদপেক্ষা অধিকতর তৃপ্তি সাধিত হইয়া সমস্ত দুঃখের শান্তি হইয়া থাকে। হিমাদ্রিদুহিতা পার্ব্বতী যদি দক্ষযজ্ঞের অব্যবহিত পরেই জন্ম গ্রহণ করিয়া আমার জীবনের সঞ্জীবনীলতাস্বরূপ পরমৌষধ না হইতেন, তাহা হইলে প্রিয়তমা দাক্ষায়ণী সতীর বিরহতাপ কিরূপে প্রশমিত হইত? তথাপি সতীবিরহ এতদূর প্রবল ছিল না। কাশীবিয়োগজনিত সন্তাপ আমাকে যতদূর বিদগ্ধ করিতেছে, প্রণয়িনী দাক্ষায়ণী-বিরহ ততদূর দগ্ধ করিতে পারে নাই। ভগবান চন্দ্রশেখর এই রূপ জল্পনা করিয়া কাশীপুরীর উদ্দেশে সম্বোধন করিয়া কহিলেন, হে অবিমুক্ত বারাণসীক্ষেত্র! আর কতদিনে আমি তোমার আসঙ্গসুখ লাভ করিতে সমর্থ হইব? সেই সুখ লাভ হইলেই আমার এই বিরহতপ্ত গাত্র তৎক্ষণাৎ সুশীতল হইয়া যাইবে। অয়ি নিখিলকলুষরাশিবিনাশিনি কাশি! তোমার বিরহাগ্নি আমার ললাটস্থ শশিকলাক্ষরিত সুশীতল অমৃত-

অয়ি কাশি বিনাশিতাঘসঙ্ঘে
তব বিশ্লেষজ আশুশুক্ষণিঃ।
অমৃতাংশুকলামৃদুদ্রবৈরতি
চিত্রং হবিষেব বর্দ্ধতে ॥ ১৮।

অগমন্মম দক্ষজাবিয়োগজো
দবথুঃ প্রাগ্ধিমবৎসুতৌষধেন।
অধুনা খলু নৈব শান্তিমীয়াং
যদি কাশীং ন বিলোকয়েহমাশু ॥ ১৯।

মনসেতি গৃণংস্তদা শিবঃ
সুতরাং সন্ততাপবৈকৃতঃ।
জগদম্বিকয়া ধিয়াং জনন্যা
কথমপ্যেষ বিযুক্ত ইত্যমানি ॥ ২০।

প্রিয়য়া বপুষোঽর্দ্ধয়াঽনয়া
প্যপরিজ্ঞাতবিয়োগকারণঃ।
বচনৈরুপচর্য্যতে স্ম স প্রণত
প্রাণিনিদাঘদারণঃ ॥ ২১।

রূপ ঘৃতাহুতি দ্বারা দিন দিন প্রজ্বলিত হইয়া পরিবর্দ্ধিত হইতেছে। গিরিরাজকুমারী গৌরীকে প্রাপ্ত হইয়া আমার সতীবিরহ বিদূরিত হইয়াছে; কিন্তু এক্ষণে অচিরাৎ যদি আমি কাশীপুরী অবলোকন করিতে না পাই, তাহা হইলে কিছুতেই আমার কাশীবিরহ-দুঃখের শান্তি হইবে না। বিশ্বেশ্বর এইরূপ আত্মগত বিলাপ করিয়া মনে মনে চিন্তা করিলেন, কি উপায়ে এই তাপের অপনোদন হইতে পারে, জগৎসাক্ষিস্বরূপিণী জগজ্জননী পার্ব্বতীর বিশ্বব্যাপিনী বুদ্ধিপ্রভাবেই তাহা অবধারিত হওয়া সম্ভব, মনে মনে এইরূপ অবধারণ করিয়া মহেশ্বর সুতরাং স্বকীয় বিকার

শ্রীপার্ব্বত্যুবাচ।

তব সর্ব্বগ সর্ব্বমস্তি হস্তে
বিলসদ্‌যোগবিয়োগ এব কস্তে।
তব ভূতিরহো বিভূতিদাত্রী
সকলাপৎকলিকাপি ভূতধাত্রী॥ ২২।
ত্বদনীক্ষণতঃ ক্ষণাদ্বিভো
প্রলয়ং যান্তি জগন্তিশোচ্যবৎ।
চ্যবতে ভবতঃ কৃপালবাদি-
তরোপীশন যস্ত্বয়োক্ষিতঃ॥ ২৩।
ভবতঃ পরিতাপহেতবো
ন ভবন্তীন্দু দিবাকরাগ্নয়ঃ।
নয়নানি যতস্ত্রিনেত্র তেঽমী
প্রণয়িন্যস্তিলসজ্জলা চ মৌলৌ॥ ২৪।

প্রাপ্ত বিরহতাপকে কথঞ্চিৎ সংযত করিলেন। জগতীস্থ সমস্ত প্রাণির সমস্ত তাপবিনাশন ত্রিপুরনিসূদন ত্রিলোচনের অকস্মাৎ কি সন্তাপ সমুপস্থিত, পরমপ্রণয়িনী অর্দ্ধাঙ্গস্বরূপিণী জগজ্জননী শৈলনন্দিনীও তাহার হেতু পরিজ্ঞাত ছিলেন না; অতএব ভক্তিপূর্ব্বক পার্শ্ববর্ত্তিনী হইয়া মধুরবচনে মহেশ্বরকে জিজ্ঞাসা করিতে লাগিলেন॥ ১৩—২১॥

পার্ব্বতী কহিলেন, হে সর্ব্বব্যাপিন্ হে সর্ব্বেশ্বর! ত্রিজগতে সমস্ত বিভবই তোমার করতলস্থ। তোমার অষ্টবিধ বৈভব ত্রিজগৎবাসি সমস্ত লোকের সমস্ত ঐশ্বর্য্যবিধায়ক, সমস্ত বিঘ্নবিপত্তিবিনাশক এবং সমস্ত প্রাণির বিধাতা; অতএব হে সর্ব্বমঙ্গলনিধান সর্ব্বময়! জগতে তোমার আবার সংযোগ-বিয়োগ কি আছে? হে বিশ্বেশ্বর! তোমার করুণাদৃষ্টি ব্যতিরেকে জগতীতলে মহাশোচনীয় প্রলয় উপস্থিত হয়। অধিক কি, হে সর্ব্বেশ্বর! ব্রহ্মাদি চরাচরের মধ্যে যাহার প্রতি তোমার কৃপাকণা

ভুজঙ্গা ভুজগাঃ সদৈব তেজমী
ন বিষং সংক্রমতে চ নীলকণ্ঠ।
অহমস্মি চ বামদেব বামা
তব বামং বপুরত্রচিন্তযুক্তা॥ ২৫।

ইতি সংস্তুতি সন্নীজজনন্যাভি হিতে হিতে।
গিরাং নিগুম্ফে গিরিশো বক্তুমপ্যাদদে গিরম্॥ ২৬।

ঈশ্বর উবাচ।

অয়ি কাশীত্যষ্টমূর্ত্তির্ভবো ভাবাষ্টকো ভবৎ।
সত্বরং শিবয়াজ্ঞায়িধ্রুবং কাশ্যা হুতোহরঃ॥ ২৭।

নিপতিত না হয়, অচিরাৎ তাহার বিনাশপ্রাপ্তি হইয়া থাকে। হে ত্রিলোচন! চন্দ্র, সূর্য্য ও হুতাশন, ইহাঁরা তিনজনেই তোমার তেজোময় ত্রিনেত্রস্বরূপ, সুতরাং ইহাঁদিগের মধ্যে কেহই তোমার পরিতাপের হেতু হইতে পারেন না। পক্ষান্তরে সলিলকল্লোলপ্রমোদিনী সুরতরঙ্গিণী মন্দাকিনী তোমার মস্তকে বিরাজ করিতেছেন, তথাপি হে ত্রিতাপহর! তোমার শরীরে কি প্রকারে এতাদৃশ তাপ সমুদ্ভূত হয়! হে নীলকণ্ঠ! কালকূট বিষধর সর্পগণ সর্ব্বদাই তোমার ভূষণ; তথাপি তোমার তেজোময় শরীরে হলাহলের সঞ্চার হয় না; এদিকে, হে বামদেব! বামাকুলসমুদ্ভূতা আমি একাত্মা হইয়া তোমার বামাঙ্গ শোভিত করিতেছি; তবে তোমার সন্তাপসম্ভাবের কারণ কি? ২২—২৫॥

জগৎসংসারের নিদানীভূতা আদ্যাশক্তি জগজ্জননী শৈলেশনন্দিনীর এই প্রকার হিতার্থবাক্যে অভিহিত হইয়া মন্দরনিবাসি চন্দ্রচূড় নির্ব্বেদবচনে কহিতে লাগিলেন, হে কাশীপুরি! এই অষ্টভাব ও অষ্টমূর্ত্তিবিশিষ্ট শিব যে, তোমার বিরহে সন্তাপিত হইয়াছে, অর্দ্ধাঙ্গস্বরূপিণী শিবানী নিশ্চয়ই অচিরাৎ তাহা অবগত হইয়াছেন॥ ২৬॥ ২৭॥

অথ বালসখীভূত তত্তৎকাননবীরুধম্।
শিবা প্রস্তাবয়াঞ্চক্রে বিমুক্তাং মুক্তিদাং পুরীম্॥ ২৮।

পার্ব্বত্যুবাচ।

গগনতলমিলিতসলিলে প্রলয়েপি
ভবত্রিশূলপরিবিধৃতাম্।
কৃতপুণ্ডরীকশোভাং স্মরহরকাশীং পুরীং যাবঃ॥ ২৯।
ধরাধরেন্দ্রস্য ধরাতিসুন্দরা
ন মাং তথাস্যাঽপি ধুনোতি ধূর্জ্জটে।
ধরাগতাপীহ ন যা ধ্রুবং ধরা
পুরী ধুরীণা তব কাশিকা যথা॥ ৩০।
ন যত্র কাশ্যাং কলিকালজন্তয়ং
ন যত্র কাশ্যাং মরণাৎ পুনর্ভবঃ।
ন যত্র কাশ্যাং কলুষোদ্ভবং ভয়ং
কথং বিভো সা নয়নাতিথির্ভবেৎ॥ ৩১।

যে কাশীপুরীর সমস্ত কাননবল্লরী মহেশ্বরী শুভঙ্করীর শৈশবসহচরী ছিল, শিবসুন্দরী পার্ব্বতী অতঃপর সেই মুক্তিদায়িনী বিমুক্তক্ষেত্র কাশীপুরীতে গমনের প্রস্তাবনা আরম্ভ করিলেন॥ ২৮॥

পার্ব্বতী কহিলেন, হে স্মরহর বিশ্বেশ্বর! যৎকালে সমস্ত জগৎ জলপ্লাবিত হইয়া প্রলয় উপস্থিত হয়, তৎকালে তোমার ত্রিশূলের উপর পুণ্ডরীক-সন্নিভ কাশীধাম অবস্থিত ছিল। এক্ষণে চল, আমরা সেই সুপবিত্র বারাণসীধামে যাত্রা করি। হে ধূর্জ্জটে! ধরাধরেন্দ্রের প্রিয় নিকেতন হিমালয় অপেক্ষাও তোমার সেই আনন্দনিকেতন কাশীধাম আমার পক্ষে পরম রমণীয়। অতএব কাশীবিরহে আমার মন যতদূর সন্তাপিত হয়, সুখাস্পদ পিত্রালয়ের নিমিত্ত কখনই ততদূর আকুলিত হয় না। হে মৃত্যুঞ্জয়! তোমার যে কাশীতে কলিকালজনিত ভয়, দেহান্তে পুনর্জ্জন্ম এবং করাল কলুষাশঙ্কা নাই, সেই ত্রিতাপনাশিনী কাশী-

কিমত্র নো সন্তি পুরঃ সহস্রশঃ
পদে পদে সর্ব্বসমৃদ্ধিভূময়ঃ।
পরন্নকাশীসদৃশী দৃশোঃ পদং
ক্বচিদ্গতা মে ভবতা শপে শিব॥ ৩২।
ত্রিবিষ্টপে সন্তি ন কিং পুরঃ শতং
সমস্ত কৌতুহলজন্মভূময়ঃ।
তৃণা ভবন্তীহ চ তাঃ পুরঃ পুরঃ
পদং পুরারে ভবতো ভবদ্বিষঃ॥ ৩৩।
ন কেবলং কাশিবিয়োগজোজ্বরঃ
প্রবাধতে ত্বাং তু তথা যথাত্রমাম্।
উপায় এষোত্র নিদাঘ শান্তয়ে
পুরী তু সা যা মমজন্মভূরথ॥ ৩৪।
ময়া ন মেনে মম জন্মভূমিকা
বিয়োগজন্মা পরিদাঘ ঈশিতঃ।
অবাপ্য কাশীং পরিতঃ প্রশান্তিদাং
সমস্তসন্তাপবিঘাতহেতুকাম্॥ ৩৫।

পুরী আমাদের নয়নপথের অতিথি হইতেছে না কেন? হে মহেশ্বর! এই অখিল ব্রহ্মাণ্ড মধ্যে কি সহস্র সহস্র সমৃদ্ধিশালিনী পুরী বিদ্যমান নাই? অবশ্যই আছে। পৃথিবীর স্থানে স্থানে অসংখ্য সমৃদ্ধির আকরভূমি নয়নগোচর হয়। কিন্তু হে শিব! আমি তোমারে শপথ করিয়া বলিতে পারি, কাশীর তুল্য মঙ্গলময়ী পুরী কুত্রাপি আমার নেত্রপথে পতিত হয় নাই। হে সংসারনিবর্ত্তক ভবতারণ! অমরপুরীতে কি শতশত ঐশ্বর্য্যশালিনী পুরী বিরাজিত নাই? অবশ্যই তথায় বিবিধ আশ্চর্য্য আশ্চর্য্য পদার্থের আকরভূমি আছে। কিন্তু হে পুরঞ্জয়! তোমার পুরীর অগ্রে সেই সকল দেবপুরী আমার চক্ষে তৃণ-

ন মোক্ষলক্ষ্ম্যাত্র সমক্ষমীক্ষিতা-
স্তনূভৃতা কেনচিদেব কুত্রচিৎ।
অবৈম্যহং শর্ম্মদ সর্ব্বশর্ম্মদা
সরূপিণীমুক্তিরসৌ হি কাশিকা॥ ৩৬।
ন মুক্তিরস্তীহ তথা সমাধিনা
স্থিরেন্দ্রিয়ত্বোজ্ঝিত তৎ সমাধিনা।
ক্রতুক্রিয়াভির্ন বেদবিদ্যয়া
যথা হি কাশ্যাং পরিহায় নিগ্রহম্॥ ৩৭।
ন নাকলোকে সুখমস্তি তাদৃশং
কুতস্তু পাতালতলেঽতিসুন্দরে।
বার্ত্তাপি মর্ত্ত্যে সুখসংশ্রয়া ক্ব বা
কাশ্যাং হি যাদৃক্তনুমাত্রধারিণি॥ ৩৮।

তুল্য বোধ হয়। হে কাশীনাথ! কাশীবিরহজ্বর কেবল তোমাকেই পরিতপ্ত করিতেছে এমত নহে, তোমার ন্যায় আমাকেও সন্তাপ প্রদান করিতেছে। কাশীপুরী অথবা আমার জন্মভূমি হিমালয় ব্যতীত এই তাপ শান্তির আর অন্য উপায় নাই। হে মহেশ্বর! সর্ব্বশান্তিপ্রদায়িনী সর্ব্বসন্তাপসংহারিণী কাশী যেমন আমার সমস্ত বিয়োগজনিত সন্তাপ সম্পূর্ণরূপে নিবারণ করে, আমার জন্মভূমিতেও সেরূপ সন্তাপ নিবারিত হয় না। হে সদানন্দপ্রদ কল্যাণনিধান সর্ব্বময়! কাশীধামে যেমন মোক্ষলক্ষ্মীকে সাক্ষাৎ মূর্ত্তিমতী দেখিতে পাওয়া যায়, অন্য কুত্রাপি আর সেরূপ নয়নগোচর হয় না। চঞ্চলেন্দ্রিয় জীবগণ মনের চাঞ্চল্যবশতঃ যাগযজ্ঞের অনুষ্ঠান ও বেদ অধ্যয়ন করিয়াও একাগ্রমনে ব্রহ্মসমাধিতে নিমগ্ন না হইলে মুক্তিলাভ করিতে পারে না, কিন্তু কাশীধামে সেরূপ সমাধির আবশ্যক করে না। কাশীতে দেহত্যাগ মাত্রেই মুক্তিলাভ হয়। কাশীবাসি পুণ্যাত্মাগণ কাশীধামে যেমন এক অনির্ব্বচনীয় অপূর্ব্ব নিত্যসুখ অনুভব করেন, চিরদুঃখধাম মর্ত্ত্যধামের

ক্ষেত্রে ত্রিশূলিন্ ভবতোঽবিমুক্তে
বিমুক্তিলক্ষ্ম্যা ন কদাপি মুক্তে।
মনোপি যঃ প্রাণিবরঃ প্রযুঙ্‌ক্তে
ষড়ঙ্গযোগং স সদৈব যুঙ্‌ক্তে ॥ ৩৯।
ষড়ঙ্গযোগান্নহি তাদৃশী নৃভিঃ
শরীরসিদ্ধিঃ সহসাঽত্র লভ্যতে।
সুখেন কাশীং সমবাপ্য যাদৃশী
দৃশৌ স্থিরীকৃত্য শিব ত্বয়িক্ষণম্ ॥ ৪০।
বরং হি তির্য্যক্ত্বমবুদ্ধিবৈভবং
ন মানবত্বং বহুবুদ্ধিভাজনম্।
অকাশিসন্দর্শন নিষ্ফলোদয়ং
সমন্ততঃ পুষ্করবুদ্বুদোপমম্ ॥ ৪১।
দৃশৌ কৃতার্থে কৃতকাশিদর্শনে
তনুঃ কৃতার্থা শিব কাশিবাসিনী।
মনঃ কৃতার্থং কৃতকাশিসংশ্রয়ং
মুখং কৃতার্থং কৃতকাশিসম্মুখম্ ॥ ৪২।

কথা দূরে থাকুক, তেমন পবিত্র সুখ স্বর্গধামেও নাই, রসাতলেও নাই। হে অবিমুক্তেশ্বর! তোমার সেই অবিমুক্তক্ষেত্র বারাণসীধাম কদাপি বিমুক্তি-লক্ষ্মীর বিরহ সহ্য করে না। যে ভাগ্যবান সাধুপুরুষ কাশীর প্রতি একাগ্র ভাবে চিত্তসংযোগ করেন, তিনিই ষড়ঙ্গযোগে যোগশীল। হে বিমুক্তিপ্রদ বিমুক্তেশ্বর! অবিমুক্তক্ষেত্রে তোমাতে নেত্র স্থির করিবামাত্র তৎক্ষণাৎ যেমন জীবের মুক্তিলাভ হইয়া থাকে, অন্যত্রে ষড়ঙ্গযোগের সেবা করিলেও তাদৃশ মুক্তিলাভ হয় না। হে সদাশিব! বহুবুদ্ধিশালি মানবগণ যদি কাশী দর্শন না করে, তাহা হইলে তাহাদের জন্ম ও মনুষ্যত্ব উভয়ই জলবিম্বের

বরং হি তৎ কাশিরজোতিপাবনং
রজস্তমোধ্বংসি শশিপ্রভোজ্জ্বলম্।
কৃতপ্রণামৈর্ম্মণিকর্ণিকা ভুবে
ললাটগং যদ্বহুমন্যতে সুরৈঃ॥ ৪৩।
ন দেবলোকো ন চ মর্ত্যলোকো
ন নাগলোকো মণিকর্ণিকায়াঃ।
তুলাং ব্রজেৎ যত্র মহাপ্রয়াণকৃৎ
শ্রুতির্ভবেদ্ব্রহ্মরসায়নাস্পদম্॥ ৪৪।
মহামহোভূর্মণিকর্ণিকাস্থলী
তমস্ততির্যত্র সমেতি সংক্ষয়ম্।
পরঃশতৈর্জন্মভিরেধিতাপি যা
দিবাকরাগ্নীন্দুকরৈরনিগ্রহা॥ ৪৫।

ন্যায় নিষ্ফল। বুদ্ধিবিভব-বিবৰ্হিত বারাণসীস্থ তির্য্যগ্ জাতিও তাহাদিগের অপেক্ষা শ্রেষ্ঠ। হে কাশীনাথ! যে চক্ষু বারাণসী দর্শন করে, সেই চক্ষুই কৃতার্থ; যে দেহের কাশীবাস হয়, সেই দেহই সফল; যে মন কাশীর প্রতি একাগ্র সংশক্ত, সেই মনই সার্থক এবং যে সুখ বারাণসীসমুদ্ভূত, সেই সুখই প্রকৃত সুখ। সর্ব্বপাপবিনাশন শশধরসন্নিভ পরম পাবন কাশীস্থ রজোরাশি এতদূর পবিত্র ও লোভনীয় যে, দেবতারাও বহুমান পুরঃসর মণিকর্ণিকাতে প্রণাম করিয়া সেই পবিত্র রজ ললাটে ধারণ করেন। বারাণসীর সহিত দেবলোক, নাগলোক অথবা নরলোকের তুলনা হয় না। কারণ মণিকর্ণিকাধামে মহাপ্রয়াণকালে জীবের কর্ণ ব্রহ্মরসাস্পদ তারকব্রহ্মামৃতে অভিষিক্ত হয়। চন্দ্র, সূর্য্য অথবা হুতাশন যে অন্ধকার বিনাশ করিতে পারেন না, মহাতেজোময়ী মণিকর্ণিকাস্থলী বারাণসী জীবের শতশত জন্মার্জ্জিত সেই অজ্ঞানান্ধকার বিনাশ করিয়া থাকেন। মণিকর্ণিকা পরিশোভিনী বারাণসীর এতদূর মহিমা কি জন্য? ইহা কি পরমেশ্বরের পাদপীঠ? অথবা ইহা কি

কিমু নির্ব্বাণপদস্য ভদ্রপীঠং
মৃদুলং তল্পমথোনুমোক্ষলক্ষ্ম্যাঃ।
অথবা মণিকর্ণিকাস্থলী
পরমানন্দসুকন্দজন্মভূমিঃ॥ ৪৬।
সমতীতবিমুক্তজন্তুসংখ্যা
ক্রিয়তে যত্র জনৈঃ সুখোপবিষ্টৈঃ।
বিলসদ্দ্যুতিসূক্ষ্মশর্করাভিঃ
স্ববপুঃপাতমহোৎসবাভিলাষৈঃ॥ ৪৭।

স্কন্দ উবাচ।

অপর্ণা পরিবর্ণেতি পুরীং বারাণসীং মুনে।
পুনর্বিজ্ঞাপয়ামাস কাশীপ্রাপ্ত্যৈ পিনাকিনম্॥ ৪৮।

শ্রীপার্ব্বত্যুবাচ।

প্রমথাধিপ সর্ব্বেশ নিত্যস্বাধীনবর্ত্তন।
যথানন্দবনং যায়াং তথা কুরু বরপ্রদ॥ ৪৯।

মোক্ষলক্ষ্মীর সুকোমল শয়ন? কিম্বা ইহা কি পরমলোভনীয় পরমানন্দকন্দের জন্মভূমি? কাশীধামে প্রাণত্যাগ করিয়া যে সকল পুণ্যাত্মা জীব সম্যকরূপে নির্ব্বাণমুক্তি প্রাপ্ত হইয়াছেন, কাশীবাসি দেহপতনমহোৎসবাভিলাষি সাধু পুরুষেরা মণিকর্ণিকাধিষ্ঠাত্রী বারাণসীধামে সুখে উপবিষ্ট হইয়া সমুজ্জ্বল শুভ্র-বর্ণ প্রস্তর কণিকাদ্বারা সেই সকল বিমুক্ত জীবের সংখ্যা গণনা করিতেছেন। একটি একটি প্রস্তরকণা একটি একটি মুক্তপুরুষ॥ ২৯—৪৭॥

স্কন্দ কহিলেন, হে অগস্ত্য! ভগবতী পার্ব্বতী এইরূপে কাশীমাহাত্ম্য বর্ণন করিয়া পিনাকপাণি বিশ্বেশ্বরকে পুনরায় কাশীধামে গমনের অভিপ্রায় বিজ্ঞাপন করিলেন॥ ৪৮॥ ভগবতী কহিলেন, হে প্রমথাধিপ! হে নিত্য ইচ্ছাময়, কল্যাণপ্রদ সর্ব্বেশ্বর! যাহাতে আমি অচিরাৎ সেই নিত্যানন্দকানন বারাণসীধামে গমন করিতে পারি, তুমি সদয় হইয়া তাহার উপায় বিধান কর॥ ৪৯॥

জিতপীযূষ মাধুর্য্যাং কাশীস্তবনসুন্দরীম্।
অথাকর্ণ্যাহ মুদিতো গিরিশো গিরিজাঙ্গিরম্॥ ৫০।

শ্রীদেবদেব উবাচ।

অয়ি প্রিয়তমে গৌরি ত্বদ্বাগমৃতশীকরৈঃ।
আপ্যায়িতোস্মি নিতরাং কাশীপ্রাপ্ত্যৈ যতেধুনা॥ ৫১।
ত্বং জানাসি মহাদেবি মম যত্তন্মহদ্ব্রতম্।
অভুক্তপূর্ব্বমন্যেন বস্তূপাশ্নামি নেতরৎ॥ ৫২।
পিতামহস্য বচনাদ্দিবোদাসে মহীপতৌ।
ধর্ম্মেণ শাসতি পুরীং ক উপায়ো বিধীয়তাম্॥ ৫৩।
কথং স রাজা ধর্ম্মিষ্ঠঃ প্রজাপালনতৎপরঃ।
বিযোজ্যতে পুরঃ কাশ্যা দিবোদাসো মহীপতিঃ॥ ৫৪।

গিরিজার মুখে কাশীমাহাত্ম্য শ্রবণ করিয়া পরম প্রমোদিত চিত্তে পরম পাবন পরাৎপর বিশ্বেশ্বর পার্ব্বতীকে সম্বোধন করিয়া কহিলেন, হে প্রিয়তমে গৌরি! তোমার সুললিত বাক্যরূপ অমৃতধারাশীকরসম্পৃক্ত হইয়া আমার শ্রবণযুগল নিতান্ত পরিতৃপ্ত হইল; এক্ষণে সত্বর সেই কাশীপুরীতে গমনার্থ যত্নবান হইব। কিন্তু হে মহাদেবি! তুমি নিশ্চয়ই আমার মহাব্রত অবগত আছ। যে বস্তু অপরে উপভোগ করে, আমি তাহা ভোগ করি না; অপরের অভুক্তপূর্ব্ব বস্তুই আমার ভোগ্যবস্তু। রাজা দিবোদাস এক্ষণে পিতামহ ব্রহ্মার বাক্যানুসারে যথার্থ ধর্ম্মানুগত হইয়া কাশীপুরী শাসন করিতেছেন। এরূপস্থলে কি উপায় বিধান করা যায়? প্রজাপালনতৎপর রাজধর্ম্মপরায়ণ মহীপতি দিবোদাসকে কিপ্রকারে কাশীপুরী হইতে বিচ্যুত করি? অধার্ম্মিক লোকেরই বিঘ্ন সঙ্ঘটিত হয়। ধার্ম্মিকের কদাপি বিঘ্ন সমুপস্থিত হয় না। এরূপ অবস্থায় ধর্ম্মনিষ্ঠ রাজা দিবোদাসকে কাশী হইতে পরিচ্যুত করিবার নিমিত্ত কাহাকে প্রেরণ করিব? যাহারা ধর্ম্মপথানুগামি সাধুলোকের বিঘ্ন উৎপাদন করে, বিশেষতঃ যাহারা নিরবচ্ছিন্ন ধর্ম্মপথানুযায়ি

অধর্ম্মবর্ত্তিনো যস্মাৎ বিঘ্নঃ স্যান্নেতরস্য তু।
তস্মাৎ কং প্রেষয়ামীশে যস্তং কাশ্যা বিযোজয়েৎ ॥৫৫।
ধর্ম্মবর্ত্মানুসরতাং যো বিঘ্নং সমুপাচরেৎ।
তস্যৈব জায়তে বিঘ্নঃ প্রত্যুত প্রেমবর্দ্ধিনি ॥ ৫৬।
বিনচ্ছিদ্রেণ তং ভূপং নোৎসাদয়িতু মুৎসহে।
ময়ৈব হি যতো রক্ষ্যাঃ প্রিয়ে ধর্ম্মধুরন্ধরাঃ ॥ ৫৭।
ন জরা তমতিক্রামেন্ন তং মৃত্যুর্জ্জিঘাংসতি।
ব্যাধয়স্তং ন বাধন্তে ধর্ম্মবর্ত্মভৃদত্র যঃ ॥ ৫৮।
ইতি সঞ্চিন্তয়ন্ দেবো যোগিনীচক্রমগ্রতঃ।
দদর্শাতি মহাপ্রৌঢ়ং গাঢ়কার্য্যস্য সাধনম্ ॥ ৫৯।
অথ দেব্যা সমালোচ্য ব্যোমকেশো মহামুনে।
যোগিনীবৃন্দমাহূয় জগৌ বাক্যমিদং হরঃ ॥ ৬০।

প্রেমানন্দময় সাধুপুরুষের বিঘ্ন উৎপাদনের কারণ হয়, তাহারা নিজেই পদে পদে সেই বিঘ্ন অর্জ্জন করিয়া থাকে। হে প্রিয়ে! আমি নিয়তই ধর্ম্মপরায়ণ সাধুগণকে রক্ষা করিয়া থাকি। অতএব কোন ছিদ্র না পাইয়া সেই ধর্ম্মাত্মা রাজা দিবোদাসকে বিনষ্ট করিতে আমার ইচ্ছা হইতেছে না। জগতে ধর্ম্মপথানুগত সাধুপুরুষগণকে জরা আক্রমণ করিতে পারে না, ব্যাধিও যন্ত্রণা প্রদান করিতে সমর্থ হয় না; অধিক কথা কি, মৃত্যুও তাঁহাদিগকে হিংসা করিতে অক্ষম ॥ ৫৩—৫৮ ॥

ভগবান বিশ্বেশ্বর এইরূপ নানাপ্রকার চিন্তা করিতেছিলেন, এমন সময় সহসা অতিশয় গুরুতর কার্য্যসাধননিপুণ যোগিনীচক্র সম্মুখে দর্শন করিলেন ॥ ৫৯ ॥

ষড়ানন কহিলেন, হে মুনিবর! কাশীপতি তৎকালে পার্ব্বতীর সহিত তদ্বিষয়িনী কিংকর্ত্তব্যতা আলোচনা করিয়া সেই সম্মুখীন যোগিনীচক্রকে নিকটে আহ্বানপূর্ব্বক কহিতে লাগিলেন, হে যোগিনীগণ! রাজা দিবো-

সত্বরং যাত যোগিন্যো মম বারাণসীং পুরীম্।
যত্র রাজা দিবোদাসো রাজ্যং ধর্ম্মেণ শাস্ত্যলম্ ॥ ৬১।
স্বধর্ম্মবিচ্যুতঃ কাশীং যথা তূর্ণং ত্যজেন্নৃপঃ।
তথোপচরত প্রাজ্ঞা যোগমায়াবলান্বিতাঃ ॥ ৬২।
যথা পুনর্নবীকৃত্য পুরীং বারাণসীমহম্।
ইতঃ প্রযামি যোগিন্যস্তথা ক্ষিপ্রং বিধীয়তাম্ ॥ ৬৩।
ইতি প্রসাদমাসাদ্য শাসনং শিরসা বহন্।
কৃতপ্রণামো নির্যাতো যোগিনীনাং গণস্ততঃ ॥ ৬৪।
যযুরাকাশমাবিশ্য মনসোপ্যতিরংহসা।
পরস্পরং ভাষমাণা যোগিন্যস্তা মুদান্বিতাঃ ॥ ৬৫।
অদ্য ধন্যতরাঃ স্মোবৈ দেবদেবেন যৎ স্বয়ম্।
কৃতপ্রসাদাঃ প্রহিতাঃ শ্রীমদানন্দকাননম্ ॥ ৬৬।

দাস যেখানে ধর্ম্মানুসারে রাজ্যশাসন করিতেছেন, আমার সেই বারাণসী-পুরীতে তোমরা সত্বর গমন কর। হে সর্ব্বতত্ত্ববিশারদ কার্য্যকুশল ভৈরবী-গণ! সেই ধর্ম্মনিষ্ঠ রাজা দিবোদাস যাহাতে ধর্ম্মচ্যুত হইয়া কাশীপুরী হইতে বিচ্যুত হন, তোমরা যোগমায়াবলে তাহা সুসিদ্ধ কর। হে যোগিনীগণ! আমার কাশীপুরী যাহাতে পুনরায় নবকলেবর ধারণ করে, তোমরা তথায় গমন করিয়া শীঘ্র তাহার উপায় বিধান করিবে; পশ্চাৎ আমি সেই পুণ্য-ক্ষেত্রে গমন করিতেছি ॥ ৬০—৬৩ ॥

যোগিনীগণ মহাদেবের প্রসাদস্বরূপ নিদেশবাক্য মস্তকে ধারণপূর্ব্বক প্রণিপাত করিয়া কাশীধামে প্রস্থানের উপক্রম করিল ॥৬৪॥ অনন্তর তাহারা প্রমোদিনী হইয়া অভিনিবেশপূর্ব্বক পরস্পর বিশ্রম্ভালাপ করিতেকরিতে অতিবেগে আকাশমার্গে উড্ডীন হইল ॥ ৬৫ ॥ অদ্য আমরা স্বয়ং দেবদেব মহাদেবের প্রসাদলাভ করিয়া ধন্য হইলাম। পরস্পরে এই কথা বলাবলি করিতে করিতে সেই যোগিনীচক্র ক্রমেক্রমে শ্রীমদানন্দকাননাভিমুখে

অদ্য সদ্যো মহালাভা বভূতাং নোতিদুর্লভৌ।
ত্রিনেত্ররাজসম্মানস্তথা কাশীবিলোকনম্ ॥ ৬৭।
ইতি মুদিতমনাঃ স যোগিনীনাং
নিকুরম্বস্ত্বথ মন্দরাদ্রিকুঞ্জাৎ।
নভসি লঘুকৃতপ্রয়াণবেগো
নয়নাতিথ্যমলম্ভয়ৎ পুরীন্তাম্ ॥ ৬৮।

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে কাশীবর্ণনং নাম
চতুশ্চত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।

গমন করিতে লাগিল ॥ ৬৬ ॥ তাহারা আরও কহিল, অদ্য আমাদিগের মহৎ লাভ হইল। কারণ ত্রিলোচন মহেশ্বরের সম্মানলাভ এবং কাশীপুরী বিলোকন আমাদিগের পক্ষে দুর্লভ হইল না। ৬৭ ॥

স্কন্দ কহিলেন, হে ঋষিশ্রেষ্ঠ! প্রফুল্লচিত্তে মন্দরাদ্রিকুঞ্জহইতে বহির্গত হইয়া অবধি সেই যোগিনীগণ দ্রুতবেগে আকাশপথে গমন করিতে করিতে পুণ্যক্ষেত্র বারাণসীধাম নয়নগোচর করিল ॥ ৬৮ ॥

ইতিশ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে কাশীবর্ণন নাম
চতুশ্চত্বারিংশত্তম অধ্যায়।

পঞ্চচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।

স্কন্দ উবাচ।

অথ তদ্‌যোগিনীবৃন্দং দূরাদ্দৃষ্টিং প্রসার্য্য চ।
স্বনেত্রৈর্দৈর্ঘ্যনির্ম্মাণং প্রশশংস ফলান্বিতম্॥ ১।
দিব্যপ্রাসাদমালানাং পতাকাশ্চলপল্লবাঃ।
সাদরং দূরমার্গস্থান্ পান্থানাহ্বয়তীরিব॥ ২।
চঞ্চৎপ্রাসাদমাণিক্যবিজৃম্ভিতমরীচিভিঃ।
সুনীলমপি চ ব্যোম বীক্ষ্যমাণং সুনির্ম্মলম্॥ ৩।
দেবত্বং মায়য়াচ্ছাদ্য বেশং কার্পটিকোচিতম্।
বিধায় কাশীমবিশদ্ যোগিনীচক্রমক্রমম্॥ ৪।

পঞ্চচত্বারিংশত্তম অধ্যায়।

স্কন্দদেব কহিলেন, হে অগস্ত্য! অনন্তর সেই যোগিনীগণ দূরহইতে দৃষ্টিপ্রসারণপূর্ব্বক কাশীপুরী অবলোকন করিয়া নেত্র সফল জ্ঞান করিল এবং স্বস্ব নয়নের দীর্ঘায়তনের প্রশংসা করিতে লাগিল॥ ১॥ দিব্য প্রাসাদমালা পরিশোভিত কাশীপুরীস্থ সমস্ত অট্টালিকাশিখরস্থ বায়ুহিল্লোল-প্রকম্পিত পতাকাবৃন্দ যেন হস্ত সঞ্চালনপূর্ব্বক দূরস্থ পান্থগণকে সাদরে আহ্বান করিতেছে॥ ২॥ জ্যোতির্ম্ময় রত্নমণ্ডিত প্রদীপ্তিশাল প্রাসাদসমূহের রত্নজ্যোতিতে নীলবর্ণ নভোমণ্ডল নিয়তই যেন প্রতিভাসিত হইতেছে॥ ৩॥ যোগীশ্বরের প্রেরিত যোগিনীচক্র মায়াবলে দিব্যরূপ আচ্ছাদনপূর্ব্বক রক্তবস্ত্র পরিহিত হইয়া ছদ্মবেশে কাশীপুরীমধ্যে প্রবেশ করিল। সেই সকল যোগিনীগণের মধ্যে কেহ যোগিনীবেশ ধারণ করিল, কেহ তপস্বিনীবেশে বিচরণ করিতে লাগিল, কেহ সৈরিন্ধ্রীবেশ পরিগ্রহ করিল, কেহ মাসোপবাসব্রতচারিণী হইল; কেহবা মালিনী, কেহ নাপিতপত্নী, কেহ শিল্পজ্ঞানবিচা-

কাচিচ্চ যোগিনীভূতা কাচিজ্জাতা তপস্বিনী ।
কাচিদ্বভূব সৈরিন্ধ্রী কাচিন্মাসোপবাসিনী ॥ ৫ ।
মালাকারবধূঃ কাচিৎ কাচিন্নাপিতসুন্দরী ।
সূতিকর্ম্মবিচারজ্ঞাঽপরা ভৈষজ্যকোবিদা ॥ ৬ ।
বৈশ্যা চ কাচিদভবৎ ক্রয়বিক্রয়চঞ্চুরা ।
ব্যালগ্রাহিণ্যভূৎ কাচিদ্দাসী ধাত্রী চ কাচন ॥ ৭ ।
একা চ নৃত্যকুশলা ত্বন্যাগানবিশারদা ।
অপরা বেণবাদজ্ঞাঽপরা বীণাধরাভবৎ ॥ ৮ ।
মৃদঙ্গবাদনজ্ঞান্যা কাচিত্তালকলাবতী ।
কাচিৎ কার্ম্মণতত্ত্বজ্ঞা কাচিন্মৌক্তিকগুম্ফিকা ॥ ৯ ।
গন্ধভাগবিধিজ্ঞান্যা কাচিদক্ষকলালয়া ।
আলাপোল্লাসকুশলা কাচিচ্চত্বরচারিণী ॥ ১০ ।
বংশাধিরোহণে দক্ষা রজ্জুমার্গেণ চেতরা ।
কাচিদ্বাতুলচেষ্টাঽভূৎ পথি চীবরবেষ্টনা ॥ ১১ ।
অপত্যদাঽনপত্যানাং পরা তত্র পুরেঽবসৎ ।
কাচিৎ করাঙ্ঘ্রিরেখাণাং লক্ষণানি চিকেতি চ ॥ ১২ ।

রিণী, কেহবা ভৈষজ্যবিদ্যাবিভূষিণী, কেহ ক্রয বিক্রয়কারিণী বণিক্‌পত্নী, কেহ বেদিনী, কেহ পরিচারিণী, কেহ বা প্রসবতত্ত্ববিধায়িনী, কেহ নৃত্যকারিণী; কেহ বা সঙ্গীতবিদ্যাবিলাসিনী, কেহ বেণুবাদিনী, কেহ বীণাপাণি, কেহ মৃদঙ্গবাদিনী, কেহ বা সঙ্গীতশাস্ত্রের তালকলাজ্ঞানশালিনী, কেহ বশীকরণ মারণোচ্চাটনাদি দৈববিদ্যাবিনোদিনী, কেহ বা মুক্তাহারবিরচিনী, কেহ রসায়নবিজ্ঞানপ্রমোদিনী, কেহ বা অক্ষক্রীড়াবলম্বিনী, কেহ রহস্যালাপে আমোদিনী, কেহ বা চত্বরভূমিবিহারিণী, কেহ বংশাধিরোহণ ইন্দ্রজালে উল্লাসিনী, কেহ বা রজ্জুনৃত্যবিহারিণী, কেহ বর্ত্মস্থিত ছিন্নবস্ত্রসংগ্রাহিণী

চিত্রলেখননৈপুণ্যাৎ কাচিজ্জনমনোহরা।
বশীকরণমন্ত্রজ্ঞা কাচিত্তত্র চচার হ॥ ১৩।
গুটিকাসিদ্ধিদা কাচিৎ কাচিদঞ্জনসিদ্ধিদা।
ধাতুবাদবিদগ্ধান্যা পাদুকাসিদ্ধিদাপরা॥ ১৪।
অগ্নিস্তম্ভং জলস্তম্ভং বাক্‌স্তম্ভং চাপ্যশিক্ষয়ৎ।
খেচরিত্বং দদৌ কাচিদদৃশ্যত্বং পরা দদৌ॥ ১৫।
কাচিদাকর্ষণীং সিদ্ধিং দদাবুচ্চাটনং পরা।
কাচিন্নিজাঙ্গসৌন্দর্য্য যুবচিত্তবিমোহিনী॥ ১৬।
চিন্তিতার্থপ্রদা কাচিৎ কাচিজ্জ্যোতিঃ কলাবতী।
ইত্যাদিবেশভাষাভিরনুকৃত্য সমন্ততঃ॥ ১৭।
প্রত্যঙ্গণং প্রতিগৃহং প্রাবিশদ্ যোগিনীগণঃ।
ইত্থমব্দং চরন্ত্যস্তা যোগিন্যোঽহর্নিশং পুরি॥ ১৮।

উন্মাদিনী, কেহ বা পুত্রদায়িনীরূপে বন্ধ্যানারীর গৃহবাসিনী, কেহ বা সামুদ্রিকগণনানুসারে হস্তপদরেখা পরীক্ষাকারিণী, এবং কেহ বা সর্ব্বজনমনোরঞ্জন চিত্রপট চিত্রকারিণী এবং বিদ্যা বিমোহিনীবেশে বিচরণ করিতে লাগিল। অপর কেহ বা গুটিকাসিদ্ধিদায়িনী, কেহ বিভুরঞ্জন অঞ্জনসিদ্ধিপ্রদায়িনী, কেহ সর্ব্বতত্ত্ববিকাসিনী বর্ণসিদ্ধিবিধায়িনী এবং কেহ বা পাদুকাসিদ্ধিপ্রদায়িনী হইয়া বারাণসীর স্থানেস্থানে পরিভ্রমণ করিতে লাগিল। কেহ বা অগ্নিস্তম্ভ, জলস্তম্ভ, বাক্‌স্তম্ভ এবং অপরের অদৃশ্য হইয়া আকাশপথে উড্ডয়নের শিক্ষাদান আরম্ভ করিল। কেহ আকর্ষণ এবং উচ্চাটনমন্ত্র শিক্ষাদানে প্রবৃত্ত হইল; কেহ বা যুবচিত্তবিমোহন পরম সুন্দর রূপধারণ করিল। কেহ মানবের অভীষ্টফলদায়িনী, কেহ বা জ্যোতিষশাস্ত্র কলায় উল্লাসিনী হইল। মহাযোগী মহেশ্বরের যোগিনীগণ পূর্ব্বোক্তপ্রকার সমস্ত কার্য্যের উপযোগিনী ভাষা ও বেশভূষার অনুকরণ করিয়া কাশীপুরীর প্রত্যেক গৃহে ও প্রত্যেক চত্বরে একবৎসর কাল দিবানিশি ভ্রমণ করিতে লাগিল॥ ৪—১৮॥

ন চ্ছিদ্রং লেভিরে ক্বাপি নৃপবিঘ্নচিকীর্ষবঃ।
ততঃ সমেত্য তাঃ সর্ব্বা যোগিন্যো বন্ধ্যবাঞ্ছিতাঃ।
তস্থুঃ সংমন্ত্র্য তত্রৈব ন গতা মন্দরং পুনঃ॥ ১৯।
প্রভুকার্য্যমনিষ্পাদ্য সদঃ সম্ভাবনৈধিতঃ।
কঃ পুরঃ শক্নুয়াৎ স্থাতুং স্বামিনোহক্ষতবিগ্রহঃ॥ ২০।
অন্যচ্চ চিন্তিতং তাভির্যোগিনীভিরিদং মুনে।
প্রভুং বিনাপি জীবামো ন তু কাশীং বিনা পুনঃ॥ ২১।
প্রভুরুষ্টোঽপি সদ্ভৃত্যে জীবিকামাত্রহারকঃ।
কাশী হরেৎ করাদ্ভ্রষ্টা পুরুষার্থচতুষ্টয়ম্॥ ২২।
নাদ্যাপি কাশীং সন্ত্যজ্য তদারভ্য মহামুনে।
যোগিন্যোঽন্যত্র তিষ্ঠন্তি চরন্ত্যোপি জগত্রয়ম্॥ ২৩।

নিয়ত বিঘ্ন উৎপাদনে যত্নবতী যোগিনীগণ ধর্ম্মাপরায়ণ মহীপতি দিবো;দাসের কিছুমাত্র ছিদ্র অন্বেষণ করিয়া না পাইয়া নিতান্ত বিফলমনোরথ হইয়াছিল। এইরূপে ভগ্নমনোরথ হইয়াও তাহারা কাশীপরিত্যাগপূর্ব্বক মন্দরপর্ব্বতে প্রতিগমন করে নাই। পরস্পর মন্ত্রণা অবধারণপূর্ব্বক কাশীধামেই অবস্থান করিতেছিল। কেন না প্রভুর আদিষ্ট কার্য্য সম্পাদন না করিয়া কোন্ ব্যক্তি প্রভুর সমীপস্থ হইতে সাহসী হয়? ১৯॥ ২০॥

ষড়ানন কহিলেন, হে ঋষিপ্রবর! সেই যোগিনীগণ পুণরায় মনেমনে এইরূপ চিন্তা করিতে লাগিল যে, আমরা যোগীশ্বরের সন্দর্শন অভাবে বরং জীবিত থাকিতে পারিব, তথাপি কাশীপুরী বিচ্যুত হইলে কখনই প্রাণধারণ করিতে সমর্থ হইব না। প্রভু কুপিত হইলে অনুগত ভৃত্যের কেবল জীবিকামাত্র হরণ করিতে পারেন, কিন্তু করতলস্থ কাশীপুরী করভ্রষ্ট হইলে ধর্ম্মার্থকামমোক্ষ এই পুরুষার্থ চতুষ্টয় রূপ চতুর্ব্বর্গ বিনষ্ট হয়॥ ২১॥ ২২॥

স্কন্দ কহিলেন, হে মহামুনে! যোগিনীগণ ত্রিভুবন বিচরণ করে বটে, কিন্তু তদবধি কাশী পরিত্যাগ করিয়া অপর কুত্রাপি অবস্থান করে না॥ ২৩॥

প্রাপ্যাপি শ্রীমতীং কাশীং যস্তিতিক্ষতি দুর্ম্মতিঃ।
স এব প্রত্যুতত্যক্তো ধর্ম্মকামার্থমুক্তিভিঃ॥ ২৪॥
কঃ কাশীং প্রাপ্য দুর্ব্বুদ্ধিরপরত্র যিযাসতি।
মোক্ষনিক্ষেপকলসীং তুচ্ছশ্রীকৃতমানসঃ॥ ২৫॥
বিমুখোঽপীশ্বরোঽস্মাকং কাশীসেবনপুণ্যতঃ।
সম্মুখো ভবিতাবশ্যং কৃতকৃত্যাঃ স্ম তদ্বয়ম্॥ ২৬॥
দিনৈঃ কতিপয়ৈরেব সর্ব্বজ্ঞোঽপি সমেষ্যতি।
বিনা কাশীং ন রমতে যতোঽন্যত্র ত্রিলোচনঃ॥ ২৭॥
শম্ভোঃ শক্তিরিয়ং কাশী কাচিৎ সর্ব্বৈরগোচরা।
শম্ভুরেব হি জানীয়াদেতস্যাঃ পরমং সুখং॥ ২৮॥
ইতি নিশ্চিত্য মনসি শম্ভোরানন্দকাননে।
অতিষ্ঠদ্ যোগিনীবৃন্দং কয়াচিন্মায়য়াবৃতম্॥ ২৯॥

যে দুর্ম্মতি অক্লেশে লাভ করিযাও কাশীধাম পরিত্যাগ করে, তাহার ধর্ম্মার্থ কাম ত্রিবর্গ বিনষ্ট হয়॥ ২৪॥ যে ব্যক্তি তুচ্ছ সম্পত্তির লোভে বিমুগ্ধ হইয়া মোক্ষাশ্রয় কাশীধাম পরিত্যাগপূর্ব্বক অন্যত্র গমন করিতে অভিলাষ করে, তাহার তুল্য অবোধ আর জগতে নাই॥ ২৫॥ হে মহর্ষে! মহেশ্বর প্রেরিত যোগিনীগণ পুনরায় এইরূপ চিন্তা করিল যে, কার্য্য সাধন করিয়া প্রতিগমন না করিলে মহাদেব যদি আমাদের প্রতি বিমুখ হন, তথাপি আমরা কাশীবাসিনী হইয়া কাশীপুরীর সেবা করিতেছি, এই পুণ্যবলে তিনি আমাদের প্রতি অবশ্যই সুপ্রসন্ন হইবেন; তাহা হইলেই আমরা কৃতার্থ হইব। কাশীপতি কিয়দ্দিন পরে অবশ্যই কাশীধামে আগমন করিবেন, কারণ কাশীনাথ কাশীভিন্ন অপর কোন স্থানেই প্রমোদিতভাবে অবস্থান করেন না। এই সুপবিত্র কাশীপুরী নিয়তই কাশীনাথের অন্যতর শক্তি স্বরূপিণী; এই অবিমুক্তক্ষেত্র আনন্দকাননে অবস্থানের যে সুখ, স্বয়ং কাশীপতি শম্ভুই তাহা অবগত আছেন। যোগিনীবৃন্দ মনেমনে এইরূপ

ব্যাস উবাচ।

ইত্থং সমাকর্ণ্য মুনিঃ পুনঃ পপ্রচ্ছ ষণ্মুখং।
কানি কানি চ নামানি তাসাং তাম্বি বদেশ্বর ॥ ৩০।
ভজনাদ্ যোগিনীনাঞ্চ কাশ্যাং কিং জায়তে ফলম্।
কস্মিন্ পর্ব্বণি তাঃ পূজ্যাঃ কথং পূজ্যাশ্চ তদ্বদ ॥ ৩১।
শ্রুত্বেতি প্রশ্নমৌমেয়ো যোগিনীসংশ্রয়ং ততঃ।
প্রত্যুবাচ মুনে বচ্মি শৃণোত্ববহিতো ভবান্ ॥ ৩২।

স্কন্দ উবাচ।

নামধেয়ানি বক্ষ্যামি যোগিনীনাং ঘটোদ্ভব।
আকর্ণ্য যানি পাপানি ক্ষয়ন্তি ভবিনাং ক্ষণাৎ ॥ ৩৩।
গজাননা সিংহমুখী গৃধ্রাস্যা কাকতুণ্ডিকা।
উষ্ট্রগ্রীবা হয়গ্রীবা বারাহী শরভাননা ॥ ৩৪।

স্থির করিয়া যোগবলসুলভ মায়াবলে ছদ্মবেশ ধারণপূর্ব্বক শম্ভুর আনন্দ-কানন কাশীধামে অবস্থান করিতে লাগিল ॥ ২৬—২৯ ॥

মহর্ষি অগস্ত্য এই সকল তত্ত্বকথা শ্রবণ করিয়া স্কন্দকে সম্বোধনপূর্ব্বক কহিলেন, হে ভগবন্! যোগিনীরা যখন যোগবলসম্পন্ন, তখন অবশ্যই অর্চ্চ-নীয়া। অতএব তাহাদিগের কাহার কি নাম, তাহাদিগকে পূজা করিলেই বা কি ফল জন্মে, কোন্ কোন্ পর্ব্বেই বা তাহাদের পূজা করিতে হয় এবং যোগিনী পূজার বিধিই বা কিরূপ, আপনি কৃপা করিয়া তৎসমস্ত আমার নিকট কীর্ত্তন করুন ॥ ৩০। ৩১ ॥

অগস্ত্যকর্ত্তৃক এইরূপ অভিহিত হইয়া ষড়ানন কহিলেন, হে মুনিবর! আমি সেই যোগিনীবৃত্তান্ত তোমার নিকট আনুপূর্ব্বিক কীর্ত্তন করিতেছি, অবহিতচিত্তে শ্রবণ কর ॥ ৩২ ॥ হে কুম্ভযোনে! তোমার কৌতূহল চরিতার্থ করণার্থ আমি সেইসকল যোগিনীর নাম কীর্ত্তন করিতেছি, তাহা শ্রবণ করিলে জীবের সমস্ত পাপ তৎক্ষণাৎ ক্ষয় হইয়া যায়। তাহাদের নাম

উলূকিকা শিবারাবা ময়ূরী বিকটাননা।
অষ্টবক্রা কোটরাক্ষী কুব্জা বিকটলোচনা ॥ ৩৫।
শুষ্কোদরী ললজ্জিহ্বা শ্বদংষ্ট্রা বানরাননা।
ঋক্ষাক্ষী কেকরাক্ষী চ বৃহত্তুণ্ডা সুরাপ্রিয়া ॥ ৩৬।
কপালহস্তা রক্তাক্ষী শুকী শ্যেনী কপোতিকা।
পাশহস্তা দণ্ডহস্তা প্রচণ্ডা চণ্ডবিক্রমা ॥ ৩৭।
শিশুঘ্নী পাপহন্ত্রী চ কালী রুধিরপায়িণী।
বসাধয়া গর্ভভক্ষা শবহস্তা নৃমালিনী ॥ ৩৮।
স্থূলকেশী বৃহৎকুক্ষি সর্পাস্যা প্রেতবাহনা।
দন্দশূককরা ক্রৌঞ্চী মৃগশীর্ষা বৃষাননা ॥ ৩৯।
ব্যাত্তাস্যা ধূমনিশ্বাসা ব্যোমৈকচরণোর্দ্ধদৃক্।
তাপনী শোষিণীদৃষ্টিঃ কোটরী স্থূলনাসিকা ॥ ৪০।
বিদ্যুৎপ্রভা বলাকাস্যা মার্জ্জারী কটপূতনা।
অট্টাট্টহাসা কামাক্ষী মৃগাক্ষী মৃগলোচনা ॥ ৪১।

গজাননা, সিংহমুখী, গৃধ্রমুখী, কাকতুণ্ডিকা, উষ্ট্রগ্রীবা, হযগ্রীবা, বারাহী, শরভাননা, উলূকী, শৃগালনাদিনী, ময়ূরী, বিকটাননা, অষ্টবক্রা, কোটরাক্ষী কুব্জা, বিকটলোচনা, শুষ্কোদরী, লোলজিহ্বা, শ্বদংষ্ট্রা বানরাননা, ঋক্ষাক্ষী, কেকরাক্ষী, বৃহদাননা, সুরাপ্রিয়া, কপালহস্তা, লোহিতাক্ষী, শুকী, শ্যেনী, কপোতী, পাশহস্তা, দণ্ডহস্তা, প্রচণ্ডা, শিশুঘ্নী, পাপহন্ত্রী, কালী, রুধিরপায়িণী, মেদগ্রাসিনী, গর্ভভক্ষিণী, শবহস্তা, নৃমালিনী, স্থূলকেশী, বৃহৎকুক্ষি, সর্পমুখী, প্রেতবাহনা, সর্পহস্তা, ক্রৌঞ্চী, মৃগশীর্ষা, বৃষাননা, বিবৃতাননা, ধূমশ্বাসিনী, আকাশপদী, ঊর্দ্ধনেত্রা, তাপিনী, শোষনী, গ্রহদৃষ্টি, কোটরী, স্থূলনাশা, বিদ্যুৎপ্রভা, কঙ্কমুখী, মার্জ্জারী, শ্মশানডাকিনী, অট্টহাসা, কামাক্ষী, মৃগাক্ষী এবং মৃগলোচনা ॥ ৩৩—৪১ ॥

নামানীমানি যো মর্ত্যশ্চতুঃষষ্টি দিনে দিনে ।
জপেত্ত্রিসন্ধ্যং তস্যেহ দুষ্টবাধা প্রশাম্যতি ॥ ৪২ ।
ন ডাকিন্যো ন শাকিন্যো ন কুষ্মাণ্ডা ন রাক্ষসাঃ ।
তস্য পীড়াং প্রকুর্ব্বন্তি নামানীমানি যঃ পঠেৎ ॥ ৪৩ ।
শিশূনাং শান্তিকারীণি গর্ভশান্তিকরাণি চ ।
রণে রাজকুলে বাপি বিবাদে জয়দান্যপি ॥ ৪৪ ।
লভেদভীপ্সিতাং সিদ্ধিং যোগিনীপীঠসেবকঃ ।
মন্ত্রান্তরাণ্যপি জপংস্তৎপীঠে সিদ্ধিভাগ্ ভবেৎ ॥ ৪৫ ।
বলিপূজোপহারৈশ্চ ধূপদীপসমর্পণৈঃ ।
ক্ষিপ্রং প্রসন্না যোগিন্যঃ প্রযচ্ছেয়ুর্মনোরথান্ ॥ ৪৬ ।
শরৎকালে মহাপূজাং তত্র কৃত্বা বিধানতঃ ।
হবীংষি হুত্বা মন্ত্রজ্ঞো মহতীং সিদ্ধিমাপ্নুয়াৎ ॥ ৪৭ ।

এইরূপে চৌষট্টি যোগিনীর নাম কীর্ত্তন করিয়া স্কন্দ কহিলেন, হে মহর্ষে যে মানব প্রত্যহ ত্রিসন্ধ্যাকাল যোগিনীগণের এই চৌষট্টি নাম জপ করে, তাঁহার সমস্ত বিঘ্ন বিনষ্ট হয়। যিনি এই সকল নাম পাঠ করেন, ডাকিনী, শাকিনী, ভূত, প্রেত এবং রাক্ষসগণ তাঁহার কিছুমাত্র পীড়া উৎপাদন করিতে পারে না। এই যোগিনীগণ গর্ভিনীর গর্ভশান্তি এবং শিশুগণের গ্রহশান্তি করেন। বিপদকালে, বিবাদে, রাজদ্বারে এবং সংগ্রামেও জয় প্রদান করিয়া থাকেন ॥ ৪২—৪৪ ॥ যাঁহারা যোগিনীপীঠের সেবা করেন, তাঁহাদের অভীষ্ট সিদ্ধি হয় এবং যাঁহারা সেই পীঠস্থানে উপবিষ্ট হইয়া অন্য মন্ত্র জপ করেন, তাঁহারাও তত্তন্মমন্ত্রে সিদ্ধিলাভ করিয়া থাকেন ॥ ৪৫ ॥ যোগিনীগণকে ধূপ, দীপ, বলি ও পূজোপহারসম্ভার সমর্পণ করিলে সত্বরেই যোগিনীগণ প্রসন্ন হইয়া অভিলষিত ফল প্রদান করেন। যাঁহারা বিধি-পূর্ব্বক যোগিনীপীঠে শারদীয়া মহাপূজার অনুষ্ঠান করিয়া বিধানোক্তমন্ত্রে হোমকার্য্য সম্পাদন করেন, তাঁহাদিগের মহতী সিদ্ধিলাভ হয়। আশ্বিন

আরভ্যাশ্বযুজঃ শুক্লাং তিথিং প্রতিপদং শুভাম্।
পূজয়েন্নবমী যাবন্নরশ্চিন্তিতমাপ্নুয়াৎ॥ ৪৮।
কৃষ্ণপক্ষস্য ভূতায়ামুপবাসী নরোত্তমঃ।
তত্র জাগরণং কৃত্বা মহতীং সিদ্ধিমাপ্নুয়াৎ॥ ৪৯।
প্রণবাদিচতুর্থ্যন্তৈর্নামভির্ভক্তিমান্নরঃ।
প্রত্যেকং হবনং কৃত্বা শতমষ্টোত্তরং নিশি॥ ৫০।
সসর্পিষা গুগ্গুলুনা লঘুকোলিপ্রমাণতঃ।
যাং যাং সিদ্ধিমভীপ্সেত তাং তাং প্রাপ্নোতি মানবঃ॥৫১
চৈত্রকৃষ্ণপ্রতিপদি তত্র যাত্রা প্রযত্নতঃ।
ক্ষেত্রবিঘ্নপ্রশান্ত্যর্থং কর্ত্তব্যা পুণ্যকৃজ্জনৈঃ॥ ৫২।
যাত্রাঞ্চ সাম্বৎসরিকীং যো ন কুর্য্যাদবজ্ঞয়া।
তস্য বিঘ্নং প্রযচ্ছন্তি যোগিন্যঃ কাশিবাসিনঃ॥ ৫৩।

মাসের শুক্ল প্রতিপদ অবধি নবমী পর্য্যন্ত যাঁহারা যোগিনীপীঠে ভগবতীর অর্চ্চনা করেন, অচিরাৎ তাঁহাদিগের অভীষ্টফল লাভ হইয়া থাকে॥ ৪৬—৪৮॥ যে পুণ্যাত্মা কৃষ্ণপক্ষের চতুর্দ্দশী তিথিতে উপবাস করিয়া যোগিনী পীঠে নিশা জাগরণ করেন, তাঁহারও মহতী সিদ্ধিলাভ হয়॥ ৪৯॥ যিনি বিধিপূর্ব্বক ভক্তিমান হইয়া ঘৃতগুগ্গুললিপ্ত ক্ষুদ্রক্ষুদ্র বদরীকাষ্ঠ দ্বারা যোগিনীগণের প্রত্যেকের প্রণবযুক্ত নামেনামে অষ্টোত্তরশত পরিমিত আহুতি প্রদান করেন, নিশ্চয়ই তাঁহার মনস্কামনা সিদ্ধি হয়॥ ৫০। ৫১॥ক্ষেত্র-বিঘ্নপ্রশমনের নিমিত্ত কাশীবাসি পুণ্যাত্মাব্যক্তিগণের পক্ষে প্রতিবৎসর চৈত্র মাসের কৃষ্ণা প্রতিপদে যত্নপূর্ব্বক যোগিনীপীঠে শুভযাত্রা করা অবশ্য কর্ত্তব্য। কাশীতে বাস করিয়া যে ব্যক্তি অবজ্ঞাপূর্ব্বক ঐরূপ নির্দ্দিষ্ট সাম্বৎ-সরিক যাত্রার অনুষ্ঠান না করে, যোগিনীগণ তাহার বিঘ্নসাধন করিয়া থাকেন

অগ্রে কৃত্বা স্থিতাঃ সর্ব্বাস্তাঃ কাশ্যাং মণিকর্ণিকাম্।
তন্নমস্কারমাত্রেণ নরো বিঘ্নৈর্ন বাধ্যতে ॥ ৫৪।

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে যোগিন্যাগমনং নাম
পঞ্চচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।

॥ ৫২॥ ৫৩ ॥ মণিকর্ণিকা প্রমুখিনী যোগিনীগণকে ভক্তিভাবে নমস্কার করিবামাত্রই ভক্তের সমস্ত বিঘ্ন তিরোহিত হয় ॥ ৫৪॥

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে যোগিনীসমাগম নাম
পঞ্চচত্বারিংশত্তম অধ্যায়।

ষট্‌চত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।

স্কন্দ উবাচ।

গতেঽথ যোগিনীবৃন্দে দেবদেবো ঘটোদ্ভব।
কাশীপ্রবৃত্তিং জিজ্ঞাসুঃ প্রাহিণোদংশুমালিনম্‌ ॥ ১।

দেবদেব উবাচ।

সপ্তাশ্ব ত্বরিতো যাহি পুরীং বারাণসীং শুভাম্‌।
যত্রাস্তি স দিবোদাসো ধর্ম্মমূর্ত্তির্মহীপতিঃ ॥ ২।
তস্য ধর্ম্মাবরোধেন যথা তৎ ক্ষেত্রমুদ্ধরেৎ।
তথা কুরুষ্ব ভোক্ষিপ্রং মা বমংস্থাশ্চ তং নৃপম্‌ ॥ ৩।
ধর্ম্মমার্গপ্রবৃত্তস্য ক্রিয়তে যাবমাননা।
সা ভবেদাত্মনো নূনং মহদেনশ্চ জায়তে ॥ ৪।

ষট্‌চত্বারিংশত্তম অধ্যায়ঃ।

স্কন্দ কহিলেন, হে কুম্ভযোনে! যোগিনীগণ মন্দরপর্ব্বতহইতে কাশীধামে গমন করিলে পর কাশীতত্ত্ব-জিজ্ঞাসু কাশীনাথ ভগবান সূর্য্যকে আহ্বান করিয়া কহিতে লাগিলেন, হে সপ্তাশ্ববাহন দিবাকর! আমার বারাণসীপুরীতে সাক্ষাৎধর্ম্মমূর্ত্তি মহীপতি রাজা দিবোদাস ধর্ম্মানুসারে রাজত্ব করিতেছেন, তুমি শীঘ্র সেইস্থানে তাঁহার নিকট গমন কর। হে অংশুমালিন্‌! সেই রাজা দিবোদাসের ধর্ম্মবিঘ্ন নিবন্ধন যাহাতে আমার কাশীপুরীর উদ্ধার সাধিত হয়, তুমি সত্বর তাহার উপায় বিধান কর। কিন্তু হে বিভাবসো! তুমি কদাচ সেই ধর্ম্মনিষ্ঠ রাজর্ষির অবমাননা করিও না। হে প্রভাকর! ধর্ম্মপথানুগামিমহাত্মাগণের যে অবমাননা করা হয়, অবমাননা কর্ত্তা নিশ্চয়ই স্বয়ং তাহার ফলভোগী হইয়া মহাপাতকে লিপ্ত হইয়া থাকে ॥ ১। ৪ ॥ হে সহস্রাংশো! রাজা দিবোদাস যদি তোমার বুদ্ধি-

তব বুদ্ধিবিকাশেন চ্যবতে চেৎ স ধর্ম্মতঃ।
তদা সা নগরী ভানো ত্বয়োদ্বাস্যাঽসহৈঃ করৈঃ॥ ৫।
কামক্রোধৌ লোভমোহৌ মৎসরাহঙ্কৃতী অপি।
তে তত্র ন ভবেতাং যত্তৎকালোপি ন তং জয়েৎ॥ ৬।
যাবদ্ধর্ম্মে স্থিরা বুদ্ধির্যাবদ্ধর্ম্মে স্থিরং মনঃ।
তাবদ্বিঘ্নোদয়ঃ ক্বাস্তি বিপদ্যপি রবে নৃষু॥ ৭।
সর্ব্বেষামিহ জন্তূনাং ত্বমেৎসি ব্রধ্ন চেষ্টিতম্।
অতএব জগচ্চক্ষুর্ব্রজ ত্বং কার্য্যসিদ্ধয়ে॥ ৮।
রবিরাদায় দেবাজ্ঞাং মূর্ত্তিমন্যাং প্রকল্প্য চ।
নভোধ্বগামহোরাত্রং কাশীমভিমুখোঽভবৎ॥ ৯।
মনসাতীব লোলোঽভূৎ কাশীদর্শনলালসঃ।
সহস্রচরণোঽপ্যৈচ্ছত্তদা খেঽনৈকপাদতাম্॥ ১০।

চাতুর্য্যে স্বধর্ম্মহইতে বিচ্যুত হন, তাহা হইলে নিশ্চয়ই তিনি তোমার অসহনীয় কিরণাসহিষ্ণু হইয়া কাশীপুরী পরিত্যাগ করিতে বাধ্য হইবেন॥ ৫॥ কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ, মাৎসর্য্য, এই ষড়রিপু কদাচ ধার্ম্মিক ব্যক্তিকে অভিভূত করিতে পারে না; অতএব মৃত্যুও তাদৃশ ব্যক্তিকে পরাজয় করিতে অক্ষম হন॥ ৬॥ হে বিবস্বন্! ধর্ম্মে যাঁহার মতি ও মন সুস্থির থাকে, বিপদ কালেও তাঁহার কোনপ্রকার বিঘ্ন সমুপস্থিত হয় না॥৭॥ হে জ্যোতির্ম্ময়ন্ বিশ্বনেত্র বিভাকর! জগতের সমস্ত প্রাণির মনোবৃত্তিই তুমি অবগত আছ; অতএব আমার কার্য্যসিদ্ধির নিমিত্ত সত্বরই তুমি বারাণসী ধামে যাত্রা কর॥ ৮॥

দিবাকর শিবের আজ্ঞা প্রাপ্ত হইয়া নিজমূর্ত্তিপরিহারপূর্ব্বক মনঃকল্পিত খেচরীমূর্ত্তি পরিগ্রহ করিয়া অহোরাত্রি বারাণসী অভিমুখে গমন করিতে লাগিলেন॥ ৯॥ কাশীদর্শন লালসায় উৎকলিকাকুল হইয়া সহস্রপাদ সহস্ররশ্মি মনেমনে আরও বহুচরণ কামনা করিয়াছিলেন॥ ১০॥ অহর্নিশি

হংসত্বং তস্য সূর্য্যস্য তদা সফলতামগাৎ।
সদানভোধ্বনীনস্য কাশীং প্রতিযিযাসতঃ॥ ১১।
অথ কাশীং সমাসাদ্য রবিরন্তর্বহিশ্চরন্।
মনাগপি ন তদ্ভূপে ধর্ম্মধ্বস্তিমবৈক্ষত॥ ১২।
বিভাবসুর্ব্বসন্ কাশ্যাং নানারূপেণ বৎসরম্।
ক্বচিন্নাবসরং প্রাপ তত্র রাজ্ঞি সুধর্ম্মিণি॥ ১৩।
কদাচিদতিথির্ভূত্বা দুর্ল্লভং প্রার্থয়ন্ রবিঃ।
ন তস্য রাজ্ঞো বিষয়ে দুর্ল্লভং কিঞ্চিদৈক্ষত॥ ১৪।
কদাচিৎ যাচকো জাতো বহুদোঽপি কদাপ্যভূৎ।
কদা চিদ্দীনতাং প্রাপ্তঃ কদাচিদ্গণকোপ্যভূৎ॥ ১৫।
বেদবাহ্যাং ক্রিয়াঞ্চাপি কদাচিৎ প্রত্যপাদয়ৎ।
কদাচিৎ স্থাপয়ামাস দৃষ্টপ্রত্যয়মৈহিকম্॥ ১৬।

আকাশগামী অংশুমালী দ্রুতগতি হংসগতিতে বারাণসী অভিমুখে যাত্রা করাতে তাঁহার হংসনামের সফলতা সম্পাদিত হইয়াছিল॥ ১১॥

সূর্য্যদেব কাশীধামে গমনানন্তর রাজা দিবোদাসের অন্তর্ব্বাহিরে বিচরণ পূর্ব্বক তাঁহার কিছুমাত্র ছিদ্র দর্শন করিতে সমর্থ হন নাই॥ ১২॥ তিনি নানারূপ ধারণপূর্ব্বক তথায় সম্বৎসরকাল অবস্থান করিয়াও সেই ধর্ম্মনিষ্ঠ রাজার কিছু মাত্র ছিদ্র দর্শনের অবসর লাভেও অক্ষম হইয়াছিলেন॥ ১৩॥ কখন কখন তিনি অতিথিবেশে রাজসকাশে কোনপ্রকার দুর্ল্লভ বস্তু প্রাপ্তির অভিলাষে গমন করিয়াছিলেন; কিন্তু দেখিলেন রাজা দিবোদাসের রাজ্যে দুর্ল্লভপদার্থ কিছুই নাই॥ ১৪॥ ভগবান বিভাবসু কোন দিন যাচকবেশে, কোন দিন দীনবেশে এবং কোন দিন বা গণকের বেশে রাজ সদনে উপস্থিত হইতেন। কখন কখন বহুধনদানের লোভ প্রদর্শন করিতেও গমন করিতেন॥ ১৫॥ তীক্ষ্ণরশ্মি চিত্রভানু কখন কখন বেদের নিন্দা করিয়া বেদবিরুদ্ধ কার্য্যের প্রশস্ততা প্রতিপাদন করিতেন। এক এক সময়ে অদৃষ্টবস্তুর অসত্যতা এবং ইহ

কদাচিজ্জাটলো জাতঃ কদাচিচ্চ দিগম্বরঃ ।
স কদাচিজ্জাঙ্গলিকো বিষবিদ্যাবিশারদঃ ॥ ১৭ ।
সর্ব্বপাষণ্ডধর্ম্মজ্ঞঃ কদাচিৎ ব্রহ্মবাদ্যভূৎ ।
ঐন্দ্রজালিক আসীচ্চ কদাচিদ্ভ্রাময়ন্ জনান্ ॥ ১৮ ।
নানাব্রতোপদেশৈশ্চ কদাচিৎ স পতিব্রতাঃ ।
ক্ষোভয়ামাস বহুশঃ সদৃষ্টান্তকথানকৈঃ ॥ ১৯ ।
কাপালিকব্রতধরঃ কদাচিচ্চাভবদ্দ্বিজঃ ।
কদাচিদপি বিজ্ঞানী ধাতুবাদী কদাচন ॥ ২০ ।
ক্বচিদ্বিপ্রঃ ক্বচিদ্রাজপুত্রো বৈশ্যোহন্ত্যজঃ ক্বচিৎ ।
ব্রহ্মচারী ক্বচিদভূৎ গৃহী বনচরঃ ক্বচিৎ ॥ ২১ ।
যতিঃ কদাচিদিতি স রূপৈরভ্রাময়জ্জনান্ ।
সর্ব্ববিদ্যাসু কুশলঃ সর্ব্বজ্ঞশ্চাভবৎ ক্বচিৎ ॥ ২২ ।

সংসারের প্রত্যক্ষসিদ্ধপদার্থের নিত্যতা প্রতিপন্ন করিতে যত্নবান হইতেন ॥ ১৬ ॥ তিনি কোন দিন জটাধারী, কোন দিন দিগম্বর এবং কোন দিন বা বিষবিদ্যাবিশারদ বিষবৈদ্য হইয়া দর্শন দিতেন ॥ ১৭ ॥ বিশ্বলোচন জগৎবিভাকর কোন দিন প্রকৃত নাস্তিক হইতেন, কোন দিন বা ব্রহ্মবাদী হইয়া সনাতন ব্রহ্মজ্ঞানপ্রতিপাদন করিতেন। কখন কখন ঐন্দ্রজালিক বেশে ইন্দ্রজাল প্রভাবে লোকের মনে ভ্রান্তি উৎপাদন করিয়া দিতেন ॥ ১৮ ॥ কখন কখন তিনি শাস্ত্রোক্ত বিবিধবৈধব্রতোপবাসাদির প্রতিকূলদৃষ্টান্ত প্রদর্শন করিয়া পতিব্রতা নারীগণের মনে বহুতর ক্ষোভ উৎপাদন করিতেন ॥ ১৯ ॥ সূর্য্যদেব কখন কাপালিকব্রতধারী ব্রাহ্মণ এবং কখন বা বিজ্ঞানবাদিবেশে সমুপস্থিত হইতেন। কোন কোন সময়ে ধাতুবাদির বেশপরিগ্রহ করিয়া অপরাপর ধাতুর স্বর্ণত্বসিদ্ধিপ্রতিপাদন করিতেন ॥ ২০ ॥ তিনি কখন ব্রাহ্মণ, কখন ক্ষত্রিয়, কখন বৈশ্য এবং কখন বা শূদ্র হইতেন। কখন ব্রহ্মচারী, কখন গৃহী এবং কখন বা বানপ্রস্থবেশধারী হইয়া পরিভ্রমণ করি-

ইতিনানাবিধৈরূপৈশ্চরন্‌ কাশ্যাং গ্রহেশ্বরঃ।
ন কদাপি জনে ক্বাপি ছিদ্রং প্রাপ কদাচন॥ ২৩।
ততো নিনিন্দ চাত্মানং চিন্তার্ত্তঃ কশ্যপাত্মজঃ।
ধিক্‌ পরপ্রেষ্যতাং যস্যাং যশো লভ্যেত ন ক্বচিৎ॥ ২৪।

মার্ত্তণ্ড উবাচ।

মন্দরং যদি যাম্যদ্য সদ্যস্তৎ ক্রুদ্ধ্যতীশ্বরঃ।
অনিষ্পাদিতকার্য্যার্থে ময়ি সামান্যভৃত্যবৎ॥ ২৫।
কোপমপ্যুররীকৃত্য যদি যায়াং কথঞ্চন।
কথং তিষ্ঠে পুনস্তস্য তর্হি বৈ মূঢ়ভৃত্যবৎ॥ ২৬।
অথোঙ্কৃত্যাবহেলম্বা যামি চেচ্চ কথং ন।
ক্রোধাগ্নিরীক্ষেৎ ত্র্যক্ষো মাং বিষং পেয়ং তদা ময়া॥২৭।
হরকোপানলে নূনং যদি যাতঃ পতঙ্গতাম্‌।
পিতামহোঽপি মাং ত্রাতুং তদা শক্ষ্যতি ন স্ফুটম্‌॥২৮।

তেন। কখন যতিবেশে ভিক্ষাবৃত্তি অবলম্বন করিলেন, কখন সর্ব্ববিদ্যা বিশারদ এবং কখন বা সর্ব্বজ্ঞরূপে মানবগণকে বিমোহিত করিয়া দিতেন॥ ২১। ২২॥

গ্রহপতি ত্বিষাম্পতি এইরূপে নানারূপ পরিগ্রহ করিয়া বারাণসীধামে পরিভ্রমণ করিলেন, কিন্তু কদাপি কোন লোকের কোন ছিদ্রই প্রাপ্ত হইলেন না॥ ২৩॥ এই রূপে অকৃতকার্য্য হইয়া কশ্যপনন্দন বিকর্ত্তন আপনাকে নিন্দা করিয়া মনেমনে চিন্তা করিলেন, পরের দৌত্যানুবৃত্তিতে ধিক্‌, তাহাতে কখনই কিছুমাত্র যশ নাই॥ ২৪॥ এবম্প্রকার অনুধ্যান করিয়া তিনি আত্মগত এইবাক্য কহিতে লাগিলেন যে, একজন সামান্য ভৃত্য যদি প্রভুর কার্য্য সাধনে অসমর্থ হয়, তাহা হইলে তাহার প্রভু তাহার উপর যেরূপ রোষাবিষ্ট হন, অদ্য আমি মন্দর পর্ব্বতে প্রতিগমন করিলে বিশ্বপ্রভু কাশীপতিও আমার প্রতি তদনুরূপ কোপান্বিত হইবেন, মহাদেব ক্রুদ্ধ হইবেন, ইহা

স্থাস্যাম্যত্রৈব তন্নিত্যং ন ত্যক্ষ্যামি কদাচন ।
ক্ষেত্রসন্ন্যাসবিধিনা বারাণস্যাং কৃতাশ্রমঃ ॥ ২৯ ।
পুরঃ পুরারেঃ কার্য্যার্থমনিবেদ্যেহ তিষ্ঠতঃ ।
যৎ পাপং ভাবি মে তস্য কাশী পাপস্য নিষ্কৃতিঃ ॥ ৩০।
অন্যান্যপি চ পাপানি মহান্ত্যল্পানি যানি চ ।
ক্ষয়ন্তি তানি সর্ব্বাণি কাশীং প্রবিশতাং সতাম্ ॥ ৩১ ।
বুদ্ধিপূর্ব্বং ময়া চৈতন্ন পাপং সমুপার্জ্জিতম্ ।
পুরারিণৈব হি পুরাঽশাসি ধর্ম্মো হি রক্ষ্যতাম্ ॥ ৩২ ।
ধর্ম্মো হি রক্ষিতো যেন দেহে সত্বরগঃরে ।
ত্রৈলোক্যং রক্ষিতং তেন কিং কামার্থৈঃ সুরক্ষিতৈঃ॥৩৩।
রক্ষণীয়ো যদি ভবেৎ কামঃ কামারিণা কথম্ ।
ক্ষণাদনঙ্গতাং নীতো বহূনাং সুখকার্য্যপি ॥ ৩৪ ।

জানিয়াও যদি আমি কষ্টসৃষ্টে তথায় গমন করি, তাহা হইলে নির্লজ্জ অবোধ ভৃত্যের ন্যায় কিরূপে তাহার সমীপে দণ্ডায়মান হইব ? ত্রিলোচন আমারে অপদার্থ জানিয়া অবজ্ঞাপূর্ব্বক যখন আমার প্রতি কোপদৃষ্টিতে নিরীক্ষণ করিবেন, তৎকালে জানি সেই হরকোপহুতাশনে ভস্মীভূত হইব । আমি যদি হরকোপানলে পতঙ্গবৃত্তি অবলম্বন করি, স্বয়ং পিতামহ ব্রহ্মাও আমারে পরিত্রাণ করিতে সমর্থ হইবেন না। মহেশ্বর আমারে যে কার্য্যের নিমিত্ত প্রেরণ করিয়াছেন, তাহা সম্পাদন করিতে পারিলাম না, এই বিষয় তাঁহার সমীপে নিবেদন না করিয়া যদি আমি সন্ন্যাসধর্ম্ম অবলম্বনপূর্ব্বক বারাণসী আশ্রয় করি। সর্ব্বদা এই বারাণসীধামেই অবস্থান করি, তাহা হইলে সেই অসম্পাদিত অনিবেদিত কার্য্যনিবন্ধন আমার যে পাপ হইবে, কাশী পরিত্যাগ না করিয়া কাশীবাস পুণ্যবলেই সেই পাপ হইতে আমি নিষ্কৃতিলাভ করিতে পারিব। কারণ যে সকল সাধুপুরুষ পুণ্যধাম বারাণসী আশ্রয় করিয়া থাকেন, তাঁহাদিগের লঘুগুরু সমস্ত পাপই ক্ষয় হইয়া যায়। বিশে-

অর্থশ্চেৎ সর্ব্বথা রক্ষ্য ইতি কৈশ্চিদুদাহৃতম্‌।
তৎ কথং ন হরিশ্চন্দ্রোঽরক্ষৎ কুশিকনন্দনে॥ ৩৫।
ধর্ম্মস্তু রক্ষিতঃ সর্ব্বৈরপি দেহব্যয়ে ন চ।
শিবিপ্রভৃতিভূপালৈর্দধীচিপ্রমুখৈর্দ্বিজৈঃ॥ ৩৬।
অয়মেব হি বৈ ধর্ম্মঃ কাশীসেবনসম্ভবঃ।
রুষিতাদপি রুদ্রান্মাং রক্ষিষ্যতি ন সংশয়ঃ॥ ৩৭।
অবাপ্য কাশীং দুষ্প্রাপাং কো জহাতি সচেতনঃ।
রত্নং করস্থমুৎসৃজ্য কঃ কাচং সংজিঘৃক্ষতি॥ ৩৮।
বারাণসীং সমুৎসৃজ্য যস্ত্বন্যত্র যিযাসতি।
হিত্বা নিধানং পাদেন সোঽর্থমিচ্ছতি ভিক্ষয়া॥ ৩৯।
পুত্রমিত্রকলত্রাণি ক্ষেত্রাণি চ ধনানি চ।
প্রতিজন্মেহ লভ্যন্তে কাশ্যেকা নৈব লভ্যতে॥ ৪০।

যতঃ এবিষয়ে আমি জ্ঞানকৃত পাপভাগী হইব না; কারণ জগতের ধর্ম্মবিধায়ক মহাদেব পূর্ব্বে আমারে যে ধর্ম্মপালনে আদেশ করিয়াছেন, তাহাই আমি পালন করিলাম। নশ্বরজগতে বিনশ্বরদেহধারণ করিয়া যিনি ধর্ম্ম রক্ষা করিতে পারেন, তাঁহার ত্রৈলোক্য রক্ষা করা হয়; কেবল কামার্থ রক্ষা-করিলে কিছুই রক্ষা হয় না। কেবল কামনা সাধন করাই যদি শ্রেয়স্কর হয়, তাহা হইলে বহুলোকের হিতাভিলাষী কামদেব ক্ষণকালমধ্যে হরকোপানলে ভস্ম হইয়াছিলেন কেন? কেহ কেহ বলেন, অর্থই সর্ব্বদা রক্ষণীয়। যদি তাহাই ধর্ম্মসাধনের হেতুভূত হইত, তবে রাজা হরিশ্চন্দ্র অকাতরে বিশ্বামিত্রকে সর্ব্বস্ব সমর্পণ করিয়াছিলেন কেন? ইহসংসারে কেবল একমাত্র ধর্ম্মই সর্ব্বতোভাবে পরিরক্ষণীয়। শিবি প্রভৃতি ভূপাল এবং দধীচি প্রভৃতি ঋষিগণ স্বস্বদেহ দান করিয়াও ধর্ম্ম রক্ষা করিয়াছিলেন। জগতে যেধর্ম্মের এতদূর গৌরব, কাশীবাস আশ্রয় করিলেই সেই ধর্ম্ম সমুপার্জ্জিত হয়। সেই ধর্ম্মবলেই আমি হরকোপানলে নিস্তার পাইব সন্দেহ নাই।

যেন লব্ধা পুরী কাশী ত্রৈলোক্যোদ্ধরণক্ষমা।
ত্রৈলোক্যৈশ্বর্য্যদুষ্প্রাপং তেন লব্ধং মহাসুখম্ ॥ ৪১ ।
কুপিতোঽপি হি মে রুদ্রস্তেজোহানিং বিধাস্যতি।
কাশ্যাঞ্চ লপ্স্যে তত্তেজো যদ্বৈ স্বাত্মাববোধজম্ ॥ ৪২।
ইতরাণীহ তেজাংসি ভাসন্তে তাবদেব হি।
খদ্যোতভানি যাবন্নো জৃম্ভতে কাশিজন্মহঃ ॥ ৪৩।
ইতি কাশীপ্রভাবজ্ঞো জগচ্চক্ষুস্তমোনুদঃ।
কৃত্বা দ্বাদশধাত্মানং কাশীপুর্য্যাং ব্যবস্থিতঃ ॥ ৪৪।
লোলার্ক উত্তরার্কশ্চ শাম্বাদিত্যস্তথৈব চ।
চতুর্থো দ্রুপদাদিত্যো ময়ূখাদিত্য এব চ ॥ ৪৫।
খকোল্কশ্চারুণাদিত্যো বৃদ্ধকেশবসংজ্ঞকৌ।
দশমো বিমলাদিত্যো গঙ্গাদিত্যস্তথৈব চ ॥ ৪৬।

কোন্ জ্ঞানবান ব্যক্তি দুর্ল্লভ কাশীধাম পরিত্যাগ করিয়া অন্যত্র গমন অভিলাষী হয়? করতলস্থ রত্ন পরিত্যাগপূর্ব্বক কোন্ ব্যক্তি কাচপ্রাপ্তির বাসনা করে? বারাণসী পরিত্যাগ করিয়া অন্যত্র গমনাভিলাষি ব্যক্তির পদতলে নিধি বিদলনপূর্ব্বক ভিক্ষালব্ধবস্তু গ্রহণে অভিলাষ করা হয়। পুত্র, মিত্র, কলত্র, ক্ষেত্র এবং ধন প্রতিজন্মেই লাভ হওয়া সম্ভব; কিন্তু জন্মেজন্মে কাশীলাভ নিতান্ত দুর্ঘট। যে মহাত্মা ত্রিলোকোদ্ধারিণী কাশীপুরী লাভ করেন, অনায়াসে তাঁহার ত্রিলোকের দুর্ল্লভ ঐশ্বর্য্য লাভ হয়। রুদ্রদেব কুপিত হইলে আমার সামান্যতেজ হরণ করিতে পারেন, কিন্তু বারাণসী আশ্রয়ফলে আমি তত্ত্বজ্ঞান বিকাশন ব্রহ্মতেজ লাভ করিতে পারিব। সামান্য খদ্যোতপুঞ্জ যতক্ষণ দীপ্তি বিকাস করে, সংসারের অপরাপর তেজ তাদৃশ ক্ষণকালমাত্র দীপ্তি পায়, কিন্তু বারাণসীলব্ধমহত্তেজ তদনুরূপ খদ্যোতপ্রভ নহে ॥ ২৫—৪৩ ॥

স্কন্দ কহিলেন, হে অগস্ত্য! তমোহারী ভগবান মহাদ্যুতি জগচ্চক্ষু প্রভাকর এইরূপে বারাণসীর প্রভাব পরিজ্ঞাত হইয়া বারাণসীক্ষেত্রে দ্বাদশ আত্মা-

দ্বাদশশ্চ যমাদিত্যঃ কাশীপুর্য্যাং ঘটোদ্ভব।
তমোহধিকেভ্যো দুষ্টেভ্যঃ ক্ষেত্রং রক্ষন্ত্যমী সদা॥ ৪৭।
তস্যার্কস্য মনো লোলং যদাসীৎ কাশিদর্শনে।
অতো লোলার্ক ইত্যাখ্যা কাশ্যাং জাতা বিবস্বতঃ॥৪৮।
লোলার্কস্ত্বসিসম্ভেদে দক্ষিণস্যাং দিশিস্থিতঃ।
যোগক্ষেমং সদা কুর্য্যাৎ কাশীবাসিজনস্য চ॥ ৪৯।
মার্গশীর্ষস্য সপ্তম্যাং ষষ্ঠ্যাং বা রবিবাসরে।
বিধায় বার্ষিকীং যাত্রাং নরঃ পাপৈঃ প্রমুচ্যতে॥ ৫০।
কৃতানি যানি পাপানি নরৈঃ সম্বৎসরাবধি।
নশ্যন্তি ক্ষণতস্তানি ষষ্ঠ্যর্কে লোলদর্শনাৎ॥ ৫১।
নরঃ স্নাত্বাসিসম্ভেদে সন্তর্প্য পিতৃদেবতাঃ।
শ্রাদ্ধং বিধায় বিধিনা পিত্রানৃণ্যমবাপ্নুয়াৎ॥ ৫২।

রূপ পরিগ্রহ করিলেন। যথা—লোলার্ক, উত্তরার্ক, শাম্বাদিত্য, দ্রুপদাদিত্য, ময়ূখাদিত্য, উল্কাদিত্য, অরুণাদিত্য, বৃদ্ধাদিত্য, কেশবাদিত্য, বিমলাদিত্য, গঙ্গাদিত্য এবং যমাদিত্য। আদিত্যদেব এই দ্বাদশ আদিত্যরূপে তমোগুণযুক্তদুষ্টলোকের উপদ্রব হইতে এই অবিমুক্তক্ষেত্র সর্ব্বদা রক্ষাকারী॥ ৪৪—৪৭॥ কাশীদর্শনের নিমিত্ত একদা অর্কদেবের মনোলোল অর্থাৎ মানস চঞ্চল হইয়াছিল, সেই কারণে সূর্য্যের এক নাম লোকার্ক। অসি বরণাসঙ্গমস্থলের দক্ষিণে লোকার্কদেবের অধিষ্ঠান স্থান। সেই অর্কদেব কাশীবাসিগণের যোগ ও মঙ্গল বিধান করেন। অগ্রহায়ণ মাসের ষষ্ঠী, সপ্তমী ও রবিবাসরে লোলার্কমণ্ডপে বার্ষিকী যাত্রা করিলে নরগণ সর্ব্বপাপ হইতে বিমুক্ত হয়। মানবগণ সম্বৎসরকাল যে সকল পাপ করে, ষষ্ঠীতিথিতে রবিবাসরে লোলার্ক দর্শন করিলে সেই সমস্ত পাপ তৎক্ষণাৎ ধ্বংস হইয়া যায়। নরগণ অসিবরণা সঙ্গমে স্নান করিয়া বিধিপূর্ব্বক পিতৃদেবগণের শ্রাদ্ধ তর্পণ করিলে পিতৃঋণ হইতে মুক্ত হইয়া থাকে। লোলার্কসঙ্গমস্থলে

লোলার্কসঙ্গমে স্নাত্বা দানং হোমং সুরার্চ্চনম্ ।
যৎ কিঞ্চিৎ ক্রিয়তে কর্ম্ম তদানন্ত্যায় কল্পতে ॥ ৫৩ ।
সূর্য্যোপরাগে লোলার্কে স্নানদানাদিকাঃ ক্রিয়াঃ ।
কুরুক্ষেত্রাদ্দশগুণা ভবন্তীহ ন সংশয়ঃ ॥ ৫৪ ।
লোলার্কে রথসপ্তম্যাং স্নাত্বা গঙ্গাসিসঙ্গমে ।
সপ্তজন্মকৃতৈঃ পাপৈর্মুক্তো ভবতি তৎক্ষণাৎ ॥ ৫৫ ।
প্রত্যর্কবারং লোলার্কং যঃ পশ্যতি শুচিব্রতঃ ।
ন তস্য দুঃখং লোকেস্মিন্ কদাচিৎ সম্ভবিষ্যতি ॥ ৫৬ ।
ন তস্য দুখং নোপামা নদক্রূর্ন বিচর্চ্চিকা ।
লোলার্কমর্কে যঃ পশ্যেত্তৎপাদোদকসেবকঃ ॥ ৫৭ ।
বারাণস্যামুষিত্বাপি যো লোলার্কং ন সেবতে ।
সেবন্তে তং নরং নূনং ক্লেশাঃ ক্ষুদ্ব্যাধিসম্ভবাঃ ॥ ৫৮ ।
সর্ব্বেষাং কাশিতীর্থানাং লোলার্কঃ প্রথমং শিরঃ ।
ততোঽঙ্গান্যন্যতীর্থানি তজ্জলপ্লাবিতানি হি ॥ ৫৯ ।

স্নান দান ও দেবার্চ্চন প্রভৃতি যে কোন কার্য্যের অনুষ্ঠান করিলে অনন্তগুণ ফল হয়। সূর্য্যগ্রহণের দিন লোলার্কসঙ্গমে স্নান দানাদি বৈধকার্য্যের অনুষ্ঠান করিলে কুরুক্ষেত্র অপেক্ষা দশগুণ ফল লাভ হয় সন্দেহ নাই। মাঘ মাসের সপ্তমী তিথিতে লোলার্কক্ষেত্রে অসিগঙ্গাসঙ্গমস্থলে স্নান করিলে তৎক্ষণাৎ সপ্ত জন্মার্জ্জিত পাপ ক্ষয় হয়। শুদ্ধচিত্তে শুচিব্রত হইয়া প্রতি রবিবাসরে লোলার্কসঙ্গম দর্শন করিলে কোন প্রকার দুঃখ সমুপস্থিত হয় না। যে ব্যক্তি রবিবারে লোলার্ক তীর্থ দর্শন করে, তাহার পাদোদক সেবন করিলে পাদকুষ্ঠ, গাত্রকণ্ডু অবথা দদ্রুরোগে যন্ত্রণা পাইতে হয় না। বারাণসীতে বাস করিয়া যে ব্যক্তি লোলার্ক দেবের সেবা না করে, তাহাকে ক্ষুধা ও ব্যাধিযন্ত্রণায় নিশ্চয়ই ব্যাকুলিত হইতে হয়। কাশীস্থিত সমস্ত

তীর্থান্তরাণি সর্ব্বাণি ভূমীবলয়গান্যপি।
অসিসম্ভেদতীর্থস্য কলাং নার্হন্তি ষোড়শীম্॥ ৬০।
সর্ব্বেষামেবতীর্থানাং স্নানাদ্ যল্লভ্যতে ফলম্।
তৎ ফলং সম্যগাপ্যেত নরৈর্গঙ্গাসিসঙ্গমে॥ ৬১।
নার্থবাদোয়মুদিতঃস্তুতিবাদো ন বৈ মুনে।
সত্যং যথার্থবাদোঽয়ং শ্রদ্ধেয়ঃ সদ্ভিরাদরাৎ॥ ৬২।
যত্র বিশ্বেশ্বরঃ সাক্ষাৎ যত্র স্বর্গতরঙ্গিণী।
মিথ্যা তত্রানুমন্যন্তে তার্কিকাশ্চানুসূয়কাঃ॥ ৬৩।
উদাহরন্তি যে মূঢ়াঃ কুতর্কবলদর্পিতাঃ।
কাশ্যাং সর্ব্বের্থবাদোঽয়ং তে বিট্‌কীটা যুগে যুগে॥৬৪।

তীর্থের মধ্যে লোলার্ক তীর্থই প্রধান। কারণ অসিবরণার সঙ্গমের জলে তত্রত্য অপরাপর আনুসঙ্গিক তীর্থ প্লাবিত হইয়া পবিত্র হয়। ভূমণ্ডলে অপরাপর যতপ্রকার তীর্থ আছে তাহা পবিত্রতাংশে অসিবরণার সঙ্গমতীর্থের ষোড়শাংশের একাংশও নহে। পৃথিবীস্থ সমস্ত তীর্থজলে স্নান করিলে যে ফল হয়, একমাত্র বারাণসীর অসিসঙ্গমে স্নান করিলে সেই ফল হইয়া থাকে॥ ৪৮—৬১॥

স্কন্দ কহিলেন, হে বারুণি! তোমারে আমি লোলার্কতীর্থ সম্বন্ধে যে যে কথা কহিলাম, তাহা প্রশংসা যদিও নহে, স্তুতিবাদও নহে, সমস্তই অখণ্ডনীয় সত্য। এই বাক্যগুলি পণ্ডিত মণ্ডলীর শ্রদ্ধার সহিত আদরণীয়। যে স্থলে সাক্ষাৎ বিশ্বেশ্বর বিরাজমান এবং যে স্থলে সাক্ষাৎ আকাশতরঙ্গিণী সুরধুনী বিরাজমতী, সেইস্থলের মাহাত্ম্যকে যাহারা মিথ্যা মনে করে, তাহারা ঈর্ষাপরবশ বিতর্কবাদী। যে সকল কুতর্কবলদর্পিত মূঢ় ব্যক্তি কাশী মাহাত্মকে চাটুবাদ বলিয়া বিতর্ক উপস্থিত করে, তাহারা যুগে যুগে বিষ্ঠার ক্রিমি হইয়া জন্মগ্রহণ করিয়া থাকে॥ ৬২—৬৪॥ হে মুনিবর! মহামহিমান্বিত কাশীধামের কোন প্রকার মহিমার সহিত ত্রৈলোক্যমণ্ডপের কোন তীর্থ মহিমারই তুলনা হইতে পারে না।

কস্যচিৎ কাশিতীর্থস্য মহিম্নোমহতস্তুলাম্।
নাধিরোহেন্ মুনে নূনমপি ত্রৈলোক্যমণ্ডপঃ ॥ ৬৫।
নাস্তিকা বেদবাহ্যাশ্চ শিশ্নোদরপরায়ণাঃ।
অন্ত্যজাতাশ্চ যে তেষাং পুরঃ কাশী ন বর্ণ্যতাম্ ॥ ৬৬।
লোলার্ককরনিষ্টপ্তা অসিধারবিখণ্ডিতাঃ।
কাশ্যাং দক্ষিণদিগ্‌ভাগে ন বিশেয়ুর্মহামলাঃ ॥ ৬৭।
মহিমানমিমং শ্রুত্বা লোলার্কস্য নরোত্তমঃ।
ন দুঃখী জায়তে ক্বাপি সংসারে দুঃখসাগরে ॥ ৬৮।

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে লোলার্কবর্ণনং নাম
ষট্‌চত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।

শিশ্নোদর পরায়ণ বেদবিরুদ্ধাচারী নাস্তিক এবং অতিনীচকুলোদ্ভব ব্যক্তিগণের নিকটে বারাণসীমাহাত্ম্য কীর্ত্তন করা নিষিদ্ধ ॥ ৬৫।৬৬॥ যে স্থান লোলার্কদেবের উগ্ররশ্মিতে জ্যোতির্ম্ময় এবং যে স্থানে অসিনদীর দ্বিধা-স্রোত প্রবাহিত, কাশীবিদ্বেষী মহাপাপীরা সে স্থানে প্রবেশ করিতে পারে না ॥ ৬৭ ॥ স্কন্দ কহিলেন, হে অগস্ত্য! যিনি শ্রদ্ধাপূর্ব্বক ভক্তিসহকারে লোলার্কদেবের মাহাত্ম্য শ্রবণ করেন, এই দুঃখসাগর ভবসংসারে সেই পুণ্যশীল মানবের কিছুমাত্র দুঃখ থাকে না ॥ ৬৮ ॥

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে লোলার্ক বর্ণন নাম
ষট্‌চত্বারিংশত্তম অধ্যায়।

সপ্তচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।

স্কন্দ উবাচ।

অথোত্তরস্যামাশায়াং কুণ্ডমর্কাখ্যমুত্তমম্।
তত্র নাম্নোত্তরার্কেণ রশ্মিমালী ব্যবস্থিতঃ ॥ ১।
তাপয়ন্ দুঃখসঙ্ঘাতং সাধূনাপ্যায়য়ন্ রবিঃ।
উত্তরার্কো মহাতেজাঃ কাশীং রক্ষতি সর্ব্বদা ॥ ২।
তত্রেতিহাসো যো বৃত্তস্তন্নিশাময় সুব্রত।
বিপ্রঃ প্রিয়ব্রতো নাম কশ্চিদাত্রেয়বংশজঃ ॥ ৩।
আসীৎ কাশ্যাং সুভাচারঃ সদাতিথিজনপ্রিয়ঃ।
ভার্য্যা শুভব্রতা তস্য বভূবাতিমনোহরা ॥ ৪।
ভর্ত্তৃশুশ্রূষণরতা গৃহকর্ম্মসু পেশলা।
তস্যাং স জনয়ামাস কন্যামেকাং সুলক্ষণাং ॥ ৫।

সপ্তচত্বারিংশত্তম অধ্যায়।

ষড়ানন কহিলেন, হে কুম্ভযোনে! বারাণসীর উত্তরাংশে অর্ককুণ্ড নামে একটিকুণ্ড আছে, সেই কুণ্ডই রশ্মিমালি উত্তরার্কদেবের অধিষ্ঠানস্থান ॥ ১ ॥ সমস্ত দুঃখবিনাশন সাধুগণের প্রীতিবর্দ্ধন সেই মহাতেজস্বী উত্তরার্কদেব সর্ব্বদা কাশীপুরী রক্ষা করিতেছেন ॥ ২ ॥ হে মুনিবর! এই অর্ককুণ্ড সম্বন্ধে একটি ইতিহাস বর্ণিত আছে, তাহা আমি তোমার নিকট কীর্ত্তন করিতেছি শ্রবণ কর। এই কাশীধামে সদাচারপরায়ণ অতিথিসেবানিরত প্রিয়ব্রত নামে অত্রিবংশসম্ভূত এক ব্রাহ্মণ বাস করিতেন। শুভব্রতা নামে তাঁহার একটি পরমসুন্দরী ভার্য্যা ছিল। শুভব্রতা অতিপতিব্রতা ও গৃহকার্য্য নিপুণা ছিলেন। তাঁহার গর্ভে রূপলাবণ্যসম্পন্না একটি কন্যা জন্মগ্রহণ করে। কন্যার নাম সুলক্ষণা। মূলানক্ষত্রের আদিপাদে এবং বৃহস্পতিকেন্দ্রে সেই

মূলক্ষ প্রথমে পাদে তথা কেন্দ্রে বৃহস্পতৌ।
বরৃধে সা গৃহে পিত্রোঃ শুক্লে পক্ষে যথা শশী॥ ৬।
সুরূপা বিনয়াচারা পিত্রোশ্চ প্রিয়কারিণী।
অতীবনিপুণা জাতা গৃহোপস্করমার্জ্জনে॥ ৭।
যথা যথা সমেধিষ্ট সা কন্যা পিতৃমন্দিরে।
তথা তথা পিতুস্তস্যাশ্চিন্তা সংবরৃধেতরাম্॥ ৮।
কস্মৈ দেয়া বরা কন্যা সুরম্যেয়ং সুলক্ষণা।
অস্যা অনুগুণো লভ্যঃ ক্ব ময়া বর উত্তমঃ॥ ৯।
কুলেন বয়সা চাপি শীলেনাপি শ্রুতেন চ।
রূপেণার্থেন সংযুক্তঃ কস্মৈ দত্ত্বা সুখং লভেৎ॥ ১০।
ইতি চিন্তয়তস্তস্য জ্বরোভূদতিদারুণঃ।
যশ্চিন্তাখ্যো জ্বরঃ পুংসামৌষধৈর্নাপি শাম্যতি॥ ১১।
তন্মূলক্ষ বিপাকেন চিন্তাখ্যেন জ্বরেণ চ।
স বিপ্রঃ পঞ্চতাং প্রাপ্তস্ত্যক্ত্বা সর্ব্বং গৃহাদিকম্॥ ১২।

কন্যার জন্মহয়। পিতৃগৃহে শুক্লপক্ষীয় শশিকলার ন্যায় সেই কুমারী দিনদিন পরিবর্দ্ধিত হইতে লাগিল॥ ৩—৬॥

সুলক্ষণা পরমরূপলাবণ্যবতী, বিনয়গুণবতী, পিতামাতার প্রিয়কারিণী এবং গৃহকার্য্যে সুনিপুণা হইয়া উঠিল॥ ৭॥ পিত্রাবাসে সুলক্ষণার যতই বয়োবৃদ্ধি হইতে লাগিল, তদীয় পিতা ততই অধিকতর চিন্তাযুক্ত হইতে লাগিলেন। কাহার হস্তে সুলক্ষণাকে সম্প্রদান করি, কোথায় আমি ইহার উপযুক্তপাত্র প্রাপ্ত হই, এইটীই তাহার প্রবল চিন্তা॥ ৮॥ ৯॥ কুল, শীল, ধন, বয়ঃক্রম, সকল বিষয়ে শ্রেষ্ঠ, এরূপ পাত্র কোথায় পাই যে, তাহার হস্তে কন্যা সমর্পণ করিয়া সুখী হই॥ ১০॥

এইরূপচিন্তা করিতে করিতে প্রিয়ব্রতের দারুণ চিন্তাজ্বর সমুপস্থিত হইল পুরুষের এ প্রকার চিন্তাজ্বর অন্য কোন ঔষধেই প্রশমিত হয় না॥ ১১॥ মূলা

পিতর্য্যুপরতে তস্যাঃ কন্যায়াঃ সা জননপি।
শুভব্রতা পরিত্যজ্য তাং কন্যাং পতিমন্বগাৎ॥ ১৩।
ধর্ম্মোয়ং সহচারিণ্যা জীবতাঽজীবতাপি বা।
পত্যা সহৈব স্থাতব্যং পতিব্রতযুজা সদা॥ ১৪।
নাপত্যং পাতি নো মাতা ন পিতা নৈব বান্ধবাঃ।
পত্যুশ্চরণশুশ্রূষা পায়াদ্ধি কেবলং স্ত্রিয়ম্॥ ১৫।
সুলক্ষণাপি দুঃখার্ত্তা পিত্রোঃ পঞ্চত্বমাপ্তয়োঃ।
ঔর্দ্ধদৈহিকমাপাদ্য দশাহং বিনিবর্ত্ত্য চ॥ ১৬।
চিন্তামবাপ মহতীমনাথা দৈন্যমাগতা।
কথমেকাকিনী পিত্রামাত্রা হীনা ভবাম্বুধেঃ॥ ১৭।
দুস্তরং পারমাপ্স্যামি স্ত্রীত্বং সর্ব্বাভিভাবি যৎ।
ন কস্মৈচিৎ বরায়াহং পিতৃভ্যাং প্রতিপাদিতা॥ ১৮।

নক্ষত্রের যোগে ঐ কন্যার পিতৃগণ্ডে জন্ম; এই উদ্বেগেই নিদারুণ চিন্তাজ্বর গ্রস্ত হইয়া সেই ব্রাহ্মণ সমস্ত সংসারসুখ পরিত্যাগপূর্ব্বক পঞ্চত্বপ্রাপ্ত হইলেন॥ ১২॥ বিপ্রবর প্রিয়ব্রতের পরলোক প্রাপ্তির পর ঐ কন্যার জননী শুভব্রতা তাহাকে পরিত্যাগ করিয়া পতির অনুগামিনী হইলেন॥ ১৩॥ পতি ইহলোকেই জীবিত থাকুন, অথবা দেহত্যাগ করিয়া পরলোকেই গমন করুন, সর্ব্বদা পতির সহচারিণী হইয়া অবস্থান করাই পতিব্রতা নারীগণের পরমধর্ম্ম॥ ১৪॥ মাতা, পিতা, পুত্র, অথবা বন্ধু বান্ধবগণ কেহই নারীগণের ধর্ম্ম রক্ষণে সমর্থ নহেন, একমাত্র পতির চরণসেবাতেই পতিব্রতা স্ত্রীগণের ধর্ম্ম সুরক্ষিত হয়॥ ১৫॥

পিতৃমাতৃবিয়োগে শোকাকুলা হইয়া সুলক্ষণা দশদিবসান্তে তাঁহাদিগের ঔর্দ্ধদেহিক শ্রাদ্ধাদি ক্রিয়া সম্পন্ন করিলেন॥ ১৬॥ অনন্তর মাতৃপিতৃহীন হইয়া একাকিনী অনাথিনী কিরূপে এই ভবসংসারসমুদ্রে অবস্থান করিব, এই চিন্তাতেই সুলক্ষণার অন্তঃকরণ ব্যাকুল হইতে লাগিল। তিনি আরো

তদদত্তা কথং স্বৈরমহমন্যং বরং বৃণে।
বৃতোপি ন কুলীনশ্চেৎ গুণবান্ন চ শীলবান্ ॥ ১৯ ।
স্বাধীনোঽপি ন তত্তেন বৃতেনাপি হি কিং ভবেৎ।
ইতি সঞ্চিন্তয়ন্তী সা রূপৌদার্য্যগুণান্বিতা ॥ ২০ ।
যুবভির্বহুভির্নিত্যং প্রার্থিতাপি মুহুর্মুহুঃ।
ন কস্যাপি দদৌ বালা প্রবেশং নিজমানসে ॥ ২১ ।
পিত্রোরুপরতিং দৃষ্ট্বা বাৎসল্যঞ্চ তথাবিধম্।
নিনিন্দ বহুধাত্মানং সংসারঞ্চ নিনিন্দ হ ॥ ২২ ।
যাভ্যামুৎপাদিতা চাহং যাভ্যাঞ্চ পরিপালিতা।
পিতরৌ কুত্র তৌ যাতৌ দেহিনো ধিগনিত্যতাম্ ॥২৩।
অহো দেহোপ্যহো গন্তা যথা পিত্রোঃ পুরো মম।
ইতি নিশ্চিত্য সা বালা বিজিতেন্দ্রিয়মানসা ॥ ২৪ ।

চিন্তা করিলেন পরাধিনী নারীজাতি পৃথিবীতে সকলের নিকটেই পরাভূত হয়; পিতা মাতা আমারে কোন উপযুক্ত পাত্রে সমর্পণ করিয়া যাইতে পারেন নাই, আমি অবলা, অসহায়িনী হইয়া কিরূপে এই দুস্তর ভবজলধির পার প্রাপ্ত হইব? আমি অবিবাহিতা, এ অবস্থায় যদি স্বেচ্ছামতে কাহাকেও বরণ করি, আর সেই বর যদি কুল, শীল অথবা গুণবিশিষ্ট না হয়, তাহা হইলে কিরূপে এই সংসারে স্বচ্ছন্দে কালযাপন করিব? পরিণেতা যদি রূপবান, ঔদার্য্যশালী ও স্বাধীন না হয়, তাহা হইলে সে বরে আমার কি হইবে? ১৯—২০ ॥

বহুতর যুবাপুরুষ সেই সুলক্ষণার পাণিগ্রহণ প্রার্থনা করিয়াছিল, কিন্তু সুলক্ষণা কাহাকেও মনোনীত করেন নাই। মাতৃপিতৃবিয়োগদর্শন এবং তাঁহাদিগের স্নেহমমতা স্মরণপূর্ব্বক তিনি সংসারবিরাগিণী হইয়া সংসারের নিন্দা ও আপনাকে বহুতর ধিক্কারদান করিয়াছিলেন ॥ ২১ ॥ ২২ ॥

সুলক্ষণা পুনরায় চিন্তা করিলেন, যাঁহাদিগের দ্বারা আমি জন্মপরিগ্রহ

ব্রহ্মচর্য্যং দৃঢ়ং কৃত্বা তপ উগ্রং চচার হ।
উত্তরার্কস্য দেবস্য সমীপে স্থিরমানসা ॥ ২৫ ।
তস্যাং তপস্যমানায়ামেকাচ্ছাগী লঘীয়সী।
তত্র প্রত্যহমাগত্য তিষ্ঠেত্তৎপুরতোঽচলা ॥ ২৬ ।
তৃণপর্ণাদিকং কিঞ্চিৎ সায়মভ্যবহৃত্য সা।
তৎ কুণ্ডপীতপানীয়াস্বস্বামিসদনং ব্রজেৎ ॥ ২৭ ।
তত ইত্থং ব্যতীতাসু পঞ্চষাসু সমাসু চ।
লীলয়া বিচরন্দেবস্তত্র দেব্যা সহাগতঃ ॥ ২৮ ।
সন্নিধাবুত্তরার্কস্য তপস্যন্তীং সুলক্ষণাম্।
স্থাণুবন্নিশ্চলাং স্থাণুরদ্রাক্ষীত্তপসা কৃশাম্ ॥ ২৯ ।

করিয়াছি, যাঁহাদিগের দ্বারা লালিতপালিতহইয়াছি, সেই মাতা পিতা কোথায় গেলেন! অহো! বিনশ্বর দেহিগণকেও ধিক্, ইহ সংসারের অনিত্যতাকে ধিক্! হায়! আমার পিতা মাতা আমার সম্মুখে প্রাণত্যাগ করিলেন! তবে আর এসংসারে প্রয়োজন কি? মনেমনে এইরূপ স্থির করিয়া বালিকা সুলক্ষণা মানসেন্দ্রিয় সংযমনপূর্ব্বক অর্ককুণ্ডে উত্তরার্কদেবের সমীপে ব্রহ্মচর্য্য অবলম্বন পূর্ব্বক একাগ্রমনে উগ্রতপস্যা আরম্ভ করিলেন ॥ ২৩—২৫ ॥

সুলক্ষণা যে স্থানে উপবেশন করিয়া তপস্যা করিতেন, সেই স্থানে প্রত্যহ একটি ক্ষুদ্র ছাগী আসিয়া নিশ্চলভাবে দণ্ডায়মান থাকিত। সেই ছাগী সমস্তদিন তথায় অবস্থানপূর্ব্বক যৎকিঞ্চিৎ তৃণপত্র ভক্ষণ ও কুণ্ডের জলপান করিয়া সন্ধ্যাকালে আপন স্বামিগৃহে চলিয়া যাইত ॥ ২৬ ॥ ২৭ ॥

এইরূপে পাঁচ ছয় বৎসর অতীত হইলে পর একদা ভগবান শূলপাণি পার্ব্বতীসহ বিহার করিতে করিতে সেই স্থানে সমুপস্থিত হইলেন ॥ ২৮ ॥ শাখাহীন তরুরন্যায় নিশ্চলভাবে কৃশাঙ্গী সুলক্ষণা তথায় মুদিতনয়নে তপস্যা করিতেছিলেন, হরপার্ব্বতীর জ্যোতির্ম্ময় নয়ন তাঁহার প্রতি নিপতিত হইল। ২৯ ॥ দয়াময়ী পার্ব্বতী তৎকালে মহাদেবকে সম্বোধনপূর্ব্বক কহিলেন, হে

তত‍ো গিরিজয়া শম্ভুর্বিজ্ঞপ্তঃ করুণাত্মনা।
বরেণানুগৃহাণেমাং বন্ধুহীনাং সুমধ্যমাম্ ॥ ৩০ ।
সর্ব্বাণী গিরমাকর্ণ্য ততঃ সর্ব্বঃ কৃপানিধিঃ।
সমাধিমীলিতাক্ষীং তামুবাচ বরদো হরঃ ॥ ৩১ ।
সুলক্ষণে প্রসন্নোঽস্মি বরং বরয় সুব্রতে।
চিরং খিন্নাসি তপসা কস্তেঽস্তীহ মনোরথঃ ॥ ৩২ ।
সাপি শম্ভোর্গিরং শ্রুত্বা মুখপীযূষবর্ষিণীম্।
মহাসন্তাপশমনীং লোচনে উদমীলয়ৎ ॥ ৩৩ ।
ত্র্যক্ষং প্রত্যক্ষমাবীক্ষ্য বরদানোন্মুখং পুরঃ।
দেবীঞ্চ বামভাগস্থাং প্রণনাম কৃতাঞ্জলিঃ ॥ ৩৪ ।
কিং বৃণে যাবদিত্থং সা চিন্তয়েচ্চারুমধ্যমা।
তাবত্তয়া নিরৈক্ষিষ্ট বরাকী বর্করীপুরঃ ॥ ৩৫ ।

কৃপাময়! এই অনাথা রমণীকে বরদান করিয়া অনুগৃহীত কর ॥ ৩০ ॥ সর্ব্বাণীর বাক্য শ্রবণ করিয়া কৃপানিধান সর্ব্বময় সেই সমাধিনী মীলিতাক্ষী সুলক্ষণাকে কহিলেন, হে সুলক্ষণে! আমি তোমার প্রতি প্রসন্ন হইয়াছি। হে সুব্রতে! তুমি সত্বর আমার নিকট বর প্রার্থনা কর। তুমি বহুকাল তপস্যা করিয়া শরীর শীর্ণ করিয়াছ, এক্ষণে তোমার মনের অভিলাষ কি, বল ॥ ৩১ ॥ ৩২ ॥

বামদেবের বদনবিনির্গত সর্ব্বসন্তাপনাশিনী সুধাবাণী শ্রবণানন্তর তপস্বিনী সুলক্ষণা নয়ন উন্মীলন করিয়া বরদানে প্রতিশ্রুত প্রত্যক্ষ মহেশ্বরীসহ মহেশ্বর ত্রিলোচনকে সম্মুখে দর্শনপূর্ব্বক কৃতাঞ্জলিপুটে প্রণিপাত করিলেন ৩৩ ॥ ৩৪ ॥ অনন্তর বরদ ভবদেবের নিকট কি বর প্রার্থনা করিবেন, সুমধ্যমা সুলক্ষণা এইরূপ চিন্তা করিতেছেন, এমন সময় সেই সম্মুখবর্ত্তিনী ছাগীর প্রতি তাঁহার দৃষ্টি নিপতিত হইল। ছাগীকে নয়নগোচর করিয়াই তাঁহার মনে এই ভাবের উদয় হইল যে, নিজের উপকারের নিমিত্ত কোন

আত্মার্থং জীবলোকেঽস্মিন্ কো ন জীবতি মানবঃ।
পরং পরোপকারার্থং যো জীবতি স জীবতি॥ ৩৬।
অনয়া মত্তপোবৃত্তিসাক্ষিণ্যা বহুধনে হসম্।
অসেব্যহং তদেতস্যৈ বরয়ামি জগৎপতিম্॥ ৩৭।
পরামৃশ্য মনস্যেতৎ প্রাহ ত্র্যক্ষং সুলক্ষণা।
কৃপানিধে মহাদেব যদি দেয়ো বরো মম॥ ৩৮।
অজশাবী বরাক্যেষা তর্হি প্রাগনুগৃহ্যতাম্॥
বক্তুং পশুত্বান্নো বেত্তি কিঞ্চিন্মদুক্তিপেশলা॥ ৩৯।
ইতি বাচং নিশম্যেশঃ পরোপকৃতিশালিনীম্।
সুলক্ষণায়া নিতরাং তুতোষ প্রণতার্ত্তিহা॥ ৪০।
দেবদেবস্ততঃ প্রাহ দেবি পশ্য গিরীন্দ্রজে।
সাধ্বনামীদৃশী বুদ্ধিঃ পরোপকরণেঽর্জ্জিতা॥ ৪১।

ব্যক্তি জীবনধারণ না করে? কিন্তু পরের উপকারের নিমিত্ত যাহার জীবন, জগতে সেই ব্যক্তিই যথার্থ জীবিত॥ ৩৫॥ ৩৬॥ তপশ্চরণব্রতপরায়ণা সুলক্ষণা মনেমনে এইরূপ আলোচনা করিয়া অবশেষে অবধারণ করিলেন যে, এই ছাগী আমার বিস্তর সেবা করিয়াছে; অতএব ইহার উপকারার্থই জগৎপতি পশুপতির নিকট বর প্রার্থনা করি॥ ৩৭॥ এইরূপ অবধারণ করিয়াই সেই তপস্বিনী পরম ভক্তিভাবে ভগবান ভক্তবৎসল ভবানীপতিকে কহিলেন, হে কৃপানিধান মহাদেব! যদি প্রসন্ন হইয়া থাকেন, তবে আমার অনুবর্ত্তিনী এই ছাগীকেই অগ্রে বর প্রদান করুন। কারণ পশুত্ব নিবন্ধন ইহার বাক্‌-শক্তি নাই; কিন্তু আমি সর্ব্বদাই দেখিতেছি, এই ছাগী অতিশয় ভক্তি-মতী॥ ৩৮॥ ৩৯॥

ভক্তজনবিপদ্‌ভঞ্জন পঞ্চানন পরিহিতকারিণী তপস্বিনী সুলক্ষণার পরি-হিতসাধিনী মহার্থবাণী শ্রবণ করিয়া তাঁহার উপর পরম পরিতুষ্ট হইলেন। ৪০॥ অনন্তর ভগবতীকে সম্বোধন করিয়া কহিলেন, হে দেবি! হে গিরীন্দ্র-

তে ধন্যাঃ সর্ব্বলোকেষু সর্ব্বধর্ম্মাশ্রয়াশ্চ তে।
যতন্তে সর্ব্বভাবেন পরোপকরণায় যে ॥ ৪২।
সঞ্চয়াঃ সর্ব্ববস্তূনাং চিরং তিষ্ঠন্তি নো ক্বচিৎ।
সুচিরং তিষ্ঠতে চৈকং পরোপকরণং প্রিয়ে ॥ ৪৩।
ধন্যা সুলক্ষণা চৈষা যোগ্যানুগ্রহকর্ম্মণি।
ব্রূহি দেবি বরো দেয়ঃ কোঽস্যৈ ছাগ্যৈ চ কঃ প্রিয়ে ॥৪৪

শ্রীদেব্যুবাচ।

সর্ব্বসৃষ্টিকৃতাং কর্ত্তঃ সর্ব্বজ্ঞ প্রণতার্ত্তিহন্।
সুলক্ষণা শুভাচারা সখী মেস্তু শুভোদ্যমা ॥ ৪৫।
যথা জয়া চ বিজয়া যথা চৈব জয়ন্তিকা।
শুভানন্দা সুনন্দা চ কৌমুদী চ যথোর্ম্মিলা ॥ ৪৬।
যথা চম্পকমালা চ যথা মলয়বাসিনী।
কর্পূরলতিকা যদ্বৎ গন্ধধারা যথা শুভা ॥ ৪৭।

নন্দিনি! এই দেখ, পরোপকার সাধনে সাধুগণের এইরূপ অচলা মতিই হইয়া থাকে। যিনি সর্ব্বান্তঃকরণে পরের উপকার সাধনে নিরত যত্নবান, ইহজগতে সেই মহাত্মাই ধন্য এবং তিনিই সর্ব্বধর্ম্মের আশ্রয়স্বরূপ। হে প্রিয়ে! জগতে কোন বস্তুর সঞ্চয়ই চিরস্থায়ী হয় না; কেবল পরোপকার-রূপ মহাধর্ম্ম সংগ্রহই অক্ষয় হইয়া থাকে। অতএব হে দেবি! এ জগতে এই সুলক্ষণাই ধন্য। এক্ষণে তোমারে জিজ্ঞাসা করিতেছি, সুলক্ষণা আর এই ছাগী, ইহাদের উভয়ের মধ্যে কাহাকে কোন্ উৎকৃষ্ট বর প্রদান করা তোমার অভিপ্রেত? ৪১ ॥ ৪৪ ॥

পার্ব্বতী কহিলেন, হে বিশ্বনাথ! তুমি সমস্ত জগতের সৃষ্টিকর্ত্তা, সর্ব্বান্তর্যামী এবং প্রণতবৎসল। তোমারে আর আমি অধিক কি কহিব। এই সদাচারপরায়ণা উদ্যমশীলা সুলক্ষণা আমার প্রিয়কারিণী সখীস্বরূপিণী। জয়া, বিজয়া, জয়ন্তিকা, শুভানন্দা, সুনন্দা, কৌমুদী, উর্ম্মিলা, চম্পকমালা,

অশোকা চ বিশোকা চ যথা মলয়গন্ধিনী।
যথা চন্দননিশ্বাসা যথা মৃগমদোত্তমা ॥ ৪৮।
যথা চ কোকিলালাপা যথা মধুরভাষিণী।
গদ্যপদ্যনিধির্যদ্বদনুক্তজ্ঞা যথা চ সা ॥ ৪৯।
দৃগঞ্চলেঙ্গিতজ্ঞা চ যথাকৃতমনোরথা।
গানচিত্তহরা যদ্বত্তথাস্ত্বেষা সুলক্ষণা ॥ ৫০।
অতিপ্রিয়া ভবিত্রী মে যদ্বালব্রহ্মচারিণী।
অনেনৈব শরীরেণ দিব্যাবয়বভূষণা ॥ ৫১।
দিব্যাম্বরা দিব্যগন্ধা দিব্যজ্ঞানসমন্বিতা।
সময়া মাং সদৈবাস্তাং চঞ্চচ্চামরধারিণী ॥ ৫২।
এষাপি কাশিরাজস্য কুমার্য্যাস্তিহ বর্করী।
অত্রৈব ভোগান্ সম্প্রাপ্য মুক্তিং প্রাপ্স্যত্যনুত্তমাম্ ॥৫৩।
অনয়া ত্বর্ককুণ্ডেঽস্মিন্ পুষ্যে মাসি রবের্দ্দিনে।
স্নাতং ত্বনুদিতে সূর্য্যে শীতাদম্ভূর্দ্ধচিত্তয়া ॥ ৫৪।

মলয়বাসা, কর্পূরলতা, সুগন্ধা, অশোকা, বিশোকা, মলয়গন্ধা, মলয়শ্বাসা, মদালসা, কোকিলকণ্ঠা, মধুরভাষা এবং সরস্বতী, ইঁহারা যেমন আমার ইষ্টকারিণী সখী, এই সুলক্ষণাও আমার সেইরূপ সখী ॥ ৪৫—৪৯ ॥ পূর্ব্বোক্ত সখীগণ যেমন আমার ইঙ্গিতাকারতত্ত্ববোধিনী মনোরথসাধিনী এবং মনোহারিণী সঙ্গীতবিদ্যাপ্রমোদিনী; এই সুলক্ষণাও আমার সেইরূপ ॥ ৫০॥ আরও, হে বিশ্বেশ্বর! এই ছাগী পূর্ব্বে কাশীরাজের কুমারী ছিল, শাপভ্রষ্টা হইয়া ছাগীত্ব প্রাপ্ত হইয়াছে; এক্ষণে ভোগের অবসান হইলে এই দেহ ত্যাগ-করিয়া পুনরায় দিব্যবপুধারণপূর্ব্বক দিব্যভূষণে বিভূষিতা, দিব্যবসনা, দিব্যগন্ধা, দিব্যকুন্তলা এবং দিব্যজ্ঞানসম্পন্না হইয়া উঠিবে এবং সেই শরীরেই এই বালিকাব্রহ্মচারিণী সুলক্ষণার ন্যায় আমার পরম প্রিয়তমা সখী হইবে ॥ ৫১—৫৩ ॥ পৌষমাসের রবিবাসরে সূর্য্যদেবের অনুদয়কালে শীতাভিভূত

রাজপুত্রী ততঃ পুণ্যাদস্ত্বেষা শুভলোচনা।
বরদানপ্রভাবেণ তব বিশ্বেশ্বর প্রভো॥ ৫৫।
বর্ক্করীকুণ্ডমিত্যাখ্যা ত্বর্ক্ককুণ্ডস্য জায়তাম্।
এতস্যাঃ প্রতিমা পূজ্যা ভবিষ্যত্যত্র মানবৈঃ॥ ৫৬।
উত্তরার্ক্কস্য দেবস্য পুষ্যে মাসি রবের্দ্দিনে।
কার্য্যা সাম্বৎসরী যাত্রা নরৈঃ কাশীফলেপ্সুভিঃ॥ ৫৭।
মৃড়ান্যাভিহিতং সর্ব্বং কৃত্বৈতদ্বিশ্বগো বিভুঃ।
বিশ্বনাথো বিবেশাথ প্রাসাদং স্বমতর্কিতঃ॥ ৫৮।

স্কন্দ উবাচ।

লোলার্ক্কস্য চ মাহাত্ম্যমুত্তরার্ক্কস্য চ দ্বিজ।
কথিতং তে মহাভাগ শাম্বাদিত্যং নিশাময়॥ ৫৯।

না হইয়া অক্ষুব্ধচিত্তে এই অর্ককুণ্ডে স্নান করিলে, এই সুলোচনা রাজকুমারী সেই পুণ্যফলে তোমার বরপ্রভাবে সমস্ত পাপহইতে বিমুক্ত হইবেন। হে বিশ্বেশ্বর! তুমি এই ছাগীকে এই বর দান কর যে, অদ্যাবধি এই অর্ককুণ্ডের নাম বর্করীকুণ্ড হইবে এবং এই স্থানেই ইহার প্রতিমূর্ত্তি প্রতিষ্ঠিত হইয়া সমস্ত মানবের অর্চনীয় হইয়া থাকিবে॥ ৫৪—৫৬॥ কাশীপ্রাপ্তির ফলাভিলাষি মানবগণের পক্ষে প্রতিবৎসর পৌষমাসের রবিবাসরে উত্তরার্কদেবের এই পবিত্রকুণ্ডে সাম্বৎসরিক যাত্রা করা বিধেয়॥ ৫৭॥ ভগবতী কর্ত্তৃক এইরূপে অভিহিত হইয়া বিশ্বময় বিশ্বনাথ সুলক্ষণা ও ছাগীকে তাঁহার প্রার্থনামত বরপ্রদান করিয়া অলক্ষিতভাবে অন্তর্ধান করিলেন॥৫৮॥

স্কন্দ কহিলেন, হে ঋষিপ্রবর! এই আমি তোমার নিকট লোলার্ক এবং উত্তরার্কদেবের মাহাত্ম্য কীর্ত্তন করিলাম, এক্ষণে শাম্বাদিত্য-মাহাত্ম্য কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর। হে অগস্ত্য! লোলার্ক ও উত্তরার্কদেবের এই পবিত্র

শ্রুত্বৈতৎ পুণ্যমাখ্যানং শুভং লোলোত্তরার্কয়োঃ।
ব্যাধিভির্নাভিভূয়েত ন দারিদ্রেণ বাধ্যতে॥ ৬০।

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে উত্তরার্কবর্ণনং নাম
সপ্তচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।

আখ্যান শ্রবণ করিলে মানবগণের ব্যাধিভয় ও দারিদ্র্যভয় থাকে না
॥ ৫৯। ৬০॥

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে উত্তরার্ক বর্ণন নাম
সপ্তচত্বারিংশত্তম অধ্যায়।

অষ্টচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।

স্কন্দ উবাচ।

শৃণুষ মৈত্রাবরুণে দ্বারবত্যাং যদূদ্বহঃ।
দানবানাং বধার্থায় ভুবো ভারাপনুত্তয়ে ॥ ১।
আবিরাসীৎ স্বয়ং কৃষ্ণঃ কৃষ্ণবর্ত্মপ্রতাপবান্।
বাসুদেবো জগদ্ধাম দেবক্যাং বসুদেবতঃ ॥ ২।
সাশীতিলক্ষং তস্যাসন্ কুমারা অর্কবর্চ্চসঃ।
স্বর্গেঽপি তাদৃশা বালা সুশীলা ন হি কুম্ভজ ॥ ৩।
অতীবরূপসম্পন্না অতীবসুমহাবলাঃ।
অতীব শস্ত্রশাস্ত্রজ্ঞা অতীব সুভলক্ষণাঃ ॥ ৪।
তান্ দ্রষ্টুং মানসঃ পুত্রো ব্রহ্মণস্তপসাং নিধিঃ।
কৃতবল্কলকৌপীনো ধৃতকৃষ্ণাজিনাম্বরঃ ॥ ৫।

অষ্টচত্বারিংশত্তম অধ্যায়।

স্কন্দ কহিলেন, হে মহর্ষি অগস্ত্য! ভগবান যদুপতি শ্রীকৃষ্ণ দৈত্যকুল নিধন ও ভূভার হরণের নিমিত্ত বসুদেবের ঔরসে দেবকীর গর্ভে জন্মপরিগ্রহ পূর্ব্বক সাক্ষাৎ হুতাশনের ন্যায় প্রতাপান্বিত হইয়া দ্বারকাপুরীতে অধিষ্ঠিত হইয়াছিলেন। তাঁহার অশীতিলক্ষ সন্তান জন্মগ্রহণ করিয়াছিল। তাদৃশ সদাচারপরায়ণ শৌর্য্যবীর্য্যশালি পরাক্রান্ত কুমার স্বর্গধামেও ছিল না ॥ ১—৩॥ সেই সকল যদুপ্রবীর পরম রূপবান, অতি বলবান, শস্ত্রশাস্ত্রে সুপণ্ডিত, এবং সর্ব্বসুলক্ষণসম্পন্ন ছিলেন ॥ ৪ ॥ ভগবান কমলাসন ব্রহ্মার মানসপুত্র তপোনিধান তপস্যাকৃশ অনলসন্নিভ গগনবিহারি দেবর্ষি নারদ বল্কল, কৌপীন, কৃষ্ণাজিন, মৌঞ্জিমেখলা ও ব্রহ্মদণ্ড গ্রহণপূর্ব্বক সর্ব্বাঙ্গে গোপীচন্দনরস বিলে-

গৃহীতব্রহ্মদণ্ডশ্চ ত্রিবৃন্মৌঞ্জীসুমেখলঃ।
উরঃস্থলস্থতুলসীমালয়া সমলঙ্কৃতঃ॥ ৬।
গোপীচন্দননির্যাসলসদঙ্গবিলেপনঃ।
তপসা কৃশসর্ব্বাঙ্গো মূর্ত্তো জ্বলনবজ্জ্বলন্॥ ৭।
আজগামাম্বরচরো নারদো দ্বারকাং পুরীম্।
বিশ্বকর্ম্মবিনির্ম্মাণাং জিতস্বর্গপুরীশ্রিয়ম্॥ ৮।
তং দৃষ্ট্বা নারদং সর্ব্বে বিনম্রতরকন্ধরাঃ।
প্রবদ্ধমূর্দ্ধাঞ্জলয়ঃ প্রণেমুর্বৃষ্ণিনন্দনাঃ॥ ৯।
শাম্বঃ স্বরূপসৌন্দর্য্যগর্ব্বসর্ব্বস্বমোহিতঃ।
ন ননাম মুনিং তত্র হসংস্তদ্রূপসম্পদম্॥ ১০।
শাম্বস্য তমভিপ্রায়ং বিজ্ঞায় স মহামুনিঃ।
বিবেশ সুমহারম্যং নারদঃ কৃষ্ণমন্দিরম্॥ ১১।
কৃষ্ণোঽথ দৃষ্ট্বাগচ্ছন্তং প্রত্যুদ্গম্য চ নারদম্।
মধুপর্কেণ সম্পূজ্য স্বাসনে চোপবেশয়ৎ॥ ১২।

পন ও বক্ষঃস্থলে তুলসীমাল্য ধারণ করিয়া সেই সকল যদুনন্দনকে দর্শন করিবার নিমিত্ত বিশ্বকর্ম্ম-বিনির্ম্মিত অমরাবতী লাঞ্ছিত দ্বারাবতীপুরীতে আগমন করিয়াছিলেন॥ ৫—৮॥ বৃষ্ণিবংশীয় সমস্ত কুমারগণ তপোধন নারদকে দর্শন করিয়া মস্তকে করবন্ধনপূর্ব্বক বিনম্রশিরে ভক্তিভাবে প্রণিপাত করিলেন॥ ৯॥ কেবল একমাত্র সৌন্দর্য্য ও ঐশ্বর্য্যগর্ব্ব-বিমোহিত যদুকুমার শাম্ব সেই দেবর্ষিকে প্রণিপাত করিলেন না। বরং তদীয় ব্রহ্মচারিবেশ অবলোকনপূর্ব্বক ভ্রূকুটিভঙ্গী করিয়া হাস্য করিলেন॥ ১০॥ তপোবলে শাম্বের অভিপ্রেত অবগত হইয়া মহামুনি নারদ ভগবান শ্রীকৃষ্ণের পরম রমণীয় মন্দিরে প্রবেশ করিলেন॥ ১১॥ যদুপতি সেই তেজঃপুঞ্জ মুনিবরকে আগমন করিতে দেখিয়া প্রত্যুদ্গমনপূর্ব্বক মধুপর্কে অর্চ্চনা করিয়া স্বকীয় আসনে উপবেশন করাইলেন॥ ১২॥ তদনন্তর ঋষিবর বিবিধ বিশ্রম্ভালাপের

কৃত্বা কথাবিচিত্রার্থাস্তত একান্তবর্ত্তিনঃ।
কৃষ্ণস্য কর্ণেঽকথয়ন্নারদঃ শাম্বচেষ্টিতম্ ॥ ১৩।
অবশ্যং কিঞ্চিদত্রাঽস্তি যশোদানন্দবর্দ্ধন।
প্রায়শস্তন্ন ঘটতেঽসম্ভাব্যং নাথব।স্ত্রিয়াম্ ॥ ১৪।
যূনাং ত্রিভুবনস্থানাং শাম্বোঽতীব স্বরূপবান্।
স্বভাবচঞ্চলাক্ষীণাং চেতোবৃত্তিঃ সুচঞ্চলা ॥ ১৫।
অপেক্ষন্তে ন মুগ্ধাক্ষ্যঃ কুলং শীলং শ্রুতং ধনম্।
রূপমেব সমীক্ষন্তে বিষমেষুবিমোহিতাঃ ॥ ১৬।
অথবা বিদিতং নো তে বল্লবীনাং বিচেষ্টিতম্।
বিনাষ্টৌ নায়িকাঃ কৃষ্ণ কাময়ন্তেঽবলাহ্যমুম্ ॥ ১৭।

অবসরে শাম্বের ধৃষ্টতার বিষয় শ্রীকৃষ্ণের কর্ণগোচর করিলেন ॥ ১৩ ॥ নারদ কহিলেন, হে যশোদানন্দবর্দ্ধন জনার্দ্দন। তোমার পুত্র শাম্ব অদ্য যেরূপ ব্যবহার করিলেন, পুরুষ দূরে থাকুক, অবোধ স্ত্রীলোকেরাও প্রায় কখনই আমার সহিত এরূপ দুর্ব্যবহার করে না। অতএব আমি নিশ্চয় বলিতেছি, অবশ্যই তাঁহার মনে কোনপ্রকার নিগূঢ় অভিসন্ধি আছে ॥ ১৪ ॥ ত্রিভুবনস্থ সমস্ত যুবগণের মধ্যে শাম্ব অতীব রূপবান, অতএব তিনি সুন্দরীরমণীগণের চক্ষে সর্ব্বদাই পরম রমণীয়। স্বভাবতঃ চঞ্চলাক্ষী মৃগাক্ষীগণের চিত্তবৃত্তিও সর্ব্বদা সচঞ্চল। হাবভাব লীলালোচনা রূপবতী অঙ্গনারা পুরুষের কুল, শীল, গুণ অথবা ধন কিছুরই অপেক্ষা করে না। কন্দর্পবিমোহিত হইয়া তাহাদের চিত্ত কেবল রূপের প্রতিই প্রধাবিত হয় ॥ ১৫। ১৬ ॥ হে কৃষ্ণ। তোমার মহিষীগণের মধ্যে প্রধানা অষ্টনায়িকা (১) ব্যতীত অপর সকলেই কামমোহিত হইয়া শাম্বকে কামনা করিয়া থাকেন, এটি তোমারও বিদিত আছে, আমারও অপরিজ্ঞাত নয় ॥ ১৭ ॥

---

(১) রুক্মিণী, জাম্ববতী, সত্যভামা, কালিন্দী, মিত্রবিন্দা, নাগ্নজিতী, ভদ্রা ও লক্ষ্মণা ইঁহারাই শ্রীকৃষ্ণের প্রধানা অষ্টনায়িকা। তদ্ব্যতীত শতাধিক ষোড়শসহস্র সংখ্যক নায়িকা কীর্ত্তিত আছে।—ইতি শ্রীভাগবতম্।

বামভ্রুবাং স্বভাবাচ্চ নারদস্য চ বাক্যতঃ।
বিজ্ঞাতাঽখিলবৃত্তান্তস্তথ্যং কৃষ্ণোপ্যঽমন্যত ॥ ১৮ ।
তাবদ্ধৈর্য্যঞ্চলাক্ষীণাং তাবচ্চেতোবিবেকিতা।
যাবন্নার্থী বিবিক্তস্থো বিবিক্তেঽর্থিনি নান্যথা ॥ ১৯ ।
ইত্থং বিবেচয়ংশ্চিত্তে কৃষ্ণঃ ক্রোধনদীরয়ম্।
বিবেকসেতুনাস্তভ্য নারদং প্রাহিণোৎ সুধীঃ ॥ ২০ ।
শাম্বস্য বৈকৃতং কিঞ্চিৎ ক্বচিৎ কৃষ্ণো ন বৈক্ষত।
গতে দেবমুনৌ তস্মিন্ বীক্ষমাণোঽপ্যহর্নিশম্ ॥ ২১ ।
কিয়ত্যপি গতে কালে পুনরপ্যাসযৌ মুনিঃ।
মধ্যে লীলাবতীনাঞ্চ জ্ঞাত্বা কৃষ্ণমবস্থিতম্ ॥ ২২ ।
বহিঃক্রীড়ন্তমাহূয় শাম্বমিত্যাহ নারদঃ।
যাহি কৃষ্ণান্তিকং তূর্ণং কথয়াগমনং মম ॥ ২৩ ।

ভগবান শ্রীকৃষ্ণ বামাক্ষীগণের স্বভাব পর্য্যালোচনা করিয়া এবং নারদের বাক্য শ্রবণে সমস্ত অখিলবৃত্তান্ত অবগত হইয়া তাহাতেই বিশ্বাস স্থাপন করিলেন ॥ ১৮ ॥ কারণ যদবধি বিজনস্থান অথবা প্রার্থিত পুরুষের সংঘটন না হয়, তদবধিই চপলাক্ষী অবলাকুলের ধৈর্য্য ও চিত্তবিবেক স্থায়ী হইয়া থাকে ॥ ১৯ ॥

চতুরচূড়ামণি চিন্তামণি মনেমনে এইরূপ চিন্তা করিয়া বিবেকসেতুদ্বারা ক্রোধরূপ নদীবেগ অবরোধপূর্ব্বক নারদের সহিত অন্য বিষয়ের আলাপে প্রবৃত্ত হইলেন ॥ ২০ ॥ ফলতঃ শ্রীকৃষ্ণ ইত্যগ্রে কখন শাম্বের কোনপ্রকার কার্য্যবিকার দর্শন করেন নাই। অতএব দেবর্ষি প্রস্থান করিলে পর তদবধি তিনি দিবারাত্রি শাম্বের চরিত্রচর্য্যা পর্য্যবেক্ষণে তৎপর হইলেন ॥ ২১ ॥ কিয়দ্দিন অতীত হইলে পর দেবর্ষি নারদ পুনরায় দ্বারাবতীপুরীতে আগমন করিলেন। শ্রীকৃষ্ণ তৎকালে লীলাবতী রমণীগণমধ্যে অন্তঃপুরে বিহার করিতেছিলেন। নারদ ইহা অবগত হইয়া বহির্ভাগে ক্রীড়াশীল

শাম্বোঽপি যামি নো যামি ক্ষণমিত্থমচিন্তয়ৎ।
কথং রহঃস্থং পিতরং যামি স্ত্রৈণসখং প্রতি॥ ২৪।
ন যামি চ কথং বাক্যাদস্যাহং ব্রহ্মচারিণঃ।
জ্বলদঙ্গারসঙ্কাশস্ফুরৎসর্ব্বাঙ্গতেজসঃ॥ ২৫।
প্রণমৎসু কুমারেষু ব্রীড়িতোঽয়ং ময়ৈকদা।
ইদানীমপি নো যায়ামস্য বাক্যান্ মহামুনেঃ॥ ২৬।
অত্যাহিতং তদস্তীহ তদাগোদ্বয়দর্শনাৎ।
পিতুঃ কোপোঽপি সুশ্লাঘ্যো ময়ি নো ব্রাহ্মণস্য তু॥২৭।
ব্রহ্মকোপাগ্নিনির্দ্দগ্ধাঃ প্ররোহন্তি ন জাতুচিৎ।
অপরাগ্নিবিনির্দগ্ধা রোহন্তে দাবদগ্ধবৎ॥ ২৮।
ইতি ধ্যাত্বা ক্ষণং শাম্বোঽবিশদন্তঃপুরং পিতুঃ।
মধ্যে স্ত্রৈণসভং কৃষ্ণং যাবজ্জাম্ববতীসুতঃ॥ ২৯।

শাম্বকে আহ্বানপূর্ব্বক কহিলেন, হে জাম্ববতীনন্দন! তুমি সত্বর অন্তঃপুরে গমন করিয়া শ্রীকৃষ্ণসন্নিধানে আমার আগমনবৃত্তান্ত নিবেদন কর॥ ২২।২৩॥

যাই কি না যাই, শাম্ব কিয়ৎক্ষণ এইরূপ চিন্তা করিতে লাগিলেন। পিতা এক্ষণে রমণীগণের সহিত নির্জ্জনে আমোদপ্রমোদ করিতেছেন, এ সময় আমি কিরূপে তাঁহার নিকট গমন করি। প্রজ্বলিত হুতাশনের ন্যায় তেজস্বি এই ব্রহ্মচারি ঋষির বাক্যে অনাদর করিয়া যদি না যাই, তাহা হইলে ইনি ক্রুদ্ধ হইবেন। একদা সমস্ত যদুবালকেরা ইহাঁকে অভিবাদন করিয়াছিলেন, কেবল একমাত্র আমি ব্রীড়াবনত মস্তকে মৌনাবলম্বন করিয়াছিলাম। তাহাতেও আমি ইহাঁর নিকট অপরাধী হইয়াছি। এক্ষণে কি করি, উভয় সঙ্কট উপস্থিত। যদি যাই, পিতার নিকট অপরাধী হই, যদি না যাই, তাহা হইলে ঋষির নিকট অপরাধ করা হয়। এ অবস্থায় পিতার ক্রোধ বরং আমার পক্ষে শ্লাঘনীয়, কিন্তু ব্রাহ্মণের অবমাননা কদাপি যুক্তিসিদ্ধ নহে। অন্য অনলে দগ্ধ হইলে দাবানলে দগ্ধ বৃক্ষলতাদির ন্যায় পুনরায় অঙ্কুরোদ্ভেদ

দূরাৎ প্রণম্য বিজ্ঞপ্তিং স চকার সশঙ্কিতঃ।
তাবত্তমন্বগচ্ছচ্চ নারদঃ কার্য্যসিদ্ধয়ে ॥ ৩০ ।
সসম্ভ্রমোঽথ কৃষ্ণোঽপি দৃষ্ট্বা শাম্বঞ্চ নারদম্।
সমুত্তস্থৌ পরিদধৎ পীতকৌশেয়মম্বরম্ ॥ ৩১ ।
উত্থিতে দেবকীসূনৌ তাঃ সর্ব্বা অপি গোপিকাঃ।
বিলজ্জিতাঃ সমুত্তস্থুর্গৃহ্ণন্ত্যঃ স্বস্বমম্বরম্ ॥ ৩২ ।
মহার্হশয়নীয়ে তং হস্তে ধৃত্বা মহামুনিম্।
সমুপাবেশয়ৎ কৃষ্ণঃ শাম্বশ্চ ক্রীড়িতুং যযৌ ॥ ৩৩ ।
তাসাং স্খলিতমালোক্য তিষ্ঠন্তীনাং পুরো মুনিঃ।
কৃষ্ণলীলাদ্রবীভূতবরাঙ্গানাং জগৌ হরিম্ ॥ ৩৪ ।
পশ্য পশ্য মহাবুদ্ধে দৃষ্ট্বা জাম্ববতীসুতম্।
ইমাঃ স্খলিতমাপন্নাস্তদ্রূপক্ষুব্ধচেতসঃ ॥ ৩৫ ।

হওয়া সম্ভব, কিন্তু ব্রহ্মকোপানলে বিদগ্ধ হইলে তাহার আর অঙ্কুর হয় না ॥ ২৪—২৮ ॥ কিয়ৎক্ষণ এইরূপ অনুধ্যান করিয়া জাম্ববতীতনয় শাম্ব পিতৃ অন্তঃপুরে প্রবেশ করিলেন। শ্রীকৃষ্ণ যৎকালে রমণীসভায় বিরাজ করিতে ছিলেন, কুমার সেই সময়েই তাঁহার সম্মুখে সমুপস্থিত হইলেন ॥ ২৯ ॥ কৃষ্ণকুমার যখন সশঙ্কিত চিত্তে দূর হইতে পিতৃদেবকে প্রণিপাত করিয়া আদিষ্টতত্ত্ব বিজ্ঞাপন করেন, কলহহৃষ্ট মুনিবর নারদ তৎকালে ইষ্টসিদ্ধির নিমিত্ত প্রচ্ছন্নভাবে তাঁহার অনুগমন করিয়াছিলেন ॥ ৩০ ॥ পীতাম্বর দূর হইতে শাম্ব ও নারদকে দর্শন করিয়া সসম্ভ্রমে পীতাম্বর সম্বরণপূর্ব্বক গাত্রো-ত্থান করিলেন ॥ ৩১ ॥ দেবকীনন্দন সমুত্থিত হইলে নায়িকারাও সলজ্জ বদনে স্বস্ব বসন সম্বরণ করিয়া দণ্ডায়মান হইলেন ॥ ৩২ ॥ শ্রীকৃষ্ণ বহুমান প্রদর্শনপূর্ব্বক হস্তধারণ করিয়া মহামুনিকে মহার্হ শয়নোপরি উপবেশন করা-ইলেন। শাম্ব পিতাকর্ত্তৃক অনুজ্ঞাত হইয়া বিদায় হইলেন ॥ ৩৩ ॥ কামিনী-গণকে শ্লথবাসা দর্শন করিয়া দেবর্ষি নারদ কটাক্ষ বিক্ষেপপূর্ব্বক শ্রীকৃষ্ণকে

কৃষ্ণোঽপি শাম্বমাহূয় সহসৈবাশপৎ সুতম্।
সর্ব্বা জাম্ববতীতুল্যাঃ পশ্যন্তমপি দুর্ব্বিধেঃ॥ ৩৬।
যস্মাত্ত্বদ্রূপমালোক্য গোপাল্যঃ স্খলিতা ইমাঃ।
তস্মাৎ কুষ্ঠীভব ক্ষিপ্রমকাণ্ডাগমনেন চ॥ ৩৭।
বেপমানো মহাব্যাধিভয়াৎ শাম্বোঽপি দারুণাৎ।
কৃষ্ণং প্রসাদয়ামাস বহুশঃ পাপশান্তয়ে॥ ৩৮।
কৃষ্ণোপ্যনেন সজ্ঞানন্ শাম্বং স্বসুতমৌরসম্।
অব্রবীৎ কুষ্ঠমোক্ষায় ব্রজ বৈশ্বেশ্বরীং পুরীম্॥ ৩৯।
তত্র ব্রধ্নং সমারাধ্য প্রকৃতিং স্বামবাপ্স্যসি।
মহৈনসাং ক্ষয়োন্যত্র নাস্তি বারাণসীং বিনা॥ ৪০।

কহিলেন, হে মহামতে! দেখ, দেখ, জাম্ববতীসুত শাম্বকে দর্শন করিয়া এই সকল বিলাসিনীর বসন স্খলিত এবং বদনমণ্ডল বিবর্ণ হইয়াছে॥ ৩৪—৩৫॥

স্কন্দ কহিলেন, হে মুনিবর অগস্ত্য! নারদের এই বাক্য শ্রবণ করিয়া শ্রীকৃষ্ণের মতিভ্রম জন্মিল। যদুকুমার শাম্ব সমস্ত কৃষ্ণমহিষীকে জননী জাম্ববতীর ন্যায় অবলোকন করিতেন। তথাপি দুর্ভাগ্যবশে তাঁহার অদৃষ্টে বিপরীত ফল দাঁড়াইল। মহামতি দ্বারকাপতি শ্রীপতি তৎক্ষণাৎ শাম্বকে নিকটে আহ্বানপূর্ব্বক অভিসম্পাত করিলেন॥ ৩৬॥ পুত্রকে সম্বোধন করিয়া তিনি কহিলেন, হে শাম্ব! তোমার রূপ দর্শন করিয়া এই সমস্ত গোপালীগণ স্খলিত হইয়াছেন; অতএব আমি তোমাকে অভিসম্পাত করিতেছি যে, সত্বর অচিরকাল মধ্যেই তুমি চিরকুষ্ঠব্যাধিগ্রস্ত হও॥ ৩৭॥ নিদারুণ ব্যাধিভয়ে প্রকম্পিত হইয়া শাম্ব কাতরবচনে পাপশান্তির নিমিত্ত পিতৃসদনে বারম্বার প্রসাদ প্রার্থনা করণানন্তর তাঁহারে প্রসন্ন করিয়াছিলেন॥ ৩৮॥ শ্রীকৃষ্ণের তখন চৈতন্য হইল। তিনি শাম্বকে স্বকীয় ঔরসপুত্র জানিয়া প্রসন্নবদনে কুষ্ঠ বিমোচনার্থ তাঁহাকে বিশ্বেশ্বরপুরী বারাণসীধামে গমনার্থ আদেশ করিলেন। তিনি আরও কহিলেন, হে বৎস! সেই বারাণসীধামে সূর্য্যদেবের

যত্র বিশ্বেশ্বরঃ সাক্ষাৎ যত্র স্বর্গাপগা চ সা।
যেষাং মহৈনসাং দৃষ্টা মুনিভির্নৈব নিষ্কৃতিঃ।
তেষাং বিশুদ্ধিরস্ত্যেব প্রাপ্য বারাণসীং পুরীম্ ॥ ৪১ ।
ন কেবলং হি পাপেভ্যো বারাণস্যাং বিমুচ্যতে।
প্রাক্তেভ্যোঽপি পাপেভ্যো মুচ্যতে শঙ্করাজ্ঞয়া ॥ ৪২ ।
পুরা পুরারিণা সৃষ্টমবিমুক্তং বিমুক্তয়ে।
সর্ব্বেষামেব জন্তূনাং কৃপয়ান্তে তনুত্যজাম্ ॥ ৪৩ ।
তত্রানন্দবনে শম্ভোস্তব শাপনিরাকৃতিঃ।
শাম্ব তত্ত্বরিতং যাহি নান্যথা শাপনিষ্কৃতিঃ ॥ ৪৪ ।
ততঃ কৃষ্ণং সমাপৃচ্ছ্য কর্ম্মনির্ম্মুক্তচেষ্টিতঃ।
নারদঃ কৃতকৃত্যঃ সন্ যযৌ আকাশবর্ত্মনা ॥ ৪৫ ।

আরাধনা করিলে তুমি এই কুষ্ঠহইতে বিমুক্ত হইয়া স্বাভাবিক পূর্ব্ব স্বারূপ্য পুনরায় লাভ করিতে সমর্থ হইবে। কারণ বারাণসীব্যতীত অন্যত্রে এতাদৃশ মহাপাপের ক্ষয় নাই। সেস্থলে স্বয়ং বিশ্বেশ্বর বিরাজমান এবং যে স্থলে স্বর্গগঙ্গা মন্দাকিনী মূর্ত্তিমতী, সেস্থলে সমস্ত মহাপাতক হইতে এত সহজে মুক্তিলাভ হয় যে, মুনিরাও তাদৃশী মুক্তি দর্শন করেন নাই। কাশী-বাস করিলেই তৎসমস্ত মহাপাপ হইতে বিশুদ্ধি লাভ করা যায়। বারাণসী আশ্রয় করিলে কেবল ইহজন্মের সমস্ত পাপ বিমোচিত হয় এমন নহে, বিশ্বে-শ্বরের আজ্ঞায় পূর্ব্বজন্মার্জ্জিত মহাপাপরাশিও বিধ্বংসিত হইয়া যায়। পুরা-কালে ত্রিপুরারি জগতের সমস্ত জীবের নির্ব্বাণবিমুক্তি বিধান করিবার নিমিত্ত এই বিমুক্তক্ষেত্র সৃজন করিয়াছেন। বিশ্বেশ্বরের কৃপায় যাঁহারা কাশীতে তনুত্যাগ করেন, তাঁহাদের নির্ব্বাণ-বিমুক্তি লাভ হয়। হে শাম্ব! সেই আনন্দকাননেই তোমার শাপ বিমোচন হইবে; তুমি সত্বর সেই অবি-মুক্তক্ষেত্রে গমন কর। অন্যথা করিলে এই শাপহইতে নিষ্কৃতি লাভ হইবে না ॥ ৩৯—৪৪ ॥

শাম্বো বারাণসীং প্রাপ্য সমারাধ্যাংশুমালিনম্।
কুণ্ডং তৎপৃষ্ঠতঃ কৃত্বা নিজাং প্রকৃতিমাপ্তবান্॥ ৪৬।
শাম্বাদিত্যস্তদারভ্য সর্ব্বব্যাধিহরো রবিঃ।
দদাতি সর্ব্বভক্তেভ্যোঽনাময়ান্ সর্ব্বসম্পদঃ॥ ৪৭।
শাম্বকুণ্ডে নরঃ স্নাত্বা রবিবারেঽরুণোদয়ে।
শাম্বাদিত্যঞ্চ সম্পূজ্য ব্যাধিভির্নাভিভূয়তে॥ ৪৮।
ন স্ত্রী বৈধব্যমাপ্নোতি শাম্বাদিত্যস্য সেবনাৎ।
বন্ধ্যা পুত্রং প্রসূয়েত শুদ্ধরূপসমন্বিতম্॥ ৪৯।
শুক্লায়াং দ্বিজসপ্তম্যাং মাঘে মাসি রবের্দ্দিনে।
মহাপর্ব্বসমাখ্যাতং রবিপর্ব্বসমং শুভম্॥ ৫০।

কর্ম্মপাশ হইতে বিমুক্তিলাভাভিলাষি দেবর্ষি নারদ অনন্তর কৃতকৃতার্থ হইয়া ভগবানের অনুমতি গ্রহণপূর্ব্বক গগনমার্গে প্রস্থান করিলেন।। ৪৪॥

অনন্তর শ্রীকৃষ্ণাত্মজ শাম্ব বারাণসীধামে গমনপূর্ব্বক আদিত্যকুণ্ডে পৃষ্ঠ স্থাপন করিয়া সূর্য্যদেবের আরাধনা করণাবসানে পুনরায় স্বকীয় বপু লাভ করিলেন॥ ৪৬॥

শাম্বের সূর্য্যোপাসনার সময়াবধি সেই সূর্য্যকুণ্ডের সর্ব্বপাপপ্রভঞ্জক শাম্বাদিত্য কুণ্ড নামকরণ আরম্ভ হয়। ভগবান রবিদেব সেই কুণ্ডে সর্ব্বজীবের অনাময় ও সর্ব্বসম্পত্তি বিধান করেন॥ ৪৬॥ রবিবারে অরুণোদয় কালে শাম্বাদিত্যকুণ্ডে স্নান করিলে নরগণকে আর ব্যাধিভয়ে অভিভূত হইতে হয় না॥ ৪৮॥ শাম্বাদিত্যের সেবা করিলে নারীগণকে বৈধব্যযন্ত্রণা ভোগ করিতে হয় না এবং বন্ধ্যানারী পরম রূপবান পুত্রসন্তান প্রসব করে॥৪৯॥ স্কন্দ কহিলেন, হে অগস্ত্য! সূর্য্যগ্রহণে গঙ্গাস্নান করিলে যাদৃশ ফল হয়, মাঘমাসের শুক্লপক্ষীয়া সপ্তমী তিথিতে রবিবাসরে শাম্বাদিত্যকুণ্ডে স্নান করিলে তাদৃশ ফললাভ হইয়া থাকে। সেই দিনটি রবিপর্ব্বের ন্যায় মহাপর্ব্ব নামে বিখ্যাত॥ ৫০॥ সেইদিন অরুণোদয়কালে শাম্বাদিত্যকুণ্ডে স্নান করিলে সর্ব্বব্যাধি বিনষ্ট হয়।

মহারোগাৎ প্রমুচ্যেত তত্র স্নাত্বাঽরুণোদয়ে।
শাম্বাদিত্যং প্রপূজ্যাপি ধর্ম্মমক্ষয়মাপ্নুয়াৎ ॥ ৫১ ।
সন্নিহত্যাং কুরুক্ষেত্রে যৎ পুণ্যং রাহুদর্শনে।
তৎ পুণ্যং রবিসপ্তম্যাং মাঘে কাশ্যাং ন সংশয়ঃ ॥৫২।
মাঘে মাসি রবের্ব্বারে যাত্রা সাম্বৎসরী ভবেৎ।
অশোকৈস্তত্র সম্পূজ্য কুণ্ডে স্নাত্বা বিধানতঃ ॥ ৫৩।
শাম্বাদিত্যং নরো জাতু ন শোকৈরভিভূয়তে।
সম্বৎসরকৃতাৎ পাপাৎ বহির্ভবতি তৎক্ষণাৎ ॥ ৫৪।
বিশ্বেশাৎ পশ্চিমাশায়াং শাম্বেনাত্র মহাত্মনা।
সম্যগারাধিতা মূর্ত্তিরাদিত্যস্য শুভপ্রদা ॥ ৫৫।
ইয়ং ভবিষ্যা তন্মূর্ত্তিরগস্তে ত্বৎপুরোঽকথি।
তামভ্যর্চ্চ্য নমস্কৃত্য কৃত্বাষ্টৌ চ প্রদক্ষিণং ॥ ৫৬।
নরো ভবতি নিষ্পাপঃ কাশীবাসফলং লভেৎ ॥ ৫৭।

এবং শাম্বাদিত্যের পূজা করিলে অক্ষয় ধর্ম্মলাভ হইয়া থাকে ॥ ৫১ ॥ কুরুক্ষেত্রে প্রভাসতীর্থে সূর্য্যগ্রহণ পর্ব্বে যাদৃশ ফল, কাশীধামে মাঘীশুক্লসপ্তমীতে রবিবাসরে শাম্বাদিত্য কুণ্ডে স্নান করিলে তাদৃশ ফল হয় সন্দেহ নাই ॥ ৫২ ॥ মাঘমাসের রবিবাসরে শাম্বাদিত্যকুণ্ডে বার্ষিকী যাত্রা হয়। সেই যাত্রার দিবসে অশোকপুষ্পে শাম্বাদিত্যের পূজা করিলে এবং বিধিপূর্ব্বক শাম্বাদিত্য কুণ্ডে অবগাহন করিলে নরগণকে কদাপি শোকে অভিভূত হইতে হয় না এবং সম্বৎসরকৃত সমস্ত পাপ হইতে তৎক্ষণাৎ বিমুক্তি লাভ হয় ॥ ৫৩। ৫৪॥ বিশ্বেশ্বরের মন্দিরের পশ্চিমদিকে মহাত্মা শাম্ব সূর্য্যদেবের শুভপ্রদা মূর্ত্তির সম্যক্‌রূপে আরাধনা করিয়াছিলেন। হে অগস্ত্য! আমি তোমারে যে মূর্ত্তির মাহাত্ম্য কহিলাম, এই কুণ্ডে সেই মূর্ত্তি প্রতিষ্ঠিত হইবে, তাঁহার সেবা করিলে জীবের সমস্ত পাপ বিনষ্ট হইয়া যাইবে এবং অর্চ্চনান্তে সেই মূর্ত্তিকে

শাম্বাদিত্যস্য মাহাত্ম্যং কথিতং তে মহামুনে।
যৎ শ্রুত্বাপি নরো জাতু যমলোকং ন পশ্যতি ॥ ৫৮।
ইদানীং দ্রৌপদাদিত্যং কথয়িষ্যামি তে নঘ।
তথৈব দ্রৌপদাদিত্যঃ সংসেব্যো ভক্তিসিদ্ধিদঃ ॥ ৫৯।

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে শাম্বাদিত্যমাহাত্ম্যকথনং নামাষ্টচত্বারিংশত্তমোঽধ্যায়ঃ।

নমস্কার করিয়া আটবার প্রদক্ষিণ করিলে কাশীবাসের ফল লাভ হইবে ॥ ৫৫—৫৭ ॥

হে মহামুনে! এই আমি তোমার নিকট শাম্বাদিত্যমাহাত্ম্য কীর্ত্তন করিলাম। ভক্তিপূর্ব্বক ইহা শ্রবণ করিলে জীবের আর যমলোক দর্শন হয় না ॥ ৫৮ ॥ এক্ষণে, হে অনঘ! আমি তোমারে ভক্তিসিদ্ধিপ্রদ দ্রৌপদাদিত্য-মাহাত্ম্য কহিতেছি, শ্রবণ কর ॥ ৫৯ ॥

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে শাম্বাদিত্য মাহাত্ম্য বর্ণন নাম অষ্টচত্বারিংশত্তম অধ্যায়।

ঊনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

পারাশর্য্য মুনে ব্যাস কুমারঃ কুম্ভজন্মনে।
যদাচক্ষৎ কথামেতাং তদা ক্ব দ্রুপদাত্মজা॥ ১।

ব্যাস উবাচ।

পুরাণং সংহিতা সূত ব্রূতে ত্রৈকালিকীং কথাম্।
সন্দেহো নাত্র কর্ত্তব্যো যতস্তদ্গোচরেঽখিলম্॥ ২।

স্কন্দ উবাচ।

আকর্ণয় মুনে পূর্ব্বং পঞ্চবক্ত্রো হরঃ স্বয়ম্।
পৃথিব্যাং পঞ্চধা ভূত্বা প্রাদুরাসীজ্জগদ্ধিতঃ॥ ৩।
উমাপি চ জগদ্ধাত্রী দ্রুপদস্য মহীভুজঃ।
যজতো বহ্নিকুণ্ডাচ্চ প্রাদুশ্চক্রেঽতিসুন্দরী॥ ৪।

ঊনপঞ্চাশত্তম অধ্যায়।

সূত জিজ্ঞাসা করিলেন, হে পরাশরনন্দন মুনিবর বেদব্যাস! কুমার ষড়ানন যখন মহর্ষি অগস্ত্যকে এই সকল কথা বলেন, দ্রুপদরাজকুমারী দ্রৌপদী তখন কোথায় ছিলেন? ১॥ ব্যাস কহিলেন, হে সূত! পুরাণ ও সংহিতাকারেরা ত্রিকালের কথা বলেন; অখিলসংসারের সমস্ত তত্ত্বই তাঁহাদের সুগোচর। অতএব শাস্ত্রের প্রতি সন্দেহ রাখা কর্ত্তব্য নহে॥ ২॥

স্কন্দ কহিলেন, হে অগস্ত্য! আমি তোমার নিকট এক পূর্ব্ব কাহিনী কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর॥ ৩॥ বিশ্বকল্যাণময় মহাদেব একদা পৃথিবীতে পঞ্চধা বিভক্ত হইয়া পঞ্চরূপ ধারণ করিয়াছিলেন। জগদ্ধাত্রী গিরিরাজকুমারী গৌরীও যজ্ঞশীল দ্রুপদরাজার যজ্ঞকুণ্ড হইতে পরমসুন্দরী কন্যারূপে প্রাদু-

পঞ্চাপি পাণ্ডুতনয়াঃ সাক্ষাদ্রুদ্রবপুর্দ্ধরাঃ ।
অবতেরুরিহ স্বর্গাৎ দুষ্টসংহারকারকাঃ ॥ ৫ ।
নারায়ণোঽপি কৃষ্ণত্বং প্রাপ্য তৎসাহচর্য্যকৃৎ ।
উদ্বৃত্তবৃত্তশমনং সদ্বৃত্তস্থিতিকারকঃ ॥ ৬ ।
প্রতপন্তঃ পৃথিব্যান্তে পার্থাশ্চেরুঃ পৃথক্ পৃথক্ ।
উদয়ানুদযৌ তস্মিন্ সম্পদাং বিপদামপি ॥ ৭ ।
কদাচিৎ তে মহাবীরা ভ্রাতৃব্যপ্রতিপাদিতাম্ ।
বিপত্তিমাপ্য মহতীং বভূবুঃ কাননৌকসঃ ॥ ৮ ।
পাঞ্চাল্যপি চ তৎপত্নী পতিব্যসনকর্ষিতা ।
ধর্ম্মাজ্ঞাং প্রাপ্য তন্বঙ্গী ব্রধ্নমারাধয়দ্ভৃশম্ ॥ ৯ ।
আরাধিতোঽথ সবিতা তয়া দ্রুপদকন্যয়া ।
সদর্ব্বীং সপিধানাঞ্চ স্থালিকামক্ষয়াং দদৌ ॥ ১০ ।

ভূত হইয়াছিলেন ॥ ৪ ॥ রুদ্রদেব পঞ্চবপুর্দ্ধারণপূর্ব্বক স্বর্গধাম হইতে অবতীর্ণ হইয়া দুষ্টদল সংহারের নিমিত্ত পাণ্ডুরাজের পঞ্চপুত্ররূপে ধরাধামে জন্মগ্রহণ করিয়াছিলেন ॥ ৫ । নারায়ণও তৎকালে সেই পঞ্চপাণ্ডবের সাহচর্য্য করিবার নিমিত্ত অসাধুদিগের শাসন ও সাধুদিগের আশ্বাসপ্রদানার্থ পৃথিবীতে কৃষ্ণরূপে অবতীর্ণ হইয়াছিলেন । ৬ । সেই মহাপ্রতাপশালী পঞ্চপাণ্ডব এই পৃথিবীতে স্বস্বপ্রধান হইয়া অভ্যুদয়ে, অনভ্যুদয়ে এবং সম্পদে বিপদে সমধৈর্য্যধারণপূর্ব্বক বিচরণ করিতেন ॥ ৭ ॥ সেই মহাবীর রাজকুমারেরা এক সময় ভ্রাতৃবর্গ হইতে মহাবিপত্তি প্রাপ্ত হইয়া বনবাসী হইয়াছিলেন ॥ ৮ ॥ তাঁহাদের ধর্ম্মপত্নী পাঞ্চালীও পতিগণের ব্যসনে আকুলিতা হইয়া ধর্ম্মাজ্ঞানুসারে সূর্য্যদেবের কঠোরতপস্যা করিয়াছিলেন ।৯॥ সূর্য্যদেব সেই দ্রৌপদীর সেবায় পরিতুষ্ট হইয়া তাঁহাকে স-পিধান সদর্ব্বী একটি অক্ষয়পাকস্থালী প্রদান করিয়াছিলেন ॥ ১০ ॥ এইরূপ পুরস্কার প্রদানানন্তর ভগবান ভাস্কর

উবাচ চ প্রসন্নাত্মা ভাস্করো দ্রুপদাত্মজাম্।
আরাধয়ন্তীং ভাবেন সর্ব্বত্র শুচিমানসাম্॥ ১১।
স্থাল্যৈতয়া মহাভাগে যাবন্তোঽন্নার্থিনো জনাঃ।
তাবন্তস্তৃপ্তিমাপ্স্যন্তি যাবচ্চ ত্বং ন ভোক্ষ্যসে॥১২।
ভুক্তায়াং ত্বয়ি রিক্তৈষা পূর্ণভক্তা ভবিষ্যতি।
রসবদ্ব্যঞ্জননিধিরিচ্ছাভক্ষ্যপ্রদায়িনী॥ ১৩।
ইত্থং বরস্তয়া লব্ধঃ কাশ্যামাদিত্যতো মুনে।
অপরশ্চ বরো দত্তস্তস্যৈ দেবেন ভাস্বতা॥ ১৪।

রবিরুবাচ।

বিশ্বেশাদ্দক্ষিণে ভাগে যো মাং ত্বৎপুরতঃ স্থিতম্।
আরাধয়িষ্যতি নরঃ ক্ষুদ্বাধা তস্য নশ্যতি॥ ১৫।
অন্যশ্চ মে বরো দত্তো বিশ্বেশেন পতিব্রতে।
তপসা পরিতুষ্টেন তন্নিশাময় বচ্মি তে॥ ১৬।

প্রসন্নচিত্তে সেই বিশুদ্ধমতী আরাধনাবতী দ্রুপদাত্মজাকে কহিলেন, অয়ি মহাভাগে! অয়ি পাঞ্চালি! তুমি স্বয়ং যতক্ষণ ভোজন না করিবে, ততক্ষণ এই স্থালীস্থিত ভোজ্যবস্তুতে সমস্ত ভোজনার্থি ব্যক্তি পরিতোষরূপে ভোজন করিতে পারিবে। এই ইচ্ছাভোজ্যপ্রদায়িনী স্থালী সর্ব্বদাই সুরস ভক্ষ্যদ্রব্যে পরিপূর্ণ থাকিবে, কেবল তোমার ভোজনান্তে ইহা শূন্য হইয়া যাইবে॥ ॥ ১১—১৩॥

হে মুনিবর! ভগবান অংশুমালী দ্রৌপদীকে কাশীতে এইরূপ বরদান করিয়া পুনরায় আর একটি বর প্রদান করিয়াছিলেন। তিনি কহিলেন, হে রাজকুমারি! বিশ্বেশ্বরের দক্ষিণাংশে তোমার সম্মুখে এই যে আদিত্য-কুণ্ড বিদ্যমান আছে, যে নর এই স্থানে আমার আরাধনা করিবে, তাহাকে কদাচ ক্ষুধাব্যাধিতে কাতর হইতে হইবে না॥ ১৪॥ ১৫॥ হে পতিব্রতে! একদা বিশ্বেশ্বর আমার তপস্যায় পরিতুষ্ট হইয়া আমারে

প্রাগেব ত্বাং সমারাধ্য যো মাম্ দ্রক্ষ্যতি মানবঃ।
তস্য ত্বং দুঃখতিমিরমপানুদ নিজৈঃ করৈঃ ॥ ১৭।
অতো ধর্ম্মপ্রিয়ে নিত্যং প্রাপ্য বিশ্বেশ্বরাদ্বরম্।
কাশীস্থিতানাং জন্তূনাং নাশয়াম্যঘসঞ্চয়ম্। ১৮।
যে মামত্র ভজিষ্যন্তি মানবাঃ শ্রদ্ধয়ান্বিতাঃ।
ত্বদ্বরোদ্যতপাণিঞ্চ তেষাং দাস্যামি চিন্তিতম্ ॥ ১৯।
ভবন্তীং মৎসমীপস্থাং যুধিষ্ঠিরপতিব্রতাম্।
বিশ্বেশাদ্দক্ষিণে ভাগে দণ্ডপাণেঃ সমীপতঃ ॥ ২০।
যেঽর্চ্চয়িষ্যন্তি ভাবেন পুরুষা বা স্ত্রিয়োঽপি বা।
তেষাং কদাচিন্নো ভাবি ভয়ং প্রিয়বিয়োগজম্ ॥ ২১।
ন ব্যাধিজং ভয়ং ক্বাপি ন ক্ষুত্তৃট্দোষসম্ভবম্।
দ্রৌপদীক্ষণতঃ কাশ্যাং তব ধর্ম্মপ্রিয়েঽনঘে ॥ ২২।

যে এক বর প্রদান করিয়াছিলেন, তাহাও আমি তোমাকে কহিতেছি, শ্রবণ কর ॥ ১৬॥ বিশ্বেশ্বর কহিয়াছিলেন, হে দিনেশ্বরভাস্কর! কাশীধামে যে ব্যক্তি অগ্রে তোমার আরাধনা করিয়া আমারে দর্শন করিবে, তোমার তেজঃপ্রভাবে তাহার সমস্ত দুঃখতিমির বিদূরিত হইয়া যাইবে ॥ ১৭ ॥ বিশ্বেশ্বরপ্রদত্ত বরবৃত্তান্ত বর্ণন করিয়া দিবাকর পুনর্ব্বার দ্রৌপদীকে কহিলেন, হে ধর্ম্মপ্রিয়ে! বিশ্বেশ্বরের সেই বরপ্রসাদে আমি তদবধি নিত্যনিত্য কাশীবাসি জীবগণের সমস্ত সঞ্চিত পাপরাশি বিনাশ করিয়া থাকি। হে কল্যাণি! যে মানব শ্রদ্ধান্বিত হইয়া কাশীতে আমারে ভজনা করে, আমি অযাচিত হইয়া তাহার মনোরথ পূর্ণ করিয়া থাকি। হে যুধিষ্ঠিরপ্রিয়মহিষি! হে পতিপরায়ণে! বিশ্বেশ্বরের দক্ষিণে দণ্ডপাণিসমীপে যে ব্যক্তি আমারে সাক্ষী করিয়া তোমার অর্চ্চনা করিবে, স্ত্রী হউক অথবা পুরুষই হউক, তাহাকে কদাপি প্রিয়বিয়োগজনিত শোকভয়ে অভিভূত হইতে হইবে না। হে দ্রৌপদি! হে ধর্ম্মপ্রিয়ে! হে নিষ্পাপে! কাশীধামে যে ব্যক্তি

ইতি দত্ত্বা বরান্ দেব আদিত্যঃ সর্ব্বদঃ সতাম্।
শম্ভুমারাধয়ামাস ধর্ম্মং দ্রৌপদ্যুপাযযৌ ॥ ২৩।
আদিত্যস্য কথামেতাং দ্রৌপদ্যারাধিতস্য বৈ।
যঃ শ্রোষ্যতি নরো ভক্ত্যা তস্যৈনঃ ক্ষয়মেষ্যতি ॥ ২৪।

স্কন্দ উবাচ।

দ্রৌপদাদিত্যমাহাত্ম্যং সংক্ষেপাৎ কথিতং ময়া।
ময়ূখাদিত্যমাহাত্ম্যং শৃণ্বিদানীং ঘটোদ্ভব ॥ ২৫।
পুরা পঞ্চ নদে তীর্থে ত্রিষু লোকেষু বিশ্রুতে।
সহস্ররশ্মির্ভগবান্ তপস্তেপে সুদারুণম্ ॥ ২৬।
প্রতিষ্ঠাপ্য মহালিঙ্গং গভস্তীশ্বরসংজ্ঞিতম্।
গৌরীঞ্চ মঙ্গলা নাম্নীং ভক্তমঙ্গলদাং সদা ॥ ২৭।

তোমারে নিরীক্ষণ করিবে, কদাচ তাহার ক্ষুধাতৃষ্ণা অথবা ব্যাধিভয় থাকিবে না ॥ ১৮—২২ ॥

সাধুগণের সর্ব্বসিদ্ধিদাতা ভগবান আদিত্যদেব দ্রৌপদীকে এই বরদান করিয়া বিশ্বেশ্বরের আরাধনায় ভক্তিমান হইলেন এবং ধর্ম্মপ্রিয়া দ্রৌপদীও ধর্ম্মরাজ যুধিষ্ঠিরের সমীপে প্রস্থান করিলেন ॥ ২৩ ॥

স্কন্দ কহিলেন, হে কুম্ভযোনে! দ্রৌপদীর আরাধনায় পরিতুষ্ট হইয়া ভগবান মরীচিমালি আদিত্যদেব যাহাযাহা কহিলেন, যে ব্যক্তি ভক্তিপূর্ব্বক ইহা শ্রবণ করিবে, তাহার সমস্ত পাপ ক্ষয় হইয়া যাইবে ॥ ২৪॥ হে অগস্ত্য! এই আমি তোমার নিকট দ্রৌপদাদিত্যতীর্থমাহাত্ম্য কীর্ত্তন করিলাম; এক্ষণে ময়ূখাদিত্য মাহাত্ম্য কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর ॥ ২৫ ॥

পুরাকালে সূর্য্যদেব পঞ্চনদতীর্থে গভস্তীশ্বর নামে এক মহালিঙ্গ সংস্থাপনপূর্ব্বক মহেশ্বর ও সর্ব্বমঙ্গলদায়িনী সর্ব্বমঙ্গলা গৌরীর উদ্দেশে অতি কঠোর তপস্যা আরম্ভ করিয়াছিলেন ॥ ২৬ ॥ ২৭ ॥ দেবমানের লক্ষবর্ষ ব্যাপিয়া তিনি পার্ব্বতীসহ চন্দ্রশেখর মহেশ্বরের আরাধনা করেন। হে মুনিবর! স্বভাবতঃ

দিব্যং বর্ষসহস্রন্তু শতেন গুণিতং মুনে ।
আরাধয়ন্ শিবং সোমং সোমার্দ্ধকৃতশেখরম্ ॥ ২৮ ।
স্বরূপতস্তু তপনস্ত্রিলোকীতাপনক্ষমঃ ।
ততোঽতিতীব্রতপসা জজ্বাল নিতরাং মুনে ॥ ২৯ ।
ময়ূখৈস্তত্র সবিতুস্ত্রৈলোক্যদহনক্ষমৈঃ ।
ততং সমস্তং তৎকালে দ্যাবাভূম্যোর্যদন্তরম্ ॥ ৩০ ।
বৈমানিকৈর্বিষ্ণুপদে তত্যজে চ গতাগতম্ ।
তীব্রে পতঙ্গমহসি পতঙ্গত্বভয়াদিব ॥ ৩১ ।
ময়ূখা এব দৃশ্যন্তে তির্য্যগূর্দ্ধমধোঽপি চ ।
আদিত্যস্য ন চাদিত্যো নীপপুষ্পস্থিতেরিব ॥ ৩২ ।
তস্য বৈ মহসাং রাশেস্তপোরাশেস্তপোঽর্চ্চিষাম্ ।
চকম্পে সাধ্বসাত্তীব্রাত্ত্রৈলোক্যং সচরাচরম্ ॥ ৩৩ ।
অস্যাত্মা জগতঃ সূর্য্যো বেদেষু পরিপঠ্যতে ।
স এব চেজ্জ্বালয়িতা কো ন স্ত্রাতা ভবেদিহ ॥ ৩৪ ।

ত্রিলোকীতাপনক্ষম তপনদেব উগ্র তপস্যাপ্রভাবে আরও সমুজ্জ্বল জ্যোতিঃ ধারণ করিয়াছিলেন। মার্ত্তণ্ডের ত্রৈলোক্যদহনশীল প্রচণ্ড কিরণ তৎকালে স্বর্গমর্ত্ত্য পরিব্যাপ্ত হইয়াছিল। সেই প্রচণ্ড করানলে পতঙ্গত্ব প্রাপ্তির আশ-ঙ্কায় বিমানচারিগণ আকাশপথে গতিবিধি বন্ধ করিয়াছিলেন ॥ ২৮—৩১ ॥ হে মুনিবর! বিশ্বতাপন সহস্ররশ্মি তদানীন্তন তপোজ্যোতিতে কদম্বকুসুমা-কারে অবস্থিত হওয়ায় তৎকালে তাঁহার রশ্মিমালা তীর্য্যগ্‌ভাবে প্রজ্জলিত কদম্বকেশরের ন্যায় উর্দ্ধে ও অধোভাগে পরিদৃশ্যমান হইয়াছিল। তেজো-ময় প্রভাকরের প্রচণ্ড তপোজ্যোতিঃ দর্শনে সচরাচর ত্রৈলোক্যধাম নিরতিশয় আতঙ্কে প্রকম্পিত হইয়াছিল ॥ ৩২ ॥ ৩৩ ॥ সূর্য্যদেব জগদাত্মা বলিয়া বেদে কথিত হইয়াছেন, তিনিই যদি জগৎকে দগ্ধ করেন, তাহা হইলে কে আত্ম-

জগচ্চক্ষুরসৌ সূর্য্যো জগদাত্মৈষ ভাস্করঃ।
জগদ্ যো মৃতপ্রায়ং প্রাতঃ প্রাতঃ প্রবোধয়েৎ ॥ ৩৫ ।
তমোঽন্ধকূপপতিতমুদ্যন্নেষ দিনে দিনে।
প্রসার্য্য পরিতঃ প্রাণিন্ প্রাণিজাতং সমুদ্ধরেৎ ॥ ৩৬ ।
উদিতেঽত্রোদিগো নিত্যমস্তং যাত্যস্তমাপ্নুমঃ।
উদয়েঽনুদয়ে তস্মাদস্মাকং কারণং রবিঃ ॥ ৩৭ ।
ইতি ব্যাকুলিতং বিশ্বং পশ্যন্ বিশ্বেশ্বরঃ স্বয়ম্।
বিশ্বত্রাতা বরং দাতুং সংজগ্মে তিগ্মরশ্ময়ে ॥ ৩৮ ।
ময়ূখমালিনং শম্ভুরালোক্যাতিসুনিশ্চলম্।
সমাধিবিস্মৃতাত্মানং বিসিস্মায় তপঃ প্রতি ॥ ৩৯ ।
উবাচ চ প্রসন্নাত্মা শ্রীকণ্ঠঃ প্রণতার্ত্তিহৃৎ।
অলন্তপ্ত্বা বরং ব্রূহি দ্যুমণে মহসাং নিধে। ৪০ ।

আমাদিগকে পরিত্রাণ করিবে? ৩৪ ॥ সূর্য্যই জগতের চক্ষু এবং সূর্য্যই জগতের আত্মা। জগদ্বাসী যখন প্রত্যহ নিদ্রাবশে মৃতপ্রায় হইয়া থাকে, তখন সেই বিশ্বনেত্র জগদাত্মা দিবাকরই প্রতিদিন প্রভাতে সমস্ত জীবকে প্রবোধিত করেন। সেই কৃপাময় জগচ্চক্ষুঃ জগদাত্মাই প্রতিপ্রভাতে প্রভাতে সমুদিত হইয়া করপ্রসারণপূর্ব্বক তমসাচ্ছন্ন অন্ধকূপেনিপতিত প্রাণিগণকে উদ্ধার করিয়া থাকেন ॥ ৩৫ ॥ ৩৬ ॥ জগতে সূর্য্যোদয় হইলে আমরাও উদয়প্রাপ্ত হই এবং তিনি অস্তাচলে গমন করিলে আমরাও অস্তগমন করি। অতএব আমাদের উদয়াস্তের কারণই বিশ্বকারণ বিবস্বান সূর্য্যদেব ॥ ৩৭ ॥

বিশ্বত্রাতা বিশ্বেশ্বর বিশ্বসংসারকে এইরূপ ব্যাকুলিত দর্শন করিয়া তীব্রতপস্যানিমগ্ন বিশ্বতাপন সূর্য্যদেবকে সত্বর বরদানার্থ যাত্রা করিলেন ॥ ৩৮ ॥ অনন্তর মহাদেব সেই সমাধিনিমগ্ন আত্মবিস্মৃত ও নিশ্চলেন্দ্রিয় মরীচিমালির দুস্তর তপস্যা সন্দর্শনপূর্ব্বক বিস্ময়াপন্ন হইলেন এবং প্রসন্নচিত্তে তাঁহাকে সম্বোধন করিয়া ভক্তবৎসল শ্রীকণ্ঠদেব সুমধুরকণ্ঠে কহিলেন, হে নভোমণি-

নিরুদ্ধেন্দ্রিয়বৃত্তিত্বাদ্বুধ্নো ধ্যানসমাধিনা।
ন জগ্রাহ বচঃ শম্ভোর্দ্বিস্ত্রিরুক্তোঽপ্যকর্ণবৎ ॥ ৪১।
কাষ্ঠীভূতন্তু তং জ্ঞাত্বা শিবঃ পস্পর্শ পাণিনা।
মহাতপঃসমুদ্ভূতসন্তাপায়ৃতবর্ষিণা ॥ ৪২।
তত উন্মীলয়াঞ্চক্রে লোচনে বিশ্বলোচনঃ।
তস্যোদয়মিব প্রাপ্য প্রগে পঙ্কজিনীবনী ॥ ৪৩।
পরিব্যপেতসন্তাপস্তপনঃ স্পর্শনাদ্বিভোঃ।
অবগ্রহিতসস্যশ্রীরুল্ললাস যথাম্বুদাৎ ॥ ৪৪।
মিত্রো নেত্রাতিথীকৃত্য ত্র্যক্ষং প্রত্যক্ষমগ্রতঃ।
দণ্ডবৎপ্রণনামোচ্চৈস্তুষ্টাব চ পিনাকিনম্ ॥ ৪৫।

জ্যোতিষ্মন্! তুমি কি নিমিত্ত আর এরূপ দুষ্কর তপস্যা করিতেছ? আমি তোমার প্রতি সুপ্রসন্ন হইয়াছি, অভিলষিত বর প্রার্থনা কর ॥৩৯॥ ৪০ ॥

বিশ্বেশ্বর দুইতিনবার এইরূপ অনুরোধ করিলেন, তথাপি সমাধিধ্যানে সমস্ত ইন্দ্রিয় নিরুদ্ধ থাকাতে আদিত্যদেব যেন বধিরের ন্যায় কিছুই শুনিতে পাইলেন না ॥ ৪১ ॥

ভগবান শূলপাণি তপোনিমগ্ন দিনমণিকে অচলেন্দ্রিয় অবধারণ করিয়া মহাতপস্যাজনিত মহাতাপসংহারি অমৃতবর্ষি পদ্মপাণিদ্বারা তাঁহার গাত্রস্পর্শ করিলেন ॥ ৪২ ॥ অনন্তর বিশ্বলোচন নিকর্ত্তন অল্পেঅল্পে নয়ন উন্মীলন করিলেন। প্রভাতে তাঁহার উদয়ে নলিনীবন যেমন প্রফুল্ল হয়, তৎকালে তাঁহার নেত্রযুগলেরও তদনুরূপ শোভা হইল ॥ ৪৩ ॥ জলদের জলধারা প্রাপ্ত হইয়া পৃথিবীর শস্যক্ষেত্র যেমন উল্লাসিত হয়, বিশ্বেশ্বরের করস্পর্শে সমস্ত সন্তাপ বিদূরিত হওয়াতে সূর্য্যদেবের মনেও সেইরূপ উল্লাস জন্মিল ॥ ৪৪ ॥ মিত্রদেব দিবাকর সম্মুখে পিনাকপাণি ত্রৈলোক্যনাথকে প্রত্যক্ষে অক্ষিপথের অতিথি করিয়া সাষ্টাঙ্গ প্রণিপাতপূর্ব্বক স্তুতিবাক্যে কহিতে লাগিলেন, হে দেব দেব ভবদেব! হে জগৎপতে! হে বিভো! হে ভর্গ! হে ভীম! হে চন্দ্রভূষণ!

রবিরুবাচ।

দেব দেব জগতাং পতে বিভো ভর্গ ভীম ভব চন্দ্রভূষণ।
ভূতনাথ ভবভীতিহারক
ত্বাং নতোঽস্মি নতবাঞ্ছিতপ্রদ ॥ ৪৬।
চন্দ্রচূড় মৃড় ধূর্জ্জটে হর ত্র্যক্ষ দক্ষশততন্তুশাতন।
শান্ত শাশ্বত শিবাপতে শিব
ত্বাং নতোঽস্মি নতবাঞ্ছিতপ্রদ ॥ ৪৭।
নীললোহিত সমীহিতার্থদ দ্ব্যেকলোচন বিরূপলোচন।
ব্যোমকেশ পশুপাশনাশন
ত্বাং নতোঽস্মি নতবাঞ্ছিতপ্রদ ॥ ৪৮।
বামদেব শিতিকণ্ঠ শূলভৃচ্চন্দ্রশেখর ফণীন্দ্রভূষণ।
কামকৃৎ পশুপতে মহেশ্বর
ত্বাং নতোঽস্মি নতবাঞ্ছিতপ্রদ ॥ ৪৯।
ত্র্যম্বক ত্রিপুরসূদনেশ্বর ত্রাণকৃৎ ত্রিনয়ন ত্রয়ীময়।
কালকূটদলনান্তকান্তক
ত্বাং নতোঽস্মি নতবাঞ্ছিতপ্রদ ॥ ৫০।

হে ভূতনাথ! হে ভবভয়নিস্তারণ! হে প্রণতজনবাঞ্ছাফলপ্রদ! আমি তোমারে নমস্কার করি। হে চন্দ্রচূড়! হে মৃড়! হে ধূর্জ্জটে! হে হর! হে ত্রিলোচন! হে দক্ষযজ্ঞবিনাশন! হে শান্ত! হে শাশ্বত! হে ভবানীপতে! হে শিব! হে প্রণতজনবাঞ্ছিতপ্রদ! আমি তোমারে নমস্কার করি। হে নীললোহিত! হে কামনাসুসিদ্ধিপ্রদ! হে বিরূপাক্ষ! হে ব্যোমকেশ! হে পশুপাশনাশন! হে প্রণতজনবাঞ্ছিতপ্রদ! আমি তোমারে নমস্কার করি। হে বামদেব! হে শিতিকণ্ঠ! হে শূলপাণে! হে চন্দ্রশেখর! হে ফণীন্দ্রভূষণ! হে স্মরহর! হে পশুপতে! হে মহেশ্বর! হে ভক্তজনবাঞ্ছিতপ্রদ! আমি তোমারে নমস্কার করি। হে ত্র্যম্বক!

শর্ব্বরীরহিত শর্ব্ব সর্ব্বগ স্বর্গমার্গসুখদাপবর্গদ।
অন্ধকাসুররিপো কপর্দ্দভৃৎ
ত্বাং নতোঽস্মি নতবাঞ্ছিতপ্রদ॥ ৫১।
শঙ্করোগ্র গিরিজাপতে পতে বিশ্বনাথ বিধিবিষ্ণুসংস্তুত।
বেদবেদ্য বিদিতাঽখিলেঙ্গিত
ত্বাং নতোঽস্মি নতবাঞ্ছিতপ্রদ॥ ৫২।
বিশ্বরূপ পর রূপবর্জ্জিত ব্রহ্মজিহ্মরহিতামৃতপ্রদ।
বাঙ্মনোবিষয়দূর দূরগ
ত্বাং নতোঽস্মি নতবাঞ্ছিতপ্রদ॥ ৫৩।
ইত্থং পরীড্য মার্ত্তণ্ডো মৃড়ং দেবং মৃড়ানিকাম্।
অথ তুষ্টাব প্রীতাত্মা শিবকামার্দ্ধহারিণীম্॥ ৫৪।

হে ত্রিপুরারে। হে ঈশ্বর। হে ভবতারণ। হে প্রকৃতিপুরুষ। হে নীলকণ্ঠ। হে কৃতান্তের কৃতান্ত। হে ভক্তজনবাঞ্ছিতপ্রদ। আমি তোমারে নমস্কার করি। হে নির্ম্মম। হে শর্ব্ব। হে সর্ব্বগ। হে স্বর্গপ্রদ। হে সুখপ্রদ। হে অপবর্গপ্রদ! হে অন্ধকনিসূদন। হে কপর্দ্দিন্। হে ভক্তজনবাঞ্ছিতপ্রদ। আমি তোমারে নমস্কার করি। হে শঙ্কর। হে উগ্র। হে গিরিজাপতে। হে স্বামিন্। হে বিশ্বনাথ। হে বিধিবিষ্ণুনমস্য। হে বেদবেদ্য। তুমি কটাক্ষে সমস্ত অখিল সংসারের সমস্ত তত্ত্ব অবগত আছ, অতএব হে ভক্তজনাভীষ্টপ্রদ। আমি তোমারে নমস্কার করি। হে বিশ্বরূপ। হে পরমরূপ। হে নিরাকার! হে ব্রহ্মন্। হে মায়াবারণ। হে সুরপদপ্রদ। হে বাক্যমনের অগোচর! হে জ্ঞানাতীত। হে দূরগ। হে সর্ব্বত্রগামিন্। হে ভক্তজনবাঞ্ছিতপ্রদ। আমি তোমারে নমস্কার করি॥ ৪৫—৫৩॥

সূর্য্যদেব এইরূপে বিশ্বেশ্বরের স্তব করিয়া প্রসাদজননী শৈলনন্দিনী ভগবতীকে স্তুতি করিতে আরম্ভ করিলেন। হে দেবি। তোমার চরণাম্বুজরেণু স্পর্শ করিয়া যাহার ভালস্থলী গৌরী আভা ধারণ করে, সেই পুণ্যাত্মাই

রবিরুবাচ।

দেবি ত্বদীয় চরণাম্বুজরেণুগৌরীং
ভালস্থলীং বহতি যঃ প্রণতিপ্রবীণঃ।
জন্মান্তরেঽপি রজনীকরচারুলেখা
তাং গৌরয়ত্যতিতরাং কিল তস্য পুংসঃ॥ ৫৫।
শ্রীমঙ্গলে সকলমঙ্গলজন্মভূমে
শ্রীমঙ্গলে সকলকিল্বিষতূলবহ্নে।
শ্রীমঙ্গলে সকলদানবদর্পহন্ত্রি
শ্রীমঙ্গলেঽখিলমিদং পরিপাহি বিশ্বম্॥ ৫৬।
বিশ্বেশ্বরি ত্বমসি বিশ্বজনস্য কর্ত্রী
ত্বং পালয়িত্র্যসি তথা প্রলয়েঽপি হন্ত্রী।
ত্বন্নামকীর্ত্তনসমুল্লসদচ্ছপুণ্যা
স্রোতস্বিনী হরতি পাতককূলবৃক্ষান্॥ ৫৭।

প্রণতিপ্রবীণ। কিরূপে তোমার চরণকমলে প্রণতি করিতে হয়, তিনিই সেই পরমতত্ত্ব অবগত আছেন। জন্মান্তরে অতি ত্বরায় তাঁহার সেই ভালস্থলী রজনীকর চারুলেখা চন্দ্রমাকর্ত্তৃক অলঙ্কৃত হইয়া গৌরবর্ণত্ব প্রাপ্ত হয়। হে শ্রীমঙ্গলে! হে সর্ব্বলনিলয়ে! তুমি সমস্ত পাপরূপ তূলারাশি বিধ্বংসিনী অগ্নিমূর্ত্তি স্বরূপিণী। হে শ্রীমঙ্গলে! তুমি সমস্ত দৈত্যকুলবিনাশিনী। হে শ্রীমঙ্গলে! তুমি এই অখিল বিশ্বসংসারের প্রতিপালনকারিণী। হে বিশ্বেশ্বরি! তুমি এই বিশ্বসংসারের কর্ত্রী, পালয়ত্রী এবং প্রলয়ে সংহারকারিণী। হে বিশ্বেশ্বরি! তোমার নামানুকীর্ত্তনফলে স্বচ্ছতোয়া পুণ্যনদী উল্লাসিনী হইয়া সমস্ত পাতকরূপ কূলস্থিত বৃক্ষকুল নির্ম্মূল করিয়া ফেলেন। হে মাতঃ! হে ভবানি! তুমি ভবসংসারে তীব্রতর দুঃখরাশির সংহারকারিণী। তুমি ভিন্ন জগতের শরণ্য অথবা রক্ষাকারিণী আর কেহই নাই। হে সর্ব্বেশ্বরি! জগতে যাঁহার প্রতি তোমার করুণাকটাক্ষ নিপতিত হয়, সেই মহাত্মাই

মাতর্ভবানি ভবতী ভবতীব্রদুঃখ
সন্তারহারিণি শরণ্যমিহাস্তি নান্যা।
ধন্যাস্ত এব ভুবনেষু ত এব মান্যা
যেষু স্ফুরেত্তব শুভঃ করুণাকটাক্ষঃ॥ ৫৮।
যে ত্বাং স্মরন্তি সততং সহজপ্রকাশাং
কাশীপুরী স্থিতিমতীং নতমোক্ষলক্ষীম্।
তান্ সংস্মরেৎ স্মরহরো ধ্রুত শুদ্ধবুদ্ধীন্
নির্ব্বাণরক্ষণবিচক্ষণপাত্রভূতান্॥ ৫৯।
মাতস্তবাঙ্ঘ্রি যুগলং বিমলং হৃদিস্থং
যস্যাস্তি তস্য ভুবনং সকলং করস্থং।
যো নাম তে জপতি মঙ্গলগৌরি নিত্যং
সিদ্ধ্যষ্টকং ন পরিমুঞ্চতি তস্য গেহম্॥ ৬০।

ইহ জগতে ধন্য এবং তিনিই এই জগৎসংসারে মাননীয়। হে মোক্ষদে! তুমি এই কাশীপুরীর অধিষ্ঠাত্রী দেবী। তুমিই স্বপ্রকাশ এবং তুমিই ভক্তজনের মোক্ষলক্ষ্মীস্বরূপিণী। তোমাকে যাহারা সর্ব্বদা স্মরণ করে, স্বয়ং বিশ্বেশ্বর সেই সকল শুদ্ধচেতা মোক্ষাভিলাষি সুবিচক্ষণ সুপাত্রকে কৃপা করিয়া থাকেন। হে মাতঃ! তোমার বিমল চরণযুগল যাহারা সর্ব্বদা হৃদয় মধ্যে চিন্তা করে, ত্রিভুবন তাহাদিগের করতলস্থ হয়। হে সর্ব্বমঙ্গলে! যে সকল ব্যক্তি ভক্তিপূর্ব্বক নিয়ত তোমার নাম জপ করে, তাহাদের আবাসগৃহ চিরদিন অষ্টসিদ্ধির প্রিয়নিকেতন হইয়া থাকে। হে দেবি! তুমিই বেদপ্রসবিনী, প্রণবস্বরূপিণী এবং দ্বিজগণের কামধেনুস্বরূপা গায়ত্রীস্বরূপিণী। হে বিশ্বময়ি! তুমি এই সংসারের সর্ব্বসিদ্ধিপ্রদায়িনী, ভূর্ভুবঃস্বাভিধেয় ত্রিবিধব্যাহৃতিরূপিণী। তুমি স্বধানামে পিতৃলোকের এবং স্বাহা নামে দেবলোকের পরিতৃপ্তি বিধায়িনী। হে মঙ্গলে! হে মাতঃ! তুমিই চন্দ্রশেখর মহেশ্বরের গৌরী, ব্রহ্মার সাবিত্রী এবং তুমিই বৈকুণ্ঠপতি চক্রপাণির কমলা!

ত্বং দেবি বেদজননী প্রণবস্বরূপা
গায়ত্র্যসি ত্বমসি বৈ দ্বিজকামধেনুঃ।
ত্বং ব্যাহৃতিত্রয়মিহাঽখিলকর্ম্মসিদ্ধ্যৈ
স্বাহা স্বধাসি সুমনঃপিতৃতৃপ্তিহেতুঃ॥ ৬১।
গৌরীত্বমেব শশিমৌলিনি বেধসি ত্বং
সাবিত্র্যসি ত্বমসি চক্রিণি চারুলক্ষ্মীঃ।
কাশ্যাং ত্বমস্যমলরূপিণি মোক্ষলক্ষ্মী
ত্বং মে শরণ্যমিহ মঙ্গলগৌরি মাতঃ॥ ৬২।
স্তুত্বেতি তাং স্মরহরার্দ্ধশরীরশোভাং
শ্রীমঙ্গলাষ্টকমহাস্তবনেন ভানুঃ।
দেবীঞ্চ দেবমসকৃৎ পরিতঃ প্রণম্য
তুষ্ণীম্বভূব সবিতা শিবয়োঃ পুরস্তাৎ॥ ৬৩।

শ্রীদেবদেব উবাচ।

উত্তিষ্ঠোত্তিষ্ঠ ভদ্রন্তে প্রসন্নোঽস্মি মহামতে।
মিত্র মন্নেত্রগো নিত্যং প্রপশ্যৈতচ্চরাচরম্॥ ৬৪।

হে মঙ্গলগৌরি! এই বারাণসীধামে তুমিই মোক্ষলক্ষ্মীস্বরূপিণী। হে জগজ্জননি! কেবল তুমিই আমার একমাত্র আশ্রয়॥ ৫৪—৬২॥

দিবাকর এইরূপে শ্রীমঙ্গলাষ্টক মহামন্ত্রে হরপার্ব্বতীর স্তব করিয়া তুষ্ণীম্ভাব অবলম্বনপূর্ব্বক তাঁহাদিগের চরণতলে লুণ্ঠিত হইতে লাগিলেন॥ ৬৩॥

মহাদেব কহিলেন, হে বিশ্বলোচন! তুমি নিত্য নিত্য আমার লোচন মধ্যে অধিষ্ঠানপূর্ব্বক এই চরাচর বিশ্বসংসার পরিদর্শন করিয়া থাক। হে মহামতে! গাত্রোত্থান কর, গাত্রোত্থান কর, আমি তোমার প্রতি প্রসন্ন হইয়াছি, তোমার মঙ্গল হউক। হে সূর্য্য! তুমিই আমার মূর্ত্তি। তুমি সর্ব্বজ্ঞ, সর্ব্বত্রগামী, সমস্ত তেজের আকর এবং সংসারের যাবতীয় কর্ম্মই তোমার সুবিদিত। তুমি ভক্তগণের সমস্ত দুঃখের নিরাকরণ করিয়া থাক। হে

মম মূর্ত্তির্ভবান্‌ সূর্য্য সর্ব্বজ্ঞো ভব সর্ব্বগঃ।
সর্ব্বেষাং মহসাং রাশিঃ সর্ব্বেষাং সর্ব্বকর্ম্মবিৎ॥ ৬৫॥
সর্ব্বেষাং সর্ব্বদুঃখানি ভক্তানাং ত্বং নিরাকুরু॥ ৬৬॥
ত্বয়া নাম্নাং চতুঃষষ্ট্যা যদষ্টকমুদীরিতম্‌।
অনেন মাম্পরিষ্টুত্য নরো মদ্ভক্তিমাপ্স্যতি॥ ৬৭।
অষ্টকং মঙ্গলাগৌর্য্যা মঙ্গলাষ্টকসংজ্ঞকম্‌।
অনেন মঙ্গলাগৌরীং স্তুত্বা মঙ্গলমাপ্স্যতি॥ ৬৮।
চতুঃষষ্ট্যকং স্তোত্রং মঙ্গলাষ্টকমেব চ।
এতৎ স্তোত্রদ্বয়ং পুণ্যং সর্ব্বপাতকনাশনম্‌॥ ৬৯।
দূরদেশান্তরস্থোঽপি জপন্নিত্যং নরোত্তমঃ।
ত্রিসন্ধ্যং পবিশুদ্ধাত্মা কাশীং প্রাপ্স্যতি দুর্লভাম্‌॥ ৭০।
অনেন স্তোত্রযুগ্মেন জপ্তেন প্রত্যহং নৃভিঃ।
ধ্রুবং দৈনন্দিনং পাপং ক্ষালিতং নাত্রসংশয়ঃ॥ ৭১।

প্রভাকর। তুমি চতুঃষষ্টি নামে আমার যে অষ্টক কীর্ত্তন করিলে, নরগণ এই অষ্টকে আমাকে স্তব করিয়া মদ্ভক্তি লাভ করিতে পারিবে। হে বিভাবসো! যে মঙ্গলাষ্টকে তুমি মঙ্গলার স্তব করিলে, নরগণ এই মন্ত্রে সর্ব্বমঙ্গলার স্তব করিলে মঙ্গল প্রাপ্ত হইবে। হে দিনকর। এই চতুঃষষ্টি নামাত্মক স্তোত্রাষ্টকদ্বয় মঙ্গলাষ্টক নামে অবিহিত হইবে। যে পুণ্যবান ব্যক্তি দূরদেশে অবস্থান করিয়াও বিশুদ্ধচিত্তে ত্রিকালীন এই সর্ব্বপাপপ্রনাশন পুণ্যফলপ্রদ মঙ্গলাষ্টক জপ করিবেন, তাঁহার সুদুর্লভ কাশীপ্রাপ্তির ফললাভ হইবে। প্রত্যহ এই স্তোত্র জপ করিলে নিশ্চযই দৈনন্দিন পাপক্ষয় হয সন্দেহ নাই। যিনি ত্রিসন্ধ্যা এই শুভস্তোত্র পাঠ করেন, তাঁহার শরীরে পাপ থাকিতে পায় না। ইহা ব্যতীত আরও অনেক প্রকার স্তোত্র বিদ্যমান আছে, কিন্তু এই দুটি মঙ্গলাষ্টকস্তোত্র কাশীধামে নির্ব্বাণমুক্তি প্রদান করে। অতএব ভক্তিপূর্ব্বক সর্ব্বপ্রযত্নে এই দুটি স্তোত্র পাঠ করা মোক্ষাকাঙ্ক্ষি মানবগণের

ন তস্য দেহিনো দেহে জাতুচিৎ কিল্বিষস্থিতিঃ।
ত্রিকালং যো জপেন্নিত্যমেতৎ স্তোত্রদ্বয়ং শুভম্ ॥৭২।
কিং জপ্যৈর্বহুভিঃ স্তোত্রৈশ্চঞ্চলশ্রীপ্রদৈর্নৃণাম্।
এতৎ স্তোত্রদ্বয়ং দদ্যাৎ কাশ্যাং নৈঃশ্রেয়সীং শ্রিয়ম্॥৭৩
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন মানবৈর্মোক্ষকাঙ্ক্ষিভিঃ।
এতৎ স্তোত্রদ্বয়ং জপ্যং ত্যক্ত্বা স্তোত্রাণ্যনেকশঃ ॥৭৪।
প্রপঞ্চ আবয়োরেব সর্ব্ব এষ চরাচরঃ।
তদা বয়োস্তবাদস্মান্নিষ্প্রপঞ্চো জনো ভবেৎ ॥ ৭৫।
সমৃদ্ধিমাপ্য মহতীং পুত্রপৌত্রবতীমিহ।
অন্তে নির্ব্বাণমাপ্নোতি জপংস্তোত্রমিদং নরঃ ॥ ৭৬।
অন্যচ্চ শৃণু সপ্তাশ্ব গ্রহরাজ দিবাকর।
ত্বয়া প্রতিষ্ঠিতং লিঙ্গং গভস্তীশ্বরসংজ্ঞিতম্ ॥ ৭৭।
সেবিতং ভক্তিভাবেন সর্ব্বসিদ্ধিসমর্পকম্।
ত্বয়া গভস্তিমালাভিশ্চাম্পেয়াম্বুজকান্তিভিঃ ॥ ৭৮।

নিতান্ত কর্ত্তব্য। হে বিশ্বপ্রকাশ! এই চরাচর বিশ্বসংসার আমাদিগেরই প্রপঞ্চস্বরূপ। অতএব নরগণ আমাদিগকে প্রসন্ন করিতে পারিলেই এই মায়াময় ভববন্ধন হইতে নিস্তার পাইতে পারে। হে লোকলোচন! নরগণ এই স্তোত্র পাঠ করিলে ইহলোকে পুত্রপৌত্র সমন্বিত মহাসমৃদ্ধিলাভ করিয়া জীবনান্তে নির্ব্বাণমুক্তি প্রাপ্ত হয় ॥ ৬৪—৭৬ ॥

বিশ্বেশ্বর পুনরায় কহিলেন, হে সপ্তাশ্ব! তোমার এই তপস্যার আরও ফলশ্রুতি কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর। হে গ্রহরাজ! তুমি এইস্থানে গভস্তীশ্বর নামে মহালিঙ্গ প্রতিষ্ঠিত করিয়াছ। সেই লিঙ্গটি চম্পক ও অম্বুজদীপ্তিমালায় অলঙ্কৃত। হে দিবাকর! তুমি ভক্তিভাবে সেই সর্ব্বসিদ্ধিপ্রদ গভস্তীজালপরিশোভিত ঈশ্বরলিঙ্গের সেবা করিয়াছ বলিয়া সেই লিঙ্গের নাম গভস্তীশ্বর হইবে। হে ভাস্কর! যে ব্যক্তি পঞ্চনদতীর্থে স্নান করিয়া গভস্তীশ্বরের

যদর্চ্চিতৈস্ত্বথবং লিঙ্গং সর্ব্বভাবেন ভাস্কর।
গভস্তীশ্বর ইত্যাখ্যাং ততো লিঙ্গমবাপ্স্যতি ॥ ৭৯।
অর্চ্চয়িত্বা গভস্তীশং স্নাত্বা পঞ্চনদে নরঃ।
ন জাতু জায়তে মাতুর্জঠরে ধূতকল্মষঃ ॥ ৮০।
ইমাঞ্চ মঙ্গলাগৌরীং নারী বা পুরুষোঽপি বা।
চৈত্রশুক্লতৃতীয়ায়ামুপোষণপরায়ণঃ ॥ ৮১।
মহোপচারৈঃ সম্পূজ্য দুকূলাভরণাদিভিঃ।
রাত্রৌ জাগরণং কৃত্বা গীতনৃত্যকথাদিভিঃ ॥ ৮২।
প্রাতঃ কুমারীঃ সম্পূজ্য দ্বাদশাচ্ছাদনাদিভিঃ।
সম্ভোজ্য পরমান্নাদ্যৈর্দত্ত্বান্যেভ্যোঽপি দক্ষিণাম্ ॥ ৮৩।
হোমং কৃত্বা বিধানেন জাতবেদস ইত্যৃচা।
অষ্টোত্তরশতাভিশ্চ তিলাজ্যাহুতিভিঃ প্রগে ॥ ৮৪।
একং গোমিথুনং দত্ত্বা ব্রাহ্মণায় কুটুম্বিনে।
শ্রদ্ধয়াসমলঙ্কৃত্য ভূষণৈর্দ্বিজদম্পতী ॥ ৮৫।
ভোজয়িত্বা মহার্হান্নৈঃ প্রীয়েতাং মঙ্গলেশ্বরৌ।
ইতি মন্ত্রং সমুচ্চার্য্য প্রাতঃ কৃত্বাঽথ পারণম ॥ ৮৬।

অর্চ্চনা করিবে, তাহার সমস্ত পাপ বিনষ্ট হইয়া যাইবে এবং তাহাকে আর জননীজঠরে জন্মগ্রহণ করিতে হইবে না। হে দ্বাদশাত্মন! চৈত্রমাসের শুক্ল পক্ষীয়া তৃতীয়ায় উপবাসী থাকিয়া যে ব্যক্তি বস্ত্রালঙ্কারাদি মহোপচারে সর্ব্বমঙ্গলার পূজা করিয়া নৃত্যগীত ও ব্রতকথা প্রসঙ্গে নিশাজাগরণ করিবে এবং পরদিন প্রাতঃকালে প্রাতঃকৃত্যাদি সমাপনানন্তর বস্ত্রালঙ্কার দানে দ্বাদশটি কুমারীকে পূজা করিয়া পরমান্নপ্রভৃতি ভোজন করাইয়া দক্ষিণা দান করিবে, অনন্তর বেদমন্ত্রে হোমাগ্নিতে সতিল ঘৃতদ্বারা যথাবিধি অষ্টোত্তরশত আহুতি প্রদান করিয়া গৃহাশ্রমি ব্রাহ্মণকে গোমিথুন

ন দুর্ভগত্বমাপ্নোতি ন দারিদ্র্যং কদাচন।
ন বৈ সন্তানবিচ্ছিত্তিস্তোগোচ্ছিত্তিং ন জাতুচিৎ ॥ ৮৭।
স্ত্রী বৈধব্যং ন বাপ্নোতি ন না যোষিদ্বিয়োগভাক্।
পাপানি বিলয়ং যান্তি পুণ্যরাশিশ্চ লভ্যতে ॥ ৮৮।
অপি বন্ধ্যা প্রসূয়েত কৃত্বৈতন্মঙ্গলাব্রতম্।
এতদ্ব্রতস্য করণাৎ কুরূপত্বং ন জাতুচিৎ ॥ ৮৯।
কুমারী বিন্দতেঽত্যন্তং গুণরূপযুতং পতিম্।
কুমারোঽপি ব্রতং কৃত্বা বিন্দতি স্ত্রিয়মুত্তমাম্ ॥ ৯০।
সন্তি ব্রতানি বহুশো ধনকামপ্রদানি চ।
নাপ্নুয়ুর্জাতুচিত্তানি মঙ্গলাব্রততুল্যতাম্ ॥ ৯১।
কর্ত্তব্যা চাব্দিকী যাত্রা মধৌ তস্যাং তিথৌ নরৈঃ।
সর্ব্ববিঘ্নপ্রশান্ত্যর্থং সদা কাশীনিবাসিভিঃ ॥ ৯২।

প্রদানপূর্ব্বক শ্রদ্ধাসহকারে হরগৌরীর প্রীতির নিমিত্ত প্রীয়তাং মঙ্গলেশ্বরৌ মন্ত্রে দ্বিজদম্পতীকে সর্ব্বালঙ্কারে ভূষিত করণানন্তর মহার্হ অন্ন ভোজন করাইয়া স্বয়ং পারণা করিবে, সেই ব্যক্তি পুরুষই হউক অথবা নারীই হউক, তাহার কদাচ দুর্ভাগ্য, দারিদ্র্য, পুত্রশোক অথবা বিত্তশোক উপস্থিত হইবে না; পুরুষের স্ত্রীবিয়োগ এবং নারীর বৈধব্যযন্ত্রণাও নিবারিত হইবে। জন্মান্তরে তাহাদিগকে আর কুরূপ হইয়া জন্মগ্রহণ করিতে হইবে না। বন্ধ্যানারী পুত্রলাভ করিবে এবং এই মঙ্গলাব্রতফলে ব্রতাচারির সমস্ত পাপ বিধ্বংসিত হইয়া অক্ষয় পুণ্যলাভ হইবে। কুমারীরা এই মঙ্গলাব্রতফলে রূপবান ও গুণবান পতিলাভ করে এবং অবিবাহিত যুবগণ এই ব্রত করিলে অতি রূপবতী ও গুণবতী প্রণয়িনীর পতি হয়। ইহসংসারে ধনপ্রদ ও কামপ্রদ বহুবিধ ব্রত আছে; কিন্তু এই মঙ্গলাব্রতের তুল্য ফলপ্রদ ব্রত আর দ্বিতীয় নাই। সংসারের সমস্ত বিঘ্ন প্রশমনার্থ পূর্ব্বোক্ত মধুমাসের শুক্ল তৃতীয়ায় এই ময়ূখাদিত্য তীর্থে বার্ষিকীযাত্রা করা কাশীবাসিগণের পক্ষে নিতান্ত কর্ত্তব্য।

অপরং হ্যগণে বচ্মি তব চাত্র তপস্যতঃ।
ময়ূখা এব খে দৃষ্টা ন চ দৃষ্টং কলেবরম্॥ ৯৩।
ময়ূখাদিত্য ইত্যাখ্যা ততস্তেঽদিতিনন্দন।
ত্বদর্চ্চনান্নৃণাং কশ্চিন্ন ব্যাধিঃ প্রভবিষ্যতি॥ ৯৪।
ভবিষ্যতি ন দারিদ্র্যং রবিবারে ত্বদীক্ষণাৎ॥ ৯৫।
ইত্থং ময়ূখাদিত্যায় শিবো দত্ত্বা বহূন্ বরান্।
তত্রৈবান্তর্হিতো ভূতো রবিস্তত্রৈব তস্থিবান্॥ ৯৬।
শ্রুত্বাখ্যানমিদং পুণ্যং ময়ূখাদিত্যসংশ্রয়ম্।
দ্রৌপদাদিত্যসহিতং নরো ন নিরয়ং ব্রজেৎ॥ ৯৭।

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে দ্রৌপদাদিত্যময়ূখাদিত্যয়ো-
র্বর্ণনং নামৈকোনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

হে আকাশবিহারি আকাশমণে! তোমার তপস্যা সম্বন্ধে আরো কিছু আমি বলিতেছি, শ্রবণ কর। হে সহস্ররশ্মি! কেবল আকাশপথেই তোমার ময়ূখ অর্থাৎ কিরণ পরিদৃষ্ট হইয়াছিল, তোমার কিছুমাত্র অবয়ব দৃষ্ট হয় নাই। অতএব তোমার এই তীর্থের ময়ূখাদিত্য তীর্থ নামকরণ হইয়াছে। হে জ্যোতিষ্মন্! যে নর তোমারে আরাধনা করে, কোন ব্যাধিই তাহাকে আক্রমণ করিতে পারে না। রবিবারে যে তোমারে দর্শন করে, তাহার দারিদ্র্যদুঃখ ঘটে না॥ ৭৭—৯৫॥

স্কন্দ কহিলেন, হে অগস্ত্য! বিশ্বেশ্বর এইরূপে সূর্য্যকে বরদান করিয়া পার্ব্বতীর সহিত অন্তর্হিত হইলেন এবং সূর্য্য সেইস্থানে অবস্থান করিতে লাগিলেন॥ ৯৬॥ হে দ্বিজবর! যে ব্যক্তি এই পুণ্যপ্রদ দ্রৌপদাদিত্য ও ময়ূখাদিত্য আখ্যান শ্রবণ করে, তাহার নরক বাস হয় না॥ ৯৭॥

ইতি শ্রীস্কন্দপুরাণে কাশীখণ্ডে দ্রৌপদাদিত্য ও ময়ূখাদিত্য
বর্ণননাম ঊনপঞ্চাশত্তম অধ্যায়।

পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

স্কন্দ উবাচ।

বারাণস্যাং তথাদিত্যা যে চান্যে তান্ বদাম্যতঃ।
কলসোদ্ভব তে প্রীত্যা সর্ব্বে সর্ব্বাঘনাশনাঃ ॥ ১।
খখোল্কো নাম ভগবানাদিত্যঃ পরিকীর্ত্তিতঃ।
ত্রিবিষ্টপোত্তরে ভাগে সর্ব্বব্যাধিবিঘাতকৃৎ ॥ ২।
যথা খখোল্ক ইত্যাখ্যা তস্যাদিত্যস্য তচ্ছৃণু।
পুরা কদ্রুশ্চ বিনতা দক্ষস্য তনয়ে শুভে ॥ ৩।
কশ্যপস্য চ তে পত্ন্যৌ মারীচেঃ প্রাক্ প্রজাপতেঃ।
ক্রীড়ন্ত্যাবেকদান্যোন্যং মুনে তে উচতুস্ত্বিতি ॥ ৪।

কদ্রুরুবাচ।

বিনতে ত্বং বিজানাসি যদি তদ্ ব্রূহি মেঽগ্রতঃ।
অখণ্ডিতা গতিস্তেঽস্তি যতো গগনমণ্ডলে ॥ ৫।

পঞ্চাশত্তম অধ্যায়।

স্কন্দ কহিলেন, হে কুম্ভযোনে! বারাণসীতে আরও যে সকল সর্ব্বপাপ-নাশন আদিত্য আছেন, তোমার তৃপ্তির নিমিত্ত তাহাও আমি বলি-তেছি, শ্রবণ কর ॥ ১ ॥ বিশ্বেশ্বরের উত্তরভাগে সর্ব্বব্যাধিহর ও সর্ব্বপাপনাশন উল্কাদিত্য নামে এক আদিত্য আছেন ॥ ২ ॥ সেই আদিত্যের দ্বিতীয় নাম খখোল্ক। যে কারণে তাঁহার এই নাম হয়, তাহাও কহিতেছি, শ্রবণ কর। বিনতা ও কদ্রু নামে দক্ষরাজের দুই কন্যা ছিলেন। ৩ ॥ তাঁহারা মরীচিপুত্র প্রজাপতি কশ্যপের পত্নী। তাঁহারা একদা ক্রীড়া করিতে করিতে পরস্পর এই কথা বলাবলি করিয়াছিলেন। কদ্রু কহিয়া-

যোঽসাবুচ্চৈঃশ্রবা বাজী শ্রূয়তে সবিতুরথে।
কিংরূপঃ সোঽস্তি শবলো ধবলো বা বদাশু মে॥ ৬।
পণঞ্চ কুরু কল্যাণি তুভ্যং যো রোচতেঽনঘে।
এবমেব ন যাত্যেষ কালঃ ক্রীড়নকং বিনা॥ ৭।

বিনতোবাচ।

কিং পণেন ভগিন্যত্র কথয়াম্যেবমেব হি।
ত্বজ্জয়ে কাচ মে প্রীতির্মজ্জয়ে কিন্নু তে সুখম্॥ ৮।
জ্ঞাত্বা পণো ন কর্ত্তব্যো মিথঃ স্নেহমভীপ্সতা।
ধ্রুবমেকস্য বিজয়ে ক্রোধোন্যস্যেহ জায়তে॥ ৮।

কদ্রুরুবাচ।

ক্রীড়েয়ং নাত্র ভগিনি কারণং কিমপি ক্রুধঃ।
খেলস্য ব্যবহারোঽয়ং পণে যৎকিঞ্চিদুচ্যতে॥ ১০।

ছিলেন, হে বিনতে! তুমি নিয়তই গগনচারিণী; অতএব যাহা আমি জিজ্ঞাসা করিব, তাহা যদি তোমার জানা থাকে, আমাকে বল। সূর্য্যের রথে যে উর্দ্ধকর্ণ অশ্ব আছে শ্রবণ করা যায়, তাহা কিরূপ? শ্বেতবর্ণ অথবা কৃষ্ণবর্ণ? হে কল্যাণি! এই বিষয়ে তোমার যে রূপ অভিরুচি, সেইরূপ একটি পণ স্থির কর, কারণ তদ্ভিন্ন অদ্যকার ক্রীড়াকাল অন্যপ্রকারে অতিবাহিত হয় না॥ ৪—৭॥

বিনতা কহিলেন, হে ভগিনি! যাহা তুমি জিজ্ঞাসা করিলে, তাহা আমি কহিতেছি শ্রবণ কর, কিন্তু পণ করিয়া কি ফল? আমি পরাজিত হইলে তোমার কি প্রীতিলাভ হইবে? তোমাকে পরাজয় করিয়াই বা আমি কি সুখ পাইব? যেখানে পরস্পর স্নেহপ্রণয় সম্বন্ধ, সেখানে পণ রাখিয়া ক্রীড়া করা অকর্ত্তব্য। কারণ যাহার পরাজয় হইবে, তাহারই ক্রোধোদয় হওয়া সম্ভব॥ ৮॥ ৯॥

কদ্রু কহিলেন, হে ভগিনি! ইহা ক্রীড়া মাত্র, ইহাতে ক্রোধ জন্মিবার কোন কারণ নাই। এরূপস্থলে পরস্পর যাহা কিছু পণ রাখা যায়, তাহা

বিনতোবাচ।

তথা কুরু যথা প্রীতিস্তবাস্তি পবনাশিনি।
অথ তাং বিনতামাহ কদ্রুঃ কুটিলমানসা॥ ১১।
তস্যাস্তু সা ভবেদ্দাসী পরাজীয়েত যা যয়া।
অস্মিন্ পণে ইমাঃ সর্ব্বাঃ সখ্যঃ সাক্ষিণ্য এব নৌ॥১২।
ইত্যন্যোন্যং পণীকৃত্য সর্পিণ্যপি পতত্রিণা।
উবাচ কর্ব্বুরং কদ্রুরশ্বং শ্বেতং গরুত্মতী॥১৩।
কদা গন্তব্যমিতি চ চক্রাতে তে গমাবধিম্।
জগ্মতুশ্চ বিরম্যাথ ক্রীড়নাৎ স্বস্বমালয়ম্॥ ১৪।
বিনতায়াং গতায়ান্তু কদ্রুরাহূয় চাঙ্গজান্।
উবাচ যাত বৈ পুত্রা দ্রুতং বচনতো মম॥ ১৫।
তুরঙ্গমুচ্চৈঃশ্রবসং প্রোদ্ভূতং ক্ষীরনীরধেঃ।
সুরাসুরৈর্মথ্যমানান্ মন্দরাঘাতসাধ্বসাৎ॥ ১৬।

কেবল ক্রীড়ার ব্যবহারমাত্র॥ ১০॥ বিনতা কহিলেন, হে পবনাশিনি! তবে যাহাতে তোমার প্রীতি জন্মে, তাহাই কর। অনন্তর কদ্রু তৎশ্রবণে বিনতাকে কহিলেন, হে ভগিনি! এই পণে তোমার জয় হইলে আমি তোমার দাসী হইব এবং আমি জয়লাভ করিলে তুমি আমার দাসী হইবে, আমাদের এই সখীগণ এবিষয়ে সাক্ষী রহিল॥ ১১॥ ১২॥

